Sir, only one word more and I finish. Then it is proved to the hilt that this is a bureaucratic budget which has been placed before the Assembly and not the budget of a national Government of a national Cabinet. Now, what sort of power, what sort of administration this British Government carried on? It was a colonial form of administration. This form of administration was meant for the exploitation of the people and for maintaining law and order in order to enable them to exploit the people. So, Sir, they are the successors, they are the heirs, not of Mahatma Gandhi, but, Sir, they are the successors of the Britishers. I think I have shown that they are the successors of the Britishers and they are carrying on the administration in the same bureaucratic way, with only one difference that they were more efficient and these gentlemen are inefficient and absolutely incompetent. Wherever you go, you will find that the Britishers have done a lot of good things, but as soon as these gentlemen set their foot on this সুফলা, সুফলা, শস্য শ্যামলা—বাংলা they have made it a desert. It has been said of the Turks that wherever they tread, the grass do not grow. This is the case with these gentlemen. Therefore, Sir, I think on their own confession they must clear out and make room for others to rule over the country who are able to govern in a national way.

Sj. BASANTLAL MURAKA: Des ke is sangkat kal men manoneo arth Sacheeb mahodainey jo budget pesh kiya hai, us ke liey main unhen hirday sey dhanabad deta hoon. Aj sey char baras pahley jab hum Swadhinata ke derwaza per kharey huay they, uswakt Swadhinata ke umang men des men ek arthick laher aie thi, adhik dhandon ke bilas ke liey hazaron companion ki isthapana hoie, sainkaron bank khuli, barey barey kharkhaney ke liey barey barey machinon ka order bedeseon ko diya giya, kintu durbhag sey us samai Janab Liaquat Ali Khan arth Sacheeb they, unhon ney Hindusthan ke arthick dhanchey ko nasht bhasht kerney ke liey eff bura budget pesh kiya, jes ney hamari ummedon per umangon per, aur utshah per pani pher diya. Companion ko bund ker dena para. Adhikanks bankeu fail hogie, bedeseon ko diya hua order cancell kerdena para, hamara arthick dhancha sub ka gher ber hogiya. Des ney rajnitik Swadhinata to prapth kerli kintu artick Swadhinata per is sey dhakka lag giya, is ke sath hi hamarey russ ke unwacan ney Rashteriya karan ki awaz uthaie, Rashteriya karan sabd to bohut achha hai, us ka pakshpati main bhi hoon, parantu us des men Rashteriya karan kiya jata hai jahan ki janta men Rashteriya bhanana ho. Aj hamarey des men Rashteriya bhanana naheen hai. Mazdooron, men, kisanon men, beoparion men aur hamarey birodhi

dal ke kisi men bhi Rashtra bhanana naheen hai, birodhi dal men agar Rashteriya bhauna hota to wah mil ker kam kertey, hamari Sirkar akeli kiya kam kersakti hai. Bina janta ke sahjok ke koie bhi Sirkar onaheen kersakti hai. Ab birodhi dal ney ek naya rasta ekhtiar kiya hai, punjipation ko gali dena. Punjipation ko gali dena to ek fashion hogiya hai. Kisi ko girana ho to usko punjipation ka dalal kahker gira saktey hain. Rashtriya Pita Mahatama Gandhi ko punjipation ka dalal Khaskerkey Birlon ka dalal kaha kertey they. Ghosh Babu aur unki parti ko bhi punjipation ka dalal kahtey they. Punjipation ko to dalal bal ke gali detey hain parantu unki ke pass madad ke liey jatey hain, yehantak ke Socialist Party ke perdham neta Jai Prakash Narain punjipation ke yehan hi thahertey hain aur chunao ke liey punjipation sey chanda mangtey hain. Babu Prophulo Chandra Ghosh rachnatik Camp ka karj ke liey punjipation sey madad leker Rasht ka neo nebaran ka karj kertey hain. Main ney unke nittrit men kam kiya hai, is liey main unhen kahna chahta hoon, ke dhan naheen dengey jan dengey, yeh nara lagaku Bengal men ap birodh machana chahtey hain. 1930 men jab main ney namak Satyagarah kerke Kanoon tora to us Samai Deputy Commissioner ney mujh sey kaha tha ke kanoon torney sey kone bhi Sirkar naheen chalsakti hai. Theek yahi bat main Babu Prophulo Chandra Ghosh ki party ko kahna Chahta hoon ke aplog biddoh phaila ker Rasht ka neonebaran naheen kersaktey hain. Hamara Bengal chota hogiya hai, usko neonibaran kerney men aplogon ko Sirkar ak sath dena chahiey. Socialist Party ke neta Shibnath Babu kahtey hain ke hain punjipation kadhan cheen lengey jeh to daka hai loot hai, jes sey des men garbari machti hai. Congress ney to Bidhan aisa banaya hai jes sey gharib aur punjipation ko baraber adhikar hai. Punjipati becharey to bohut thorey hain, des men to kisan mazdoor hi zada hain, ap kanoon banaker uska dhan cheen lijey, yeh bhi dhan deney ke liey taiyyar hain. Socialist Party ko daka dalney ka bichar naheen kerna chaheay, usko to des ke Sirkar ka sath deker Bengal ebong purey des ka bikash kerna chaheay. Meri birodhi dal sey yahi appeal hai.

The Hon'ble NIKUNJA BEHARI MAITI: মাননীয় বাচস্পতি মহাশয় (Sj. Kanai Lal De: আবার বাচস্পতি কেন? আপনাদের গভর্ণমেণ্টের তরফ থেকেই তো "সভাপাল" নাম দেয়া হয়েছে) রাত ৭টা ৪৫ মিনিটের সময় কিছু বলতে উঠে আমাদের ওদিকে বন্ধুদের কথার জবাব দেওয়া একটু কঠিন। তথাপি যদি তাঁরা অনুগ্রহ করে শোনেন তবে দু' একটা কথার জবাব দিতে চাই।

প্রথমে আজকে আমি খুব খুশী হয়েছি এই জন্য যে আমাদের যে মাননীয় সদস্য ডায়মণ্ডহারবার ও বসিরহাট থেকে এসেছেন, তিনি ১৯৪৭ সালে যে কথা বলেছিলেন তাঁর বক্তৃতাতে--যে নিয়ন্ত্রণ রাখা অত্যন্ত আবশ্যক, সেটা আজকে স্বীকার করেছেন। সে দিন তিনি স্বীকার করেননি। এবং স্বীকার করে খুব ভাল করেছেন; কারণ সত্যকে যতই স্বীকার করা হয় ততই তাঁর নিজের পক্ষেও মঙ্গল, জাতির পক্ষেও মঙ্গল। তিনি এখন বলেছেন--আমি যে তখন বলেছিলাম control রাখতে তার কারণ তখন ধান-চালের দেশে অভাব ছিল—ইংরেজ চলে গিয়েছে—ভাণ্ডার শূন্য, আর লক্ষ লক্ষ লোককে খাওয়াতে হবে। কাজেই নিয়ন্ত্রণ দরকার। যদি তখন সেকথা সত্য হয়ে থাকে, এবং নিশ্চয়ই সত্য ছিল, তখনকার পশ্চিম বঙ্গ গভর্ণমেণ্ট জানতেন, ভারত গভর্ণমেণ্টও জানতেন, এই উভয় গভর্ণমেণ্টই জানতেন বলে সে সময় নিয়ন্ত্রণ প্রথাটা ছিল। আজকের পশ্চিম বঙ্গ গভর্ণমেণ্ট যাঁরা আজ সমস্ত বাংলাদেশের খবর রাখেন তাঁরা বলেছেন—কণ্ট্রোল এখনও রাখা দরকার। ভারত গভর্ণমেণ্ট—যাঁরা সমগ্র ভারতবর্ষের খবরই শুধু নয় সমস্ত পৃথিবীর খবরও কিছু কিছু রাখেন তাঁরা বলছেন control ওঠানো উচিত হবে না, যদি ওঠানো যায় তাহলে দেশকে কোথায় নিয়ে যাওয়া হবে বলা যায় না। সুতরাং সারা ভারতবর্ষের বর্ত্তমান চালনকর্ত্তা যাঁরা তাঁদের প্রতি যদি ওদের বিশ্বাস থাকে, তখন যেমন ছিল সেই রকম বিশ্বাস যদি থাকে, তাহলে ওদের স্বীকার করে নেওয়া উচিত যে এখনো, তখনকার মতনই কণ্ট্রোল বা নিয়ন্ত্রণের আবশ্যকতা আছে। ডায়মণ্ডহারবার ও বসিরহাটের সদস্য (Sj. Charu Chandra Bhandari: আমি ডায়মণ্ডহারবার ও বারাকপুরের সদস্য বসিরহাটের নই) ঠিক, আপনি বসিরহাটের নন। বাচস্পতি মহাশয়, উনি একটা সত্যই বলেছেন যে সেই রকম কণ্ট্রোল সে সময় যদি না

রাখা হতো—তখন যদি কণ্ট্রোল উঠিয়ে দেওয়া যেতো, তাহলে দেশের সর্বনাশ সাধিত হতো। এখন যারা তাঁর স্থলাভিষিক্ত তাঁরাও বলেছেন এখনই যদি কণ্ট্রোল ওঠানো হয়, দেশের সর্বনাশ হবে। তখনকার জনমত যদি তখনকার ওদের সে কথা স্বীকার করে নিয়ে থাকে তাহলে এখনো তাদের অনুরূপ কথা স্বীকার করা উচিত। এবং জনগণ স্বীকার করবেন, কি না করবেন, সে বিষয়ের বিচারের আর বেশী দেরী নাই আগামী একবছরের মধ্যেই হবে। (A VOICE FROM THE OPPOSITION BENCHES: নিশ্চয়ই, নিশ্চয়ই হবে।) ওঁদিককার (pointing to the opposition) অনেক বন্ধু বলেছেন, "আগামী নির্বাচনে আমরা দেখে নেবো।" এটা যাঁরা যাঁরা বলছেন, আমরাও তাঁদের বলতে পারি দেখা যাক কি অবস্থাটা হয়। ভবিষ্যতের ব্যাপার নিয়ে আস্ফালনের ভাব, বর্তমান অবস্থায় দূরে সরিয়ে রেখে আজকের যা কর্তব্য তাই করলে ভাল হয়।

অনেকে জানতে চেয়েছেন,—কাপড়ের অবস্থা এরকম কেন? সে কথার উত্তর আমাদের ডায়মণ্ডহারবার ও বারাকপুর থেকে যিনি নির্বাচিত হয়েছেন তিনিই দিয়েছেন, তিনি বলেছেন—"যে জিনিসের চাহিদা বেশী কিন্তু উৎপাদন কম তা নিয়ন্ত্রণ করতে হবে।" কাপড় আমাদের কম বলেই নিয়ন্ত্রণ করা হয়েছে। যখন প্রচুর পরিমাণ কাপড় হয়েছিল এবং বাজারে কমদরে বিক্রয় হচ্ছিল, তখন নিয়ন্ত্রণ ছিল না। Control was then kept in abeyance. কিন্তু এখন নানা কারণে কাপড় নিয়ন্ত্রণ করতে হচ্ছে। (Sj. SIBNATH BANERJEE: Export হচ্ছে কেন?) সেইটাই আমি বলছি, এইজন্য বাইরে পাঠানো হয়েছিল, যখন নাকি প্রচুর কাপড় জমা হয়ে গেল, যখন আর কাপড় বিক্রয় হলো না, তখন বাইরে পাঠান হলো, এবং যখন ঘরে ঘরে কাপড় জমে গিয়েছিল, তখনই মাত্র কাপড় বাইরে পাঠানো হয়েছিল। আমাদের বীরভূমের নির্বাচিত সদস্য মহাশয় বলেছেন free saleএর কথা। আমি বিশ্বাস করি তিনি জানেন ভারত গভর্ণমেণ্ট কাপড় সম্বন্ধে যে নীতি নিয়েছেন, সে নীতিটা হচ্ছে ভারত সরকার মিলের মালিকদের হাতে একটা কোটা অর্থাৎ উৎপাদিত কাপড়ের $\frac{১}{৩}$ অংশ তাদের trade channelএর মারফৎ আর বাকি ২ কোটা নিয়ন্ত্রণের আওতা দিয়ে বিক্রয় করবার আদেশ করেছেন। এটা হচ্ছে একটা fundamental নীতি যে কাপড় হকার্স কর্ণারে পাওয়া যায় সেটা যে free sale বা অনিয়ন্ত্রণের কাপড় তাতে কোনো ভুল নাই। গভর্ণমেণ্টের নিয়ন্ত্রিত কাপড়ের সঙ্গে তার কোন সম্পর্ক নাই। এবং রপ্তানি সম্পর্কেও ভারত গভর্ণমেণ্টের যে নীতি সেটা হচ্ছে এই তাঁরা ঐ $\frac{১}{৩}$ থেকেই priority দিয়েছেন রপ্তানি করবার জন্য, আজকে কাপড় কম হওয়ায় তাদের অবাধে রপ্তানি করার যে ক্ষমতা দিয়েছিলেন তা কমিয়ে দিয়ে ঐ $\frac{১}{৩}$এর ভিতর এনেছেন। পশ্চিম বঙ্গের জন্য ভারত গভর্ণমেণ্ট ১৯৪৮ সাল হতে কাপড়ের একটা কোটা নির্দেশ করেছেন সে কোটা হচ্ছে প্রায় ১৮ হাজার বেল মাসে। এখানে এটা আমার প্রথমেই বলে রাখা দরকার যে কাপড় কিম্বা সুতা উৎপাদন বিষয়ে প্রাদেশিক সরকারের কোন ক্ষমতা নাই। শুধু তাই নয় ভারত সরকার প্রাদেশিক সরকারগুলিকে কত সুতা বা কাপড় দিবেন সে বিষয়েও প্রাদেশিক সরকারসমূহের কোন ক্ষমতা নাই। কারণ ভারত সরকার সমস্ত অবস্থা পর্যালোচনা করে প্রথমে দেখেন তারপরে প্রাদেশিক সরকারদের জন্য কোটা নির্দেশ করেন। আবার কোন কোন মাসে কোটা থেকে কেটেও নেন। অনেক সময় এরকম হয়। কাজেই প্রাদেশিক সরকার কেবল এইটে দেখতে পারেন যে যে কাপড়টা তাঁরা পান সেই কাপড়টার সুষ্ঠুভাবে বণ্টন তাঁরা করতে পারছেন কিনা। সে বণ্টনে—distributionএ যদি কোন ত্রুটি থাকে সেইটা প্রাদেশিক সরকারের দ্রষ্টব্য। কাজেই প্রাদেশিক সরকারকে একটা limit বা সীমার ভিতর কাজ করতে হয়। উৎপাদনের উপর তার কোন হাত নাই, কতটা পাবে সেটা ঠিক করার উপর কোন ক্ষমতা নাই; কেবল যে জিনিষটা পাবে সেইটাকে বণ্টন করবার ক্ষমতা আছে। আমাদের পশ্চিম বাংলার জন্য কোটা নির্দিষ্ট ছিল ১৮ হাজার বেল মাসে। এর মধ্যের $\frac{১}{৩}$ অংশ free saleএর জন্য ভারত গভর্ণমেণ্ট দিয়ে দেন, কাজেই আমাদের জন্য অবশিষ্ট থাকে ১২ হাজার বেল। এই ১২ হাজার বেলের মধ্যেও কাপড়ের অভাবের জন্য কখনো ১৫ পার সেণ্ট কখনো ২০ পার সেণ্ট কখনো ২৫ পার সেণ্ট, কখনো বা ৪০ পার সেণ্ট পর্যন্ত কাটা গিয়েছে। এবং আগামী মাসে ২৫ per cent. কাটা যাবে। (A VOICE FROM THE OPPOSITION BENCHES: কাটা হয় কেন?) কেন কাটা হয় তার উত্তর ভারত সরকার দিতে পারেন, প্রাদেশিক সরকার পারেন না। যুক্তি তাঁদের নিশ্চয়ই আছে, নৈলে তাঁরা কাটবেন কেন? কিন্তু প্রাদেশিক সরকারকে কম জিনিষ পেয়ে চালাতে হয়।

আমরা কেন্দ্রীয় গভর্ণমেণ্ট থেকে কিছু সুতা পাই। সেই সুতা থেকে যে কাপড় হয় তার বাবদেও আমাদের কোটা কিছু কাটা যায়। আগে যে বলেছি ২৫ থেকে কোন সময় ৪০ per cent. যে কাটা হয় তারপরে এই সুতার বাবদেও

কিছু কাপড় কাটা হয়, সেইজন্য ২ হাজার থেকে ২½ হাজার বেল আমাদের প্রায়ই কাটা যায়। অথচ তাঁতীরা সূতা দ্বারা যে কাপড় তৈরী করে, সেই কাপড় বা গামছার উপর কোন কণ্ট্রোল নাই। তারা যথেচ্ছ যেখানে খুসী বিক্রয় করতে পারে। কাজেই প্রাদেশিক সরকারের যে বস্ত্রের বরাদ্দ, তা অনেক কম হতে হতে প্রায় ৮/৯ হাজার বেলে এসে দাঁড়ায়। এই ৮ হাজার বেল বণ্টনের ভার ও দায়িত্ব প্রাদেশিক সরকারের। আমি বলেছি আগেই যে যদি বণ্টনের মধ্যে কোন গোলমাল বা দুর্নীতি থাকে তবে তার জন্য দায়ী নিশ্চয়ই প্রাদেশিক সরকার

কোন কোন মাননীয় সদস্য বলেছেন যে মন্ত্রীরা আত্মীয়স্বজন পরিপোষণ করেন, তাঁরা পক্ষপাতিত্ব করেন ইত্যাদি। এই পক্ষপাতিত্ব করার এবং আত্মীয়স্বজন পোষণ করার চার্জ আনা খুব সহজ, কিন্তু আমি অত্যন্ত সুখী হব যদি তাঁরা কোন মন্ত্রী পক্ষপাতিত্ব করেছেন এবং আত্মীয় পরিপোষণ করেছেন তার নাম করে বলতে পারেন। এই এ্যাসেমব্লি হাউসে এ নাম করার কোন অসুবিধা নাই, বাইরে গিয়ে নাম করলে মুশকিল হতে পারে, প্রসিকিউসন হতে পারে; এখানে বলতে কিছু বাধা নাই। তাঁরা বলুন যে অমুক মন্ত্রী আত্মীয় পোষণ করেছেন, অমুকের উপর পক্ষপাতিত্ব করেছেন। তা না দেখাতে পারলে এই যে সব sweeping charge করা হয় তার মূল্য কমে যায়। ডায়মণ্ডহারবার ও বারাসাতের সদস্য বলেছেন, মন্ত্রীরা আমাদের কথা অনুগ্রহ করে কানে নিন। তার আবেদন মর্ম্মস্পর্শী, এই আবেদন হৃদয়স্পর্শ না করার কারণ নাই। কিন্তু যদি বৃথাই বলা হয়, যদি না জেনে শুনে অন্তরে বিশ্বাস না করেও মুখে বলা হয় তাহলে সেকথার কোনই মূল্য থাকে না, সে কথা আকাশে উড়ে যায় এবং যে জন্য বলা হয় সে কারণও দূর হয় না। মন্ত্রীরা যদি স্বজন পোষণ করেন, মন্ত্রীরা যদি ৮টা বিয়ে করেন, যেমন একদিন গুজব উঠেছিল যে মন্ত্রীদের মধ্যে কেউ বালিগঞ্জে ৪খানা বাড়ী করেছে। যদি সেই ৪খানা বাড়ী হয়ে থাকে, কোন মন্ত্রীর কন্যা যদি ১,৫৮৫৲ টাকা মাইনে পান বা কোন মন্ত্রীর ভাগিনেয় ৫০০৲ টাকা মাইনে পান তাহলে সেটা দেখিয়ে দিন। নইলে এই বাংলা দেশে মিথ্যার বেসাতি করে জাতিকে ঠকাবেন না। এতে কারই মঙ্গল হবে না। যেমন এই যে ঘরখানিতে আমরা সবলে বসে আছি যখন এটা পড়বে তাতে মন্ত্রীরা যদি ধ্বংস হয় তাহলে অন্য কোন ব্যক্তি বাঁচবে না, গৃহদাহ যখন হবে তখন সবাই পুড়বে, কেউ বাদ যাবে না। কাজেই ভাষা আমাদের সংযত হওয়া আবশ্যক। আমি গত কয়েক মাসের হিসাব আপনাদের কাছে দিতে পারি তাতে দেখা যাবে আমাদের কাপড়ের ষ্টক অপেক্ষাকৃত কম। আর একটা কথা আপনারা জানেন কাপড়ের উপর দাম যা লেখা থাকে তার থেকে বেশী নেওয়া উচিত নয়। এবং সেজন্য আমাদের Enforcement Branch কিছুকাল থেকে, নানাস্থানে হানা দেয়, যাতে এরকম না হতে পারে সেজন্য চেষ্টা করে। যদি আপনারা খবরের কাগজ পড়েন মাঝে মাঝে প্রেসনোটেও বের হয় তবে আপনারা দেখে থাকবেন যে পুলিশ কিভাবে হানা দিয়েছে। যখন পুলিশ এইভাবে হানা দিল তখনই দেখা গেল যে, জিনিষ মাটির নীচে চলে গেল। কেন এই রকম হচ্ছে যদি বলেন তাহলে বলবো আমাদের দোষ। আমাদের অনেকে অগৎ—আমরা জাতির যাতে মঙ্গল না হয়, কেবল নিজের মঙ্গল হয় যাতে, নিজে কি করে বড় লোক হতে পারি এই ভাবি—এ দোষ আমাদের রয়েছে। এই কথা মনের অন্তরেতে কেহ অস্বীকার করতে পারবেন না। কাজেই আজকাল বেশী দাম দিয়েও কাপড় পাওয়া যাচ্ছে না। আমি আগেই বলেছি নিয়ন্ত্রিত মূল্যে যে কাপড় পাওয়া যাবে পশ্চিম বঙ্গে, তার পরিমান এত কম যে সে কাপড় বাংলা দেশের কাপড়ের ক্ষুধা মেটাতে পারে না। তবে আমরা যতদূর সম্ভব সমগ্র কলিকাতা সহর, মফস্বল ও শিল্পাঞ্চলের জন্য ব্যবস্থা করেছি। পুনঃ পুনঃ খবরের কাগজে জানিয়েছি যে কলিকাতা সহরে প্রায় ২০০ দোকান আমরা করেছি। Approved dealerদের কো-অপারেটিভ সমিতিদেরও মারফৎ কাপড় দিচ্ছি এবং তাছাড়া মফস্বলের মহকুমায় মহকুমায়, এবং ইউনিয়নে ইউনিয়নে, যেখানে সম্ভব হয়েছে—যাতে জনসাধারণের প্রত্যেক ব্যক্তি কিছু পরিমান কাপড় পায় চেষ্টা করছি।

সূতা সম্বন্ধে আমরা ব্যবস্থা করেছি। আমরা ব্যবস্থা করেছি যে যতগুলি লাইসেন্স করা তাঁত রয়েছে প্রত্যেক তাঁতে মাসে অন্ততঃ পাঁচ পাউণ্ড করে সূতা পাবে। আমি জানি পাঁচ পাউণ্ড সূতাতে কিছুই লাভ হবে না, কিন্তু এটা নিশ্চিত করতে চেয়েছি অন্ততঃ পাঁচ পাউণ্ড সূতা প্রত্যেক তাঁতে যাতে মাসে পায়। এবং এই কথা এ্যাসেমব্লি হাউসে জোর করে বলতে পারি যে আমরা কৃতকার্য্যও হয়েছি। যদি কোন জায়গায় আমরা ফেল করে থাকি, আমি বন্ধুদের আমাদের আমন্ত্রণ করছি তারা যেন অনুগ্রহ করে বলেন যে আমরা অমুক জায়গায় ফেল করেছি। তাহলে আমি অত্যন্ত আনন্দিত হব এবং যে step বা প্রতিকার নেওয়া দরকার তা নেবো।

আমি সূতা ও কাপড়ের কথা বল্লাম এ ছাড়া আরও কত জিনিষ আছে পাইপ, টিন এবং অন্যান্য জিনিষ রয়েছে। সেসবের কথা তোলা হয়নি, তথাপি আমি জানিয়ে দিচ্ছি এই কয় বছর ধরে মফস্বল অঞ্চলে

নলকূপের জন্য পাইপ দেওয়া প্রায় দুর্ঘট হয়ে উঠেছিল। আমরা এটা স্থির করেছি এবং সেই অনুসারে ব্যবস্থা করেছি যে প্রত্যেক মহকুমা জনসংখ্যানুপাতে নলকূপের পাইপের একটা কোটা পাবে সেটা পাবেই এ বিষয়ে কিছুমাত্র সন্দেহ নাই এবং যদি না পায় নিশ্চয়ই এর প্রতিকার করবো। এমনি করে পশ্চিম বাংলায় যত মহকুমা আছে সেখানে লোকসংখ্যানুপাতে আমরা ব্যবস্থা করেছি যাতে প্রত্যেক মহকুমা কিছু পাইপ পায় যাতে বণ্টনটা যন্ত্রবৎ চলতে থাকে। এজন্য প্রত্যেক জায়গায় লোকসংখ্যানুপাতে একটা কোটা ঠিক করে দেওয়া হয়েছে। কিন্তু একটা কথা আমি এই সভাকে নিবেদন করতে চাই। বলা বাহুল্য যে আমাদের দেশে ভারতবর্ষে এই পাইপ তৈরী হয় না। পাইপ আসে বিদেশ থেকে, বিশেষ করে গ্যালভানাইজ জিনিষটা এদেশে হয় না। সুতরাং এই পাইপ পাওয়া অত্যন্ত দুরূহ—বিশেষতঃ যখন লড়াই হয়। বলেছি টিনও বিদেশ থেকে আসে। গ্যালভানাইজ করার মেটিরিয়াল—গতবারে ভারত গভর্ণমেণ্ট এই পিরিয়ডে এক ছটাকও গ্যালভানাইজ টিন দেন নি। কাজেই আমাদের বাংলা দেশে যতটা গ্যালভানাইজ আমরণ শিটের বন্দোবস্ত করা উচিত তা করতে পারিনি। কি করে পারব? যে জিনিষ আমাদের হাতে সেই সেটার বন্দোবস্ত করবো কি করে?

Sj. SIBNATH BANERJEE : সেণ্ট্রাল গভর্ণমেণ্টকে লেখেন না কেন?

The Hon'ble NEKUNJA BEHARI MAITI : আমরা লিখেছি। কাজেই এ জিনিষ কি করে দিতে পারবো এই পরিষদের সদস্যদের ইহা জানা প্রয়োজন এবং দেশবাসীরও জানা উচিত। তা না জানালে অনেক সময়, তিনি যে বিষয়ে দায়ী নন, তাঁকে দায়ী করা হয় এবং তা করে তাঁর উপর অন্যায় করা হয় এবং নিজের উপরেও অন্যায় করা হয়। এ সম্বন্ধে একটা কথা পরিষদের কাছে নিবেদন করবো। সেটা হচ্ছে কাপড় ও সুতা দেওয়া যে জিনিষের উপর নির্ভর করে সেই জিনিষ আমাদের মানিতে জন্মায় না। পশ্চিম বাংলায় তুলা জন্মায় না। অথচ সবারই কাপড় পড়তে চায়। এই তুলা জন্মানোর ব্যবস্থা করতে হবে। আজ আমরা এখানে মিলিত হয়েছি শুধু ধ্বংসমূলক সমালোচনা করবার জন্য নয়, আমরা মিলিত হয়েছি এর আলোচনা করতে—অনেকেই আলোচনা করেছেন—গঠনমূলক কাজের জন্য, আমি সেই গঠনমূলক জিনিষ এই পরিষদের কাছে স্থাপন করছি। পশ্চিমবঙ্গে তুলার চাষ উঠে গেছে, বলেই হয়। খাদির ও ঝাড়গ্রামের সংস্থা অনুদাবাবু খাদির কাজ করছেন তিনি জানেন তুলার কত অভাব। সেইজন্য পশ্চিমবঙ্গ সরকার তুলা চাষের একটা পরিকল্পনা নিয়েছে। এবং সেই পরিকল্পনাতেই ট্রাক্টরের সুবিধা, সারের সুবিধা, সার বণ্টনের সুবিধা এবং বীজের সুবিধা এবং লোন দেওয়ার সুবিধা এসব দেওয়া হচ্ছে। বিস্তৃতভাবে সেই পরিকল্পনা আপনাদের কাছে আসছে। এই পরিষদের সদস্যদের কাছে প্রার্থনা করবো তাঁরা অনুগ্রহ করে, তাদের নিজ নিজ নির্বাচন এলাকাতে যাতে তুলা চাষ হয়, সেজন্য যেন উৎসাহ দেন।

তুলা চাষের পর আর একটা জিনিষ। এখানে পশ্চিমবঙ্গ প্রাদেশিক সম্মেলনী যে হয়েছিল সেই সম্মেলনীর উদ্যোক্তাদের ধন্যবাদ দিচ্ছি। তাঁরা যে প্রস্তাব গ্রহণ করেছেন—বস্ত্র সুতা সম্বন্ধে—তাঁরা বেশ একটা গঠনমূলক প্রস্তাব গ্রহণ করেছেন। এবং সেই গঠনমূলক প্রস্তাবের মধ্যে তুলা চাষ করার কথা বলেছে, সুতার কথা বলেছে এবং কাপড় বণ্টনটা যাতে বন্ধ হয় সেজন্য তাঁরও সরকারকে অনুরোধ করা হয়েছে। শুধু তাই নয়, যাতে মিলগুলি অব্যাহতভাবে উৎপাদন কার্য চালিয়ে যেতে পারে তাঁর জন্য যা শ্রেষ্ঠ সরকারকে অনুরোধ করা হয়েছে। প্রস্তাবটি কাউকেও বাদ দেয়নি—বস্ত্র ও সুতা বণ্টন প্রথা আরও যাতে সুষ্ঠু হয় সেজন্যও জানিয়েছে। এবং এই প্রস্তাবটা শিরোধার্য করে নিয়ে এই প্রস্তাব যাতে কার্যকরী হয় তার জন্য চেষ্টা করবো। কিন্তু আর একটা জিনিষ রয়েছে—সেটা শুধু আমাদের কার্যকরী করার চেষ্টা করলেই হবে না, সেটা আমাদের প্রাদেশিক পরিষদের সদস্য যাঁরা তাঁদেরও অনুরোধ করছি তাঁরাও যেন এটা কার্যকরী করার চেষ্টা করেন। জনগণের প্রতি আবেদন করছি তাঁরা যেন অনর্থক কচিবিলাস না করেন, তাঁরা যেন বস্ত্রবিলাস না করেন। পরিষদের কাছে আমার নিবেদন—তাঁদের নির্বাচন এলেকায় জনগণকে বিক্ষুব্ধ না করেন, তাঁরা যেন বলেন দেশের অবস্থা এইরকম। আপনারা তুলা চাষ করুন, সুতা কাটুন এবং কাপড় বুনুন। আর একটা জিনিষ বলবো। অবস্থার সঙ্গে সঙ্গতি রেখে ব্যবস্থা করতে হবে। এই অবস্থানুযায়ী ব্যবস্থা হয়েছিল বলেই আজ দেখতে পাচ্ছি প্রাথমিক স্কুলের ছেলেরা, মধ্য ইংরেজী বিদ্যালয়ের ছেলেরা এবং হাই ইংলিশ স্কুলের ছেলেরা কাপড় না পরে চাফপ্যাণ্ট বা প্যাণ্ট পরে। তাতে কাপড়ের আয় হয়। আজ এ্যাসেম্ব্লির অনেকেই অনেক কিছু সমালোচনা করেছেন, চিন্তা করছেন। এ জিনিষটা আরও করা চাই যে কাপড়ের কিছু সাশ্রয় হয় কিনা। আমরা দেশকে নূতন করে গড়তে চাই এবং কি করে গড়তে পারি। সেটাই আমাদের দেখতে হবে।

Sj. SIBNATH BANERJEE : এই তিন বৎসর যাবতই দেখে আসছি। এখন সরে পড়ুন।

The Hon'ble NIKUNJA BEHARI MAITI : যদি সরিয়ে দিতে পারেন, তবে আনন্দিত হব, বেশী খাঁটাবেন না বলছি শিবনাথ বাবু; সরাবার মত ক্ষমতা আপনার নাই তাই যদি থাকতো, এখান থেকে ওখানে না যেয়ে এখানে থেকে Ministry যাতে resign করে তাই করতেন। কিন্তু সে সাহস আপনারতো হয়নি।

Sj. SIBNATH BANERJEE : সাহস থাকে তো আপনারা আসেননা কেন?

The Hon'ble NIKUNJA BEHARI MAITI : আমি বলছি এ বাজেটে যেমন ব্যয়ের বরাদ্দ বেশী করা হয়েছে, আয়ও তেমনি বাড়ান হয়েছে। কাজেই ব্যয়ের বাড়তি হয়েছে। আমরা যেমন ব্যয় বাড়াবার কৃতিত্ব রাখি তেমনি আয় বাড়াবারও কৃতিত্ব রাখি। ১৯৪৭-৪৮ সালের বাজেট এবং আরও আগেকার সংযুক্ত বাংলার বাজেট যদি দেখেন, তাহলে এখানে এই ছোট বইটায় বাংলা দেশের টাকা কোথা থেকে আসে, এবং কোথায় ব্যয় হয় তার একটা সুন্দর ছবি দেওয়া আছে এটা দেখলেই সকলে বুঝতে পারবেন কোথা থেকে আয় হয় এবং কোথা থেকে ব্যয় হয়। (Laughter from opposition bench) ছবিটা একবার দেখুন এতে যা দেখান হয়েছে তার জন্য প্রশংসা করতে হয়। জাতি গঠনের কাজে আমার বন্ধু নিশাপতি মাঝি মহাশয় একটা জেলার উদাহরণ দিয়েছেন। আমার বন্ধু শিক্ষামন্ত্রী তিনি শিক্ষা বিষয়ে অনেক উদাহরণ দিতে পারেন। এবং আমার বন্ধু খাদ্যমন্ত্রী তিনিও খাদ্য সম্বন্ধে অনেক উদাহরণ দেবেন। পশ্চিমবাংলার বহু ছোট ছোট সেচ পরিকল্পনা-গুলি কাজে পরিণত হয়েছে। আমি যদি এই বই থেকে পড়ি তাহলে দেখতে পাবেন কোন্ কোন্ জেলায়, কোন কোন্ মহকুমায় কি কি কাজ হয়েছে। Opposition party থেকে অভিযোগ করা হয়েছে যে জাতি গঠন কাজে বেশী টাকা ব্যয় না করে পুলিশ খাতে এত টাকা ব্যয় করা হয় কেন? কিন্তু আমরা যদি পুলিশকে জাতি গঠন কার্য্যে লাগাতে না পারি তাহলে কোথাও শান্তি ও শৃঙ্খলা থাকতে পারে না এবং জাতি গঠণ কার্য্যের পরিকল্পনাগুলি কাজে আসতে পারবে না; কাজেই পুলিশের খাতে টাকা দরকার। অবশ্য এই টাকা দেওয়ার আবশ্যক করত না যদি শিবনাথ বাবু বা আমাদের Communist friendsরা এই টাকা খরচ করবার জন্য আমাদের বাধ্য না করেন। যে সমস্ত কৃষক-মজদুর পার্টির সভ্যরা এখানে আছেন তাঁরা যদি এই পুলিশ বিভাগে এই টাকা বেশী খরচ করবার জন্য আমাদের প্ররোচিত না করেন তাহলে এত টাকা এই বিভাগে কখনই খরচ হবে না। (Sj. SIBNATH BANERJEE: তাঁরা কিভাবে প্ররোচিত করেছেন সেটা একটু বুঝিয়ে বললে ভাল হয়।) (Sj. HARIPADA CHATTERJEE: কিছু মতলব আছে নাকি মন্ত্রিত্ব বজায় রাখবার জন্য? ভাল করে খুলে বলুন আমরা শুনতে প্রস্তুত আছি।)

কাজেই কোন পক্ষ থেকে যদি আমরা প্ররোচিত না হই তাহলে এত বেশী পুলিশ রাখবার প্রয়োজন হবে না। যারা আজকে বলছে জান দেব তবু ধান দেব না, অথচ যারা কলকাতায় বসে খেতে চান, তাহলে যেমন করে হোক তাদের জন্য ধান নিয়ে এসে খাওয়াতে হবে। মাননীয় সদস্যরা অনেকে বক্তৃতা করে বলেছেন যে তাদের খাওয়াতে গভর্ণমেণ্ট বাধ্য, কিন্তু তাদের কে খাওয়াবে যদি ধান না থাকে? কাজেই এই জিনিষটা চিন্তা করে, মনের ভিতর রাখতে হবে।

আমার এক মুসলিম লীগের বন্ধু বলেছেন যে মন্ত্রীরা যে ক্ষমতার উপর আসীন রয়েছেন তা থেকে কিছুতেই সরতে চাচ্ছেন না। বর্দ্ধমান থেকে নির্ব্বাচিত সদস্য, তিনি এই কথা বলেছেন। আজকে মনে পড়ে আগেকার কথা ১৯৩৭-৪৭ সালের এই দশ বছরের ইতিহাসের কথা। এই বাংলাদেশ তথা ভারতবর্ষকে ভাগ করবার জন্য কারা দায়ী? কংগ্রেস কি কখনও ভাগ করতে চেয়েছিল? কংগ্রেস কি হিন্দু-মুসলমানের একতার কথা বলেনি? মুসলিম লীগের সদস্যরা এই এসেম্বলীতে বসে দ্বিজাতিতত্ত্ব প্রচার করে দেশকে ভাগ করতে হবে এই কথা বলে-ছিল। এবং তার ফলে আজ দেশ বিভক্ত হয়েছে। আমরা জানি, যারা আজ এই গভর্ণমেণ্টের মন্ত্রীদের নিন্দা করে বেড়ান তাদের মধ্যে অনেকেই পাকিস্তানে যাতায়াত করে থাকেন এবং তাঁরা মনে করেন সেখানে যেতে হলে একটা দাড়ী রাখা প্রয়োজন, তাই একটা দাড়ী গজিয়ে সেখানে যান। (Laughter.)

আজকে যদি দেশকে সত্যিকারের ভালবাসতে হয়, দেশকে যদি গঠন করতে হয় তাহলে মনের ভিতর বিশ্বাসঘাতকের ভাব পোষণ করা উচিত নয়। তিনি এ কথাও বলেছেন যে বর্ত্তমান মন্ত্রিমণ্ডলী capitalistদের বন্ধু, ধনীদের বন্ধু। হাঁ, সে কথা সত্য, কারণ কংগ্রেসের নীতি হচ্ছে কংগ্রেস ধনীর, অস্পৃশ্যদের, সাধারণ লোকের, যারা মধ্যবিত্ত লোক, যারা শ্রমজীবী, যারা কৃষক, শিল্পপতি, মজদুর সকলের বন্ধু। কারণ যে অহিংস ও

সত্য নীতির উপর কংগ্রেস প্রতিষ্ঠিত সেই সত্য ও অহিংস নীতির উপর দাঁড়িয়ে সে সকলের প্রতি বন্ধুত্বের হস্ত বাড়িয়ে দেয়, কিন্তু সে কখনও অন্যায়ের সঙ্গে মিতালী করে না। তার প্রমান কংগ্রেসের ৩০ বৎসরের ইতিহাসে ভুরী ভুরী রয়েছে, এটা চক্ষু খুলে দেখবেন। যাঁরা অন্ধ তাঁরা ছাড়া আর সকলেই এটা দেখতে পাবেন। কংগ্রেস শুধু এ দেশের বন্ধু নয়, সারা পৃথিবীর বন্ধু। তাই কংগ্রেসের নেতা পণ্ডিত জহরলাল নেহেরু হাজার ভুল বুঝা সত্ত্বেও কোরিয়া, ইউ এস এ ও চীনের প্রতি সমভাবাপন্ন; এবং শুধু তাই নয়, যেখানে মালয়, ইন্দোচীন সেখানেও তাদের বন্ধুত্ব আছে। কাজেই কংগ্রেসের নীতি হচ্ছে ধনী, গরীব, জাতিধর্মনির্বিশেষে, সে সকলের বন্ধু।

Sj. SIBNATH BANERJEE : On a point of order, Sir, আমি এইটুকু বলতে চাই, মালয়ে, রাশিয়ায়, চায়নায় জহরলালজী কি করেছেন সেটা এই Budget discussionএর মধ্যে এখন রাত্রি সাড়ে আটটায় সময়, না আনলেও চলে।

Sj. HARIPADA CHATTERJEE : এখন এই সমস্ত কথা এই ধরণের মন্ত্রীরা ছাড়া আর কেউ বলতে পারেন না।

Mr. DEPUTY SPEAKER: I think the Hon'ble Minister will finish soon. I am going to adjourn the House just now.

Sj. SIBNATH BANERJEE : আপনি আমাকে obstruct করতে পারেন না; আমি আরও বলতে চাই। আপনি যদি ক্লান্ত হয়ে থাকেন তাহলে যে Panel of Chairmen আছে সেখান থেকে আর কাউকে নিয়ে চালাবো। আমরা চাই উনি relevant হউন, এবং বাজেট সম্বন্ধে বলুন।

The Hon'ble NIKUNJA BEHARI MAITI : কংগ্রেসের নীতি হচ্ছে যে সে সকলের বন্ধু, কিন্তু সে কখনই অন্যায়ের বন্ধু নয়। কাজেই যে সমস্ত বন্ধু ন্যায়ের কথা বলবেন, নিশ্চয়ই সেই ন্যায়ের কথা কংগ্রেসের লোকেরা গ্রহণ করবে, এবং কংগ্রেসের তরফ থেকে যাঁরা নির্বাচিত সদস্য ও মন্ত্রী আছেন তাঁরাও গ্রহণ করবেন।

Adjournment.

The House was then adjourned at 8-23 p.m. till 2 p.m. on Friday, the 2nd March, 1951, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 2nd March, 1951, at 2 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble ISWAR DAS JALAN) in the Chair, 11 Hon'ble Ministers and 58 members.

General discussion of the Budget (continuing from 27th February, 1951, and concluded).

Janab Shahibjada Kawan Jah Saiyid KAZEM ALI MIRZA: Mr. Speaker, Sir, at the outset in presenting the Budget the Hon'ble the Finance Minister has painted a gloomy picture. To my mind I find that budget as cast is far from ameliorating the general condition of the mass. My idea is not to cast any reflection on the present Government but I would avail myself of this opportunity in bringing forward the deplorable condition prevailing. Coming from the district of Murshidabad, my constituency being Kandi and Lalbagh, I can say that Kandi is specially known to be the granary of Murshidabad. Therefore the question uppermost in my mind is the procurement question. This procurement is no doubt doing a lot of good to the people of some districts but what I feel is that while the growers can get and some are getting a price at the rate of Rs. 10 to Rs. 12 per maund for their paddy, if sold to others, Government is purchasing from them at the rate of Rs. 7-8, if not Rs. 7-7 including the cost of carriage. Why is this difference? I am not a student of that false science to which they fasten the name of "political economy" nor am I well up in the other science which is called "political philosophy", to be able to appreciate the reasonableness of the Government's policy of differentiation. I speak for the common man of that area in that district of Murshidabad, who sees that his paddy which he can sell for a better price or economic price is compulsorily being taken away for the sake of the people of other and richer areas like Calcutta, who are privileged at all times to get rice at a price of Rs. 17 per maund. Even the Kandi people had to pay a higher price last year, while the richer people in Calcutta are required to pay only at the rate of Rs. 17. Berhampore people are required to pay at Rs. 20 and the people of Lalbagh subdivision are required to pay at least Rs 24 which in last October and November shot up to Rs. 40 and perhaps more. What was the real cause of this rise? I think the reason is that the Government snatched away from this area a large part of the rice produced within this Lalbagh subdivision by cordoning it as a result of which rice was not available at all in the local market for days together. Is this not a case of robbing Paul to pay Peter? What do the Kandi rice producers get in return for the forced charity and legalised extortions? They have got to pay higher prices for their clothes, sugar, etc. Do not the Government of the day consider that they are thereby encouraging communism, which is knocking at our doors, and which, the Washington-London-Delhi axis is trying so hard to check? If you follow such a policy, you will not be able to keep back the wave of communism any more than King Canute was able to roll back the rush of the incoming waves. I would ask you to seriously ponder over this aspect of the policy of procurement which is driving the *raiyats* down the slippery slope of

disaffection leading to an ultimate disaster. So long Calcutta was being policed at the cost of the rural people and now in addition, it is being fed at the cost of the villagers. If you have any regard for equity, justice and good conscience, please retrace your steps. Let all the people committed to your care pay equally or proportionate to their means.

I next come to the question of agricultural income-tax which has almost sealed the fate of the Midnapore Zamindari Co., who had to stop payment of dividends and has also brought other big and small estates on the verge of financial collapse. Some estates had not to pay even one thousand rupees as income-tax 18 years ago. But thanks to the policy of the Central and State Governments such estates have now been saddled with taxes of over a lakh a year or may be perhaps more. Even small farmers have now been subjected to agricultural income-tax. The question of Grow More Food is the criterion of the day but how do you expect a general response from the cultivators when they are always afraid of being taxed in an exorbitant fashion and other people naturally are afraid to take to agriculture on a large scale basis and the result is that there is dissatisfaction among the cultivator class. The policy should be not to aim at a general enhancement of revenue but to equalise the public burden. If Government were sincere about fostering agriculture and industry, they should reconsider if the present policy is worth pursuing any more.

We are all grateful to Government for spending so much on agriculture. Instead of one Director there are now two and the new one is called the Director of Food Production. I for one do not really see the necessity of duplicating the personnel for this State which is now reduced to only one-third of the old Bengal. Has there been any corresponding increase in the Food Production? If so, where does the additional production go? I know that Government statistics show that tens of thousands of acres are being brought under cultivation and hundreds of thousands of tons more are being produced. But where are they? These totals are certainly the figures compiled village by village, thana by thana and district by district. Can the Ministry of Agriculture favour me with statistics of increases, village by village, in my own constituency to have my own satisfaction that figures are correct and I will then rejoice and go on preaching and advertising the efficiency of that department? Some hundreds of more men have been employed in that department but what is the net result of their strenuous labour? Are they working on right lines or they are simply solving the problem of their own unemployment? Much is being advertised about the potency of the departmental seeds. But I am an actual farmer myself and my sad experience is that the departmental seeds are not timely available or they do not germinate at all in many cases. This is not only my own personal experience but the bitter experience of my neighbours who have almost lost heart and go for their seeds to the actual and practical agriculturists.

I yield to none in my keen solicitude for the cause of the suffering refugees who have to leave their hearth and home under circumstances beyond their control. We fully appreciate that crores are being spent on this politico-humanitarian work. This is as it should be. But I have no satisfaction that there is any real planning. Information reaches us that the same refugees are taking advances from different centres and then they run away. Huts built for them in my district are not always utilised. Moreover, instead of fallow land some lands have been requisitioned which were cultivated by the local people. Even some of the good mango gardens for which Murshidabad has been famous have

also been requisitioned and the trees have been cut down. It is a well-known policy of the Government that there should be a drive for the plantation of trees but here we find that this policy is being not adhered to. The refugees run away before the huts are completed or after staying for a few days. There are unfortunate rumours that money meant for relief of refugees has proved in some cases a source of relief to others and huge sums are not being accounted for.

(At this stage the member reached his time limit.)

Mr. SPEAKER: Mr. Mirza, I am very sorry to ask you to conclude as I have given you the maximum time that is possible for me to give.

Janab Shahibzada Kawan Jah Saiyid KAZEM ALI MIRZA: I would like to have two minutes more to conclude.

I would appeal to the Government most earnestly to divert all their attention to the points that the money is not misspent when there is a sort of chaos in the country for want of sufficient food. The refugees, as I have already said, deserve all sympathy but this should also be kept in view that the amounts spent should really go to them and accounted for with a proper check up and the lands requisitioned should be fallow lands and not lands which are under cultivation or mango gardens.

In conclusion, I would not discredit the Government but would request them to be more vigilant in their task of administration, keeping in view, especially, the upliftment of the nation and for improving the lot of the general mass by less taxation.

SJ. KANAI LAL DE : সভাপাল মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় শ্রীনলিনীরঞ্জন সরকারের তিনটি বাজেটেই আমরা এই মূলনীতিগুলি দেখিতে পাইতেছি—

প্রথম—ধনীর উপর নূতন ট্যাক্স বসানতে এবং প্রচলিত ট্যাক্স আদায়ে অনিচ্ছা।

দ্বিতীয়—দরিদ্রের উপর ট্যাক্স বসান এবং ট্যাক্স আদায়ের চাপ বৃদ্ধি।

তৃতীয়—আয়ব্যয়ের সঠিক হিসাব না দেওয়া।

চতুর্থ—বাজেটের সময় জাতির কল্যাণে ব্যয় বরাদ্দ বেশী দেখাইয়া সংশোধিত বাজেটে উহা কাটিয়া দেওয়া।

এই সমস্ত অভিযোগ দেশের জনসাধারণের মধ্যে প্রবলভাবে উঠিয়াছে। অভিযোগগুলি যে সম্পূর্ণ ন্যায়সঙ্গত ইহাতে সন্দেহ মাত্র নাই। কয়েকটি দৃষ্টান্ত দিতেছি।

প্রথম—চটের উপর সেল ট্যাক্স বসাইলে বাঙ্গালার রাজস্ব সাত-আট কোটি টাকা বাড়িয়া যাইত এবং এই ট্যাক্স বসাইবার দাবী পূর্বের আমিও করিয়াছি ও কয়েকটি সাময়িক পত্রিকা খুব জোরের সঙ্গে করিয়াছিল। এই ট্যাক্স দেশী ও বিদেশী উচ্চতম ধনিকমণ্ডলীর নিকট হইতে আদায় হইত। রপ্তানী দ্রব্যের উপর সেল ট্যাক্স বসানো যায় না এই যুক্তি দিয়া উহা করা হয় নাই। মাদ্রাজে রপ্তানী চামড়া, বোম্বাইয়ে রপ্তানী কাপড় এবং বিহারে রপ্তানী কয়লার উপর সেল ট্যাক্স আছে। মাদ্রাজে সেল ট্যাক্স আদায় ১৫ কোটি, বোম্বাইয়ে ১৪ কোটি এবং আমাদের মাত্র পাচ কোটি। এই ৮ কোটি উশুল হইলে আমাদের ১৩ কোটি হইত। নূতন রাষ্ট্রবিধিতে রপ্তানী দ্রব্যের উপর সেল ট্যাক্স বসাইবার ক্ষমতা প্রদেশের হাত হইতে কেন্দ্রীয় সরকারের হাতে চলিয়া গিয়াছে। এখন আর নূতন করিয়া উহা বসানো যাইবে না। সময় থাকিতে বসাইলে এই ৮ কোটি টাকা আমরা কেন্দ্রীয় সরকারের নিকট হইতে চিরদিন subvention হিসাবে পাইতাম। অর্থসচিবের গাফিলতিতে আমরা এত বড় রাজস্ব চিরতরে হারাইলাম। তারপর আদায়ের ব্যবস্থা সেল ট্যাক্সের এসিষ্টাণ্ট কমিশনার নির্ম্মল রায়, বিড়লা ব্রাদার্সের নিকট হইতে এক কোটি টাকা সেল ট্যাক্স আদায়ের চেষ্টা করিয়াছিলেন। ইহাদের ওরিয়েণ্ট পেপার মিলের উপর ২৭ লক্ষ টাকা ট্যাক্স বসাইয়াছিলেন এবং কেশোরাম কটন মিলের ৭৫ লক্ষ টাকা ট্যাক্স আদায় সম্পর্কে করিয়া আনিয়াছিলেন। বিড়লা ব্রাদার্সের অন্যান্য কোম্পানী হইতে বাকী ৩৩ লক্ষ তুলিবার আশা তান করিয়াছিলেন। এই সময় বিড়লারা নর্ম্মল রায়ের বিরুদ্ধে অভিযোগ তুলিল যে তিনি তাহাদের হয়রাণ করিতেছেন। অর্থসচিব নিজে ৪ঠা অক্টোবর তারিখে এই হলে দাঁড়াইয়া বলিয়াছেন যে অনুসন্ধানে বিড়লাদের অভিযোগ মিথ্যা বলিয়া প্রমাণিত হইয়াছে। অথচ ইহার

পরেই নির্মল রায়কে মফঃস্বলে বদলী করিয়া দেওয়া হইল এবং কিছুদিন বাদে তাঁহাকে কোন কারণ না দেখাইয়া সাসপেণ্ড করা হইল। অতঃপর ওরিয়েণ্ট পেপার মিলের ২৭ লক্ষ টাকা ট্যাক্স ছাড়িয়া দেওয়া হইয়াছে এবং কেশোরামের ট্যাক্স ৪০ লক্ষ স্থলে ৪ লক্ষ করা হইয়াছে; বাকী কোম্পানীগুলিকে ধরাই হয় নাই। অর্থাৎ এসিষ্টেণ্ট কমিশনার নির্মল রায় যাহাদের নিকট হইতে এক কোটি টাকা আদায়ের জন্য অসাধারণ পরিশ্রমের সঙ্গে তাহাদের খাতাপত্র পরীক্ষা করিয়াছিলেন তাঁহাকে সাসপেণ্ড করিয়া রাখিয়া গভর্ণমেণ্ট মাত্র ৪ লক্ষ টাকা আদায় করিয়া সন্তুষ্ট হইলেন। এই ঘটনার একটাই মাত্র দিক আছে। একজন সরকারী কর্ম্মচারী এক বড় ব্যবসায়ীকে ধরিয়া মোটা টাকা রাজস্ব আদায়ের চেষ্টা করিতেছিলেন। ব্যবসায়ী তাঁহার বিরুদ্ধে হয়রাণের অভিযোগ আনে। অর্থসচিব তদন্ত করিয়া অভিযোগ মিথ্যা বলিয়া বুঝিতে পারেন। রাষ্ট্রের রাজস্ব আদায়ে অর্থসচিবের আগ্রহ থাকিলে তিনি অতঃপর ঐ অফিসারকে ট্যাক্স আদায়ে উৎসাহ দিতেন, ট্যাক্সের পরিমাণ ব্যবসায়ীর আপত্তি থাকিলে সে রেভিনিউ বোর্ডে এবং হাইকোর্টে আপীল করিতে পারিত। কিন্তু তা না করিয়া যদি ঐ অফিসারকে সাসপেণ্ড করিয়া ৪ লক্ষ টাকা লইয়া ব্যবসায়ীকে ছাড়িয়া দেওয়া হয় তবে কি লোকে ইহাই বুঝিবে না যে deliberately টাকাটা আদায় করা হইল না? একজনের বেলায় যাহা ঘটিল আরও দশ জনের বেলায় তাহা ঘটা স্বাভাবিক, এবং উপযুক্ত অনুসন্ধান হইলে দেখা যাইবে এরূপ ঘটিয়াছে। সম্প্রতি "Mystey of Birla House" পুস্তকে এই ঘটনার আনুপূর্বিক বিবরণ দেওয়া হইয়াছে। ইহাতে একথাও বলা হইয়াছে যে ভারতের প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গের প্রধান মন্ত্রীকে এই ব্যাপারের তদন্তের জন্য চিঠি লিখিয়াছিলেন। সেই চিঠি কি এবং কি তার উত্তর দেওয়া হইয়াছে তাহা প্রকাশ করা উচিত। ঘাটতি প্রদেশে যেখানে এক কোটি টাকা রাজস্বের প্রশ্ন জড়িত সেখানে এই চিঠি গোপনীয় বলিয়া চাপিয়া গেলে চলিবে না। একজন হাইকোর্টের জজের সভাপতিত্বে তদন্ত কমিটি গঠন করিয়া সেল ট্যাক্স অফিসারের কার্য্যকলাপ তদন্ত করাইবার জন্য যে দাবী উঠিতেছে গভর্ণমেণ্ট তাহাতে ভয় পাইতেছেন কেন?

Mr. SPEAKER : Mr. De, we must be very cautious when making references to individuals who have no chance of replying to the charges made in this House and I would ask you to bear that in mind.

Sj. KANAI LAL DE : ভারত সরকারের নিকট আয় কর তদন্ত কমিশন যতটা জরুরী দরিদ্র প্রদেশ পশ্চিমবঙ্গের নিকট সেল্ ট্যাক্স তদন্ত কমিশনের গুরুত্বও ততখানি।

দ্বিতীয় কথা--ধনীদের উপর ট্যাক্স না বসানো এবং প্রচলিত ট্যাক্স ছাড়িয়া দেওয়ায় যে ঘাটতি হইতেছে তাহা বিশেষ ভাবে ছোট বাঙ্গালী ব্যবসায়ীদের উপর চাপ দিয়া আদায় হইতেছে। ইহাতে দরিদ্র বাঙ্গালী জনসাধারণ পিষ্ট হইতেছে। মোটা ধুতি, গামছা, পাঠ্যপুস্তক, হোমিওপাথিক ঔষধ প্রভৃতি দরিদ্রের ব্যবহার্য্য জিনিষের উপর সেল ট্যাক্সের যে চাপ ছিল, গত বৎসর নলিনীবাবু তাহা আরও বাড়াইয়াছেন কিন্তু পাটের বাজারের কোটিপতিদের উপর হাত দেন নাই। এবার বাসের ভাড়া বাড়াইয়া গরীবদেরই উপর আরও চাপ দিবার ব্যবস্থা করিয়াছেন।

তৃতীয় কথা---এবারকার বাজেটেও ষ্টেট্‌স ট্রান্সপোর্টের আয় ব্যয়ের কোন সঠিক হিসাব দেওয়া হয় নাই। বাসের সংখ্যা, কর্ম্মচারীদের সংখ্যা ও বেতন, ক্রীত পেট্রলের পরিমান, টায়ার টিউব প্রভৃতির পরিমান, উপরওয়ালাদের সংখ্যা ও বেতন ইত্যাদি কিছুই দেখানো হয় নাই। কেবল কতকগুলি মোটা অঙ্ক দিয়া কাজ সারা হইয়াছে। ইহা কি বাজেট, না ছেলেখেলা? মাদ্রাজ, বোম্বাই প্রভৃতি প্রদেশের বাজেট কি তাঁহারা দেখেন নাই? সিভিল সাপ্লাইয়ের বরাদ্দেও ঠিক এই অবস্থা। ৮৮ লক্ষ টাকা এইরূপ একটি অসম্পূর্ণ বাজেটে আমাদের ওপারের বন্ধুরা কি করিয়া পাশ করিবেন বুঝি না।

চতুর্থ কথা,--জাতির কল্যাণে বাজেটে ব্যয় বরাদ্দ দেখাইয়া সংশোধিত বাজেটে উহা কিরূপ নিপুণতার সহিত বাতিল করা হইতেছে, তাহার দৃষ্টান্ত দিতেছি। ১৯৪৯-৫০ সালের বাজেটে গ্রাম্য ডিসপেন্সারি ও স্বাস্থ্যকেন্দ্র বাবদ ধরা হয়েছিল ৮০লক্ষ টাকা, সংশোধিত বাজেটে উহা দাঁড়ায় ৭১ লক্ষ ৪৫ হাজার এবং ব্যয় হয় মাত্র ২৩,৫২,৮৬৪ টাকা। চালু হাঁসপাতালের উন্নতির জন্য ধরা হয় ১৫ লক্ষ টাকা, সংশোধিত বাজেটে ৭ লক্ষ ৮২ হাজার, প্রকৃত ব্যয় হয় ৫,৫৮,১৬২ টাকা; কলিকাতার সংক্রামক রোগের চিকিৎসার হাসপাতালগুলির জন্য ধরা হয় ৩ লক্ষ, সংশোধিত বাজেটে ২ লক্ষ ৫০ হাজার, খরচ হয় মাত্র ১৬,১০৫ টাকা; নূতন অ্যাম্বুলেন্স সার্ভিসে ধরা হয় ৬ লক্ষ কিন্তু ব্যয় হয় মাত্র ৪৫,৪৫৯ টাকা; যক্ষ্মা হাসপাতালের জন্য ধরা হয় ১৩লক্ষ কিন্তু ব্যয় হয় ৯,৫১,৪৯৫ টাকা; নীলরতন সরকার মেডিকেল স্কুলের বাবদ ধরা হয় ১০ লক্ষ টাকা কিন্তু ব্যয় হয় মাত্র ২,৪২,৭২৫ টাকা; আয়ুর্বেদিক কলেজের জন্য ১½ লক্ষ টাকা ধরা হয় কিন্তু খরচ করা হয় মাত্র

৫০,০০০৲ টাকা ; প্রসূতিও শিশুকল্যাণের জন্য ধরা হয় ২ লক্ষ কিন্তু ব্যয় হয় ৫৯,২০১, টাকা। এইরূপ কুষ্ঠ চিকিৎসার খাতে ধরা হয় ২ লক্ষ ২৪ হাজার টাকা কিন্তু ব্যয় করা হয় মাত্র ৩০,৯৫০৲ টাকা ; ম্যালেরিয়া নিবারণের জন্য ২ লক্ষ টাকা ধরা হয় কিন্তু ব্যয় কিছুই হয় নাই। জাতির স্বাস্থ্যোন্নতির দিকে কতটা দরদ তা এর থেকে বেশ বোঝা যায়।

আমি আর বেশী কিছু বলব না, বাজেট বক্তৃতা পড়ে এটা সহজেই বোঝা যায় যে আমাদের অর্থমন্ত্রী মহাশয়ের এ বাজেটটা--ধনীর বাজেট, দরিদ্রের দিকে তিনি দৃষ্টিপাত করেন নাই। তাদের উপর যে অবিচার করা হয়েছে তাতে কোন সন্দেহ নাই। এদিককার বহু বক্তা বহু কথা বলেছেন কিন্তু সরকারের লোকদের কর্ণকুহর বোধ করি নিরন্ধ্র তাই দরিদ্রের আবেদন তাঁদের কানে প্রবেশ করে না। আমাদের প্রধান মন্ত্রীমহাশয় বলেছেন—"My strength is the strength of ten because my heart is pure."—এ তাঁর অন্তরের অভিব্যক্তি হতে পারে ব্যক্তিগতভাবে, কিন্তু তাঁর দলের সকলের সম্পর্কেই কি একথা প্রযোজ্য? সব জিনিষইত তাঁর নিজের হাতে নাই। বহু জিনিষের জন্যই তাঁকে অন্যের উপর নির্ভর করতে হয় সুতরাং আমি বলবো ভয় তাঁর আছে তাঁকে সাবধান করে দিচ্ছি। শাসন ক্ষমতা এমন ভাবে ধারণ করুন যাতে তাঁর প্রতি যেন সকলেরই আস্থা আসে। দেশের এই দুর্দ্দিনে তাঁর যা কর্ত্তব্য তা করতে যেন পশ্চাৎপদ না হন।

SJ. BIMAL COMAR GHOSE: Although, Sir, the Finance Minister's Budget statement is cast in his customary mould, yet there is a significant change in the tone this year. A note of pessimism—almost of frustration—sweeps through many portions of the statement. For, apart from the traditional declaration of one's faith in the future of the country, there is an increasing awareness that there is something wrong with the State of West Bengal. There is, for example, a recognition by the Finance Minister on page 48 of his statement of "our deficiencies", on page 50 of the possibility of having committed mistakes and taken hasty decisions, on page 52 of a growing sullenness on the part of the middle classes which bodes ill for the country, on page 53 of corruption in forms hitherto unknown in the country having made its appearance at almost every stage of our public life, and on many a page of the high hopes that were roused after freedom being sadly belied. It is extremely unfortunate, Sir, that the Finance Minister, owing to his ill health, could not bring to bear his unrivalled financial acumen and sagacity on the many financial and economic problems of reconstruction of the State after independence. In truth, the state of the finances of this State since independence has been in the position of a forlorn orphan child. Unable, unfortuately, to be looked after properly by an ailing mother, it found itself entrusted to the care of a foster-mother who was herself busy with her own babies and could give it but step-motherly attention. That is why, Sir, we have not been able to take—if I may quote an expression from Psychology—a gestaltic view of our problems. We have forgotten that the whole is not a mere adding up of the components but something more, and often have we also been bogged by claims of separate units and have not sorted them out in their proper places by a reference to the whole and complete structure that we intend to raise.

Let us for a moment, Sir, examine our inheritance. We inherited in West Bengal 35 per cent. of the territory, 35 per cent. of the population, 54 per cent. of the revenues and 47 per cent. of the expenditure of undivided Bengal. On this basis, of the revenue receipts estimated at Rs. 32 crores in 1946-47 in undivided Bengal, the share of West Bengal would have been 17·3 crores, that is excluding Central assistance. Of the expenditure including Central assistance of about 52 crores in undivided Bengal in 1946-47, the share of West Bengal would have been 24·4 crores. Today, Sir, our revenue as per the estimate of

1951-52 is Rs. 33 crores, and if the income from the proposed motor vehicles tax is included, it will be nearly Rs. 35 crores. Thus from Rs. 17·3 crores in 1946-47, the revenue has now mounted to a colossal figure of nearly Rs. 35 crores. From the point of view of revenues, Partition has decidedly been of great advantage to West Bengal; and the question naturally arises as to what we have done with this in the matter of improving the condition of the people. Admittedly, Sir, nothing very much; yet it is strange that the Finance Minister should claim that this Government have over the three years changed the structure of the public finance of the State, that more money is being spent on nation-building departments now than used to be done in pre-Partition days. Sir, it is not true that our revenue is not far behind what it was in Pre-partiion days. On the contrary, as I have said, it is far ahead of that Nor is it true, as the Finance Minister claims, that we are spending today more on the nation-building departments than we used to do in pre-partition days. Thus, on nation-building departments the estimated expenditure in 1946-47 was Rs. 14 crores. The figure for 1951-52 is Rs. 12 crores. On non-nation-building departments the estimated expenditure in 1946-47 was Rs. 9·4 crores; in 1951-52 it is Rs. 10·3 crores. These facts do not substantiate the claim of the Finance Minister. What the Finance Minister has done probably has been either to compare actuals with estimates as he has done in another context at page 46 of his statement or he has mixed up capital and revenue expenditure in drawing the comparison. And neither of these practices is quite fair. Sir, if we could maintain our level of expenditure on the pre-partition level, then we could have, even after allowing expenditure on the nation-building departments on the pre-partition basis, another about Rs. 20 crores for additional expenditure on ameliorative work. That we have not been able to do so is a sad reflection on the handling of our finances. Not only that; we should have further tried to effect as much economy in administrative cost as possible. You may have noticed, Sir, that Bombay Government will have effected a saving of nearly Rs. 3 crores in the ensuing year's expenditure. Of this amount, nearly Rs. 2 crores are made up by retrenchment and another Rs. 70 lakhs by way of reduction in travelling and contingency expenses. Sir, it is often argued in extenuation of the present state of affairs that the country has to face unprecedented problems since independence. No doubt that is true; but it is legitimate to ask as to what has been the repercussion of these problems on State finances. A free country has to incur a huge expenditure on Defence and Foreign Relations, but these do not affect State finances. The biggest and the most difficult internal problem is that of the refugees. Here also the financial responsibility devolves upon the Centre. I do not think, Sir, that the State Government has spent over the last three years on refugees more than Rs. 3 or 3½ crores from out of its own funds. Has the problem then, Sir, of law and order become so much more difficult today than it was in 1946-47 when we also experienced the Calcutta holocaust. Have my friend Sri Jyoti Basu and his friends become more active or restive today than they were in 1946-47? Have we not, Sir, to cater to the needs of one-third of the territory and one-third of the population; and have not, Sir, our resources increased beyond our expectation? In what way then have things in their bearing upon the finances of the State become graver and acuter today than they were in 1946-47. Bear in mind, Sir, these considerations as well: After Partition, we started so far as our debts were concerned practically with a clean slate except for a loan of Rs. 2½ crores from the Centre to pay up our dues—our portion of the dues of undivided Bengal to the Reserve Bank. Our debt to the Centre at the end of the current year will be

Rs. 21·4 crores and at the end of the ensuing year Rs. 40 crores. In addition we will have a public debt of another Rs. 2 crores. Of course, of this indebtedness about Rs. 18 crores are accounted for by the River Valley Projects. The whole position, Sir, may be summed up in a question. As compared to the pre-Partition days, with no unforeseen or extra financial liability, with one-third of the territory and one-third of the population to look after, with revenues doubled and with a debt of about 42 crores in place Rs. 2½ crores, what shall we have achieved by 1951-52 in terms of the material well-being of the people? I doubt very much if a satisfactory answer will be forthcoming to that question and whether history will not record that a great opportunity had been sadly missed. Some confirmation of this doubt is also probably to be found in the Finance Minister's statement that whereas on page 51 he asserts that our problem is chiefly an economic problem, yet he concludes his long statement by a peroration in which he emphasizes that the reclamation of the human spirit must precede and not follow our efforts in any direction. Unfortunately, Sir, it is forgotten that the human spirit in a famished framework offers an intractable soil for reclamation and probably only fruitful for my friend Sri Jyoti Basu. An impartial examination of the finances of this State over the last three years, Sir, leads but to this conclusion: that we have missed a great opportunity, squandered our resources to an appreciable extent, considerably mortgaged our future and made the task of future reconstruction more difficult.

Coming now, Sir, to the many specific problems to which the Finance Minister refers in his Budget statement, and even if I were to confine myself to only those concerning this State and not the whole nation and other nations, I realise that you will not and cannot allow me sufficient time to discuss all those things. I will, therefore, confine myself to one of them only, namely, the refugee problem. But before that, Sir, I want to say just a few words on a subject on which, both individually and in my representative capacity, I am specially interested, namely, the problems of industry. You will remember, Sir, last year I made a suggestion that the name of the Department of Industries—Industries may be changed to Industries—Cottage Industries, as that would have more appropriately described the function and scope of this department. I yet hope that Government will accept that suggestion. All of us who are in trade and commerce know full well that we cannot and do not get much assistance from the Government. Our main difficulties are "raw materials" and "finance". In respect of raw materials Government could do but little and has done even less. In respect of finance, they probably could do much, but has done practically nothing. All that has been done, has been to set up a committee to enquire into the desirability of setting up a "State Industrial Finance Corporation". This not only follows the time-honoured practice of setting up a committee to shelve the issue but is also a huge joke, which businessmen, in their present predicament, are in no mood to relish. When many committees and many commissions have already recommended in favour of establishing such an industrial institution, when the Centre as well as many State Governments have already established such institutions, what would you say, Sir, of the great ingenuity of our Government in now setting up a committee to enquire into the desirability of establishing such an institution? Sir, may I offer the Government a suggestion in this matter? I have no doubt that this committee or any other committee will report in favour of establishment of such an institution. But I doubt very much if the Government will have sufficient funds and technical personnel to run this institution efficiently and properly. A much better procedure would be to utilise some existing

commercial bank as agency for the purpose. We have recently seen the birth of a big Bengali bank by the amalgamation of four Bengali institutions. I suggest that this bank may be used to serve as an agent for distributing industrial finance on condition that the Government may guarantee them against any loss, say, from 5 to 10 lakhs a year. I believe this procedure would be more economical, more businesslike and more beneficial to the business community.

As for the refugee problem, Sir, it is admitted on all hands that the treatment of the refugee problem has been far from satisfactory. The East Bengal refugees have, I believe, reasonable ground to feel that they have been badly neglected compared to the treatment that has been meted out to their hapless brethren from Western Pakistan. The total number of refugees from Western Pakistan up to 30th November, 1950, was 50 lakhs and from Eastern Pakistan 31·5 lakhs, i.e., after making allowances for migrants who have since returned to their original houses. Of 31·5 lakhs from East Bengal, 23 lakhs are in West Bengal. So of the total number of displaced persons, namely, 81 lakhs, 23 lakhs or 28·5 per cent. are in West Bengal. The total Central expenditure on refugees up to the end of the current year will be about 110 crores and the share of West Bengal will be about 15 crores or I believe 13·6 per cent. only. It may be argued that the number in West Bengal has been inflated by the influx of last year. Let us then leave this out of account for the present. The July 1949 census revealed that there were 11 lakhs of refugees in West Bengal who had come during 1948. The total Central expenditure on refugees up to 31st March, 1950, was about 70 crores and the share of West Bengal was 5 crores or a little over 7 per cent. only.

Let us now proceed to an examination of the problem of rehabilitation. The most important naturally is that of resettlement on land. If we assume that 70 per cent. of the migrants are agriculturists, then the figure for Western Pakistan would be about 35 lakhs or 70 per cent. of 50 lakhs and the figure for West Bengal would be 16 lakhs or 70 per cent. of 23 lakhs. Now out of the 35 lakhs of Western Pakistan refugees 6·26 lakh families or 31·3 lakh persons have been settled on land up to 30th November, 1950, i.e., 88 per cent. of 35 lakhs. In West Bengal 1·47 lakh families or 7·3 lakh persons have been settled on land that is 44 per cent. of 16 lakhs. There is yet another significant difference. As regards refugees from Western Pakistan, most of them have been given land on a *quasi*-permanent basis at the rate 8·3 acres per family. In West Bengal the refugees have got either 5 or 3 *bighas* per family. Further, much of the resettlement in West Bengal has been effected on private and migrants' lands and such resettlement accounts for nearly 6·7 lakh persons. The question naturally arises as to hw much of this resettlement can be regarded as effective and lasting.

Sir, let us go on to the other types of rehabilitation. Here are certain other interesting comparative figures relating to what has been done for displaced persons from West Pakistan and East Bengal. All these figures relate to the period up to 30th November, 1950. Under the scheme of housing for urban displaced persons, total number of houses built is 31,751; that for West Bengal is 1,153 or 3·6 per cent. of the total. During the same period total number of tenements built is 32,966; for West Bengal it is nil. The number of urban displaced persons from West Pakistan accommodated in houses and tenements is 2·52 lakhs; for West Bengal it is 5,600 only. The total number of houses under construction is 10,929; in West Bengal it is 1,160 or 10·5 per cent. of the total. The total number of tenements under construction is 9,296; in West Bengal it is only 300 or 3·2 per cent. Out of the total of 7·6 crores

granted as rural loans West Bengal's share is 2·1 crores or 28 per cent. of the total. I am happy to say, Sir, that this figure is fairly satisfactory. Total loans given to displaced students under the Urban Loan Scheme are 50·3 lakhs, out of which West Bengal's share is 10·9 lakhs or 20 per cent. of the total. Total loans paid by the different State Governments under the Urban Loan Scheme for distribution as loans to displaced persons is 1 lakh 35 thousand; West Bengal's share is Rs. 10,000 or 7 per cent. of the total. Total of the amounts paid by the Rehabilitation Finance Administration is 197 lakhs; West Bengal's share is 31 lakhs or 15·7 per cent. of the total. Total number of displaced persons trained in the training and works centres run by State Governments is 20·396 lakhs out of which West Bengal's share is 1,760 or 9 per cent. of the total. Total number of displaced persons for whom employment was found by the Employment Exchanges is 1·53 lakhs out of which the refugees in West Bengal account for only 14,000 or 9 per cent. of the total. If there has been such a wide discrepancy in the treatment meted out to the East Bengal refugees now in West Bengal and the West Pakistan refugees settled at other places, the question naturally arises as to why this should have been so. Is it the fault of our Government or is it due to the unfair and unsympathetic treatment of the Central Government? Did our Government prepare and forward to the Central Government complete rehabilitation schemes and ask for necessary finance and were their requests turned down? I am not quite sure, Sir, that this was so, particularly when one compares the budgeted and the actual expenditures incurred on refugees financed by loans from the Central Government. In the year 1948-49, the revised budget estimate was 127 lakhs but the actual was nil. In 1949-50, the budget estimate was 600 lakhs; revised estimate was 300 lakhs and the actual was also 300 lakhs. In 1950-51 the budget estimate was 500 lakhs and revised 400 lakhs. Why is it, Sir, that the revised estimate is lower than the budget estimate and the actual lower than the revised estimate in the case of expenditure on refugee rehabilitation whereas the opposite trend is noticeable in connection with many administrative expenses?

In the context of what is now seen to have been done for the refugees it is probably no wonder that what is popularly called the Squatters Bill should rouse serious misgivings in the minds of the refugees. If the record of the Government in the matter of their rehabilitation is what it actually is, the refugees cannot possibly be blamed if they cannot repose much confidence on Government's assurances of providing them with alternative accommodation. Even if alternative accommodation is provided for them, it would probably be in places where they will have no means of earning their livelihood and also probably at the expense of finding any accommodation at all for those who are not squatters. Not unreasonably therefore refugees, whether squatters or not, are greatly perturbed and are very agitated. I appreciate, Sir, that private rights are involved here. But the atmosphere is surcharged and pregnant with ugly possibilities. I hope and trust that the Government will realise the implications of the whole situation and will move with the utmost caution, sympathy and understanding.

Sir, of late we have seen in this House a lively interest in the history and the happenings of the new countries, Russia and China. I must congratulate my friend Sri Jyoti Basu on his ability in provoking inquisitiveness among all sections of this House in these countries which—does he hope or believe—is the first step in the process towards conversion. Much of the discussion, at least on the political plain, shows, if I may borrow an expression of my leader, a lack of perspective. For, a comparison between a democratic and a communistic country is not on

all fours. Expressions have not the same meanings in both countries. Russia, for example, believes in a classless society. What is virtue with her, namely, liquidation of what she would call parasitical elements in society, is a crime with us for we believe in the liberty and freedom of all sections of people. What again is virtue with us, namely, the freedom of action and as the Russians would say, freedom of exploitation of all classes including the propertied classes is a worst form of crime with the Communists.

But there is a very significant point in all this discussion. The vast mass of humanity—ordinary man and woman—is not interested in abstract conceptions or forms of Government but only in what a Government assures him in terms of his material well-being. What he appreciates and understands are essentially the economic facts of life —food, clothing, shelter, education, employment, provision for old age, etc. Unless, Sir, we can begin to provide for these things, unless the common man feels that these things are being provided for him—not certainly all at once but in a manner which is at least comprehensible to him—unless we can do this, I am afraid, we shall not be effectively resisting my friend Sri Jyoti Basu and his friends. It is time, Sir, that we took lessons from the eventful history of the world which is unfolding itself even before our eyes.

Sj. RATANLAL BRAHMIN : মাননীয় স্পীকার মহাশয়, এবারের এই বাজেট সম্বন্ধে আমাদের Opposition দলের বিভিন্ন পূর্ববর্তী বক্তাগণ যা বলেছেন, আমি সেসব সর্বান্তঃকরণে সমর্থন করছি।

তারপর আমি এই চা বাগানের জন্য কিছু বলতে চাই। জলপাইগুড়ি ও দার্জিলিং জেলার চা বাগানে একলক্ষের উপর কুলি কাজ করে। তাদের অবস্থার উন্নতির জন্য এই বাজেটে কিছুই বরাদ্দ করা হয় নাই। জলপাইগুড়ি আর শিলিগুড়ির সমতল ভূমির চা বাগানের কুলীদের জন্য আলাদা মাহিনার rate এবং পাহাড়ের চা বাগানের কুলীদের জন্য আলাদা rate বাধা হয়েছে। কিন্তু পাহাড়ের চা বাগানে যারা কাজ করে তাদের খাটুনী বেশী। আপনারা যাঁরা বড় বড় মন্ত্রী দার্জিলিং পাহাড়ে বেড়াতে যান, তাঁদের ত কখনো নজরে পড়ে নাই, কি কষ্ট করে সেখানকার চা বাগানের কুলীরা চা পাতা সংগ্রহ করে নিয়ে আসে। তাদের কষ্টের কথা বিবেচনা করে তাদের মাইনের বেট যে বাড়ান দরকার, তা তাঁরা করেন নাই। আর এখানকার যারা —আমরা পাহাড়বাসী দার্জিলিংএর কথা বলি। আমাদের লেখাপড়ার জন্য এবং ঐ চা বাগানের লেখাপড়ার জন্য ভাল কোন ব্যবস্থা আমরা এই বাজেটে দেখতে পাচ্ছি না। এবার যারা দার্জিলিং হাইস্কুলে ও অন্যান্য স্কুলে পড়তে গিয়েছে,—ভর্তি হবার জন্য গিয়েছে, তাদের অন্ততঃ তিনশো ছেলে ভর্তি হতে না পেরে ফিরে এসেছে। তাদের ভর্তি করা হয় নাই। কারণ তাদের বা সিট নাই। এখানকার মিউনিসিপ্যালিটির স্কুলে, লেখাপড়ার ভাল বন্দোবস্ত নাই। কিন্তু আপনারা বলছেন পড়ার সকল সুবিধা আছে—হেন আছে, তেন আছে। তারপর যে সমস্ত রাস্তা আছে এক Cart Road ছাড়া অন্য কোন রাস্তাতে বহুদিন হাত দেওয়া হয় না। সেখানে মানুষ চলাচল করে, অনেক জিনিষপত্র বাহির থেকে আসে আর যারা বারবার করে তাদের মালপত্র আনা-নেওয়া করতে হয়, পূর্ববাঙ্গলার রাস্তা ও বাগানের রাস্তার একটীও অদ্যাবধি মেরামত করা হয় নাই। ফলে লোক চলাচলের ও মালপত্র আনা-নেওয়ায় দুরই অসুবিধা ভোগ করতে হচ্ছে। মাঝে মাঝে ২ বড় বড় scheme হয়ে চলেছে। কিন্তু আমাদের অসুবিধা দূর করবার দিকে সরকারের কোন লক্ষ্য নাই।

তারপর গুর্খালীগ বা কংগ্রেসের বিরুদ্ধে প্রচার করছে, তাদের অফিসার, কর্মচারী যেই হোক না কেন বা সর্দ্দার হোক তাদের প্রত্যেককে অন্য জায়গায় বদলী করে দেওয়া হচ্ছে। সর্দ্দার যারা ছিল তাদের সর্দ্দারী কেড়ে নেওয়া হচ্ছে। আমাদের কমুনিষ্ট পার্টির কথা অবশ্য আলাদা। তারা ত এখন আর চা বাগানে বাসই করতে পারছে না এমনভাবে সরকার তাদের উপর জুলুম করছে। ২১৭ জন যারা জেলে গিয়েছিল তাদের মধ্যে কমসে কম ৩০ ৪০ জন এখনও জেলে আছে,—ছেড়ে দেওয়া হচ্ছে না। এই রকম অবস্থা। তাদের ভাল করবার জন্য আপনাদের কোন দাই নাই। এই হ'ল মোটামুটি আমাদের অবস্থা।

তারপর চা বাগানের মালিক ইংরেজ সাহেবরা, পুঁজিপতিরা, এখনও আমাদের দেশে রয়েছে। জলপাইগুড়ি ও দার্জিলিংএর চা বাগান, যা বাংলাদেশের কেন সারা ভারতের বিদেশ থেকে চলার পাওনার একটা মাত্র জিনিষ

সেই চা বাগানগুলো এখনো পর্য্যন্ত সরকার তাঁদের হাতে নিতে পারলেন না। বিদেশী মালিকের পরিবর্তে সরকার যদি সেই সব চা বাগানের ভার নেন, তাহলে আমাদের দেশের লোকের সুখসমৃদ্ধি অবশ্যই বাড়বে, এ বাজেটে তার কোন ব্যবস্থা দেখতে পাচ্ছি না। বিদেশী পুঁজিপতিরা প্রতি বছর কমসে কম ৭/৮ কোটী টাকা এই চা বাগান থেকে লাভ করছে এবং ঐ টাকা আমাদের দেশ থেকে বাইরে বিদেশে চলে যাচ্ছে। অথচ আজও তা বন্ধ করবার জন্য সরকার কোন বন্দোবস্ত করছেন না. এটা বাস্তবিকই নিতান্ত পরিতাপের বিষয়। যখন ইংরেজ রাজত্ব ছিল, তখন ইংরেজ আছে বলে আমাদের নানা অসুবিধা পদে পদে ভোগ করতে হয়েছে। তখন সাহেবরা আমাদের উপর যে রকম অত্যাচার অবিচার করেছে, এখনও আমাদের হিন্দুস্থান—স্বাধীন গভর্ণমেণ্ট হবার পরেও—সাহেবরা তেমনি দুর্ব্যবহার করছে। আমাদের আগে যে অবস্থা ছিল, আজও তাই আছে। বরং দিন দিন সেই দুরবস্থা বেড়েই যাচ্ছে। কিন্তু আমাদের এই বাজেটে সেসব শোধরাবার কোন ব্যবস্থা নাই। আগে যেমন ছিল, এখনও তেমনি আছে। বাজেটে উন্নতিমূলক কর্মপন্থার কিছুই পাওয়া যাচ্ছেনা।

দার্জিলিংএর বাগানে প্রায় ৩০/৩৫ জন T. B. রোগী আছে। আর কার্শিয়াংএ T. B. হাসপাতাল খোলা হয়েছে। আমাদের ওখানে যারা চাষের কাজ করে সেখানে তাদের একটীও seat দেওয়া হয় নাই। আর দার্জিলিংএ যে হাসপাতাল রয়েছে, আগে বৃটিশ আমলে লোকেদের অসুখ হলে সেখানে গিয়ে কষ্ট পেতে হত না। আজকাল যারা সেখানে থাকে তাদের ঔষধ এবং অন্যান্য জিনিষ কিনে খেতে হবে, তাহলে সাধারণ লোক কি করবে? এই সব নিয়ে বাজেটের মধ্যে কোন কিছুই পাওয়া যাচ্ছে না। আজকে সেখানে যেসব control-এর দোকান রয়েছে তার মধ্যে আমাদের নেপালীদের যেসব ছিল তা সব কেড়ে নিয়ে ভুটিয়াদের হাতে দেওয়া হয়েছে। আপনারা কি সেখানে বিরোধের সৃষ্টি করতে চান? ক্রীয়ে হিন্দু আর মুসলমান যেমন এদিকে মারামারি করত সেই রকম করতে চান? নেপালীদের আর ভুটিয়াদের মধ্যে যাতে ঝগড়া বাধবে সেটা করা কোন রকমেই উচিত হবে না। সেখানে একটী মার্ডোয়াড়ী আছে তার ১৪টী পর্য্যন্ত দোকান আছে আলাদা আলাদা নামে। তারপরে এখান থেকে কেউ একজন মিনিষ্টার সাহেব ঐখানে গিয়ে মার্ডোয়াড়ীদের সঙ্গে একটী কথা বলে কালিম্পং থেকে দার্জিলিংএর পাঁচটী বাসের লাইসেন্স দিয়েছে। আপনারা বলেন গরীব লোকেদের জন্যই সরকার কিন্তু সেখানে নেপালীদের বাদ দিতে আরম্ভ করেছেন। এই সব কারণে সেখানকার গরীবদের মধ্যে অসন্তোষ অনেক বেড়ে যাচ্ছে। দার্জিলিংএর লোকদের মধ্যে ৮৫ ভাগই হচ্ছে নেপালী। সেই নেপালীদের কোন কিছু দেওয়া হয় না বলে তারা অসন্তুষ্ট।

Sj. ANNADA PROSAD CHOUDHURY : মাননীয় স্পীকারমহোদয়, ১৯৫১-৫২ সালের বাজেটে প্রায় ৬ কোটি ৪০ লক্ষ টাকা ঘাটতি দেখান হয়েছে এবং এই ঘাটতি পূরণ করবার জন্য নূতন ট্যাক্স বসাবার প্রস্তাবও করা হয়েছে। কিন্তু এই বৎসরেই নয় এর আগের বৎসরেও এই রকম ঘাটতি বাজেট দেখিয়ে এই রকম ট্যাক্স বাড়াবার প্রস্তাব করা হয়েছে কিন্তু পরে দেখা গিয়েছে, যে ব্যয় বাবদ ধরা হয়েছিল সে টাকা খরচ করবার জন্য কম ত পড়লই না বরং ঘাটতিটা উদ্বৃত্তে পরিণত হয়েছে। তাই আমি সরকারকে জানাতে চাই যখন এক বৎসরের যে বাজেট ধরা হয় তা যদি পুরোপুরি খরচ করা যায় এই রকম যদি দেখেন, তবেই পরের বৎসরে নূতন ট্যাক্স বসাবার কথা যেন তাঁরা বিবেচনা করেন। গত বৎসর যে বাজেট ধরা হয়েছিল, এবং যার জন্য ঘাটতি হয়েছিল, তার মধ্যে এক লক্ষ টাকা কাঁচড়াপাড়া developmentএ খরচ করতে পারেন নাই। গ্রামে যদিও রাস্তার একান্ত অভাব, তাহলেও প্রায় ৯২ লক্ষ টাকা রাস্তার জন্য ধরা থাকলেও খরচ করতে পারেন নাই। এবং এই বাবের যে বরাদ্দ করেছেন তাও খরচ করতে পারবেন কিনা না জেনেই এই কল্পিত ঘাটতির টাকা পূরণ করবার জন নূতন ট্যাক্স—Motor Vehicles Tax—বসাবার কথা তুলেছেন। শুধু যে এই টাকা খরচ করতে পারেন নাই তাই নয় ১৯৪৭-৪৮ সালে যে ১৫/১৬ লক্ষ টাকা কেন্দ্রীয় সরকার দান হিসাবে দিয়েছিলেন, তাও যথারীতি খরচ করতে পারেন নাই এঁরা, এবং যাঁরা টাকা দিয়েছেন তাঁদের কাছে অনেক কিছুর জন্য জবাবদিহি হতে হয়। তবে এর একটা সুবিধা আছে বাজেটে ঘাটতি থাকলে যদি কোন কাজের কথা কখনও বলা যায় তাহলে সরকার পক্ষ সহজেই বলতে পারেন যে "টাকা নাই আমরা কি করবো"। কিন্তু যখন তাঁরা কোন খরচ করতে চান যতই জন্য লোকে পড়ুক করুক না কেন তবুও তাদের নিজেদের ইচ্ছামত টাকা খরচ করতে টাকার অভাব হয় না। তারপর আমি এখানে তাঁদের administration চালাবার জন্য departmentগুলির কর্মচারীদের বেতনের বেভাবে বরাদ্দ করা হয়েছে, সেই বিষয়ে কিছু বলবো। প্রায় ৩৫ জন অফিসারের নাম আমার কাছে রয়েছে। একমাত্র Food Depart-

mentএর কয়টি নাম আমি বলছি। এঁরা প্রথমে সরকারের অন্য বিভাগে কাজ করতেন বর্ত্তমানে Food Departmentএ আছেন। শ্রীত্রিগুণ মোহন ঘোষ—ইনি A.-G. Bengalএ ৫৫০৲ টাকা মাইনেতে কাজ করতেন বর্ত্তমানে Food Departmentএ ১,৪০০৲ টাকা পাচ্ছেন। শ্রীপ্রমোদ কুমার দাস Revenue Departmentএ ৪৫৲ টাকা মাইনেতে কাজ করতেন। Food Departmentএ এসে পাচ্ছেন ১৫০৲ টাকা। শ্রীফণি ভূষণ চাটার্জি—Co-operative Departmentএ কাজ করতেন ৮০৲ টাকা মাইনেতে আর Food Departmentএ এসে পাচ্ছেন ৪৫০৲ টাকা। (A VOICE FROM THE OPPOSITION BENCHES: চমৎকার, পাঁচ গুণেরও বেশী।) তারপরে শ্রীদেবেন্দ্রনাথ বিশ্বাস, তিনি আছেন Secretariat Food Departmentএ। তিনি এর আগে Commerce and Labour Departmentএ ১৫৫৲ টাকা মাইনে পেতেন এখানে এসে পাচ্ছেন ৬৫৫৲ টাকা।

Mr. SPEAKER : You know the time is very limited and instead of giving all the instances——

Sj. ANNADA PROSAD CHOUDHURY : No, Sir, I have got 35 names but I will give a list of only 5 names.

শ্রীজিতেন্দ্র নাথ মিত্র আগে কালেক্টরীতে কাজ করতেন, তাতে মাইনে পেতেন ৬৫৲ টাকা। আর এখন Food Departmentএ এসে পাচ্ছেন ৩৭৫৲ টাকা মাইনে। তারপরে শ্রীধীরেন্দ্র নাথ ঘোষ কালেক্টরীতে পেতেন ৪৫৲ আর Food Departmentএ এসে বর্ত্তমানে পান ২৭৫৲ টাকা। এইরকম আরো নামের লিষ্ট আমার কাছে রয়েছে এগুলো মাত্র Food Departmentএর। অন্যান্য departmentএর নাম প্রকাশের যদি দরকার হয় পরে বলবো। সুতরাং আমি এই কথাই বলতে চাই বাজেটে যেখানে গাইডি, সেখানে জাতিগঠনমূলক কাজের জন্য টাকা পাওয়া যায় না, সেখানে যেসব কর্ম্মচারী সরকারের অন্য বিভাগে অপেক্ষাকৃত অনেক কম বেতনে কাজ করতেন তাদের বিভাগান্তরে নেবার জন্য যদি ওঁরা এত বেশী মাইনে দিতে পেরে থাকেন তাহলে গঠনমূলক কাজের জন্য টাকার অভাব হয় একথা ওঁদের মুখে শোভা পায় না। তারপরে আর একটা কথা আমরা শুনে থাকি। আমাদের দেশে খাদ্যের অভাব, কাপড়ের অভাব সেইজন্য যে যে ক্ষেত্রে যারা যারা কাজকর্ম্ম করে তারা ঠিকমত কাজ করে না কারণ ভাল কাজ করবার জন্য incentive যদি না থাকে তাহলে ভাল কাজ হতে পারে না। কিন্তু এই প্রসঙ্গে আমি উল্লেখ না করে পারছিনে ১৯৪৭ সালে এই সভাকক্ষে জনাব খোদা বক্স সাহেব, গভর্ণমেণ্টের নানা বিভাগের কর্ম্মচারীদের বেতন বাড়াবার জন্য যখন একটা প্রশ্ন করেছিলেন তখন উত্তরে তাঁকে বলা হয়েছিল ১৯৪৮ সালের জানুয়ারী মাস থেকে ৩০০৲ টাকা পর্য্যন্ত যাঁদের বেতন তাঁদের এক হারে এবং ৫০০৲ টাকা পর্য্যন্ত যাঁদের বেতন তাদের অন্য হারে বাড়িয়ে দেওয়া হবে। তারপর ১৯৪৮ সালের বাজেট আলোচনার উত্তরে মাননীয় অর্থসচিব মহাশয় বলেছিলেন নীচের হারে যাঁরা কাজ করেন, তাঁদের সংখ্যা এত বেশী যে Pay Commissionএর নির্দ্দেশ অনুসারে বেতন বাড়ানো সম্ভব নয়, কিন্তু বাড়ানো কিছু হবে। কিন্তু মধ্যস্তরের বেতন বাড়ানো অপেক্ষা নিম্নস্তরের বেতন বাড়ানোর বিষয় বিবেচনা করা হচ্ছে। এবং এক কোটি সে বাবদ বরাদ্দ করেছিলেন। কিন্তু কার্য্য ক্ষেত্রে কি করেছেন তার দু' একটা উদাহরণ দিচ্ছি।

গেজেটেড অফিসার যাদের মাইনে ছিল ৩০০৲ টাকা সে জায়গায় বাড়িয়ে করা হয়েছে ৩৫০৲—১,২০০৲ টাকা। কিন্তু নীচের স্তরের যাদের বেতন ছিল, যথা; টাইপিষ্ট, ৬৪৲ টাকা থেকে ১২০৲ টাকা গ্রেড সেটাকে করা হয়েছে ৫৫৲ টাকা থেকে ১৩০৲ টাকা। Accounts clerk ১০৮৲ পাচ্ছিল তাদের ৯০৲ টাকা থেকে ১৩০৲ টাকা করা হয়েছে। আরো অনেক দেখানো যায় কিন্তু সময় সংক্ষেপ বলে অধিক উদাহরণ দিতে বিরত রইলাম। কিন্তু একটা জিনিষ না বলে পারছিনে--গেজেটেড অফিসারদের মাইনে আগেও বেশী ছিল, তথাপি তাদের মাইনে কোন জায়গায়ই কমেনি--ধারাবাহিকভাবে বেড়েই গেছে। কম যাদের মাইনে, তাদের আরো কমানো হয়েছে, সুতরাং তারা যদি কাজে উৎসাহ না পায় তাহলে তাদের দোষ দেওয়া চলে বলে আমি মনে করি না।

তারপরে অর্থমন্ত্রীমহাশয় তাঁর বাজেট বক্তৃতার সময় তাঁর অসুস্থ শরীরে অতি দুঃখের সহিত বলেছেন, আমাদের দেশ corruptionএ ভরে গিয়েছে এবং এই corruptionটা সমাজ জীবনের সকল

ছবেই যেন ব্যাপ্ত হয়েছে। যদি সত্যই তাই হয়ে থাকে, এবং তার জন্য যখন দুঃখও প্রকাশ করেছেন, সেই জন্য আমি বলতে চাই,--সেই corruption দূর করবার জন্য চেষ্টা দেখি না কেন? এখানে একটা ঘটনার উল্লেখ করছি—

গত বৎসর রাধাশ্যাম চনচনিয়া for cheating, conspiracy forgery ইত্যাদি করার দরুণ ৫ বছর জেল-দণ্ড পায়. আপিল করে সে দণ্ডের পরিমাণ কিছুটা হ্রাস পায়। দণ্ডাদেশ বহাল থাকা অবস্থায় সে সরকারের কাছে mercyর জন্য আবেদন করে, এবং সরকার কর্তৃক mercyর আবেদন মঞ্জুর হওয়ায়, সে জেল থেকে মুক্তি পায়। সেই সময় ৬ই জুন ১৯৪৯ তারিখে রামচন্দ্র সারোগী নামক একব্যক্তি অভিযোগ করেছেন যে রাধাশ্যাম চনচনিয়া I. G. N. এবং R. S. N. কোম্পানির Bill of Ladingএর blank form চুরি করে forged entry করে সেইটা জগন্নাথঘাট থেকে ভিক্রুগর ঘাটে ২০০টিন vegetable oil পাঠানো হয়েছে বলে ৭,৮৫৫ টাকায় বিক্রয় করেছে। ঐ রাধাশ্যাম চনচনিয়ার নামে Chief Presidency Magistrateএর নিকট মামলা দায়ের করে। প্রেসিডেন্সি ম্যাজিষ্ট্রেট সেটা Deputy Commissioner, Detective Departmentকে তদন্ত করার জন্য আদেশ দেন।

অনুসন্ধান করার পর যখন Detective Department তাকে চালান দিল এবং Additional Chief Presidency Magistrate ৫ই মে ১৯৫০ তারিখে তার বিরুদ্ধে মামলা দায়ের করলেন, তখন mercy petition করায় সে খালাশ পেল। এখনও সেই মামলার আসামী সে আছে। Case বিচারাধীন আছে। এই যে অবস্থা একটা লোক forge করল forged documentএর বলে ঠকিয়ে টাকা আদায় করেছে, তাকে আসামী করা হল, সেই ব্যক্তি mercy চাইলে তাকে যদি mercy করা হয়, তাহলে কি করে এইসব অপরাধ নিবারণ করা সম্ভব হতে পারে? আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করবো। লোকে চারিদিক থেকে এই অভিযোগ করে, যে বড় বড় লোকের পক্ষ নিয়ে, এই Government কার্য্য চালায়। আমি কোন vague অভিযোগ করছি না। বন্ধুবর নিরঞ্জনবাবু আমার কাছে specific instance জানতে চেয়েছিলেন তাই দুএকটি বলছি। আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে জিজ্ঞাসা করে জানতে পেরেছি কংগ্রেস পঞ্চায়েতে যদিও বহু শিক্ষক প্রাথমিক Congress সভ্যদের ভোটে নির্বাচিত হয়েছেন, তাদের পক্ষে উচ্চতর কংগ্রেস কমিটির সভ্য নির্বাচনে যোগ দেওয়া সম্বন্ধে কোন আইন আছে বলিয়া, এবং nomination দাখিলের বিষয়ে কোন আইন আছে বলিয়া তাঁর জানা নাই।

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI : আমার replyটা পড়ে দিন।

Sj. ANNADA PROSAD CHOUDHURY : আচ্ছা replyটা পড়ে দিই তাহলে সুবিধা হবে। তিনি লিখেছেন--"আপনার প্রশ্নের উত্তরে অক্ষমতা জ্ঞাপন ব্যতীত কিছু করিতে পারি, মনে হইতেছে না। কংগ্রেস পঞ্চায়েতের সভ্যের পক্ষে উচ্চতর কংগ্রেস কমিটীর সভ্য নির্বাচনে, মনোনয়নপত্র দাখিলের বিষয়ে, কোন আইন আছে বলিয়া আমার জানা নাই। কাজেই আইনসঙ্গত বাধা থাকিতে পারে কিনা, তাহা বলিতে পারি না। আশা করি অজ্ঞতা মার্জনা করিবেন"। তারপরে সরকারী দলের এতো জন যখন elected হয়ে যেতে পারে অন্য দলের আর একজন—সর্ব্বানন্দ মিশ্র তার nomination paper Congress Election Boardএর নিকট দাখিল করেছিল বলে primary teacherদের approved list থেকে তার নাম কেটে দেওয়া হয়েছে। এমন কি Basic Education Teacher Training স্কুল থেকে তাকে সরিয়ে দেওয়া হল। আমি এ বিষয়ে প্রধান মন্ত্রীর কাছে প্রশ্ন করি। তিনি Director of Public Instructionকে লিখে পাঠান। তখন Director of Public Instruction তাদের নাম জানতে চেয়েছিলেন এই সব আমি জানিয়ে দিয়েছি। তারপর কি হল এর সম্বন্ধে তা জানতে পারিনি।

আর একটা কথা বলেই আমি শেষ করবো। এটা অতি সামান্য কথা। লোকে মনে করে যে সরকারী টাকা যথাযথ ব্যয় হয় না। সদ্ভাবে ব্যয় হয় না এরকম অভিযোগ করলেও কোন প্রতিকার হয় না। কিছুদিন আগে শ্রীযুত নিশাপতি মাঝি মহাশয় West Bengal Schedule Caste Conferenceএর নিমন্ত্রন পত্র পাঠান। (Holds up a letter-envelope) এটা কার খরচে ছাপান হয়েছে জানি না। কিন্তু এটা পাঠান হয়েছে service stamp লাগিয়ে, Civil Supply Department থেকে। ব্যাপারটা

অতি তুচ্ছ কিন্তু যদি এরকম চলতে থাকে,--Parliamentary Secretaryর পক্ষ থেকে, এই সব চিঠি যদি পাঠান হয়, তাহলে দেশের লোকে বুঝতে পারবে যে corruption বন্ধ করার কথা যা বলা হয়, সরকারী অর্থ যদি এবকমভাবে ব্যয় করা হয় তাহলে এই সব বড় বড় বুলি ভুয়া--সময় নেই কাজেই এইখানেই শেষ করলাম।

(At this stage the honourable member reached his time-limit but wanted some time to finish his speech).

Mr. SPEAKER: Mr. Chaudhury, your time is up. As the time-table has been agreed to by all, I cannot give you any more time.

Dr. SURESH CHANDRA BANERJI : মাননীয় স্পীকার মহোদয়, অন্যান্য বৎসরের ন্যায় এবারও অর্থমন্ত্রীর বক্তৃতার পুরোভাগে প্রকাণ্ড ভূমিকা আছে। এই বিস্তৃত ভূমিকায় রাষ্ট্রীয় এবং আন্তঃরাষ্ট্রীয় সমস্ত সমস্যাই আলোচিত হয়েছে। এই আলোচনায় বেশীর ভাগই পুঁজীবাদী রংএ রঞ্জিত। এই রং বিশ্রী রূপ ধারণ করেছে, যখন তিনি Trade Union Leaderদের সমালোচনা করেছেন। তিনি বলেছেন যে Trade Union Leaderরা দায়িত্বজ্ঞানহীন ও অদূরদর্শী এবং এজন্যই দেশে হরতাল হয়। তিনি একটি ঘটনা উল্লেখ করেছেন। সেই ঘটনা সম্বন্ধে কিছু বলতে চাই না। কিন্তু একথা জোর করে বলবো যে পশ্চিম বঙ্গের Trade Union নেতাদের অদূরদর্শিতার জন্য নয়, পশ্চিম বঙ্গের গভর্ণমেণ্টের দায়িত্বজ্ঞানহীনতার জন্যই পশ্চিম বাংলায় হরতাল হয়। তাদের এই অদূরদর্শিতার জন্য দেশে আরও বেশী হরতাল হতে পারতো কিন্তু আমরা, যারা জাতীয় ট্রেড্ ইউনিয়ন কংগ্রেসের সঙ্গে সংশ্লিষ্ট তারা আপোষ মীমাংসার পথেই যাতীয় বিরোধের মীমাংসা করতে চাই। তাই আমরা Tribunal চাই এবং তা পেলে খুশী হই। কিন্তু বর্ত্তমান গভর্ণমেণ্টের কাছ থেকে Tribunal পাওয়া খুবই কঠিন হয়ে দাঁড়িয়েছে। আমি ১৯৪৭ সালের ১৫ই আগষ্ট শ্রমমন্ত্রীরূপে এক ঘণ্টার মধ্যেই চটকলের শ্রমিকদের জন্য একটি Tribunal বসাই। সেই Tribunalএর awardএর মেয়াদ ১৯৪৮ সালের সেপ্টেম্বরে শেষ হয়ে যায়। আমি যদি তখনও শ্রমমন্ত্রী থাকতাম তাহলে তখনি আর একটা Tribunal বসিয়ে দিতাম। কারণ আমার উদ্দেশ্য ছিল, এবং সে উদ্দেশ্য ভারত গভর্ণমেণ্টেরও যে ক্রমান্বয়ে Tribunal বসিয়ে বিভিন্ন awardএর সাহায্যে মালিক ও শ্রমিকদের মধ্যে আয় সম্বন্ধে তারতম্য যথাসম্ভব কমিয়ে দেওয়া। কিন্তু ১৯৪৮ সালে সেপ্টেম্বর মাসে awardএর মেয়াদ শেষ হবার পর আমরা পাটশিল্প সম্পর্কে গভর্ণমেণ্টকে বার বার অনুরোধ করি আর একটি Tribunal বসাতে; কিন্তু গভর্ণমেণ্ট নানা অজুহাত দেখিয়ে ট্রাইব্যুন্যাল বসাতে কিছুতেই রাজী হন্ না।

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: There is already a Jute Textile Tribunal please say that. Why are you misleading the House?

Dr. SURESH CHANDRA BANERJI : যদি শ্রমিকেরা গভর্ণমেণ্টের মত দায়িত্বজ্ঞানহীন হতো, তাহলে তারা একটা ব্যাপক হরতাল করতে পারতো। কিন্তু তাদের দায়িত্ববোধ গভর্ণমেণ্টের চেয়ে বেশী বলে, তারা প্রথমেই ব্যাপক হরতাল করল না। তারা একটা প্রতীক ধর্মঘটের নোটিশ দিল। গভর্ণমেণ্ট প্রথমে কিছুই করলেন না, ভাবলেন হয়তো কিছুই হবে না। কিন্তু যখন দেখলেন প্রতীক ধর্মঘট পূর্ণাকার ধারণ করবার উপক্রম হচ্ছে, তখন গভর্ণমেণ্ট Tribunal দিতে রাজী হল। গভর্ণমেণ্ট তখন অন্যান্য শ্রমশিল্প বিরোধেও, দ্রুত ট্রাইব্যুন্যাল বসানোর প্রতিশ্রুতি দিয়েছিলেন। কিন্তু এখন দেখছি গভর্ণমেণ্ট সেই প্রতিশ্রুতি রাখছে না। গভর্ণমেণ্ট এখন যেভাবে চলেছে, যে অদূরদর্শিতা দেখাচ্ছেন, তার ফলে বর্ত্তমানে শ্রমিক অঞ্চলে যে শান্তি বিরাজ করছে তা রক্ষা করা খুবই শক্ত হয়ে পড়বে।

উদ্বাস্তুদের সম্বন্ধে এখন কিছু বলবো এটাই হচ্ছে সব চেয়ে বড় সমস্যা। যে উদ্বাস্তুরা এদেশে এসেছে তাদের সর্ব্বাগ্রে পুনর্বাসনের ব্যবস্থা করতে হবে। প্রায় চার বৎসর যাবৎ এই উদ্বাস্তু সমস্যা আমাদের সম্মুখে রয়েছে। আশা করেছিলাম এ বৎসরের বাজেটে উদ্বাস্তুদের পুনর্বাসন সম্বন্ধে একটি পূর্ণাঙ্গ চিত্র পাব। কিন্তু দুঃখের বিষয় তা আমরা পাইনি। আমরা পেয়েছি মাত্র উদ্বাস্তুদের সম্বন্ধে দুটি কথা। একটি কথা এই--আগামী বৎসরের জন্য বার কোটি টাকা খরচ হবে। আর একটা কথা হচ্ছে--যারা জোর করে জমি দখল করেছে তাদের একটা বিলের সাহায্যে তাড়িয়ে দেওয়ার ব্যবস্থা করা হবে। আমি প্রথমে টাকার কথা বলবো। ১২ কোটি টাকা কম নয়। যদি ঠিকভাবে ব্যয় হয়, তবে এর দ্বারা উদ্বাস্তু সমস্যার অনেকখানি সমাধান হতে পারে। কিন্তু

অতীত অভিজ্ঞতা হতে আমাদের আশঙ্কা হচ্ছে, এটা ভালভাবে ব্যয় হবে না। ফলে উদ্বাস্তু সমস্যার সমাধানও ঠিকমত হবে না। গভর্ণরের ভাষণ সম্বন্ধে বক্তৃতা প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেছিলেন যে squattersদের বর্ত্তমান জায়গায় রাখা যায় না। তাদের অনেকে কাঠা প্রতি ৩-৪ হাজার টাকা মূল্যের জমি দখল করেছে। হতে পারে কোন কোন উদ্বাস্তু কাঠা প্রতি ৩-৪ হাজার টাকা মূল্যের জমি দখল করেছে, কিন্তু তাদের সংখ্যা খুবই কম। তাদের বেশীর ভাগ যেসব জমির মূল্য কাঠা প্রতি ২৫-৩০৲ টাকা সে সবই দখল করেছে। অবশ্য এমন হতে পারে যে দখল করার পর মূল্য কিছুটা বেড়েছে। যাই হোক গভর্ণমেণ্টের এখন উচিত যাদের জমি তাদের প্রয়োজনমত ক্ষতিপূরণ দিয়ে দেওয়া। আমি আগেও বলেছি এখনও বলছি। এই সব উদ্বাস্তুরা অবস্থা বিপাকে পড়ে, বাধ্য হয়ে এই সব জমি দখল করেছে। গভর্ণমেণ্ট যখন তাদের জন্য কিছু করলেন না, তখন বাধ্য হল তারা নিজেদের ব্যবস্থা করতে। এই সব জমিতে থাকার তাদের নৈতিক অধিকার আছে। ডাঃ রায় বলেছেন যে উদ্বাস্তুরা নৈতিক অধিকার স্থাপনের জন্য আইনসঙ্গত অধিকার স্থাপনে ব্যস্ত হয়ে পড়েছে। একথা বলার সময় বোধ হয় ডাঃ রায় ভুলে গিয়েছিলেন যার পেছনে moral sanction নেই তা কখনো আইনসঙ্গত হতে পারে না। এইজন্যই একটা কথা আছে যাকে বলা হয় lawless law—যেটা নীতি বিরুদ্ধ সেটা কখনো আইনসঙ্গত হতে পারেনা। আইনের পেছনে একটা moral sanction থাকা চাই। সুতরাং এই যে squatters তারা যে যেখানে আছে তাদের সেখানেই থাকতে দেওয়া উচিত। তাদের সেখান থেকে উৎখাতের চেষ্টা করা অন্যায়।

ডাক্তার রায় বলেছেন যে এই সব জমি acquire করতে difficulty হতে পারে, এবং এই প্রসঙ্গে তিনি ক্ষতিপূরণের প্রশ্ন তুলেছেন, কিন্তু বর্ত্তমান শাসনতন্ত্রে এমন কোন নিয়ম নেই যে ক্ষতিপূরণ দিতেই হবে। শাসনতন্ত্রে প্রয়োজনমত ব্যবস্থার বিধানই আছে। ডাঃ রায় বলেছিলেন—High Court আপত্তি করতে পারে। High Courtএর কর্ত্তব্য এবং Governmentএর কর্ত্তব্য অনুরূপ নয়। উভয়ের কর্ত্তব্যের মধ্যে fundamental difference আছে।

কাজে কাজেই গভর্ণমেণ্টকে দায়িত্বের কথা মনে রেখে কাজ করতে হবে। আইনের ভাষা বদলাতে পারে, কিন্তু গভর্ণমেণ্টের দায়িত্ব এড়ানো অসম্ভব। গভর্ণমেণ্টের উদ্বাস্তুদের সম্বন্ধে দায়িত্ব কতখানি, তা আমরা সকলেই জানি। কংগ্রেস কি প্রতিশ্রুতি দিয়েছিল তা আমরা ভুলি নাই। এই প্রতিশ্রুতির কথা মনে রেখে যেন আমরা সকলে আজ কাজ করি।

উদ্বাস্তুদের উচ্ছেদ সম্বন্ধে যে একটি নূতন আইন আনা হচ্ছে, সে সম্বন্ধে আমি এখন কিছু বলতে চাই। এই আইনে alternative land acquire করবার কথা বলা হয়েছে। যারা squatters' তাদের অধিকাংশই মধ্যবিত্ত শ্রেণীর লোক। তাদের যদি কলকাতা হতে দূরে জমি দেওয়া হয় তাহলে তাদের দুঃখদুর্দ্দশার অন্ত থাকবে না। যদি কলকাতার কাছেই alternative land দেওয়া হয়, তাহলে সেই land acquire করতে গভর্ণমেণ্টের যে খরচ লাগবে তাতে উদ্বাস্তুরা বর্ত্তমানে যেখানে আছে সেইখানেই তাদের থাকবার ব্যবস্থা করে দেওয়া সঙ্গত।

গভর্ণরের ভাষণ সম্বন্ধে, বক্তৃতা প্রসঙ্গে আমি গভর্ণমেণ্টের বর্ত্তমান ধান্য সংগ্রহ নীতিতে কি কি দোষ আছে তার উল্লেখ করেছিলাম। এখন আবার আমি ধান্য সংগ্রহ নীতি সম্পর্কে একটু বলব। সেদিন ধান্য সংগ্রহ নীতির সংস্কার সম্পর্কে অনেক suggestion মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়কে দিয়েছিলাম, এবং আশা করেছিলাম যে তিনি সেসব প্রস্তাব সম্বন্ধে যথাযোগ্য বিবেচনা করবেন। কিন্তু তিনি উত্তর দিতে দাঁড়িয়ে আমি যে সমস্ত ত্রুটিবিচ্যুতির কথা বলেছিলাম তাহা একেবারে ভুলে গেলেন এবং শ্রীযুত চারু ভাণ্ডারীর উপর অযথা কর্দ্দম নিক্ষেপ করতে লাগলেন। তিনি তারপর আত্মপ্রশংসায় বিভোর হয়ে গেলেন, এবং সংগ্রহ ব্যাপার নিয়ে প্রত্যহ যে সমস্ত ঘটনা ঘটছে তার উল্লেখ পর্য্যন্ত করলেন না। তিনি ভুলে গেলেন যে patrol party রক্ষা করবার জন্য গভর্ণমেণ্টকে প্রতি বৎসর ২০ লক্ষ টাকা ব্যয় করতে হচ্ছে এবং এই ব্যয় ক্রমশঃই বেড়ে চলেছে। এ বছর patrol partyর জন্য আরও ২লক্ষ ১০ হাজার টাকা বেশী ব্যয় বরাদ্দ করতে হয়েছে। এসব কথা যদি তিনি মনে রাখতেন তাহলে এইভাবে চারুবাবুকে গালাগালি দিতে পারতেন না—নিজেরও প্রশংসা করতে পারতেন না।

আমরা যখন ধান্য সংগ্রহ নীতি সম্বন্ধে অভিযোগ করি, তখন গভর্ণমেণ্ট থেকে বলা হয় যে আমরা রাজনৈতিক উদ্দেশ্য হাসিল করবার জন্য এসব করি। এই ধরণের সমালোচনা শুধু আমরা করি না, গভর্ণমেণ্ট পক্ষের লোকেরাও করে থাকেন। কিছুদিন আগে হাওড়ায় কংগ্রেসের তরফ থেকে আহূত একটি রাজনৈতিক

সম্মেলন হয়ে গেছে। সেই সম্মেলনে বর্ত্তমান গভর্ণমেণ্টের ধান্য সংগ্রহ নীতি সম্পর্কে তীব্র সমালোচনা হয়। সেখানে বলা হয় যে এই নীতির ফলে জনগণের দুঃখদুর্দ্দশা চরমে উঠেছে। তারা আরও বলে যে গভর্ণমেণ্ট কৃষকদের কাছ থেকে ৭।।০ টাকা মন দরে ধান কিনে নিয়ে আবার তাদের কাছেই বিক্রয় করে ১১।।০ টাকা দরে। মেদিনীপুরের একজন বলেছিলেন ধান শুধু নয়, খড়ের গাদা পর্য্যন্ত seize করা হয়েছে। আমরা সংস্কারের উদ্দেশ্যে গঠনমূলক এই সমস্ত সমালোচনা করি, কোন রাজনৈতিক উদ্দেশ্য হাসিল করবার জন্য করি না।

খাদ্য সম্বন্ধে বলতে গেলে deep-sea fishingএর কথা এসে পড়ে। অর্থসচিব মহাশয় বলেছেন deep-sea fishing has made a good start—"বরুণা" আর "সাগরিকা" নামে দুখানি মাছের জাহাজ, যখন দুই খেপ মাছ সমুদ্র থেকে ধরে কলকাতায় নিয়ে এল, তখন আমাদের মনে উল্লাসের সঞ্চার হয়েছিল। কিন্তু বহুদিন হয়ে গেল তৃতীয় খেপ এখনো আসেনি। "Indian Life" নামে একখানা খবরের কাগজের ১১ই ফেব্রুয়ারী তারিখের সংখ্যায় লেখা হয়েছে যে এই তৃতীয় খেপের মাছ পচে যাওয়ায় সমুদ্রের জলে ফেলে দেওয়া হয়েছে। ফলে গভর্ণমেণ্টের ১২ লক্ষ টাকা ক্ষতি হয়েছে। জাহাজ দুখানি মাছ ধরে যখন ফিরছিল তখন পাহাড়পুর cold storageএর কাছে তাদের থামতে হয়। একখানা জাহাজের skipperএর অসুখ হয়ে পড়ে, আর অন্য জাহাজখানির কলকব্জা, যন্ত্রপাতি বিকল হয়ে যায়, ফলে জাহাজ দুখানিকে সেইখানেই বেঁধে রাখতে হয় ও জাহাজ দুখানির সমস্ত মাছ ঐ পাহাড়পুর cold storageএ জমা রাখা হয়। এই cold storageএর লোকদের অসাবধানতার ফলে সেই সমস্ত মাছ পচে যায় এবং তা সমুদ্রের জলে ফেলে দিতে হয়। কিন্তু গভর্ণমেণ্ট এ সম্পর্কে কোন কথা বলেননি। আমি আশা করি গভর্ণমেণ্ট এ সম্পর্কে একটা জবাব দেবেন।

খাদ্য সম্বন্ধে বলতে বলতে হরিণঘাটা পরিকল্পনার কথা এসে পড়ে। অর্থসচিব মহাশয় বলেছেন যে it is unique not only in the State of Bengal but in the whole of India. সুতরাং এই সম্পর্কে আমাদের আলোচনা করে দেখতে হবে। এই schemeএ মূলধনরূপে ব্যয় করা হয়েছে ৭৩ লক্ষ টাকা এবং প্রতি বৎসর এর জন্য খরচ হয় ৩ লক্ষ ২৬ হাজার টাকা। খাদ্যমন্ত্রী মহাশয় বলেছেন এই schemeএর উদ্দেশ্য livestock-*cum*-breading সম্বন্ধে গবেষণা করা। এত টাকা খরচ করে গবেষণা কি হচ্ছে তা আমরা বিশেষ কিছু জানি না। এখান থেকে প্রতিদিন ৩৫ মণ দুধ সরবরাহ করা হয় বলে প্রকাশ। এই ৩৫ মণ দুধ তারা ঠিক হরিণঘাটা থেকে পায় কিনা তা জানিনা। (The Hon'ble Dr. B. C. Roy: আপনার Indian Life কি বলে।) "Indian Life" নয় "আধিক ভারত"। "আধিক ভারতের" ১৫ই নভেম্বরের এক সংখ্যায় নিবন্ধে লেখা হয়েছে যে হরিণঘাটার লরীসমূহকে কলিকাতায় খাটালগুলিতে দুধ সংগ্রহ করতে দেখা যায়। ১৬ই জানুয়ারী গভর্ণমেণ্টের প্রচার বিভাগ থেকে "আধিক ভারতকে" এক পত্র লিখে জানান হয় যে এই দুধ যে সংগ্রহ করা হয় তা খুব পরিষ্কার খাঁটি ও তাতে কোন ভেজাল থাকে না। কিন্তু আমি বলতে চাই দুধে ভেজাল থাক আর নাই থাক, হরিণঘাটার দুধ বলে যে দুধ সরবরাহ করা হয় তার সবটা আমরা হরিণঘাটা থেকে পাই না।

এই সব খাটাল যে কি জিনিস তা আমরা ভালভাবে জানি। সেখানকার গোয়ালারা দুধে ভেজাল মিশাতে ওস্তাদ। এই সব খাটালে গরুসমূহ খোলা জায়গায় থাকে এবং সেখানকার দুর্গন্ধে চারিদিকের বাতাস বিষাক্ত হয়ে উঠে। খাটালসমূহের দরুণ মশামাছিরও প্রাদুর্ভাব ঘটে। এই সব খাটাল যত রকম ব্যাধির আবাস এবং এখান থেকে ব্যাধি কলিকাতার বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে পড়ে।

আমার আশঙ্কা এই সব খাটাল কলিকাতার বুকে বেশী দিন রাখা হলে এখানে একটা মারাত্মক ব্যাধি মহামারী রূপে দেখা দেবে। সুতরাং আমি গভর্ণমেণ্টকে অনুরোধ করছি হরিণঘাটায় জমি নিয়ে এই সমস্ত খাটাল সেখানে সরানোর জন্য। খাটালগুলি হরিণঘাটায় স্থানান্তরিত করার পর হরিণঘাটার ফার্ম ও বিভিন্ন খাটাল হতে সংগৃহীত দুগ্ধ co-operative systemএর মারফত বিলি করা হলে দুধ এবং খাটাল উভয় সমস্যারই সমাধান সম্ভব।

বস্ত্র সমস্যা সম্বন্ধে এখন কিছু বলব। তাঁত বা মিলের কাপড় এখন পাওয়া যায় না, পেলেও তার দাম অত্যন্ত বেশী। Control দরেও কাপড় খুব কম পাওয়া যায়। Finance Minister ও নিশাপতি মাঝি মহাশয় এ সম্পর্কে বিশেষ কিছুই বলেননি। এতে Governmentএর অক্ষমতা প্রকাশ পেয়েছে। Governmentএর কর্ত্তব্য হচ্ছে এই সমস্যার সমাধান করা; তা যদি তাঁরা করতে না পারেন, তাহলে গভর্ণমেণ্টের গদিতে থাকবার অধিকার আছে কিনা সন্দেহ।

তারপর hawker বা ফেরীওয়ালাদের সম্বন্ধে কিছু বলতে চাই। এ সম্বন্ধে কিছুদিন আগে আমি মুখ্য মন্ত্রীমহাশয়কে একখানি পত্র দিয়েছিলাম। কলিকাতায় যত ফেরীওয়ালা আছে তাদের সংখ্যা হচ্ছে প্রায় ২১ হাজার। এরা সামান্য মূলধন নিয়ে পরিশ্রম করে জীবিকা অর্জন করে। এই সমস্ত ফেরীওয়ালা যাদের মধ্যে বহু উদ্বাস্তু আছে তাদের mill cloth দেওয়া হয় না, কারণ গভর্ণমেণ্টের মতে তাদের দিলে পরে তারা blackmarket করবে। আমি তাঁর উত্তরে বলতে চাই, হাঁ এরা blackmarket করতে পারে। কিন্তু আজকাল সকলেইতো তা করছে। বড় বড় ব্যবসায়ীরা করলে দোষ হয় না আর যত দোষ ছোট ছোট ব্যবসায়ীদের বেলায়। আমি ফেরীওয়ালা ইউনিয়নের প্রেসিডেণ্ট হিসাবে মুখ্য মন্ত্রীকে এক চিঠি লিখে আশ্বাস দিয়েছিলাম, যে এরা blackmarket করবে না। আমি ইউনিয়নের পক্ষ থেকে গৃহীত এক প্রস্তাব ডাঃ রায়কে পাঠিয়ে দিয়ে বলেছিলাম, যে এদের যদি মিলের কাপড় দেওয়া হয়, তাহলে এরা blackmarket করবে না। যেমন League Ministryর আমলে ফেরীওয়ালাদের উপর অনেক দায়িত্ব ছেড়ে দেওয়ায় পুলিশের জুলুম ফেরীওয়ালাদের উপর কমে গিয়েছিল, তেমনি আমাদের বর্ত্তমান গভণমেণ্ট যদি ফেরীওয়ালা এবং Hawkers' Unionকে বিশ্বাস করেন, তাহলে Enforcement Branchএর চেয়েও ভাল কাজ এরা করতে পারবে, এবং blackmarket অনেকাংশে বন্ধ হয়ে যাবে। সুতরাং আমি গভর্ণমেণ্টকে অনুরোধ করি, এই সমস্ত hawkerদের mill clothএর একটা quota দেওয়া হোক।

স্বাস্থ্যসম্বন্ধেও কিছু বলা দরকার। বর্ত্তমানে কলিকাতায় small-pox খুব প্রবল আকারে দেখা দিয়েছে। এটা লজ্জার কথা। গত নভেম্বর মাস থেকে ব্যাপকভাবে small-pox চলাতে, প্রায় পাঁচ হাজার লোক এই রোগেতে মারা গিয়েছে, কিন্তু এখনও পর্য্যন্তও ব্যাধি বন্ধ করা যায়নি। গভর্ণমেণ্ট ইচ্ছা করলে intensive and extensive vaccination দ্বারা small-pox বন্ধ করতে পারতেন। Lake Hospital সম্বন্ধেও কিছু বলা প্রয়োজন। লেক্ হাসপাতালকে তুলে দেবার প্রস্তাব করা হয়েছে; এই হাসপাতালটি যদি উঠে যায় তাহলে বাংলার তথা কলিকাতার বিশেষ ক্ষতি হবে। এই হাসপাতালে প্রায় ৮০০ লোক indoor patientরূপে থাকে, এবং প্রতিদিন প্রায় ১,৫০০ রোগী outdoor patientরূপে চিকিৎসিত হয়। এছাড়া ১০০ ডাক্তার, ২০০ নার্স, ৫০ জন কেরাণী ও ৭০০ চাকরবাকর আছে। এই হাসপাতালের জন্য বাৎসরিক খরচ হয় প্রায় ২২ লক্ষ টাকা। এর মধ্যে ১২ লক্ষ টাকা আমাদের গভর্ণমেণ্ট দেন আর বাকী টাকা দেন India Government. গভর্ণমেণ্টের নিকট আমার সনির্ব্বন্ধ অনুরোধ এই যে, যে কোন প্রকারে হোক এই হাসপাতালটি উঠিয়ে যাওয়া বন্ধ করুন।

তারপরে পুলিশ বিভাগের কথা। পুলিশ বিভাগের খরচ ক্রমশঃ বেড়ে যাচ্ছে। কিন্তু আমি খরচ বেড়ে যাওয়া সম্বন্ধে কিছু বলতে চাই না। আমি বলতে চাই পশ্চিমবঙ্গ প্রতিরোধদলের কর্ম্মীদের উপর পুলিশের যে জুলুম চলছে সেই সম্বন্ধে। ১৯৪৬ সালে ভারতীয় জাতীয় বাহিনী নামে একটি বাহিনী গঠন করা হয়। এই বাহিনীর নেতা ছিলেন আমাদের বর্ত্তমান মন্ত্রী শ্রীযুক্ত ভূপতি মজুমদার। এই বাহিনী কিছুদিন কংগ্রেসের কাজ ভালভাবেই করে। পরে এই বাহিনী যেমন অধিকাংশ বাঙ্গালী প্রতিষ্ঠানের বেলায় হয় অন্তর্দ্বন্দ্বের ফলে ভেঙ্গে যায়। তখন আমাদের মন্ত্রীদের মধ্যে কেহ কেহ এই বাহিনী যেসব ক্ষুদ্র ক্ষুদ্র দলে পরিণত হয় সে সব নিজেদের কাজে লাগান। কিন্তু কিছুদিন পরে এই সব দলের কয়েকজন নেতার চেষ্টায় West Bengal Resistance Group (পশ্চিম বঙ্গ প্রতিরোধদল) নামে একটি প্রতিষ্ঠান গড়ে উঠে। আমাকে করা হয় এই দলের সভাপতি। ফলে এখন তাদের উপর নানারূপ অত্যাচার চলছে, তাদের অনেককে ধরে নিয়ে গিয়ে police lock-upএ রাখা হয় এবং সেখানে তাদের উপর দিনের পর দিন নির্ম্মম অত্যাচার চলে। এই দলের জনৈক কর্মী ভিতেন ব্যানার্জীর উপর পুলিশ কিরূপ অত্যাচার করেছিল, তা সম্প্রতি খবরের কাগজে বেরিয়েছে। এই সব অত্যাচারের উদ্দেশ্য হচ্ছে তাদের মুখ থেকে মিথ্যা স্বীকৃতি আদায় করা। যতক্ষণ পর্য্যন্ত না তারা পুলিশের শিখানো কথা বলে ততক্ষণ পর্য্যন্ত তাদের উপর অসম্ভব অত্যাচার চলে।

তারপর Railway সম্বন্ধে কিছু বলতে চাই। রেলওয়ে কেন্দ্রীয় গভর্ণমেণ্টের অন্তর্ভুক্ত বিষয় বটে কিন্তু বাংলাদেশে এমন কয়েকটি Railway আছে যা Private Companyরূপে পরিচালিত এবং Railway Boardএর অধীনে নয়। West Bengal Provincial Railway এ ধরণের একটি private company এবং ইহা প্রায় হুগলী জিলায় পাঁচশ মাইল ব্যাপী এলাকায় কাজ করে।

এই Railwayটি ৫৫ বৎসর আগে প্রতিষ্ঠিত হয়। এর অবস্থা মধ্যে ভাল ছিল কিন্তু এখন ইহা নানা কারণে দুরবস্থায় পড়েছে; Government of Indiaর নিকট দরখাস্ত করা হয়েছিল এটিকে নেওয়ার জন্য। কিন্তু ভারত গভর্ণমেণ্ট নিতে রাজী হয় নি। তাই আমি পশ্চিম বাংলার গভর্ণমেণ্টকে এই রেলওয়েটিকে নিজেদের হাতে নিতে অনুরোধ করছি। এই রেলওয়েটিকে ঠিক করবার জন্য ৭ লক্ষ টাকা দরকার ১$\frac{১}{২}$ লক্ষ টাকা কোম্পানীর ধার আছে। মাসিক ক্ষতি ৪ হাজার টাকা। এই রেলওয়েটিকে চালান গেলে হুগলী জেলার বহু লোকের সুবিধা হবে। পশ্চিম বঙ্গের ব্যবসা-বাণিজ্যেরও প্রসার হবে। কতকগুলি লোকেরও জীবিকার পথও বন্ধ হবে না। Dr. Roy কিছুদিন আগে আমাকে একখানা চিঠি লিখে জানিয়েছেন যে এই রেলওয়েটি সম্বন্ধে অনুসন্ধানের জন্য তিনি একটি কমিটি গঠন করেছেন। সেই committee কি করেছে আশা করি ডাক্তার রায় তা আমাদের বলবেন। একটি ষ্টীমার company চাঁদপাল ঘাট থেকে রামকৃষ্ণপুর যায়। এই কোম্পানীটির নাম Calcutta Steam and Navigation Co. Hoare Miller কোম্পানী এর managing agent। Hoare Miller কোম্পানী কিছুদিন যাবত এই ষ্টীমার কোম্পানীর যাতায়াত বন্ধ করে দিয়েছে। Dr. Royকে বলছি এই companyটিকেও নিয়ে নিতে। নিয়ে ষ্টীমারের যাতায়াত চালু করতে। নইলে হাওড়া ও কলকাতার মধ্যে লোকদের যাতায়াতে খুবই কষ্ট হচ্ছে। এই পথে ষ্টীমার চালানো একচেটিয়া কারবার। সুতরাং লাভজনকও হতে পারে। তাই বলছি গভর্ণমেণ্টকে এই companyটি নেওয়ার জন্য। নইলে মানুষের যাতায়াতে অসুবিধা তো হবেই, অনেক লোক বেকারও হয়ে যাবে।

তারপরে Allenberry and Co. আর Smith Stanistreet and Co.র কথা। এই সমস্ত company ইচ্ছামত লোক ছাঁটাই করে। সেই জন্য আমি Governmentকে বলছি যদি এই ধরণের company যারা খামখেয়ালীমত লোকদের ছাঁটাই করে—তাদের Government নিজের হাতে না নেন তাহলে পশ্চিম বঙ্গে বেকার সমস্যা ক্রমশঃ বেড়েই চলবে।

শেষ কথা—election সম্বন্ধে। এবারে ৫০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দ করা হয়েছে। কিন্তু বিশেষ করে দেখতে হবে যাতে election free and fair হয়। কিছুদিন আগে Hooghly-*cum*-Howrah Muslim Constituencyতে যে উপনির্বাচন হয়েছে তাতে নানা রকম অনাচার হয়েছে বলে শোনা যায়। নির্বাচনের পূর্ব দিন ১৪৪ ধারা জারি করা হয়েছিল এবং গভর্ণমেণ্ট বিরোধী দলের ৫ জন নেতাকে গ্রেপ্তার করা হয়। তাদের মধ্যে এই Assembly member একজন অন্যতম। তাছাড়া উড়িয়া কুলিদের মাথায় টুপি দিয়ে মুসলমান সাজিয়ে এবং হিন্দু মেয়েদের বোরখা পরিয়ে মুসলমান মেয়ে সাজিয়েও নাকি ভোট দেওয়ানো হয়েছে। (Laughter)

(Voice: আপনি কি সেখানে উপস্থিত ছিলেন) যদি Dr. Roy চান তবে আমি এবিষয়ে সাক্ষী সাবুদ দিতে পারি। এইজন্য আমার নিবেদন হচ্ছে ভবিষ্যতে যেন free and fair election হয়।

Sj. J. C. GUPTA: Mr. Speaker, Sir, no doubt we have got political freedom but we are faced with a shattered economy as a result of two centuries of foreign exploitation. It appears, before they left, the Britishers visualised the grim and dark future awaiting this country, bereft of food reserve, with undeveloped agriculture and industry and emaciated man power. On account of dearth as well as of high prices of the essential commodities of life it is but natural, when the cup of misery is full, people will have dissatisfaction all round. People hoped that with the end of the foreign rule all their troubles and worries will disappear. They expected much from Congress which fought and won for them the political freedom, but the world crisis, the insurmountable difficulties due to Partition of India, the unprecedented refugee and rehabilitation programme, the Kashmir war, the trade barrier and break-down of trade between India and Pakistan, the Korean war, the natural calamities one after another and the communal and border troubles in this State, have all stood in the way of peaceful progress and the realisation of their hopes and aspirations. But we must not allow ourselves to be subdued by the calamities that have overtaken us. Sir, we in this House

have a higher responsibility and an onerous task to discharge as representatives of the people in such a distracted state of affairs. We must not end our deliberations by mere fault-finding and expression of resentment. We must do more than that. We must try and suggest ways and means to lessen our difficulties, if not to overcome those altogether. Those who are shouldering the responsibilities of Government and those who are outside it have all got to put their heads together and shoulder the task of bringing succour and relief to the suffering masses. We must tackle the problems with a grim determination equal to this desperate situation, and then alone we shall be discharging our responsibilities to those who have sent us here.

How to restore this shattered economy inherited by us and mainly caused by forces beyond our control?

Our immediate and main problem is to solve the food shortage and build up the necessary food reserve. For some time past I have felt more interested in measures to improve food productions than anything else. I have gone round to see the irrigation schemes some small ones—undertaken by the Department of Agriculture and some bigger ones undertaken by the Irrigation Department. The other day I went to see the Mayurakhi Project to get a first-hand knowledge of its progress.

Irrigation schemes, big and small, must have top priority and deserve intensive efforts on the part of Government and active interest and co-operation of people in general.

I noticed during such visits that completion of some projects was delayed for want of labour. For completion of such essential projects local efforts and co-operation should be forthcoming.

To remove want of food we should, all according to our means, grow vegetables, fruits and other edible articles as much as possible.

Some members have suggested that abolition of zemindary alone can increase food production and solve food problem. We are committed to abolition of zemindary and we must effect it But you know that in some States Acts abolishing zemindary have been passed but Courts have intervened and restrained the enforcement of the provision till their decision. There are other complications to be solved. I suggest there should be a committee of this House to devise ways and means to surmount the difficulties and ensure the abolition as early as possible.

But the mere abolition of zemindary will not yield any result unless simultaneous steps are taken to remove the difficulties in the way of the tillers in improving production.

Under the existing land tenure system fragmentation into uneconomic holdings is a drawback to be remedied. Insufficiency and weak plough cattle prevents proper and deep ploughing. Want of proper and sufficient manure has to be removed. There is also need for improved seeds. Seeds, manure, and in some cases even plough and cattle are supplied by tenure-holders. Simultaneous arrangements must be made for providing these along with the abolition programme. Then again machine ploughing can be introduced if large Co-operative Farms are brought into existence. The committee I have suggested should also plan and provide for these, so that we may derive full benefits from the abolition.

So much for production; now regarding procurement, I am happy to find in the light of criticism over the Governor's address the Ministry has already issued instructions not to procure from those who hold less than 15 *bighas* of land.

The defects and hardship entailed in procurement could be greatly obviated if the work is done with the co-operation of the public and on the basis of proper statistics. Here I have a suggestion for consideration of the Ministry.

There is an agricultural union assistant, I believe, in almost all the unions. He should submit report when the lands are ploughed and next when the sowing is done and again when the crops shoot up and lastly before harvesting. Promotion of these union assistants should depend on their efficiency in this matter.

These union assistants should be associated with the procurement work and they will see to it that sufficient seeds are left with cultivator and not taken away as has been the complaint in some cases on the floor of this House.

I must say that I disagree with those who advocate decontrol of food while there is an admitted shortage. The poorer people are bound to suffer thereby.

While shortage continues decontrol is not the real solution for the defects and short-comings regarding distribution. Here again, Sir, the remedy lies in public co-operation. When Sri Charu Chandra Bhandari was Minister-in-charge, he invited public co-operation in the mattter of distribution. After laboriously working for over a month and after prolonged discussion with various representatives of the public belonging to different parties I drew up peoples' committees for the retained area representing all parties.

But I regret this work of ours was nullified just when it was going to start work. The then Chief Minister and the then Chief Whip only knew why this was prevented.

The Ministry should have no hesitation in allowing the representatives of the people to whichever party they may belong to share the responsibility in ensuring proper distribution of controlled food and essential commodities.

I will refer to another important matter in connection with food production. It is the poor health of the cultivators generally in West Bengal. Everyone knows that due mainly to malaria sometimes they cannot till, weed and even harvest their paddy. Many depend on Santals and other hired labour which may not be available in proper time.

Hence there is the urgent need of medical aid in rural areas and of rural public health units to prevent illness among the cultivators. I have looked at the Medical and Public Health Budget estimates of the year.

At pages 18 and 23 the development programme is given. I suggest that besides the 4, 10 and 20-bedded hospitals and 50-bedded hospitals in the thana area, mobile units for malaria control and for treatment should be organised to help the ailing cultivators, and there should be dispensaries with proper stock of medicine in the unhealthy rural area. And to hasten the establishment of these things, I suggest that the Director of Health Services, if not the Minister, should go to these unhealthy places, select an area and start the thing. I am sure some houses will be available to start the dispensaries there. We must properly look after the health of the tillers of the soil in the interest of our food production, if not on humane consideration.

Sir, I also suggest that the kavirajes amongst the refugees should be allotted to the rural areas as quickly as possible.

High prices of foreign medicine, the brisk business in spurious drugs necessitate the encouragement of indigenous medicines and indigenous system of treatment. There is also scope for extension of homeopathic treatment in rural areas.

I am glad to be informed by the Hon'ble Chief Minister that the medical students and graduates will be made to devote some time to the rural areas. It is a very good thing.

Sir, I have been an optimist all my life. Though the prospects seem gloomy I have faith in my countrymen which I do not want to lose at the fag end of my parliamentary career. If we tackle the problem fairly and squarely, we shall soon be out of the woods.

Sir, condition of China—our great and ancient neighbour—was more desperate than ours only the other day. Many members have told us about China's present achievements. I wish my eyes were well enough to enable me to read and know all about the present activities and real condition of China. We may with great advantage adopt what helped them to overcome their difficulties.

Sir, I request the Ministry to invite co-operation of all irrespective of their party affiliations in the matter of food and I appeal to all to offer their active help in this matter at least. Food must be placed above party politics. Let us make an all-out effort and we shall succeed.

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: মাননীয় স্পীকার মহোদয়, আজকে সময় খুব কম এবং অনেক প্রশ্ন উঠেছে যার জবাব আমি দিতে চাই। নিয়ন্ত্রণ নীতি, সংগ্রহ নীতি, ইত্যাদি সম্বন্ধে বহু বক্তা বিশেষ করে বিরোধী পক্ষীয় যাঁরা বিশদভাবে পূর্বের বক্তৃতা করেছিলেন আবার এই বাজেটের general discussionএর সময় সেই কথাগুলি পুনরাবৃত্তি করেছেন। আমি প্রথমবারে বলেছিলাম যে নিয়ন্ত্রণ করা বা না করা—এই সমস্তই ভারত গভর্নমেণ্টের উপর নির্ভর করে। এটা প্রাদেশিক সরকারের নীতি নয়। এটা সর্বভারতীয় নীতি। কিন্তু বলে কি হবে। অনবরত তাঁরা লোককে বুঝাবার চেষ্টা করেন, বিভ্রান্ত করবার চেষ্টা করেন এই বলে যে এই যে control, এ চালু রেখেছে প্রাদেশিক রাজ্য সরকার। আমি তখন বলেছিলাম এটা সত্য কথা নয়। একথা আমি আবার বলবো এটা সর্বভারতীয় নীতি এবং আমি বিশ্বাস করি এ নিয়ন্ত্রণ রাখা দেশের পক্ষে মঙ্গলজনক। আমি যে সমস্ত কথা এর আগের বারে বলেছিলাম, তার পুনরুল্লেখ করব না। নিয়ন্ত্রণ রাখা যে উচিত সে সম্বন্ধে দুই-একটি অঙ্ক আপনাদের কাছে রাখবো, তাতেই আমি আশা করি আপনারা সব কিছু বুঝবেন।

I am not perturbed at the volume of abuses which have been hurled upon us but, when I hear these declamations, I ask myself the question—what is it that has led these friends to hurl abuses? Is it merely a political game? Sir, it is said that on one occasion a great prophet to whom reference was made regarding sinners and maladministrators, said, "He who has not sinned, let him pelt the first stone". That is, of course, a spiritual approach to human problem. Several hundred years ago, King Henry VIII started a pogrom against the Priest and Priesthood and a contemporary poet wrote the following in regard to it—

"Tell me, my muse, what monstrous dire offence
Could a Christian King incense
To such a rage?
Was it luxury or lust,
Was he so temperate and so just?"

To all the critics who have taken up the functions of censorship, I ask the same question. Are they perfectly happy about the position that they have taken up? Do they feel that they are so free of guilt as to

merely recognise and deplore the guilt in others? All I can do is to repeat a Greek saying "They have said what say they. Let them say". Let these critics shout their loudest; meanwhile we shall go on working our hardest" Amen!

Dr. SURESH CHANDRA BANERJI: মাননীয় স্পীকার মহাশয়, বিভিন্ন cut motionএর জন্য আমরা ১৫ দিন সময় চেয়েছিলাম—সে সম্বন্ধে কি মীমাংসা হল দয়া করে বলবেন কি? বল্লে বড় খুসী হব।

Mr. SPEAKER: It is for the Governor to extend the days and I have no hand in the matter.

Sj. JYOTI BASU: On a point of information, Sir. Has our desire for fifteen days been communicated to the Governor by the Ministers? Will you ask the Chief Minister to inform us about it?

Mr. SPEAKER: Well, discussion on cut motions starts on the 7th and we shall in the meantime meet on the 5th and tomorrow. You can convey your desire through the Chief Whip of the Government and it will be for the Governor to decide how many days he will allot for discussion of cut motions.

Dr. SURESH CHANDRA BANERJI: মাননীয় স্পীকারের কাছে একটা কথা নিবেদন করবো। আমরা cut motionএর জন্য ১৫ দিন সময় চেয়েছিলাম। তার কি হল জানিনা। ১৫ দিনের কম হলে আমাদের পক্ষে cut motion আলোচনায় অংশ গ্রহণ অসম্ভব হবে।

Mr. SPEAKER: The matter has been conveyed to Government and they will decide what action to take. So far as today is concerned we have finished and the House adjourns till 10 a.m. tomorrow when we shall have non-official resolutions.

Adjournment.

The House was then adjourned at 5-32 p.m. till 10 a.m. on Saturday, the 3rd March, 1951 at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Saturday, the 3rd March, 1951, at 10 a.m.

Present:

Mr. Speaker (the Hon'ble ISWAR DAS JALAN) in the Chair, 7 Hon'ble Ministers and 48 members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Calcutta Thika Tenancy Act, 1949

***31. SJ. CHARU CHANDRA BHANDARI:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Land and Land Revenue Department be pleased to state—

(*i*) whether the attention of the Government has been drawn to certain decisions of the Calcutta High Court (reported in 53 Calcutta Weekly Notes, pages 640 and 553, and 54 Calcutta Weekly Notes, pages 281 and 287) in cases under the Calcutta *Thika* Tenancy Act, 1949 (West Bengal Act II of 1949), rendering certain provisions of the Act infructuous and inoperative in the cases of those whom it is intended to benefit and protect; and

(*ii*) whether the attention of the Government has been drawn to the following observations of His Lordship delivering judgment in one of the said cases with regard to the language of certain provisions of the Calcutta *Thika* Tenancy Act:—

"the *sine qua non* of a good legislation is that those responsible for making of the law should know—

(1) the subject-matter of the legislation thoroughly and adequately; and

(2) how to express their knowledge and intention in reasonably and tolerably clear language"?

(*b*) If the answer to (*a*) is in the affirmative, will the Government consider the desirability and necessity of immediately amending the said Act (the Calcutta *Thika* Tenancy Act, 1949) in the light of the above-mentioned decisions of the Calcutta High Court or enacting a new legislation for the protection of the Calcutta *bustee* tenants?

MINISTER in charge of the LAND and LAND REVENUE DEPARTMENT (the Hon'ble Rai Harendra Nath Chaudhuri): (*a*)(*i*) Yes. The attention of the Government has been drawn to the decisions referred to, but the conclusion that has been drawn by the interpellator is not correct. The provisions of the Act have not been infructuous in the cases of those whom it was intended to benefit and protect.

(*ii*) Yes. The observation appears to be an *obiter dictum*. As to its appropriateness in Shaik Mahammed Matteen's case opinions may differ. For the Judge himself said that the defence in that case was not a genuine one but an inspired defence and no lacuna in the Act was found out.

(*b*) Government do not consider it necessary to undertake any amendment of the Act in the light of the said decisions as they did not bring out any lacuna or defect in the provisions of the Act.

Dr. SURESH CHANDRA BANERJI: Supplementary question, Sir, মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি Calcutta Weekly Notes এর এক জায়গায় উল্লেখ করা হয়েছে Page 287 of 54 Calcutta Weekly Notes—"There is no evidence before me that such a system which is said to be commonly known is at all prevalent in Calcutta. A system before a *thika* tenant under the Act must prove a system which is either annual system or a similar system and that it comes under the system. মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি এই কথার পরেও *Thika* Tenancy Actএর যে definition আছে এবং সেখানে যে system আছে সেটা invalid হয়ে পড়ে কিনা ?

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: No, Sir, না তা নয়। তার কারণ হচ্ছে—সুরেশবাবু আইনজ্ঞ হলে জানতেন—প্রত্যেক caseএই, সাধারণতঃ plaintiff কে দাবী প্রমান করতে হয় অর্থাৎ then he comes under the protection of the Act. In all cases he will have to prove that. In this case the plaintiff failed to prove that he comes under the Act. এবং আমি বলছি তিনি দয়া করে যদি দেখেন judgmentএর অপর অংশটা page 291—আপনার কাছে আছে কিনা জানি না—The learned Counsel for the defendant referred to the fact that the Act was not intended to protect the *bustee* dwellers. It is difficult to see why he made that reference on the facts of this case which are not concerned with the *bustee* at all.

Again, on page 292, the Judge says: It appears to me from the record and the progress of the suit that the defence of *thika* tenancy is not a genuine one but an inspired defence in this case. The facts did not inspire the defence and therefore it was not raised until at the latest possible stage.

Dr. SURESH CHANDRA BANERJI: Supplementary question, Sir, মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে judgmentএ যে কথা আগেই উল্লেখ করেছিলেন তারপরে কোথায় লেখা আছে "The Calcutta *Thika* Tenancy Act is not a charter of rights for the *bustee* dwellers of Calcutta" এবং কোথায় পরিষ্কার করে বলা হয়েছে বস্তী dwellerএর কথা or "it is not a charter of rights" এটা আছে কিনা ?

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: নিশ্চয় থাকতে পারে। তার মানে হচ্ছে বস্তী dwellers সকলেই ঠিকা tenant নহে। এই decisionএ বলা হয়েছে "All the tenants in a *bustee* should not be presumed as *thika* tenants"

Dr. SURESH CHANDRA BANERJI: Supplementary question, Sir, একথা বলার পর "that the *Thika* Tenancy Act is not a charter of rights for *bustee* dwellers" যে *Thika* Tenancy Act পাশ করেছেন সেটা *thika* tenantsদের বেলায় কাজে লাগতে পারে কিনা ?

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: অর্থ তা নয় *thika* tenantsদের নিশ্চয় কাজে লাগছে সমস্ত decisionএ দেখতে পাচ্ছেন।

Dr. SURESH CHANDRA BANERJI: (Rose to put a question.)

Mr. SPEAKER: Dr. Banerji, is it a proper forum by way of questions to discuss as to what is the interpretation of a particular judgment, for that is a matter of judicial interpretation. I believe you may refer to it in the debate when something tangible may come out and you may discuss the question by considering the effect of the decision.

Dr. SURESH CHANDRA BANERJI: All right, Sir.

Memorial from the West Bengal Settlement Kanungos

*32. **Dr. SURESH CHANDRA BANERJI:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Land and Land Revenue Department be pleased to state whether a memorial was submitted by the West Bengal Settlement Kanungos' Association to the Hon'ble Minister in charge of the Land and Land Revenue Department in January, 1948, and another to the Member, Board of Revenue, on the 12th May, 1948?

(*b*) If the answer to (*a*) is in the affirmative, will the Hon'ble Minister be pleased to state the fate of those memorials?

(*c*) Will the Hon'ble Minister be pleased to state whether different aspects of the duties of the Settlement Kanungos were taken into consideration in fixing their pay as per revised pay-scale under 1941 scheme?

(*d*) If the answer to (*c*) is in the negative, do the Government consider the desirability of taking into consideration the different aspects of their duties and service at the time of fixation of their pay and cadre?

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: (*a*) No memorial is said to have been submitted to the Hon'ble Minister in charge of the Land and Land Revenue Department in January, 1948, but a deputation on behalf of the Association waited upon the Member, Board of Revenue, and submitted a memorial to him on the 12th May, 1948.

(*b*) There were two main demands—one relating to the revision of pay-scales and the other regarding the fixation of pension of the senior Kanungos under the ordinary pension rules. The scale of pay of the Settlement Kanungos has since been revised with effect from the 1st April, 1950, under the West Bengal Services (Revision of Pay) Rules, 1950, while the pension question is still under the consideration of Government.

(*c*) Yes.

(*d*) Does not arise.

Dr. SURESH CHANDRA BANERJI: Supplementary question, Sir, মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি revision of pay-scale যা করা হয়েছে তার কোন list আছে কিনা?

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: List সমস্তই *Calcutta Gazette*এ publish করা হয়েছে।

Dr. SURESH CHANDRA BANERJI: Supplementary question, Sir, এই যে বলা হয়েছে pension question is still under consideration এটা কত দিনে শেষ হবে দয়া করে বলবেন কি?

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: এটা আমি বলতে পারি না কারণ এটা Home Department-এর কথা।

Non-official Members' Resolutions.

Mr. SPEAKER: Non-official Members' Resolutions. Dr. Banerji.

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: On a point of order, Sir. This very question covered by the resolution was raised by Dr. Banerji in his amendment to the resolution that was moved expressing thanks to His Excellency on account of the Address with which he opened this session. Now, Sir, the question is again going to be agitated by the resolution. Sir, may I refer you to rule 40 of the Assembly Procedure Rules—"A motion must not raise a question substantially identical with one on which the Assembly has given a decision in the same session."

Dr. SURESH CHANDRA BANERJI: Sir, গভর্ণরের অভিভাষণ সম্পর্কে আমার যে motion ছিল, তাতে উল্লিখিত বিভিন্ন বিষয়ের মধ্যে একটি এই মর্মের ছিল, যে High Courtএর বিভিন্ন জজেরা যে রায় দিয়েছেন তার পরিপ্রেক্ষিতে Calcutta *Thika* Tenancy Act সংশোধিত হওয়া উচিত। কিন্তু এই প্রস্তাবে তার উল্লেখ নাই। সম্পূর্ণ আলাদা বিষয় নিয়ে এই প্রস্তাবটি করা হয়েছে। এতে Calcutta High Courtএর জজদের রায়ের উল্লেখ নেই?

Mr. SPEAKER: As regards the point of order raised by the Hon'ble Rai Harendra Nath Chaudhuri I find that in the amendment motion to the proposal for thanks to the Governor what is mentioned is this: "Any mention of any proposal for the amendment of the Calcutta *Thika* Tenancy Act, 1949, in view of the various judgments of the different Judges of the Calcutta High Court." That was one of the amendments which was sought by Dr. Banerji, whereas this motion mentions something else, namely, "that in the opinion of the Assembly, the *Thika* Tenancy Act, 1949, is defective in that it fails to give relief to *thika* tenants and in particular in the following respects:—....." It does not refer to the judgment of the High Court at all. Under these circumstances, I am not prepared to disallow this resolution. Therefore, Dr. Banerji can move this resolution.

Dr. SURESH CHANDRA BANERJI: Should I move this resolution, Sir?

Mr. SPEAKER: Yes; you can move it.

Dr. SURESH CHANDRA BANERJI: Sir, I beg to move that in the opinion of the Assembly, the *Thika* Tenancy Act, 1949, is defective in that it fails to give relief to *thika* tenants and in particular in the following respects, viz.:—

(*a*) absence of any time-limit for the payment of arrear rents;

(*b*) provision for the eviction of tenants for the purpose of building on the land or otherwise developing the land;

(*c*) provision to make the landlord owner of any structure erected by the *thika* tenant after ejectment has been ordered by any competent authority;

(*d*) provision of interest at the rate of six and a quarter per cent. per annum on arrear rents;

(*e*) provision for enhancement of rent at the rate of twelve and half per cent. per annum at the end of every third year;

and that the Act should be suitably amended.

স্যার, বর্ত্তমান কলিকাতা নগরী যেখানে পূর্বে শুধু মাত্র তিনটি গ্রাম ছিল—কালীকাতা, সুতানুটি এবং গোবিন্দপুর। ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী এই তিনটি গ্রামের জমিদারী নেওয়ার পর এই গ্রাম তিনটিতে নানাবিধ শিল্প ও ব্যবসার উদ্ভব ঘটে। ফলে চারিদিক থেকে লোক চাকরী ও ব্যবসার সন্ধানে এই সহরে আসতে থাকে। একারণে বিভিন্ন রকমের লোক এখানে আসে এবং তাদের আয়ও বিভিন্নরূপ হয়ে দাঁড়ায়। এর মধ্যে যাঁদের অবস্থা একটু ভাল—তাঁরা নিজেরা হয়ত একখানি বাড়ী করে কিংবা বাড়ী ভাড়া করে বাস করতে থাকেন। কিন্তু যারা অপেক্ষাকৃত গরীব ছিল তাদের পক্ষে এই ধরণের জমি কেনা বা জমি কিনে বাড়ী করা সম্ভব হয়নি কিংবা ভাল বাড়ী ভাড়া করাও সম্ভব হয়নি। তারা তখনকার এই তিনটি গ্রামের জমিদারদের কাছ থেকে জমি বন্দোবস্ত নিয়ে নিজেরা ঘর বাড়ী করে বাস করতে থাকে। এই সব জমিতে আগে কোন লাভ ছিল না। কাজেই জমিদাররা সহজে ও প্রসন্নচিত্তে এই সব জায়গায় ঠিকা প্রজা বসায় এবং কাঠা হিসেবে খাজনা করে নেওয়ায় এদের লাভও প্রচুর হয়। আজ কলিকাতার বুকে এই যে অসংখ্য বস্তী এভাবেই এদের উদ্ভব। এই সব

বস্তীতে বোটের উপর দুই শ্রেণীর লোক বাস করে—এক শ্রেণীর লোক যারা ছোট ছোট কারখানা করে, দোকান করে জীবিকার্জন করে—এদের সংখ্যা খুব বেশী নয়। এই সব বস্তীর অধিকাংশ লোকই শ্রমজীবী। এরা কঠোর পরিশ্রম করে খায়। যেমন কেউ ছুতার, কেউ গরুর গাড়ির গাড়োয়ান, ঘোড়ার গাড়ীর চালক কিম্বা electrician, mechanic বা fitter.

এই সমস্ত বস্তীতে যখন গৃহ নির্ম্মাণ করা হয় তখন কোন প্রকার পরিকল্পনা ছিল না। জমিদারেরা নিজেদের খেয়ালমত যাকে যেখানে পেরেছেন জমি বন্দোবস্ত করে দিয়েছেন। ফলে ছোট ছোট জায়গায় অনেক অধিক ঘর ঘেঁষাঘেঁষিভাবে তৈরী করা হয়েছে। এই সমস্ত বস্তীর লোকেরা অধিকাংশই গরীব বলে তারা যে সমস্ত ঘর বানিয়েছে তাতে দরজা জানলা যা আছে তার ভিতর দিয়ে আলো বাতাস আসবার সম্ভাবনা অতি অল্প।

এ ছাড়া বস্তীর ভিতর বড় বড় পুকুর আছে। নানা রকম আবর্জ্জনা ফেলার ফলে সেই সমস্ত পুকুর নরককুণ্ডে পরিণত হয়েছে। Corporation থেকে এই সব পুকুরের সংস্কারের বিশেষ কোন ব্যবস্থা করা হয়নি, যদিও Corporation tax বস্তীবাসীদের অবস্থার তুলনায় দিতে হয় খুব বেশী। Corporation চিরকাল এদের ঘৃণা ও অবহেলার চোখে দেখে আসছে। এদের জন্য ভাল রাস্তা, জল বা পায়খানার বন্দোবস্ত নেই। একটা জলের কল থেকে বহু লোককে জল নিতে হয় এবং তা নিয়ে প্রত্যহ ঝগড়াঝাঁটি হয়ে থাকে।

এইভাবেই কলিকাতায় তিন লক্ষ বস্তিবাসী বহুদিন থেকে বাস করে আসছিল এবং তাদের জীবন কোন প্রকারে কাটছিল। কিন্তু গত যুদ্ধের ফলে তাদের জীবনে ভীষণ বিপর্য্যয় ঘটে। প্রথমতঃ, যুদ্ধের সময় কলিকাতা নানাভাবে কর্মচঞ্চল হয়ে উঠে। এখানকার ব্যবসা-বাণিজ্য খুব ফেঁপে উঠে। ফলে অনেকের চাকরী বাকরীর সুবিধা হয়। এদের মধ্যে গরীবেরা অন্যত্র আশ্রয় যোগাড় করতে না পেরে এই সব বস্তীতে মাথা গোঁজবার জন্য আশ্রয় নেয়।

যুদ্ধ শেষ হবার পর ভারতবর্ষ যখন স্বাধীন হল এবং বাংলা দুই খণ্ডে বিভক্ত হল তখন পূর্ব বাংলার বহু লোক আশ্রয়প্রার্থীরূপে পশ্চিম বাংলায় আসে। অন্যত্র আশ্রয় না পেয়ে এই সব বাস্তুত্যাগীদের অনেকে ঘন-বসতি বস্তীগুলির মধ্যে আশ্রয় নিতে বাধ্য হয়, জমির মালিকেরা দাঁও মারার একটা সুযোগ পায়। ফলে বস্তীর জমির দর ছ ছ করে বেড়ে চলে এবং মালিকেরা তাদের স্বার্থসিদ্ধির জন্য বস্তিবাসীদের উচ্ছেদ করবার জন্য উঠেপড়ে লাগে। খাজনার হার এ সময় এক টাকার জায়গায় চার টাকা পর্যন্ত হলো। সেলামী, নজরাণা প্রভৃতি তো আলাদা।

যুদ্ধের সময় পুঁজীপতিরা প্রচুর পরিমাণে মুনাফা করে। যুদ্ধ শেষে তাদের লাভের পরিমাণ অনেক কমে। যা লাভ হয় তাতে তারা আর সন্তুষ্ট থাকে না। তারা মনে করে জমিতে টাকা খাটান গেলে তাদের লভ্যাংশ আবার বাড়বে। তাই তারা বস্তীর জমির দিকে নজর দেয়। এবং মালিকেরা চড়া দামে জমি বিক্রয় করতে আরম্ভ করে। ফলে উচ্ছেদের মামলার সংখ্যা ছ ছ করে বেড়ে যায়। দু-তিন বছরের মধ্যে প্রায় ২০ হাজার উচ্ছেদের notice দেওয়া হয় এবং এর মধ্যে প্রায় এক হাজার মামলা দায়ের করা হয়।

এতদিন বস্তিবাসীদের কোনরূপ সংগঠন ছিল না। তারা কোন রকমে জীবন যাপন করত এবং তারা কখনো সংগঠনের প্রয়োজন অনুভব করেনি। কিন্তু যখন তাদের উপর এই রকমভাবে জমি হতে উচ্ছেদের notice জারী হতে লাগল এবং মামলা দায়ের হতে লাগল তখন তারা নিজেরাই প্রাণের দায়ে নিজেদের ভিতর সংগঠন গড়ে তুলতে লাগল। ফলে বিভিন্ন অঞ্চলের বস্তীতে আলাদা আলাদা সংগঠন গড়ে উঠে। এই সব সংগঠন মিলে কলিকাতাবাসী একটি বড় সংগঠন গড়ে তুলে—নাম কলিকাতা বস্তীবাসী সম্মেলন। কলিকাতা বস্তিবাসী সম্মেলন সংগঠনের পর সারা বস্তীর ভিতর এক নূতন রকমের চাঞ্চল্য দেখা দেয়। এবং তারা নিজেদের সংগঠন খুব জোরদার করে গড়ে তোলে। তাদের উপর কোন উচ্ছেদের নোটিস জারী হলে তারা সংঘবদ্ধ ভাবে লড়তে থাকে। ফলে সমগ্র কলিকাতায় একটা নূতন আন্দোলন মাথা চাড়া দিয়ে উঠে।

গভর্ণমেণ্ট এতদিন চুপ করে ছিল। কিন্তু যখন দেখলো বস্তিবাসীরা আন্দোলন সুরু করেছে তখন ১৯৪৮ সালের ডিসেম্বর মাসে একটা Ordinance জারী করলে—এর উদ্দেশ্য ছিল বস্তিবাসীদের উচ্ছেদ বন্ধ করা। ফলে বস্তিবাসীদের উচ্ছেদ বন্ধ হয়। ১৯৪৯ সালের ফেব্রুয়ারী মাসে পশ্চিম বঙ্গের ব্যবস্থা পরিষদে কলিকাতা ঠিকা প্রজা আইন পাশ হয়। এই আইন যখন পাশ হয় তখন প্রকাশ্যে এর

বিরুদ্ধে আমরা অনেক আন্দোলন করেছি। তখন রাজস্ব-সচিব বিমল সিংহ মহাশয়ের নিকট আমি এই বলে চিঠি লিখি যে এই আইন পাশ হওয়ায় বস্তিবাসীদের খানিকটা সুবিধা হবে বটে কিন্তু তাদের উচ্ছেদ সম্পূর্ণরূপে বন্ধ হবে না। কারণ এই আইনের এমন সব ফাঁক আছে যার ভিতর দিয়ে বস্তিবাসীদের উচ্ছেদ করা যাবে। আইনের তিন ধারায় বলা হয়েছে যে যদি কোন বস্তিবাসী ঠিকমত খাজনা দিতে না পারে, যদি খাজনা বাকী পড়ে, তবে তাকে উচ্ছেদ করা যাবে। কিন্তু পূর্বে এমন কোন নিয়ম ছিল না। খাজনা বাকী পড়লে তারা যে কোন সুবিধা-মত সময়ে খাজনা দিয়ে দিত। মালিকেরা এজন্য তাদের উচ্ছেদ করবার কথা ভাবত না। কিন্তু এখন কোন নির্দিষ্ট সময় না থাকায় খাজনা বাকী পড়লেই মালিকেরা উচ্ছেদের নোটিস দিতে পারবে। সুতরাং দেখা যাচ্ছে এই আইনে বস্তিবাসীদের অবস্থার উন্নতি না হয়ে বরং অবনতি ঘটেছে। Section 3(3)তে আরো বলা হয়েছে যে যদি কোন বস্তীর প্রজা বর্দ্ধিত হারে খাজনা দিতে অস্বীকার করে তাহলেও তাকে বস্তী থেকে উচ্ছেদ করা যাবে। এই আইনের (২৫) ধারাতে বলা হয়েছে যে প্রতি তিন বৎসর অন্তর বস্তীর প্রজাদের খাজনা শতকরা ১২৷৷০ টাকা হারে বৃদ্ধি করা যাবে। আমি হিসাব করে দেখেছি যদি এইভাবে খাজনা বৃদ্ধি হতে থাকে তাহলে ১৮ বৎসর অন্তে ঐ খাজনার হার বেড়ে দ্বিগুণ হয়ে দাঁড়াবে। সুতরাং এই ধারাটি অত্যন্ত মারাত্মক। এই রকমের ধারা বা আইন আগে ছিল না। সুতরাং এই আইন বস্তিবাসীদের অগ্রগতির দিকে না নিয়ে পিছনের দিকে নিয়ে গিয়েছে।

আইনের ৩ (৪) ধারাটি খুবই বিপদ্‌জনক। এতে বলা হয়েছে যে মালিকেরা নিজেদের প্রয়োজনে জমি ব্যবহার করতে চাইলে অথবা মালিকেরা কোন পাকা বাড়ী তৈরী করতে চাইলে বস্তিবাসীদের জায়গা থেকে উঠিয়ে দিতে পারবে। আইনের (১৫) নম্বর ধারাটি খুবই বিচিত্র। এতে বলা হয়েছে যে যদি কোন বস্তীর প্রজাকে উচ্ছেদ করা হয় তাহলে তার জমিতো মালিক পাবেই সেই জমির উপর প্রজার কোন ঘর থাকলে তাও মালিকের দখলে চলে যাবে। (The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: কোন sectionএ এই কথা বলা হয়েছে?)

Section 10(*c*)তে বলা হয়েছে "any structure erected by the *thika* tenant on such land and existing on the date of such determination shall vest in the landlord". জায়গাটুকু শুধু নয় জায়গার উপর প্রজার যদি কোন ঘর থাকে, সেই ঘরও মালিকের দখলে চলে যাবে। এই রকম আইন কোন দেশে আছে কিনা সন্দেহ। কলিকাতার বস্তিবাসীরা বহুদিন যাবৎ বস্তীতে বাস করে আসছে, কিন্তু এই রকম বিপদের ভিতর দিয়ে কোন দিন তাদের অতিক্রম করতে হয়নি।

এই আইনের ২৩ ধারায় এরূপ ব্যবস্থা করা হয়েছে যে বাকী খাজনার উপর শতকরা ৬৷৷০ টাকা হারে সুদ দিতে হবে। এইরূপ কোন ব্যবস্থা আগে ছিল না। এই সব ধারা থাকার ফল হ'ল উচ্ছেদ। সুতরাং এইরূপ ধারা থাকার ফলে এ আইনে বস্তিবাসীদের সত্যিকারের কোন মঙ্গল হয় নাই। আজ প্রশ্নোত্তরের সময় কলকাতা High Courtএর বিচারকদের রায়ের কথা উঠেছিল। সে কথা বললেই আমাকে স্পীকার মহোদয় হয়তো আটকাবেন।

Mr. SPEAKER: সব সময় নয়, আপনি বলুন আমি আটকাবো না।

Dr. SURESH CHANDRA BANERJI: কলকাতার High Courtএর জজেরা বিভিন্ন সময়ে এই ঠিকা প্রজা আইন সম্বন্ধে বিভিন্নরূপ মন্তব্য করেছেন। আমি যখন গভর্ণরের ভাষণ সম্বন্ধে আলোচনা করছিলাম তখন আমাদের মাননীয় মন্ত্রী হরেন বাবু আমার কাছে সে সব রায়ের নম্বর চেয়েছিলেন। আমি তাঁকে দিয়েছিলাম। আমি আশা করি সে সময়ে যেসব নজীরের উল্লেখ করেছিলাম তিনি সেসব পড়েছেন কিন্তু জবাব দেওয়ার সময় সেই সব নজীরের যেইটি সবচেয়ে দরকারী সেইটির উল্লেখ তিনি করেন নি। (The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: কেন আমিত ৪টাই পড়েছি।) যেটা সব চেয়ে দরকারী সেটা হচ্ছে, Justice P. B. Mukerjee and Justice Harrisএর রায়। (The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: কোন caseটার কথা বলছেন?) সেটা reported হয়েছে in the Law Journal of 15th January, 1950, and in 53 C.W.N. and 54 C.W.N. এই রায়ে কি লেখা আছে মনোযোগ দিয়ে একটু শুনুন। A system which is either the commonly known system or a similar system and that holds under the system. There is no evidence before me whether such system which is said to be commonly known is at all prevalent in Calcutta.

স্পীকার মহোদয়, এই রায়ে যে মন্তব্য করা হয়েছে তা গভর্ণমেণ্টের পক্ষে মোটেই সম্মানজনক নয়। আর আপনাকে বলতে লজ্জা নাই, আমাদের পক্ষেও সম্মানজনক নয় এবং এই থেকে যদি আমরা শিক্ষালাভ করি তাহলে ভবিষ্যতে আমাদের মঙ্গল হবে। ঠিকা *Tenancy* Actএ ঠিকা প্রজাদের যেই সংখ্যা আছে, হাইকোর্টের জজদের মতে সে ধরণের ঠিকা প্রজা কলকাতায় নাই। কেননা জজেরা বলেছেন a system which is commonly known as *thika*.

তারপরেই বলেছেন এই রকম কোন system যে কলকাতায় আছে তা আমরা জানি না। There is no evidence before me whether such a system is at all prevalent in Calcutta. অথচ আমাদের যে definition তাতে বলা আছে "*Thika* tenant means any person who holds under the system commonly known as *thika*, *masik*, etc."

The Calcutta *Thika* Tenancy Act is not a charter of rights for the *bustee*-dwellers of Calcutta.

তারপর আরো শুনুন the *sine qua non* of a good legislation is that those who are responsible for the making of the law should know the subject-matter of the legislation thoroughly and adequately.

তাদের ভাল ক'রে জানতে হবে কোন বিষয়ে তাঁরা আইন করছেন--how to express their knowledge and intention in reasonably and tolerably clear language. Hasty অর্থাৎ খুব তাড়াতাড়ি করতে যাওয়াটাও দোষনীয় বলেছেন "hasty legislations have become too frequent. Still hastier and constant amendments which are awfully bad are not conducive to security of social order." মন্ত্রীমহাশয় যা বলেছিলেন তা যদি কাজে করতেন তাহ'লে আর আমার এই resolutionটা আনবার কোন প্রয়োজন হ'ত না। গভর্ণমেণ্ট Ordinance জারী করেছিল উচ্ছেদ বন্ধ করবার উদ্দেশ্যে। Ordinanceএর উদ্দেশ্য কাজে রূপ দেবার জন্যে পাস করা হয় ঠিকা প্রজা আইন। কিন্তু এই আইন দ্বারা ঠিকা প্রজাদের কোন উপকারতো হয়ই নাই বরং মালিকদের হাতে উচ্ছেদের আরো নূতন অস্ত্র দেওয়া হয়েছে। যে উদ্দেশ্য নিয়ে মন্ত্রীপক্ষ আইন প্রণয়নে প্রবৃত্ত হয়েছিলেন সে উদ্দেশ্য যদি তাঁরা না ভুলে যেতেন তাহ'লে এই প্রস্তাব আনবার প্রয়োজন হ'ত না। যেসব কারণ আমি দেখিয়েছি তা আমাদের মন্ত্রী মহাশয়কে আমি আগে অনেক বার জানিয়েছি। যে-সব উচ্ছেদ চলছে তা নিয়েও মাননীয় প্রধান মন্ত্রীর কাছে এবং মন্ত্রী বিমল সিংহ মহাশয়ের কাছে গিয়েছি, তাঁরা আমাদের কথায় কর্ণপাত করেন নি। High Courtএর জজেরা যে সব রায় দিয়েছেন তাতে স্বতঃপ্রবৃত্ত হ'য়েই তাঁদের এ আইন সংশোধন করা উচিত ছিল। যখন তাঁরা তা করলেন না তখনই বাধ্য হয়ে এই প্রস্তাব এনেছি। এই যে Calcutta *Thika* Tenancy Act, এ সম্বন্ধে বলতে গেলে আমাকে আর একটি আইনের কথা বলতে হয়। যখন Non-Agricultural Tenancy Act আনা হয় তখন আমি ব্যবস্থা পরিষদে জোর করে বলেছিলাম যে এই ধরণের একটা আইন কলকাতার জন্যও আনা উচিত। যদি না আনা হয় তাহলে আমার পক্ষে এ আইন সমর্থন করা সম্ভব হবে না। Non-Agricultural Tenancy Actএ *Thika* Tenancy Actএর চাইতে প্রজাদের অনেক বেশী অধিকার দেওয়া হয়েছে। Non-Agricultural Tenancy Act অনুসারে যদি একজন লোক ১২ বৎসরের বেশী সময় ধরে কোন জমি অধিকার করে থাকে তাহলে তাকে সে জমি থেকে উচ্ছেদ করা যায় না। যদি সে জমি যে উদ্দেশ্যে তাকে দেওয়া হয়েছে সে উদ্দেশ্যে ব্যবহার না করে তবেই তাকে উচ্ছেদ করা চলে। যদি ১২ বৎসরের বেশী কোন প্রজা non-agricultural tenant হিসাবে থাকে তাহ'লে তার পাকাবাড়ী বানানোর অধিকার সে আইনে তাকে দেওয়া হয়েছে। কলিকাতা ঠিকা প্রজা আইন অনুসারে খাজনা বাকী পড়লে উচ্ছেদ করা যায়। কিন্তু সেই আইন অনুসারে উচ্ছেদ করতে হলে Courtএর সাহায্যে করতে হবে। কিন্তু কলিকাতা ঠিকা আইনে তা বলা হয় নাই। ১২ বৎসর পরে পাকা বাড়ী বানানোর যে অধিকার Non-Agricultural Tenancy Actএ দেওয়া হয়েছে সেই অধিকার যদি কলিকাতার *Thika* Tenancy আইনে দেওয়া হতো তাহলে কলিকাতার প্রভূত মঙ্গল হত। কলিকাতায় ১০০ বৎসর ধরে পর্য্যন্ত ঠিকা প্রজা আছে কিন্তু তাদের কোন অধিকার হয় নাই। যদি তাদের পাকা বাড়ী করবার অধিকার দেওয়া হত তাহলে কলিকাতার বস্তীর অনেক সংস্কার হত। গভর্ণমেণ্টকে আমরা বলছি

বস্তীগুলির সংস্কার সাধন করতে কিন্তু তাঁরা তা করতে পারছেন না। বস্তীর অধিবাসীরা নিজেরাও কিছু করতে পারছে না কারণ তাদের কোন অধিকার নাই। এ জন্য গভর্ণমেণ্টের নিকট আমার অনুরোধ এই যে *Thika* Tenancy Actএর যেসব সংশোধন করার প্রস্তাব আমি করেছি সে-সব যেন তারা গ্রহণ করেন।

মন্ত্রীমহাশয় উত্তরে হয়তো বলবেন *Thika* Tenancy Act করবার পর ঠিকা প্রজাদের উচ্ছেদ করা হয়েছে এই রকম case আমরা পাই নাই। সেই জন্য আমি মন্ত্রীমহাশয়কে কয়েকটি case দিচ্ছি। দরকার হলে পরে আরো দিতে পারবো। মসজিদবাড়ী Streetএর ৪৪নং বাড়ীর বর্ত্তমান জমিদার প্রজাদের সবাইকে উচ্ছেদ করবার জন্য notice দিয়েছেন। এই বস্তীর আদত মালিক বস্তীটিকে লিজ্ দিয়েছেন বাজোরিয়াকে। তিনি কলকাতার মস্ত বড় ধনী। তিনি উচ্ছেদের মামলা করছেন। কাদের উপর উচ্ছেদের notice দিয়েছেন আমি তাদের নাম পড়ে শুনাচ্ছি। তাহলে মন্ত্রীমহোদয় এবং এই পরিষদের সকলে বুঝতে পারবেন ব্যাপারটা কি। প্রজার নাম ফিরোদবালা দাসী, ১০৯ বৎসর যাবৎ এরা এই বস্তীতে আছে। তিন কাঠা জমি নিয়ে আছে, বৎসরে ৩৩৲ টাকা করে খাজনা দেয় এবং তিন কাঠা জমিতে ৬০ জন লোক বাস করে। অন্য একটি প্রজা উৎসব সা—এরা ৯৫বৎসর ধরে আছে ১$\frac{১}{২}$ কাঠা জমি নিয়ে। ৩০ জন লোক বাস করে এই জমিতে এবং ২৬৲ টাকা করে খাজনা দেয় বৎসরে। তারপর অনন্ত কুঠারী—তারা ৯২ বৎসর যাবৎ বাস করছে, ২$\frac{১}{২}$ কাঠা জমি এবং খাজনা দেয় বৎসরে ২৭৲ টাকা এবং সেখানে বাস করে ২$\frac{১}{২}$ কাঠা জমির ভিতর ৬৪ জন লোক। তারপর তুমন লাল—তারা বাস করছে ৮৫ বৎসর যাবৎ ৩ কাঠা জমি, খাজনা দেয় ৪০৲ টাকা। এই জমিতে ৩৮ জন লোক বাস করে। তারপর লীলাবতী দত্ত—২ কাঠা জমি ৯০ বৎসর ধরে বাস করছে। এই রকম case আমার কাছে আরো অনেক আছে পড়ে শুনাতে পারি যারা ১০০ বৎসর ৯০ বৎসর বাস করছে তাদের পর্য্যন্ত কোনরূপ অধিকার জন্মায় না। আর Non-Agricultural Tenancy Actএ ১২ বৎসর বাস করলেই স্বত্ব জন্মায়। কলিকাতা বাংলা দেশের সব চেয়ে বড় সহর। এখানে ১০০ বৎসর ৯০ বৎসর যদি কেউ কোন জমিতে বাস করে তার পর্য্যন্ত সে জমিতে কোন স্বত্ব হয় না। এর চাইতে লজ্জার বিষয় আর কি হতে পারে?

অমূল্য ঘোষ—এরা ৯৭ বৎসর যাবৎ বাস করছে, ৮ কাঠা জমি, ১০৮৲ খাজনা। রাঘবেন্দ্র—বাস ৮০ বছর যাবৎ, ৪৪৲ টাকা খাজনা। কাঁলাচাঁদ ভট্টাচার্য্য—বাস ৯০ বছর যাবৎ। এমন কত আরো আছে বলে ধৈর্য্যচ্যুতি করতে চাই না। এই আইন বস্তিবাসীদের কোনরূপ protection দিতে পারেনি। ৯০-১০০ বছর বাস করেও তাদের কোন অধিকার হয় নাই। আমি পূর্বে যা বলেছি তা থেকে বুঝা যায়, কত সামান্য জমিতে কত বেশী লোক বাস করে। মনে হয় এরা যেন মানুষ নয়, গরু। কলিকাতার অন্যান্য লোকের তুলনায়, এরা কি দুরবস্থায় আছে। এই দুর্ভাগাদের বিতাড়নের জন্য মন্ত্রীমহাশয় যে এইরূপ একটি আইন প্রণয়ন করছেন, তা বড়ই দুঃখের কথা।

আর একটা বস্তীর কথা এখানে বলবো। সেটা 92, Beliaghata Main Roadএর উপর অবস্থিত। এটা বেলেঘাটার প্রসিদ্ধ বস্তী। এই বস্তীর প্রজারা কিছুদিন আগে মাননীয় মুখ্য মন্ত্রীর নিকট একখানা দরখাস্ত করেছিল এবং সে দরখাস্তের একখানা copy আমার কাছে তারা পাঠিয়েছে। এই দরখাস্তে তারা উল্লেখ করেছে এই বস্তীর বর্ত্তমান মালিক মাননীয় মন্ত্রী শ্রীযুত হেমচন্দ্র নস্কর এবং তাঁর ভ্রাতা শ্রীযুত যোগেন্দ্র নস্কর। পূর্বের ইহা অন্য estateএর অন্তর্গত ছিল। তারা বৎসরে দুই টাকা খাজনা দিয়ে গত ১০০ বছর যাবৎ বংশানুক্রমে বসবাস করে আসছিল। কিন্তু মন্ত্রীমহাশয়ের কবলে আসাবধি তাদের অত্যাচার ও লাঞ্ছনার বিরাম নাই। উদাহরণস্বরূপ পূর্বে যেখানে ৪৲ টাকা খাজনা দিত সেখানে ১৪৪৲ টাকা দাবী করা হয়। তারা এরকম অসম্ভব খাজনা দিতে অপারগ হওয়ায় মন্ত্রীমহাশয়ের কর্ম্মচারিগণ তাদের উপর নানারূপ অত্যাচার স্ত্রীপরুষনির্ব্বিশেষে করতে থাকেন। দারোয়ান পাঠিয়ে তাদের কাচারী বাড়ীতে ধরে এনে জোর করে টিপ সই নেওয়া হয় এবং কেহ কেহ টিপ সই দিতে অস্বীকার করায় তাদের মারধর করা হয়। তাদের অনেকের বিরুদ্ধে উচ্ছেদের মামলা ডিক্রী করে এবং পরে এরা উচ্ছেদ হয়ে যায়। কলিকাতার প্রায় সমস্ত বস্তীতে এরকম কলঙ্ককালিমা বিদ্যমান। সুতরাং আমার অনুরোধ মন্ত্রীমহাশয় দয়াকরে কলিকাতা উৎপীড়িত জনগণকে উচ্ছেদ না করে বস্তীর উন্নতি করুন এবং এভাবে এ আইনের সংশোধন করুন যাতে বস্তীবাসীরা নিশ্চিন্ত হয়ে থাকতে পারে এবং কথায় কথায় তাদের উচ্ছেদ না হতে হয়।

The Hon'ble HEM CHANDRA NASKAR : On a point of personal explanation, Sir, আমার নাম এখানে অন্যায় উল্লেখ করা হয়েছে। এবং অন্যায় অভিযোগ যা করা হয়েছে, তার প্রতিবাদ করে একথা বলতে চাই, যে, কলকাতাতে বছরে ৪৲ টাকা করে খাজনা দেওয়া আর না দেওয়া একই কথা। ৪৲ টাকা খাজনা, তাও দেবেনা, বিনা খাজনায় থাকাই উদ্দেশ্য। এরকমভাবে এই যে বলা হয়েছে এটা propaganda ছাড়া আর কিছু নয়। আমার ভাই কাজ কর্ম্ম দেখেন কিন্তু তা সত্বেও আমার নাম করা হয়েছে। আমার বন্ধু চারু ভাণ্ডারী মহাশয় সমস্তই জানেন। High Court মামলা করা হয়েছিল এ পর্য্যন্ত তারা খাজনা দেয়নি। এজন্য জমিগুলি খাস হয়ে যায়। High Courtএর পেয়াদা গিয়ে দখল নেয়। এইতো অবস্থা কিন্তু এটাকে বিকৃত করে Assemblyর মধ্যে আমার নামে দোষারোপ করা হয়েছে, এরা মথ্যা propaganda করা হয়না কি ?

SJ. CHARU CHANDRA BHANDARI : মাননীয় স্পীকার মহাশয়, এই জিনিষটা সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় মন্ত্রীমহাশয়কে বলবো তিনি এরকম যেন না মনে করেন, যে তিনি কংগ্রেস পার্লামেণ্টারী পার্টিতে বসে শুনছেন। আমি factএর কথা বলছিনা। আইনের applicability যাতে সুচারুরূপে হয়, গরীবদের উপকার হয়, সেভাবে করুন। প্রথম কথা, মাননীয় মন্ত্রীমহাশয়ও জানেন এবং যাদের আদালতে চলাফেরা আছে, তারা জানেন--কোন স্থানে খাজনা না দেওয়াব জন্য উচ্ছেদের ব্যবস্থা হয় অথচ বাকী খাজনা দিলে পর উচ্ছেদ তারা হবে না এমন কোন provision, এই আইনে নাই। কাজেই আইনটা defective. এটার সংশোধন আবশ্যক। এই আইনে এমন কোন বিধান নেই যে খাজনা না দেওয়ার দরুণ যখন তাদের উচ্ছেদ হবে, তখন সে বাকী খাজনার টাকা দেওয়ার একটা opportunity এই আইনেব মধ্যে দেওয়া হয়নি। এই জিনিষটা আপনারা লক্ষ্য করে রাখুন। এটা যদি না হয় তাহলে অত্যন্ত hardship হবে। যেমন Permanent Settlement ব্যবস্থায় বিধান আছে যে নির্দ্দিষ্ট দিনে sunset হবার আগে যদি টাকা না দেয় তবে tender করার আর ক্ষমতা থাকে না--এমনি রকম কোন জিনিষ এই আইনে নেই। কিন্তু এই আইনে absolute করা হয়েছে এবং সেই groundএই তাদেব উচ্ছেদ হবে। Calcutta Municipal Actএ এই বিধান থাকায় decree হয়ে গেলেও তার একটা সময় দেওয়া হয়, যে সময় মধ্যে তার খাজনা দিলে তার উচ্ছেদ হয় না। কিন্তু এই আইনে Permanent Settlementএব ন্যায় এমন কোন কিছু নাই, কাজেই এই বিষয়টা যেন লক্ষ্য করে নেন। আর যে কথা ডা: স্বরেশ বানার্জি বলেছেন, আমি শুধু সেদিকে মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। *Thika* Tenancy Actএর এই যে definition তাও বেশ শক্ত--বুঝা কঠিন। যারা legislationএর term জানেন তারা জানেন customs, usage, system এই সব প্রমাণ করা কত শক্ত। শুধু হিন্দু Lawতেই দুই-একটি জায়গায় প্রমাণ হয়েছে মাত্র। কাজেই Legislative Departmentএর suitable word ঠিকমত জায়গায় ঠিকভাবে যাতে ব্যবহৃত হয়, তা দেওয়া উচিত। এই Assembly memberদের পক্ষে তা পুঙ্খানুপুঙ্খরূপে দেখা এবং বিচার করা সম্ভব নয়। কাজেই মন্ত্রীমহাশয়কে বলছি যাঁরা আইনজ্ঞ তাদের মত তিনি নিতে পারেন। শুধু তা নয় High Courtএও এসব সম্বন্ধে নজির আছে। আমি একটা constructive suggestion দিতে পারি।

একটা জিনিষ হচ্ছে আমরা সত্যিকারের ঠিকা প্রজা বলতে কাদের বুঝি ? সাধারণত: বলা হয় যারা বস্তিবাসী প্রজা। তাহ'লে আমরা এটা করবো না কেন ? বস্তী as defined in the Calcutta Municipal Act. মাননীয় মন্ত্রীমহাশয় দেখবেন যে এতে--এই Calcutta Municipal Actএ—বস্তীর যে definition আছে এবং কলিকাতার মধ্যে পড়ছে যখন সেই বস্তী, তখন আমাদের ঘরোয়া purpose সিদ্ধ হবে। তাতে classification of huts এবং hutsএর যে definition দরকার তাও Calcutta Municipal Actএ আছে। গভর্ণমেণ্ট যে Calcutta Municipal Actকে consolidate করবার জন্য যে নূতন খসড়া করেছেন, তার মধ্যেও ঐ বস্তীর একই definition দেওয়া হয়েছে। তারা যদি বস্তী এবং hutএর definition নিয়ে শুধু *bustee*-dweller বা বস্তী অঞ্চলে প্রয়োগ হবে, এই যদি করে দেন, তাহলে সোজা হবে। ঐ system, customs and usages প্রভৃতি—যেসব আইনের জটিল জিনিষ আছে, সেসব আর এর মধ্যে রাখবেন না। যাদের আমরা ঠিকা প্রজা বলছি তাদের আমরা কোন protection দিতে পারছি না। Legislative Department দেখুন, অন্যান্য department দেখুন, 53, Calcutta Weekly Notes যা বেরিয়েছে তা দেখুন, সেখানে বেচারা ঠিকা প্রজা কোন protection পেল না। কেন পেল না ?

সে বলছে সে সেখানে কি protection পাবে ? আগে তুমি প্রমাণ কর যে তুমি ঠিকা প্রজা। সেই প্রমাণ যদি তুমি না করতে পার—ডাঃ ব্যানার্জী বলেছেন কোন জায়গায় ১২ বৎসর থাকলে সেখানে স্বত্ব হবে, আমি বলছি কোন স্বত্ব তোমার হবে না। কাজেই কোন protection সে পেল না।

A tenant under the said section, that is, section 2(5) can only be called a *thika* tenant when he is one under any particular system as mentioned therein or under a similar system.

কি সাংঘাতিক decision ! System, custom, usage কথাগুলো ভাল করে ভেবে দেখবেন। আমি অনুরোধ করছি ওকথাগুলো তুলে দিন, দিন। System, custom, usage প্রভৃতি প্রমাণ করা অত্যন্ত শক্ত।

আমি শুধু Opposition থেকে বলছি না, আমি unfortunate class of tenantsদের protect করতে চাচ্ছি। আইনটি যাতে সহজে applicable করা যায়, তাই করুন, এর মধ্যে আবার বন্ধন রাখেন কেন ? তার defintion এমন সোজা হোক যাতে তাদের প্রমাণ করতে সোজা ও সহজ হয়--everybody can know who are they. এখানে কেউ জানতে পারবে না, আদালতও জানতে পারবেনা, যতক্ষণ না আদালত জানতে পারবে--he comes under a system. But how can he prove the system ? এমন কোন মাপকাঠি নাই যার দ্বারা সে system, usage, custom প্রমাণ করবে। কাজেই যে definition আছে, তা ভুল হয়েছে। আমি বিনয়ের সঙ্গে এই কথা বলবো যে Legislative Department এর জন্য দায়ী, তাঁদের যা কর্ত্তব্য, তা তাঁরা পালন করেন নাই। তাঁদের জানা উচিত ছিল গভর্ণমেণ্ট policy কি। The Government is trying to protect the tenants known as *thika* tenants.

তাদের এমন term দেওয়া উচিত হয়নি--যেটা কোন দিন প্রমাণ করা যাবে না। সে জন্য পুনরায় আমি অনুরোধ করছি তারা এই--section 2(5) is the definition of the *thika* tenant--এটা বদল করে সোজা করে দিন। আমি suggest করছি যে any *bustee* as defined in the Calcutta Municipal Act, তার list থাকবে unless otherwise proved. Calcutta Municipal Actএ যে বস্তীর তালিকা দেওয়া আছে, সেটা আসলে ফুরিয়ে যাবে। When difficulty will arise--যখন এই নিয়ে গোলমাল হবে--তখন Calcutta Corporationএর মত নেবেন। অন্ততঃ এটুকু তাঁরা করতে থাকুন—এই আমার অনুরোধ। 53, 54, Calcutta Weekly Notes তাঁরা দেখুন। আমি বলছি তাঁদের এটা hasty legislation হচ্ছে। গভর্ণমেণ্ট কি করতে চান, তার অর্থ যেন ভাল করে বোঝান এবং সেই রকম suitable ভাষা প্রয়োগে আইন প্রণয়ন করেন যাতে আবার hastier amendment না করতে হয়। তাড়াতাড়ি legislation করতে গিয়ে কি ভাষা দিতে হবে, কি তার উদ্দেশ্য, কি interest সব কিছুতে যদি জটিলতার সৃষ্টি হয় তাহ'লে সেই আইনের দ্বারা আসল উদ্দেশ্য সাধিত হবে না। সেই জন্য আমি গভর্ণমেণ্টের দৃষ্টি সেই দিকে আকর্ষণ করছি যে Legislative Department যারা এই আইন প্রণয়ন সম্পর্কে concerned তাদের সাবধান করুন। যদি সেখানে ভাল দক্ষ লোক না থাকে তাদের বদলে ভাল লোক নিয়ে আসুন। বৃটিশ গভর্ণমেণ্টের আমলে তারা এমন choicest terms ব্যবহার করতো, এখন তাদের কাছ থেকে দরকার হলে নিতে হবে। তারা Revenue Sale Law amendment করেছেন। কয়েকদিন আগে একটা নজির হয়ে গেছে তার clause *ultra vires*. আমরা কিছু protection চাইলাম tenantদের তাঁরা এমন আইন করলেন যে সেটা *ultra vires* হয়ে গেল। এর জন্য দায়ী Legislative Department এবং ultimately আপনারা এর জন্য দায়ী।

তাই আমি অনুরোধ জানাবো আপনারা এই *thika* tenantএর বর্ত্তমান definition--এই সংজ্ঞা বদল করে দেন, সোজা করুন এবং তাঁরা বলুন, প্রত্যেক বস্তীতে এই as defined in the Calcutta Municipal Act--এইভাবে apply করবেন। তারপর clause রেখেছেন। আবার structure করবার কথা হয়েছে। সেই structure কোথায় করবেন, কোন্ স্থানে করবেন, কোন্ landএ apply করবেন সেটা ঠিক করে দিন। System, custom ইত্যাদি দুরূহ আইনের কথা সোজা করে দিন্।

Shaikh MOHAMAD RAFIQUE: Mr. Speaker, Sir, I appreciate the feelings of my friends who have already spoken. There is no denying the

fact that legislations in this House have been rushed through with the result that there have been many inherent defects in the laws that we have passed. I quite appreciate their feelings for the *thika* tenants because there had been cases of suffering of those who had been occupying a land for a pretty long time but who were asked to vacate by land-owners who took advantage of defective laws. At the same time, Sir, I may say that there are also cases where the *thika* tenant has misused his privilege and has given endless trouble to the owner of the land and where the land-owner has to sue the tenant for arrears of rent in courts which are notorious for prolongation of civil suits. It takes sometimes 3 to 5 years to get a decree for the realisation of the arrear rent. The rent for the period of litigation naturally accumulates and even when the land-owner gets a decree through court to his surprise he finds that the hut had been sold to somebody else, some years back.

Sir, if the Government decides to amend the Act, I hope it will see that sufficient protective provisions are made for the owner of the land to get the rent he is entitled to. I think Dr. Banerji will agree with me that a tenant is morally bound to pay rent to his superior landlord by the 15th of every month. If the rent is not paid by the tenant to the landlord there must be some remedy for realisation. The mover of the resolution says that the tenant should be given the ownership of the hut and the tenant should be empowered to sell the hut even if a decree for rent is pending against him. If there is a decree against the tenant and if by law that hut becomes unattachable by the decree-holder, how is that money to be realised by the landlord? I hope Dr. Banerji will tell us what other remedy lies with owner except that of attaching the hut of the tenant.

Sir, the tenant of the hut also sublets his huts to another sub-tenant and realises a very heavy rent from the sub-tenant. After the Partition these *thika* tenants are reaping a very good harvest from the incoming refugees. Of course the main owner does not grudge it so long as he gets his rent, but the Corporation values the hut and land together, and the figure of assessment sometime is 200 per cent. of the rent of land.

The taxes on the land and the hut are paid by the land-onwer with the result that whereas the tax on the land is only five rupees, the tax on the rent realised by the tenant comes to something like 50 or 60 rupees. And as both the taxes are paid by the owner of the land, it becomes very difficult for him to realise the balances of the taxes from the *thika* tenant. I hope, Sir, if amendments are to be made in the *Thika* Tenancy Act, the Hon'ble Minister in charge will see that provision is made that Corporation taxes for huts are paid by tenant directly to the Corporation. The occupiers or tenants should be liable to pay taxes on the earnings of the hut and the owner of the land should be made liable to pay taxes on the rent he realises for the land. That is, I think, a very fair and just proposition.

The postponement of hearing of rent suits is proverbial. Arrangement should also be made in the Act that the trial for realisation of the rent suit is speeded up, and a case which is instituted in a law court does not take more than two months or at the most three months for final disposal. If the owner of the land goes to court for realisation of one or two years' rent of *bustee* and if it takes four or five years for the final disposal in the court, he loses seven or eight years' rent. Some provision should be made in the Act to give him a speedy remedy where the rent becomes overdue.

Sir, under the Rent Control Act a tenant has to deposit, simultaneously every month during the institution of ejectment cases, the rent in the court with the result that no rent becomes arrear outstanding after the institution of the case. If similar provision is made in the *Thika* Tenancy Bill that

as soon as a case is instituted in the court of law for certain arrears, the tenant must deposit every month the rent with the court, and if he does not deposit he will have no *locus standi* in the court of law as a tenant, and his case would be decided *ex parte*. Disposal of rent suits takes pretty long time, and it is fair that the landlord should get the rent during the period the case hangs in the court of law. Sir, provision should also be made that a *thika* tenant will not be allowed to sublet a major portion of his structure, because whereas the law should give benefit and privileges to a *thika* tenant to enjoy tenancy at a nominal rent for land, he has no right to become a miniature landlord. After all, the landlords are supposed to be extorting high rents from the tenants, but when a *thika* tenant becomes a miniature landlord he also falls in the category of a tyrant landlord. So while he should be given all the privileges under the *Thika* Tenancy Act, he should not be allowed to sublet a major portion of his accommodation as is provided under the Rent Control Act, and the moment he sublets a major portion of the hut he ceases to be a tenant. I want that they should have all the protection of the law that it can possibly give to the *thika* tenant, and if it is the desire of the mover permanent rent based on fixed period can be fixed per *cottah* in different localities, but at the same time ample safeguard should be provided that if the tenant fails to pay the rent he shall forfeit all his right which the law provides for him, and the land-owner can take possession after seven days' service of notice. Sir, we are trying to improve the city of Calcutta and these *bustees* are really a nuisance. I think the best proposition which Dr. Banerji can put before the Government is to acquire these lands and construct houses for the middle class and poor people thereon. This will remove all heart-burning and the land-owner will get some money while tenants will get good accommodation at cheaper rates and living conditions will improve. Sir, it is no use keeping these *bustees* in Calcutta. This matter has engaged attention of all the prominent citizens of this great city without any remedy.

Sir, I would like to support Dr. Banerji, but I expect that while pressing for changes in the Act he will no doubt extend the same consideration to the landlords for the realisation of their just dues as he would to the tenants for unlawful ejectment.

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: Mr. Speaker, Sir, I rise to reply to the debate which has been just concluded. First of all, I shall try to answer the points that have been raised by my friend, Mr Charu Chandra Bhandari. He has questioned the adequacy of the definition of "*bustee* tenant" and he has particularly referred to the definition of "*thika* tenant" as given in section 2 of the Act. When, Sir, so many observations have been made on this point I think I should begin with quoting the definition of "*thika* tenant" as given in the Act:—

> "'*Thika* tenant' means any person who under the system commonly known as '*thika*', '*thika masik*', '*thika masik utbandi*', '*thika bastu*' or under any other like system, holds, whether under a written lease or otherwise, or has been recorded in any record-of-rights as holding under the title '*dakhal basatkar*' or other like appellation, land under another person and is, or but for a special contract would be, liable to pay rent at a monthly or at any other periodical rate for that land to such other person and has erected any structure on such land for residential, manufacturing or business purposes and includes the successors-in-interest of such person."

It should be easily understood, Sir, that it is no logical definition. It is a description as wide as possible to include all sorts of persons holding

lands under the *thika* tenancy system. Now, my friend Mr. Charu Chandra Bhandari is under the impression that because the word "system" has been used, therefore the person has got to prove the system. My reply is that he has not got to prove the system at all as a person to be classed as a *thika* tenant. Here he has only got to say and substantiate that "I am a tenant coming under any of these classes". It is for the court to say on the evidence adduced if he is so. He has not got to prove the system at all but certain particulars. He has got only to prove that he is a *thika* tenant because of certain facts and the court will decide on the basis of the evidence tendered in each case whether he is a *thika* tenant or not. The so-called definition has been made as wide as possible by referring to all sorts of tenants and tenancies that may come under the general description of *thika* tenant. Even other "like appellations" have been referred to. Therefore, the definition or description is not a narrow one at all. It is a very wide definition. Charu Babu has made a constructive suggestion, he says. What is the constructive suggestion? It is to define a *thika* tenant as a tenant who lives in a *bustee* because the word "*bustee*" or "hut" has been defined in the Calcutta Municipal Act. Now, Sir, does Mr. Bhandari know or does he not know that in the *bustee* areas in Calcutta there are many tenants who are holding other kinds of monthly tenancies? (Shaikh MOHAMAD RAFIQUE: Why are you addressing your own party? They are convinced.) (Laughter.) Because I am dependent on their votes; therefore I have got to convince them. (Renewed laughter.)

Sir, in the *bustee* areas in Calcutta there are tenants of many and various categories—monthly tenants, yearly tenants, tenants holding under term leases, etc. How can you then define that any person who dwells in a *bustee* must be a *thika* tenant? He may have taken on a definite contract a lease from the lessor; how can you give him the privileges or place him under the disability of a *thika* tenant? He may be a monthly tenant or a yearly tenant under the Transfer of Property Act. How can you treat him to be a *thika* tenant? Therefore, the short-cut my friend Mr. Bhandari has suggested is not well founded and surely does not appeal to us. In every case, wherever a person in a law court claims any protection he has to prove that he is entitled to that protection, that he comes under the category of persons who are entitled to protection under the particular Statute. That is an elementary principle of law and that has got to be adhered to. Take, for instance, the case of the M.L.As. There are certain privileges which are claimed by M.L.As. Now, if any of these privileges is infringed he has to prove that he is an M.L.A. and if he cannot prove that he is an M.L.A. how can he claim the privileges attached to the position of a member of the Legislature? It is up to any person who claims any protection under any Statute, not simply under the Calcutta *Thika* Tenancy Act, but under any other law he has got to prove that he comes under the definition of the law, that is, he is one of those persons whom the law intended to protect. Sir, that disposes of my friend's arguments.

Now to come to Dr. Banerji's resolution. Reference has been made by Dr. Banerji in his resolution to certain specific points. Dr. Banerji's resolution of course begins with the statement that the *Thika* Tenancy Act is defective. Why? because it has failed to give relief to *thika* tenants. That is the general proposition with which he has started in formulating his resolution. But does not Dr. Banerji know why the *Thika* Tenancy Act was passed? Yes, he does know but he may now say, "I have chosen to forget all those things which happened when I was with you, but I am entitled to advance new arguments now that I have left you". That is a different matter, but, Sir, the *Thika* Tenancy Act was passed as Dr. Banerji knows to prevent the eviction of a large number of *thika* tenants as a very large number of eviction suits were pending against

them. And the *Thika* Tenancy Act did succeed in this purpose, because since the passage of the *Thika* Tenancy Act the number of eviction cases has come down tremendously. Therefore, I am not prepared to accept the preamble of his resolution that it has failed to give relief to *thika* tenants. It has given relief to *thika* tenants and if the proof of the pudding is in the eating thereof, well, Sir, the Government may well claim that it has succeeded in preventing the eviction of *thika* tenants at the will of the landlord.

Sir, let me refer to the cases that have been referred to by Dr. Banerji. The case of which much has been made, the case reported in 53 C.W.N., 640, the judgment of Mr. Justice Mukherji, well, Sir, that was not the case of a *thika* tenant at all. A monthly tenant went before the court to have the protection under the Act. He wanted the Act to be misused and therefore he did not succeed. Now, Sir, what was the case about? In this particular suit the fact is—I am quoting the judgment—"there was a lease, dated 1st July, 1932"—not a century-old lease at all. "That lease was of the northern portion of a plot of land situated at premises No. 235/1, Bowbazar Street, Calcutta." "It was a lease for at first a fixed 10 years with option thereafter on the part of the lessee to extend the lease for a further period of five years." That is all and that is why the defendant did not succeed in claiming protection under the *Thika* Tenancy Act. It was not a case of *thika* tenant at all, but, Sir, reference has been made to an observation of Mr. Justice Mukherji about hasty legislation and all those things. It is not for me, Sir, to criticise any of the remarks of a Judge of High Court from here but, Sir, I can only quote the observations of the Chief Justice and Mr. Justice Banerjee in another case in which a particular Judge took upon himself to criticise the policy of legislation and to criticise the legislature. On appeal the Chief Justice and Mr. Justice Banerjee made the following observation: "The necessity for an enactment was a matter for the legislature and of course involved questions of policy with which the Court had no concern whatever. The duty of a court was to administer the law as it found and a court exceeded its duty and really usurped the right of the members of the legislature if it criticised the existing law." I have nothing more to add on this point.

In every country wherever you go, in the European countries wherever you go, you find that simply by legislation or by budget discussion prohibition could not be resorted to. They could not restrict in that way consumption of intoxicants, nor could they introduce prohibition or any such thing. The only way that you can introduce prohibition and prevent the people from drinking is from the point of view of morals to inculcate in them a faith in the message of God that drinking is *haram*. That is the only way by which people can be brought round. You may not agree with me; others may not agree with me that for this it is necessary to have inherent faith in God. One should have faith in God, and in the fact that it is a message of God that gambling, intoxicants and such like things are vices. Therefore, Sir, unless there is an improvement of the morals, and a faith in God and in the message of God is infused in the people, nothing else can bring about prohibition and prevent people from drinking. But in this land where there is mention of *chakra* and *patra*, and where even the worship of God Shiva is accompanied with drinking, it is not possible, Sir, to introduce prohibition of intoxicants, and to introduce prohibition all at once. Gradually the people must be brought to their senses that prohibition is good. Then and then only after such teaching and training in the message of God and ultimate faith in God, prohibition can be brought about in this land. I do not agree with my friend, the Hon'ble Minister, that you should tax even the prostitution of the people and assist them in order to maintain the State. To that proposition I can never agree. To tax a vice or to take something out of a vice is to consent to immoral traffic from which money is raised. Therefore it should be condemned in every way.

Sir, I am coming to my conclusion. I shall take 2 or 3 minutes more and then I shall finish.

(At this stage the red light was lit.)

Mr. SPEAKER: Your time is up. Please take your seat.

Janab MUDASSIR HOSSAIN: All right, Sir.

Sj. KANAI LAL DE: সভাপাল মহাশয় আমরা যখন পরাধীন ছিলাম তখন ইংরাজ রাজত্বের সম্বন্ধে বলা হত History of British rule is the history of broken pledges অর্থাৎ বৃটিশ রাজত্বের

ইতিহাস হচ্ছে প্রতিশ্রুতি ভঙ্গের ইতিহাস। আজ আমাদের অতি দুঃখের সহিত একথা বলতে হচ্ছে--কংগ্রেস ইংরাজ রাজত্বের সম্বন্ধে যে কথা আগে বলে এসেছে, সাড়ে তিন বছর দেশের স্বাধীনতা লাভের পর আমাদের কংগ্রেস সরকার যে পথে চলেছেন তাতে সেই কথাটা কংগ্রেস সরকারের সম্বন্ধেও প্রযোজ্য। বিশেষতঃ আমাদের পশ্চিমবঙ্গ সরকার সম্বন্ধে। কংগ্রেসের পক্ষ থেকে জনসাধারণকে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল--জমিদারী প্রথা বিলোপ করা হবে, প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল দেশ থেকে নেশা--ভাং, গাঁজা, মদ, প্রভৃতি মাদকদ্রব্যের ব্যবহার রহিত করা হবে। এই মাদকদ্রব্য দূরীকরণার্থে প্রতি দোকানে পিকেট করার জন্য আমাদের দেশের লক্ষ লক্ষ নরনারী মাতা ভগিনী ইংরাজের অত্যাচার সহ্য করেছে এবং অম্লানবদনে, হাসিমুখে ইংরাজের কারাগারে কারাদণ্ড বরণ করেছে। তারপরে যখন আমাদের স্বাধীনতা লাভ হলো, তখন আমরা আমাদের প্রতিশ্রুতি রক্ষা করবার বিন্দুমাত্র চেষ্টা না করে, ইংরেজের মিথ্যা অনুকরণ করতে আরম্ভ করেছি। রাজস্ব কমতির দোহাই দিয়ে আমরা মাদকদ্রব্যের ব্যবসায় তেমনিভাবেই চালিয়ে যাচ্ছি যেমন ইংরাজ রাজত্বে হোত। মদ ও গাঁজা বিভাগের মন্ত্রীমহাশয় (laughter) ভারতীয় শাসন সংবিধানের একটি ধারা উদ্ধৃত করে বলেছেন আমরা এটা বন্ধ করতে প্রতিশ্রুত আছি। কিন্তু তাঁরা প্রতিশ্রুত যে আছেন সেই প্রতিশ্রুতি মত কি কাজ তাঁরা করছেন সে পথে কতদূর অগ্রসর হয়েছেন, এবং সে গতিতে কতকাল পরে বা কত শতাব্দী পরে কার্য্যে পরিণত হবে? মন্ত্রীমহাশয়কে আজকে জিজ্ঞাসা করি, মদ, গাঁজা, আফিং ও পচাই মদ বিক্রয়লব্ধ আয়ের যে ফিরিস্তি দিয়েছেন, সেই ফিরিস্তি গত বৎসর কত ছিল, এই বৎসর তার থেকে কি পরিমাণে কমাবার ব্যবস্থা করেছেন এবং কি ভাবে কমিয়ে কমিয়ে ঐ সংবিধানের প্রতিশ্রুতি রক্ষা করবেন তা আমাদের জানাবেন কি? ক'বৎসর ত দূরের কথা ক'শতাব্দি হয়ে যাবে পশ্চিমবঙ্গ সরকারের এই মাদকদ্রব্য সম্পূর্ণরূপে বর্জন করতে, আমি তা তাঁকে জিজ্ঞাসা করি। পূর্ব্ববর্ত্তী বক্তা বলেছেন যে ১৯৫১ সালের কথা ভুলে গিয়ে যখন তিনি মাদকদ্রব্যের বাজেট উত্থাপন করতে যে বক্তৃতা করেছিলেন তা যদি কালনিরপেক্ষভাবে পাড়া যায় তা হলে ইংরাজ সরকারের বাজেট বক্তৃতা পড়ছি না স্বাধীন ভারত রাষ্ট্রীয় সরকারের মাদকবর্জন বক্তৃতা পড়ছি তা বোঝা যাবে না। তাই জিজ্ঞাসা করি তাঁদের মুখের কথা আর অন্তরের ভাব কি এক? আমাদের প্রধান মন্ত্রী বলে থাকেন, তোমরা কতকগুলি মানুষকে কিছু কালের জন্য ধাপ্পা দিতে পারবে কিন্তু সকল মানুষকে সব কালের জন্য ধাপ্পা দেওয়া যায় না। প্রধান মন্ত্রীর এই উক্তি আমি তাঁর মন্ত্রীসভার প্রতিই প্রয়োগ করছি। তাঁরা আর কতকাল জনসাধারণকে ধাপ্পা দেবেন? গত বৎসর এবং তার আগের বৎসরে বলেছিলেন-- Assembly proceeding খুঁজলেই পাওয়া যাবে-- "আমি মাদকদ্রব্য বন্ধ করবো কিন্তু ক্রমে ক্রমে" সেকথা ধাপ্পা ছাড়া আর কিছুই নয়। এই ক্রমশঃটা তাঁদের কত কাল? তাঁরা কি মনে করেন শতাব্দিকাল ধরে এই মাদকদ্রব্য চালিয়ে যাবেন এবং তারপরে নহুষের মত দশ হাজার বৎসর পরমায়ু দিয়ে এখানে রাজত্ব করবেন এবং তারপরে কি এই মাদকদ্রব্য বন্ধ করবেন? এই সব ছলছুত না করে তাঁরা বরং বলিষ্ঠভাবে স্পষ্ট ভাষায় স্বীকার করুন আমরা এখন মদ, গাঁজা বন্ধ করতে পারবো না। আমরা যে বহু কোটি টাকা অপব্যয় করেছি সেজন্য দেশের লক্ষ লক্ষ লোককে মদ, গাঁজা খাইয়ে অমানুষ করে তাদের বুকের রক্ত চোলাই করে আমরা অর্থ উপার্জন করবো এবং সেই অর্থ খুশী মত খরচ করবো। তা হলে বরং দেশের লোক বুঝতে পারবে যে কি তাঁদের নীতি? কিন্তু এরকমভাবে মুখে এক কাজে আর এক কপট নীতি অনুসরণ করা উচিত নয়।

গত বছরেও বলেছিলেন যে মালদহে ও পশ্চিম দিনাজপুরে মাদকদ্রব্য বন্ধ করা হবে, এ বছরও তার পুনরুক্তি করছেন। জানি না সেখানে excise দোকানের licence বন্ধ হয়েছে কিনা, চোলাই মদ বন্ধ করার কোন ব্যবস্থা করেছেন কিনা--জানি না। গত বৎসরের মত এ বছরেও ধোঁকা দেবার জন্য একথা বলছেন কি? মালদহে এবং পশ্চিম দিনাজপুরে মাদকদ্রব্য হতে রাজস্ব খুব সামান্য পরিমানে আদায় হয়। সেজন্যই কি মালদহ এবং পশ্চিম দিনাজপুর বেছে নেওয়া হয়েছে, সর্ব্বপ্রথমে? সত্যই যদি মাদকদ্রব্য বন্ধ করবার তাদের ইচ্ছা থাকতো তা হলে ২৪-পরগণা, বর্দ্ধমান, কলিকাতা শহর বেছে নিতেন, এবং আমি মনে করি যে কলকাতা শহরকেই সর্ব্বপ্রথমেই বেছে নেওয়া উচিত ছিল, কারণ কলিকাতা শহরে বহু পুলিশ কর্ম্মচারী আছে, অপেক্ষাকৃত কম area জায়গার মধ্যে সেটা বন্ধ করা সম্ভব হতো। সুতরাং এইভাবে লোককে ধোঁকা দেবার দরকার কি? এটা কি বিশ্বাসঘাতকতা করা হচ্ছে না? অসাধুতা হচ্ছে না? সুতরাং এই কথা বলতে বাধ্য যে জনসাধারণকে এমন করে ঠকাবার চেষ্টা করবেন না। দেশের লোক নির্বোধ নয়, যদি তা মনে করেন তা হলে ভুল বুঝেছেন। নিজেদের বুদ্ধি যাচাই করে নিন।

আপনাদের ধাপ্পা সকল লোকেই ধরে ফেলেছে; আজই হোক কালই হোক এসব ধাপ্পা ধরা পড়ে যাবে। সুতরাং স্পষ্ট করেই বলুন মাদকদ্রব্য বর্জন করা হবে না। ক্রমশঃ করার কথা আপনারা যা বলছেন, সেটা আপনারা করবেন না; তারপর রাজস্ব কমে যাবার কথা যে আপনারা বলেন, এই ভারতবর্ষে মাদ্রাজ প্রদেশে আজ দুবছর হল মাদকদ্রব্য বর্জন করা হয়েছে এবং তাতে প্রায় ১৭।।০ কোটী টাকা তাদের হারাতে হয়েছে তার উপরে তাদের আরও ২।। কোটী টাকা খরচ করতে হয়েছে-- বে-আইনী চোলাই বন্ধ করার জন্য। সুতরাং মোট ২০ কোটী টাকা এই বাবত ক্ষতি হয়েছে। আমাদের যদি মাদক দ্রব্য বর্জন করতে হয় তা হলে প্রায় ৬ কোটী টাকা হারাতে হবে কিন্তু এই ৬ কোটী টাকাই তোলা যায় পাট ও পাটজাত দ্রব্যের উপর sales tax বসিয়ে। আমাদের অর্থমন্ত্রী বহুদিন যাবত অনুপস্থিত। কিন্তু তিনি ভালভাবেই জানেন ব্যবসায়ীরা কত অদ্ভুত রকমে আয়কর ফাঁকি দেয় ও sales tax ফাঁকি দেয়। আর আমি বেশী বলতে চাই না। ব্যবসায়ীরা বিক্রয় ও আয়কর প্রভৃতি যা ফাঁকি দিচ্ছে সেটা কিভাবে আদায় হলে তার পরিমাণ মাদকদ্রব্য বর্জনজনিত ক্ষতির তুলনায় অনেক বেশী হবে। এই বলে এই cut motionকে আমি সমর্থন করছি।

(The members reached his time limit but was proceeding.)

Mr. SPEAKER: Your time is up, please take your seat; I am sorry I cannot allow you more time. We have laid down a certain time-table to finish the demands within a particular time according to which we are to devote 30 minutes for the Demand for Grant No. 3—State Excise Duties. Fortunately we could save 15 minutes out of the Question Hour which we have already utilised for the discussion of cut motions over this Grant, that means we have already spent 45 minutes over discussion of this Grant. Now the Hon'ble Minister is entitled to give a reply to the debate (Janab MD. KHUDA BUKHSH: I want just 2 minutes, Sir, to speak on this subject). It is not a question of 2 minutes or more minutes. To suit the convenience of some members (who on several occasions have expressed their disinclination to sit for very long beyond the scheduled time) and also other members who, though they did not express so, because other members have expressed themselves, may be inclined to take such a view or support such a view, we cannot naturally sit for long hours at night. If I allowed more time to Sj. Kanai Lal De this time the same request for more time may be made by him and other members while discussing other Demands for Grants--there are yet 4 or 5 demands to be finished today—and I shall not possibly be able to refuse such requests from other members. If I did so the net result would be that the House would have to sit up to 8 p.m. or even beyond that, as happened on some days, at which time some members may complain of the inconvenience to which they were being put by making them sit late hours. If a member wants to speak without giving me timely intimation it becomes very difficult for me to accommodate him whereas if I had prior intimation of the number of speakers who will participate in a particular discussion I could try to accommodate all such intending speakers by distributing the time at our disposal for the discussion of a particular Grant amongst the different speakers. This time of course I can allow Mr. Khuda Bukhsh to speak as he wants to speak for just two minutes but I would again request honourable members to give me timely intimation of their intention to speak on a particular subject or demand and also to speak within the time-limit prescribed. Otherwise it would be very difficult for me to get out if faced with an unexpected situation when some members all of a sudden want to speak without giving previous intimation. Yes, Mr. Khuda Bukhsh.

Janab MD. KHUDA BUKHSH: Thank you very much, Sir. The Minister of Excise tried to tell the House that, in order to bring about total prohibition, rather, as a first step towards the goal of total prohibition, he is trying to get the maximum revenue with minimum consumption. In advance of his increasing the rate of taxation he said that we shall get the

revenue we want and this high rate of tax will prevent more people from going in for these drugs. But, Sir, I would like to ask him whether it is a fact, whether in support of his theory of maximum revenue with the minimum of consumption with this high rate of tax he can substanciate from fact and figures whether this high rate of tax has resulted in a decrease in the number of alcohol or *ganja* or *bhang* or opium addicts or that the sale of these commodities has decreased. Sir, I hope that, when he rises to reply, he will give us a comparative statement for the last three years showing that the sale of these intoxicants has progressively decreased. Sir, he made a reference to the cultivation of *ganja*. Sir, that was brought to the notice of this House by the Leader of our party. Sir, we would understand it better if, instead of trying to make this province self-sufficient in *ganja*, this Ministry tried to make this province self-sufficient in tobacco which, to my mind, is more important to the economy of this province. I really do not understand, Sir, why, when our aim or objective or intention is the introduction of total prohibition, should it be necessary for us to introduce the cultivation of *ganja*. I do not know, Sir, exactly what is the quantity, what is the acreage of land that had to be diverted for the cultivation of *ganja*, but, Sir, if that quantity of land were diverted for the cultivation of tobacco, if only for teaching the farmers the method of cultivation of tobacco, I should have thought, Sir, that that would have served a useful purpose for the country. I do not know, Sir, what stood in the way, what impediments stood in the way of the Government importing *ganja* from across the border. Sir, this scheme has been characterised as a bluff and I wholly endorse it, because I remember, and you are to remember it too, that, two years ago, Mr. Nishapati Majhi approached us as member of the Opposition and called us to join with him in a Committee for this experiment on prohibition. Sir, when the subject was broached and we were invited to come and join them the first condition we made was that, in order that the Committee achieved its object and in order that we could tell the world and prove to the world the sincerity of purpose that the Government is professing, the experimentation should begin either in Calcutta or in places near Calcutta. Sir, choosing these two districts, viz., West Dinajur and Malda for the experiment has been called a bluff and a hoodwink because in area they are the smallest and I do not know, Sir, but possibly it may be that in consumption also they are the lowest. the Hon'ble Minister probably knows better about those two districts because he comes from one of those districts and he may possibly be able to confirm whether in point of consumption also they are the smallest. There is absolutely no necessity to tell the people that they are trying prohibition in those two small districts. There is no point in advertising it if you cannot make a start in prohibition in important places like Calcutta. If you cannot afford to lose even a fraction of your revenue from excise you can tell the people so, and say that we cannot do away with it at the present juncture and in the present state of our financial straits so that we must have the revenue that *ganja* and *bhang* and intoxicating liquors and spirits yield. It is absolutely childish and puerile if they think that the country will swallow all this, and, Sir, I can assure the Hon'ble Minister that the country is a little more wiser than he thinks it is and will not be prepared to swallow this.

Dr. SURESH CHANDRA BANERJI: Before we proceed further may I know whether we are going to sit on Saturday?

Mr. SPEAKER: The Whip of your party Mr. Kanai Lal De knows all about the latest arrangement and the programme will be circulated to the members.

Dr. SURESH CHANDRA BANERJI: General Administration is a very important subject, Sir, and it should not be taken up on Saturday as much time will not be available on that day for a thorough discussion of the subject.

Mr. SPEAKER: The rearrangement has been shown to your Whip and that should be enough. These arrangements are always decided upon and agreed to by the whips of the different parties outside the sitting hours and the time of the House is not generally taken to discuss these matters. Therefore I will request you to know from your Whip what the position is and, if the position is not satisfactory to you, to take the matter up with the Government Whip and come to some arrangement, and, if no arrangement is possible, then you may bring it to my notice in the open House.

The Hon'ble SYAMA PRASAD BARMAN: Excise policyতে total prohibition হচ্ছে আমাদের মূল লক্ষ্য কিন্তু সেটা gradual stageএ করতে হবে। সেখানে আমাদের policy হচ্ছে maximum revenue with minimum of consumption. কানাই বাবুর অবগতির জন্য নিম্নে এ সম্পর্কিত figures উদ্ধৃত করছি –

	1948-49.	1950-51.
Consumption of country spirit ..	650 579	585,317
Ganja	27,079 srs.	8,435 srs.
Opium	27,385 srs	6,813 srs.
Pachwai	229,541 mds.	116,791 mds.

	1948-49.	1950-51.
Incidence of taxation—	Rs	Rs.
Country spirit	45	45
Ganja	241 per sr.	370 per sr.
Opium	375 per sr.	498 per sr.
Pachwai	18 per md.	42 per md.

এইভাবে আমাদের consumption কমে গিয়েছে কিন্তু আমাদের revenue কমে নাই বরং বেড়েছে। তারপর অনুদা বাবু যে সম্বন্ধে বলেছেন সে সম্বন্ধে আমি বলি যে আমি জানি অনুদা বাবু যখন Finance Minister ছিলেন তখন Excise Department তাঁর হাতে ছিল, তিনি যে policy follow করতেন তাঁর সেই policy অনুসরণ করেই আমরা চলেছি। বরং এবার আর দুটো জায়গায় prohibition introduce করেছি।

তারপর কানাই বাবু এবং অনুদাবাবু বলেছেন--West Dinajpur এবং মালদহে prohibition করার কথা যে বলছেন এটা একটা ধাপ্পা। এই ধাপ্পা কথাটা parliamentary কিনা জানি না। আমার ধারণা তিনি যা বলেছেন, এটা ঠিকমত বলেননি। তাঁরা এখন Oppositionএ গেছেন কাজে কাজেই attack করে আমাদের কিছু বলতে হবে তাই বলছেন। আমার মনে হয় যে West Dinajpur ও Maldah যে প্রথমে select করেছি। কেন তাহা তিনি জানেন না।

কারণ হচ্ছে এই পশ্চিম বাংলার মানচিত্র দেখুন- মালদহ ও পশ্চিম দিনাজপুর এই যে দুটো জেলা partitionএর পরে যা সৃষ্টি হয়েছে, তার উত্তরে হচ্ছে পাকিস্থান, পূর্ব্বে পাকিস্থান, দক্ষিণেও পাকিস্থান এবং পশ্চিমদিকে আছে বিহারের সীমানা, আর মালদহের দক্ষিণে আছে পদ্মা নদী। কাজেই আমি এমন একটা জায়গা বেছে নিয়েছি। আমি পূর্ব্বেই বলেছি কতকগুলি area বা districts জায়গা select করেছি এই জন্য যে এখানে একটা enforce করবার সুবিধা আছে। অনেকে কলিকাতার কথা বলেছেন, ২৪-পরগণার কথা বলেছেন। কিন্তু এই সব border districts. আমরা জানি ১৯৫০ সালে ফেব্রুয়ারী মাসে পাকিস্তান prohibition করেছে। কাজেই এই যে দিনাজপুর ও মালদহের তিনটী borderই হচ্ছে পাকিস্তান।

পাকিস্তানে আগেই prohibition কাজেই সেদিক থেকে আমাদের ভয়ের কোন কারণ নাই। ভয়ের যদি কারণ থাকে, তবে বিহারের দিক থেকে আছে। মালদহেও ভয়ের কারণ নাই। পদ্মানদী পার হয়ে আর কেউ smuggling করতে যাবে না।

শ্রদ্ধেয় বন্ধু অনুদাবাবু বলেছেন, illicit distillation বন্ধ করবার কি ব্যবস্থা আছে। আমি তাঁকে বলবো কি রকম rigorous step সে জন্য নিয়েছি, তা আমাদের number of case দেখলেই বুঝতে পারবেন। তাঁর সময় অর্থাৎ ১৯৪৭-৪৮ সালে illicit distillationএর case ছিল ৩,৬১৪টী; আর ১৯৫০ সালের জানুয়ারী থেকে নভেম্বর পর্য্যন্ত অর্থাৎ সারা বছরে হয়েছে ৪,৫০৯টী। আর গাঁজা caseএ তাঁদের সময় ছিল ১৩২টী, আর এখন ১,৪৫০টী এই case করা হয়েছে। এবং পচুই caseএর সংখ্যা তখন ছিল ৭,০৩১টী, আর এখন হয়েছে ৭,৭৩৬টী। এই রকম করে আমরা illicit distillation ও smuggling বন্ধ করবার চেষ্টা করছি। তারপর তিনি টাংরার কথা বলেছেন। আমি তাঁর অবগতির জন্য বলতে চাই যে টাংরায় illicit distillation বন্ধ করবার জন্য আমরা যথাসাধ্য চেষ্টা করছি। সেটা একটা menace হয়ে দাঁড়িয়েছে। সেখানে আমাদের একটা Sub-Inspector এবং কতকগুলি petty officers post করা হয়েছে। তাঁরা অনবরত ঘুরে বেড়ায় এবং অনেক case তাঁরা সেখান থেকে পেয়েছেন, তারপর গভর্ণমেণ্টের বাড়ীতে ওঁরা কি করেছে কি না করেছে সে সম্বন্ধে আমি ওয়াকিবহাল নই। তিনি যদি খবর দেন, তাহ'লে সুখী হব।

তারপর অনুদাবাবু আর একটা কথা বলেছেন যে মদ খাওয়াটা national interestএর againstএ কিনা? জ্যোতি বসু মহাশয় বলেছেন লোকে মদ খাবে, আর সেটাকে বলা হচ্ছে national interest. কিন্তু আমার বক্তব্য তা নয়। আমার বক্তব্য হচ্ছে, আমাদের দেশে আজ খাদ্যাভাব, আজকে দেশে টাকা চাই। Irrigation scheme সম্পাদন করবার জন্য, রাস্তাঘাট তৈরী করবার জন্য আমরা টাকা চাই। আমাদের শিক্ষা বিস্তারের জন্যও টাকা চাই। কিন্তু আজ যদি এই সব বন্ধ করে দেওয়া হয়, তাহলে আমাদের গঠনমূলক কাজের জন্য আমরা টাকা পাব না। আজ যদি দেশের লোক না খেয়ে মারা যায়, তাহ'লে সেটা কতদূর খারাপ হবে ভাবুন দেখি। কয়েক শতাব্দী থেকে মদ খাওয়া চলে আসছে। আর এখনও যদি দু-এক বৎসর লোক মদ খায় তাতেও লোক মারা যাবে না। কিন্তু খাদ্যাভাব হলে লোক না খেয়ে মারা যাবে, এটা একটা national catastrophe হয়ে দাঁড়াবে। Grow more food করতে হবে সত্যি, তার আগে লোককে বাঁচাতে হবে। এতদিন দেশের লোক মদ না খেয়ে মরেনি। এখন যদি তারা না খেতে পায়, পরতে না পায়, তাহলে national interest রক্ষা হবে কি করে। Prohibition may wait, but national interest cannot. তাই আমরা এই জায়গাটা বেছে নিয়েছি prohibition enforce করবার সুবিধা হবে ব'লে। বেডিওতেও তা আমরা বলেছি। Oppositionএ যাঁরা আছেন, তাঁদের আমি request করছি শুধু আইনের দ্বারা prohibition করলে হবে না, জনসাধারণের মধ্যে শিক্ষা দিতে হবে, প্রচার করতে হবে যে মদ খাওয়াটা মহাপাপ। এজন্য আমি বন্ধুদের বলছি তাঁরা যেসব cut motion এখানে move করেছেন, তা যেন তাঁরা withdraw করে নেন্। আমি প্রত্যেকটী cut motion oppose করছি।

The motion of Sj. Kanai Lal De that the demand of Rs. 38,08,000 for expenditure under Grant No. 3, Major Head: 8—State Excise Duties be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Kanai Lal De that the demand of Rs. 38,08,000 for expenditure under Grant No. 3, Major Head: 8—State Excise Duties be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Janab Mudassir Hossain that the demand of Rs. 38,08,000 for expenditure under Grant No. 3, Major Head: 8—State Excise Duties be reduced by Rs. 100 was then put and lost.

The motion of the Hon'ble Syama Prasad Barman that a sum of Rs. 38,08,000 be granted for expenditure under Grant No. 3, Major Head: 8 - State Excise Duties was then put and a division taken with the following results:—

AYES—40.

Banerjee, Sj. Sushil Kumar.
Barman, The Hon'ble Syama Prasad.
Bhattacharyya, Sj. Shyamapada.
Chakravarty, Sj. Satish Chandra.
Chaudhuri, The Hon'ble Rai Harendra Nath.
Clarke, Mr. C. E.
Das, Sj. Radha Nath.
Dass, Sj. Kanailal.
Dolui, Sj. Harendra Nath.
Dutt-Mazumdar, The Hon'ble Niharendu.
Ganguli, Sj. Bepin Behari.
Gayen, Sj. Arabinda.
Golam Hamidur Rahman, Janab.
Gomes, Mr. D.
Gupta, Sj. J. C.
Haldar, Sj. Kuber Chand.
Mahammad Sayeed Mia, Janab.
Mahanty, Sj. Charu Chandra.
Maiti, The Hon'ble Nikunja Behari.
Majhi, Sj. Nishapati.
Majumdar, The Hon'ble Bhupati.
Mal, Sj. Iswar Chandra.
Mallick, Sj. Ashutosh.
Mandal, Sj. Bankubehari.
Mandal, Sj. Krishna Prasad.
Mandal, Sj. Umesh Chandra.
Mookerjee, The Hon'ble Kalipada.
Muhammad Qumruddin, Janab.
Muhammad Siddique, Dr. Syed.
Naskar, Sj. Ardhendu Sekhar.
Naskar, The Hon'ble Hem Chandra.
Panja, The Hon'ble Jadabendra Nath.
Pentony, Mr. L. R.
Pramanik, Sj. Rajani Kanta.
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra.
Sen, The Hon'ble Prafulla Chandra.
Serajuddin Ahammad, Janab.
Shamsul Huq, Janab
Zaman, Janab A. M. A.

NOES—9.

Bandopadhyaya, Sj. Pramatha Nath.
Banerji, Dr. Suresh Chandra.
Chatterjee, Sj. Haripada.
Choudhury, Sj. Annada Prosad.
De, Sj. Kanai Lal.
Molla Mohammad Abdul Halim, Janab.
Mudassir Hossain, Janab.
Muhammad Idris, Janab.
Sen, Sj. Debendra Nath.

The Ayes being 40 and the Noes 9, the motion was carried.

9—Stamps.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, on the recommendation of His Excellency the Governor, I beg to move that a sum of Rs. 6,88,000 be granted for expenditure under Grant No. 4, Major Head: 9 —Stamps.

Sir, I would have been delighted to say something about the only cut motion which has been put before the House by Janab Mudassir Hossain if I had intelligence enough to understand the question, but as I plead guilty to the fact that I have not understood the question, it is not possible for me to forestall him.

Sir, stamp duty is realised through the Collectors of districts and the Collector of Calcutta in accordance with the provisions of the Indian Stamp Act of 1899, as modified by the Bengal Stamp (Amendment) Act, 1922. The rates of stamp duty on certain classes of instruments were last enhanced in 1935. Government are always ready to consider any suggestion for the efficient working of the administration and for improving the method of realisation of the duty. It is not clear what transactions are proposed for exemption. Any proposal for exemption from stamp duty is considered by Government on its merits. After the partition, exemption from stamp duty has been granted in the case of the following instruments:—

(1) loan bonds executed by refugees;

(2) an indemnity bond executed in connection with receipt of pensions by persons who have migrated from Pakistan;

(3) all unstamped or insufficiently stamped agreements between employers and employees executed under section 18 of the Indian Immigration Act, 1922, in the office of the Protectorate of Immigrants in Calcutta prior to the seventh day of September, 1948;

(4) security bonds executed in connection with the receipt of special advances of pay by displaced Government servants who have migrated from Pakistan;

(5) bonds executed by displaced persons for advance of pay whether on the mortgage of any property or otherwise received from the State Government for purposes of immigration in West Bengal;

(6) agreements executed between the Government and tank-owners in connection with pisciculture in tanks in rural areas in the State;

(7) documents executed in connection with business or rehabilitation, finance, administration;

(8) bonds in the form of promissory notes issued by the Industrial Finance Corporation of India; and

(9) the deed executed by the United States Consulate in connection with the purchase of a building in Calcutta.

These are the nine instances or types of cases where the Government have exempted the documents from stamp duty.

With these words, Sir, I move that the grant be passed.

The motion was then put and agreed to.

10—Forests.

The Hon'ble HEM CHANDRA NASKER: Sir, on the recommendation of His Excellency the Governor, I beg to move that a sum of Rs. 55,63,000 be granted for expenditure under Grant No. 5, Major head: 10—Forest.

এই প্রসঙ্গে বনবিভাগের কার্য্য পরিচালনার বিষয় কিছু বলা সমীচীন মনে করি। কাঠ, তক্তা, আলানী প্রভৃতি নানা প্রকারের বনজ আমাদের নিত্য প্রয়োজনের জিনিষ। এই সকল জিনিষের নিয়মিত সরবরাহের জন্য যথেষ্ট পরিমাণ বনের প্রয়োজন। ইহা ছাড়াও বনের অন্যান্য উপকারিতা আছে। জলবায়ু ও প্রাকৃতিক অবস্থার সমতা রক্ষায় বনরাজী বিশেষরূপে সাহায্য করে। নদীর অববাহিকায় যথেষ্ট পরিমাণ বন থাকিলে প্লাবনের প্রকোপ কম হয়। বনাচ্ছাদন না থাকিলে ভূমির গঠন দৃঢ় হয় না এবং ঝড়বৃষ্টিতে সহজেই ধ্বস নামে বিশেষ করিয়া অসমতল অঞ্চলে। বন থাকিলে নিকটবর্ত্তী ভূমি সরস ও উর্ব্বর থাকে এবং মৃত্তিকার ক্ষয় নিবারিত হয়। সুতরাং বনের অস্তিত্ব কৃষিকার্য্যেরও সহায়তা করে। বনের এই সকল কার্য্যকারিতা সকল সময় জনসাধারণের নিকট খুব প্রত্যক্ষ নয় বলিয়া তাঁহারা এই বিষয়ে সম্পূর্ণ অবহিত নহেন। কাঠের প্রয়োজনে লোকে অনেক অঞ্চলেই নির্বিচারে বন কাটিয়া নষ্ট করিয়াছে। ইহাতে যে শেষ পর্য্যন্ত শুধু বনজের অভাব দেখা দিয়াছে তাহাই নহে, বিস্তীর্ণ অঞ্চলে উর্ব্বর অনুর্ব্বর পতিত জমির সৃষ্টি হওয়ায় কৃষিকার্য্য ব্যাহত হইয়াছে। সমপ্রভাবে দেশের লোকের মঙ্গলের জন্যই অরণ্যসম্পদ সংরক্ষণ ও প্রয়োজনমত বন সৃজন আবশ্যক। বিজ্ঞানসম্মত উপায়ে বনসম্পদ সংরক্ষণ, পরিবর্দ্ধন এবং বনজের সংগ্রহ ও সরবরাহ বনবিভাগের কার্য্য পরিচালনার মুখ্য উদ্দেশ্য।

পশ্চিম বঙ্গের সরকারী বন প্রধানতঃ উত্তরের বিচ্ছিন্ন অংশে অর্থাৎ দার্জিলিং এবং জলপাইগুড়ি জেলায় অবস্থিত। এই সকল অঞ্চলের বনভূমি অনেককাল হইতেই সরকারের তত্ত্বাবধানে বিজ্ঞানসম্মত কার্য্যক্রম অনুসারে পরিচালিত হইয়া আসিতেছে এবং বনজাত দ্রব্যের প্রধান উৎপাদন-কেন্দ্র হইয়া রহিয়াছে। কুচবিহার পশ্চিম-বঙ্গের অন্তর্ভুক্ত হওয়ায় সেখানকার বন বনবিভাগের তত্ত্বাবধানে আসিয়াছে। ঐ বনের উন্নতি বিধানের জন্য এবং বিস্তীর্ণ ভূভাগে সেখানে পূর্ব্বে বন ছিল কিন্তু এখন লুপ্তপ্রায় সেখানে বন সৃজনের জন্য ব্যবস্থা অবলম্বন করা আশু প্রয়োজন। এই উদ্দেশ্যেই সম্প্রতি কুচবিহার এবং তাহার পার্শ্ববর্ত্তী জলপাইগুড়ি জেলার কিয়দংশ লইয়া একটি নূতন ফরেষ্ট ডিভিশন গঠন করা হইয়াছে।

আপনাদের স্মরণ আছে গত জুন মাসের মাঝামাঝি দার্জিলিং এবং জলপাইগুড়ি জেলায় ব্যাপকভাবে মাটির ধ্বস নামে এবং প্রবল বন্যা হয়। তাহার ফলে বনবিভাগের রাস্তার এবং কতকগুলি বিভাগীয় বাসগৃহের ক্ষতি হয়। কালিম্পং ডিভিশনের একটি ঝোলনা ব্রিজ সম্পূর্ণ ধ্বংস হয়। জলপাইগুড়ি ডিভিশনের বন-শ্রমিকদের একটি সম্পূর্ণ গ্রাম ভাসিয়া যায়। প্লাবন হওয়ায় এবং তাহার ফলে পলিমাটি পড়ায় সরকারী বনের কতকাংশের ক্ষতি হইয়াছে। হঠাৎ অসাধারণ প্রবল বৃষ্টিই এই সকল দুর্য্যোগের কারণ সন্দেহ নাই। কিন্তু যদি বহু পূর্ব্ব হইতেই ঐ সকল জেলার আরও অধিক সংখ্যক পার্ব্বত্য বনভূমি বনবিভাগের তত্ত্বাবধানে আনিয়া যথাযথ সংরক্ষণের ব্যবস্থা করা হইত তাহা হইলে ঐ অঞ্চলের সাধারণ ক্ষতির পরিমাণ সম্ভবতঃ কম হইত। আগামী বৎসর কালিম্পং খাসমহলের অন্তর্ভুক্ত লিশ নদীর অববাহিকায় বন সৃজন করিয়া তাহা সংরক্ষণের পরিকল্পনা রহিয়াছে। দার্জিলিং জেলার আরও কতকগুলি খাসমহল অঞ্চল বনবিভাগে হস্তান্তরিত করিবার প্রস্তাব বিবেচনাধীন আছে।

বঙ্গ বিভাগের পূর্ব্বে কলিকাতায় কাষ্ঠের বাজার উত্তরবঙ্গ হইতে প্রচুর পরিমাণে এবং নিয়মিতভাবে কাঠ আমদানি করিত। যে রেলপথ মারফৎ এই আমদানি হইত তাহা পাকিস্থানের অন্তর্ভুক্ত হওয়ায় এখন বন্ধ। এখন একমাত্র আসাম রেল লিঙ্ক যোগে উত্তর অঞ্চল হইতে কাঠ আমদানি সম্ভব। ঐ পথে কাঠ চালান দিবার ব্যবস্থা এখনও সন্তোষজনক হয় নাই। তাহার উপর প্লাবন প্রভৃতি দুর্য্যোগের ফলে ঐ একমাত্র পথও কয়েক মাসের জন্য বন্ধ ছিল। ইহার জন্য উত্তর অঞ্চল হইতে বেলবিভাগ এবং অন্যান্য ক্রেতাদিগের চাহিদা অনুযায়ী কাঠ পাঠান সম্ভব হয় নাই। বনবিভাগের ফলে বাজস্বের পরিমাণ বর্ত্তমান বৎসরে অর্থাৎ ১৯৫০-৫১ সালে অপেক্ষাকৃত কম হইবে। আসাম রেল লিঙ্ক যোগে কাঠ চলাচল ব্যবস্থার ক্রমশঃ উন্নতি হইতেছে। আশা করা যায় যে আগামী বৎসর কাঠ সরবরাহ এবং তাহা হইতে লব্ধ রাজস্বের পরিমাণ যথেষ্ট পরিমাণে বৃদ্ধি পাইবে। ১৯৫১-৫২ সালে বনবিভাগের সম্ভাব্য খরচ ধরিয়া ঐ বিভাগের রাজস্ব হইতে নীট ৭ লক্ষ ১০ হাজার টাকা লাভ হইবে বলিয়া মনে হয়।

বনবিভাগের উন্নয়ন পরিকল্পনার কার্য্য এই রাজ্যের মধ্যে এবং দক্ষিণ অঞ্চলে সীমাবদ্ধ। উন্নয়ন পরিকল্পনার অঙ্গ হিসাবে ওয়েষ্ট বেঙ্গল প্লাইউড স্কিমের এই অনুযায়ী কার্য্য যথাযথভাবে অগ্রসর হইতেছে। ১৯৫০-৫১ সালে ২,২৯·৪৮ বর্গমাইল পরিমিত বেসরকারী বন বৈজ্ঞানিক কার্য্যক্রমের আওতায় আনা হইয়াছে। এ পর্য্যন্ত মোট ৬২৯ ·০৪ বর্গমাইল বেসরকারী বন বৈজ্ঞানিক কার্য্যক্রম অনুসারে নিয়ন্ত্রিত হইতেছে। অনেক ক্ষেত্রেই বনের মালিকগণ স্থানীয় বনবিভাগের কর্ম্মচারীদিগের সহায়তায় ঐ সকল কার্য্যক্রম পূরণ করিয়াছেন। অনেকস্থলে মালিকগণের সহযোগিতা না পাওয়ায় আঞ্চলিক বন অফিসারগণ কার্য্যক্রম পূরণ করিয়া মালিকগণের উপর জারী করিয়াছেন। এই সকল কার্য্যক্রম যথাযথ প্রতিপালিত হইতেছে কিনা সেইদিকে দৃষ্টি রাখিবার জন্য বনবিভাগীয় কর্ম্মচারী নিযুক্ত করা হইয়াছে। সাধারণভাবে মালিকগণ বিশেষ করিয়া বড় বড় বনের মালিকগণ বাৎসরিক গাছ কাটা সম্পর্কিত বিধিনিষেধ মানিয়া চলিতেছেন। কিন্তু বনের সংরক্ষণ, উন্নতিসাধন এবং বনমধ্যস্থিত শূন্যস্থানে বৃক্ষরোপণ বিষয়ে তাহাদের নিকট হইতে এখনও আশানুরূপ সহযোগিতা পাওয়া যায় নাই।

উন্নয়ন পরিকল্পনা অনুসারে মেদিনীপুর, বাঁকুড়া, বীরভূম, মুর্শিদাবাদ, মালদহ ও নদীয়া জেলায় ১৯৪৯-৫০ সালের শেষ পর্য্যন্ত বনবিভাগ কর্ত্তৃক মোট ২,৩৭৮·৩৫ একর পতিত জমিতে বন সৃজন করা হয়। বর্ত্তমান বৎসরে এই সকল ক্ষেত্রের পরিচর্য্যা ও উন্নতি বিধান করা হয়। এতদ্ব্যতীত আরও ৩৮৮ ৩৫ একর পতিত জমিতে নূতন করিয়া বৃক্ষ রোপণ করা হইয়াছে। মেদিনীপুর জেলায় ১৯৪৯-৫০ সালে যে ৮০৭·২০ একর খাসমহল বন বনবিভাগের তত্ত্বাবধানে আসে তাহার যথাযথ সংরক্ষণ ও উন্নতির ব্যবস্থা করা হইয়াছে।

ভারত সরকারের নির্দ্দেশক্রমে ১৯৫০ সালের জুলাই ও আগষ্ট মাসে বন-মহোৎসব প্রতিপালিত হয়। বিভিন্ন জেলাশাসকের নিকট হইতে রিপোর্ট পাওয়া গিয়াছে তাহাতে দেখা যায় যে জনসাধারণ বেশ উৎসাহের সহিত এই উৎসবে যোগদান করিয়াছে এবং এই উপলক্ষে পশ্চিম বঙ্গে মোট ১,৭৫৩,২২০টি বৃক্ষ রোপণ করা হইয়াছে। ইহার মধ্যে ৫ লক্ষের অধিক চারা বনবিভাগ কর্ত্তৃক বিনামূল্যে বিতরিত হইয়াছিল। বন-মহোৎসবের ফলাফল শুধু রোপিত বৃক্ষের সংখ্যা দিয়া বিচার করা চলে না। কতগুলি বৃক্ষ বাঁচিয়া থাকিয়া বড় হইয়া উঠিবে তাহারই উপর ফলাফল নির্ভর করে। যে ব্যক্তি বা প্রতিষ্ঠানের জমিতে বৃক্ষ রোপণ করা হয়, বৃক্ষ বড় হইলে তাহারই অধিকারে থাকে। সুতরাং বৃক্ষের রক্ষণ বিষয়ে সেই ব্যক্তি বা প্রতিষ্ঠানেরই অবহিত হওয়া উচিত। নানাপ্রকার প্রচার কার্য্যের দ্বারা এই রক্ষণের প্রয়োজনীয়তার দিকে জনসাধারণের দৃষ্টি আকর্ষণ করা হইয়াছিল। অনেক ক্ষেত্রেই জেলা বোর্ড, মিউনিসিপ্যালিটি এবং অন্যান্য প্রতিষ্ঠানসমূহ তাহাদের এলাকায় রোপিত বৃক্ষের রক্ষণের জন্য বাঁশ, কাঁটা, লৌহ বা ইষ্টক বেষ্টনীর ব্যবস্থা করিয়াছে।

গত বৎসরের ন্যায় এই বৎসরও বনবিভাগ কর্তৃক সুন্দরবন হইতে মধু সংগ্রহ করিয়া এবং তাহা পরিষ্কার করিয়া বোতলে বোতলে বিক্রয়ের ব্যবস্থা হইয়াছে। ১,১১০ মণ চাকের মধু সংগৃহীত হইয়াছে এবং তাহার মধ্যে এ পর্য্যন্ত ৮৯৪ মণ পরিস্কৃত মধু বিক্রীত হইয়াছে। বক্সা ডিভিসনে এই বৎসর ৩৯০ মণ খয়ের উৎপন্ন হইবে বলিয়া আশা করা যাইতেছে। গত বৎসর বনবিভাগ হইতে ২৮০ মণ খয়ের উৎপন্ন হইয়াছিল। আগামী বৎসর শিলিগুড়ির সরকারী করাতকলে একটি কাঠ season করিবার কল স্থাপন করিবার পরিকল্পনা রহিয়াছে।

আগামী বৎসরের "10—Forest"এর অন্তর্গত ব্যয় সম্বন্ধে আমার বক্তব্য এই যে ব্যয়ের অধিকাংশই "Conservancy and Works", "Establishment", "Development Programme", এই তিন খাতে ধার্য্য হইয়াছে। পুখমোক্ত খাতে ২৩ লক্ষ ২৬ হাজার টাকা ধরা হয়েছে। এই অর্থ প্রধানতঃ নিম্নলিখিত কার্য্যাবলীর জন্য ব্যয়িত হইবে :—

		টাকা।
১।	সরকারী ব্যবস্থায় কাঠ ও অন্যান্য বনজাত দ্রব্য বন হইতে আনয়ন	.. ১২,৮৪,৯০০
২।	ক্রেতা ও গ্রাহকগণ কর্তৃক কাঠ এবং অন্যান্য বনজাত দ্রব্য বন হইতে আনয়ন	.. ২,৫০,০০০
৩।	বনসম্পদ পুনর্জ্জনন ও রক্ষণ	.. ৩,০২,৩০০
৪।	তিস্তা নদীর অববাহিকায় বনসৃজন	.. ৪৫,০০০
৫।	শিলিগুড়ি সরকারী করাতকলে Seasoning plant স্থাপন	.. ৩৪,৯০০
৬।	উত্তর মণ্ডলে ব্যবহারের জন্য বলদ ক্রয়	.. ২৫,৬০০

ইষ্টাব্লিশমেণ্ট খাতে বন কর্ম্মচারীদিগের বেতন, ভাতা ইত্যাদির জন্য ২১ লক্ষ ২৩ হাজার টাকা বরাদ্দ করা হইয়াছে এবং ইহার মধ্যে পরিবর্দ্ধিত বেতনের হার অনুসারে বাড়তি খরচও অন্তর্ভুক্ত আছে।

ডেভেলাপমেণ্ট প্রোগ্রাম খাতে আগামী বৎসর ১১ লক্ষ টাকা ধার্য্য হইয়াছে। উন্নয়ন পরিকল্পনার বিষয় আমি পূর্ব্বেই বলিয়াছি। বলা বাহুল্য যে বনবিভাগের উন্নয়ন পরিকল্পনাগুলি স্বভাবতই দীর্ঘকালীন এবং তাহা হইতে আয় হইতে সময় লাগিবে।

আগামী বৎসরের "10—Forest" খাতে ৫৫ লক্ষ ৬৩ হাজার টাকা মঞ্জুরীর প্রস্তাব গ্রহণ করিবার জন্য এই সভাকে আমি পুনরায় অনুরোধ করিতেছি।

Sj. HARIPADA CHATTERJEE: Sir, I beg to move that the demand of Rs. 55,63,000 for expenditure under Grant No. 5, Major head: 10—Forest be reduced by Rs. 100.

I move this to raise a discussion about policy.

Sir, I beg to move that the demand of Rs. 55,63,000 for expenditure under Grant No. 5, Major head: 10—Forest be reduced by Rs. 100.

I move this to raise a discussion about improvement of lot of forest villagers.

I beg to move that the demand of Rs. 55,63,000 for expenditure under Grant No. 5, Major head: 10—Forest be reduced by Rs. 100.

I move this to raise a discussion about the development of the undeveloped regions of Darjeeling Hills.

I beg to move that the demand of Rs. 55,63,000 for expenditure under Grant No. 5, Major head: 10—Forest be reduced by Rs. 100.

I move this to raise a discussion about how far departmental operations are justified.

I beg to move that the demand of Rs. 55,63,000 for expenditure under Grant No. 5, Major head: 10—Forest be reduced by Rs. 100.

I move this to raise a discussion about increasing the work in the Development Circle.

I beg to move that the demand of Rs. 55,63,000 for expenditure under Grant No. 5, Major head: 10—Forest be reduced by Rs. 100.

I move this to raise a discussion about the economics of the afforestation scheme.

I beg to move that the demand of Rs. 55,63,000 for expenditure under Grant No. 5, Major head: 10—Forest be reduced by Rs. 100.

I move this to raise a discussion about pay, prospect and conditions of service of Subordinate Forest Employees.

Sj. PRAMATHA NATH BANDYOPADHYAY: Sir, I beg to move that the demand of Rs. 55,63,000 for expenditure under Grant No. 5, Major head: 10—Forest be reduced by Rs. 100.

I move this to raise a discussion about mismanagement of the department.

Sj. KANAI LAL DE: Sir, I beg to move that the demand of Rs. 55,63,000 for expenditure under Grant No. 5, Major head: 10—Forest be reduced by Rs. 100.

I move this to raise a discussion about failure of the Government to make afforestation in the State in spite of huge expenditure of the department.

Janab MUDASSIR HOSSAIN: Sir, I beg to move that the demand of Rs. 55,63,000 for expenditure under Grant No. 5, Major head: 10—Forest, be reduced by Rs. 100.

I move this to raise a discussion about afforestation of West Bengal and inefficiency of the department.

Sj. HARIPADA CHATTERJEE : সভাপাল মহাশয়, বনভূমি আমাদের জাতীয় সম্পত্তি। সে বনভূমিকে আমরা যেভাবে রক্ষণাবেক্ষণ করছি সেটা একটু দেখা দরকার। এই বনভূমিকে প্রায় কেটে কেটে শেষ করে ফেলেছি। আমাদের যে বনভূমি ছিল সেটা অনেক কমে গিয়েছে। ফলে এরকম হয়েছে যে পৃথিবীর অন্যান্য জায়গায় যেখানে একদিন বনভূমি ছিল সেখানে যেমন মরুভূমি হয়েছে, আমাদের দেশেও সেরকম হবার উপক্রম হয়েছে। District Gazetteerগুলি খুলে দেখা যায় মেদিনীপুর, নদীয়া, বীরভূমে একদিন বারিপাতের যে অঙ্ক ছিল তা কমে প্রায় অর্দ্ধেক হয়ে গিয়েছে। নদীয়ায় সভাপাল মহাশয় যদি কখনো যান দেখবেন মাঠের উপর গরমের সময় ধূলি উড়তে আরম্ভ হয়েছে। নদীয়া ও মুর্শিদাবাদের মধ্যে একটা dry belt সৃষ্টি হয়েছে। মরুভূমির আগেকার লক্ষণ সেখানে দৃষ্টি গোচর হবে। আমাদের নদীনালা যে বুজে যাচ্ছে—বনভূমি ধ্বংস হওয়াই এর প্রধান কারণ। মানুষই আমাদের এ সর্বনাশ আনছে। বনভূমি সম্পর্কে আমরা যদি এখনও সজাগ না হই আমাদের দেশ শীঘ্রই মরুভূমিতে পরিণত হবে যেমন পৃথিবীর অনেক সমৃদ্ধশালী স্থান হয়েছে। এবিষয়ে কোন সংশয় নাই। আমাদের এই বনভূমি কোথায় ? প্রথমতঃ হিমালয়ের সানুদেশে আমাদের এই যে শৈলমেখলা দেশ তার পর্বতমালাকে আমাদের সর্বাগ্রে ঠিক রাখতে হবে। তা নইলে ধ্বস নেমে এই সব নদীনালা একেবারে নষ্ট হয়ে যাবে। পর্বত অঞ্চলে উপযুক্ত বনভূমির অভাব হলে বৃষ্টির স্রোতধারায় soil erosion হয় এও যেমন নদীনালাকে বুজিয়ে দেয় মধ্য বঙ্গে বনভূমি নির্মূল হওয়ায় সেখানে মাটির জল-ধারকতা শক্তি লোপ পেয়েছে; সেখানেও সেরূপ বর্ষাকালে মাটি ধুয়ে নদীতে নেমে তার তলদেশকে উচু করে দিয়ে বন্যার কারণ হয়। এখানে ফাল্গুন-চৈত্রের ঝড়ে বাতাসে মাটি উড়ে যায় যাকে বলে wind erosion. উভয় স্থানেই soil erosion বন্ধ করার জন্য বনভূমির একান্ত প্রয়োজন। তাছাড়া সমুদ্রের কিনারে বনভূমির একান্ত প্রয়োজন। এখানকার বনভূমি সর্বনাশকারী tidal waveএর হাত থেকে দেশকে বাঁচায়। আজকে আমাদের দেশে যে বারিপাত হয় তা যথেষ্ট নয়। অথচ অধিক খাদ্য ফলাতে হলে বারিবর্ষণের পরিমাণ বাড়ান নিতান্ত প্রয়োজন।

(At this stage the house was adjourned for 15 minuts.)

(After adjournment.)

Sj. HARIPADA CHATTERJEE : সভাপাল মহাশয়, আমরা অধিক খাদ্য ফলনের কথা যতই বলিনা কেন, যতক্ষণ পর্য্যন্ত না পর্য্যাপ্ত পরিমাণ বনভূমি আমরা সৃজন করতে পারছি, ততক্ষণ পর্য্যন্ত অধিক খাদ্যফলন কখনও সম্ভব হবে না। আমরা irrigationএর জন্য যতই ব্যবস্থা করে যাই না কেন, আমাদের Damodar Valley Scheme হোক আর আমাদের মৌরাক্ষী বাঁধের পরিকল্পনা হোক, যা কিছু পরিকল্পনা হোক, কোন কিছুই কৃতকার্য্য হবে না যদি আমরা উপযুক্ত পরিমাণ বনভূমির দ্বারা বাঁধের মুখে পলি পড়া বন্ধ করতে না পারি। সুতরাং এই বনভূমি সৃজন করা সমস্ত জাতিগঠনকার্য্যে সর্ব্বাগ্রে স্থান পায়।

দুঃখের বিষয় যে এখানে আমি আমাদের প্রধান মন্ত্রী মহাশয়কে দেখতে পাচ্ছি না, গতবারও তিনি ছিলেন না। অরণ্যের কথা শুধু অরণ্যেই রোদন করছি। Cabinetএ তিনিই একমাত্র পুরুষ, আর সব * * বলে জানি।

Mr. SPEAKER : Order, order, You cannot make that remark. It will be expunged.

Sj. HARIPADA CHATTERJEE : আমি উপমা দিয়ে এটা বলেছি। Cabinetএর সর্ব্ব প্রধান ব্যক্তি যদি উপস্থিত না থাকেন, তাহলে আমাদের বক্তৃতা দেওয়ার কোন অর্থ থাকে না। Finance Minister অনুপস্থিত, প্রধান মন্ত্রীও অনুপস্থিত তাহলে Financeএর ব্যাপারে কোন কথাই আমাদের বলা চলে না। কেন না বনভূমির জন্য যে টাকা এরা বরাদ্দ করেছেন তা নিয়ে আলোচনা করবার সময় আমরা দাবী করতে পারি যে Finance Minister এখানে উপস্থিত থেকে আমাদের কথা শুনবেন।

বাংলার বড় দুর্ভাগ্য যদিও শাসনপদ্ধতি আজ ভারতবাসীর হাতে। প্রথম যখন এই শাসনপদ্ধতি পরিচালনার ভার আমাদের হাতে এল, তখন আমরা এই আশাই করেছিলাম যে বহুদিন ধরে আমরা যা চাইছিলাম তাই পেলাম — আমাদের জাতিগঠন মূলক কাজ করবার সম্পূর্ণ সুযোগ পেলাম। কিন্তু এমনি দুর্ভাগ্য, যে গোড়াতেই আমাদের গোলমাল হয়ে গিয়েছে। কারণ, আমাদের যারা রাজকার্য্য পরিচালনার ভার হাতে পেলেন, তাঁরা, সেই ইংরাজের মাথামোটা চালে চলবার জন্য, আজ ইংরাজকেও হারিয়েছেন। আজকে এই বাজেট আলোচনা করলে দেখা যাবে জাতিগঠন-মূলক কাজগুলির মধ্যে অতি প্রয়োজনীয় কাজ বনভূমি সৃষ্টির প্রতি আমাদের নজর নেই, তার প্রতি আমাদের বিমাতা-স্নেহ অথচ অধিক খাদ্য ফলাতে হলে উপযুক্ত বৃষ্টির প্রয়োজন এবং উপযুক্ত বৃষ্টির ব্যবস্থা করতে হলে পরিমাণমত বনভূমি সৃষ্টি সর্ব্বাগ্রে দরকার। দেখুন ২৮,০৩৩ বর্গ মাইল, এই হ'ল আমাদের মোট পশ্চিম বাংলার area. এর ভিতর বনভূমি হচ্ছে ২,৭৩৫ বর্গ মাইল। এটা হল States forestএর পরিমাণ। Private forest নাই বললেই হয়, বড়গাছগুলি প্রায় সব কেটে সাবাড় করে দিয়েছে, এইরকম গাছশূন্য যে বনভূমি আছে তার মোট পরিমাণ হচ্ছে ১,৩০০ বর্গ মাইল। Private forest থাকতে পারে না, সমস্ত বনভূমি জাতীয় সম্পত্তি হওয়াই উচিত। একটা শালের গাছ রোপণ করে ভালভাবে তৈরী হতে অন্ততঃ ৭৫ বৎসর লাগে, এবং কোন ব্যক্তিই সেই গাছ রোপণ করে ফল ভোগী হবে না বলে, private forest করার উৎসাহ লোকের থাকতে পারে না। এবং সেই জন্যই সব বনভূমিই Stateএর অধীনে আনা উচিত। ৭৫ বৎসর পরে সালবন কাটা হবে তার জন্য কার উৎসাহ থাকবে? সেই জন্য রাষ্ট্রের দায়িত্বে এই বনভূমি সৃজন করা কর্ত্তব্য। আমাদের দেশে বর্ত্তমানে যে State forest ও private forest আছে তার মোট পরিমাণ চার হাজার square miles হবে, কিন্তু private forestএর গাছগুলি যেরূপ নির্ম্মূল হয়েছে তা ধরলে বোধ হয় আসলে তিন হাজার square miles. যাই হোক, যদি চার হাজার square milesই ধরা যায় তাহলেও মোট ভূমির পরিমাণে ইহা মাত্র ১৪ ভাগ। কিন্তু বৈজ্ঞানিকদের মতে মোট ভূমির পরিমাণের অন্ততঃ ২৫ ভাগ বনভূমি হওয়া উচিত। সুতরাং এই পরিমাণ বনভূমি সৃষ্টি করা সর্ব্বাগ্রে আমাদের কর্ত্তব্য ছিল। অথচ ভগবানের দেওয়া বনভূমি আমরা কেটে কেটে শেষ করেছি। কেবল লক্ষ্য কি.স রেভিনিউ বাড়বে। ভবিষ্যৎ বংশধরদের কথা একবারও ভাবা হয়নি তাহলে সমগ্র জমির ২৫ ভাগ অন্ততঃ বনভূমি রাখার চেষ্টিত হতাম।

যত্র তত্র কেটেছি প্রচুর অর্থ নিয়েছি কিন্তু গাছগুলি কাটা হয়ে গেলে শূন্য জমিকে পুনরায় বৃক্ষবান রাখবার কো বাকি নাই। ইংরাজ চলে যাওয়ার পর ভেবেছিলাম আমাদের দৃষ্টি এই দিকে বিশেষভাবে

পড়বে। প্রধান মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমি বলছি সে দৃষ্টি আজও পড়েনি। বনভূমি যারা তৈরী করে তাদের উৎসাহ না দিলে বনভূমি ভালভাবে তৈরী হতে পারে না। আজকে বাংলার ভূমি আর সে সুজলা সুফলা নাই, সেই মলয়জ শীতলা হতে পারে শৈলমেখলা হতে পারে; কিন্তু তাকে যদি আবার সেই সুজলা সুফলা করতে হয় তাহলে সর্বাগ্রে পরিমিত বনভূমি সৃষ্টি করতে হবে। দেশকে বনরাজিকুন্তলা করতে হবে। বনভূমি তৈরী করতে গেলে প্রথম দরকার মাটির এবং তারপর সেই মাটির পরিচর্য্যা করে যারা, হাতে কলমে কাজ করে বন লাগায়, তাদের। সুন্দরবনের বনভূমি আপনি জন্মায়। যাকে বলে artificial regeneration তা এখানে করতে হয় না। করতে হয় উত্তরবঙ্গে যেখানে হল আসল বনভূমি। সেখানে পুরাতন বনভূমিকে কেটে একদিকে যেমন প্রচুর revenue পাওয়া যায় অন্যদিকে তেমনি সঙ্গে সঙ্গে নূতন বনভূমি তৈরী করতে হয়। আমাদের যে বনভূমি পশ্চিমবঙ্গে আছে সেই বনভূমি থেকে যে আয় হয় তার খুব কম অংশই ২৪-পরগণা থেকে, Southern Circle থেকে হয়। ২৪-পরগণা থেকে ৩ লক্ষ ৫০ হাজার টাকা মাত্র revenue পাই। কিন্তু মোটা revenue পাওয়া যায় উত্তর বঙ্গের জলপাইগুড়ি ও দার্জিলিং থেকে। ১৯৫১-৫২ সালে ৫৯ লক্ষ ৩২ হাজার টাকা আমরা এখানে পেয়েছি অর্থাৎ সেখানকার বনভূমি আসল বনভূমি। ২৪-পরগণায় আমাদের যে বনভূমি আছে, দেখা গিয়েছে তার পরিমাণ হচ্ছে ১,৭৩৬ বর্গ মাইল কিন্তু দার্জিলিং ও জলপাইগুড়ি যথাক্রমে ৪৩৩ ও ৫৬৬ বর্গমাইল। এই সামান্য যে area যা নাকি ২৪-পরগণা থেকে অনেক কম এটাই কিন্তু ৫৯ লক্ষ টাকা revenue দিচ্ছে। এই যে বনভূমি যে এতটা revenue দেয় তার সম্বন্ধে যাঁরা একটু খবর রাখেন তাঁরাই জানেন যে তার ভাল ভাল গাছগুলি কেটে ফেলে তবে revenue পাওয়া যায়। যে গাছগুলি কেটে ফেলা হ'ল তখনি ত সহজেই প্রশ্ন উঠে যে সেখানকার জঙ্গল ত শূন্য হল, পুনরায় সেই জঙ্গল তৈরী করা রাষ্ট্রের কল্যাণে, ভবিষ্যৎ বংশধরের কল্যাণে সব দিক তাকিয়ে একান্ত দরকার। এখন সেটা তৈরী করে কারা? যে জমির উপর বনভূমি হয় সে জমিকে আগে তৈরী করতে হয় তারপরে তার উপর জঙ্গল তৈরী হয়। সে জঙ্গল তৈরী করে যারা তারা আমাদের এই ফিনফিনে ধুতি পরা ভদ্রলোক যারা তারা নয়; তারা হচ্ছে village forester নামে যারা জঙ্গলে বাস করে তারাই। সভাপাল মহাশয়, আমি খটিমারী, গরুমারা, রাজাভাতখাওয়ার মত যত সব নিবিড় জঙ্গলে গিয়েছি। সেখানে গিয়ে দেখেছি যে সেখানে কোন সভ্য মানুষ বাস করতে পারে না। আমাদের বনভূমির বড়কর্ত্তা যারা তারা ভাল ভাল বাংলোয় থাকেন, কিন্তু village forestera নানা রকম কষ্টকর স্থানেই থাকে। জলের অভাব, সভ্য মানুষের উপযোগী জিনিষ-পত্রের অভাবের কথা নাই বা তুললাম। সেখানে সে অবস্থায় থাকতে পারে একমাত্র তারাই। এমন কি আমাদের দেশের চাষী যারা সর্বদা ধুলা মাটি গায়ে মেখে চাষের কাজ করে তারাও সেখানে টিকতে পারবে না। সেখানে যদি আপনারা যান, দেখতে পাবেন একটু করে নেংটি পরণে, খালি গায়ে যারা ঘোরা ফেরা করে সেখানে কাজ-কর্ম্ম করে যেসব অর্দ্ধসভ্য মানুষ তাদেরই বলা হয় village forester. তারপর সেখানে clearing felling করে যখন নিবিড় জঙ্গল কেটে ফেলা হয় তখন সেখানে পুনরায় বন সৃষ্টি করা সেটা হচ্ছে ষ্টেটের কাজ। এবং সঙ্গে সঙ্গেই যদি বোলন না করা যায় তাহলে শালের বীজ গজাবে না। ঐ সব অর্দ্ধ সভ্য লোকেরা গিয়েই সেখানে বীজ লাগায়। ওদের সব কিছুই হচ্ছে হাস্যকর ব্যাপার। কিন্তু আমরা কিছু বলতে গেলে ওঁরা ধরে নেন সহযোগিতার অভাব, আমাদের সব কিছুতেই confused thinking বলে ওঁরা উড়িয়ে দিতে চান, এবং যখন তখনই এই technical phraseটা আমাদের প্রধান মন্ত্রী মহাশয় আউড়িয়ে থাকেন। কিন্তু আমি ওঁদের সনির্বন্ধ অনুরোধ করছি জাতির কল্যাণের দিকে তাকিয়ে রাষ্ট্রের কল্যাণের দিকে তাকিয়ে ওঁরা এই কথাগুলি ভাল করে ভাবুন এবং আমি এটা পূর্ণ সহযোগিতার কথাই বলছি এই বনভূমি তৈরী করে village forestera। কিন্তু বনভূমিতে গিয়ে দেখেছি বন কাটা হ'ল কিন্তু বনে চলবার কোনরূপ ব্যবস্থা নাই। সেখানে Ranger, Deputy Ranger, Forester জঙ্গলে বাস করেন এই সব জঙ্গলের কর্ম্মচারীরা। কিন্তু তারা ত নিজেরা কেউ গিয়ে ঐ কাজে লাগবে না। সেখানে সেই সব উলঙ্গ লোকেরা ছাড়াও কাজ করবার কেউ নাই। তাই তাদের থাকার সর্বাগ্রে ব্যবস্থা করা দরকার। সেখানে গাছ লাগাবার লোক পাওয়া যাচ্ছে না। সময় অভাবে, revenue income আর expenditure, আমি অনেক আগের থেকে দেখাচ্ছি না। ১৯৫১-৫২ সালে যা দাঁড়িয়েছে তাতে revenue income বেড়ে বেড়ে এবার ৬২ লক্ষ ৭৩ হাজার টাকা আমরা revenue পাবো আর খরচ ৫৫ লক্ষ ৬৩ হাজার টাকা। সুতরাং এই খরচ বাবদ যে revenue,া বেড়েছে তার মানে, বনভূমি সৃষ্টি না করার জন্যই এই revenueটা বেড়ে গিয়েছে। তাহলেই আমরা বুঝতে পারি এই রাষ্ট্র জাতির কতখানি কল্যাণ সাধন করছেন। এটা বিভক্ত বাংলার হিসাব। অবিভক্ত বাংলার যা বনভূমি ছিল ১২,২০০ square mile

সে জায়গায় আমাদের এখানকার ভাগে পড়েছে মাত্র $\frac{১}{৪}$ অংশ। সেই $\frac{১}{৪}$ এর মধ্যেকার গাছপালাগুলি কেটে এই কাণ্ড ওঁরা করছেন। বনভূমির কর্ম্মচারীদের উপর আমার বিশ্বাস আছে। কিন্তু তারা যদি সুযোগ সুবিধা না পান, যদি অর্থ সাহায্য না পান, তাহলে তাঁদের কোন রকম কিছু করবার ক্ষমতা নাই। প্রধান মন্ত্রীর দৃষ্টি এই বিষয়টার প্রতি এই জন্যই আকর্ষণ করছি। তিনি কি কাণ্ডটা করছেন--অবাক হয়ে ভাবছি। দেশের ভিতর প্রেরণা ও উৎসাহ সৃষ্টি করতে হলে দুঃস্থ কর্ম্মচারীদের সম্বন্ধে আগে বিবেচনা করা উচিত। তারা সর্বদাই অভাবগ্রস্ত, এবং উনি যা করছেন তাতে উপরের কর্ম্মচারীদের মোটা মাইনে আরো মোটা হয়েছে কিন্তু ঐ যে কথাটা আছে none should have cake until all have bread অর্থাৎ কেউ cake খেতে পারবে না যতক্ষণ রুটি না সবাই পাচ্ছে। এই নীতিটার প্রয়োগ দেখছি না। বনের কর্ম্মচারীরা সেই সুদূর বনে পড়ে থাকবে, তাদের ছেলেপেলেদের শিক্ষা নাই দীক্ষা নাই, কেউবা ১৫ বৎসর কেউবা ২০ বৎসর জঙ্গলে বাস করছে, তাদের জন্য যথেষ্ট সুযোগের কোন ব্যবস্থাই নাই। অথচ এখনো একএকজন $২\frac{১}{২}$ হাজার কেউ বা ১৭।১৮ শত টাকা মাইনে পাবে এবং সেটা ক্রমাগত বেড়েই যাবে এই জিনিষ চলতে পারে না। তাদের মধ্যে উৎসাহ সৃষ্টি করতে হলে বনবিভাগের মাইনে কম হবে আর অন্য বিভাগের মাইনে বেশী বাড়বে তা চলবে না। ইংরাজ চলে গিয়েছে আমরা তাদের সৎগুণগুলি পাই নাই কিন্তু খারাপ গুণগুলি সবই পেয়েছি। সেই জন্যেই এঁরা মনে করেন যখনই কিছু ব্যয় বাড়াবেন পুলিসের ব্যয় বাড়ালেই হল, লজ্জা হয়, দুঃখও হয়। এখানে জাতি-গঠনমূলক যে সব কাজ তার মধ্যে যেটা হচ্ছে সবচেয়ে প্রয়োজনীয় সেটা হচ্ছে এই বনভূমি সৃষ্টি করাটা। অথচ এখানে দেখছি forest development programmeএ যা খরচ ধরেছেন সেটা হচ্ছে ২·৪ আর পুলিশে ৩·৯। সুতরাং ইংরাজ চলে গেলেও এখনও আমরা এই সব কাণ্ডই করছি। অর্থাৎ জাতি-গঠনমূলক বিভাগগুলির চাইতে ইংরাজদের পদাঙ্ক অনুসরণ করে পুলিশ খাতে ৩।৪ গুণ বেশী করে খরচ ওঁরা করচেন চক্ষু লজ্জা থাকলে ত? সেদিন আমাদের লাট সাহেব গিয়েছিলেন বন পরিদর্শনে। সেখানে ইংরাজ আমলের চাকচিক্যকেও হীনপ্রভ করে হাতির বহর গিয়েছে। একে একে হাতি গিয়েছে—লাট সাহেবের হাতি, সেক্রেটারীর হাতি, বড় সাহেবের হাতি, ছোট সাহেবের হাতি, হাতির কেতাই বা কত—(হাস্য)! এই সব হাতির দল আগের মতনই গিয়েছে, খানাপিনাও হয়েছে সব কিছুতেই ইংরাজী চাল আগের মতনই বজায় রেখেছেন। সব village forestersদের জড় করা হয়েছিল--লাট সাহেব তাদের কথা শুনবেন। তারপর সব নেঙ্গটি পরা village forestersএর দল গিয়ে সবাইকে সেলাম দেয়। তাদের জিজ্ঞাসা করা হলো তোমাদের অভাব অভিযোগ কি? তারা তাদের সেই অভাব অভিযোগটা বলতে বড় সাহেবকে ডেকে আনলো। তিনি গিয়ে নিজের কোলেই ঝোল টানলেন। এই ত সব ব্যবস্থা। আমি দুঃখের সঙ্গে বনবিভাগের মন্ত্রী মহাশয়কে বলছি, তাদের বাসস্থান তৈরী করবার জন্য একটি পয়সারও ব্যবস্থা নাই। পাশেই যে চা বাগান আছে, সেখানে তারা কি করছে। আমি challenge করছি মন্ত্রীমহাশয়কে যারা বনের রক্ষক তাদের সুব্যবস্থা না করার দরুণ বনের কোন উন্নতি হচ্ছে না। Clear fellingএর পরে আর গাছ পালা তৈরী হচ্ছে না। এই জন্য আমাদের Conservator-Generalই হন আর যেই হন তাঁর হাতে টাকা না দিলে হবে না। টাকা দেবার মালিক প্রধান মন্ত্রী। ক্যাবিনেট ট্যাবিনেটের দ্বারা কি হয় না হয় জানি না। টাকা দেওয়ার মালিক Dr. Roy--তাঁকে বলছি village forestরা যদি সেখানে না থাকে তবে কারা forest তৈরী করবে?

তারপর communicationএর ব্যবস্থা এত খারাপ যে বলবার নয়। এই communicationএর উন্নত ব্যবস্থা যদি না করা যায় তাহলে বনের উন্নতি করা যাবে না। কিন্তু এ সম্বন্ধে তারা কিছু করছেন না, ইংরাজ থাকলে বরং তারা কিছু করতেন। কিন্তু আমাদের স্বাধীন রাষ্ট্রের কর্ত্তারা এই communicationএর জন্য এক পয়সাও দিচ্ছেন না। আমি Conservator-Generalএর সঙ্গে কথা বলেছি, তাদের scheme আছে কাগজে কলমে, কিন্তু কাজের বেলায় কিছু হচ্ছে না। এদের দৃষ্টিভঙ্গী কিছুতেই বদলাচ্ছে না। কাজেই বিপ্লব ছাড়া উপায়ান্তর নেই। এবং সে বিপ্লব অহিংস পথেই আমাদের করতে হবে নতুবা কোন প্রেরণা এদেশে জাগবে না এবং বনভূমি তৈয়ারও হবে না। আমরা সহযোগিতা করতে প্রস্তুত কিন্তু কিসে সহযোগিতা করবো? হেমদা আমাদের খুব ভাল মানুষ, তিনি আমাদের পান টান খাওয়ান কিন্তু মন্ত্রীহিসাবে একথা আমরা বলতে বাধ্য যে তিনি কিছুই ব্যবস্থা করতে পারছেন না। বনের কাঠ বহনের জন্য রাস্তা প্রস্তুত একান্তভাবে

প্রয়োজনীয়। প্রতি বৎসর এজন্য অর্থ মঞ্জুর হয়। ইহা না হলে রাজস্ব বাড়ান সম্ভব নয়। ১৯৪৯-৫০ ও ১৯৫০-৫১ সালে যথাক্রমে ৩৭,৩৫০৲ ও ৪৫,০০০ টাকা কিন্তু ১৯৫১-৫২ সালে—একেবারে এন, আই, এল, nil (হাস্য)। বিজন বনের অনেক স্থানে ভয়ঙ্কর জলকষ্ট এবং অনেক স্থান অত্যন্ত অস্বাস্থ্যকর এই জন্য প্রতিবৎসর water-supply and sanitationএর জন্য কিছু কিছু ব্যয় হয়। ১৯৪৯-৫০ সালে এই খাতে ব্যয় হয়েছিল ২৫,৬৫০ টাকা, ১৯৫০-৫১ সালে এই খাতে ব্যয় হয়েছে ২৬,৭৫০৲ টাকা, এই বৎসর ১৯৫১-৫২ সালে ব্যয় বারদ্ধ হয়েছে এন, আই, এল, nil (হাস্য)। অতএব মহা জৌলসে লাটসাহেবের দুঃস্থ বন কর্ম্মচারী ও forest villagersদের সুখ-দুঃখের তদারক সার্থক হয়েছে বৈ কি ?

এইবার development of the undeveloped and inaccessible forest areas of the Darjeeling Hills এবং development circle সম্বন্ধে আমি যে cut motion দিয়েছি তার কথা কিছু বলি।

দার্জিলিং এবং দুর্ভেদ্য বহু বনাঞ্চলে পায়ে হেঁটে ভ্রমণ করে যে অভিজ্ঞতা লাভ করেছি, তা মন্ত্রীমহাশয়কে জানাচ্ছি। মানাইডঞ্জন হতে পাগলাঝোরা অতিক্রম করে বাতাসী, বাতাসী হতে পালমজুরা, রিম্বিক, রামাণ, ফালুট, সন্ধ্যাপুর, টঙ্গলু গিয়েছি। এ অঞ্চলের নিবিড় পাহাড় বহু স্থানে পায়ে হেঁটে ঘুরেছি। সিংহনীনা প্রভৃতি বহু পাহাড়ে ঘুরেছি। কাংকিবন রিখ্যু অঞ্চল দেখেছি। ১০।১২ বৎসর পূর্বে আগুণ লেগে বহু বিস্তৃত অঞ্চলের যে সকল বিশাল বৃক্ষ পুড়ে গিয়েছিল, তা সেই অবস্থাতেই রয়েছে। লক্ষ লক্ষ টন কাঠ এখান হতে আহরণ করা সম্ভব। দার্জিলিংএ জ্বালানী-কাঠ ও কয়লার যেরূপ অভাব তাতে বনের এই সম্পদকে এরূপে নষ্ট করতে দেওয়া নিতান্ত অন্যায়। Ropeway করে এবং বনভূমির মধ্যে উপযুক্ত পথ করে বিজনবাড়ীতে একে নামান যেতে পারে। সেখান হতে দার্জিলিং এবং অন্যত্র অনায়াসে লওয়া যেতে পারে। পাঞ্জাবে তারা পাহাড় হতে শুধু কাঠ নয়, বড় বড় পাথরও নামায়। তারা যখন পারে আমরা পারব না কেন ? রামাম হতে কালুটের পথে তিনশত-চারশত কিউবিক ঘনফুট বড় বড় হেমলগ গাছকে অধিক বয়সে মরে থাকতে দেখেছি। এ সকল মূল্যবান কাঠও রোপওয়ের সাহায্যে নামানর ব্যবস্থা করা উচিত। নইলে লক্ষ লক্ষ টন কাঠ এখানেও নষ্ট হবে। এসব অঞ্চলে দেখেছি যে-সব rest-house আছে তাতে sanitary ব্যবস্থা সুন্দর, জলেরও সুবন্দোবস্ত আছে। এসব rest-houseএ visitor বই খুলে দেখলাম বৎসরে বড় সাহেবরা কদাচিৎ এখানে আসেন, কোন কোন বছরে একেবারে আসেন না। অথচ ইহারই পাশে রেঞ্জারও forestersদের বাড়ী। এঁরা সমস্ত বৎসর বনে বাস করেন কিন্তু এ সকল বাড়ীতে উপযুক্ত জলের ব্যবস্থা নাই। দশ হাজার তংলুব মত উচ্চস্থানে রেঞ্জারের বাসস্থানে চিমনীর ব্যবস্থা নাই। তুষারপাতের সময় এদের কি অবস্থা হয় তা ভাষায় বলা সম্ভব নয়। Forest villager বা forest guard এ অঞ্চলে বাস করেন। এদের ঘরগুলি অনায়াসে কাঠের দ্বারা তৈরী হতে পারে। বহু কাঠ এ অঞ্চলেই মাটিতে পড়ে পচে যাচ্ছে। অথচ ঘরবাড়ীর জন্য ইহা ব্যবহৃত হতে পারে না। অথচ এর মূল্য এক পয়সাও নয়। বাধ্য হয়ে এরা যে বাঁশের ঘর তৈরী করে তাতে শীত নিবারণ হয় না। দার্জিলিং অঞ্চলে একোনাইট, চিরতা, বচ প্রভৃতি ঔষধির প্রচুর চাষ করা সম্ভব। ইহা ব্যতীত কাগজী ভেজপাত মেনিং bamboo প্রভৃতি অপর্য্যাপ্ত বনজাত বৃক্ষ হতে উৎকৃষ্ট কাগজ তৈরী সম্ভব। এদিকে দৃষ্টি দেওয়া দরকার।

মন্ত্রীবর খয়ের, মধু ইত্যাদিতে যে শুল্ক করেছেন তা পণ্ডশ্রম না হয়। খয়েরের ব্যাপারে যা ঘটেছে তা রাজস্বের কি পরিমাণ ক্ষতি হয়েছে তা হিসাব করলেই বুঝা যাবে। যখন খয়েরের মূল্য সর্বোচ্চ ছিল তখন খয়ের বিক্রয় করা হল না। পরে যখন সেই খয়ের গড়াগড়ি যেতে লাগল তখন বিমানযোগে কলকাতায় আনা হল। এতে যে লোকসান হবে তাতে আর আশ্চর্য্য কি ? সরকারের ব্যবসা করা সাজে না। সুতরাং পূর্বে যেরূপ ব্যবসায়ি-গণের নিকট খয়ের গাছ বিক্রী হতো তাই করা উচিত। সরকারের কাজ বনভূমি সৃষ্টি করা, ব্যবসা করা নয়। উপরন্তু ক্রিপটোমেরিয়া জাপানিকায় যে বিশাল বনভূমি সৃষ্টি হয়েছে, তা হতে কি করে উৎকৃষ্ট কাগজ তৈরী হতে পারে সেদিকে নজর দেওয়া যেতে পারে। জাপান হতে আনীত এই ক্রিপটোমেরিয়া জাপানিকা যখন জাপানের ন্যায় সুন্দর কাঠ এখানে দিল না তখন এখানে কাগজ তৈরী ব্যাপারে এর সদ্ব্যবহার করা উচিত। সুন্দরবনে গড়ান গাছের ছাল হতে উৎকাট ট্যানিং বের করবার ব্যবস্থা[illegible] পারে।

১৯২৬ সাল হতে শিলিগুড়িতে কাঠ চেরাইয়ের (saw mill) যে কারখানা আছে তার লাভ লোকসান সম্বন্ধে অনেক কথাই শোনা যায়। উপযুক্ত audit করে এর লাভ লোকসান বের করে একে আয়করী

করবার ব্যবস্থা করা উচিত। এখানকার কর্ম্মচারীদের অস্থায়ীভাবে নিয়োগের ব্যবস্থা রদ করে স্থায়ীভাবে নিয়োগের ব্যবস্থা করা উচিত। ২৫ বৎসর কাজ হয়ে যাবে অথচ এরা অস্থায়ী হয়ে থাকবে এবং স্থায়ী কর্ম্মচারীদের সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হবে এ কি ন্যায়সঙ্গত ?

তারপর আমার cut motion হচ্ছে to raise a discussion about increasing the work in Devolepment Circle. বর্ত্তমানে এই Development Circle সম্বন্ধে কাজ বাড়ান অনেকদিক দিয়ে দরকার। অবশ্য কাজ বাড়াতে গেলে লোকও বাড়াতে হবে। এই Development Circleএর মধ্যে পড়বে মধ্য বাংলা এবং পশ্চিম বাংলা,--এখানে বনভূমি তৈরী করতে কি পরিমাণ টাকা ব্যয় হচ্ছে ও কি পরিমাণ কাজ আমরা করছি সেটাও দেখতে হবে। কর্ম্মচারী সবই রাখলাম, অথচ কাজের কাজ কিছুই হ'ল না। যেমন আমাদের এখানে হচ্ছে কর্ম্মচারী রাখার ব্যাপারেই সমস্ত টাকা ফুরিয়ে গেল, তারপর কাজের সময় আর টাকা নেই এই হয়েছে এখানকার ব্যাপার। এ যেন এক হাতে ঢাল এক হাতে তরোয়াল দু হাত জোড়া অতএব লড়াই করব কি করে। অন্যান্য প্রদেশের সঙ্গে তুলনা করলে দেখা যায়, অন্যান্য প্রদেশে যেখানে একজন Gazetted Officer ৬।৭ জন Rangersকে চালান, একজন Conservator ছয় থেকে ন'টা Division চালান; আর আমাদের এখানে একজন Gazetted Officer দু-জন Rangersকে চালান এবং একজন Conservator সাড়ে তিনটা Division চালান। এক জাপানে যা সর্বোচ্চ মাইনে, তার চেয়ে আমাদের এখানকার গড় মাইনে A. I. C. C.র সাব-কমিটির হিসেবে--তিন গুণ। এটা আমাদের দোষ--কর্ম্মচারীদের দোষ নয়। আমরা যদি জাতিগঠনমূলক মনোবৃত্তি নিয়ে এগোতাম, তাহ'লে নিশ্চয়ই আমাদের সর্বোচ্চ কর্ম্মচারীরা পাঁচশো টাকা নিত এবং তাতেই তাঁদের চলতো। পাশেই পাকিস্তান, সেখানে গিয়ে দেখুন, সেখানে তাঁরা কি করছেন ? তাঁদের $\frac{১}{৪}$ অংশ forest, অফিসারের সংখ্যা কম, তাঁরা মাইনেও voluntarily কম নিচ্ছেন। তাঁরা যদি কম মাইনে নিতে পারেন এখানে আমরা পারবো না কেন ? আমি বিশ্বাস করি চেষ্টা করলে সকল departmentই এই সুবুদ্ধি আমরা জাগ্রত করতে পারি। তারপর জমি acquire করার আগেই এত কর্ম্মচারী নিয়োগ ঠিক হয় নি। এখন জমি acquire যত তাড়াতাড়ি সম্ভব করা দরকার ও অনতিবিলম্বে Development Circleএর কাজ বাড়ান দরকার।

ইংরেজ চলে গেছে, কিন্তু তাঁদের সঙ্গে করে red-tapeটা তাঁরা নিয়ে গেল না কেন ? তাহলে বালাইটা দূর হ'ত। একটা file এক জায়গা থেকে অন্য জায়গায় যেতে গেলে এক মাস। এগুলো কি ছিড়ে ফেলা যায় না ? যাঁরা আমাদের খালি পায়ের মন্ত্রী, তাদেরও ফাইলের মধ্যে থেকে খুঁজে পাওয়া যায় না। এ হ'ল কি ব্যাপার। এরা সবাই যদি থাকে ফাইলের পেছনে, তা হ'লে কাজ হবে কিসে ? Forest Department বরং ভাল। কারণ সেখানে তেমন financeএর উৎপাত নাই যেমন Agriculture Department ও অন্যান্য departmentএ হয়ে থাকে। রাণাঘাটের Poultry Farmএর যিনি chargeএ তার ঘর তৈরীর ব্যাপারে এক অদ্ভুত পরিস্থিতি হয়েছে। ভদ্রলোকের থাকার ঘর কাৎ হয়ে অব্যবহার্য্য হয়েছে। তিনি মুরগীর ঘরের একপাশে আশ্রয় নিয়েছেন। ক'বৎসর ধরে তাঁর ঘরই হয় না। প্রথম Finance Departmentএর বিজ্ঞ লোকেরা তাগাদার পর তাগাদা দিলেও sanction দেন না। এদের কয়জন কেরাণী বড় বড় note লেখায় অভ্যস্ত। এই কৈফিয়ৎ ঐ কৈফিয়ৎ কৈফিয়ৎ তলবের আর অন্ত নাই। এই কেরাণীগণ যেন সবজান্তা-ডিপার্টমেণ্টের টেকনিক্যাল অফিসাররা কাজ করবেন না এদের কৈফিয়ৎ দেবেন। বছর যখন শেষ হয়ে আসে তখন Finance Departmentএর এই সবজান্তা কেরাণীদের হুঁস হয়। তখন টাকা খরচ হবে না ভয়ে সব schemeই এরা পাশ করে দেন। কিন্তু ঘরবাড়ী তৈরীর ব্যাপার ত Works and Buildings Departmentএর কাজ। ১,০০০৲ ওপর কাজ হলেই তা Departmentএর করার ক্ষমতা নেই Works and Buildings Departmentকে দিয়ে করতে হবে। Forest Departmentএ অবশ্য এ বালাই নেই। তারা নিজেরাই সব করতে পারে। Finance Department একবার মোট টাকার sanction দিলেই হয়। যাক ঐ ভদ্রলোকের ঘর তৈরীর ব্যাপার Agriculture Departmentএর ব্যাপার বলে Works and Buildings Departmentএ যায়। বৎসরের শেষে তারা বলে এখন জিনিষপত্রের দর চড়া ও-টাকায় হবে না। আবার চড়া দরে sanctionএর জন্য পর বৎসরের প্রথমে Finance Departmentএ file যায়। আবার তালবাহানা এবং বৎসরের শেষে sanction মঞ্জুর। আবার Works and Buildings Departmentএর আপত্তি দর নাকি আরও চড়ে গিয়েছে। আবার উচ্চ দরে sanctionএর জন্য Finance Departmentএ ফাইল

পুরণ এই করে কয়েক বৎসরে ঘর তৈরীর scheme তিনগুণ বৃদ্ধি আর ভদ্রলোকের মুরগীর ঘরে বাস। (হাস্য।) ঐখানেই এক জোড়া বলদের ঘরের এক তলা সমান উঁচু plinth তৈরী হয়েছে। Works and Buildings Department কোন কথা শুনবে না; নক্সাতে নাকি ঐরকম একতলা সমান উঁচু plinthএর ব্যবস্থা আছে। এখন সমস্যা হয়েছে বলদ বেচারারা অত উঁচুতে ওঠে কি করে। (উচ্চ হাস্য।) Forest Departmentএর এ বালাই নেই। মোট টাকাটা sanctioned হলে তারা নিজেরাই সব করে নেয়।

শুনছি Forestএর main headএ Finance যে টাকা পাশ করেছেন, Cabinet আবার তা মঞ্জুর করেন নি। এই মঞ্জুরী headগুলির প্রয়োজনীয়তা সম্বন্ধে Cabinet হয় ত খবরই রাখেন না। কার গোয়ালে কে ধোঁয়া দেয়?

(At this stage blue light was lit.)

Sir, আরও সময় না দিলে হবে না। এখনও আসলটায় আসিনি। আমাদের Forest সম্বন্ধে কোনদিন কখনো কথা হয় না। অনুগ্রহ করে আমাকে আরও সময় দিন।

Mr. SPEAKER: I have given you more than enough time. However, I give you another five minutes.

Sj. HARIPADA CHATTERJEE: তারপর Economic Afforestation Scheme—এটায় অবশ্য কর্ম্মচারীদের দোষ দিব না। তাঁরা গতানুগতিকভাবে সকলেই যেমন করেন তেমনি করছেন, মন্ত্রীরাও তাই করছেন। আমাদের বাংলায় একটা কথা আছে, আমরা তো পল্লীর প্রতিনিধি, পল্লীর ভাষাতেই বলি "আগের লাঙ্গল যেদিকে যায়, পাছের লাঙ্গলও সেদিকে যায়"। আমরা যদি এরকম করি, আমাদের কর্ম্মচারীরাও এরকম করবেন। সুতরাং economic afforestation যদি এই বড় বড় কর্ম্মচারীরা না বুঝতে পারেন, তাহ'লে আমি তাঁদের দোষ দেব না। আমাদের মন্ত্রীরা যে পদ্ধতি দেখাচ্ছেন, তাঁরা তাই সকলে করছেন। তাঁরা পুলিসের জন্য পাঁচগুণ ব্যয় করবেন, General Administration যাতে অবিভক্ত বাংলায় যা ছিল তার দু'গুণেরও বেশী ব্যয় করবেন। মাথা-মোটা শাসন ব্যবস্থাকে আরও মাথা-মোটা করব বন বিভাগেও ঠিক তাই ঘটছে। এই যদি আজকের অবস্থা হয়; এইভাবে যদি শাসনকার্য্য চলতে থাকে, তাহলে দেশের লোক হতাশ-হবে না কেন? এজন্য কর্ম্মচারীরা দোষী নয়, দোষ আমাদের। আমরাই কি কেন্দ্রে, কি প্রদেশে, ইংরাজি আমলের মাথাভারি শাসনব্যবস্থাকে আরও মাথা-ভারি করলাম, নূতন আবহাওয়ার সৃষ্টি করে এক বিরাট পরিবর্ত্তন আনতে পারলাম না। কর্ম্মচারীরা দায়ী নয় দায়ী আমরা।

তারপর আমার cut motion to raise a discussion about pay, prospect and condition of services of subordinate forest employees. নিম্ন কর্ম্মচারীদের কথা বলতে দুঃখ হয় এবং এদের কথা বলতে গেলে তার সঙ্গে আরও অনেক কথা এসে পড়বে। কি সর্বনাশ সাধিত হচ্ছে সেখানে। এই বন বিভাগের কর্ম্মচারীরা যে রকম কঠোর কাজ করেন, তার তুলনা নাই। আমি সুন্দরবনে গিয়ে দেখেছি যে সাতদিন অন্তর অন্তর দূরবর্তী স্থান হতে পানীয় জল নিয়ে আসতে হয়,—সেখানে খাবার জল পর্য্যন্ত পাওয়া যায় না। সমুদ্রের ধারে নৌকায় এদের থাকতে হয়। কেউ I.Sc. পাশ, কেউ B.Sc. পাশ করা ছেলে—Technical পাশ করা ছেলে তাঁরা—survey জানে, engineering ইত্যাদি জানে। সারা জীবন এদের বনে বনে কাটে, ছেলেমেয়ে পড়াবার ব্যবস্থা নাই, রোগের সময়ও অনেক সময় ওষুধপত্র পায় না।

যেমন অন্যান্য বিভাগে তেমনি বন বিভাগে উপরের মোটা মাহিনার কর্ম্মচারীদের প্রতিই নজর দেওয়া হয়েছে। তাদের সুখ-সুবিধার অন্ত নাই। নীচের কর্ম্মচারীরা hewers of wood and drawers of water. ইংরাজ আমলে বন বিভাগ semi-military organisationএর মত তৈরী হয়েছিল। নীচের কর্ম্মচারীদের টু-শব্দ করার উপায় ছিল না। এই সব ব্যাপারে যত ত্রুটীই থাক ইংরাজ বন বিভাগে সত্যকার কাজও কিছু করেছেন। ডেরাডুন ফরেষ্ট কলেজ তার সাক্ষ্য। এসিয়ার মধ্যে এর জুড়ি নাই। ইংরাজ অনেক অপব্যয় করেছে কিন্তু এই ফরেষ্ট কলেজ স্থাপন তার এক মহা কীর্ত্তি। ফরেষ্ট সম্বন্ধে সব কিছু শিখবার ব্যবস্থাই এখানে আছে। ইংরাজ চলে যাবার পর ভাবা গিয়েছিল ত্রুটীগুলি শুধরে নিয়ে বন বিভাগকে আমরা সর্বাঙ্গসুন্দর করব। এই ত্রুটী শুধরতে গেলে সর্ব্বাগ্রে নীচের কর্ম্মচারীদের প্রতি আমাদের নজর দেওয়া দরকার। এরা যদি চাকুরীতে উন্নতির আশা না পায় তাহলে এদের মধ্যে উৎসাহ জাগবে কি করে? Hewers of wood and drawers of water হয়ে কি কেউ সন্তুষ্টচিত্তে কাজ করতে পারে?

আমি এমন লোক জানি সারা জীবন সুন্দরবনে কাটছে Forester বা বড় জোড় Ranger হয়ে। বনে জঙ্গলের মধ্যে বাঘের ডাক শুনে শুনে তাঁর স্ত্রীর heart খারাপ হয়ে গেছে। ঐখানে থেকে কতদিন কাটাচ্ছে তার ঠিক নাই। তার pay prospects কি হয়েছে? কিছুই না। এদের প্রথম ছিল graded service--মাইনে যা আরম্ভ হ'ল, তাই থাকবে--আর বাড়বে না। আগে যে ৩৫৲ টাকায় ঢুকতো সেই ৩৫৲ টাকায় forestএ জীবন কাটিয়ে যাচ্ছে। তবে আগে একটা জিনিষ ছিল কেউ ৩৫৲ টাকায় ঢুকে আর সেখানে পড়ে থাকতো না। কেউ কেউ ৬।৭ বছরের মধ্যে Ranger হয়ে গেছে। এখন তা হয় না। এখন যে time-scale করলেন আপনারা, তা আরও retrograde হয়ে গেছে। Forest Guardএর যা বেতন হয়েছে, ২৫৲ টাকা থেকে দু'বৎসরে ১৲ টাকা করে বেড়ে ৩৫৲ টাকা, Head Forest Guard--৩৫৲ টাকা থেকে দু'বৎসরে ১৲ টাকা করে বেড়ে ৫০৲ টাকা। আর Deputy Ranger ও Forester এক করে দিয়ে তাঁদের দিয়েছেন ৫৫৲ টাকা থেকে ১৩০৲ টাকা। Forest Ranger--১০০৲ টাকা থেকে ২২৫৲ টাকা এখানে দেখবার ও বলবার কথা আরও আছে। প্রথম কথা হচ্ছে আমাদের এই যে time-scale হ'ল, এই time-scaleএ যদি promotion না হয়, আগে graded serviceএর সময় যেমন ছিল, নীচের পদে যাঁরা আছেন, তাঁরা যদি কখনও Rangerএর পদে না উঠতে পারে, তাহ'লে তাঁদের জীবনে আর Gazetted Officer হতে পারবে না। কারণ এই scale পার হতেই তাঁদের জীবন চলে যাবে। কাজেই আপনারা যে time-scale করলেন Forest Departmentএর জন্য, এটা retrograde হয়ে গেছে। Forestএ যাঁরা কাজ করেন, তাঁদের বেতন অনেক বেশী হওয়া উচিত।

প্রধান মন্ত্রী নিজে সেদিন কংগ্রেস পার্টি মিটিংএ স্বীকার করেছেন এদের বেতন অন্ততঃ ৬ গুণ বেশী হওয়া উচিত। অথচ পূর্বে যেসব বিভাগের কর্ম্মচারীদের মাহিনা ফরেষ্ট বিভাগের কর্ম্মচারীদের সঙ্গে সমান ছিল তাদের মাহিনা এখন ফরেষ্ট বিভাগের মাহিনা অপেক্ষা অনেক বেশী।

তারপর দেখুন এই যে Rangiroom Conference হয়েছিল ইংরেজের আমলে, সমস্ত Conservator, Deputy Forest Officer মিলে ঠিক করলেন:--

(At this stage the blue light was lit.)

আর একটু না বললে হবে না, Sir, একটু সময় দিন।

Ranger of Forest, Deputy Ranger of Forest, Forest Guard, Head Forest Guard--এদের বেতন হওয়া উচিত at par with Police Inspector, Sub-Inspector, Constable, Head Constable. বরাবর তাই ছিলও। তারপর পুলিস হয়ে গেল শুয়োরাণী, আর Forest হয়ে গেল দুয়োরাণী। Rangiroom Conferenceএ বন বিভাগের উচ্চ অফিসাররা সব বললেন restore করা হোক, আগের মত পুলিস ডিপার্টমেণ্টের সমপর্য্যায়ে বন বিভাগের কর্ম্মচারীদের বেতন। অথচ আজ Police-Inspectorএর বেতন ২৫০৲ টাকা থেকে ৩৫০৲ টাকা, আর সমপর্য্যায়ের Forest Ranger ১০০৲ টাকা থেকে ২২৫৲ টাকা। Sub-Inspector of Police ১০০৲ টাকা থেকে ২০০৲ টাকা, একজন Deputy Ranger of Forest আর একজন Sub-Inspector of Police সমান পদমর্য্যাদা। এর scale করলেন ৫০৲ টাকা থেকে ১৩০৲ টাকা। তাদের প্রতি নির্দয় ব্যবহার করা হল। আর Head Constableএর সঙ্গে Head Forest Guard ও Constableএর সঙ্গে Forest Guard সমান। বেতনের বেলায় অনেক তফাৎ। এখানেও আপনাদের বিমাতা-স্নেহ। আপনারা যদি অন্যান্য প্রদেশের সঙ্গে তুলনা করেন, --উত্তর প্রদেশ, বোম্বে, মধ্য প্রদেশ,--এই সব প্রদেশের সঙ্গে যদি তুলনা করে দেখেন, তাহলে দেখবেন বাংলা দেশই কেবল ঠকে যাচ্ছে। অথচ বাংলা দেশের কর্ম্মচারিগণ ওসব দেশের কর্ম্মচারিগণ অপেক্ষা অনেক বেশী qualified. ওসব দেশে যেখানে বহু Forester non-matric সেখানে বাংলা দেশে একজন Forester ও non-matric নয়। অনেক I. Sc., B. Sc. তারপর তারা এই I. Sc., B. Sc. হয়েও special technical training নেয়। কোথায় বাংলা দেশ ভারতবর্ষের অন্যান্য প্রদেশকে পথ দেখাবে না বাংলা দেশ অন্যান্য প্রদেশেরও পেছনে। উত্তর প্রদেশে Forest Ranger পাচ্ছে ১২০৲ টাকা থেকে ৩০০৲ টাকা পর্য্যন্ত। তবে আপনারা starting pay ১০০৲ টাকা Forest Rangersদের

দিচ্ছেন। উড়িষ্যা যে আমাদের পিছনে সেও ১২০৲ টাকা starting pay দিচ্ছে। মধ্য প্রদেশ ১২৫৲ টাকা থেকে ২৭৫৲ টাকা। আপনারা দেখে শুনে বিচার-বিবেচনা করে কাজ করেন না। India Governmentএর একটা Standing Order ছিল তাতে 30 per cent. Ranger, 3 per cent. Deputy Ranger এবং 40 per cent. Forester থাকার কথা। এখন Forestersরা promotion পান না এবং এই হারও রক্ষিত হয় না। Inspector-General of Forests উড়িষ্যায় যেয়ে এবার একটা report দিয়েছেন। তিনি এই reportএ বলেছেন meritorious হলে নিম্ন কর্ম্মচারীর উপরে উঠার পরিপূর্ণ সুযোগ থাকা উচিত। এ সুযোগ বরাবর ছিলও। Mr. Modder, Mr. Sen এরা সব Forester থেকে Conservator পর্য্যন্ত হয়েছেন। এখনই বা এ সুযোগ থাকবে না কেন? (Blue light was again lit.) আমাকে আর একটু সময় দিতে হবে।

Mr. SPEAKER : I have allowed full one hour and I am sorry I cannot give you any more time.

Sj. HARIPADA CHATTERJEE : আর একটু সময় না দিলে চল্‌বেনা আমার এখনও কিছু বক্তব্য রয়েছে। যা বল্‌ছিলাম বর্ত্তমানে promotion বন্ধ হয়ে গিয়েছে। Partitionএর পর থেকে একটি Forestercকও Ranger করা হয় নাই। আপনারা Direct recruit 25 per cent. দেবাদুন থেকে নিন আর 75 per cent promotion দিন তাহলে কাজ হবে। যুদ্ধের সময় তারা যথেষ্ট কাজ করেছে, কাজের সময় কাজি কাজ ফুরুলেই পাজি। এখন যে দেবাদুন থেকে আসছে সে ফট্ করে Ranger হয়ে বসছে। আর যাঁরা ২০ বৎসর ধরে তার উপরে কাজ করেছেন acting Ranger হয়ে যার অধীনে সে Forester ছিল সে নীচে নেমে যাচ্ছে, দুই বৎসর মাত্র দেরাদুনে পড়ে এসেই তাদের উপর চেপে বসছে এতে ভয়ঙ্কর discontentment হচ্ছে—একটা utter chaos আনছে। এই রকমভাবে experienceএর অমর্য্যাদা হতে দেওয়া উচিত নয়। Foresterদের 75 per cent. promotion দিয়ে Ranger করে ওদের উৎসাহ সৃষ্টি করতে হবে। নইলে কিছুতেই তাদের উৎসাহ হবে না। যদি 75 per cent. Forester ও Deputy Rangerদের Ranger করা যায় তাহলেও তাদের মোট সংখ্যার (Forester 213 plus Deputy Ranger 55—268) মাত্র 19·7 per cent. promotion পেয়ে Ranger হবে।

তারপর যাঁরা Ranger থেকে এতদিন Deputy Forest Officer হয়ে কাজ করছিলেন শুনা যাচ্ছে ৪।৫ বৎসর কাজ করার পরে তাদের কাউকে কাউকে এখন নামিয়ে দেওয়া হবে। যতক্ষণ কাজ ছিল ততক্ষণ তাঁরা কাজি ছিলেন এখন বোধ হয় কাজ ফুরিয়েছে অতএব তাঁরা পাজি বলে গণ্য হয়েছেন। Forest Act অনুযায়ী কাউকে কোন postএ ছয়মাসের বেশী acting রাখা বারণ অথচ এদের কয়েক বৎসর ধরে Acting Deputy Forest Officer করে রাখা হল। এতে এরা Deputy Forest Officer পদের সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হলেন অথচ ঐ পদের দায়িত্ব পালন করলেন। এখন retire করার সময় যখন হয়ে এসেছে তখন এদের কাউকে নামিয়ে দেওয়া হচ্ছে। এ সমস্ত ঘোরতর অবিচার। যদি তাঁরা অযোগ্যই হবেন তবে এতদিন ঐ পদে রেখে তাঁদের কাজ করিয়ে নেওয়া হল কেন? তাঁদের একজনকে নামিয়ে দেওয়া মানে একটা chain নেমে আসবে। এতে বহু লোক অসন্তুষ্ট হবে। অতএব সময় থাকতে সরকারকে এ বিষয়ে অবহিত হতে বলি।

Mr. SPEAKER: I think other members will please excuse. Much time has been taken by Sj. Haripada Chatterjee. Now the Hon'ble Minister will speak.

Janab MUDASSIR HOSSAIN: One word, Sir.

Mr. SPEAKER: I think he has said enough.

Janab MUDASSIR HOSSAIN: Not enough, Sir. I shall take only three minutes.

"Forests play"—I am reading from the Prospectus for Agriculture in West Bengal by the Government of West Bengal published in 1949—"Forests play an important role in providing climatic equilibrium, building up and holding the soil, supplying of fuel and fodder and rasing timber and minor produce for industry. The optimum requirement of forest cover is said to be 25 per cent. of the total land area in a country, but the proportion to West Bengal is only 14 per cent."

I also read from the Report of the Co-operative Planning: "We would like to sound a note of warning in connection with the extension of cultivation. India has suffered in the last 75 years from deforestation on a very large scale, especially near the foot-hills. The result has been soil erosion and consequent formation of ravines have been spreading. It will be necessary, in order to check these tendencies, to conserve a large part of unculturable area for purposes of reafforestation. It appears therefore that in most provinces a large increase in agricultural production by increasing the area under the plough is not practicable, and the principal means of increasing agricultural production is confined to the improvement of the yield."

I only want to emphasise, Sir, that you have been acquiring waste lands. You have been doing sundry other things in order to increase the production of the land, but, Sir, if you want to proceed scientifically you must reafforest all these unculturable waste and thereby increase your production.

The Hon'ble HEM CHANDRA NASKAR: মাননীয় স্পীকার মহাশয়, বন্ধু হরিপদ বাবু কর্ম্মচারীদের ঘর সম্বন্ধে যে অভিযোগ করেছেন তদুত্তরে তাঁকে আমি জানাচ্ছি যে আমরা গেল বছরের মধ্যে ৬।৭টী গৃহ নির্ম্মাণ করেছি, এবং প্রায় ১০০টী করার plan রয়েছে, এজন্য খরচ কিছু বৃদ্ধি হলেও আমরা এবিষয় বিবেচনা করব। আমরা কর্ম্মচারীদের—বনে যারা কাজ করে—তাদের যাতে উন্নতি হয় সে বিষয়ে চেষ্টা করব। দার্জ্জিলিং অঞ্চলের সম্বন্ধে যে কথা উনি বলেছেন, সেখানে রাস্তাঘাট নাই সেই জন্য সেখান থেকে কাঠ আনা সম্ভব নয়। একটী পাঁচ বছরের পরিকল্পনা নেওয়া হয়েছে India Government থেকে তার planning দেখেছি, India Government টাকা দিলে Rail Road তৈরী হবে—তখন সেখান থেকে কাঠ আনার সুবিধা হবে।

তিনি যে আর একটী কথা বলেছেন যে financeএর সঙ্গে সমতা নাই, তা ঠিক নয়। Finance সম্বন্ধে আমাদের যথেষ্ট জ্ঞান আছে, এবং আমরা সেইটে মেনে চলি। আর একটা তিনি বলেছেন—বন থেকে কাঠ কেটে নেওয়া হচ্ছে কিন্তু গাছ তৈরী করা হচ্ছে না। এ সম্বন্ধেও তাঁর ধারণা ভুল। বন সংরক্ষণের নিয়ম মেনেই গাছ কাটা হয়ে থাকে, নৈলে গাছ কাটাই হয় না। যে কোন জায়গা থেকে গাছ কাটা হয়, সেটা নিয়ন্ত্রণ অনুসারেই কাটা হয়, এবং যে জায়গায় গাছ কাটানো হয় সেখানে গাছ লাগানো হয়। আর আমাদের Development Programme যা রয়েছে তাতে যে সমস্ত waste land কোন কাজে লাগে না সেগুলি afforestation করার জন্য আমরা এ বছর ১১ লক্ষ টাকা খরচ করব। হরিপদ বাবু যে খয়েরের কথা উল্লেখ করেছেন, সে সম্বন্ধে আমার বক্তব্য এই যে আমাদের এখানে অন্য জায়গার লোক এসে খয়ের তৈরী করত। সেই জন্য আমাদের দেশের লোকেরা এ বিষয়টী সম্বন্ধে কিছুই জানে না। এবং এ দেশবাসীদের সুযোগ দেবার জন্যই আমাদের বিভাগ থেকে খয়ের তৈরী করাচ্ছি। এবং তাতে খরচ বাদে আমাদের ১২ হাজার টাকা লাভ হয়েছে। তার পরে মধু, সে সম্বন্ধে আমি আগেই বলেছি ১,১১০ মণ মধু চাক থেকে সংগৃহীত হয়েছে এবং ৮৯৪ মণ পরিষ্কৃত মধু বিক্রীত হয়েছে।

হরিপদ বাবু কর্ম্মচারীদের মাইনে সম্বন্ধেও অনেক কথা বলেছেন। আমি স্বীকার করছি, forest guardদের মাইনে, তিনি যে বলেছেন পুলিশদের সঙ্গে সমান নয়, তা ঠিক। কিন্তু আমাদের অন্যান্য বিভাগের সঙ্গে সামঞ্জস্য রাখতে গিয়ে ঐ মাইনের হার রাখতে হয়েছে। আগে তাদের মাইনে ২৫৲ টাকা থেকে আরম্ভ হতো। আমরা সেখানে বাড়িয়ে করেছি ৫৫৲ টাকা থেকে ১৩০৲ টাকা। Rangersদের pay ১০০—২১৫৲ টাকা। তারপরে যে superior service করা হয়েছে তাতে Rangers থেকেও যাঁরা এবং সেখানে গেলে তাঁদের মাইনে হয় ২৫০৲ থেকে ৪৫০৲ টাকা। এবারেও বোধ হয় ৯ জনকে এ বিষয়ে recommend করা

হয়েছে। তার পরে তাঁরা এ ছাড়া junior serviceএও যেতে পারেন, এসব ব্যবস্থা থাকায় তাঁদের ক্ষোভ করার কোন কারণ নাই। হরিপদ বাবু যেসব কথা বলেছেন আমাদের বন কর্ম্মচারীদের সুখসুবিধার বিষয়ে—সে বিষয় আমাদের যথেষ্ট লক্ষ্য আছে। কিন্তু টাকার অভাবে আমরা সব কিছু এক সঙ্গে করতে পারছি না, তবে তাদের উন্নতি বিধানের জন্য যে সমস্ত প্রস্তাব আমাদের আছে, তা দ্বারা আমরা অচিরেই তাদের উন্নতি করতে পারব। আশা করি হরিপদ বাবু আমার এই কথাগুলি শুনে খুসি হবেন।

আর আমার বন্ধু মোদাস্সের হোসেন সাহেব যা বলেছেন—তাঁকে যে report আমাদের committee থেকে দিয়েছি—সেইটেই উল্লেখ করেছেন। সে বিষয়ে আমার কিছু বলবার নাই।

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 55,63,000 under Grant No. 5, Major head: 10—Forest be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 55,63,000 under Grant No. 5, Major head: 10—Forest be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 55,63,000 under Grant No. 5, Major head: 10—Forest be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 55,63,000 under Grant No. 5, Major head: 10—Forest be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 55,63,000 under Grant No. 5, Major head: 10—Forest be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 55,63,000 under Grant No. 5, Major head: 10—Forest be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 55,63,000 under Grant No. 5, Major head: 10—Forest be reduced by Rs. 100, was then put and a division taken with the following result:—

NOES—35.

Banerjee, Sj. Sushil Kumar.	Majhi, Sj. Nishapati.
Barman, The Hon'ble Syama Prasad	Majumdar, The Hon'ble Bhupati
Bhattacharyya, Sj. Shyamapada.	Mal, Sj. Iswar Chandra
Chakravarty, Sj. Satish Chandra.	Mallick, Sj. Ashutosh.
Chaudhuri, the Hon'ble Rai Harendra Nath.	Mandal, Sj. Bankubehari.
	Mandal, Sj. Krishna Prasad.
Das, Sj. Radha Nath.	Mandal, Sj. Umesh Chandra
Dass, Sj. Kanailal.	Mookerjee, the Hon'ble Kalipada.
Dolui, Sj. Harendra Nath.	Murarka, Sj. Basantlal.
Dutt-Mazumdar, the Hon'ble Niharendu.	Naskar, Sj. Ardhendu Sekhar.
Ganguli, Sj. Bepin Behari.	Naskar, the Hon'ble Hem Chandra.
Gayen, Sj. Arabinda.	Panja, the Hon'ble Jadabendra Nath.
Gomes, Mr. D.	Pramanik, Sj. Rajani Kanta.
Gupta, Sj. J. C.	Rafiuddin Ahmed, the Hon'ble Dr.
Haldar, Sj. Kuber Chand.	Roy, the Hon'ble Dr. Bidhan Chandra.
Mahammad Sayeed Mia, Janab	Sen, the Hon'ble Prafulla Chandra.
Mahanty, Sj. Charu Chandra	Shamsul Huq, Janab.
Maiti, The Hon'ble Nikunja Behari	Zaman, Janab A. M. A.

AYES—6.

Bandyopadhyay, Sj. Pramatha Nath.	Choudhury, Sj. Annada Prosad.
Banerji, Dr. Suresh Chandra	De, Sj. Kanai Lal.
Chatterjee, Sj. Haripada.	Sen, Sj. Debendra Nath.

The Ayes being 6 and Noes 35, the motion was lost.

The motion of Sj. Pramatha Nath Bandyopadhyay that the demand of Rs. 55,63,000 for expenditure under Grant No. 5, Major Head: 10—Forest be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Sj. Kanai Lal De that the demand of Rs. 55,63,000 for expenditure under Grant No. 5, Major Head: 10—Forest be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Janab Mudassir Hossain that the demand of Rs. 55,63,000 for expenditure under Grant No. 5, Major Head: 10—Forest be reduced by Rs. 100, was then put and lost.

The motion of the Hon'ble Hem Chandra Naskar that a sum of Rs. 55,63,000 be granted for expenditure under Grant No. 5, Major Head: 10—Forest, was then put and agreed to.

11—Registration.

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: Sir, on the recommendation of His Excellency the Governor I beg to move that a sum of Rs. 16,29,000 be granted for expenditure under Grant No. 6, Major Head: 11—Registration.

Sir, in moving my motion I shall do no more than give the House a few bare facts, as I do not propose so late in the evening to tax the patience of the House. The House would perhaps like to get a picture of the Directorate of Registration.

Sir, we have altogether 139 Registration Offices in West Bengal which have, during the period from April, 1950, up to January, 1951, done the work of registration numbering 518,928. The average load of work per Registration Office, therefore, has been nearly 4,000 per year—to be more precise, 3,733. This work has been done with the help of a total number of officers numbering only 154, and the revenue yielded during the period from April, 1950, to January, 1951, has been Rs. 36,18,019. That, Sir, would briefly give the picture of the Registration Department.

Sir, I may mention incidentally that a large number of registration work had to be done in connection with Loan Bonds of the Refugees and for such other purposes. All the fees leviable under the Indian Registration Act were commuted in their case and the addition of grant asked for compared to previous year's grant has been occasioned by the fact that extra offices had to be opened in order to facilitate work. New additions have taken place because of the amalgamation of Cooch Behar.

Sir, incidentally I may also mention, as was announced year before last, that in order to improve the efficiency of the department and the calibre of its officers, the minimum qualification prescribed for the recruitment of personnel in the service and in the posts of Sub-Registrars, is graduation of the Calcutta University or any other recognised University; and recruitment will be done through examination of the West Bengal Civil Service under the Public Service Commission. The age of the candidate will be between 22 and 25 maximum. These briefly are the changes which have been effected.

Now, Sir, anticipating—I do not find my friend Janab Mudassir Hossain here—anticipating his cut motion where he sought to raise the question of low pay, the manner of recruiting and the efficiency, I should like to inform the House that with regard to the pay scale, the old scale of pay in the case of the lowest paid employees, namely, peons of the Registration Offices used to be from Rs. 13 to Rs. 17 only. We have increased that from Rs. 20 to Rs. 25. This is the basic pay and they get a dearness allowance of

Rs. 25 per month added to it, plus other allowances admissible under the rules. And correspondingly the basic pay scales in other cases also have been increased such as in the case of muharrirs. Formerly the scale of pay used to be between 25 and 35 rupees: we have increased it to 50—80 rupees. The same case applies to B. T. muharrirs, muharrirs in Sadar and Sadar Joint Offices. The pay scales of the clerks in the mufassil Registration Offices used to be Rs. 35—45; we have increased it to Rs. 55—100; and the head clerks in Sadar whose pay scale used to be Rs. 50—80, now get Rs. 90—130. The pay scale of the Sub-Registrars used to be under the old scale of pay Rs. 60—220; we have raised it now to Rs. 100—250. In all these cases dearness allowance plus other allowances admissible, are to be added. I need not give you a fuller list of increase in pay in the higher grades of the services which were correspondingly revised, and I hope the House will appreciate the fact that with a better calibre of Sub-Registrars to be recruited in future more responsible function may be given to them. We anticipate that 139 Registration Offices are a very useful network of offices all over the State to serve additional functions. They might be useful in connection with the administration of rural justice. They might be useful in connection with the collection of various data and materials having a bearing on the development purposes of the State. There are various other allied matters under consideration of Government.

I may mention in this connection that apart from the 139 Registration Offices we have also got 112 offices of Muslim Marriage Registrars in the State and for the purpose of selection of the personnel for appointment as Muslim Marriage Registrars we have introduced the practice of getting appointments made on the recommendation of an Advisory Committee which consists of the Inspector-General of Registration, ex-officio President of the Committee, the Principal of the Calcutta Madrassah, a Muslim citizen nominated by the Calcutta Corporation, Janab Waliul Islam, and a Muslim M. L. A. of West Bengal: at present Janab Shamsul Huq is the nominee of Government, and a Muslim nominated by the West Bengal Muslim Registrars and Kazis' Association. These are the five persons on the Committee to advise Government on the appointment of Muslim Marriage Registrars. I do not know whether with the passing of the Hindu Code Bill we shall have to introduce Hindu Marriage Registrars.

Briefly, Sir, this is the picture. I submit that, looking at the cut motion —the only cut motion tabled on this demand—I have already dealt fully with the question of low pay and the manner of recruiting. As regards persons who are recruited as extra muharrirs in the mufassil by the District Registrars Matriculates are recruited, and they are in course of time promoted as muharrirs and all selections for permanent posts are done generally from amongst them. That has been the prevailing practice and, as regards efficiency, I may say that year before last we had occasion to take disciplinary action which I announced on that occasion. This year I may inform the House that whatever complaints have been received, we have investigated into each and every one of them and the Anti-Corruption Department also took up investigation and enquiries have been made and in most cases the allegations were found to be baseless. But wherever any concrete case has come up before the Government, every attention has been paid to it. I, therefore, hope that no question, as embodied in the cut motion, would arise after what I have stated for the information of the House. Sir, I commend my motion to the acceptance of the House.

Dr. SURESH CHANDRA BANERJI: On a point of information, Sir. মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে higher grade officerদের তুলনায় lower grade officerদের বাড়িয়া এত কম বাড়ালেন কেন ?

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: The increases, after examination, have been made proportionate in all the cases with due reference to comparable scales of pay in other departments and I do not think the assumption of my honourable friend is correct, viz., that the increase in pay scales of the lower grade officers was less.

Dr. SURESH CHANDRA BANERJI: আপনি বলেছেন তিন, চার টাকা করে বেড়েছে, তাহলে তাদের lowest pay কত ?

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: No, as I said: "Do you want me to repeat"? The lowest pay used to be Rs. 13 to 17—we have made that scale in the case of peon Rs. 20 to Rs. 25 by annual increment of Re. 1 to reach in four years' time plus Rs. 25 dearness allowance. Therefore, the basic pay plus dearness allowance comes in the lowest grade to Rs. 45 plus other usual allowances admissible under the rules.

Dr. SURESH CHANDRA BANERJI: আপনারা lower grade officerদের মাহিনা ৭৲ টাকা থেকে ১০৲ টাকা বাড়িয়েছেন, কিন্তু payটা pay commissionerরা যা দিতে চেয়েছিল তার চেয়েও কম হয়েছে।

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: The facts are before the House.

Sj. KANAI LAL DE: Sir, I beg to move——

Mr. SPEAKER: Our convention has been that whenever a motion is on the list, members of the same party are allowed to move that motion on his behalf but members of other party are not allowed. Therefore, I regret I cannot allow it.

Dr. SURESH CHANDRA BANERJI: মাননীয় স্পীকার মহোদয়, আমি একটা কথা এ সম্বন্ধে বলতে চাই। মন্ত্রীমহোদয় কর্ম্মচারীদের মাইনে বৃদ্ধি সম্পর্কে যে তালিকা আমাদের সম্মুখে পড়েছেন, তা শুনে আমরা অত্যন্ত দুঃখিত হয়েছি। আমাদের কংগ্রেসের চিরকাল এই নীতি ছিল যে—(The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: দরিদ্রানাং ভব কৌন্তেয়।) হাঁ, এ কথা গীতায় আছে, এবং ইহা আপনার মুখ থেকে শুনে খুব খুসী হয়েছি। কংগ্রেস থেকে ঠিক হয়েছিল যে কোন অফিসারের মাইনে ৫০০৲ টাকার বেশী থাকবে না এবং নিম্নতম কর্ম্মচারীদের বেতন ঠিক না হলেও তার একটা আভাস দেওয়া হয়েছিল যে, কারও বেতন ৫০৲ টাকার কম হবে না। এখন-কার মত তিন হাজার, চার হাজার, ছয় হাজার করে বেতন কোন অফিসারের থাকবে না এবং সেই অনুসারে ১৯৩৭ সালে যখন বিভিন্ন প্রদেশে কংগ্রেসের লোকেরা মন্ত্রিত্ব গ্রহণ করলেন তখন তাঁরা মাত্র ৫০০৲ টাকা করে মাইনা নিতেন; অনেক ক্ষেত্রে যাবতীয় ভাতাও এর মধ্যে ধরা হত। আমরা যখন এখানে মন্ত্রী হই, তখন আমরা ৫০০৲ টাকা মাইনে, ২৫০৲ টাকা গৃহ ভাতা এবং ২৫০৲ টাকা মোটর ভাতা নেওয়ার নীতি গ্রহণ করেছিলাম। কংগ্রেসের এই নীতি ছিল যে নীচের দিকের কর্ম্মচারীদের মাইনে আস্তে আস্তে বাড়ান হবে। কিন্তু যে list এখন আমাদের সামনে পড়া হ'ল, তাতে দেখছি সেই নীতি একেবারে বদলে গিয়েছে। যারা নিম্নস্তরে আছে তাদের মাইনে কম করে দেওয়া হচ্ছে। আর যাঁরা উপরের দিকে আছেন, সেই সমস্ত অফিসারদের মাইনা ক্রমানুয়ে বাড়ান হচ্ছে। Pay Commissionএর সুপারিস অনুসারে কোন সরকারী কর্ম্মচারীর মাইনে ভাতা সমেত মাসে ৫৫৲ টাকার কম হওয়া উচিত নয়। কিন্তু এতদিন পরে আমাদের মন্ত্রী মহাশয় তাদের উন্নতির কথা বলে যে লিষ্ট পেশ করলেন তাতে অনেকের মাইনে ভাতা সমেত ৪৫৲ টাকার বেশী নয়। এমন কি Pay Commission যা বলেছিল। সুতরাং এই list দেখে আমরা অত্যন্ত দুঃখিত হয়েছি।

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR: Sir, I shall only say that I would have been happier if it were possible for Government to increase the pay scales much more, but we must not forget that at the rate of pay we are giving, we are giving at the lowest grade of pay nearly Rs. 600 per annum to a peon. Now, in a country where the average income of a peasant or a

citizen or an ordinary villager is as low as may be computed to be not more than Rs. 30 per head, if I propose to give more wages to the servants of State who are to serve them, then I would have to come up and ask for more taxation and then there would be, and justifiably, a hue and cry. Therefore in our enthusiasm for increase of pay scales, if we have got to increase them, then, the average *per capita* income of the country must correspondingly increase before the pay scales are raised more. The criticism of my honourable friend that pay scales are going up and, therefore, the cost of administration is going up contradicts the present contention of my honourable friend.

I have nothing further to add. Therefore, I commend my motion to the acceptance of the House.

The motion of the Hon'ble Niharendu Dutt-Mazumdar that a sum of Rs. 16,29,000 be granted for expenditure under Grant No. 6, Major Head: 11—Registration, was then put and agreed to.

XVII—Irrigation, etc.

Dr. SURESH CHANDRA BANERJI: মাননীয় স্পীকার মহোদয়, আমরা আগেই বলেছিলাম যে দামোদর ভ্যালী কর্পোরেশন সম্বন্ধে বক্তৃতা, আজ না করে আর এক দিন করা উচিত। আজই আমরা এই সম্পর্কে এতবড় প্রকাণ্ড একটা বই পেয়েছি, বই পড়ে সব জিনিষ বুঝতে সময় লাগবে। তাছাড়া দামোদর ভ্যালী কর্পোরেশন সম্বন্ধে আমাদের বলবার অনেক কিছু আছে। দামোদর ভ্যালী কর্পোরেশন সম্বন্ধে Indian Parliamentএ যে সমস্ত মন্তব্য করা হয়েছে তার বিরুদ্ধেও আমাদের অনেক কিছু বলবার আছে। আর ভবিষ্যতে এ সম্পর্কে discussion করবার সুযোগ হয়ত আমরা নাও পেতে পারি। সুতরাং আমার অনুরোধ এই যে এই fag end of the dayতে আর এ সম্বন্ধে আলোচনা আরম্ভ করবেন না। আমাদের অন্ততঃ একদিন সময় দিন।

Mr. SPEAKER: Only the motion will be moved, we shall have the discussion tomorrow. I have further directed the office not to put questions tomorrow except only short-notice questions.

The Hon'ble BHUPATI MAJUMDAR: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 10,04,36,000 be granted for expenditure under Grant No. 10, Major Heads: XVII—Irrigation—Working Expenses—18—Other Revenue expenditure financed from Ordinary Revenues —68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works—80A—Capital Outlay on Multipurpose River Schemes.

Mr. SPEAKER: The Hon'ble Minister may say what he has got to say. That will give more time to the Opposition.

Dr. SURESH CHANDRA BANERJI: We have no objection.

The Hon'ble BHUPATI MAJUMDAR : মাননীয় স্পীকার মহোদয়, আমাদের এই বিভাগের বাজেট বরাদ্দ সম্পর্কে বিবিধ cut motionগুলির ভিতর দিয়ে ওঁরা যে সমস্ত প্রশ্ন উত্থাপন করেছেন, cut motionগুলি প্রস্তাবিত ও আলোচিত হবার পর তার উত্তর দেওয়া আমার পক্ষে সম্ভব হবে। Cut motionগুলির ভিতর কয়েকটী রয়েছে আমাদের এই বিভাগের policy সম্বন্ধে। আমি আজ এখানে এই policyর বিষয়ই আলোচনা করব।

বাংলার জল নিষ্কাসন আর সেচ এই সমস্যাগুলি আমরা সমগ্রভাবে কার্য্যকরী দৃষ্টি থেকে দেখে থাকি। এর জন্য বিশেষজ্ঞরা ও বৈজ্ঞানিকেরা যে সমস্ত অবজ্ঞা অবলোকন করেছেন, এবং যেরকম ব্যবস্থা অবলম্বন করতে নির্দ্দেশ দিয়েছেন সেই অনুসারে আমরা আমাদের নীতি গ্রহণ করেছি। প্রথমে আমাদের দেশের যে সমস্ত জল-নিষ্কাসন ও সেচের ক্ষেত্র সেগুলি কয়েকটী ভাগে আমরা ভাগ করেছি। তার মধ্যে আছে, কতকগুলি বৃহৎ বহু-বিস্তৃতব্যাপী পরিকল্পনা, দীর্ঘমেয়াদি পরিকল্পনা, অল্পমেয়াদি পরিকল্পনা, এবং ক্ষুদ্র পরিকল্পনা। দীর্ঘমেয়াদি

পরিকল্পনার ভিতর সব চেয়ে বড় যেটা, যার সঙ্গে পশ্চিম বাংলার ভাগ্য জড়িত—সেটা হচ্ছে "গঙ্গা ব্যারাজ" পরিকল্পনা। এই সভায় গঙ্গা ব্যারাজ পরিকল্পনা বিষয়ে সন্দেহ প্রকাশ করে কোন বন্ধু বলেছেন যে এটা ব্যয়বহুল পরিকল্পনা বলে কোন দিনই গৃহিত হবে না। কিন্তু আমাদের একথা অবশ্য মনে রাখতে হবে যে এই সব পরিকল্পনা কার্য্যকরী হতে দীর্ঘ সময় যায়। প্রথমতঃ তথ্য সংগ্রহে বহুদিন যায়, সমুদায় তথ্য সংগ্রহ করলে পর planningএও সময়সাপেক্ষ। তারপরে হলো designingটাও সময়সাপেক্ষ। তারপরে হচ্চে, execution বা রূপায়িত করার কাজ। এখন গঙ্গা ব্যারাজ সম্বন্ধে বিশেষত্ব যেটা সে আমি পূর্বেই বলেছি যে বাংলা দেশের ভাগ্য ভবিষ্যৎএর সঙ্গে জড়িত। আমার কতিপয় বন্ধু এখানে সুন্দরবন, এবং তার সমস্যার প্রশ্ন তুলেছেন, এবং সরকার কর্ত্তৃক সমস্ত কার্য্য সম্পূর্ণরূপে করা হয় না বলে সমালোচনা করেছেন। তাঁদের আমি জানাতে চাই, যে "গঙ্গা ব্যারাজ" পরিকল্পনার সঙ্গে কলকাতার ভবিষ্যৎ,—বাংলার ছোট নদী, শাখা নদী বা উপনদী যা ভাগিরথীর সঙ্গে মিলিত হয়েছে—তাদের এবং সুন্দরবনের ভবিষ্যৎ অঙ্গাঙ্গিভাবে জড়িত। গঙ্গার সঙ্গে ভাগিরথীর কোন যোগ থাকে না বর্ষার কয়েকদিন ছাড়া। শুধু বর্ষার কয়েকদিন গঙ্গার সঙ্গে ভাগিরথীর যোগ থাকে। ভাগিরথীর পূর্ব্ব ইতিহাস হচ্চে—সেও গঙ্গা নামেই অভিহিত ছিল। বরাবর রাজমহল পাহাড় হয়ে সে সমুদ্রগামী, খিদিরপুর আদি গঙ্গা হয়ে জয়নগর হয়ে কুলটী ঐ একই স্রোত, ঐ পুরাতন গঙ্গা, পদ্মার সঙ্গে গঙ্গার যোগ হত পাগলা নদী বলে একটা বিশেষ নদীর দ্বারা মাত্র যখন বন্যা হতো, তখন। সে ৪০০ বছর আগেকার কথা। কিন্তু তার সঙ্গে বর্ত্তমান ইতিহাস ওতপ্রোতভাবে জড়িত। গঙ্গার স্রোত হঠাৎ পাগলা নদীর ভিতর দিয়ে গিয়ে মহানন্দার সঙ্গে মিলিত হয়। মহানন্দাও পদ্মার স্রোতে গঙ্গা চলে পড়ায় তার সমস্ত স্রোত ও জলরাশি পদ্মা দিয়ে বইতে আরম্ভ করল। ফলে সেখানে ভাগীরথীর level ছিল—তা ক্রমশঃ কমে যায়। তার ফলে গঙ্গার যে দুটী শাখা নদী, একটী সরস্বতী, আর একটী যমুনা, এদুটী শাখা নদীর জলও কমে গেল। এই সময়ের কিছুকাল পরে ওলন্দাজরা যখন আসে, তখন একটী ছোট খাল কাটে কলকাতার দিকে, শ্রীরামপুর, চুচুড়া, হুগলী—এই সব স্থানে শীঘ্র পৌঁছবার জন্য। তারপরে যখন গঙ্গার level নীচু হয়ে গেল, তখন দেখা গেল ছোট খালটার ভিতর দিয়ে গঙ্গার জল প্রবাহিত হতে আরম্ভ করেছে। তার ফলে আদি গঙ্গা যতটা মজে গেছে সেখানে খালটা ততই চওড়া হয়ে গেছে। আজও তাই বহু হিন্দু পরিবার খিদিরপুর হইতে সাঁকরাইল পর্য্যন্ত কাটা গঙ্গার জল বলে—সেখানকার গঙ্গাজল দিয়ে পারলৌকিক ক্রিয়া এবং পুণ্য স্নানাদি করেন না। একটা ভিন্ন উদ্দেশ্যে করা কাটা খালের পবিত্র গঙ্গার স্রোতের দ্বারা বৃদ্ধি পাওয়ায় সে রূপনারায়ণ এবং সরস্বতীর জলের সঙ্গে মিশে গেল। এই সর্ব্বনাশের সময় থেকে ক্রমে সরস্বতী মজে যেতে লাগল, এবং যে ভূমিখণ্ড সরস্বতী দ্বারা প্লাবিত হত, সেটা বন্ধ হয়ে গেল। এবং যমুনারও দীর্ঘ স্রোত বন্ধ হয়ে গেল। ফলে একে একে অনেকগুলি নদী বন্ধ হয়ে গেল। যমুনার একটা নদীশীর্ষ কতকগুলি নদীর জল যোগায়, গঙ্গারও সেই সমস্ত শীর্ষ জল যোগায়, সেই সমস্ত নদী,—এখন সারা সুন্দরবনে রয়েছে—তাতে জল আসে যমুনা থেকে। আমরা সকলেই দেখেছি বিদ্যাধরির মজে যাওয়া, আমাদের এই কালে। পীয়ালীও প্রায় শেষ হয়ে আসছে। মাতলাও চলে বটে, কিন্তু তার জোর বেশী নাই। সমস্তগুলিরই শীর্ষ জলের অভাব। সমুদ্র থেকে যে tidal bore আসে, এবং এসে যখন আবার নেবে যায় শতকরা ৪০ ভাগ পলি তাতে থাকে। যাবার সময় সেগুলি নদীর বুকে ফেলে রেখে যায়। এবং উপর থেকে শীর্ষ জল না থাকায় সে পলি ধুয়ে নীচে ফেলার উপায় থাকে না, ফলে নদীর জল ফুলে আর নদীর দুপাশে চাপ পড়ছে। সেই জন্য tidal bore যখন বড় রকম হয় তখন সুন্দরবনের কোন ভেড়ি রাখা সম্ভব হয় না। ভেড়ি খুব শক্ত করে করলেও যদি এই রকমটা থাকে তাহলে কোনমতেই তা রক্ষা করা সম্ভব হবে না। সেইজন্য শীর্ষ জল সরবরাহের বিশেষ প্রয়োজন। কলকাতার অবস্থাও তাই। কলকাতায় নদীটা dredger দ্বারা কেটে কেটে কোন রকমে পণ্যবাহী জাহাজের চলার মতন ব্যবস্থা রাখা হচ্চে, এও বেশী দিন চলবে না। কারণ dredgerএর দ্বারা যা excavation হয় তাতে হয় deeper the excavation quicker the silting এবং specific gravity অনুসারে জলে যে সমস্ত জিনিষ ভেসে থাকে সেগুলি তাড়াতাড়ি গর্ত্তে পূরে যায়। সেইজন্য গঙ্গা যতই কাটা হয় শীঘ্রই আবার ভরে। তারপরে ময়ূরাক্ষী, অজয়, ব্রাহ্মানী, যেটাকে বাবলা নদী series বলা হয়, তারা যতটা জল আনে বর্ষায় তার চেয়ে বেশী পলি আনে। ফলে ভাগিরথীর তলা ক্রমশঃ ভরাট হচ্চে। বর্ষায় সামান্য সংযোগ ভাগিরথীর সঙ্গে যে হয় ১৯১৫ সাল থেকে বরাবরই প্রায় রয়েছে মধ্যে মধ্যে মরে এলেও, তাতে করে সমস্ত ভাগিরথীর তল উঠে যাচ্চে এবং ফলে ভাগিরথী প্রায় মৃত্যুপথযাত্রী। ময়ূরাক্ষীর পরে অজয় ও কাঁসাই যদি বাঁধা যায়, তাহলে অবস্থার উন্নতি সম্ভবপর। এইজন্য যদি গঙ্গা ব্যারাজ পরিকল্পনা কার্য্যকরী না করা যায়, হয়ত সেটা ব্যয়বহুল, তাহলে বাংলার জীবন-মরণ সমস্যাময়

যে কলিকাতা Port সেটা থাকবে না বেশী দিন। তাছাড়া সমুদ্রের লবণাক্ত জল ক্রমশঃ অগ্রগতি করছে। এখনই লোণা জল ত্রিবেণীতে পেঁছে গেছে। পলতায় কলকাতার জল সরবরাহ কেন্দ্রে লবণ বেশী থাকার জন্য সেখানকার যন্ত্রপাতি আক্রান্ত হচ্চে, তার ফলে ভবিষ্যতে পানীয় জল পাওয়া মুস্কিল হবে। সর্বোপরি এই কলিকাতার ভবিষ্যতের সঙ্গে সঙ্গে দেশের ব্যবসা-বাণিজ্যের ভাবিষ্যৎ, রেলপথের ভবিষ্যৎ। সমস্ত পশ্চিম বঙ্গের ভবিষ্যৎ নির্ভর করছে এই গঙ্গা ব্যারাজের উপর। ১৮ থেকে ২২ ফুট গঙ্গার তলা থেকে ভাগিরথীর তলা উঁচু। সেইজন্য ব্যারাজ নির্মাণ করে জলের level যদি উঁচুতে তোলা যায় এবং সেই জল ভাগিরথীতে ফেলা যায় তাহলে silting হবে না, এবং একমাত্র তার দ্বারাই ভাগিরথীর উন্নতি করা যাবে, এবং ২৪-পরগণারও চেহারা ফিরে যাবে।

তেমনি চুণি ও জলাঙ্গির ভিতর একটা সম্পর্ক এনে প্রথমে যদি ইছামতিকে বাঁচানো যায়, এবং তার কিছু জল অঞ্জনার ভিতর দিয়ে ভাগিরথীতে আনা যায় তাহলেও আমাদের কিছু সমস্যার সমাধান হবে, এটাও খুব বৃহৎ পরিকল্পনা।

তারপরে দামোদর ও ময়ূরাক্ষী। দামোদর পরিকল্পনা Damodar Valley Corporation করছেন। আর ময়ূরাক্ষী আমরা করছি। তারপরে অজয় ও কাঁসাই আমাদের ধরতে হবে। কারণ আমরা এই নদী দুটির অভিশাপই পাই আশীর্বাদ পাই না। তারা ধ্বংশ করে করে সমুদ্রে চলে যায়, আমাদের কোন কাজে লাগে না। নানা রকমের ছোট ছোট বাঁধ করে পূর্বকালে মানভূম ও বাঁকুড়ায় জল রক্ষা করা হতো।

আজ বাংলার এই খাদ্য সমস্যা, আমরা বলি যে এটা দূর করবো কিন্তু যদি শুধু আকাশের দিকে চেয়ে থাকি, কোন চেষ্টা না করি তাহলে ভাল ফসল হতে পারে না। কাজেই সেই জল যদি বাঁধ দিয়ে রক্ষা করতে পারি এবং তা সারা বৎসর ব্যবহারে আনতে পারি তবেই একমাত্র লোকসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে খাদ্য উৎপাদন বৃদ্ধি চলতে পারে। এই জন্য বৃহৎ পরিকল্পনারও বিশেষ দরকার আছে। ছোট ছোট পরিকল্পনার কাজ বাদ দিয়ে, আমরা বৃহৎ পরিকল্পনার কাজ করতে পারি না। আর বৈজ্ঞানিক পরিকল্পনাও আছে। জলকে খুব উঁচু বাঁধ দিয়ে যদি catchment areaতে রাখা হয়, এবং ঠিকভাবে সংরক্ষণ করা যায়, তা থেকে খুব সস্তায় hydro-electric হতে পারে, সেসবও আজ আমাদের ভাববার আছে। এই বিদ্যুৎ কুটীরশিল্পের কাজে লাগাতে পারা যায় এবং খুব সস্তায় ব্যবসা বাণিজ্যের পণ্যাদি উৎপন্ন করা সম্ভব হয়। সেজন্য বৃহৎ পরিকল্পনাগুলি গ্রহণ করতে হবে। নতুবা ভবিষ্যৎ নাই। তারপর এর ভিতরে প্রথম যেগুলি সেগুলি হচ্ছে এক লক্ষ থেকে ৫০ লক্ষ পর্য্যন্ত টাকায় এরকম যে পরিকল্পনা, সে রকম আমরা ১৫টী ধরেছি। তার মধ্যে ৫টী শেষ করেছি। এই ১৫টী হলে পর খাদ্যের পরিমাণ যথেষ্ট বৃদ্ধি পাবে। আগামী ১৯৫১-১৯৫২ সালে আরও ৬টী সম্পন্ন হবে। ১৯৫২-৫৩ সালে দুইটী শেষ হবে। এ সমস্ত ঠিকভাবে করতে পারলে ১৬ হাজার টন শস্য পাব এবং ৭২ একর জমি উপকৃত হবে। এবং এর সঙ্গে সঙ্গে minor schemeও আছে। সেগুলিতে ১০ থেকে ৫০ হাজার খরচ করতে পারি। এগুলিতে Engineerএর প্রয়োজন হয়। এর চেয়ে ছোটগুলিকে বলি আমরা small scheme এবং এ বছর এরকম কয়েকটা হতে পারে—এইসব ছোট কাজের প্রয়োজন কম নয়। এই ছোট কাজগুলি দ্বারা এই minor scheme দ্বারা খুব বেশী রকম শস্য উৎপাদন সম্ভব হয় না।

বাংলায় জল নিকাসন হয় না water-logged হয়ে থাকে ফলে চাষ ভাল হয় না। এই অবস্থা বদলাতে গেলে যতরকম সেচের পরিকল্পনা সে সমস্তই গ্রহণ করতে হবে। বাঁকুড়াতে ও মেদিনীপুরে আমাদের ভিতর যেটা রয়েছে ছোট ছোট বাঁধ—কোন বড় রকম canal system করা সম্ভব নয়। সেখানে ছোট ছোট করে বাঁধ বাঁধবার আয়োজন করেছি। যত শীঘ্র সম্ভব আরম্ভ করবো। আমরা যে রকমের কাজ গ্রহণ করেছি তাতে আমার সময় সময় মনে হয়েছে আমাদের দুঃখ এত বেশী, এত বেশী কাজ আমাদের করতে হবে যে যা আমরা করেছি সেটা আজ অভাব পূরণের দিক থেকে অনেক কিছু করেছি যদি বলি তাহলে ভুল হবে। সত্যিকার কথা বলতে গেলে ক্রমাগত এই জিনিষগুলি করে যেতে হবে। আমার কথা হচ্ছে, কিছু কিছু হয়েছে। আমাদের Provincial Government ষাট্‌তি বাজেট নিয়ে চলেছে। আমার সেচ বিভাগে যতদূর অর্থ দেওয়া সম্ভব দিয়েছে, তার অতিরিক্ত আশা করতে পারি না। সরকারের অন্য সমস্ত দিকই দেখতে হবে, সেচ, পথ, শিক্ষা স্বাস্থ্য সকল দিকেই দেখতে হবে। এবং সেচ বিভাগেই সমস্ত টাকা দিয়ে দিতে পারে না। তা না হলে যদি আরো টাকা হতো নিশ্চয়ই আরও ভাল করে কাজ করা যেতো। অর্থাভাব সেটাই হচ্ছে আমাদের পথে প্রধান বাধা।

তারপর সমস্যা হচ্ছে আমাদের labourএর অভাব। শুধু অর্থ থাকলেই সকল কাজ সম্পন্ন করা যায় না। আমাদের ময়ূরাক্ষী scheme প্রভৃতিতে বহুসংখ্যক labourএর দরকার। কিন্তু বাংলা দেশে labourএর বড় অভাব তাই বিহার ইত্যাদি অঞ্চল থেকে আমাদের লোক আনতে হয়। এবং অন্যান্য প্রদেশেও নানা রকম development schemeএর জন্য বহু labour এর প্রয়োজন হয়। সুতরাং যথেষ্ট পরিমাণ labour অন্য প্রদেশ থেকে আনা অনেক সময় কষ্টকর হয়ে দাঁড়ায়। ধরুন যেমন বাঁকুড়া জেলায় ৫ বার tender আহ্বান করে উপযুক্ত লোক পাওয়া যায়নি কিন্তু এসব লোক যদি স্থানীয় এলেকা থেকে পাওয়া যেতো তারাও অর্থোপার্জন করতে পারতো, তাদের purchasing capacity বাড়তো এবং সাধারণ লোকেও উপকৃত হতো। তাছাড়া যন্ত্রপাতিও আমরা কম আনতে পারছি। দৈহিক ও যান্ত্রিক শক্তি যদি একত্রে কাজে লাগাতে পারতাম তাহলে এই সব পরিকল্পনা কার্য্যে পরিণত করা সহজেই যেতো। এবং এর ফলে ভারতবর্ষ তথা বাংলা দেশে প্রচুর খাদ্যশস্য উৎপন্ন হতে পারতো। তারপর প্রাকৃতিক দুর্য্যোগ—বন্যা প্রভৃতিতে আমাদের কাজের ব্যাঘাত জন্মায়। বিভিন্ন বিভাগের মধ্যে আমাদের এখানেও co-ordinationএর কাজ হচ্ছে, ছোট ছোট কাজেও এই Co-ordination আছে। সেচ বিভাগ, বনবিভাগ, কৃষিবিভাগ, মৎস্য বিভাগ এক সঙ্গে কাজ করছে। তারপরে এই যে বলা হয় produce or perish এ সম্বন্ধে আমাদের এবং বিরোধী দলের মনোভাবে কোন পার্থক্য নেই। আমাদের যে সমস্ত ভাল কাজ করছি সংবাদপত্রে বা এ সভায় কারও মুখে একথা শুনছিনা। শুধু criticismই আমাদের শুনতে হয়। অনেক সময় বলা হয়, যে top-heavy administrationএর জন্য অত্যন্ত lavishly খরচ করা হচ্ছে, এটাও সত্যের অপলাপ। এক তৃতীয়াংশ বাংলায় আগের চেয়ে তিনগুণ কাজ বর্ত্তমানে করতে হয়, এর প্রমাণ আমাদের কর্ম্মচারীর কোন অবসর নাই। মিলিত বাংলার চেয়ে এক পশ্চিম বঙ্গে তিনগুণ কাজ হচ্ছে। আজ যে cut motion সম্বন্ধে criticism রয়েছে সেটা করা হতো না যদি প্রকৃত সংবাদ সর্ব্বাগ্রে আমাদের কাছ থেকে তারা গ্রহণ করতেন। আমাদের irrigation ব্যাপারে আরও নানা রকম অসুবিধা আছে। যেমন sureveyor, estimator পাওয়া বর্ত্তমানে বিশেষ অসুবিধাজনক। যেদিন ঢাকায় স্কুল বন্ধ হয়েছে recruiting করার অসুবিধা হয়েছে। একজন engineerএর সঙ্গে যদি sureveyor বা estimator না থাকে তবে কাজ করা অসম্ভব হয়। এই অবস্থাতে একজন engineerকে যদি কাজ করতে হয় তাহলে তার অধীনে একজন surveyor ও estimator যদি না থাকে তাহলে তার সঙ্গে কাজ করা সম্ভব নয়। (Sj HARIPADA CHATTERJEE: Surveyerদের মাইনে এত কম হ'ল কেন?) আজকে তাদের মাইনে কম নয়—এটা বাড়িয়ে দেওয়া হয়েছে। সত্যিই, অন্য জায়গায় হয়ত তারা বেশী মাইনে পায়, আমরা বারবার বিজ্ঞাপন দিয়েও তাদের পাইনি। আমি বিরোধীদলকে এই অনুরোধ জানাব তাঁরা সমালোচনা করতে চান, তা নিশ্চয়ই করবেন। কোন গভর্ণমেণ্ট সমালোচনা ছাড়া বাঁচতে পারে না, তাকে যদি কাজ করতে হয় তাহলে সমালোচনা দরকার। কিন্তু তিক্ত সমালোচনা, অন্যায় সমালোচনা কিম্বা সত্যিকারের কর্ম্মচারী যারা প্রাণ দিয়ে খাটছে তাদের প্রতি দোষারোপ করা উচিত নয়। সত্যিকারের কর্ম্মচারী যারা প্রাণ দিয়ে খাটছে তাদের যদি মিষ্ট কথা না বলতে পারি তাহলে আজ শুধু তারা নয় ভবিষ্যতে যারা আসবে—(Sj. HARIPADA CHATTERJEE: আমরা কর্ম্মচারীদের গালাগালি করি না কর্ম্মচারীদের বিপক্ষে যাঁরা আছেন তাঁদের গালাগালি দিই।) বিরোধী সমালোচনা আমরা চাই, কারণ সমালোচনা ছাড়া আমাদের চলতে পারে না। কিন্তু সঙ্গে সঙ্গে আমাদের উদ্দেশ্য যেটা, কংগ্রেসের গৃহীত নীতি যেটা তার সঙ্গে আমাদের থাকতে হবে। আমাদের দুঃখের দিনকে সুখের দিনে আনতে হ'লে সহযোগিতা ছাড়া হতে পারে না এ কথা সকলের মনে রাখতে হবে।

Mr. DEPUTY SPEAKER: Before I adjourn the House, I should like to inform the House that discussion on this demand—Grant No. 10—Irrigation—will be continued and Grant No. 8—13—Other Taxes and Duties—and Grant No. 12—25—General Administration—will be taken up tomorrow.

The House stands adjourned till 3-30 p.m. tomorrow.

Adjournment.

The House was accordingly adjourned at 8-17 p.m. till 3-30 p.m. on Friday, the 9th March, 1951, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 9th March, 1951, at 3 30 p.m.

Present:

MR. SPEAKER (the Hon'ble ISWAR DAS JALAN) in the Chair, 12 Hon'ble Ministers and 55 members.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Construction of a railway line for connecting Malda and Balurghat with the rest of the State

***47.** (SHORT NOTICE.) **Janab GOLAM HAMIDUR RAHMAN:** (*a*) Will the Hon'ble Minister in charge of the Works and Buildings Department be pleased to state whether it is a fact that a survey was made with the object of constructing a railway line for connecting Malda and Balurghat with the rest of the Province?

(*b*) If the reply to the above is in the affirmative, will the Hon'ble Minister be pleased to state whether any progress has been made towards the construction of such a line? If not, why not?

MINISTER in charge of the WORKS AND BUILDINGS DEPARTMENT (the Hon'ble Bimal Chandra Sinha): (*a*) Yes.

(*b*) The position has been summarised in the Appendix below.

Appendix

Since the inception of the Province (State) of West Bengal the districts of Malda and West Dinajpur have been suffering from tremendous transport difficulties for want of proper railway link with Calcutta through the Indian Union. Strong representations having been made by the Government of West Bengal, the Central Board of Transport in their meeting, held on 4th April, 1948, accepted the necessity of having railway lines to connect these two districts with the southern part of the State. The Ministry of Railways thereafter authorised, in November, 1948, preliminary engineering and traffic survey by the O. T. Railway for new railway connecting up to Barsoi with a branch meter gauge section to Balurghat, as originally recommended by this Government.

2. After consulting different interests including the O. T. Railway authorities, the Government of West Bengal agreed to the alignment proposed by the O. T. Railway being accepted subject to certain conditions.

3. Hon'ble Sri Gopalaswami Ayyangar, Minister for Transport and Railways, was requested by the Hon'ble Chief Minister, West Bengal, in December, 1949, to see that final approval to these two main railway links is given by the Government of India at an early date and steps taken to provide funds for their execution in the Budget for 1950-51.

4. In reply, Hon'ble Sri Gopalaswami Ayyangar expressed the view that these projects in Malda and West Dinajpur districts would have to be

very carefully examined against the background of the present financial resources from an all-India angle and in competition with the requirements of other Provinces.

5. The charge of finally drawing up a report on the Railway Planning in the districts of Malda and West Dinajpur having subsequently been transferred by the Government of India to the Assam Railway Administration from the O. T. Railway Administration, the Chief Administrative Officer, Assam Railway, was requested by the Works and Buildings Department on 12th June, 1950, to expedite the matter as early implementation and execution of the projected railway lines in these two districts cut off from the rest of West Bengal was a vital necessity for the Government and the people of this State. At the same time the Hon'ble Chief Minister, West Bengal, once more stressed the necessity for execution of the scheme during the winter of 1950-51 in a letter, dated the 30th June, 1950, to the Hon'ble Minister for Transport and Railways, Government of India.

6. The Hon'ble Minister for Transport and Railways, Government of India, replied on 28th September, 1950, that the Traffic and Engineering Survey Reports had been received and were under examination of the Railway Board.

7. This Government addressed the Government of India again on 14th October, 1950, emphasising the extreme necessity for quick execution of the railway lines in these two districts and urged convening of a meeting of the Central Board of Transport at the earliest possible date.

8. The Hon'ble Chief Minister again addressed the Hon'ble Minister for Transport and Railways, Government of India, on 1st November, 1950, to urge early construction of the proposed railway lines in these two districts and expressed the hope that necessary instructions would soon be issued by the Government of India to the Railway Board to deal with this matter expeditiously.

9. During the visit to Calcutta of the Hon'ble Minister of State for Railways in November 1950, the Director-General, Transportation, represented the case of these new railway lines and requested him to accord it the highest priority. The Hon'ble Minister of State for Railways promised to find out, on his return to Delhi, how the matter stood with the Railway Board.

10. The Hon'ble Minister for Railways and Transport, Government of India, replied on 15th November, 1950, that the examination of the report of the Traffic and Engineering Surveys relating to the railway lines in question was proceeding and he assured that all aspects of the case would receive careful consideration before a final decision is reached.

11. Further intimation from the Government of India is now being awaited.

Lack of communications in Malda and West Dinajpur districts

*48. (SHORT NOTICE.) **Janab COLAM HAMIDUR RAHMAN:** Will the Hon'ble Minister in charge of the Works and Buildings Department be pleased to state—

(*a*) whether the Government are aware of the difficulties the people of Malda and West Dinajpur are put to because of lack of communications in these two districts;

(*b*) if so, whether the Government are taking any steps to have a good system of communications in these two districts; and

(*c*) if the reply to the above is in the affirmative, what progress has been achieved up to date?

The Hon'ble Sri BIMAL CHANDRA SINHA: (*a*) Yes.

(*b*) Yes. This Government have been trying to establish communications in these two districts (*i*) by air, (*ii*) by road and (*iii*) by railway.

(*i*) *Air service.*—Air service is now running between Balurghat and Calcutta. This Government have constructed and improved an aerodrome for this purpose near Balurghat town. An approach road between the aerodrome and the town has also been constructed for this purpose. The total expenditure incurred on the aerodrome and its approach road up to 31st March, 1950, was Rs.2,15,370. A further sum of Rs.6 lakhs was also provided during the current financial year for the improvement of the aerodrome and the approach road.

(*ii*) *Roads.*—National Highway No. 34, connecting Calcutta and Siliguri *via* Raghunathganj, Dhulian, Malda and Raiganj crossing the Ganges at Dhulian by a power ferry, provides an arterial road traversing the western parts of Malda and West Dinajpur districts from south to north. Gazole-Bansihari-Balurghat State Highway, which is now being constructed as a Priority I border road, will connect the eastern parts of these two districts with National Highway No. 34 passing through Gazole. A branch of this road connecting the railway stations at Raiganj and Kaliaganj will open up access to the east-west railway line running between Katihar and Kaliaganj through Raiganj.

A number of district roads have also been included in the short-term road development plan of this department, viz., Malda-Manikchak-Sadarghat Road with a ferry-crossing at Manikchak; Gazole-Bamongola Road; Bulbulchandi-Habibpur Road and Patirampur-Kumagranj Road. A few village roads are also being improved, namely, the Gangarampur-Tapan Road and diversions of district board roads Nos. 5 and 68.

As all the navigable rivers in this region flow into the Padma in Pakistan, transportation by boats has become impossible. A number of bridges have been planned for construction to provide road communication across river channels:—

(1) A boat bridge over the Mahananda near Malda;

(2) A major bridge over Behula near Malda; and

(3) Nine major bridges over Tangon, Harisako, Pithali, Bramhani, Purnabhaba, Atrai, etc.

The construction of the boat bridge over the Mahananda near Malda has already been completed and opened to traffic. Work on these bridges has already begun.

(*iii*) *Railways.*—Please see my reply to the Short Notice Starred Question No. 47.

(*c*) *Calcutta-Siliguri National Highway.*—Work on the National Highway section from Khejuriaghat to Gazole in the Malda district and also from Raghunathganj to Dhulian in the Murshidabad district and from Raiganj to Bihar border in the district of West Dinajpur is now in progress. The road from Khejuriaghat to Malda is negotiable now in fair weather and a power ferry has been established for the crossing of the Ganga between Dhulian and Khejuriaghat.

Gazole-Balurghat State Highway and Banshihari-Raiganj Road.—Survey of the entire section from Gazole to Balurghat has been completed. Necessary lands have also been acquired for 36 miles of the road and earthwork has been completed on all portions. Earthwork has also been completed on the Kaliaganj-Bansihari section of Bansihari-Kaliaganj-Raiganj Road. Single soling, 8 feet, has been laid from Patiram to Kaliaganj about 45 miles.

Patirampur-Kumarganj Road.—Survey has been completed on Patirampur-Kumarganj Road. Ninety-five per cent. of the earthwork has been completed.

Malda-Bamongola O.D.R.—Survey completed and 70 per cent. earthwork done.

Bulbulchandi-Habibpur O.D.R.—Survey completed. Earthwork is also being done.

Englishbazar-Manikchak-Sadarghat O.D.R.—Survey completed and earthwork has been completed. Brick burning for soling is in progress.

Diversion of D. B. roads Nos. 5 and 68 in West Dinajpur.—Survey completed.

Gangarampur-Tapan V. *R.*—Survey completed.

Janab GOLAM HAMIDUR RAHMAN: Is the Hon'ble Minister aware that air service was postponed for some time?

The Hon'ble BIMAL CHANDRA SINHA: Yes; I am aware of that. That was because of the improvements that were being effected. I have got information that the aerodrome has opened now.

Janab GOLAM HAMIDUR RAHMAN: With reference to answer (*b*) will the Hon'ble Minister consider the desirability of issuing instructions to the departments concerned to expedite the work as early as possible?

The Hon'ble BIMAL CHANDRA SINHA: I can assure the honourable member and the House that the road work between the two districts has been given the highest priority; and I can assure the honourable member further that no effort will be spared to expedite the work as far as possible.

Shaikh MOHAMAD RAFIQUE: Is the Hon'ble Minister aware that the reply to the short-notice question is more comprehensive than the reply usually given to the long-notice questions?

The Hon'ble BIMAL CHANDRA SINHA: Well, the length of those questions generally cuts out the length of the reply.

Mr. SPEAKER: Questions over.

DEMANDS FOR GRANTS.

XVII—Irrigation, etc.

Sj. HARIPADA CHATTERJEE: Sir, I beg to move that the demand of Rs. 10,04,36,000 for expenditure under Grant No. 10, Major Heads XVII —Irrigation, etc., be reduced by Rs. 100.

I move this to raise a discussion about the policy of the Government.

Sj. PRAMATHA NATH BANDYOPADHYAY: Sir, I beg to move that the demand of Rs. 10,04,36,000 for expenditure under Grant No. 10, Major Heads XVII—Irrigation, etc., be reduced by Rs. 100.

I move this to raise a discussion about Minor Irrigation Schemes.

Sj. CHARU CHANDRA BHANDARI: Sir, I beg to move that the demand of Rs. 10,04,36,000 for expenditure under Grant No. 10, Major Heads XVII—Irrigation, etc., be reduced by Rs. 100.

I move this to raise a discussion about the failure of the Government to adopt adequate measures for the proper drainage of the water-logged areas of the Sonarpur and Baruipur thanas of the 24-Parganas district.

Sir, I also beg to move that the demand of Rs. 10,04,36,000 for expenditure under Grant No. 10, Major Heads XVII—Irrigation, etc., be reduced by Rs. 100.

I move this to raise a discussion about the failure of the Government to take adequate steps and provide for the proper maintenance of the embankments of abads in the Sundarbans area (24-Parganas district).

Sir, I further beg to move that the demand of Rs. 10,04,36,000 for expenditure under Grant No. 10, Major Heads XVII—Irrigation, etc., be reduced by Rs. 100.

I move this to raise a discussion about the failure of the Government to provide sluice gates for drainage—

(1) at the mouth of the "Jhikra Khal" at the 88th mile of the Government embankment in the Diamond Harbour subdivision of the 24-Parganas district, and

(2) at the mouth of the tidal khal in lot No. 8 of the Kakdwip thana of the Diamond Harbour subdivision (24-Parganas).

Janab MUDASSIR HOSSAIN: Sir, I beg to move that the demand of Rs. 10,04,36,000 for expenditure under Grant No. 10, Major Heads XVII—Irrigation—Working Expenses, 18—Other Revenue expenditure financed from Ordinary Revenues, 68—Construction of Irrigation, Navigation, Embankment and Drainage Works, 80A—Capital Outlay on Multipurpose River Schemes, be reduced by Rs. 100.

I move this to raise a discussion about inefficiency of the department and the failure to take up minor schemes for all-round developments.

Sj. KANAI LAL DE: Sir, I beg to move that the demand of Rs. 10,04,36,000 for expenditure under Grant No. 10, Major Heads XVII—Irrigation, etc., be reduced by Rs. 100.

I move this to raise a discussion about the unsatisfactory state of progress of the Irrigation projects, specially of small Irrigation projects in the district of Bankura.

Sir, I also beg to move that the demand of Rs. 10,04,36,000 for expenditure under Grant No. 10, Major Heads XVII—Irrigation, etc., be reduced by Rs. 100.

I move this to raise a discussion about the general policy of the Government with special reference to rural areas.

Sj. HARIPADA CHATTERJEE : মাননীয় সভাপাল মহাশয়, সময় কম, অল্প করেই দু'একটা কথা বলব। কাল আমাদের সেচমন্ত্রীমহাশয় গঙ্গা বারাজ সম্বন্ধে অনেক কথা বলেছেন। শুনতে খুব ভালই লেগেছে। বাস্তবিক, যদি গঙ্গা বারাজ করা হয়, তার থেকে ভাল কাজ আর কিছু হবে না। তবে জিনিষটা বাস্তব কি অবাস্তব সেইটেই আসল কথা। হিমালয় পাহাড়টাকে অন্যত্র কেটে সরিয়ে দিতে পারলে হয়ত ভালই হত কিন্তু তা সম্ভব কিনা সেইটেই দেখতে হবে। এই গঙ্গা বারাজের কথা শুনতে যেমন, কাজে বর্ত্তাতে পারলে আরো ভাল লাগতো। তবে জিনিষটাকে সমালোচকের দৃষ্টিতে দেখতে গেলে, গঙ্গায় যে জল প্রবাহিত হয় সেটা মিসিসিপি নদীর সমান। আমেরিকানরা ৫০ বছর ধরে চেষ্টা করে সেটাকে না পেরে tributaryগুলিকে আগে আয়ত্বে আনার চেষ্টা করেছে। আমেরিকার পক্ষে সম্ভব হয় নাই ঐ মিসিসিপি control করা। প্রথমে টেনিসি valley এবং কিছু কিছু যেসব tributary ওহিও, মিসাওরি, আরাকানা ইত্যাদি আগে বেঁধে

নিয়ে মূল জলস্রোত control করবার চেষ্টা করেছে। সুতরাং আমাদের আগে দেখতে হবে কি অনুপাতে জল প্রবাহিত হয়। মিসিসিপির সমান প্রবাহিত যদি গঙ্গায় হয়—Ganges carry two million cusec highest flood level, আর minimum 50 thousand cusecs. ঠিক মিসিসিপিও সেই সমান জল carry করে। মিসিসিপিতে destructive flood ঘটে তাই আমেরিকানরা ৫০ বৎসর ধরে অনেক চেষ্টা করেও তাকে বাঁধতে না পেরে শেষটায় Tennessey Valley Scheme করে। আমাদের গঙ্গা যদি বাঁধতে না পারেন তার tributary বাঁধার চেষ্টা করুন। যমুনা, গাণ্ডকি, কোশী, মহানন্দা এইগুলি যদি বেঁধে নেওয়া যায় তাহলে গঙ্গা বা পদ্মার জল কমিয়ে আনা যাবে, তখন এই সব বড় নদী বাঁধতে সহজসাধ্য হবে। কোশী কি বিভৎসতার সৃষ্টি করেছে বিহারে বন্যার দ্বারা তা আপনারা জানেন। সুতরাং এই জিনিষগুলি মনে রাখতে হবে। আমি মনে করি এই সমস্ত জাতিগঠনমূলক কাজ কেন্দ্র থেকে হাতে নিয়ে ভাল করে করা উচিত। নতুবা provinceএ provinceএ ঝগড়া হবে। যেমন দামোদর scheme সম্বন্ধে এরা বলবে যে আমাদের বেশী লাভ হবে না এবং ওরা বলবে ওদের বেশী লাভ হবে না।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: ওরা কারা?

Sj. HARIPADA CHATTERJEE: ওরা, বিহারের কথা বলছি। এসব ঝগড়া যাতে না হয় Central Government থেকে সব জিনিষ যদি করা হয় তাহলে ভাল হবে। কলকাতা সহর বিপন্ন এটা সত্য কথা, কাজেই দামোদর Scheme ভাল করে করা চাই। দামোদর Scheme যদি ভাল করে করা হয় এবং মিষ্টি জলের স্রোত যদি কলকাতার উত্তরে এনে ফেলা যায় আমার মনে হয় কলিকাতা সহরকে বাঁচান যাবে। সুতরাং সর্বাগ্রে আমার মনে হয় দামোদর Scheme ভাল করে করা দরকার। অবশ্য এ কেতাব পড়লে বিশেষ কিছু বুঝা যায় না; কিন্তু একটা জিনিষ লক্ষ্য করেছি Dr. Morgan যা বলেছেন এবং Dr. Meghnath Saha যা বলেছেন তা একই কথা। Science and culture কিছু কিছু আগে থেকে চর্চা করতাম কাজেই এ সম্বন্ধে তাদের যেসব প্রবন্ধ বেরিয়েছে তা পড়ে দেখেছি তা একই ব্যাপার। Dr. Morgan Tennessey Valley Corporationএর প্রথম Chairman ছিলেন, তিনি Damodar Valley Scheme examine করে যে চিঠি দিয়েছেন এখানে তার কথা যদি প্রকাশ করেন তাহলে ভাল হয়। যেখানে কাজ হয় সেখানেই অফিস হওয়া দরকার। সমস্ত office এমন কি Commissioners এবং Secretariesও এক জায়গায় কেন্দ্রীভূত হওয়া দরকার—হয় আসানসোলে নয় ধানবাদে। তা না হয়ে যদি Commissioners রইলেন কলকাতায় Engineersদের কতক রইলেন বাঁচীতে কতক হাজারিবাগে আর কতক Maithanএ তাতে কাজ ভাল হতে পারে না।

Mississipiতে ধ্বংসাত্মক বন্যা হয়। পঞ্চাশ বছর চেষ্টা করেও আমেরিকানরা সেই বন্যা control করতে পারেনি। তারা চেষ্টা করছে Mississipi control করতে, Mississipi tributaries, যথা Ohio, Tennessey, Missouri, Arakanas Red river প্রভৃতি control করে। সুতরাং Ganges Barrage এটা অসম্ভব হবে যদি তার tributaries, যথা, যমুনা, সরযূ, গোমতী, শোন, গাণ্ডাল, কোশী, মহানন্দা প্রভৃতি control করা না যায়। এ না করলে কোন Governmentএর পক্ষে Centralই হোক আর প্রাদেশিকই হোক Gangesকে control করা সম্ভব হবে না। সুতরাং Ganges Barrage সম্বন্ধে যে সমস্ত বড় বড় কথা বলা হচ্ছে, সে সমস্তই আকাশকুসুম কল্পনা। যদি দামোদরের সমস্ত বাঁধগুলি নির্মিত হয় এবং কলিকাতার উত্তরে প্রস্তাবিত canal হইতে জল আনার ব্যবস্থা করা হয়; তাহলে ভাগীরথীতে প্রচুর পরিমাণে জল পাওয়া যাবে এবং সে জল অপেক্ষাকৃত কম লবনাক্ত হবে। এরকমে আমরা প্রায় 8,000 cusecs মিষ্টি জলের স্রোত আমরা পাব।

সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয় এবিষয়ে আসল কথা বুঝতে পাচ্ছেন কি না জানি না আমি তাঁকে বিবেচনা করতে বলি, যে তিনি যেন আমার কথাগুলি বিশেষভাবে অনুধাবন করে দেখেন। এই schemeটা Central Government দ্বারাই কেবল মাত্র করা উচিত। এর যে advisory board থাকবে তারা policyটা নির্দ্ধারণ করবে এবং scrutinyর পর সমস্ত scheme sanction করবে। তারপর এই whole schemeএর জন্য দায়ী থাকবেন একজন Chief Engineer.

SJ. ANNADA PROSAD CHOUDHURY : মাননীয় স্পীকার মহাশয়, কাল Irrigation বাজেট উপস্থিত করতে গিয়ে মাননীয় মন্ত্রী ভূপতি মজুমদার মহাশয় যেসব কথা বলেছেন সে বিষয়ে মূলগত মতদ্বৈধ কারও থাকতে পারে না। বাংলা দেশে বিশেষ করে পশ্চিম বাংলায়, জলসেচ দিয়ে শস্য ফলাবার সমস্যা আছে, আবার কতক নীচু জায়গা আছে যেখানে জল-নিকাশের সমস্যাও আছে। এজন্য সরকারের কাছে আজ বা এর পূর্বে যে কোন পরিকল্পনার অভাব ছিল তা নয়। পরিকল্পনা তৈরী আছে, কিন্তু দুঃখের বিষয় আমাদের যখন সেই পরিকল্পনাকে তাড়াতাড়ি কাজে রূপায়িত করা উচিত ছিল তা সম্ভবপর হয়নি। তাই পরিকল্পনা যে কয়টি আছে তার মধ্যে কয়েকটিকে বাদ দিয়ে প্রধান প্রধান কয়েকটি নিয়ে যদি তাড়াতাড়ি সেখানে কাজে রূপ দেওয়া যায়, তবেই কাজ খুব ভাল হবে। এবং দুই-একটি ভাল করতে পারলে তার ফল চারিদিকে সংক্রামিত হবে এবং অন্য কাজ বা নূতন কাজ করা সহজ হবে। তাই আমি এখানে কয়েকটি ছোট ছোট জলনিকাশের পরিকল্পনা সম্বন্ধে কিছু বলবো। তার মধ্যে আমি যে মহকুমার অধিবাসী সেখানে দুটি সমস্যা আছে। এক হচ্ছে জলনিকাশের সমস্যা আর আছে জলসেচনের সমস্যা। জলনিকাশের সমস্যা দাশপুর থানার প্রধান সমস্যা। আমাদের সেখানে পুরাণো কয়েকটি খাল ছিল, সেই খালের মুখে কপাটকল তৈরী করার কথা, সেই বিষয়ে ১৯৪৯ সাল থেকে মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করে আসছি--সেখানে sluice gate সম্বন্ধে। সেখানে চন্দ্রেশ্বর বলে একটা বড় খাল আছে দাশপুরে। সেই খাল দুইভাগে ভাগ করার পরিকল্পনা হয়েছে। খালের নীচের দিকে কাটার কাজ হয়েছে। কিন্তু জল বেরিয়ে যাবার জন্য sluice gate তৈরী হয় নাই। সুতরাং সেখানে যে মাটি কাটা হল এক বছরে তা আবার বর্ষাকাল খালে পড়ে ভরে গেল। তারপর পরের বছরে কাজ হাতে নেওয়া হল, জানি না সেই কাজ এখনও সম্পূর্ণ হয়েছে কিনা। ৪ঠা আগষ্ট ১৯৪৯ সালে মন্ত্রী মহাশয় লিখলেন--এ বৎসর চন্দ্রেশ্বর খালের কপাটকল করা হবে বর্ষা আসার পূর্বে। কিন্তু বর্ষার পরেও অনেক চেষ্টায় তা করা সম্ভব হয়নি। জিজ্ঞাসা করে জানা গেল খননকার্য্য আগামী ডিসেম্বর মাসে করা হবে তারপর যখন লেখা হল ১৯৫০ সালের আগষ্টে তিনি জানালেন, এটা দামোদরের মত বড় project নয়। কয়েক হাজার টাকায় একটা sluice gate তৈরী করা যায়। দু'বছর কেটে গেলে এখন কি হয়েছে জানি না। আরও দু-তিনটি খাল কাটানোর কথা বলেছিলাম। সেগুলিতে ৫০ হাজার হতে লক্ষ টাকা খরচ হওয়ার সম্ভাবনা। সেগুলির কি হচ্ছে জানি না। তারপর কাটানের কপাটকল নির্মাণ ও ডোমরাই খাল খনন বিষয়ে আমি বলেছিলাম সেগুলির কি হল জানি না। কাটানের sluice gate তৈরী করা হলে ১৮টি গ্রামে জলসেচের সুবিধা হবে। সেদিকে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই সব কাজ তাড়াতাড়ি সম্পন্ন করতে হলে সেচ বিভাগের বর্ষ গণনায় কিছু পরিবর্তন হওয়া দরকার। বর্তমানে মার্চ মাসে বাজেট পাশ হবার পর tender আহ্বান করে কাজ আরম্ভ হওয়ার পূর্বে বর্ষা নামে এবং বর্ষা শেষ হবার পর আবার revised estimateএর জন্য নূতনভাবে খরচ কমাবার পরিকল্পনা চাওয়া হয়। ফলে কাজ আরম্ভ না হতেই আবার নিষ্ক্রিয়তা এসে পড়ে। সেজন্য আমি মনে করি, সেচ বিভাগে বর্ষ গণনা বর্ষার পর হতে আরম্ভ করা উচিত। Financial year যদি August মাস, July মাস, থেকে আরম্ভ করা হয় তাহলে সেচ কাজের অনেক সুবিধা হয়। তাই Governmentএর কাছে অনুরোধ জানাচ্ছি--এই রকমের ছোট ছোট পরিকল্পনা তাড়াতাড়ি কাজে পরিণত করার ব্যবস্থা থাকা উচিত যে সমস্ত বিষয়ে বাধা আছে red-tapism--সেগুলি না থাকলে এ সমস্ত কাজ সহজে হতে পারে। তারপরে Irrigation budgetএর মধ্যে এই সমস্ত কাজের অসুবিধার কথা বলতে গিয়ে মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে যেখানে তিনি জনসাধারণের সাহায্য পান না, এবং যেখানে দরকারমত মজুরও পাওয়া যায় না। কিন্তু এটা মোটেই ঠিক নয়, কারণ আমি জানি ঝাড়গ্রাম ও সিংভূম থেকে বহু সাঁওতাল মজুর সেখানে কাজ করতে আসে। সুতরাং, সেই সমস্ত লোক যখন কাজ করতে আসে, তখন তাদের কিভাবে কাজে লাগান যায় তার জন্য এক সুনির্দ্দিষ্ট পন্থা থাকা উচিত।

একটা উদাহরণ দিচ্ছি দাশপুর ও শ্যামগঞ্জ এলাকায় প্রায় তিন-চারশো সাঁওতাল ওখানে কাজ করতে আসে। সেখানে তারা ভাত পচিয়ে পচুই খাবারএর বন্দোবস্ত করে, তার ফলে আবগারী বিভাগের অফিসাররা সেখানে গিয়ে তাদের ধরপাকড় করে এবং কিছু fineও আদায় করা হয়। তার ফলে সেখানে যে সমস্ত মজুররা কাজ করতে এসেছিল তারা সব চলে গেল। সুতরাং গভণমেণ্টের এ বিষয়ে একটু practical দৃষ্টিভঙ্গি দিয়ে কাজ করা উচিত। যদিও তারা একটু বেআইনী কাজ করেছে কিন্তু তাদের সেই বেআইনী কাজ

সহানুভূতির সহিত দেখে, তাদের বুঝিয়ে, যাতে তাদের সেখানে রেখে কাজে নিয়োগ করা যায় তার ব্যবস্থা করা উচিত ছিল। কারণ, সেখানে স্থানীয় মজুরের খুব অভাব। বিশেষ করে সেই চন্দ্রকনী থানায়, গত ৬০ বছর ম্যালেরিয়ায় ভুগে প্রায় শতকরা ৭০জন লোক যারা গিয়েছে, সেখানে জনবসতি বেশী নেই এবং মজুর পাওয়া আরও কষ্টকর ব্যাপার। সেই জন্য যারা বাইরে থেকে এসেছিল তাদের পুনরায় আনবার ব্যবস্থা করা হোক, এবং তাদের সঙ্গে সহানুভূতিসূচক ব্যবহার করে তাদের রেখে যদি কাজ উদ্ধার করে নেবার জন্য ব্যবস্থা হয়, তবেই এই সব অসুবিধা দূর হতে পারে।

তারপর আমাদের Multipurpose Irrigation Project সম্বন্ধে উনি অনেক কথা বলেছেন। Ganga Barrage সম্বন্ধে আমি কিছু বলতে চাই না, কারণ আমার বন্ধু হরিপদবাবু এ বিষয়ে অনেক কিছু বলেছেন। আমি কেবল দামোদর ভ্যালী project সম্বন্ধে কিছু বলতে চাই।

দামোদর ভ্যালী প্রযেক্টএর কাজ যেভাবে আরম্ভ করা হয়েছে, সেটা যদি ঠিক ঠিকভাবে এবং তাড়াতাড়ি করে কাজে পরিণত করা যায় তাহলে পশ্চিম বাংলার ভাগ্য ফিরে যেতে পারে। শুধু যে প্রচুর শস্য ফলবে তা নয়, এর দ্বারা যে electricity উৎপন্ন হবে, তার দ্বারা পশ্চিম বাংলায় বিভিন্ন স্থানে নানারকম শিল্পের উন্নতি ও প্রচলন হতে পারবে। কিন্তু দেখতে পাচ্ছি ভারত গভর্ণমেণ্টের চাপে পড়ে, এই কাজ যে ভাবে অগ্রসর হওয়া উচিত ছিল তা হচ্ছে না।

একটা উদাহরণ দিয়ে বলছি এই Damodar Valley Projectএ কাজ করবার জন্য উপযুক্ত engineer নেই বলে America থেকে অনেক বেশী মাইনে দিয়ে expert technician, engineer আনা হয়েছে, যাঁরা এই সমস্ত কাজ করেন; এবং তাঁরা এখানে এসে একটা schemeও করেছেন সেই scheme আবার scrutinise করবার জন্য, যাঁরা তাঁদের চেয়ে অনেক অনভিজ্ঞ, বা সমভিজ্ঞতাসম্পন্ন নন্ এইরকম বাংলা, বিহার ও Central Governmentএর engineerদের কাছে পাঠান হয় এবং সেখানে বহুদিন ধরে এই schemeগুলি আটকে পড়ে থাকে। যাঁদের কাছে এই সমস্ত scheme scrutinise করবার জন্য পাঠান হয়েছে, তারা যে কিভাবে scrutinise করবেন সে বিষয়ে সন্দেহ আছে। কারণ তাঁরা যদি উপযুক্ত scrutiniser হতেন তাহলে তাঁরা নিজেরাই ত এই সমস্ত scheme প্রস্তুত করতে পারতেন। কিন্তু সেই সব scheme তাঁরা নিজেরা করতে পারবেন না বলেই America থেকে expert engineer আনা হয়েছে। কিন্তু তাঁরা যে estimate করে দিলেন সেটা তাদের চেয়ে less expert engineer দিয়ে scrutinise করতে যাওয়ার মানে, এতে যে essential জিনিষ হচ্ছে speed, সেই speed ব্যাহত হয় এবং কাজ এগুতে পারে না। ধরুন দিল্লীতে একটা conference হয়েছিল, যাতে বিভিন্ন প্রদেশের লোকেরা এবং বিশেষজ্ঞেরা সেখানে উপস্থিত হয়ে স্থির করলেন এবং India Governmentএর যারা এবিষয়ের পরামর্শদাতা তাঁরা বললেন এই Mython ও Panchet Hillsএর কাজ দুটোই তাড়াতাড়ি করা উচিত। এবং কার্য্যক্ষেত্রে দেখা যাচ্ছে যদিও তাদের বলে দেওয়া হয়েছে যে এই দুটো কাজ আগে করা উচিত, কিন্তু তা তাঁরা করলেন না, বলা হচ্ছে আপনারা সমস্ত পরিকল্পনাকে তৈরী করে পাঠান। তারপরে এই তিনটি প্রদেশের engineer ও technician, তাঁরা তাকে বিচার করে sanction দেবেন। সেই sanction দিতে দিতে হয়ত বর্ষাকাল এসে পড়বে এবং বর্ষা আসলে পরে কাজ করবার season পার হয়ে যাবে।

এই জায়গার পরিকল্পনার কথা ভূপতিবাবু আরও ভাল করে বলতে পারবেন।

Panchet Hillএর এক জায়গার জল একটা tunnelএর মধ্যে দিয়ে pass করে বা বের করে electricity generate করবার কথা। এবং সেই পরিকল্পনার Canalটা এ বৎসর কাটবার কথা। টাকাও মঞ্জুর করা হয়েছে। সুতরাং যদি এই Canal একটু তাড়াতাড়ি, বর্ষার আগেই, শুকনোর দিনে কেটে ফেলা যায় ও তার মধ্যে দিয়ে জল নিষ্কাষণের ব্যবস্থা করা যায় তাহ'লে Canalএর মাটি কাটা খুব সহজ হতে পারবে এবং কম খরচে হতে পারবে। এবং বর্ষার জল আসবার আগেই হয়ত তা কেটে শেষ করে দেওয়া যেতে পারে। কিন্তু এই সমস্ত বিশেষজ্ঞদের বিচার-বিবেচনার কাজ যদি বর্ষাকালের আগে শেষ করা না যায় তাহলে এক বৎসর এই কাজ পিছিয়ে যাবে; এবং শুধু যে এক বৎসর এই কাজ পিছিয়ে

যাবে তা নয়, এই কাজের জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছে তার চেয়েও আরও বেশী টাকা লাগতে পারে। আমরা আগে estimate দেখেছিলাম যে ১৭ কোটি টাকা এর জন্য ধরা হয়েছিল কিন্তু এখন শুনতে পাচ্ছি যে প্রায় ৩৬ কোটি টাকা এই পরিকল্পনার জন্যই লাগবে। এই যে প্রায় ১৯ কোটি টাকা বেশী লাগবে তার মধ্যে প্রায় ৯ কোটি টাকা বেশী খাচ লাগছে জিনিষপত্র দেরীতে order দেওয়ার ফলে। তাই আমি সেচ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীমহাশয়কে অনুরোধ জানাবো যে তিনি যত জোর দিয়ে পারেন, যাতে ভারত গভর্ণমেণ্টের কাছ থেকে এই ব্যবস্থা করিয়ে নেন, এবং যদি করিয়ে নিতে পারেন তা'হলে খুব ভাল হয়। তিনি যে ৬ কোটি টাকা ধার নিচ্ছেন, এই ধারের টাকার জন্য তাঁরা সুদ চাইবেন কিনা জানি না। হয়ত তাঁরা বলবেন হাঁ, আমরা বৎসরের পর বৎসর ধরে সুদ দিতে থাকব। কারন আমি জানি উড়িষ্যায় যে canal খনন করা হয়েছিল, তার জন্য টাকা ধার করা হয়েছে এবং বহু বছর ধরে সেই ধার করা টাকার জন্য সুদ দিয়ে আসছে। International Monetary Fund থেকে এই business projectএর জন্য টাকা দেওয়া হচ্ছে। আমরা business project করি বটে, এবং Damodor Valley State Tradingএর বইয়ের ভিতর একটা balance sheet দেখলাম, তাই বলছি এই business project-এর জন্য যদি আমরাই পশ্চিমবাংলা সরকারের পক্ষে আরও বেশী পরিমাণ টাকা ধার করতে পারি তাহলে শত বাধাবিঘ্ন থাকা সত্ত্বেও, আমরা এই কাজটা নির্দ্বিবাদে খুব তাড়াতাড়ি শেষ করতে পারব। আর একটা জিনিষ, সত্য কিনা জানি না, সেই পরিকল্পনার জন্য যে টাকা ধার নেওয়া হয়েছে এর জন্য সুদ দিতে হবে এবং যতদিন পর্য্যন্ত এই পরিকল্পনা কাজে পরিণত না হয়, ততদিন এই সুদ চক্রবৃদ্ধি আকারে মূলধনে পরিণত হবে। যদি এই অবস্থা হতে থাকে তাহলে ভারত সরকারের কাছে জানিয়ে এর আশু প্রতিকার করা উচিত।

Development করবার জন্য যে টাকা ধার দেওয়া হয়েছে সেই টাকা খাদ্যশস্য Development কাজে ব্যয় হলে পরে আমরা অধিক খাদ্যশস্য ও ফসল উৎপাদন করতে সমর্থ হব এবং ভারতের বাইরে থেকে খাদ্যদ্রব্য আনা বন্ধ হবে। কারণ আমরা শুনেছি food is the first priority একে war footing দেওয়া হচ্ছে, এর জন্য Provincial Governmentকে যদি টাকা ধার দিয়ে থাকেন তাহলে তার সুদ যে চক্রবৃদ্ধি হারে বৎসরের পর বৎসর মূলধনে পরিণত হবে, এ জিনিষ কিছুতেই হতে পারে না। সুতরাং এই জিনিষের প্রতিকার যে রকমে হোক তার ব্যবস্থা করুন।

Mr. SPEAKER: There is one request I would make to the speakers. You have got three demands to be disposed of today, namely, Irrigation, Other Taxes and General Administration. From 3-30 to 7 p.m. it is three and half hours. Questions have taken about 15 minutes; the rest of the time is to be devoted to the discussion of these subjects. Therefore the time is short, and I would request the honourable speakers to be brief.

Sj. DEBENDRA NATH SEN: Mr. Speaker, Sir, I listened with great interest yesterday to the Hon'ble Minister's speech as he was developing and unfolding the scheme for Irrigation in West Bengal. We felt touched by the same and truly exercised that Bengal would be brought to ruin if the river system of Bengal is not safe from the gradual deterioration that is setting in, and darkness will fall. The schemes were all right, but the achievements which he has promised us failed to create enthusiasm in our hearts. We felt more sorry because according to him still greater achievements will not be possible because of certain difficulties which he has mentioned. I shall deal with the difficulties one by one, but before doing so I would like to bring through you, Sir, to the notice of this Assembly that certain vital aspects of these irrigation schemes, particularly this Damodar Valley Scheme, have not been dealt with sufficiently in his statement. Firstly, with regard to the composition and function of the Damodar Valley Corporation, as far as our knowledge goes, Bengal pays the most, Bihar enjoys the greatest benefit, and the Centre is the final authority. This is the character of this Corporation; Bengal will have to pay the most. This time in the Central budget the quota for Bengal has been fixed at 52

per cent. Therefore, how is the composition going to be made, how far the interest of Bengal has been secured there and whether the money that it will contribute will be spent properly, that has got to be seen. We would have been glad if the Hon'ble Minister, instead of indulging in sentimentalism—which we liked nevertheless—had given us these hard facts. I would like to say that it has been the experience of West Bengal that her interest is never safe in the hands of outsiders, even though that outsider be the Central Government. Therefore, I would request the Hon'ble Minister to be very particular on this point and to give us more light as to how our money is being spent, through whom and how is the interest of Bengal being safeguarded. I have said, Sir, that Bihar will be the greatest beneficiary. As days go on, it is becoming clear that the Corporation is deviating gradually from the main purpose of this scheme. Originally, the main purpose was irrigation and flood control, but now the central purpose seems to be generation of electricity, and the main centre of generation of electricity will be at Bokhara in Bihar, and Bihar will be the greatest beneficiary. It is not that we will not get any benefit of electricity. Certainly Bengal will get some benefit, but it will not be the greatest beneficiary from that point of view; and I raise this question here for this reason also. I have read the correspondence that has passed between the Premier of Bihar and the Prime Minister of India with regard to our Mor scheme. Bihar had refused to co-operate; Bihar had refused to pay simply because by the Mor scheme Bengal will be the greatest beneficiary, and furthermore this is the apprehension of Bihar that if the Mor scheme becomes successful, perhaps Bengal will have a claim on the neighbouring villages which belong to Bihar. So Bihar is raising protests. May be she is correct; may be she is not. But she is doing her duty. I wish that our Minister will look to the interest of Bengal from this point of view. I would also like the Minister for Irrigation to give us some idea as to the future of our scheme. I would ask him to remember the controversy that arose over this scheme some time ago. It was said that it is not worthwhile to spend so much money on such a scheme which may not bring any benefit after 50 years. Four dams will be created. The rivers concerned which carry the greatest amount of silt are in Bengal. So, there is possibility of danger if these rivers be silted up. It may be that after 50 years Bengal will not get any benefit. On the other hand, the whole topography of Bengal will be changed much to her disadvantage. So, we should not do anything which will lead our future generation to any possible danger. That is an aspect of the problem which I would request the Hon'ble Minister to look into.

The Hon'ble BHUPATI MAJUMDAR: Are you touching Mayurakshi or the Damodar?

Sj. DEBENDRA NATH SEN: It is the Damodar that I am speaking of. Now, there is another aspect of the problem on which the Hon'ble Minister has not given us any light. There is an attempt going on from other sources to sabotage this Damodar Valley project, and that attempt comes from an organisation known as C.W.I.N.C., *i.e.*, Central Water Works Irrigation Navigation Commission of which Mr. Khosla is the Chairman. I think the Hon'ble Minister has read in the Parliament the charges that have been brought against the Damodar Valley project. The charges are as follows:—

(1) The Estimate has been increased.

(2) Main purpose of the scheme, viz., irrigation and flood control, has been neglected and too much attention has been given to generation of power.

(3) Financial control has been inadequate as revealed in the Audit Report.

(4) Participating Governments have not been informed.

(5) Wastages and overhead costs have been very high.

Sir, this is a quotation from the *Modern Review* of March, 1951. There is another danger, Sir. There may be an attempt from that body, the C.W.I.N.C., to divert the money from the Damodar Valley Corporation to other purposes; and with that object in view various attempts have been made and will be made. I would request the Hon'ble Minister to look into that aspect of the problem.

I now come to the difficulties mentioned by the Hon'ble Minister yesterday. He said that our achievements could not be brighter for three wants—firstly, want of capital, secondly want of labour and, thirdly, want of co-operation.

Let us take the first one, namely, want of capital.

(At this stage the red light was lit.)

Mr. SPEAKER: Mr. Sen, I am very sorry, but your time is up.

Sj. DEBENDRA NATH SEN: Sir, I have not been able to finish.

Mr. SPEAKER: I will give you two minutes more.

Sj. DEBENDRA NATH SEN: I shall try to finish, Sir. First let us take want of capital. Is it our idea that capital for such developmental purposes should come from tax on the people? It has never been done in any part of the world. Such capital is brought otherwise. I do not mind having taxes upon people drawing higher incomes. That could be done; that can be done. For instance, we can have a tax on jute products, etc., and also confiscate 25 per cent. of all bank deposits. These are not fantastic ideas or suggestions. The Belgium Government did it by confiscating 25 per cent. of all bank deposits for purposes of their Development Schemes. So, for the purpose of capital, Government will have to look to taxes from people having higher incomes as also to other sources.

As to want of labour it is simply incredible because there is so much unemployment in Bengal, not only in the cities but also in the villages. Reports go to show that the number of landless labour is gradually increasing in every district of West Bengal. If even then labour is not forthcoming the reason must be otherwise; it is certainly not due to want of labour in those areas. If at all there be any real dearth of labour there are the Employment Exchanges that register every day a greater and greater number of people wanting employment in addition to those who have already been registered and for whom no jobs have been found. Cannot the Hon'ble Minister utilise this Employment Exchange to raise a regular land army who will be taken over to this village, that village or any other village where they are required for the purpose of such work. This can be very easily done. It is done in other countries and it can very easily be done in West Bengal.

As to want of co-operation, if there is want of co-operation, what is it due to? The Hon'ble Minister said yesterday it was due to group propaganda or party propaganda. We were astonished to hear it for I believe that no amount of propaganda can shadow the truth and kill the truth if the truth is that beneficial work is being done or will be done. If the people can feel that this will do them good, if the people can feel that the Government here is sincere, then, no amount of party propaganda or anti-propaganda can make them change their good opinion of the Government.

I therefore think that the Hon'ble Minister will give due consideration to my observations.

Sj. CHARU CHANDRA BHANDARI: মাননীয় স্পীকার মহাশয়, তিনটি বড় সেচ পরিকল্পনা পশ্চিমবঙ্গের জন্য করা হয়েছে। একটা দামোদর Valley Scheme, আর একটা ময়ূরাক্ষী Project এবং তার পরে হচ্ছে গঙ্গা বারাজ। Damodar Valley Scheme যদি কার্য্যকরী হয় তা হলে বর্দ্ধমান, বাঁকুড়া প্রভৃতি জেলা উপকৃত হবে। আর Mayurakshi Project যদি সফলকাম হয় তা হলে বীরভূম জেলা উপকৃত হবে। কিন্তু যে দক্ষিণ বাংলার সুন্দরবন, পিয়ালী, বিদ্যাধরী প্রায় যে মজে আছে তার ফলে কলকাতারই বা উপায় কি? এর একটা আশা ছিল যে Ganga Barrage Scheme যদি কার্য্যকরী করা হয় এবং সেটা যদি সফল হয় (A VOICE: যদি না হয়) আমাকে বলতে দিন তবে upland stream এসে যে ক্ষতি করে তার কি হবে (The Hon'ble BHUPATI MAJUMDER: সেতো হরিপদ বাবুই বলেছেন) হরিপদ বাবুও layman, আমিও layman, মন্ত্রীমহাশয়ও layman. তাঁর কাছে যদি expert report থাকে তা হলে সেটা আমাদের জানিয়ে দিন। Ganga Barrage করা হবে কিনা এবং হলে কতদিনে সফল হবে বলে দিন তাহলে আমাদের একটু স্বস্তি লাভ হয়। নইলে পিয়ালী, বিদ্যাধরী যে সব মজে আছে তার কোন আশা নাই। মন্ত্রীমহাশয় বলেছেন সুন্দরবনের যে বন্যা upland streamএর অভাবই একটা প্রধান কারণ। আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো তিনি যেন সে বিষয়ে আলোক দান করেন তাঁর উত্তর দান প্রসঙ্গে তারপর কতদিনে Ganga Barrage Scheme সফল হবে,—তাতে যদি বেশী দিন লাগে তা হলে মধ্যবর্ত্তী কালে আমরা দেশকে বাঁচিয়ে রাখবার জন্য কি করতে পারি? সব চেয়ে বড় সমস্যা হল পিয়ালি, বিদ্যাধরীর ব্যাপার। কলকাতায় যাঁরা থাকেন তাঁরা সকলেই জানেন পিয়ালি মজেছে upland streamএ। আর বিদ্যাধরী বন্ধ হয়েছে কলকাতা Corporationএর ময়লা জল নিষ্কাসনে। তার ফলে প্রায় ৬০ বর্গমাইল স্থান বিশেষভাবে আক্রান্ত, এবং ২০০ বর্গমাইল স্থান অল্প আক্রান্ত। তারপর এই যে ৬০ বর্গমাইল স্থানে বিদ্যাধরী যে divisionএর অন্তর্গত, ক্যানিং থানা, ভাঙ্গর থানা, টালিগঞ্জ থানা, জয়নগর থানা এই divisionএর অন্তর্গত। আর ২০০ বর্গমাইল স্থানে পিয়ালি, বিদ্যাধরী মজার জন্য ধান্য ত নষ্ট হয়েছেই, বর্ষার দিনে লোকের বাড়ী ঘর ডুবে যায় তারা perpetual floodএর মধ্যেই থাকে।

Sir, সরকার এতগুলি বড় পরিকল্পনাই শুধু নয় অন্যান্যভাবেও চেষ্টা করেছেন এই দেশের আশু কিছু উপকার করবার জন্য, বিশেষভাবে এক একটা খাল করেছেন। তারমধ্যে লেলুইন খাল নাম করা যায় যেটা ১৯৪৩ সালে সরকার খনন করেছেন; পিয়ালি করেছেন তাতে ৮।৯ লক্ষ টাকা ব্যয় করেছেন কিন্তু তা failure হয়েছে। তারপরে তাঁরা মধ্যবর্ত্তী কালের একটা plan করেছেন তার নাম Master plan, সেও যে কবে হবে জানি না। যেটুকু শোনা যায় তাতে যেভাবে খাল কাটছেন তার মুখে slopeএ electric installation করে তার দ্বারা pump করে জল পিয়ালি নদীতে ফেলতে চান, এটা সত্য কিনা। কয়েক মাইল কলকাতা থেকে গেলেই দেখতে পাবেন যেখানে শস্যশ্যামল ছিল সেখানে মাইল ছুড়ে শুধু ঘাসের জঙ্গল হয়ে আছে, মানুষ সেখান থেকে উঠে যাচ্ছে। যদি Ganga Barrage শীঘ্র সফলকাম না হয় তা হলে কি উপায় হবে মন্ত্রীমহাশয় যেন এ বিষয়ে আলোকপাত করেন। এবং আমরা জানতে চাই কি তাঁরা করতে চান। স্থানীয় লোকেরা যারা পারছে নিজেরাই খাল কেটে বা সরকারের আংশিক সাহায্য নিয়ে পুনরায় এই জমিগুলি উদ্ধার করতে চাইছে কিন্তু কোন বৈজ্ঞানিকের বা বিশেষজ্ঞের পরিচালনা না থাকায় সব জায়গায় তারা সফলকাম হতে পারছে না। Master plan যে তারা করেছেন তাতে শেষ পর্য্যন্ত pump করে জল নিকাষ করবার ব্যবস্থা করেছেন আর কোন উপায় না পেয়ে খাল কেটে। আমি একটা constructive suggestion মন্ত্রীমহাশয় ভূপতি বাবুকে দিতে পারি—

সুন্দরবনে যে কমিটি আছে তাতে expert engineer আছে। সেখানে মাইলের পর মাইল যে আছে তাতে pumping করে জল নিকাশ করুন। বড় পরিকল্পনাযত খাল না কেটেও ওখানে যে বড় canal আছে তার কাছাকাছি একটা set—৪০টি pumping machine বসান। বেশী টাকা খরচ করতে আমি বলছি না, ৪ লক্ষ টাকা initial expense করেন ৬০ বর্গমাইল যেটা সব চেয়ে বেশী affected পশ্চিম বাংলায়,—পিয়ালী, বিদ্যাধরী এ অঞ্চলটা বেশী আক্রান্ত। এই অঞ্চলের বাড়ী ঘর উঠে গেছে। এই ৬০ বর্গমাইল যে স্থান তা থেকে pump করে জল বার করতে হবে। এখন একটি পরিকল্পনা আছে, সেটা আমাদের

Governmentএর কাছে গিয়েছে। সেখানে খাল না কেটে ৪ লক্ষ টাকা ব্যয় করুন। গভর্ণমেণ্ট ইতিমধ্যে ৮।৯ লক্ষ টাকা ব্যয় করে পরীক্ষামূলকভাবে নষ্ট করছেন। Pumping করে জল একেবারে পিয়ালীতে এনে ফেলা যায়—এটা বিবেচনা করুন, পরিকল্পনা Governmentএর কাছে গেছে। এবং মন্ত্রীমহাশয় তাদের engineer দিয়ে এটা feasible কিনা চিন্তা করে দেখেন। এবং খাল না pump যাতে বসানো যায় সে চেষ্টা করেন। এত বড় একটা area ৬০ বর্গমাইল পড়ে থাকা ঠিক হচ্ছে না, আজ লোকের যখন এত দুঃখ কষ্ট। এটা করলে যে সহযোগিতা দরকার তা করবো। দ্বিতীয় কথা হচ্ছে এই যে সুন্দরবনের কথা। সেই সুন্দরবনের কথা মন্ত্রীমহাশয়কে বলছি—

(At this stage the blue light was lit.)

Mr. SPEAKER: I am sorry to say that I do not know how it is possible to manage if I have to give more time in this way to every member. As a matter of fact the time available has to be divided amongst the speakers who will each be allowed a certain time. So it becomes very difficult for me to manage if members thus exceed their allotted time and ask for more. I should request you therefore to concentrate your mind so that you can conclude your speech within your allotted time. It is now really one hour that you have spoken on the Irrigation Budget.

Dr. SURESH CHANDRA BANERJI: এজন্য আমরা বলেছিলাম যে এ সময়ের মধ্যে আলোচনা শেষ করা সম্ভব হবে না। যে কথা বলা হচ্ছে তাতে পুনরুক্তি মোটেই হচ্ছে না। আমাদের যদি বলার সুযোগ না দেন আমাদের প্রতি অন্যায় করা হয় এটা প্রথম থেকে বলে আসছি। আমাদের প্রতি অন্যায় করা হচ্ছে, আবার অনুরোধ করছি এত তাড়াতাড়ি করে বক্তৃতা বন্ধ করে দেবেন না।

Mr. SPEAKER: Dr. Banerjee, it is not in my hands. It is in your hands. It does not matter to me as to how long a member will speak but you must arrange your speakers so that the debate may be finished within the prescribed time-table. It is, I think, a matter for the House to decide.

Dr. P. C. GHOSE: Sir, it is never for the House to decide: it is for you to decide.

Mr. SPEAKER: With the consent of the party whips it is for the House to decide and arrange speakers accordingly. If it be a question of two or three hours sitting, certainly the House must see to it that the work is finished within the allotted time. The position is that the time for a day's sitting is from 3-30 p.m. to 7 p.m. and if we extend it up to 7-30 p.m. we have to finish by that time. But the way in which we are now proceeding will not enable us to finish all the items for the day by 7-30 p.m. Therefore it is for you to decide how and for what time the speakers from the different groups are to be allowed to speak.

Dr. SURESH CHANDRA BANERJI: মাননীয় স্পীকার মহোদয়—

Mr. SPEAKER: I do not want any more discussion on this point.

Dr. SURESH CHANDRA BANERJI: কালকে আমরা ৮।২০ মিঃ পর্য্যন্ত বলেছিলাম। আজও ৮।২০ মিঃ –

Mr. SPEAKER: I have no objection even if the House and the different parties are willing to sit up to any hour.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I understood that the time was fixed up after consultation with the two whips and I hope the two whips would so arrange that the work might be finished within the particular time.

Mr. SPEAKER: The general procedure which we want to follow is this that so much time is to be given to the opposition and so much time to the

Government. And it is for the opposition to see that they so select their speakers and the time to be given to each of them that they can finish within their allotted time. My difficulty is that the opposition now does not consist of one party but of different groups. Therefore each and every group has got to be given, if necessary, some time. Now it is for you to decide by agreement how much time you can give to each speaker in the opposition.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: The fact is that we here on this side have a large number of members but we prevent them from speaking although they are as intelligent as members on the other side. Now if every member wants to speak, surely we shall not get time and it will not be finished by the 31st March but may go up to 31st May. Therefore it is for the different parties on the two sides to find out who is going to speak so that each party can have a sufficient number of speakers and adequate time to speak within our time-table.

Sj. ANNADA PROSAD CHOUDHURY: আমাদের Leader of the House বলছেন, যদি প্রত্যেকে প্রত্যেক বিষয়ে বলতে চান তা হলে কি করে হবে? কিন্তু তাঁরা একদিনেই অনেক বড় বড় বিষয় নিয়ে আসছেন, যদি বলেন time-limitএর মধ্যে Assemblyর আলোচনা শেষ করতে হবে তা হলে time should be adjusted যাতে আমাদের যে সমস্ত grievance আছে আমরা বলতে পারি নতুবা subject গুলো কমিয়ে দিন।

Mr. SPEAKER: But at the same time there should be no doubt that there is a time limit and speakers on both sides have got to adjust according to the convenience of the parties within that time.

Sj. ANNADA PROSAD CHOUDHURY: আমি নিবেদন করছি irrigation সম্বন্ধে যা বল হচ্ছে তার মধ্যে কোন repetition হচ্ছে কিনা?

Mr. SPEAKER: It is not a question of repetition. Here is our total time and we have got to finish by that time.

Sj. HARIPADA CHATTERJEE: বহু সমস্যার সমাধান করতে হবে। যদি সত্যিকার ভাবে এরা আমাদের সহযোগিতা চান তা হলে আলোচনার সুযোগ দিতে হবে।

Mr. SPEAKER: I have understood that the speakers have got to put forth their points but the whole thing has got to be finished within a particular time-table. This position is quite obvious. Therefore we have got to see that every member has as much time as possible within our time limit.

Janab MD. KHUDA BUKHSH: Sir, in order that we may stick to the schedule we may sit earlier.

Mr. SPEAKER: So far as this thing is concerned it has been arranged that the House will sit from 3-30 to 7-30 and yesterday it was extended up to 8-20 p.m.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: My point is this that the gentlemen who have come here have come here in their representative capacity and I quite see that everyone desires to speak about his grievances regarding his particular area. Now, if 8 members or 10 members of one group think that everyone of them must put his own grievance before the House, so also would the fifty members on this side. If every member is given even 5 minutes——

Sj. HARIPADA CHATTERJEE: You talk to your party. The time may be extended.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I am not talking to the honourable member. I am talking to you, Sir. The point is this. It is not merely the question of what we decide because what they are talking here can also be decided outside by mutually talking amongst ourselves even though they do not belong to the same party. The question is everyone desires to tell his constituency, "I have put forward your claim before the House". That is the main purpose. I am impressing on my side, but they are not. It is not a fair proposition.

Sj. HARIPADA CHATTERJEE: How do they compare us with the Government party members? We are the Opposition.

Sj. CHARU CHANDRA BHANDARI: মাননীয় স্পীকার মহোদয়, সেচ বিভাগের যে theory তাঁদের তাতে মনে হয় তাঁরা ভুল করছেন। একটা বাঁধ নির্ম্মাণ করলেন ৭ লক্ষ টাকা ব্যয়ে। এবং দেড় লক্ষ টাকা তার annual recurring expense. কিন্তু ১৯৪৮ সালের মার্চ্চ মাসে সেটা ভেঙ্গে গেল। সে সম্বন্ধে কোন অনুসন্ধান হয়েছে কিনা। নিকুঞ্জ বাবু, ভূপতি বাবু, বিমলবাবুও সেখানে গিয়েছেন কিন্তু কথা হচ্ছে শেষ পর্য্যন্ত সেটা বাঁধলেন না। সেখানে ২৫।৩০ হাজার লোক উদ্বাস্তু হয়ে গিয়েছে। সেখানকার জমি লোনা জলের বন্যায় মরুভূমিতে পরিণত হয়েছে। ভূপতি বাবু দরদ দিয়ে কাজ করেন জানি কিন্তু এ ব্যাপারে কি করেছেন। জনসাধারণের মধ্যে বড় অসন্তোষ দেখা দিয়েছে। তিনি এ বিষয়ে আলোকপাত করবেন আশা করি। ৪ লক্ষ টাকার একটা scheme করে তখন District Magistrate Hiranmay Banerjee ছিলেন, প্রতি বিঘায় প্রজারা আট আনা করে এবং মালিকের পক্ষ থেকে আনা আনা করে দিয়েছে। এত টাকা contribute পেয়েও সেই scheme কার্য্যকরী হল না। সেটা লোনা জলের প্লাবনে নষ্ট হয়ে যাচ্ছে। একটা সম্পূর্ণ unionকে কেন নষ্ট করা হচ্ছে তার একটা ব্যবস্থা মন্ত্রীমহাশয় করুন। দ্বিতীয় কথা সুন্দর বন সম্পর্কে লোণা জলের প্লাবন হয়েছে সে সম্বন্ধে মন্ত্রীমহাশয় যে বিবৃতি দিয়েছেন তা সুস্পষ্ট হয় নি। সুন্দরবনে এই যে প্লাবন হচ্ছে তার জন্য দায়ী লাটদার এবং জমিদার। এ বিষয়ে মন্ত্রীমহাশয়ের বিবৃতি লোককে বিভ্রান্ত করবে। কারণ যাঁরা জমির মালিক তাঁরা বাঁধ দেবার জন্য দায়ী। অথচ তাঁরা বাঁধ বাঁধছেন না কেন? তার কারণ হচ্ছে সুন্দরবন অঞ্চল গভর্ণমেণ্ট সকলের আগে নেবে। তার খসড়া আইন হয়ে গেছে এবং সাধারনের মধ্যেও তা প্রচার হয়ে গেছে। কাজেই জমি যখন যাবে, তখন আর মালিকে বাঁধ বাঁধবে কেন? জমিদারদের negligenceএর ফলে যদি বাঁধ নষ্ট হয়, তা হলে সরকার তো Embankment Act অনুযায়ী সেই বাঁধ বেঁধে দিতে পারেন। কিন্তু মন্ত্রীমহাশয় তাঁর বক্তৃতায় বলেছেন যে তা সব সময় সম্ভব নয়। গভর্ণমেণ্টের যে Embankment Act আছে, সেই আইন অনুসারে বাঁধ বাঁধার টাকাটা গভর্ণমেণ্ট জমিদারদের কাছ থেকে আদায় করতে অধিকারী। তার পরিমাণ অবশ্য কম, একর প্রতি এক টাকা আদায় করতে পারবেন। কিন্তু একর প্রতি এক টাকায় হবে কেন? আইন করে দিন এক বছরে ৫০ হাজার টাকা করে তাদের থেকে আদায় করা হবে। সুতরাং আইনটার amendment করে ফেলতে হবে। এই বাঁধ ভাঙ্গার জন্য লোণাজলের প্লাবনে বছর বছর লোকে কষ্ট পায়, আপনারা সেই জিনিষটি বন্ধ করুন, প্রতি বছর বাঁধ মেরামতের ব্যবস্থা করুন। আপনাদের মাথার মধ্যে কেবল ও জিনিষটা থাকে কেন, যা কিছু বলবেন, ঐ premature reclamation হয়ে গেছে upland streamএর জন্য। সেটা ভাল করে অনুসন্ধান করুন। আমি জোর দিয়ে বলছি সুন্দরবনে শতকরা ২৫ ভাগ জমিও premature reclamation হয় নাই। আর সবই mature reclamation হয়েছে। পরে জমিদার বাঁধ বেঁধে রাখবে, না হ'লে তার লট্ ছেড়ে দেবে। তারা গভর্ণমেণ্টের কাছে surrender করে দিক্। অযথা লোকে কষ্ট পাবে কেন? শুধু জমিদারদের উপর নির্ভর করে না থেকে গভর্ণমেণ্ট এতবড় একটা areaকে সমৃদ্ধিশালী করতে পারেন সমগ্র রাষ্ট্রের কল্যাণের জন্য। Embankment Actএর মধ্যে যে area নাই, সেটা গভর্ণমেণ্ট তাদের Embankment Actএর অধীনে আনুন। তা যদি না আনেন, অন্ততঃ একটা মাঝামাঝি ব্যবস্থা করুন। সেচ বিভাগের মধ্যে Inspector রেখে দিন্। সুন্দরবনের কোন বাঁধ ভেঙ্গে গেল কিনা তাঁরা দেখ্বেন, ও প্রতিকারের ব্যবস্থা করবেন। মিঠে জলের প্লাবনে একদিন ঘরবাড়ী ডুবে থাকতে পারে হয়ত পাঁচদিন লোকে কষ্ট পেল। কিন্তু লোণাজলের একবার প্লাবন হলে ১০।১৫ বছরের জন্য সমস্ত জমি পর্য্যন্ত অনুর্ব্বর হয়ে যায়, গরু বাছুর সব মারা যায়, জমির চাষ হয় না। কাজেই সরকারের উচিত সুন্দরবনের সমস্ত বাঁধকে গভর্ণমেণ্ট Embankment Actএর মধ্যে গ্রহন করা।

আর একটা কথা মাননীয় মন্ত্রীমহাশয় আমার এক প্রশ্নের উত্তরে বলেছেন, যে বাঁধ এবার তাঁরা দিয়েছেন তা Takavi works ও অন্যান্য উপায়ে তাঁরা ব্যবস্থা করেছেন। তাঁরা এবিষয়ে আরও তৎপর হোন। কোন কোন লটে এই ব্যবস্থা হয়েছে। সুন্দরবনের যারা প্রজা তারা তো মাথায় হাত দিয়ে বসে আছে। কারণ কোন লটের বাঁধ বাঁধা আজও আরম্ভ হয় নাই। কোন কোন breach বন্ধ হয়েছে সত্য; কিন্তু তা যদি ভাল ভাবে মেরামত না হয়, তা হ'লে চৈত্র-বৈশাখ মাসের মধ্যে সমস্ত লটে লোণা জলের প্লাবন হয়ে যাবে। District Magistrate কতদূর কি করছেন, আর গভর্ণমেণ্টের তরফ থেকেই বা কতদূর কি ব্যবস্থা এ ব্যাপারে করা হচ্ছে, কোন্ কোন্ লটে বাঁধ বাঁধা হচ্ছে, সমস্ত তথ্যের যদি একটা তালিকা মন্ত্রীমহাশয় তাঁর উত্তরদান প্রসঙ্গে দেন তা হ'লে সকলে আমরা আশ্বস্ত হ'তে পারি এবং সুন্দরবনবাসী সকলেও হতে পারেন।

দ্বিতীয় কথা হচ্ছে ছোট ছোট irrigation scheme সম্বন্ধে। ঝিকড়াখান সম্পর্কে মন্ত্রীমহাশয় এক প্রশ্নের উত্তরে বলেছেন যে টাকার অভাবে তাঁরা সেটা করতে পারছেন না। আবার ডায়মণ্ডহারবারেও একটা কাজ হচ্ছে। সেটা শেষ হলেই নাকি এটা আরম্ভ করতে পারবেন। তারপর মন্ত্রীমহাশয়ের মাথার ভেতরে আছে—৮নং লট্ কাকদ্বীপ থানায়—সুন্দরবন অঞ্চলে সেচ বিভাগ থেকে একটা sluice gate তৈরী করবেন। এটাই একটিমাত্র sluice gate সেখানে হবে। সেটা আবার টাকার অভাবে ফেলে রাখবেন না, scheme করে sanction করে নিন্ এবং কাজও সত্বর আরম্ভ করে দিন।

তারপর উপসংহারে বলছি সারঙ্গবাদ সম্পর্কে জনসাধারণের একটা অভিযোগ আছে। সেই বদ্‌নাম সম্বন্ধে মন্ত্রীমহাশয় যেন জিনিষটা explain করেন।

Janab MUDASSIR HOSSAIN: Mr. Deputy Speaker, Sir, I am a primitive people, Sir, who practises primitive agriculture. This is the opinion of the great Americans—I have nothing to do with it. I simply adopt their language. Sir, I am a poor man and I represent the poor men of Birbhum district and other places. Sir, they are our leaders, and they constitute our Government. We are poor and so also our Government. Therefore, Sir, the performances of my friends over there remind me of the Bengali adage "ছেঁড়া কাঁথায় শুয়ে লাখ টাকার স্বপ্ন দেখা". That is to say these poor people have got nothing with them except torn rags; they are begging from door to door with doles in their hands and yet they are bamboozling and using bombastic language, such as Damodar Valley Project and Mor Project and comparing them with the Tennessee Valley and other highly developed American projects. The Americans say that you are poor beggars.

Mr. DEPUTY SPEAKER: Please address the Chair.

Janab MUDASSIR HOSSAIN: I am addressing the Chair, Sir. I am addressing them through you always. Whenever I address my friends, it must be presumed that I address through the Chair.

Now, Sir, I am going to quote the opinion of our officers—our officers mean their officers, officers of the Agriculture Department of the West Bengal Government. Sir, I shall quote from the book which has been published by our leader Dr. Bidhan Roy in 1949, namely, "Prospectus for Agriculture in West Bengal". It is stated thus:

> "The Bhagirathi along with its tributaries and branches serves as our natural drainage system, and provides the main source of natural irrigation. This river and its spill channels are slowly but unmistakably dying due to change of course of the mother river Ganges and silting up of the main river beds. The main tributaries of the Bhagirathi, which is also known as the Hooghly in its lower reaches, such as the Damodar, the Ajoy, the Mor and the Rupnarayan, are seasonal in nature, and notorious for the annual havoc they cause through monsoon floods. Their violence is gradually on the increase due to progressive silting up of the river beds, which in some cases are higher in level than some of the lands they

are expected to drain. Thus the river system also presents simultaneously two important problems, viz., the scarcity of water during the dry season and of inadequate drainage during the rains."

This, Sir, is the opinion of our officers. Now, Sir, what they say about these big schemes about which they use bombastic and high-sounding words and compare with Tennessee Valley and such other schemes in America, is this: they say at page 32 of the book "Prospectus for Agriculture in West Bengal" thus:

"The negligible response of agricultural production to the improved measures pressed by us so long has a twofold explanation. Some of these measures, such as large irrigation schemes and use of efficient equipment would not be remunerative on a farm run on a petty scale. Hence they can be forced only at a loss, which is no less a loss because the State agrees to bear it in the form of a subsidy to the cultivator."

Therefore, Sir, the officers of the Agriculture Department have come to the conclusion that large irrigation schemes such as my friends are fond of and speak highly in bombastic language about bringing in high personages, etc., and such other things are not of much use.

Mr. SPEAKER: Rule 16 controls the debate and not motions and that question will arise when he begins to speak. But so far as rule 40 is concerned this thing is to be considered whether this motion is substantially identical with the motion discussed yesterday. Now, Mr. Gupta, will you please show how this is substantially identical?

Sj. J. C. GUPTA: My submission is that the subject indicated in the motion is Emperor *vs.* Wasil Khan and others and that was also the subject indicated in yesterday's cut motion and in discussing that cut motion, if I remember aright, I heard my honourable friend to mention cases of Sati Das Mitra and other police officers also and I think that he gave a very exhaustive account of the whole thing and presented all the questions that arose in connection with the same case Emperor *vs.* Wasil Khan and others. I submit that today he cannot, in view of rule 40, discuss the same matter.

Sj. DEBENDRA NATH SEN: I want to speak on this subject, Sir. Today's two cut motions of Syed Badrudduja are not identical with his yesterday's cut motion, and they do not also raise the same point. Yesterday's cut motion was to raise a discussion about the failure of Government to take action against certain officials. Today's cut motion seeks to enquire into the method of enquiry. They are entirely two different subjects and if the mover while speaking indulges in repetition of yesterday's arguments you, Sir, can certainly stop him from doing so. What I say is that the subject-matters are quite different.

Janab SYED BADRUDDUJA: If you will permit me, Sir, I will amplify it a little further. It is not merely substantially different from the motion that I tabled yesterday, not merely substantially different in its nature but in its contents. If you will look at the motion that was discussed yesterday, it was only to raise a discussion about the failure of Government to take action against some officials and others in conspiracy with the said officials on the reports of the Enforcement Branch enquiry in the case Emperor *vs.* Wasil Khan and others in 24-Parganas. That was with respect to certain officials who came within the purview of the Judicial Department, namely, assistant public prosecutor, public prosecutor and others connected with that department, nothing to do with this. As a matter of fact, yesterday, the Hon'ble the Judicial Minister raised a point of order on that and ultimately you ruled that the motion was in order having considered the entire question. The question raised in today's cut motion is to discuss the nature of the enquiry into the conduct not of assistant public prosecutor or public prosecutor but certain police officers who have indulged in some perfunctory enquiry.

Mr. SPEAKER: Please wait; let me consider the point before I allow you to move this cut motion. Let the debate go on in the meantime while I am considering the admissibility of this cut motion of Syed Badrudduja.

Dr. SURESH CHANDRA BANERJI: মাননীয় স্পীকার মহাশয়, আমার দু'টি cut motion আছে। তাদের মধ্যে শেষেরটির সম্বন্ধে, অর্থাৎ West Bengal Resistance Group সম্বন্ধে আগে বলবো। এই সম্বন্ধে আমি সংক্ষেপে একবার দু'চারটি কথা বলেছিলাম বাজেটের সাধারণ আলোচনার সময়। সেই সময় আমি বলেছিলাম যে পরে আমি এ সম্বন্ধে বিস্তৃতভাবে বলবো। West Bengal Resistance Groupএর ইতিহাস এইরূপ। ১৯৪৬ সালে বাংলাদেশে ভারতীয় জাতীয় বাহিনী নামে একটি সঙ্ঘ গঠিত হয়। এই জাতীয় বাহিনীর আমাদের মন্ত্রী ভূপতি বাবু ছিলেন সভাপতি, তিনি গতবার এ সম্বন্ধে আপত্তি করেছেন বটে, কিন্তু আমি এই বাহিনীর নেতৃস্থানীয় অনেককে জিজ্ঞাসা করে জেনেছি, তিনিই সভাপতি ছিলেন। এই বাহিনীর উদ্দেশ্য ছিল—গঠনমূলক কাজের দ্বারা জনগণের মধ্যে কংগ্রেসকে জন প্রিয় করে শক্তিশালী করা। এই বাহিনী দু'তিন বছর বেশ ভালভাবে কাজ করে। তারপরে বাংলা দেশে এ ধরণের সঙ্ঘের সাধারণতঃ যা হয়ে থাকে, এই বাহিনীরও তাহাই হলো। অর্থাৎ বাহিনী নানারূপে অন্তর্দ্বন্দ্বের ফলে ছত্র-ভঙ্গ হয়ে গেল—নানা দলে বিভক্ত হয়ে পড়লো। ১৯৪৯ সালের October মাসের ২৬শে তারিখে এই বাহিনীকে একেবারে ভেঙ্গে দেওয়া হল। এরপরে এই বাহিনীর নানারকম দুর্গতি ঘটে। সেই সময়ের কংগ্রেসের নেতাদের কেউ কেউ এই সব খণ্ড খণ্ড দলকে নিজেদের নানারূপে রাজনৈতিক প্রয়োজনে ব্যবহার করেন। ফলে এই দলের অনেকের নানারূপ কুখ্যাতি অর্জন করতে হয়। কিছুদিন এইভাবে চলার পর, এই খণ্ড খণ্ড দলের মধ্যে যারা একটু অপেক্ষাকৃত বুদ্ধিমান, তারা এভাবে অপরের প্রয়োজনে কাজ করতে অস্বীকার করে ও লজ্জা বোধ করে। ফলে নূতন করে সংগঠন গড়ার আয়োজন করে। এদেরই প্রচেষ্টায় West Bengal Resistance Group—পশ্চিম বঙ্গ প্রতিরোধ দলের আবির্ভাব ঘটে। এই দল গঠন করে, এরা আমাকে করে দলের সভাপতি। যে সমস্ত কংগ্রেসী নেতারা এই দলের সঙ্গে সংশ্লিষ্ট ছিলেন, তারা এই কাজ অর্থাৎ নূতন দল গঠন করে আমাকে সভাপতি করা মোটেই পছন্দ করলেন না। এই সব নেতাদের মধ্যে কেউ কেউ এখন

পশ্চিম বাংলার মন্ত্রীদলে। এই দলের কর্মীদের উপর নানারূপ নির্য্যাতন চলতে লাগল। এই দলের নেতৃস্থানীয় জিতেন ব্যানার্জি, মনীন্দ্র চক্রবর্ত্তী, অমল সামন্ত, প্রভৃতি, পুলিশ কর্ত্তৃক ধৃত হয়ে পুলিশ lock-upএ নির্ম্মমভাবে প্রহৃত হয়।

পুলিশ কর্ত্তৃক এদের এই নির্য্যাতন ও গ্রেপ্তারের পেছনে আমি যতটা বুঝতে পেরেছি দুটি উদ্দেশ্য নিহিত ছিল। প্রথমতঃ যারা পূর্ব্বে এদের নেতা ছিলেন, যাদের বর্ত্তমান গভর্ণমেণ্টের উপর বিশেষ প্রভাব বিদ্যমান, তাঁরা মনে করলেন যে যদি এদের বাইরে ছেড়ে রাখা হয়, তাহ'লে এরা এমন একজনের নেতৃত্বাধীনে আসবে, যে বর্ত্তমানে বিরোধী দলের সঙ্গে আছে। পুলিশ দ্বিতীয় আর একটি কারণে এদের গ্রেপ্তার করে। সেটা হচ্ছে এই—আজকাল দিনে-দুপুরে কলিকাতায় চুরি ডাকাতি হয়। পুলিশ সত্যিকারের যারা অপরাধী তাদের ধরতে পারে না। এইজন্য জনগণের মধ্যে পুলিশের বিরুদ্ধে সমালোচনা হয়। সুতরাং পুলিশ এই ধরণের সমালোচনা বন্ধ করবার জন্য পশ্চিম বঙ্গ প্রতিরোধ দলের লোকদের গ্রেপ্তার করছে। গ্রেপ্তারের পর Police lockupএ নিয়ে গিয়ে এদের উপর নির্ম্মম অত্যাচার চালায়। এইসব অত্যাচারের কারণ হচ্ছে এদের কাছ থেকে মিথ্যা স্বীকারোক্তি আদায় করা। যেন এধরণের স্বীকারোক্তিকে ভিত্তি করে, পুলিশ case চালাতে পারে। পুলিশ লক-আপএ নির্য্যাতিত, এই দলের অনেকে মুক্তির পর আমার সঙ্গে দেখা করে, তাদের করুণ কাহিনী বিবৃত করেছে—এবং বড় বড় বিস্তৃত চিঠি লিখে এই সব কাহিনীর কথা আমাকে জানিয়েছে। এই সব চিঠির নকল আমার কাছে আছে, যদি গভর্ণমেণ্ট দেখতে চান, আমি তাঁদের এই সমস্ত চিঠির নকল দিতে পারি।

এই সব চিঠির মধ্যে আমি দুটি চিঠির কতক অংশ মাত্র উদ্ধৃত করবো। প্রথম বলব জিতেন ব্যানার্জীর চিঠিরকথা। জিতেন ব্যানার্জী প্রতিরোধ দলের অন্যতম সহ-সভাপতি। তিনি Bombay Mutual Life Insurance কোম্পানীতে কাজ করেন, এবং তিনি নিজে একজন ব্যায়ামবীর। আফিসে কাজ করবার পরে, তিনি Ashutosh Collegeএ গিয়ে ছেলেদের ব্যায়াম শিক্ষা দেন। ১৯৫০ সালের ১১ই নভেম্বর দুপুর একটার সময় যখন তিনি আফিসে কাজ করছিলেন, তখন কলিকাতা পলিশের সমর ঘোষ নামে জনৈক কর্ম্মচারী বীরেণ গাঙ্গুলী নামক একজন লোককে সঙ্গে নিয়ে তাঁর আফিসে উপস্থিত হন, এবং জিতেন ব্যানার্জীকে বলেন—"এই বীরেণ গাঙ্গুলীকে তুমি চেন"? জিতেন ব্যানার্জী ত অবাক, সে বললে—"না, কখনও আমি এই বীরেণ গাঙ্গুলীকে দেখিনি।

সমর ঘোষ অতঃপর জিতেন ব্যানার্জীকে নির্দেশ ক'রে বীরেণ গাঙ্গুলীকে জিজ্ঞাসা করে যে, সে এই লোককে রিভলবার দিয়াছে কিনা? বীরেণ গাঙ্গুলী বলে—হাঁ। পুলিশ অফিসার সমর ঘোষ এরপর জিতেন ব্যানার্জী ও বীরেণ গাঙ্গুলী উভয়কে লালবাজারে নিয়ে যায়। সেখানে সমর ঘোষ জিতেন ব্যানার্জীকে জিজ্ঞাসা করেন যে "বীরেণ গাঙ্গুলী তোমাকে যে revolverটি দিয়েছিল সেটি তুমি কাকে দিয়েছ"? জিতেন ব্যানার্জী বলে "এ সমস্ত মিথ্যা কথা। আমিত আগেই বলেছি এই বীরেণ গাঙ্গুলীকে আমি চিনি না, এবং revolverএর সঙ্গে আমার কোন সম্পর্ক নেই। এতে সমর ঘোষ অত্যন্ত ক্রুদ্ধ হয়ে ওঠেন এবং বলেন "আচ্ছা, দশ মিনিটের মধ্যে দেখাচ্ছি, কথা কি করে বার করতে হয়"। এই কথা বলে, সেখানে আরও যে সমস্ত পুলিশ অফিসার উপস্থিত ছিলেন তাদের বলেন "যাও একে সঙ্গে নিয়ে গিয়ে আচ্ছা করে শিক্ষা দাও"। যে সমস্ত পুলিশ অফিসার সেখানে উপস্থিত ছিলেন তাদের মধ্যে দেবী বাবু ছিলেন অন্যতম। তিনি অন্যান্য পুলিশ অফিসারদের দিকে তাকিয়ে বললেন "তোমরা বোধ হয় জাননা সুরেশ ব্যানার্জী, দেবেন সেন, প্রফুল্ল ঘোষ প্রভৃতি মিলে একটা দল গঠণ করেছেন এবং এই লোকটিও সেই দলে যোগ দিয়েছে। (A voice: কাদের দল?) পশ্চিম বঙ্গ প্রতিরোধ দল। West Bengal Resistence Group. (A voice: কাদের বিরুদ্ধে প্রতিরোধ?) কারও বিরুদ্ধে প্রতিরোধ নয়, অন্যায়ের বিরুদ্ধে প্রতিরোধ। যে কথা মহাত্মা গান্ধী আমাদের শিখিয়েছেন। "মানুষকে প্রতিরোধ নয়, অন্যায়কে প্রতিরোধ করতে"। তারপর সেই পুলিশ অফিসারটি, জিতেন ব্যানার্জীর দিকে তাকিয়ে বল্লেন এটা Anti-robbery section। এখানে কোন শালাও এসে তোমাকে রক্ষা করতে পারবে না। তখন আর একজন পুলিশ অফিসার—তার নাম ফণী ঘোষ, এসে জীতেন ব্যানার্জীর কানের উপর দম্ দম্ করে ঘুসী মারেন এবং বলেন "তুমি যদি প্রাণে বাঁচতে চাও তাহলে তুমি যাকে revolver দিয়েছ তার নাম কর"। কয়েকটি ঘুসী মারার পর জীতেন ব্যানার্জীর মাথা বন্ বন্ করে ঘুরতে থাকে। কিন্তু ফণী বাবু এতেও সন্তুষ্ট না হয়ে একটা বেটন দিয়ে তাকে মারতে আরম্ভ করেন। বেটন মারা হয় বিশেষ করে হাঁটু, কনুই, কোমর ও পিঠেতে। এই ভাবে মারতে মারতে ফণী ঘোষ যখন ক্লান্ত হয়ে পড়লেন তখন সেই বেটন সমর ঘোষের হাতে দিয়ে তিনি বললেন "শালাকে আচ্ছা করে পিটিয়ে সিধা করে দাও"। তখন সমর বাবু বেটন দিয়ে তাকে মারতে

আরম্ভ করলেন। ঘাড়ে চার পাঁচটি ঘুঁষি মারবার পর জিতেন ব্যানার্জী অজ্ঞান হয়ে পড়েন। কিছুক্ষণ বাদে তিনি যখন জ্ঞান লাভ করলেন তখন তাঁর জীবন যেন বেরিয়ে আসছিল, জিহ্বা যেন শুকিয়ে ভিতরে ঢুকে যাচ্ছিল। তিনি একটু জল চাইলেন। কিন্তু জলতো তাকে দেওয়া হলোই না। পক্ষান্তরে ফণীবাবু তাকে আবার বেটন দিয়ে নির্মমভাবে মারতে লাগলেন। ফলে জিতেনবাবু আবার অজ্ঞান হয়ে পড়লেন। পুনরায় জ্ঞান লাভ করলে পর, তারা তাকে বল্লে "এখনও বলো ঐ লোকটির নাম কি, যাকে তুমি revolver দিয়েছ"। তা না হলে, এত সামান্য মাত্র হয়েছে, তোমাকে কছুয়া ঘরে নিয়ে গিয়ে আরও শিক্ষা দেওয়া হবে। তারপরে ফণী ঘোষ, সমর ঘোষ ও জমাদার মিলে তাকে টানতে টানতে সেই কছুয়া ঘরে নিয়ে যান এবং বলেন "তুমি যাকে revolver দিয়েছ তার নাম না বললে, তোমাকে আর জীবন্ত অবস্থায় এই ঘর থেকে ফিরে যেতে হবে না"। তখন জিতেন বাবু বল্লেন আমি দক্ষিণ কলিকাতায় বাস করি, উত্তর কলিকাতার সঙ্গে আমার কোন সম্পর্ক নাই, অবশ্য কখনও কখনও আমি উত্তর কলিকাতায় যাই। তিনি আরো বলেন যে উত্তর কলিকাতায় মণীন্দ্র চক্রবর্ত্তী নামে একজন বন্ধু আছে। তিনি কুমিল্লা ইউনিয়ন ব্যাঙ্কের শ্যামবাজার শাখার একজন supervisor। তার সঙ্গে দেখা করতে আমি মাঝে মাঝে উত্তর কলিকাতায় যাই। ফণীবাবু ও সমরবাবু অতঃপর বলেন যে তুমি যা বলেছ তাই বর্ত্তমানের জন্য যথেষ্ট। এর পর যে ঘর থেকে তাকে কছুয়া ঘরে নেওয়া হয়েছিল সেই ঘরে ফিরিয়ে নেওয়া হয়।

পরেরদিন সন্ধ্যা ছয়টা নাগাৎ আবার তাকে lock-up থেকে কছুয়া ঘরে নেওয়া হয়। সমরবাবু ও দেবীবাবু তখন সেখানে উপস্থিত ছিলেন। তারা জিতেনবাবুকে আবার জিজ্ঞাসা করেন, কাকে তিনি রিভলবার দিয়েছেন। তিনি আগের মত বলেন যে রিভলবারের সঙ্গে তার কোন সম্পর্ক নাই। সমর ঘোষ তাকে আবার দুটি ঘুসি মারে, এবং দেবীবাবু তার কানে একটা প্রকাণ্ড চড় মারে।

১৯৫০ সালের ১৩ই নভেম্বর দুপুর বেলায় তাকে আবার lock-up থেকে বার করে সেই ঘরে নিয়ে যাওয়া হয়। জিতেনবাবু মণীন্দ্র চক্রবর্ত্তীকে সেখানে দেখতে পান। মণীন্দ্র চক্রবর্ত্তীর সঙ্গে সেখানে অন্যান্য পুলিশ অফিসারও ছিলেন। তিনি দেখেন যে মণীন্দ্র চক্রবর্ত্তীকে সমর ঘোষ ও ফণীবাবু চোখ রাঙ্গিয়ে অকথ্য বিশ্রী ভাষায় গালাগালি দিচ্ছে। বিকাল বেলায় তাকে আবার সেই কছুয়া ঘরে নিয়ে যাওয়া হয়। সেখানে তিনি দেখতে পান যে মণীন্দ্র চক্রবর্ত্তীকে মাটিতে শুইয়ে হাত পা বেঁধে রাখা হয়েছে। সে শোনে যে ফণীবাবু মণীন্দ্র-বাবুকে মারার জন্য একজন পুলিশ কর্মচারীকে বলছে। তখন সাধারণ পোষাক পরা একজন কনষ্টেবল মণী বাবুকে মারতে আরম্ভ করে। যখন তাকে এরূপ মারা হচ্ছিল, তখন ফণীবাবু ও সমরবাবু মণীন্দ্রবাবুকে জিজ্ঞাসা করলেন "তোমাকে জিতেনবাবু এই revolverটা দিয়েছিলেন কি না"? উত্তরে মণীন্দ্রবাবু বলেন "না, আমাকে কেউ কোন revolver দেয়নি"। এতে ফণীবাবু ও সমরবাবু বিরক্ত হয়ে তার নাকে, কানে ঘুঁষি মারতে আরম্ভ করলেন। মারের চোটে মণীন্দ্রবাবুর নাক দিয়ে দর দর করে রক্ত পড়তে থাকে।

১৬ই নভেম্বর জিতেন ব্যানার্জীকে Presidency জেলে নিয়ে যাওয়া হয় এবং তাকে হাঁসপাতালে পাঠান হয়। জেল থেকে মুক্তি পাওয়ার আগ পর্য্যন্ত তাকে হাঁসপাতালেই থাকতে হয়। এই সময় তার শরীরের অবস্থা খুব খারাপ ছিল। তার সর্বক্ষণ আশঙ্কা হ'ত তাকে বুঝি আরও বেশী করে মারবে। সর্বক্ষণ তার কানের ভিতর একটা ভর ভর শব্দ হত, চোখের ভিতর জ্বালা করত, এবং উঠতে গেলে কেঁপে পড়ে যেত। এমন কি কথা বলতে তার পক্ষে অত্যন্ত কষ্টকর হয়ে দাঁড়িয়েছিল। এই অবস্থায় ক্রমশঃ তার মাথা যেন খারাপ হয়ে যেতে আরম্ভ হয়। Presidency জেল হাঁসপাতালে তিনি ২০শে নভেম্বর থেকে ৮ই ডিসেম্বর অবধি মোট আঠার দিন ছিলেন। তারপর তিনি মুক্তি পেয়ে আমার কাছে এসে উপস্থিত হ'ন। আমি তাকে দেখে স্তম্ভিত হয়ে গেলাম। পূর্ব্বে তার চেহারা পালোয়ানের মত ছিল। কিন্তু তখন তিনি একেবারে শুকিয়ে গিয়েছিলেন। এজন্য তখন তাঁর একটা photo নিয়ে আমরা "লোক সেবক"এ ছাপিয়ে ছিলাম।

এই ত গেল জিতেন ব্যানার্জীর সম্বন্ধে। এখন আমি মণীন্দ্র চক্রবর্ত্তী সম্বন্ধে দু-একটি কথা বলব। (A VOICE FROM TREASURY BENCH. সে এখনও বেঁচে আছে কি?) হাঁ, এখনও সে বেঁচে আছে—তবে তাকে আধমরা অবস্থায় জেলের বাইরে আনা হয়। এখন আমি মণীন্দ্র চক্রবর্ত্তী সম্বন্ধে কিছু বলছি। তিনি কুমিল্লা ইউনিয়ন ব্যাঙ্কের শ্যামবাজার শাখার জনৈক supervisor। তিনি বহু জনহিতকর প্রতিষ্ঠানের সঙ্গে সংশ্লিষ্ট। উত্তর কলিকাতা সেবাদল, Co-operative Multi-purpose Society লিমিটেডের একজন Director। এ-ছাড়া Calcutta Youth Leagueএর কার্য্যকরী পরিষদের সভ্য। ইউনাইটেড ব্যাঙ্ক অফ্ ইণ্ডিয়া লিমিটেডের কর্মচারী সমিতির কার্য্যকরী পরিষদের সদস্য।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: On a point of order, Sir, Manindra Nath Chakravorty has put in a case before the court complaining of assault by certain police officers and the case is *sub judice*. I wish he would not refer to the case of Manindra Chakravorty.

Mr. SPEAKER: You should not refer to that.

Dr. SURESH CHANDRA BANERJI: আমি মণীন্দ্র চক্রবর্ত্তী সম্বন্ধে আর কিছু নাই বললাম, যদি মামলাটা বিচারাধীন হয়। আমি জিতেনবাবু সম্বন্ধে যা বলেছি তাতেই আমার যা বলবার ছিল তা যথেষ্ট বলা হয়েছে। আমি যা বলেছি তাতে একথা সুস্পষ্ট হয়ে ধরা পড়েছে যে, পুলিশ সত্যিকারের যারা অপরাধী তাদের ধরতে না পেরে যারা দেশের তরুণকর্মী, দেশের কাজ করে জনগণের মধ্যে যারা প্রভাব প্রতিপত্তি লাভ করছে, তাদের ধরে নিয়ে যায়। ধরে নিয়ে গিয়ে police lock-upএ দিনের পর দিন অত্যাচার চালায়, চালিয়ে মিথ্যা স্বীকৃতি আদায় করে। তাদের মধ্যে যাদের মনের জোর খুব বেশী তারা দিনের পর দিন নির্ম্মম অত্যাচার সহ্য করে, যেমন জিতেন বাবু সহ্য করেছেন, মণীন্দ্রবাবু সহ্য করেছেন; তারা কিছু বলে না এবং অর্দ্ধমৃত হয়ে বেরিয়ে আসে। কিন্তু যারা অপেক্ষাকৃত দুর্ব্বল, তারাই বাধ্য হয়ে, পুলিশ তাদের দ্বারা যা বলাতে চায়—তাই বলে। এদের মিথ্যা স্বীকৃতির জন্য বহু তরুণকে বর্ত্তমানে যে সব ডাকাতি অনুষ্ঠিত হচ্ছে, সেই সব ডাকাতির সঙ্গে তাদের কোন সম্পর্ক না থাকলেও, সে সবের সঙ্গে তাদের জড়িয়ে ধরে নিয়ে গিয়ে নির্য্যাতন করা হয়। এর পরিণাম কি হচ্ছে? যারা নিরীহ, তারাই নির্য্যাতিত হচ্ছে। অপর দিকে যাদের উপর নির্য্যাতন চালান হয় তাদের টাকা নাই। বেরিয়ে তারা কারো কাছ থেকে সাহায্য সহায়তা পায় না। সুতরাং এমন ঘটা অসম্ভব নয় যে বাধ্য হয়ে তারা ডাকাতি করতে আরম্ভ করে। এই যে তারা ডাকাতি করে, অতীতে যখন আমরা তরুণ ছিলাম তখন দেখেছি, বহু তরুণকে এরূপ ডাকাতি করতে, এই যে ডাকাতি এরা করে, তার জন্য দায়ী ওরা নয়, দায়ী গভর্ণমেণ্টের নির্ম্মম অত্যাচার। সুতরাং আমি গভর্ণমেণ্টকে এই সব সম্ভাবনা সম্বন্ধে সতর্ক করে দিচ্ছি। এ বড়ই লজ্জার বিষয় যে, পুলিশের প্রকৃত অপরাধীকে ধরার বিষয়ে কোন উদ্যম দেখা যায় না। যারা ঘুষখোর তাদের গ্রেপ্তার সম্বন্ধেও কোন উদ্যম গভর্ণমেণ্টের নাই। চোরাকারবারীদের ধরার সম্বন্ধেও কোন উদ্যম দেখা যায় না। পুলিশের যত উদ্যম, নিরীহ তরুণদের ধরে নিয়ে যাওয়ার বেলায়। এর কারণ এই যে আমরা স্বাধীন হয়েছি বটে; কিন্তু কর্ম্মপদ্ধতি আমাদের একটও বদ্‌লায় নাই। যারা পুরাণ regimeএর কর্ম্মচারী, তাদের আগের অভ্যাসই রয়ে গেছে। তাই তারা মনে করে যে, অত্যাচারের দ্বারা, জুলুমের দ্বারাই রাজ, চালাতে হবে। কিন্তু আমি গভর্ণমেণ্টকে হুশিয়ার করে দিচ্ছি, এই যে সব নিরীহ তরুণ এরা যদি নির্য্যাতিত হয় তবে তার ফলে বিপ্লব দেখা দেবে।

আমি এখানে আর একটা বিষয় বলছি। যারা আমাদের মত Governmentএর বিরোধী দলীয়, তারা আমাদের সঙ্গে Trade Unionএর কাজ শান্তিপূর্ণভাবে করুক এটা Government চান না। এর প্রমাণ স্বরূপ কাঁদাপাড়ায় যে ঘটনা ঘটেছে তার আলোচনা করছি। সেখানে পুণীত গোয়ালা নামে একজন লোক আমার খুব অনুগত ছিল। সে অত্যন্ত সাহসী লোক এবং সে আমাদের সঙ্গে কাঁদাপাড়ায় Trade Unionএর কাজ করত। সত্যই সে আমার অত্যন্ত প্রিয় ছিল কিন্তু যখন আমি West Bengal Congress Committeeর President হই তখন স্থানীয় জনগণ আমার নিকট এই বলে অভিযোগ করে যে, সে পরের স্ত্রীকে নিয়ে বাস করছে। (The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDER: আপনার কথাটা শোনা যাচ্ছে না) আমি প্রকাশ্যে তদন্ত করি এবং অভিযোগ সত্য মনে করে পুণীত গোয়ালাকে তার দুষ্কর্ম্মের জন্য তাড়িয়ে দিই। কিন্তু আমার অপর পক্ষের দলের লোকেরা তাকে আদর করে তুলে নিয়েছেন এবং তাদের সহায়তা পেয়ে পুণীত গোয়ালা একটা গুণ্ডার দল সংগঠিত করেছে এবং তারা প্রতিপদে আমার সহকর্মী মাধো শাহ, বৃন্দাবন মহারাজ, রাম কিশেন সিং, কুলনা সিং, রামপ্রসাদ প্রভৃতি ট্রেড ইউনিয়ন কর্মীর উপর জুলুম করছে।

(The blue light was lit.)

Mr. SPEAKER: Dr. Banerji, already 20 minutes have elapsed and I have got 15 speakers. If you wish to close your speech please go on quickly and finish it.

Dr. SURESH CHANDRA BANERJI: All right, Sir. গতবৎসর ২৫শে সেপ্টেম্বর এ সম্পর্কে মুখ্য-মন্ত্রীর নিকট একখানা পত্র লিখে জানাই যে, পুণীত তার সঙ্গীদের সাহায্যে ২২শে সেপ্টেম্বর

সকালে নারিকেলডাঙ্গা জুটমিলের প্রায় ২০০ শ্রমিকের উপর আক্রমণ চালায় এবং পরদিন রাত্রি প্রায় ২টার সময় অন্য এলাকায় দোকান লুট ও বাড়ী ঘর বিধ্বস্ত করে। ঐযে কাঁদাপাড়ায় এই গুণ্ডারা যা ইচ্ছা তাই করছে—যেয়ে দেখতে পারেন মন্ত্রিগণ, সেখানে আমার পক্ষীয় লোকদের কি করে তারা বাড়ী ঘর জ্বালিয়ে দিচ্ছে। ১৯৫০ সালের ২৮শে সেপ্টেম্বর আমি Dr. Royকে চিঠি লিখেছি। কাঁদাপাড়া এত নিকট যে তিনি যদি যেতে চান আমার সঙ্গে যেতে পারেন। সেই চিঠিতে আমি আরও লিখেছি সেই রকম দোকান লুণ্ঠন ও গৃহ ধ্বংস সাম্প্রদায়িক দাঙ্গা হাঙ্গামায়ও দেখা যায় নাই। স্বাধীনতা লাভের পর এখনও এই রকম জুলুম করতে পারবে, বাড়ী জ্বালাবে, পুলিশ কিছুই করবে না এ আমি ভাবতেও পারিনি। Dr. Roy আমার সঙ্গে গেলেন না। তাঁকে আমি চিঠি লিখেছি এবং Labour Commissionerকে লিখেছি যথাযথভাবে। এ সম্বন্ধে আমি Dr. Royকে বারে বারে চিঠি লিখেও কোন প্রতিকার পাইনি। তিনি আমার অনুরোধ রক্ষা করলেও তারা ভয় পেত কিন্তু তিনি আমার কথা রাখেন নি। সুতরাং পুলীতের দুষ্কার্য্য অব্যাহত থাকে। সবচেয়ে আশ্চর্য্য ঘটনা হচ্ছে ২১শে ফেব্রুয়ারীর। ঐ দিন রাত্রি ৩টার সময় যাদের নাম পূর্বে বলা হয়েছে তাদের সকলের বাড়ী ডাকাতি নিবারণ বিভাগের লোকেরা আক্রমণ করে এবং তাদের প্রতি জুলুম করে এবং পুলিশ এসে তাদের গ্রেপ্তার করে নিয়ে যায়। মাধো শা এ সময়ে ঘুমাচ্ছিল। সে পুলিশের জামা কাপড় দেখে নেয়নি। পুলিশ তার বিরুদ্ধে ডালের থলীতে রিভলবার পাওয়ার অভিযোগ আনে। এই সব কথা আমি Dr. Royকে লিখেছিলাম কিন্তু কোন প্রতিকার পাই নাই। এই কথা বলবার জন্যই এই cut motion দিয়েছি যে একদিকে যেমন West Bengal Resistance Groupএর তরুণ দেশকর্মীদের উপর নির্ম্মম অত্যাচার জুলুম করছে, তেমনি trade union workers—যারা আমাদের সঙ্গে কাজ করে তাদের প্রতিও নির্ম্মম অত্যাচার করা হচ্ছে।

(At this stage the red light was lit.)

Mr. SPEAKER: Dr. Banerji, your time is up.

(The hon'ble member resumed his seat.)

Sj. HARIPADA CHATTERJEE : মাননীয় সভাপাল মহাশয়, পুলিশের অত্যাচার এবং দুর্নীতির কথা বলতে গিয়ে প্রথমেই মনে হচ্চে ওঁদের বিরক্তি উৎপাদন করব কি না। অথচ বিপদ এই যে একথা ওঁদের কাছে যদি না বলি তাহলে কর্ত্তব্য করা হয় না। আবার বলতেও মনে উৎসাহ হয় না। আর, কাকে যে বলছি তাও বুঝতে পারছিনে—বেঞ্চকে বলছি, চেয়ারকে বলছি, না টেবিলকে বলছি। (হাস্য!) যাক, আমি আমার জেলায় যা ঘটছে তার দু'একটা কথা বলি। কিন্তু কার কথা বলবো, পুলিশ সাহেব, Deputy Superintendent of Police, থানার দারোগা ও কনেষ্টবল প্রত্যেকের জন্য যদি একটা করে ঘটনা দিই,—আমার কাছে এত দরখাস্ত রয়েছে—যা নাকি আমার জেলার লোকেরা দিয়েছে—তা যদি দিই তাহলে সময়ে কুলোবে না। সুতরাং আমি কেবল typical দু'একটা উদাহরণ দিচ্ছি।

পুলিশ সাহেব থেকেই আরম্ভ করা যাক। কোতোয়ালি থানার town sub-inspector, একটী ভদ্রলোকের বাড়ী গিয়ে বল্লে পুলিশ সাহেবের কে এক আত্মীয় বসবে বলে তার ঘর খালি করে দিতে হবে। যে ঘরখানা দিতে হবে তার পাশের ঘরেই তাঁর যুবতী কন্যা রয়েছে, সেই অবস্থাতেই তাঁর বাড়ীর মধ্যে গিয়ে বল্লে "এখনি এই ভাড়াটের নামে ঘর লিখে দিতে হবে, নৈলে মেরে ঠিক করব"। ভাড়ানামা লিখিয়ে নিয়ে ঘরে তৎক্ষণাৎ চাবি লাগিয়ে দিয়ে চলে গেল। এখন আপনারা এই ব্যাপারখানা বুঝুন। আমি সেখানকার প্রতিনিধি বলে লোকেরা কোন কিছু ব্যাপার ঘটলেই আমার কাছে অনেক সময় আসে। সে লোকটী আমার কাছে এসে আমাকে তার বাড়ীতে নিয়ে গেল, আমি গিয়ে দেখি সত্যই ঘরটায় তালা লাগানো। আর রোয়াকের উপর স্তূপীকৃত জিনিষপত্র রক্ষিত। যে ভদ্রলোকটী সেখানে ছিলেন তাঁকে জিজ্ঞাসা করলাম আপনি কে, তিনি বল্লেন আমি পুলিশ সাহেবের মামাশ্বশুর (হাস্য !!) কি রকম মামাশ্বশুর তা তিনিই জানেন। এঘটনাটী ঘটে ৩০শে মার্চ্চ। আমি ৩১শে মার্চ্চ সেটার বিষয় জেলা Magistrateকে নিবেদন করি। তাঁর সঙ্গে আমি আর একটা জমাদার কি সুকার্য্য করেছিলেন সেই কথা শোনবার জন্য জেলা ম্যাজিষ্ট্রেটকে সঙ্গে করে যাচ্ছিলাম। মাননীয় প্রফুল্ল সেন মহাশয়কে ঘটনাটার কথা বলেছিলাম। উনি আমাকে বলেছিলেন জেলা ম্যাজিষ্ট্রেটকে নিয়ে যাওয়ার আগে প্রধান মন্ত্রীকে বলে যান। (The Hon'ble P. C. SEN : আমার মনে নেই।) আপনার মনে থাক বা না থাক আমার মনে আছে। আমি জেলা ম্যাজিষ্ট্রেটের কাছে যাওয়ার আগে প্রধান মন্ত্রী তাঁকে (জেলা

ম্যাজিষ্ট্রেটকে) trunk call করে বলে দিয়েছিলেন যে আমি তাঁর কাছে যাচ্ছি। জেলা ম্যাজিষ্ট্রেটের কাছে উপস্থি হয়ে, আমি তাঁকে বলি যে সর্ষে দিয়ে ভূত ছাড়াবো, তার মধ্যেই যদি ভূত থাকে তাহলে উপায় কি? যদি স্বয় পুলিশ সাহেবই এই রকম কাজ করেন, তাহলে অপরের অন্যায়ের কথা কাকে বলব?

.....সীমান্তের এক থানায় গেলাম, সেখানে জিজ্ঞাসা করলাম, কতকগুলি গরু আর বলদ (ধরেছিলেন কিভাবে সেগুলি ছেড়ে দিয়েছেন? উত্তরে শুনলাম কোনটা ২৲ টাকা, কোনটা ৪৲ টাকা এই রক দামে বিক্রয় হয়েছে। আমি কতকগুলির list নিয়েছিলাম, তা জেলা ম্যাজিষ্ট্রেটকে দিয়াছিলাম, ২৲ টাকায় (বলদ বিক্রয় করেছে তা তার রক্ষিতাকে দিয়েছে। (হাস্য !!) বাস্তহারাদের নাম করে গরু আর বলদ বিক্রয় এই ত ব্যাপার। যদি স্থানীয় লোকদের দেয়া যেতো তাহলে এক জোড়া বলদের দাম হতো ৭।৮ শো টাকা এদিকে ওঁরা চাচ্ছেন কি না অধিক খাদ্য ফলাতে। আমি যা বল্লাম ঐ একখানা থানা যদি তদন্ত কর দেখেন তাহলে দেখতে পাবেন ষোলো আনার মধ্যে চার আনা গরু-বলদ আছে কিনা সন্দেহ (A VOICE আপনি কি করে শুনলেন? হাস্য।) এ কথাগুলো হাসবার জন্য নয়, গভীরভাবে ভাববার, সেখানকার পারোগা ত ঐ রকম। তারপরে ২৫ খানা গ্রাম জড়ো করে এক সভা হয়েছিল। জেলা ম্যাজিষ্ট্রেট আমার সঙ্গে এই সভায় গিয়েছিলেন। সকলে সেখানকার জমাদারের অনাচারের কথা আমার সামনেই জেলা ম্যাজিষ্ট্রেটকে নিবেদন করল। তার অত্যাচার সম্বন্ধে কত কথাই না বলল। সময় তারিখ দিয়ে নির্দ্দিষ্ট ঘটনার উল্লেখ করল। ঘুস খাবার বহু কায়দার উল্লেখ করল কিন্তু কোন ফল হল না।

এই জমাদারের আমি নাম করবো না। এই জমাদার সম্বন্ধে ভূতপূর্ব্ব Superintendent of Police বলেছিলেন—এ লোকটা এর কাছ থেকে ২০০, ওর কাছ থেকে ১০০, এরকম করে টাকা নেয় আমিতো চাইছি ওকে শাস্তি দিতে, কিন্তু ধরতে পাচ্ছি না। দুঃখের বিষয় উনি আজ বদলী হয়ে গেলেন। তাই চাকা গেল ঘুরে। Superintendent of Police বদলী হবার পূর্ব্বে যেসব লোক মারফৎ এই জমাদারটী টাকা খেত তাদের নামে একটী case করে দেন। সাক্ষীদের তিনি অভয় দিয়েছিলেন তাদের কোন দিন কেউ কিছু বলতে পারবে না। Superintendent of Police বদলী হবার পর caseএর ভাল করে তদারক হল না। পুলিশের বিরুদ্ধে পুলিশে কি ভাল করে case করে? Case ফেঁসে গেল। তারপর সাক্ষীদের নিয়ে টানাটানি। জমাদারটী নানা ছুতায় যেমন এরা পাকিস্থানে যাতায়াত করে ইত্যাদি মিথ্যা অজুহাত দিয়ে এদের উপর নানারূপ অত্যাচার আরম্ভ করল। জেলা ম্যাজিষ্ট্রেটকে সঙ্গে নিয়ে গিয়ে তাঁকে সব কথা এদের দিয়ে বলালাম। জেলা ম্যাজিষ্ট্রেটের কাছে ২৫ খানা গাঁয়ের লোক জড হয়ে বল্লে সম্প্রতি একটা ঘটনার কথা তারা বল্লে এই জমাদার ৫০টা গরু ধরে নিয়ে এক একটা গরুর জন্য ৫০৲ টাকা করে আদায় করে নিয়েছে। আমাদের সামনে বল্লে। জমাদারের কিছুই হল না। সে এখনও বহাল তবিয়তে আছে। Magistrate এসেছেন Magistrate গিয়েছেন, Superintendent of Policeও এসেছেন Superintendent of Policeও গিয়েছেন, জমাদারপদব স্বস্থানেই আছেন। পাকিস্থান আমাদের থেকে অন্ততঃ এ ব্যাপারে ভাল, তার ১ মাস অন্তর বর্ডারের পুলিশ অফিসার বদলায়—তাতে ঘুস খাবার তত সুবিধা তারা পায় না। আমার অনেক কথাই বলার ছিল কিন্তু সময় সংক্ষেপ। এই জমাদারটী এখন বেপরোয়া তরীতরকারী সমস্ত নেয় কিন্তু দাম দেয় না। আর কি বলবো মেয়েছেলেদের সঙ্গে পর্য্যন্ত অবাধে বেলাল্লেপনা আরম্ভ করে দিয়েছে। মেয়েছেলেদের এই জমাদারটীর সঙ্গে মোড়লরা মিশতে নিষেধ করে দেয় এই অপরাধে মোড়লদের ধরে ক্যাম্পে এনে জমাদারটী ভীষণ প্রহার করে। ম্যাজিষ্ট্রেট সাহেবকে এ খবর জানান হয়েছে কিন্তু কোন ফলই হয়নি। এটা কি মগের মুল্লুক পেয়েছে নাকি? আমি কি কম দুঃখে একথা বলছি? আমি জেলার প্রতিনিধি হয়েও কিছু করতে পারিনি। সকলের কাছেই গেছি, আমাকে বলা হয়েছে যে enquiry করা হবে। অথচ এই অরাজকতা বন্ধ করা এমন কিছু কঠিন না। আমার হাতে যদি ক্ষমতা থাকতো তাহলে একদিনে ঠাণ্ডা করে দিতাম। তারপর এক Deputy Superintendent of Policeর কীর্ত্তি শুনুন। তিনি union presidentএর সঙ্গে যোগ করে একটী দুধের গরু হরণ করলেন। তারপর খোঁজ পাওয়া গেল যখন, যে ঐ গরু Deputy Superintendent of Policeর, বাড়ীতেই আছে, তখন জেলা ম্যাজিষ্ট্রেটকে সংবাদ দেওয়া হল। Deputy Superintendent of Police বেবাক্কুব গরু শুদ্ধ ধরা পড়ল। জেলা Magistrate Superintendent of Policeকে ডাকলেন, Superintendent of Police গরুটাকে identify করে seize করা উচিত ছিল, তা তিনি করলেন না। চারখানা radiogram করে unionএর presidentকে নিয়ে আসা হল এবং তিনি

একটা cock and bull story তৈরী করে বল্লেন গরুটা impounded হয়ে ১০০৲ টাকায় নিলামে বিক্রি হয়। যে নিলাম ডেকেছেন Deputy Superintendent of Police তার কাছ থেকে গরু এনেছেন। এই গরুটা ৬।৭ সের দুধ দেয় দাম অন্ততঃ ছয় শত টাকা হবে, কিন্তু ওর দাম ধরা হল ১০০৲ টাকা এবং বলা হল ৫৲ টাকা পাউণ্ডের খরচ হয়েছে বাকী ৯৫৲ টাকা নিয়ে যা। আমি গ্রাম শুদ্ধ লোকের সাক্ষ্য দিয়ে প্রমাণ করতে পারি যে কোন দিন ঐ গরু impounded হয় নি এবং নিলামও হয়নি। এইভাবে সত্যকে মিথ্যা করে নানারকম fabricationএর সাহায্যে পুলিশ বিভাগ যথেচ্ছাচার করছে। আর এই যে Treasury Benchএ বসে আছেন মন্ত্রীরা তাঁরা কি জবাব দেবেন।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN : একটু পরে শুনতে পাবেন।

Sj. HARIPADA CHATTERJEE : শুনতে আবার পাব কি? এরকম বহু ঘটনা বহু দৃষ্টান্ত আমি দিতে পারি কিন্তু সময় নাই। আপনারা ওখানে বসে হাসছেন। এরকমই হয়—Nero was fiddling while Rome was burning. মাননীয় স্পীকার মহোদয়, আমরা সহযোগিতা দিতে প্রস্তুত তার আগে এই সব অবাঞ্ছকতা দমন করতে সরকার চেষ্টা করুন।

সভাপাল মহাশয় এই পুলিশের ব্যয় ক্রমশঃ বেড়ে যাচ্ছে, অবিভক্ত বাংলায় যেখানে ৩ কোটির মত ছিল, সেখানে বর্ত্তমানে মাত্র পশ্চিমবঙ্গে ৫ কোটী বরাদ্দ করা হয়েছে আর এই বরাদ্দ কিসের জন্য —when the base is crumbling down the Ministry is spending royally on the top.

Janab COLAM HAMIDUR RAHMAN: Sir, the budget presented to the House, especially the present police budget, has been subjected to the severest criticism by the opposition. It has been said that Bengal is not a welfare State but a police State. There is no denying the fact that we are faced with urgent problems which require immediate solution. The sufferings of our people have been very great. So there has been an increase in expenditure in every sphere of Government's activities. The budget under the head "Police" has no doubt increased but there are obvious reasons for that.

Then, Sir, it has been said by members opposite that our Ministers are not enjoying the confidence of the people and that they cannot face the people from the public platform. Sir, I can tell them that that is not the case. We have seen in Calcutta and elsewhere the Ministers have addressed mammoth gatherings.

It has been also said that in spite of increased provisions in the budget nothing has been done for the good of the people. I admit that everything desirable has not been done because that is not possible. Some of the members of the opposition have said that three and a half years' time is enough to solve our problems. I differ from them. But it cannot be denied that our Government has done something and so have justified their existence. Having regard to the havoc that was wrought in West Bengal last year and also on several occasions in the past after the attainment of our independence I must say that nothing more than what our Chief Minister has been able to do to restore peace and order in the land could be done. There were loot, turmoil and murders everywhere in this province and peace and order was really a thing of the past. There were communal troubles and wholesale murders in Howrah and elsewhere. Had not the Government been quite vigilant with the help of their police force they could never have been able to restore peace and tranquillity in the province. The local police were found to be quite inadequate to deal with the situation and Government had to bring police force from Bihar and promulgate martial law in Howrah. That made a great inroad into the Government's exchequer, but that certainly saved the abnormal situation from going out of control. I say therefore it is not always right to criticise the Government unnecessarily. The blame does not really lie with the Ministers but it lies elsewhere. Police

officers and men may not be always above reproach and they may also be guilty sometimes. Such police officers and men should be brought to book. But that certainly does not mean that the entire police force is corrupt.

Then, Sir, we have got to maintain and watch our border areas running along seven hundred miles for which a huge police force is certainly necessary. It is for all these reasons that the police budget has had to be increased.

Sj. CHARU CHANDRA BHANDARI : মাননীয় স্পীকার মহাশয়, একটী কথা আছে যে কোন্ দেশের সংস্কৃতি বা সভ্যতা কতটুকু এগিয়েছে বা কতটুকু নেমে গেছে, তা সেই দেশের থার্ডক্লাস গাড়ী চড়ে দেখা হয়। আর রাষ্ট্রের সম্পর্কেও অনুরূপ একটা কথা আছে যে কোন্ রাষ্ট্রের সংস্কৃতি ও সভ্যতার কতটুকু উন্নতি হয়েছে, তা দেখা হয় সেই রাষ্ট্রের পুলিশ দেখে। এখন দেখা যাক্ আমাদের রাষ্ট্রের পুলিস কি রকম হয়েছে।

দীর্ঘ দিন বিদেশী শাসনের অধীনে থাকার পর আমাদের দেশ যখন স্বাধীন হ'ল, তখন এই আশঙ্কা করা গিয়েছিল যে সমস্ত গভর্ণমেণ্ট কর্মচারীকে বদ্‌লে দেওয়া হবে। যদি তা সব ক্ষেত্রে নাও হয়, অন্ততঃ পুলিসকে বদ্‌লে দেওয়া হবে। (A VOICE : আশঙ্কা, না আশা করেছিলেন?) আশঙ্কা করা গিয়েছিল, স্বাধীনতা যেটুকু পেলেন, সেটা এরা বিপন্ন করে দেবেন। তখন এই আশঙ্কা থাকা সত্ত্বেও এটুকু আশা করা গিয়েছিল পুলিসকে রেখে দেওয়া হ'লে তারা দেশের সেবক হয়ে যাবে। পূর্বে যারা শাসক ছিল, এখন তারা সেবক হয়ে যাবে। তাই কি তারা হয়েছে? এই সাড়ে তিন বৎসর পরে আমরা কি দেখছি? তাদের যে শাসকী মনোভাব—আগে যা ছিল, এখনো তাই থেকে গেছে। তারা যে জনসাধারণের সেবক, সে মনোভাব গজায় নাই। এদের মধ্যে মনোভাব হচ্ছে তারা জনসাধারণের শাসক, তারা সেবক নয় এবং শুধু তা নয় এই দেশের যে পুলিশ, সেই পুলিস আজ সবচেয়ে বেশী corrupt হয়ে গেছে। যদি কেউ আজ corrupt থেকে থাকে আজ, তারা হচ্ছে এই পুলিস। Administrationএর মধ্যে যে কোন ডিপার্টমেণ্টে তাদের corruption একদিনে যেতে পারে যদি highest topএ যাঁরা বসে আছেন, তাঁদের corruption বন্ধ করবার determination থাকে। এটা ঠিক কথা যে fundamentally কোন corruption ধরে সাজা দেওয়া শক্ত। কোন corruption বা ব্যভিচার যদি হয়, তা আইনতঃ ভালভাবে প্রমাণ করা যায় না, খুব কম ক্ষেত্রে যায়। একটা জিনিষের প্রতি মন্ত্রি সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে এই যে পুলিস কিভাবে ঘুষ আদায় করে, তার কতকগুলো কৌশল বা formula আছে। তাদের মধ্যে অভ্যাস অনেক রকম আছে। Corruptionএর রীতিমত একটা নীতি গড়ে উঠেছে। কি করে ভাল করে ঘুষ আদায় করতে হয়, সে বিষয়ে তাদের খুব activity দেখা যায়। কিন্তু কোন একটা ক্ষেত্রে—blackmarketing বলুন বা অন্য কিছু অন্যায় ধরা বলুন—তারা করবে কি? না, যেখানে বড় বড় ক্ষেত্রে তারা corruption না ধরে, তারা ছোট-খাট case ধরে ধরে কেসের সংখ্যা বাড়ায়। যদি তাদের বলেন কত কেস্ ধরা হয়েছে? অমনি তারা মুখের উপর জবাব দেবে একশোটা কেস্ ধরেছি। কিন্তু যেখানে লক্ষ লক্ষ কোটী কোটী টাকা involved সেসব ব্যাপার ধরা হয় না, বাদ দেওয়া হয়। গভর্ণমেণ্ট ইচ্ছা করলে কি সেসব corruption ধরতে পারেন না? তাদের যদি প্রকৃত ইচ্ছা থাকে তাহ'লে এ জিনিষটা দমন করতে পারেন। কিন্তু এঁরা তা করেন না। এটা হচ্ছে গভর্ণমেণ্টের failure—এটা অত্যন্ত শোচনীয় এবং লজ্জাকর।

আর একটা কথা আছে তাদের ঘুষ আদায়ের কৌশল। সব কিছু complaintকে তারা general natureএর করতে চায়। অর্থাৎ কারো নাম করে complaint করলে হবে না; কে মারলো, বা কে কে মারামারি করলো, আমি যদি বলি যে রাম, শ্যাম, যদু, এসব বললে হবে না, তারা correction করে দেয়, যে আরও বহু লোক আছে যাদের দেখলে চিনতে পারি, কিন্তু নাম জানি না। এখানেই হ'ল কৌশল। পুলিস তখন যে অঞ্চলে ঘটনা হয়েছে, সেই অঞ্চলে ঘুরে ঘুরে, সেই যে বলা হয়েছে, নাম জানি না, দেখলে চিনি, এমন সব লোককে ধরে ধরে ঘুষ আদায় করে। এ বিষয় মন্ত্রিসভাও জানেন। তাঁরা তা দমন করতে চান না, সেজন্য সেই অনাচার দমিতও হয় না। পুলিস এই সব কলকৌশল আয়ত্ত করে, সাধনা ক'রে, culture ক'রে। এমনি এ জিনিষ হয় না। যে জিনিষটা *sub judice* আছে, আমি সে কথা উল্লেখ করবো না। (A VOICE : No, No.) whether the firing is justified or not. আমি তার ধার দিয়েও যাচ্ছি না। সেখানে হয়েছে কি। গুলি খেয়ে সেখানে পাঁচ জন লোক মারা গেল, এটা *sub judice*

নয়। "গুলি খেয়ে" কথাটা আমি নাই বা বললাম। কিন্তু তারপর হ'ল কি? হাটে যেখানে পনর হাজার লোক জুটেছিল, সেখানে হ'ল বহুলোক এসেছিল। বহু তার সংখ্যা হ'ল দু-হাজার তিন হাজার, তা নয়। বহু দু-হাজার থেকে বার-তের হাজার পর্য্যন্ত হতে পারে। হাটে বহু লোক এসেছিল, কে কে এসেছিল, তার কি কোন ঠিক আছে? পাঁচ-সাত মাইল radius করে, যেখানে কয়েকটা থানা ক'রে যারা বড় বড় লোক পুলিস গিয়ে প্রত্যেকের বাড়ীতে ধন্না দিতে লাগলো। তোমরা যে হাটে যাও নাই তার প্রমাণ কি? পাঁচবার যদি কোথাও পুলিসের গতায়াৎ হয়, তাহ'লে কত টাকা সেখান থেকে আসতে পারে? এই রকম হাজার বাড়ী থেকে টাকা আনছে। ওদিকে মরলো কিন্তু পাঁচজন লোক। আর পুলিস হাজার হাজার বাড়ী পরিদর্শন করতে লাগলো চর পাঠিয়ে, লোক পাঠিয়ে। টাকাও আসতে লাগলো। এ জিনিষটা হ'ল সাধারণ ব্যাপার। সংখ্যালঘু সম্প্রদায় যেখানে থাকে পুলিসের গমনাগমন সেখানে বেশী হয়। আমি শুধু একটী ক্ষেত্রের কথা বলছি। (The Hon'ble BHUPATI MAZUMDAR : হাটের ধার দিয়েও যাবেন না!) এই পুলিসীকৌশল সম্পর্কে মন্ত্রিসভা অবহিত হোন্।

আপনারা দু-তিন সের চাল ধরে সাজা দেন। সেইসব সংখ্যা statistics করে দেখাচ্ছেন দুশো কেস ধরা পড়েছে blackmarketingএর। কিন্তু লক্ষ লক্ষ টাকার যাঁরা blackmarketing করেন তাদের আপনারা ধরেন না। এ সম্পর্কে আপনারা অবহিত হোন। কারণ পুলিসকে যদি corruptionএর উপরে না নিয়ে যেতে পারেন, তবে, যতই বাজেট করুন, এই রাষ্ট্রের কোনদিন উন্নতি হবে না।

কোন একটা definite step সরকার পক্ষ থেকে কতটুকু নেওয়া হচ্ছে? বছরের পর বছর কেবল ব্যয়ই বেড়ে যাচ্ছে। সরকার হয়ত বলবেন যে frontier অঞ্চল আছে, তা রক্ষা করতে হয়, যেসব subversive activities হচ্ছে, তা দমন করতে হয় ইত্যাদি। সবই বুঝি। কিন্তু পুলিসের কি হ'ল? দেশের লোকের সঙ্গে পুলিস কিভাবে ব্যবহার করে? ক'লকাতার মধ্যে থানায় যদি কেউ যায়, পুলিস তাদের বসতে পর্য্যন্ত বলে না। যদি ক'লকাতা পার হয়ে মিউনিসিপ্যালিটীর সীমানা পার হয়ে মফঃস্বলে যায়, আপনি ব'লে পুলিস কয়টী ক্ষেত্রে ব্যবহার করে। তুমি বা তুই এই কথাই বেশীর ভাগ ক্ষেত্রে ব্যবহার করে। তারপর অকথা, কুকথাও ব্যবহার করে ডাঃ সুরেশ বাবুও সেকথা বলেছেন। তাদের কর্ত্তব্য আজ লোককে শান্তি দেওয়া, বিপদ থেকে মানুষকে উদ্ধার করা, তা তারা করে না। অনেক সময় মনে হয় গ্রামের মধ্যে পুলিস যদি না থাকতো, থানায় যদি পুলিস না থাকতো, তাহ'লে এই চুরি ডাকাতি কম হ'ত। এ জিনিষ মন্ত্রিসভার যাঁরা সভ্য আছেন, তাঁরা ভালভাবে জানেন। প্রত্যেক জায়গার চোরের ঘাঁটী ও ডাকাতের ঘাঁটীর সঙ্গে পুলিসের সম্পর্ক রয়েছে। সেখানে তাদের মাসোহারার ব্যবস্থা আছে। Criminal characterএর লোকের সঙ্গে তাদের যোগ আছে। প্রত্যেক চুরি-ডাকাতি, রাহাজানি যারা করে, তাদের gangকে পুলিস জানে ও চেনে। পুলিস যদি মনে করে একদিনও চুরি-ডাকাতি হয় না, sporadic ভাবে হয়ত এক আধটা হতে পারে, সংঘবদ্ধ চুরি-ডাকাতি হতে পারে না। কারণ পুলিসের কাছে তার ব্যবস্থা থাকে। অতএব এই সমস্ত ব্যাপারে তাদের ব্যবহার জনসাধারণের সঙ্গে শাসকরূপে। তাদের আর এক কাজ ছিল বৃটিশ গভর্ণমেণ্টের আমলে। কারণ বৃটিশ গভর্ণমেণ্ট আমাদের শাসক ছিলেন। আমাদের মনে হয়েছিল দু'বৎসর থেকে পুলিসের যে সব বড় function বৃটিশের অধীনে ছিল, তা তারা ভুলে গেছে। কিন্তু বছর খানেক থেকে মনে হচ্ছে পুলিস সরকারের খুব প্রিয়পাত্র হবে। কারণ ধীরে ধীরে তাদের সেই বৃটিশ আমলের function করতে আরম্ভ করেছে। তা হচ্ছে গভর্ণমেণ্ট বিরোধী যে দল, তাকে জব্দ করে রাখা, তাদেরকে গালাগালি করা। তাদের unpopular করে রাখবার জন্য শালা পর্য্যন্ত বলে (laughter)। আগে, পুরাণো আমলে যারা ইংরেজের বিরোধী ছিল, এবং ইংরেজ গভর্ণমেণ্টের বিরোধী ছিল তাদের activities থামিয়ে দেবার জন্য তাদের শাসন করতো, তাদের উৎপীড়ন করতো। আর আজকে তারা উৎপীড়ন আরম্ভ করেছে কংগ্রেস বিরোধী যারা, গভর্ণমেণ্টের বিরোধী যারা তারা subversive কিছু করুক বা না করুক, তাদের প্রতি জোর উৎপীড়ন চালায় আমাদের এই স্বাধীন দেশের পুলিশ। কারণ তারা জানে কি করে নিজেদের আসন প্রতিষ্ঠিত করতে হয়। দু'বছর থেকে দেখছি—(Hon'ble BHUPATI MAZUMDAR : ৬ মাস নয় কেন?) নয় কেন তা আপনারাই জানেন। কারণ আপনারা ভিতর থেকে কি কলাকৌশল দেখাচ্ছেন, যার ফলে তারা কংগ্রেস ও গভর্ণমেণ্ট বিরোধী যারা তাদের গালাগালি না করে ছাড়ে না। Election সম্বন্ধে অন্য পক্ষ যাতে অগ্রবর্ত্তী না হয় সেই কাজ তারা করছে। এইটেই আজ পুলিশের প্রধান কার্য্য। পুলিশ perfect হয়ে গেছে? পুলিশের যেমন যোগ্যতা ছিল বৃটিশ গভর্ণমেণ্টের আমলে আজকে কংগ্রেস গভর্ণমেণ্টের আমলেও ৩॥ বৎসর পরেও দেখা যাচ্ছে তেমনি যোগ্য তারা রয়েছে।

SJ. BASANTLAL MURARKA: Mananeo Speaker mahodai! Hamarey Pardhan Mantari mahodai ne jo Police ke kharch ke liey mang pesh ki hai, main uska samarthan kerney ke liey khara hua hoon. Mujhko yeh dekhker ashcharj hota hai ke jo Police hamari raksha kerti hai, desh men santi aur suesta rakhti hai, uska bhi ghatti parastao hamarey mananeo membaron ney kiya hai. Speaker mahodai ap jantey hain ke jab raj paribartan hota hai tab desh men ghor uthal puthal hoti hai, ashantosh aur ashanti phailti hai, isko dabaney ke liey Police ki bohut zarurat hoti hai. Russ desh men Raj Paribartan ke bad, ashanti ko dabaney ke liey 10 baras lagey they. Wahan Staline ney lakhon admeon ko, karant kareon ko golion ke ghat utar diya tha. Usitarah sey America men raj paribartan ke bad ashanti ko dabaney ke liey 7 baras lagey they. Hamarey parosi Burma ka to ap hal jantey hain. Police ke kami ke karan 8 sahjog mantari mar deay ghaey. Hamarey yahan ki police khub sabdhani say kam naheen leti to yahan ka bhi yahi hal hota. Jab Charu Babu, Suresh Babu ministers they aur Dr. Ghosh mahadoi Chief Minister they to communiston ney Assembly men dhawa bol diya tha, agar wah saphalta lab kertey to aj yehan ham aur ap naheen hotey. Us samai hamari police ney goli chala ker hamarey logon ki rakhsha ki thi. Hamarey Rash Pita Mahatma Gandhi ko theek police ka intezan na honey ke karan ashanti phailaney walon ne mar dea tha. Sampradiek manubirti walon ney unka kiya hatiar. Agar police ka acha parbandh hota to Rashtra Pita naheen marey jatey. Is per bhi hamarey berodhi dal waley kahtey hain ke police per itna kharach keon hota hai. Hamarey Bengal ka hal dekhtey huey yeh bohut thori mang hai. Bara (12) mahiney pahley ki bat main Janab Badrudduja Saheb ko yad delana chahta hoon jab alpo sankhia waley yahan police ke sahaita ke liey chillatey they. Mujhey kaie bar Lalbazar Control men jaker alpo sankhia ke bhaion ko bachaney ke liey Police Commissioner Saheb sey prathana kerni pari thi aur unhon ney khub joggota sey alpo sankhia ko bachaney men sahaita dekhaie hai. Dawa ke sath kah sakta hoon ke Barabazar area men ek bhi Mussulman mara naheen giya aur ek dukan bhi naheen luti gaie. Police ke adhikaran ke tatwarta ke karan aisi subista rahi. Alpo sankhia ko bachaney ke liey hamarey pardhan mantari ney jo joggota sey kam lia, usika yeh phal hai ke aj woh log persay han gaey. Hamarey alpo sankhia ke bhaion ko yahan jetni subista hai woh kisi des men bhi naheen hai. Main Badrudduja Saheb say kahna chahta hoon ke sampradiekta ka zamana giya. Muslim League ka zamana chala giya. Is des men Muslim League aur Hindu Mahasabha ka isthan naheen hai. Agar wah Muslim League sampradiekta phailana chahtey hain to wah Pakistan chaley jaen.

Speaker mahodai, Jyoti Babu ney Bowbazar ke julus men istrion per goli chalaney ka dosh police per lagaya hai. Jab hazar baras pahley bedeseon ney hamen pradheen kiya tha, Somnath ke mandir ko loot lia tha, to Bedeseon ney gaeon ko fauj ke agey rakh diya tha aur hamarey prachin Hindu Dharam biron ney gaeon per hastkhep naheen kiya, jiskey karan des pradheen hogiya. Hamarey Communist party waley bhi yahi kertey hain. Istrion ko julus ke agey detey hain take police goli naheen chalaey. Agar police goli na chalaey to wah hamko loot len. Hamarey dharm bir police jantey hain ke ager goli na chalaen to des per communiston ka raj ho jaega. China ka hal hamarey samney hai, Russia hamarey samney baitha hua hai. Is liey main Jyoti Babu ko kahta hoon ke isterion ko ghar men rakhiey unko julus me mat laiey. Des men ager santi isthapit karna hai aur birodh ko rokna hai to 5 crore rupea bohut kam hai.

Hamara des sampradiek birodhi hai, yeh goli chala ker shanti naheen chahti hai. Yeh prem sey shanti karna chahti hai. Is liey main Badrudduja Saheb sey kahoonga ke jo Pact hua hai, Hindustan aur Pakistan men usko shantiroop kam kerney dijeay. Ghoose keon dete hain. Bare admi log ghoose ka lalach Police ko dete hain. Sao (Rs. 100) sao rupea ek mamuli

Police ko dete hain weh bechara gharib admi lalach men ajata hai. Yeh sabhabik bat hai, parantu ghoose dena bhi anti-social kam hai. Bare admi lalach naheen chore saktey hain to wah gharib admi kahan lalach ko chore sakey. Police apki shanti aur subista kerti hai. Bengal ka jo rasht hai woh bohut achi tarah chal raha hai aur is samai jo hamari cabinet hai, Bidhan Babu ki jo cabinet hai woh bohut acha kam ker rahi hai. Aisey yog minister doosrey des men naheen melengey. Is liey unke under men jo police kam keregi woh doosrey ke under men naheen karegi. Aj Bengal sima pranth men hai, is Bengal ko bachana sarey Bharatvarsh ki raksha kerna hai. Bengal ke raksha ke liey police ki bhi zarurat paregi, military ki bhi zarurat paregi aur janta ki bhi zarurat paregi.

Janab HUSAN ARA BEGUM: Mr. Speaker, Sir, I wish to say a few words in reply to the honourable member who has just spoken. I find that he has spoken a few words in this police budget about the Muslims going over to Pakistan.

Basantlalji - میں اسوقت اردو میں چند باتیں کہونگی Mr. Speaker, Sir,

اسوقت آپ Government کو support کرتے ہیں یہہ آپکی مہربانی ہے مگر آپکو آزروں کا بھی خیال کرنا چاہئے - اگر جناب بدرالدجی صاحب نے مخالفت کی ہے تو as a citizen of India کی ہے یہہ نہیں کہ پاکستان کی معیت کے لئے اُنھوں نے مخالفت کیا ہے - وہ Opposition میں ہیں اور بحیثیت ایک citizen کے اُنھوں نے جو کچھہ کہا ہے یہاں سب آدمی کو حق ہے کہ آزادی سے اپنی رائے دیں (They are free to give their opinion) - اپنے سومنات کا ذکر کیا ہے وہ تو بہت پہلے کی بات ہے - اسوقت پولیس (Police) نہیں تھی ملٹری (Military) تھی - اور یہہ بھی یاد رکھنا چاہئے کہ موجودہ پولیس سسٹم (Police System) برٹش پارلیمینٹ (British Parliament) یعنی 16th - 17th Century سے ہوا ہے - اسوقت جس پارلیمینٹ میں ہمارے بیٹھے ہیں وہ بھی برٹش پارلیمینٹ کا ایجاد ہے - 16th - 17th Century کے پہلے کی باتیں ہیں اور 20th Century کا زمانہ ہے - اس لئے میں اب پراتھانا کرونگی کہ اسوقت جو Liaquat-Nehru Pact ہوا ہے اسکو اچھی طرح چلنے دیجئے - مجھے خوشی ہوتی ہے کہ ہمارے Hon'ble Chief Minister جو ہیں وہ کسیطرح سے مسلمانوں کا دل نہیں دکھاتے ہیں - لہذا آپ معاف کیجئے - میں بھی مسلمان ہوں - آپ کہتے ہیں کہ پاکستان چلے جاؤ یہہ کیسی بات ہے - بدرالدجی صاحب یہاں ایک شہری کی حیثیت سے بیٹھے ہوئے ہیں - جیسے Charu Bhandari بابو یا اور جو Opposition میں ہیں ویسے وہ بھی بیٹھے ہیں - ایسی باتیں کرنی چاہئے تاکہ کسی کے دل میں ٹھیس نہ لگے *

Sj. DEBENDRA NATH SEN: Mr. Speaker, Sir, we were very much pained as we saw the members of the Treasury Benches trying to create an element of lightheartedness and laughter when Dr. Banerji was trying to disclose certain important things. I think, Sir, in his speech Dr. Banerji has raised two great principles and whoever may be laughing, the Home Minister of West Bengal cannot shirk the responsibility of giving an answer to those two questions of principles. Firstly, whether a person—whether he is a culprit or a good man—whether he is a member of this party or that—when he is in police custody will be allowed to be assaulted. That is the question of principle which Dr. Banerji has raised and the Hon'ble the Home Minister will have to give a reply, because if a person under police custody is to be assaulted that reminds us of the Star Chamber method, that reminds me of the medieval period and we want to hear from the Home Minister of West Bengal as to what he is following—democracy or methods of the medieval period, or methods of the Star Chamber. Another question of principle Dr. Banerji raised is whether there is to be discrimination in treatment between a member of one party—whether that party is in the Opposition or with the Government—and another. I know that the Government belongs to the Congress Party but even then is it allowed that in the day-to-day administration of a department of the Government discrimination is to be allowed, that is to say, whether a person is to be subjected to unnecessary harassment or unnecessary ill-treatment, because he happens to belong to a party which is not the Congress Party?

These are the two principles which Dr. Banerji has raised in his speech and to which an answer is demanded. Sir, I have got a report—I do not know how far it is correct but I have got a report—that a secret circular has been issued to all the police officials, high or low, not only of Calcutta and its suburbs but of the whole of West Bengal, to the effect that, wherever there is an organisation associated with the Krishak-Praja-Mazdoor Party, whether it be trade union or otherwise, they should try to put it down. (Sj. ANANDILAL PODDAR: (Question) Anyhow I have got the report like this but I do not know whether it is true. I want a reply. If the report is true I am sure the Krishak-Praja-Mazdoor Party knows how to give an answer to this challenge, but, I believe, it is not correct. But then symptoms go to show that it is correct. I particularly mention the two places wherefrom the symptoms have come, one from the dock area and another from the Asansol area have reached me today. About 25 persons belonging to the railway stations as railway hawkers have been arrested, assaulted and lathi-charged simply because they belonged to a different union and refused to become members of a union sponsored by the local Congress.

On Sunday last I was present at Asansol and in my presence some of those assaults took place. Immediately I sent a wire to the Chief Minister and saw the Subdivisional Officer there immediately after. Yesterday I was told by the Chief Minister that he had already taken action. The action that I found to have been taken is that another three persons, the Secretary, the Vice-President and another important member of that union were arrested. I have taken up the case of the dock workers. For the last one and a half months a series of assaults have been going on upon the members of the Calcutta Dockers' Union which has been conducting the strike. Some of those assaults have been of a very serious nature. The assaulted men came to my office and I saw bones fractured, I saw blood streaming out. They went to the police-stations concerned and there are various police-stations in Calcutta. In innumerable cases the police officers refused to entertain complaints and even where they entertained complaints no further action was taken. Sir, we have found that the same persons assaulted the workers almost every day, and they can be identified. The police knows them very well but none of them has been arrested and no

action has been taken against them. Sir, these two cases compel us to surmise that all this cannot be done without any order from the above. I think it is very likely, looking at the very nature of the things, that a secret circular must have been issued and all these things are taking place under instructions from Government. I know what are the charges against the Police Department. The charges are corruption, inefficiency, etc., but I will not make the members of the police force responsible or mainly responsible for these charges. I know particularly the lower rank and file, and I also know the higher. I consider them all as citizens of India, I consider them as good citizens as we are and capable of doing good things. If still they are corrupt the main cause lies elsewhere: it lies in the example set before them by our leaders, by our Ministers. If we can have a State and a Finance Minister in our State against whom there are grave allegations of involvement in a case of evasion of sales tax and if after that no action is taken and no enquiry committee is appointed and the said Minister does not resign, can you expect the police officers to do anything good? They will follow the example of this Finance Minister or of any other authority of that nature. Then you will find another particular Minister is guilty of securing the release of a confirmed swindler and blackmarketeer. When such is the conduct of the Ministers themselves, what is the example the police officers are going to follow? Can you expect them to be honest? Therefore I shall not accuse any of them although they are corrupt. I want to make it clear that I shall look into the matter from this point of view. I have also put in one of my cut motions about the failure of the police to collect evidence as a result of which robberies, dacoities and murders are being committed but big culprits are being acquitted at the same time for want of evidence. I was reading the other day a mystery story written by a great author, where a new theory of murder has been introduced. Suppose, for instance, a man has been administered a poison. Now the doctor who attended the case and other persons who have any knowledge of it will be classed as murderers if they withhold the information in their possession. So, on that analogy, the failure on the part of the Calcutta Police to produce evidence classes them as murderers. As I have said before, Sir, this failure to collect evidence is deliberate on the part of the police. It is not because a particular police officer could not have collected the evidence. The fact is that he did know and could have collected the evidence but that evidence would not be collected if the person accused is a multi-millionaire. It is this state of affairs that has brought a complete demoralisation in the department and of the men in the department. This demoralisation has started from the top to the men at the botton and the men at the bottom would not face troubles by detecting offences committed by influential persons. Sir, these men in the lower ranks cannot change their minds so long as they do not get a good example from the top, from our Ministers.

Now, Sir, I find from the budget that the budget for the railway police has been increased this year from Rs. 5,80,000 to Rs. 7,04,000. Sir, we do not mind sanctioning this money. But it must be noted by the Home Minister that there is a deep conspiracy behind the whole thing. When a consignment is booked it is not meant to reach the destination. While in transit, the consignment disappears with the result that the railway has got to pay heavy compensation for such loss. But all this is done in a conspiracy between the staff of the railway and outsiders. It has come to my notice that only for the Bengal-Nagpur Railway the claim for compensation is 86 lakhs. This 86 lakhs is secured for distribution amongst the business men because they have lost their goods and others. So far as the East Indian Railway is concerned the figure is still higher and all this is the business of swindlers. It is known beforehand that the consignment of goods will be lost in transit. Sir, the money that goes out of the State

coffers by way of compensation goes out of the people's pockets and is concentrated in the hands of a few rich people. I want to bring to the notice of the House the position in Nadia. The whole of Nadia is affected so far as this pilfering and robbing of railway goods is concerned. This is done within the railway station, although there is a railway police-station near about. The gangs loiter about one or two hours before a goods train is due to arrive and stand on the rail'way lines in broad daylight so that the train cannot move and then they carry away the boxes in the very presence of the police officers, I am told. But, Sir, the reason for such corruption certainly lies in the very bad examples set by our leaders. If these things cannot be stopped, has the Hon'ble Minister a right to demand an additional increase under this head? What is the guarantee that this people's money, this State's money which can be saved and which ought to be saved would be spent by paying higher dearness allowance to the railway workers, we could have reduced railway fares and we could have done many other things. If that thing is not going to be stopped, what right has he to demand more money under that head.

Sir, I was trying to point out that the example should come from the leaders. Just as Dr. Dalton resigned merely on suspicion, just as Mr. Sanmukhan Chetty resigned merely on a vague charge which was not proved so also it should take place here. The Finance Minister should resign and the Judicial Minister should also follow.

I should also like to bring to the notice of this House that the pay structure of the lower rank and file is inadequate. A constable gets only Rs. 30; that is his basic salary. That is the basic salary fixed for an ordinary coolie, as we call it. But certainly the duties expected, the responsibilities expected from a constable are high. He has got to face often difficulties at the risk of his life. He has got to put in duty for 24 hours; he cannot leave the quarters as he likes, he has got to get permission of his superior and he has to do so much responsible work even at the risk of his life and has to be stationed always for 24 hours—should he get Rs. 30?

I will not enter into the question of controversy between the Calcutta Police and the Bengal Police but I must certainly say that there are cases where a man from the Bengal Police, although he was a subordinate, although he was drawing much less, often he has been brought to Calcutta and placed superseding the claims of the Calcutta Police. These things have also created difficulties and if there is inefficiency in the Calcutta Police, much of this is due to this factor also. I would therefore request the Chief Minister, the Home Minister to look into this aspect also.

Sj. PRAMATHA NATH BANDYOPADHYAY : আমি পুলিশের বাজেট সম্বন্ধে আলোচনা করতে গিয়ে প্রথমে বলতে চাই যে আমরা বাংলাদেশেতে পুলিশের যে পরিবর্ত্তন দেখতে পাব বলে আশা করেছিলাম, সেই পরিবর্ত্তন আমরা দেখতে পাচ্ছি না। ইংরাজের রাজত্বের সময় যে পুলিশ ছিল এখনও প্রায় সেই পুলিশই আছে। যদিও এখন বহু শিক্ষিত লোক এই পলিশের কাজেতে এসে যোগ দিচ্ছে কিন্তু তাদের ইংরাজ আমলের সেই পুলিশী মনোভাবই রয়েছে তার কোন পরিবর্ত্তন দেখা যাচ্ছে না। জনসাধারণের প্রতি ব্যবহার ও লোকের সঙ্গে মেলামেশার ভাবের এখনও উন্নতি হয়নি। বিলাত প্রভৃতি দেশে যা শুনে থাকি, সেখানকার জনসাধারণ তাদের দেশের পুলিশকে বন্ধুভাবে দেখে কিন্তু এখানকার পুলিশরা এখনও ঠিক সেইভাবে দেশের লোকদের গ্রহণ করতে পারেনি।

আমাদের মেদিনীপুর জেলায় একটা অভিযোগ আছে, যে এই জেলার যে সমস্ত পুরাতন পুলিশ কর্ম্মচারীরা গত রাজনৈতিক আন্দোলনের সময় সেখানকার লোকদের উপর অমানুষিক অত্যাচার করেছিল, সেই সমস্ত পুলিশ কর্ম্মচারীরা এখনও পর্য্যন্ত চাকরীতে বহাল আছে এবং গ্রামবাসী ও দেশের লোকেরা জিজ্ঞাসা করে আমাদের দেশ স্বাধীন হবে

হল কি ? যারা আমাদের মেয়েদের উপর অত্যাচার করেছে, যারা আমাদের ঘর পুড়িয়ে দিয়েছে, যারা আমাদিগকে নানা প্রকার উৎপীড়ন করেছে সেই সমস্ত লোকেরা আজও বেশ বুক ফুলিয়ে, মাথা তুলে আমাদের উপর শাসন করছে। সেই সমস্ত পুরাতন পুলিশ কর্ম্মচারীদের নাম আমাদের দেশের লোক কখনও ভুলেনি। আমাদের মাননীয় প্রধান মন্ত্রী মহাশয় যদি চান আমি সেই নামের listটা দিতে পারি। এই প্রসঙ্গে আমি মাননীয় প্রধান মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যত শীঘ্র সম্ভব সেই সমস্ত কর্ম্মচারীদের সরিয়ে তাদের স্থলে নূতন কর্ম্মচারী আনুন। যাদের দেখে দেশের লোক আশ্বস্ত হতে পারে—এই ভেবে যে যারা দেশের নরনারীর উপর অমানুষিক অত্যাচার করেছিল, সেই সমস্ত পুলিশ অফিসার আর নেই। যাঁরা নূতন পুলিশ কর্ম্মচারী হচ্ছেন তাঁরাও ঐ সমস্ত পুরাতন পুলিশ কর্ম্মচারীর সংস্পর্শে এসে খারাপ হচ্ছেন। আপনারা হয়ত মনে করছেন যে, যে সমস্ত নূতন পুলিশ কর্ম্মচারীরা আসছেন তাঁরা আগেকার পুলিশ কর্ম্মচারীদের চেয়ে ভালভাবে কাজ করছেন। কিন্তু আমি যে সমস্ত ঘটনা প্রত্যক্ষ করেছি তাথেকে বলতে পারি পূর্বেকার পুলিশ কর্ম্মচারীরা যেভাবে কাজ করতেন এঁরা তার চেয়েও আরও খারাপ ভাবে কাজ করছেন। যদি কোথাও চুরি-ডাকাতি হবার পর, কেউ পুলিশে সংবাদ দিতে যায়, তাহলে তাকে বসতে পর্য্যন্ত দেওয়া হয় না, বা সম্মানজনকভাবে সম্বোধন পর্য্যন্ত করা হয় না এবং তার এজাহার নেওয়া হয় না, যতক্ষণ পর্য্যন্ত ঘুষ দেওয়া না হয়। First information report ঠিক যে রকমভাবে লেখা উচিত তা লেখা হয় না। কোথাও চুরি-ডাকাতির খবর পেলে, তৎক্ষণাৎ সেখানে গিয়ে গ্রামের লোকের সহায়তা নিয়ে চুরি-ডাকাতি ধরবার চেষ্টা করবেন, কিন্তু তা তাঁরা করেন না। কেউ খবর দিতে এলে তাঁকে বলা হয় "তুমি বাইরে গিয়ে বস, পরে দেখা যাবে"। বাইরে বসবারও কোন জায়গা থাকে না অথচ তাদের বসতে বলা হয়। গ্রামের গরীব লোকেরা যখন কোন এজাহার লেখাতে থানায় আসে তখন তাদের বসতে পর্য্যন্ত দেওয়া হয় না। (Here blue light was lit.) মাননীয় স্পীকার মহোদয় আমাকে আরও time দিতে হবে।

Mr. SPEAKER: Please go on.

Sj. PRAMATHA NATH BANDYOPADHYAY : এই যে বর্ত্তমান পুলিশের ব্যবস্থা আছে তাকে অবিলম্বে বদলান দরকার। এবং মাননীয় মন্ত্রী মহাশয়ের দেখা দরকার যে, যারা পুলিশে সংবাদ দিতে যায় তাদের প্রতি সেখানকার পুলিশ যেন আগ্রহের অভাব না দেখায়। তাদের সঙ্গে ভাল ব্যবহার করে, আগ্রহের সহিত তাদের নিকট হতে সংবাদ নিয়ে, তাদের যাতে অভিযোগগুলি তাড়াতাড়ি দূর করতে পারে তার ব্যবস্থা করেন।

সম্প্রতি কণ্টাইয়ে একটা ঘটনার কথা উল্লেখ করছি। কৃষ্ণনগরের একটি ব্যাঙ্কের টাকা ঠকিয়ে নিয়ে একজন লোক কণ্টাইয়ে গিয়ে স্কুল মাষ্টারী নেয়। কৃষ্ণনগর থেকে তাকে গ্রেপ্তার করবার জন্য warrant নিয়ে এক ভদ্রলোক এখানে উপস্থিত হন এবং আমার কাছে হাজির হয়ে বলেন "এই লোকটি কৃষ্ণনগর থেকে পালিয়ে এসে এখানে রয়েছে, তাকে যদি অবিলম্বে arrest করা না যায় তাহলে সে পালিয়ে যাবে। আমি ছয় মাস থেকে এর পিছনে পিছনে ঘুরছি, একে arrest করবার জন্য"। তখন আমি সেখানকার district পুলিশের officer-in-chargeএর কাছে এক পত্র লিখে এই ভদ্রলোকটিকে পাঠিয়ে দিই এবং থানার অফিসারকে বিশেষ করে জানাই যে এই ভদ্রলোক যে অভিযোগ নিয়ে যাচ্ছেন সেটা দেখে, যাতে ঐ দোষী লোকটি ধরা পড়ে তার ব্যবস্থা করবেন। কিছুক্ষণ পরে ভদ্রলোকটি ফিরে এসে আমাকে জানান যে থানা অফিসার বলেছেন তাঁদের এত ভীষণ কাজের চাপ পড়েছে যে ১৫ দিনের মধ্যে তাঁরা কিছু করতে পারবেন না। কিন্তু ইতিমধ্যে যদি দোষী লোকটি খবর পেয়ে যায় যে তাকে ধরবার জন্য পরওয়ানা বেরিয়েছে তাহলে সে এখান থেকে আবার পালিয়ে যাবে। ঠিক সেই সময় Inspector of Police আমাদের সামনে দিয়ে যাচ্ছিল, আমি তাঁকে ডেকে বললাম, "মহাশয় আপনার অফিসে নাকি এখন খুব কাজ বেড়েছে তাই বাইরের অন্য কাজ নিতে পারছেন না ?" তখন তিনি বলেন "না, তা ঠিক নয়। তবে কি হয়েছে বলুন আমি সব ঠিক করে দিচ্ছি"। তারপর ব্যবস্থা করে সেই দোষী লোকটিকে ধরা হল। কিন্তু যদি হঠাৎ এই Inspectorএর সঙ্গে আমার দেখা না হ'ত, তাহলে এই অপরাধীকে আর ধরা সম্ভব হ'ত না। কাজেই দেখা যাচ্ছে এইভাবে, এই সমস্ত পুলিশের গাফিলতি হচ্ছে। পুলিশের কাজ দেশের মধ্যে সবচেয়ে responsible কাজ সুতরাং এই কাজ যাতে ঠিক সময় ঠিকভাবে সম্পন্ন হয়, তার প্রতি গভর্ণমেণ্টের সর্বদা দৃষ্টি রাখা কর্ত্তব্য।

(Here red light was lit.) আমি আর এক মিনিট বলে আমার বক্তব্য শেষ করছি।

Mr. SPEAKER: Please make it short.

SJ. PRAMATHA NATH BANDYOPADHYAY : আর একটা খরচ পুলিশের খাতে যে দেখান হয়েছে সে সম্পর্কে আমি কিছু বলতে চাই।

মাননীয় মন্ত্রী মহাশয়দের বাড়ী পাহারার জন্য এবং তাঁরা যখন সফরে যান তখন তাঁদের সঙ্গে পুলিশ প্রহরী রাখার বন্দোবস্ত আছে। আমার মতে এখন আর, আমাদের দেশে এই ধরণের খরচ করা উচিত নয়। কারণ এই সমস্ত মন্ত্রিগণ আজ বাইরের লোক নন, তাঁরা আমাদেরই দেশের লোক এবং জনসাধারণের প্রতিনিধিস্বরূপ এখানে এসেছেন। জনসাধারণের representative নিয়ে মন্ত্রীরা এখানে আছেন দেশের লোককে রক্ষা করবার জন্য। সুতরাং তাঁদের বাড়ী পাহারার জন্য পুলিশ সর্বদা মোতায়ন থাকবে এবং তাঁরা যখন সফরে যাবেন তখন পুলিশদের সঙ্গে করে নিয়ে যাবেন এটা ঠিক নয়। আজ আমাদের ভিতর যাঁরা মন্ত্রী হয়েছেন তাঁদের অধিকাংশই সাধারণ মধ্যবিত্ত ঘরের বা দরিদ্র ঘরের লোক, এবং তাঁরা জনসাধারণের সঙ্গে মিলেমিশে বাস করছিলেন। সেই জনসাধারণ যদি আজ দেখেন যে এই সমস্ত মন্ত্রীদের সর্বদা পুলিশ ঘেরাও করে রাখা হয় তাহলে তাঁরা মন্ত্রীদের সঙ্গে মিশতে পারেন না এবং তাঁদের মনের কথাও ব্যক্ত করতে পাবেন না। তাঁরা ভাবেন, এক সময় যাঁর তাঁদের নিজেদের আপন লোক ছিলেন, তাঁরা আজ দূরে সরে গিয়েছেন, তাঁদের আজ পুলিশ দিয়ে ঘেরাও করে রাখতে হয়। তাই আমার গভর্ণমেণ্টের কাছে বিশেষ অনুরোধ যে পুলিশ দিয়ে মন্ত্রীদেব বাড়ী ঘেরাও করে রাখা এবং মন্ত্রীমহাশয়রা সফরে গেলে পুলিশ সঙ্গে করে নিয়ে যাওয়া, এই দুটী যেন বন্ধ হয়।

Janab S. M. ABDULLAH : Mr. Speaker, Sir, আজ এই Assemblyতে পুলিশ বাজেট সম্বন্ধে অনেকগুলি কথা বলা হয়েছে। Opposition side থেকে অনেক কিছু নিন্দা করা হয়েছে। কিন্তু কোন কথা বলতে হলে সেটা একটু চিন্তা করে বলতে হবে—Oppositionকে আমি এই অনুরোধ করছি। দেশ আমাদের স্বাধীন হয়েছে সত্য ? এবং পুলিশ হচ্ছে এই স্বাধীন দেশের সেবক। মানবতাব জন্যই তার কাজ করতে হবে। কিন্তু পুলিস খামখেয়ালী হবে কিম্বা দেশের প্রকৃত সেবক হবে সেটা বাংলাব জনগণের উপর নির্ভর করে। এখানে একটা কথা আমি উল্লেখ করছি—দেশ স্বাধীন হবার সঙ্গে সঙ্গে আমাদেব অনুভব কবতে হবে—স্বাধীনতা মানে উচ্ছৃঙ্খলতা নয়। স্বাধীনতা মানে এ নয় যে মানুষ নিজের হাতেই আইনেব প্রয়োগ ক্ষমতা নেবে। স্বাধীন হবার সঙ্গে সঙ্গে কি পুলিশের দায়িত্ব বেড়েছে। দেশবাসীর উপবই কি বেশী দায়িত্ব চাপেনি ? স্বাধীনতার সঙ্গে সঙ্গে আমাদের দৃষ্টিভঙ্গিরও পরিবর্তন দরকার।

আজকে সকলেই বলছেন যে দেশে চুরি-ডাকাতি বেড়েছে। কিন্তু কারা কবে চুরি ? এই দেশের মানুষই চুরি করে। এই ভারতবর্ষের কোটি কোটি মানুষ, যে ভারতবাসী, তাদেব মনেব পরিবর্তন আগে হওয়া দরকার তবে হতে পারবে পুলিশ দেশের সেবক। হতে পারে একটা জায়গায় পুলিশ অত্যাচার করেছে। সেখানে হয়ত police administrationএর দোষ আছে। কিন্তু তাই বলে এক জায়গায় দু' জায়গায় অবিচার করেছে বলেই সমস্ত administrationই corruptএ হতে পারে না। আমাদেব দেখ্‌তে হবে Governmentএর policy কি। কোন্ দৃষ্টিভঙ্গি নিয়ে গভর্ণমেণ্ট চলেছে। দেশের স্বাধীনতার সঙ্গে সঙ্গে দেশের সত্যিকারের অবস্থাটার দিকে যারা তাকান না তারাই দেশের শাসন ব্যবস্থার কেবল দোষ উদ্‌ঘাটন করেন। তবে আপনারা বলতে পারেন খরচ কেন বেড়েছে। যাদের চিন্তাশক্তি আছে এবং responsibility বোধ আছে তারাই জানেন আজ পশ্চিম বাংলা কিসের উপর দিয়ে যাচ্ছে। এখানে কতকগুলি নূতন সমস্যা এসে পড়েছে। নানা রকম জটিল ব্যাপারের দরুণ পুলিশের যে কিছু গলদ রয়েছে—সেটা দেখা উচিত নয়। তারপরে পুলিশের ব্যাপারে গভর্ণমেণ্টের অনেক অসুবিধাও আছে। এখানে পুলিশের একটা training college ছিল না। Joint Bengalএ যে training college ছিল সেটা পাকিস্থানে গিয়েছে। সুতরাং training college একটা করতে হয়েছে পশ্চিম বাংলারও। কাজেই খরচও এখানে বেড়েছে।

এখন আমি minority সমস্যা সম্পর্কে কিছু বলতে চাই। আজকে যখন বলা হয় যে minorityদের জন্য protection নাই সেটা ঠিক নয়। Minority হিসেবে আমরা majority communityর সমান স্বাধীন। Indian Constitution এটাকে Secular State বলে declare করেছেন। যাঁরা বলেন Hindustan হিন্দুর জন্য পাকিস্তান মুসলমানদের জন্য এটা ঠিক নয়। গত communal riotএর সময় এই রাষ্ট্র minorityদের protect করার জন্য যথেষ্ট করেছে। Dr. Royকে আমরা যখন যা বলেছি তিনি করেছেন। বদরুদ্দুজা সাহেবকে বলছি মুসলমানের বিষয় কিছু বলবার সময় আজকের এই Secular Stateএর citizen আমরা যারা আছি তারা খালি মুসলমানের দাবি নিয়ে দাঁড়াবেন না—Indian citizenরূপেই

দাঁড়াবেন। অত্যাচারের সময় শুধু মুসলমানের উপর অত্যাচার হলেই নয়, অপরের উপর অত্যাচার সম্বন্ধেও দাঁড়াতে হবে এবং সেটা as a citizen of the State. ভারতবাসী হিসাবে আমরা যদি আমাদের দাবী পেশ করি তাহলে সেটায় আরো ভালোভাবে জোর দিতে পারি। আমার বিশ্বাস আছে, ভারতবর্ষে ও বাংলা দেশে majorityরা চায় না যে মানুষ এদেশে থেকে চলে যাক। হতে পারে দুচার জন লোক অত্যাচার করেছে। কিন্তু এ গভর্ণমেণ্টের policy হচ্ছে সকলকে সমানভাবে দেখা। এই ভারতবর্ষে মহাত্মা গান্ধি কেন তাঁর প্রাণ দিয়েছেন। একদল minorityকে, পতিত মানুষকে, রক্ষা করবার জন্যই তিনি প্রাণ দিয়েছেন। আমরা গভর্ণমেণ্টের general policyটা বিচার করলে দেখতে পাই যে এরা minority protectionএর ব্যাপারে বিশেষ সতর্ক, এবং সেজন্য আমি বর্ত্তমান গভর্ণমেণ্টকে ধন্যবাদ দিচ্ছি।

তারপরে বদরুদ্দুজা সাহেব যে বলেছেন যে এই Councilএ আমাদের মুসলমানদের representation নাই। যদি তাই হয়ে থাকে, তাহলে তিনি কি করে মুসলমানের পক্ষ থেকে এসেছেন। তাহলে কি করে উপ-নির্বাচনেই বা fight করে হেরে গেলেন।

দ্বিতীয় জনসাধারণের অধিকার। জনসাধারণ যারা তারাও আজকাল অনেক কিছু জানে। তাদের জ্ঞান আছে, বিবেক আছে। মুসলমানরা আজ বুঝতে পেরেছে কারা তাদের সেবক। মুসলমানদের আজ যারা মুসলমানভাবেই টেনে নেবে তারাই হচ্চে মুসলমানের সত্যিকারের শত্রু। হিন্দু ও মুসলমান, খৃষ্টান সমস্তকে নিয়ে এই ভারতের ও বাংলার জনসাধারণ। সুতরাং ভারতবর্ষের জনসাধারণের মঙ্গল যদি তাঁর চিন্তা হয় তাহলে তিনি তাঁর পুরাতন দৃষ্টি দিয়ে না দেখে মানবতার দৃষ্টি দিয়ে দেখুন। পাকিস্থানে হিন্দুর উপর অত্যাচার হয়েছে, এখানে মুসলমানের উপর হয়েছে এটা হচ্চে natural consequence of partition এটা জহরলাল আশা করেন নি, ডাঃ রায়ও আশা করেন নি। তাই আজ ত্যাগ স্বীকার করতে হবে, আজ বাংলা দেশের মুসলমানের মনোবৃত্তির পরিবর্ত্তন করতে হবে। হিন্দু-মুসলমানের দৃষ্টিতে পৃথকভাবে বিচার না করে আসুন আমরা আমাদের ভাবি Indian citizen হিসাবে।

(At this stage the House was adjourned for 15 minutes.)

(*After Adjournment.*)

Sj. ANNADA PROSAD CHOUDHURY : মাননীয় স্পীকার মহাশয়, এই বৎসরের বাজেটে যদিও ৫ কোটী ৪৬ লক্ষ টাকার বরাদ্দের উল্লেখ করা হয়েছে এবং গত বৎসরের তুলনায় দেখা যায় যে মাত্র ৫ লক্ষ বেশী কিন্তু যে সব item গত বছরে ধরার ফলে ৫৮$\frac{১}{২}$ লক্ষ টাকা বেশী খরচ হয়েছিল, তার মধ্যে অনেকগুলি এ বছরে খরচ হবার কথা নয়। যেমন purchase of war materials, টালাতে Arm পুলিশের জন্য ঘর-বাড়ী তৈরী বাবত ৫$\frac{১}{২}$ লক্ষ টাকা খরচ হয়েছিল, বিহার থেকে military police আনবার জন্য ৮$\frac{১}{২}$ লক্ষ টাকা খরচ হয়েছিল এবং arms and ammunitions কেনা হয়েছিল ৮ লক্ষ টাকার, এই ২১।২২ লক্ষ টাকা খরচ হবেনা, তা সত্বেও এ বছরে ৫ লক্ষ টাকা বেশী অর্থাৎ এবার মোট ২৬ লক্ষ টাকা বেশী ব্যয়-বরাদ্দ ধরা হয়েছে। এইভাবে পুলিশের খরচ বাড়লে (এর যে কতটা দরকার আছে জানিনা)। এরকমভাবে খরচ বাড়লে আমরা যে কিভাবে সামলাতে পারব, তা বুঝে উঠতে পারিনা। এ বিষয়ে চেষ্টা করলে খরচ কিছু কিছু কমান যে না যায়, তা নয়। একটা বিষয় আমি যা জানি, উল্লেখ করছি,—সেটা হচ্ছে কলকাতা পুলিশ ও বাংলা পুলিশের খরচের তারতম্য। কলকাতা পুলিশের একজন Sub-Inspector যদি ২৩০৲ টাকা মাইনা পান, তার সঙ্গে তাকে uniform free দেওয়া হয়। সেই জায়গায় Bengal Policeএর একজন Sub-Inspector ১৮০ টাকা পান এবং uniform পান না, মাইনাতেও ৫০ টাকা কম দেওয়া হচ্ছে। কলকাতার Sergeantরা free clothing পান, তাছাড়া অন্যান্য সুবিধাও পান। এইভাবে কলকাতার পুলিশ ও Bengal Policeএর যে তারতম্য আছে সেটা দূর করলে শুধু যে খরচ বাঁচে তা নয়, এর জন্য পুলিশের মধ্যে যে অসন্তোষ আছে, তাও দূর হয়। অল্প দিন আগেও একটা ঘটনা ঘটেছে তার জন্য নানা অসন্তোষের কথা নানা দিক দিয়ে শুনছি। সরকারের অবগতির জন্য তাঁদের দৃষ্টি সেদিকে আকর্ষণ করছি। Partitionএর পর প্রায় ১১৭ জন police officer

—পূর্ব বাংলা হতে যারা opt করে পশ্চিম বাংলা আসে, তাদের মধ্যে—কলিকাতা policeএ যোগদানের সুবিধা পায়। আজ তাদের ৪ বছর এই কলিকাতা policeএ কাজ করার পর Bengal policeএ বদলী করা হয়েছে; Calcutta policeএ থাকার সময় যে সুবিধা লাভ করেছে তা থেকে বঞ্চিত হয়েছে। এবং এর সঙ্গে সঙ্গে literate constableদের Sub-Inspector করে কলিকাতা policeএর cadre উন্নীত করা হয়েছে, তাতে তাদের মাইনে বেড়েছে। এর ফলে তাদের মধ্যে একটা অসন্তোষ সৃষ্টি হয়েছে। এই অসন্তোষ দূর করা policeএর efficiency দিক দিয়েও দরকার। যারা এখানে ৪ বছর কাজ করল তারা কোন chance পেলোনা। পুলিশের কার্য্য-কলাপ সম্পর্কে অনেক অভিযোগের কথা শুনেছি। তার মধ্যে একটা কথা বলি, সেটা হচ্ছে এই Enforcement Branchএর Special Officerএর crime detectionএর ধারা। আমি শুনেছি, মন্ত্রীমহাশয় বলবেন সত্য কিনা। পুলিশের যেসব informer থাকে তাছাড়া Enforcement Branchএর Special Officerএর এক set informer আছে বিভিন্ন জায়গার খবর আনবার জন্য। যে শ্রেণীর লোক থেকে এদের recruit করা হয়, তারা অতি সাধারণ ভাবের লোক। তারা এপ্রদেশের লোক নয়, income-tax যারা দেয় না এরা গিয়ে খাতাপত্র দেখে যে খবর দেয় তার উপর পুলিশ action নেয়। আবার তাদেরই recommendationএর উপর ছেড়ে দেওয়া হয়। এই সব informerদের এই শ্রেণীর লোক থেকে নেবার ফলে নানারকম illegal gratificationএর কথা শুনা যায়। এমন সব শ্রেণীর লোকদের appoint করা উচিত informer হিসেবে, যাদের উপর নির্ভর করা যায়।

তারপর policeএর corruptionএর কথা নানাভাবে শুনা যায়। আমার পূর্ববর্তী বক্তা দেবেন বাবু যা বলেছেন সে প্রসঙ্গে দুই একটি কথা বলতে চাই। আমি শুনেছি Dey's Medical Store, Lindsay Streetএ একটা ডাক্তারী দোকান। সেখানে তারা নাকি streptomycethin এবং আর দু একটি ঔষধের sole agent। কাজেই এদের বিরুদ্ধে black marketing অভিযোগ হওয়ায় এই দোকান যখন search করা হল, একজন বিমল গোস্বামী বলে পুলিশ অফিসার search করছিল। সেই search শেষ হওয়ার পূর্বেই বন্ধ করে দেওয়া হয় প্রধান মন্ত্রীর নির্দ্দেশে, এটা সত্য কিনা জানিনা, যদি সত্য হয়, যদি বাস্তবিকই search বন্ধ হয়ে থাকে তাহলে কি জন্য বন্ধ হয়েছে সে সম্পর্কে বলে আমাদের সন্দেহ ভঞ্জন করবেন। যদি এরকম করা হয়, তাহলে যেসব পুলিশ officer search করতে যায়, তাদের মন ভেঙ্গে যেতে পারে। এবং ভেঙ্গে যাবার ফলে নানা রকম illegal কাজ নিম্নস্তরেও সংক্রামিত হতে পারে।

একটা সাধারণ ঘটনার কথা বলছি। কিছুদিন আগে রাস্তায় একটা সাইকেল accident হয়। একটা মোটর গাড়ী সেটা চাপা দেয়। আমার জানা লোকের। সেই মোটর গাড়ীর বিরুদ্ধে মামলা করবার জন্য সাইকেলটা পার্ক ষ্ট্রীট পুলিশ ষ্টেশনে জমা রাখা হল। সেই লোকটা কিছুতেই সাইকেল সেই থানা থেকে উদ্ধার করতে পারে না। আমাকে এসে বললো আমি এবিষয়ে কিছু করতে পারি কিনা। আমি বললাম আমি কিছুই করতে পারি না। কারণ এ নিয়ে মামলা যখন চলছে, তখন পুলিস এই ভাঙ্গা সাইকেলটা কিছুতেই দিতে পারে না অগত্যা সে তদ্বির করতে আরম্ভ করলো। পুলিশের এক জমাদার তাকে বললো, তোমার কোন চিন্তা নাই, তুমি যদি চারপাঁচ টাকা খরচ করো, তাহলে সাইকেল তুমি নিয়ে আসতে পার। সে তখন তার বুদ্ধি অনুসারে চারপাঁচ টাকা খরচ করলো এবং সাইকেলটা বের করে এনে আমাকে বললো, আমি সাইকেলটা এনেছি। আমি পরে এ বিষয়ে লালবাজারের কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। কেস্ ডায়েরি হ'ল, সাইকেল থানায় আমানৎ থাকলো; আর ওদিকে সাইকেলটা চার-পাঁচ টাকা খরচ করে বের করে নিয়ে এল। যে মোটর গাড়ীর চালক accident করেছিল, তার কি গতি হ'লো? তখন লালবাজারের পুলিশ অফিসারটি আমায় বললেন, "স্যার, আগে যদি আমাকে জানাতেন আমিই সাইকেলটা ফেরৎ দিবার ব্যবস্থা করে দিতাম।" কি করে দেবে? এই তো অবস্থা। দেবেন বাবু বলেছেন, কনেষ্টবলকে ধরতে যাও সে বলবে আমি তো অপর আর একজনের কাছ থেকে শিখেছি। আবার তাকে যদি ধরতে যাও সে বলবে উপরওয়ালার কাছ থেকে শিখেছি। ধরবেন কাকে?

তারপর পুলিশ অফিসার শ্রীযুক্ত বিমল গোস্বামীর একটা বেডিকেল ষ্টোর search করবার ঘটনার কথা, পুলিশ search করতে গেল, কিন্তু তাদের search করতে শেষ মুহূর্তে দেওয়া হ'ল না। যদি সেই সময়ের

কোন দোষ না থাকতো, সাধু হ'তো, তাহ'লে নিশ্চয়ই তাদের পুলিশ মুক্তি দিত। যদি প্রধানমন্ত্রী মহাশয় সেই search বন্ধ করবার নির্দেশ দিয়ে থাকেন, তাহ'লে আমি নিঃসন্দেহে বলতে পারি যেকোন পুলিশ কর্মচারী কোন বড়লোকের গায়ে হাত দেবার আগে, সে তিনবার ভাববে যে তার বড়কর্ত্তা বা ডেপুটী কমিশনার তাহ'লে কি বলবে? আমার ওদিয়ে দরকার নাই, বেশ নিরাপদে চাকরী করছি। দেশের Enforcement Branch কিছু করুক না করুক, তাতে তার কিছু যাবে আসবে না।

তাই আমি বলি সমস্ত অভিযোগ পুঙ্খানুপুঙ্খরূপে তদন্ত করে যাদের হাতে ক্ষমতা আছে, তারা যদি বলিষ্ঠ দৃষ্টিভঙ্গী নিয়ে তাদের কাছে উদাহরণ স্থাপন করতে পারে, তবে পুলিশের বিরুদ্ধে যে সমস্ত অভিযোগ আছে, যার জন্য আজ খরচ বাড়ান হচ্ছে, সেই ব্যয় বাড়ানোর দরকার হবে বলে আমি মনে করি না।

SJ. ANANDILAL PODDAR: Mr. Speaker, Sir, I have listened with keen interest to the debate on the Police Budget this evening, and if I want to intervene at this stage it is only to draw the attention of the House to one aspect of our life which appears to have been sadly neglected in course of the debates. As a humble peace-loving citizen representing a community of those engaged in furthering the economic interests of the country, my approach to the problems with which we are faced is one of the common man anxious to live in peace and security—the *sine qua non* of progress and happiness. Can my friends in the Opposition who have waxed eloquent over the mounting costs of our Police Budget deny that in spite of all the difficulties that our problem State of West Bengal is beset with, the degree of peace and security maintained has been unparallelled not only in the history of this State but also of any other part of India? So far as I am concerned, Sir, I would not consider any price too high to keep the forces of disruption and disorder in society under proper control, and no sacrifice is too high to keep in due strength the very foundation of progress and happiness.

Sir, some friends have sought to compare our budget estimates of today with those of the pre-independence days when Bengal was united and one. Do those friends realise that in the olden times the Province of Bengal was protected by the adjoining areas of Assam, Bihar and Orissa—all under a fairly well-managed administrative machinery backed in ultimate analysis by a powerful British authority, civil and military? Compared to those days we have under the present-day conditions about 800 miles of difficult land frontier to guard a frontier with a neighbouring State whose political and socio-economic relations with us have often remained unhappy. We have in addition the stupendous problem of dealing with lakhs and lakhs of uprooted humanity who can be utilised and are being utilised by designing political adventurers on petty personal or party purposes. Little useful purpose will be served by quoting dry figures of statistics regarding the number of population and the number of rupees spent per head for various items in the budget. The real test is in the conditions of living and opportunities for pursuit of their callings provided by the State at different periods. Can it be denied that three years ago we were living in constant fear of dislocation in our economic and social life at every moment? Strikes and lock-outs, stoppage of public vehicles and interference with the freedom of even private citizens to move about in pursuit of their trade, callings or business on the slightest plea were of common occurrence. As compared to that situation we are surely hundred times more secure at the moment, and I congratulate the Ministry of West Bengal under the able stewardship of our Chief Minister, Dr. Bidhan Chandra Roy, for the firm, though sympathetic, dealing of the situation.

Sir, I would also fail in my duty as representing the common man if I do not place on record our appreciation of the manner in which the officers

and ranks of our police force have sometimes conducted themselves in spite of grave provocations. It is quite possible that there are still some members of the police who have not been able to adjust themselves to the conditions and requirements of an independent democratic national State, but from what little we come to see in Calcutta, in particular, I have little doubt that the bulk of the police—officers and men—have steadily been adjusting themselves under the new conditions, and I sincerely hope that the time is not far off when the State of West Bengal will be able to set an example in the spirit of service and loyalty to the State and its people. I earnestly request my honourable friends in this House to help and co-operate in building up such a set of public servants by practical and constructive criticisms and suggestions and not to indulge in recklessness and wild accusations that will lead us nowhere. The problem of today is the problem to build and construct which can hardly be achieved through the path of destruction and chaos. The world today is in the throes of big and revolutionary changes, pressed as it is between two almost equally powerful camps, one claiming to secure peace and progress through democratic institutions and the other through regimentation and suppression of individual liberty. Whatever may be the outcome of the ultimate struggle between the two forces, one thing is certain that the bulk of our population desire to live in peace free from any foreign domination—political, economic or even cultural—and I am sure posterity will bless the present generation if we could steer clear of the path of murder, arson and insecurity for which the primary responsibility is that of the State Police. Sir, I accord my whole-hearted support to the demand made by the Hon'ble the Chief Minister.

Mr. SPEAKER: Before I call upon Janab Syed Badrudduja I wish to say something about his two cut motions—Nos. 41 and 42. I have carefully gone through these two motions and the motions which he moved yesterday, and I have also gone through the whole of the speech made by Mr. Badrudduja. The matter was discussed two years ago, and I again allowed the matter to be discussed in this House. As regards the present cut motions, it cannot of course be said that these wordings are exactly the same as those of the other two motions. But the point is whether in substance they are the same, because under rule 40 the motions must not be substantially the same. In a cut motion one should remember that on the main motion one can refer generally to all the subjects concerned with the department including those matters which are the subject-matters of the cut motions. Cut motions are not very strictly construed on account of this liberty on the part of a member to say what he has got to say apart from the cut motion because the main motion is there on which he can speak. Therefore, even if it be said that those two motions are not identically the same as the other two which were discussed yesterday, the subject-matter of the motion Emperor *vs.* Wasil Khan was there and the honourable mover of yesterday's motion delivered a very long speech in which many matters had come and it is difficult to say that any discussion can be limited to one group and there should be no reference to the other. Under the circumstances, I would request Janab Syed Badrudduja not to move those two motions. Instead, the general motion is there and if he thinks that he has got to say something in connection with the police, in connection with that matter, I think I cannot prevent him from saying so on account of the main motion of the Hon'ble Chief Minister being on the agenda today. That is what my feelings are and I hope that this matter which has been given notice of and which has been discussed need not be discussed by way of a motion which is very difficult to be construed and in respect of which it is very difficult to prevent repetition of the same subject over and over again.

Janab SYED BADRUDDUJA: Sir, may I submit, after your observation, whether the motions are in order? If they are in order, then I would be entitled to refer to them, otherwise I will be ruled out of order.

Mr. SPEAKER: I am inclined to say that they they are not in order because I feel that they are substantially the same. But I do not wish to disallow them if I can persuade you not to move those motions. So, I feel I should ask you not to move those motions, but you can allude to the subject if you think necessary.

Janab SYED BADRUDDUJA: Mr. Speaker, Sir, after your observations regarding the two cut motions that I have tabled, I shall try to respect the spirit of your observations and should, as far as possible, refrain from any reference to the case, but, after all, Sir, I crave your indulgence when discussing a particular matter that is proposed to be discussed under the cut motion.

Sir, the question is that the police budget has been discussed so often in this House that I am afraid there might be repetition of the same argument, rehash of the same train of reasoning. But after certain remarks by my honourable friend Mr. Basantlal Murarka I feel inclined to add a few words, lest the misleading statement that he has made on the floor of the House might create an impression in the public mind that all that he has said is correct. I want to tell him here and now that he may plead as much as he likes for this Government—or for the matter of that—for the police administration in this land, but I should warn him against indulging in personal invectives, questioning my *bona fides* and asking me to go to Pakistan. I can tell him—I do not know whether he understands English or not—I can tell him here and now that we do not want to oblige him by crossing over. We want to stay on here because we have taken this land as ours for one thousand years, because we have made significant contributions to Indian civilisation and culture, to the art, architecture, music, painting and philosophy of Hindusthan. And even in the movement for freedom and independence, our greatest leaders have taken as significant a part as any of the great Hindu leaders of India. Naturally, therefore, it ill-befits those people to talk in this strain who have nothing behind them, who have no record of service behind them, people who have only existed on the sufferance of the Government of the land, the Government of the land perhaps encouraging them in their activities in the Burra Bazar area. My friend was emphasising that not a single incident occurred in Burra Bazar. Good. Nothing occurred in Central Calcutta, nothing occurred in Burra Bazar, but may I just remind him that the wearer best knows where the shoe pinches? It has been an unfortunate tragedy of public administration in Bengal that Calcutta has been sought to be kept in a perfectly calm condition so that the world outside may be misled. But go to the area on the border of Calcutta in Muraribagan —go to the other side—go to Bhotbagan, go to Adamjee Jute Mills, go to Bankura, go to Jalpaiguri, go to Nadia, go to Burdwan—all the districts of Bengal were ablaze. The Government of Bengal, as I said the other day, was either extremely helpless or did not want to protect the people from the organised hooliganism of the miscreants. Sir, you will be surprised to learn that in a particular district to which my honourable friend Mr. Haripada Chatterji was now referring, the police officials, the Government officials of the higher rank and position in collusion with the Congress organisation and officials of the Congress, the D.B. officers and P.W.D. officers made the lives of the unfortunate minority absolutely miserable. Two lakhs of them had to leave that district and—what is more—400 or 500 villages mainly inhabited by Mussalmans were completely devastated. As late as 7th June, 1950, a great leader Pandit Lakshmi Kanta Moitra and

another great leader Dr. Syamaprasad Mookerjee visited a camp at Dhubulia and immediately after—the following day—9 villages were devastated and razed to the ground.

Sir, I will refer to certain figures to show how attempts were made not only not to implement the terms of the Delhi Pact but to defeat its very purpose. My friend has asked me but for the State Government where I would have been. I can tell him that it is not the State Government that has been responsible for arresting the drift or stopping the devastation. It is Pandit Jawaharlal Nehru, Prime Minister of India, and Mr. Liaquat Ali Khan, Prime Minister of Pakistan, who came forward and brought about the historic pact. If we are grateful, we are grateful not to the State Government—certainly not to the State Government which had been looking on when any other civilised Government might have checked the growth and spread of the riots in the country. If their police had been functioning all right, if their administration had been functioning all right, they might have checked the vagaries, they might have checked the treachery, they might have checked the dishonesty of the police administration that had in many cases been found encouraging forces for disorder and lawlessness in the country. But that they did not. He does not know how Muslim women were outraged, how Muslim women were ravished. Perhaps my mothers and sisters do not weigh with him and their fate is not taken into serious consideration by Sj. Basantalal Murarka. Sir, the thought of Pakistan is still a bugbear to my honourable friend. My honourable friend Sri Dutt-Mazumdar expatiated yesterday that people who fled to Pakistan have been responsible for all the troubles. He however forgets that he has like a coward fled from Pakistan to this State just to secure a comfortable berth under the protecting wings of Dr. B. C. Roy. Sir, it is very easy to talk in this strain from safe quarters here. Let him go to Mymensingh and face the public there.

Sir, my esteemed friend, Mr. J. C. Gupta, to whom we Muslims are all grateful for the great services he rendered us during disturbances the other day admonished me. I wish to be guided by his superior wisdom. I have looked up to him in difficult moments for guidance. Sir, may I submit with all the seriousness at my disposal that if the other minorities were oppressed in India, if the other minorities were tortured, if the members of other minorities were murdered, I would have certainly raised my protest against oppression of other minorities. But can any Anglo-Indian or an Indian Christian lay his hand on his breast and say that they have no liberty, that they have no quarter, that they have no shelter, that they have no recognition, that they have no facility, that they have been persecuted, that they have been tortured, that their people have been murdered? While the State Government was sitting silent and keeping absolutely mum when the holocaust was going on, we appealed not once but over and over again to this Government, but this Government failed to protect us. Not only did we make it clear on the floor of this House, but a memorandum was also submitted to the Hon'ble Prime Minister of India in which we made it abundantly clear that this Government, representing as it did, the will of a section of the people, the will of the reactionaries, the will of the vested interests, the will of a section of zemindars, could not protect the minority either because it was helpless, or because it was dishonest or because it was inefficient, or corrupt or unfit to protect the unfortunate minority of West Bengal.

My friend Mr. Abdulla was saying that we must change our outlook. My friend was asking us to think in terms of a secular State. Certainly; we must think in terms of a secular State and we are not thinking in terms of any other State. But does it mean that we must sacrifice our cultural identity, does it mean that we must sacrifice our religion, does it mean that

we must sacrifice the eternal values that Islam represents? Does the Constitution lay down anywhere that the Muslims, the Christians, the Hindus and for the matter of that any class or section of people have got to mar their religion, mar their cultural heritage, mar their traditions, mar the deepest throbbing of the heart, the burning of aspirations of their soul —I want to remove the misconception that he may be labouring under— "Fundamental rights have been incorporated in the Constitution I am entitled to security of my land and properties, protection of my life and liberties of my honour, religion and culture and of everything I hold dear"? Sir, I want to remove another misconception which he may be labouring under even at this stage. The misconception is that we are Indians first and Muslims next or Muslims first and Indians next? Sir, we are Indians, Muslims and Bengalees at the same time—Indians by virtue of the country to which we belong, Muslims by virtue of the religion we profess, Bengalees by virtue of this Province in which we have been born. He forgets that a man can be a husband, a father, a brother and a son at the same time—a husband in reference to his wife, a father in reference to his son, brother in reference to his brothers and sisters and a son in reference to his father. There is no line of demarcation where Islam begins or Indianisation ends, or where Indianisation begins or Islam ends. It is only a misleading theory which has been propounded by some nationalist heroes of India who have tried to exploit the entire situation for their coterie of personal aggrandisement. Now the cat is out of the bag. However, much they may declare from the house-top that the Muslim League has failed, I shall not quarrel with them. But when they themselves accept every demand of the Muslim League, I cannot agree with them that the Muslim League has failed; it is for the world to judge what policy they are pursuing. Sir, we want to save both Hindus and Muslims, we want to establish Hindu-Muslim unity, but the greatest leader of modern India, Mahatma Gandhi, was murdered by the forces that they generated. A nation which cannot save the Father of the Nation, a nation which cannot save the Saviour of the Nation, stands condemned before the whole world. Sir, I do not want to quarrel with anybody. I am a Muslim and I want to remain in India as a Muslim, maintaining my cultural identity, political integrity and social individuality, the finest traditions and the greatest cultural heritage of Islam which have shaped the destiny of the whole human race for more than a thousand years. Sir, that is the position I take. I am not going to quarrel. I am a Muslim, I am an Indian, and I am faithful to the State, and I declare most emphatically that I want to live in this State——

Mr. SPEAKER: Order, order. Please now come to the budget.

The Hon'ble BHUPATI MAJUMDAR: Whenever he speaks he speaks in that language.

Janab SYED BADRUDDUJA: Sir, I was referring to my motion, but unfortunately my friends opposite whenever anything about tyranny on Muslims is brought before the House, misunderstand us, as if Muslims do not exist in this land. Sir, the policy of this Government, the policy of this State, the policy of this administration has always been against the Muslims. My friend Mr. Anandilal Poddar is wrong when he is congratulating the Government. Possibly this Government might have protected their interests, possibly they might have protected the interests of the capitalists, and for that, of course, he might be justified in congratulating the Government. But, Sir, if a Government fails to protect the entire State, if a Government fails to protect a small minority, if a Government fails to protect not merely the mothers and sisters of the minority but also fails to

protect the tillers and agriculturists, and fails to protect all classes and conditions of people, that Government stands self-condemned before the whole civilised world. Sir, instances are not rare. There would be volumes if instances were multiplied. If standing before the bar of public opinion this Government says "We have failed", I shall pity that Government, I shall sympathise with that Government, sympathise with them for their inefficiency, sympathise with them despite their bungling. But if the Government comes forward and asserts we have not failed in spite of the fact that failure and inefficiency is writ large on this administration so far as protection of the minority is concerned, so far as protection of our mothers and sisters is concerned, so far as protection of our rights and privileges is concerned, so far as the normal conduct of the administration is concerned, so far as the conduct of the police is concerned, so far as its treachery and perfidy in the matter of election is concerned, I have got most emphatically to stress that this Government stands condemned before the whole civilised world.

Sir, I was referring, to that case Emperor *vs.* Wasil Khan and others wherein I wanted to show that there has been a perfunctory nature of enquiry conducted by a big official, and I wanted to show the corrupt methods that have been adopted by the administration not to penalise, nor to punish the real offenders but to promote them to superior positions, because they somehow or other obliged the Government of West Bengal, specially the Police Administration. Unfortunately this Government will take no note of anything, they will not listen to us, they will not understand anything, because they have a comfortable majority behind them with which they can carry anything in the teeth of volume of opinion against them in this country —otherwise members of the opposite side would never have referred to the shady transactions during the recent by-election in Howrah. Sir, it is something astounding that a particular man, a particular organisation or a particular administration would stoop so low as to declare——

Mr. SPEAKER: Order, order. That is outside the scope of your motion.

Janab SYED BADRUDDUJA: Sir, nothing was wrong, nothing was wretched in the conduct of this administration. Do anything, go on unchecked for all time, but you must remember that public opinion is trying to assert itself. It cannot be muzzled for all the time. Sir, I do not know how it may be possible for the members of the other side to speak about co-operation specially of our Muslim brethren? I do not know how, with these tortures, with these tyrannies, with these oppressions, disgrace, humiliation, dishonour, mutilation of their own race, with the strangulation of all the progressive forces of the country, with all the distress, with all the humiliation heaped upon them, how when Muslims have been murdered, when the blood of many innocent Muslims has been shed, some Muslim Members of this House are co-operating with the administration that is reeking with Muslim blood. Any self-respecting man would refuse to co-operate with this Government which has disgraced us, which has crushed us, which has paralysed us, which stands today as a nightmare in the dark and dismal Bengal at the present moment. I would appeal to the Muslims on the other side. For God's sake, do not disgrace Islam, do not disgrace the country, do not betray the poor unfortunate people outside whom we represent here, by co-operating with this Government which stands as curse on the entire State, Hindus and Mussalmans, all classes and conditions of people in all walks of life are voicing forth their protest against this Government. They have disgraced your mothers, they have dishonoured your sisters, they have crushed and paralysed you. It is time that all

sections of people, Hindus and Muslims of Bengal rose in protest and made it impossible for this administration to continue for any length of time unchecked.

Janab A. M. A. ZAMAN: মাননীয় স্পীকার মহাশয়, আজকে পনর বছর যাবৎ এই Assembly Houseএ আছি এবং পনরবার Budget sessionএ বক্তৃতা দেবার সুযোগ হয়েছে। বরাবরই দেখে আসছি পুলিশ নিয়ে গালাগালি হয়, ভাল মন্দ বলা হয়। অথচ কেউ বলবেন না এ জিনিষটা তুলে দাও। কাজেই বুঝা যাচ্ছে এটার দরকার আছে। সব জায়গায় পুলিশের দরকার আছে। কিন্তু এটা কিভাবে থাকবে সেটাই আলোচনা হওয়া দরকার ভালভাবে. আজ দেশ স্বাধীন হয়েছে কয়েক বৎসর হয়েছে; এখনও পুরাণো পুলিশই রয়েছে, তাছাড়া বড় বড় পুলিশ অফিসার পুরাণোই রয়েছে, আমরাও সেই পুরাণোই রয়েছি। আজকে কয়েকটি কথা বুঝা দরকার, দেখা দরকার। পুলিশের যে training এটা কার কাছ থেকে হয়েছে? একজন ডাক্তার সে রোগ নিবারণ করতে পারে, ঔষধপত্র দিতে পারে। চোরের কাছে গেলে চুরি শেখা যায় এবং পণ্ডিতের কাছে বিদ্যা শিক্ষা হতে পারে। বৃটিশের আমল থেকে, এরা আমাদের উপর অত্যাচার করতেই শিখিয়েছে। এটা আমরা ভাল করেই জানি কারণ দেশ স্বাধীন করবার জন্য আমরা অনেকেই জেলে গিয়েছি। এবং দেশ স্বাধীন হবার পরে প্রথম যে Ministry—Congress Ministry—হয়েছিল, সে সময় থেকে আমরা সকলেই পলিশ বদলাবার কথাই বলে এসেছি। কিন্তু বদলাতে হলে tramning দরকার হয়। আমাদের সকলেরই trainning নেওয়া দরকার। আমরা যখন revolutionary partyর লোক ছিলাম, তখনও আমাদের training নিতে হয়েছে, বন্দুক মারা শিখতে হয়েছে। আমাদের Governmentএরও বুঝা উচিত ছিল policeকে নূতনভাবে tramning দেওয়া দরকার। দেশ স্বাধীন হল, এই স্বাধীনতা রক্ষায় policeএর mentality বদলানো দরকার। কারণ তার জন্য পুরাণো পুলিশ এবং স্বাধীন দেশের যে নূতন police তার মধ্যে তফাৎ আছে। বর্ত্তমানে স্বাধীন মনোবৃত্তি নিয়ে কাজ করা উচিত। আমরা leader হয়েছি, বড় বড় কথা বলি কিন্তু আমাদের বিচার করতে হবে আমাদের মনোবৃত্তি কি আগের চেয়ে একটুও বদলেছে? আমরা আগের মতই বক্তৃতা দিয়ে যাচ্ছি। এবং কোন্ দেশের লোক কিভাবে স্বাধীন হয়েছে—এসব থেকে আমরা কি শিখেছি। শিখেছি আমরা দোকানে queue দিতে, line করে কাপড় কিনতে শিখেছি। দ্বিতীয় কথা, চিন্তা করা দরকার। এই যে পুলিশ তাদেরকে গালাগালি করে লাভ কি? তারা কে? তারা আমাদেরই আত্মীয়স্বজন। তারা আমাদেরই ছেলেমেয়ে, আমাদেরই দেশের লোক। এবার আমি একটা ঘটনা বলবো—এটা সত্য ঘটনা—Undivided Bengalএর কথা। আমরা বাড়ীর কাছে রূপগঞ্জ থানা। সেই থানার যে officer তার বাবা ছিলেন অত্যন্ত ভাল লোক। একদিন দেখলাম তিনি বাজার করে নিজের হাতে নিয়ে আসছেন। একটু আশ্চর্য্য হলাম, জিজ্ঞাসা করলাম তিনি বল্লেন ছেলের রোজগার কিভাবে হয় জানিনেতো, কাজেই আমি তা খেতে পারি না। শুনে সকলেই আনন্দিত হবেন যে একথা শোনার পর তার ছেলে, সেই police officerটি, সেদিন থেকে ঘুষ খাওয়া ছেড়ে দিলে। কাজেই ঘুষ নেওয়া বা না নেওয়া এটা হচ্ছে mentalityর কথা। আমাদের mentality change না হলে পুলিশের mentality change হবে না, আমরা যদি ঘুষ না দিই তাহলেই পুলিশও ঘুষ নিতে পারে না। Police কখনও নিজের হাতে ঘুষ নেয় না। এখানে হিন্দু-মুসলমান কারও কথাই বলছি না। দেশের লোক হিসাবে বলছি। বদরুদ্দুজা সাহেবকে বলছি কারও মনের উপর আঘাত দেওয়া উচিত হবে না। এই বদরুদ্দুজা সাহেব আর একটি কথা বলেছেন minorityর কথা। দেশ স্বাধীন হয়েছে minority majority এই সব বলা ক্ষুদ্র মনের পরিচায়ক। বিশেষত: দিল্লী Pact হয়েছে। এমন কিছু বলা উচিত নয়, যা এই Pactএর উপর reflection হয়। আপনাদের মনে রাখা উচিত যে এই Pact যদি না হতো তাহলে অবস্থা অন্যরূপ হতো। এখানে আমি একটা বিষয় বলতে চাই। সেটা হচ্ছে এই পুলিশ বল্লেই যেন মনে হয় খারাপ এই নামটা বদলানো দরকার। যদি প্রধান মন্ত্রীর নাম মুখ্য মন্ত্রী হতে পারে——

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: মুখ্য মন্ত্রী নয়, মূর্খ মন্ত্রী। (Laughter.)

Janab A. M. A. ZAMAN: সে রকম অন্য কোন নাম রাখা উচিত। এ সম্বন্ধে আমার মনে হয় এটা করলে ভাল হয়—পুলিশকে trainning দিবার জন্য একটা কলেজ করা হোক যাতে দেশের নূতন পরিস্থিতিতে পুলিশ, নূতন মনোবৃত্তি নিয়া কাজে অগ্রসর হতে পারে। (আর এক মিনিট, স্যার,) আমাদের এখন মিলেমিশে দেশের উন্নতির জন্য কাজ করা উচিত। নেতাজী সুভাষচন্দ্র বসু মহাশয় যা করেছিলেন

হিন্দু-মুসলমানের unity এনেছিলেন তখন দেশের লোক ভাই ভাই হয়েছিল, তেমনি হতে হবে। আমাদের সকলের এক যোগে কাজে অগ্রসর হওয়া উচিত। পুলিশও আমাদের দেশের লোক এই পুলিশের দরকার যথেষ্ট আছে। বলা হচ্ছে বাজেটে পুলিশের খাতে বরাদ্দ বেড়ে গেছে কিন্তু দেশে চুরি-ডাকাতির সংখ্যাও বেড়ে গেছে।

পুলিশ আমাদের দরকার হয়েছে শান্তি-শৃঙ্খলা রক্ষার জন্য; পুলিশের মাইনে যেমন বেড়ে গেছে, তেমনি তার সাথে সাথে দেশে চুরি-ডাকাতির সংখ্যাও বেড়ে গেছে। আর এই চুরি ডাকাতিও করছে আমাদের দেশের ছেলেরা—এ আমরা সকলে জানি। কাজেই আমরা যদি চেষ্টা করি, তাহলে এই সমস্ত চুরি-ডাকাতি বন্ধ করতে পারি এবং তাহলে আর এই পুলিশ রাখবার কোন দরকার হবে না বা এত টাকা খরচেরও প্রয়োজন হবে না। আমরা নিজেরাই সব কিছু করতে পারবো।

পাড়াগাঁয়ে, মাতব্বরী করতে হলে চোর-ডাকাত হাতে না থাকলে কোন মাতব্বরী করা যায় না, তেমনি সহরেও গুণ্ডা বদমায়েস হাতে না থাকলে আমরা "লীডারশিপ" করতে পারি না। আপনারা Oppositionএ যাঁরা আছেন, তাঁরা যদি দেশে যে সমস্ত চোর-ডাকাত আছে তাদের নাম প্রধান মন্ত্রীর কাছে পাঠান বা আরও অন্যান্য সংশ্লিষ্ট ডিপার্টমেণ্টে সেইভাবে খবর দেন, তাহলে চুরি-ডাকাতি বন্ধ হবে এবং automatically চুরি ডাকাতি কমে গেলে পুলিশের খরচও কমে যাবে। অপর দিকে আবার পুলিশ যদি অকর্মণ্য বা উদাসীন হয়ে থাকে, তাহলেও চুরি-ডাকাতি বাড়বে। তার জন্য পুলিশও রাখতে হবে এবং সেই খরচও আমাদের ঘাড় দিয়ে বহন করতে হবে। আজ ডাঃ রায়—প্রধান মন্ত্রী আছেন, কাল হয়ত আপনারা কেউ আসবেন। যিনিই আসুন না কেন, পুলিশ আমাদের রাখতেই হবে। আসুন, আমরা সকলে মিলেমিশে চেষ্টা করি যাতে চুরি-ডাকাতি বন্ধ হয়। শুধু পুলিশকে গালাগালি করলে কোন কাজ হবে না। আমি গভর্ণমেণ্টকে অনুরোধ করি তাঁরা যেন পুলিশের একটা ভাল ট্রেনিং এর ব্যবস্থা করেন।

Janab MUDASSIR HOSSAIN: Mr. Speaker, Sir, after the flowery eloquence which has devastated the whole of this Assembly I do not think my speech will be of any use to you. However, Sir, I shall try to be very brief and to the point as far as possible. Sir, the atmosphere of this House, the performances of this side, that side, every side and of all sides remind me of a Bengali adage: নির্ধনের ধন হ'লে দিনে দেখে তারা। It means that when a pauper becomes rich, he sees stars even in the day time at noon. That is the proverb. The implication is that when a man who was a slave suddenly becomes a master he forgets his past and the real state of affairs of the country. Sir, when I speak of such a man, I also include myself in the category. So long we were slaves and today we have become masters but we are playing the role of a slave though we have got no master above us. It has been said in America—because our masters were British and Britishers' masters were America (laughter)—in order to help the undeveloped people of Asia the International Development Advisory Board set up in November 1950 of the United States of America representing labour, educational, business, agricultural groups and was headed by Mr. Nelson Rockfeller, in page 86 of its report published in Washington on 11th of March, 1951, that this Board recognises that to achieve lasting peace, security and well-being in the world we must join forces in an economic offensive to root out hunger, poverty, illiteracy and disease. The Board recommended *inter alia* an all-out food independence production drive in undeveloped areas including 20 per cent. increase in the output.

Mr. SPEAKER: We are discussing "Police", not "Food".

Janab MUDASSIR HOSSAIN: It brings everything—security, peace and happiness of the people, Sir, depend on the development and it has been said here and I shall presently show that if you can drive out poverty, if you can drive out economic disparity, there will be no need for police (Interruption from Government benches.) If you interrupt me I shall take some time. If you allow me to go on, I shall finish within five minutes.

Nursing arrangements in the Medical College Hospitals have been taken over from the Calcutta Nursing Institution from the 1st July, 1949, and these workers are now treated as hospital workers.

Sir, I now come to another question. Sj. Deben Sen has said something about a man who has opted three times for Pakistan and is a contractor supplying articles. My friend the Hon'ble Bhupati Mazumdar, who now looks after all the contract services that are rendered in different hospitals in Bengal, tells me that there is no person who has thrice opted and is now a contractor. Details more than that I cannot give now.

As regards the Lake Medical College, the Lake Medical College was started by the Government of India for five years on the 1st May, 1947. They took over the whole of the structures and appurtenances from the Americans with the intention of utilising them for the purpose (*a*) of founding a hospital, and (*b*) of training licentiates who had served in the war for getting condensed M. B. course.

Sir, I happened to be then the President of the Indian Medical Council, and I got the Council to agree to give them two years' course to enable them to appear before final M. B. examination. In some cases for those who are particularly trained during the war period these two years were reduced to 18 months and in some cases to 12 months. The idea was that Government intended to utilise this machinery for the purpose only of training these licentiates for the condensed M. B. course. With this end in view, they felt that they would not need to continue the hospital for more than five years. Therefore when they took over these places from the respective owners they approached each individual owner of property, to whom the land belonged, asking them to give the Government of India a lease for five years on certain terms. Of the total area which was nearly 217 bighas, about 144 bighas belonged to the Improvement Trust, about 68 bighas belonged to private owners. The Government approached these owners and asked them to allow them to occupy these areas for five years from 1st May, 1947. Everyone of the owners of these properties was anxious to get back the property, particularly because the value of the property has gone up, and many of them have got land there for the purpose of building houses for themselves. And therefore according to the lease which the Government of India had made with these owners, it is necessary for them to give back the land on the 1st June, 1952, five years after 1947. What happened was that while the owners of 178 bighas were prepared to give this lease to the Government, the owners of 29 bighas of land were not prepared to grant this lease. The Government of India then issued a notification acquiring these lands at a cost of Rs. 52,28,000. The question hung fire, and I had on several occasions to approach the Government of India to finalise and regularise the whole procedure. The Government of India today are not prepared to continue the lease for any longer period. With regard to the area which has been acquired, I believe the Government of India has

approached the individual owners for purposes of a reconveyance of the property with such compensation as the Government of India and the owners may agree upon, but with regard to the leasehold lands they are helpless. They have to give it back to the owners. Now there are two problems as my honourable friends Sj. Annada Prosad Choudhury and Dr. Suresh Chandra Banerji have mentioned. There are two propositions. One was the question of treatment of the 700 patients. I believe the effective number of beds in the Lake Hospital today is 732 besides the indoor patients. I say this because Dr. Banerji has mentioned that there are a very large number of patients there. Government is not unaware of the usefulness of this institution. They have done their work remarkably well under very difficult circumstances, but the fact remains that if you have got to erect a building there for anywhere near 700 beds it will be necessary to have at least 70 to 80 bighas of land in order to erect that structure. 70 to 80 bighas of land would mean a little over a crore of rupees at the present valuation, and then as Dr. Banerji, I think, mentioned the structures are so poor that every year the Government of India had to pay Rs. 3 lakhs for the purpose of merely repairing. Therefore if you want to build a hospital which would be really useful you will have to have a fairly good and permanent structure. I have calculated that ordinarily we need Rs. 2,500 per bed in order to house the patients. If you multiply 750 by 2,500 it comes to a fairly colossal figure of a crore and half of rupees or a little over for the structure itself. That sum of money it will not be possible for us to afford. Secondly, I have often felt that it will be undesirable and impolitic for us to try and force these people and deprive these people permanently who had thought of building houses or the Improvement Trust from selling the property at a profit by utilising this at a cost of Rs. 2½ crores or more and then to build a hospital in that area. The better plan is what has been suggested by my friend Sj. Annada Prosad Choudhury, and we have provisionally decided that we shall increase the number of beds in the Sambhunath Pandit hospital, in the National Medical Institute at Gobra and in the Golam Mohammad Street Hospital on the other side of Tollygunge and in the Presidency General Hospital so as to put in 750 beds. What would happen would be that of Rs. 13 lakhs which we are now spending for the maintenance of these hospitals, half of that might be utilised for the purpose of extension of these hospitals by the number of beds that I have mentioned. It will be necessary, for instance, that Sambhunath Hospital and Presidency General Hospital will be upgraded, because they would be probably the future centres for developing post-graduate education in the medical subjects. Therefore, so far as the provision of beds is concerned, I feel this arrangement should be fairly satisfactory from all points of view.

With regard to the number of personnel who are attached there, I have already approached the Corporation of Calcutta and other employers to take in some of the staff who will be dismissed from the Lake Hospital. But then if you are increasing the number of beds in other hospitals which need workers, you will need to have these officers, because they have been trained to work in a hospital. I do not think there will be any difficulty for employing the staff that are now employed in the Lake Hospital at the present moment.

With regard to the general point I have only to mention that and then I close. It has been suggested as to what attitude we should take with regard to Homeopathy and with regard to Kaviraji. With regard to Kaviraji, several of them had come to me from time to time, and I had told them that it would be better if they could mobilise and join together and have a unit of their own and, secondly, I had suggested—and they have accepted that suggestion—that before they go on to the clinical subjects of

surgery, midwifery, etc., they should ensure a fundamental knowledge of anatomy and physiology or chemistry, because on the foundation of such scientific knowledge it will be better to go ahead with the implementation and instructions in their respective branches. Unfortunately, three major institutions on ayurvedic subjects in this city have not yet come to any decision. Provisionally we have put down Rs. 1 lakh, but I am perfectly sure that if these gentlemen come together and act together—as the National Medical Institute at Gobra and the Medical Institution in Upper Circular Road have done—if they join together it will not only be useful to them but it will also be helpful so far as the development of the institutions is concerned. Administratively, Sir, there is one difficulty. That difficulty is this When you give medicines to a particular allopathy hospital we know the standard according to which we can assess the need of the hospital regarding medicines and equipment, because they are more or less standardised.

With regard to the Kaviraj system the one difficulty that has confronted me is that each Kaviraj has got his own method of preparing the same medicine and the cost of preparation of the same medicine by one Kaviraj varies from the cost of preparation of the same medicine by another Kaviraj to the extent of 50 per cent., 100 per cent., and so on. When a grant has been made to an institution and the auditor goes there it is not possible for him to find out in what manner that expenditure will have to be assessed. I have spoken to the Kavirajs and have requested them to standardise the expenditure on these drugs if that is possible. (Sj. ANNADA PROSAD CHOUDHURY: What about the Ayurvedic system?) I have felt also that there is an Ayurvedic Faculty. I am not vain enough to think that it is no good nor can I claim knowledge as to how to control these clinics because I do not understand their methods. All I can say is that, if those institutions which are giving training to the students in the Ayurvedic treatment, and sending them out as Kavirajs, work actively, it should be possible for them to open up their institutions in the different areas and Government can give the grants. I have seen what work is being done in Bihar and Madras and I am not satisfied with the type of work that is being done there. However that is neither here nor there.

With regard to Homeopathy the point was made that Homeopathic Faculty was also there. They are coming to me sometime next week to discuss this matter with me. I have already told them that I would be prepared to give them such help as I can provided again they ensure two things. One is that before the student is admitted to learn the method of treatment according to the Homeopathic system he must have a fundamental knowledge of anatomy and physiology because I feel it would not be proper or correct for the Government to encourage an institution with grants unless that institution is able to turn out students proficient in the line of treatment for which he underwent training and also knew human anatomy and physiology. I am not referring to any particular system of treatment or to any particular institution. To whichever system of treatment he might take to he must have and must be certified to have sufficient practical knowledge of human anatomy and physiology and the boy who wants to go out for treatment must have some fundamental knowledge of the tissues of the body and the functions of the body. As soon as that is ensured there should be no difficulty in Homeopathy or Ayurveda getting grants from the Government.

Sir, I have spoken about the personnel. I have spoken about the education of students. There is one other aspect to which I want to draw attention and that is the question of manufacture of drugs. This is a matter in which I have taken a great deal of interest since the year 1918 and I

have had something to do with the various institutions of this type that are now manufacturing medicines. I am glad to say that even a difficult medicine like Insulin is now being manufactured in India, although not on a very large or commercial scale, in a very satisfactory manner. Therefore I have great hopes that it would be possible for us to extend help to different institutions both run by private agency as well as by Government for the purpose of giving the requisite medical aid to the people.

There are two propositions now before the Government. One is the manufacture of Penicillin in this State and the other is the manufacture of D.D.T. which is an essential drug for the control of malaria and I am hoping that within four to six weeks both these schemes will be finalised.

Most of you are aware that many of the drugs that we use every day for our patients are drugs which are derived from India, I mean derived from the roots, bark or stem or leaves of the plants which grow in India, for instance, Ipecac, Ephedrine, Digitalis, Belladonna, Aconite, Santonin, etc., and therefore a Committee has been appointed by the Government, called the Medicinal Plants Committee, which is now investigating into the possibility of culturing and cultivating these plants in larger quantities. Every member is aware that we are doing something in the case of cinchona out of which quinine is produced and in the same cinchona factory today they have developed various types of medicinal plants. This Committee of which I happen to be the Chairman is now investigating the possibility of increasing the growth and availability of medicinal plants in India and I hope and trust that will add to our strength.

We have developed a Dental College as everybody is aware and provision has been made in the Budget, but, in order to give to the poor patients their denture at a rate cheaper than the price at which he can get in the present state of affairs, we have arranged with a Swiss firm for giving us the plant for manufacturing plastic artificial teeth at a very low cost. It won't be more than 6 to 8 annas for a tooth. In any case in the beginning the Government will probably be able to give to the poor patients in the Dental Hospital free dentures for a while in order to find out how it works.

With these words I move that the Budget that I have moved be accepted and the cut grants rejected. (Applause from Government Benches.)

The motion of Sj. Kanai Lal De that the demand for a sum of Rs. 3,38,85,000 be granted for expenditure under Grant No. 20, Major Head: 38—Medical be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Debendra Nath Sen that the demand for a sum of Rs. 3,38,85,000 be granted for expenditure under Grant No. 20, Major Head: 38—Medical be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Suresh Chandra Banerji that the demand for a sum of Rs. 3,38,85,000 be granted for expenditure under Grant No. 20, Major Head: 38—Medical be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Annada Prosad Choudhury that the demand for a sum of Rs. 3,38,85,000 be granted for expenditure under Grant No. 20, Major Head: 38—Medical be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Kanai Lal De that the demand for a sum of Rs. 3,38,85,000 be granted for expenditure under Grant No. 20, Major Head: 38—Medical be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Kanai Lal De that the demand for a sum of Rs. 3,38,85,000 be granted for expenditure under Grant No. 20, Major Head: 38—Medical be reduced by Rs. 100 was then put and lost.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that a sum of Rs. 3,38,85,000 be granted for expenditure under Grant No. 20, Major Head: 38—Medical was then put and agreed to.

39—Public Health.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, on the recommendation of His Excellency the Governor I beg to move that a sum of Rs. 1,09,19,000 be granted for expenditure under Grant No. 21, Major Head: 39—Public Health.

Sj. PRAMATHA NATH BANDYOPADHYAY: Sir, I beg to move that the demand of Rs. 1,09,19,000 be granted for expenditure under Grant No. 21, major Head: 39—Public Health be reduced by Rs. 100. I do so to raise a discussion about inadequacy of Government measures.

Sj. CHARU CHANDRA BHANDARI: Sir, I beg to move that the demand of Rs. 1,09,19,000 for expenditure under Grant No. 21, Major Head: 39—Public Health be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to provide for adequate drinking water-supply in the rural areas.

Sir, I beg to move that the demand of Rs. 1,09,19,000 for expenditure under Grant No. 21, Major Head: 39—Public Health be reduced by Rs. 100.

I move this in order to raise a discussion about the failure of the Government to provide for adequate water-supply (drinking water) in the Sunderbans areas.

Sj. ANNADA PROSAD CHOUDHURY: Sir, I beg to move that the demand of Rs. 1,09,19,000 for expenditure under Grant No. 21, Major Head: 39—Public Health be reduced by Rs. 100.

I move this in order to raise a discussion about the policy.

Dr. SURESH CHANDRA BANERJI: Sir, I beg to move that the demand of Rs. 1,09,19,000 for expenditure under Grant No. 21, Major Head: 39—Public Health be reduced by Rs. 100.

I move this in order to raise a discussion about the sanitary condition of the various *bustees* in Calcutta.

Sj. SHEO KUMAR RAI: Sir, I beg to move that the demand of Rs. 1,09,19,000 for expenditure under Grant No. 21, Major Head: 39—Public Health be reduced by Rs. 100.

I move this in order to raise a discussion about the failure of Government in checking tuberculosis in the hills.

Sj. ANNADA PROSAD CHOUDHURY : মাননীয় স্পীকার মহাশয়, এই Public Healthএ যে ব্যয়বরাদ্দ করা হয়েছে সে সম্বন্ধে বাংলাদেশের একটা প্রধান সমস্যা যে ম্যালেরিয়া সেই ম্যালেরিয়া বিষয়ে আমি কয়েকটা কথা বলতে চাই। এই ম্যালেরিয়া নিবারণ করবার জন্য বিভিন্ন প্রদেশে যে চেষ্টা করা হচ্ছে এবং বিশেষ করে World Health Organisationএ for Eastern Countries সম্বন্ধে যে সমস্ত পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তাতে তাঁরা ভারতবর্ষকে প্রচুর পরিমাণে সাহায্য করতে প্রস্তুত। আমি যা শুনেছি তাতে তাঁরা কয়েক লক্ষ টাকার যন্ত্রপাতি ও D. D. T.এর সাহায্যে এই সমস্ত পরিকল্পনা সুষ্ঠুভাবে পরিচালিত করবার জন্য U. P., আসাম, বিহার এবং উড়িষ্যায় এক একটা করে কেন্দ্র স্থাপন করে ম্যালেরিয়া নিবারণের জন্য বিশেষভাবে চেষ্টা করছেন। কিন্তু আমরা জানিনা বাংলাদেশে, বিশেষ করে, হুগলী, বাঁকুড়া, বর্দ্ধমান ও মেদিনীপুরের কতক অংশে, যেভাবে ম্যালেরিয়ার প্রকোপ দেখা যায় তাতে তার কোন একটা জায়গায়

এই World Health Organisationএর সাহায্য নিয়ে ম্যালেরিয়া নিবারণের কেন্দ্র স্থাপন করে পশ্চিমবঙ্গ সরকার ম্যালেরিয়ার প্রকোপ নিবারণের ব্যবস্থা করেছেন কিনা। আমি এদিকে পশ্চিমবঙ্গ রাজ্য-সরকারের দৃষ্টি আকর্ষণ করছি, এবং আশা করি প্রধান মন্ত্রীমহাশয়ের উত্তর দেবার সময় এবিষয়ে কি করা হচ্ছে তা জানতে পারব। (As the Hon'ble Ministers were speaking amongst themselves the member brought it to the notice of the Speaker and said) স্যার, আমার এই কথাগুলো মন্ত্রী মহাশয় শুনলে ভাল হয়। (The Hon'ble P. C. SEN : আমি শুনছি, একটা কান আপনার দিকে রয়েছে।) কানের কিরকম ব্যবস্থা—এক কানে কি দুই কানে শোনেন তা আমি জানি না। যাক্। তারপরে আয়ুর্বেদ এবং হোমিওপ্যাথিক চিকিৎসা-পদ্ধতির কথা আমার মনে হয়। এই সব পদ্ধতির দ্বারা আমরা যে সমস্ত সাহায্য পেতে পারি, বিশেষ করে গ্রামাঞ্চলে, সেটা আমরা উপযুক্ত রকম পাচ্ছি না। অবশ্য আমি বিশ্বাস করি না যে কোন একটা বিশেষ চিকিৎসা পদ্ধতির উপরই মন্ত্রীমহাশয়ের bias আছে। সুতরাং শুধু এলোপ্যাথির দ্বারাই কেন, সব রকম চিকিৎসা পদ্ধতি অবলম্বন করে যাতে দেশ থেকে রোগ দূর করা যায় সেই ব্যবস্থাই অবলম্বন করা উচিত। এই উদ্দেশ্যে শুধু একটা grooveএর মধ্য দিয়ে না গিয়ে দেশের রোগ নিবারণের উদ্দেশ্যে আমাদের সবগুলি চিকিৎসা পদ্ধতিকেই সমান সুযোগ দিতে হবে। এবং যত প্রকার সম্ভাব্য সুযোগ আছে তা' গ্রহণ করলে কতটা সুফল যে পাওয়া যায় তার পরিচয় ঢাকা সহরে দেখছি। ঢাকার স্বাস্থ্যমন্ত্রী সেখানকার লোকের সৌভাগ্যই হোক বা দুর্ভাগ্যই হোক, একজন ডাক্তার নন; কিন্তু তাসত্ত্বেও যে ঢাকায় লোকের সন্ধ্যাবেলায় খোলা জায়গায় বসা অসম্ভব ছিল একজন অচিকিৎসক মন্ত্রীর চেষ্টায় সেখানকার মশা এমনভাবে নিবারণ করা হয়েছে যে, সেদিন একজন লোক এসেছেন, তিনি বলেছেন ঢাকা সহরে এখন বিনা মশারীতে শুয়ে থাকা চলে। তাই আমি বলছি পূর্ববঙ্গের লোকের সৌভাগ্য যে, সেখানকার স্বাস্থ্যমন্ত্রী একজন অচিকিৎসক। এবং তাদের ভাগ্যে একজন চিকিৎসক মন্ত্রী জোটে নাই বলে অচিকিৎসক মন্ত্রী সব রকম পদ্ধতির সাহায্য দ্বারা অতবড় কাজটা করতে পেরেছেন। কবিরাজী ঔষধ সরবরাহ করবার বিষয়ে বলা হয়েছে এক একজন কবিরাজের এক এক রকম ঔষধের দাম, কিন্তু Allen and Hanbury, Lily's Insulin, Park Davis প্রভৃতি একই দামে কি ঔষধ সরবরাহ করে? তারা যদি পারে তাহ'লে কবিরাজের বেলায় কি দোষ তা বুঝতে পারি না। কিন্তু এখানে কথা হচ্ছে পল্লী অঞ্চলে যারা অসুখে ভোগে তাদের এলোপ্যাথি ঔষধ কিনবার মত পয়সা ক'জনের আছে।

Sj. KANAILAL DAS: On a point of order, Sir, Medicalএই তিনি হোমিওপ্যাথি, আয়ুর্বেদী সম্বন্ধে বলেছেন। কাজে কাজেই এই সব কথা বলা হয়ে গিয়েছে, আবার বলছেন কেন?

Mr. SPEAKER : We are dealing with Public Health and it is difficult to prevent overlapping Public Health and Medical matters.

Sj. ANNADA PROSAD CHOUDHURY : কথা হচ্ছে Public Health নিয়ে। হোমিও-প্যাথিক বা এলোপ্যাথিক নিয়ে কথা সেটা এই সম্পর্কেই এসে পড়ে। আমাদের পশ্চিম বাংলার প্রধান শত্রু যে ম্যালেরিয়া তার জন্য গত বৎসর ৪ লক্ষ টাকার কুইনাইন বিনামূল্যে বিতরণ করা হয়েছে। এই বৎসর ৭॥ লক্ষ টাকার কুইনাইন বিতরণ করার ব্যবস্থা এই বাজেটে করা হয়েছে। আমি আগেও জিজ্ঞাসা করেছি, তার উত্তর না পেয়ে আজ আবার প্রশ্ন করছি যখন দেখি যে উপযুক্ত পরিমাণ কুইনাইন যেখানে পশ্চিমবঙ্গের Municipality ও District Boardগুলি পেতে পারে না সেখানকার রাজ্যসরকার ৭॥ লক্ষ টাকায় কুইনাইন Londonএর Howard and Carnegie Companyর কাছে বিক্রয় করেছেন। আমি শুনেছি সে কুইনাইন বিক্রী করে ৭$\frac{১}{২}$ লক্ষ টাকা বাংলা দেশের রাজ্যসরকার পেয়েছিলেন, তাদ্বারা যন্ত্র কেনা হয়েছে। কত ৭$\frac{১}{২}$ লক্ষ টাকা এমন lapse হয়ে যায় এবং কত ৭$\frac{১}{২}$ লক্ষ টাকা আমরা অকারণে খরচ করি তার ইয়ত্তা নাই। কিন্তু আমাদের দেশে quinineএর অভাবে Malariaর চিকিৎসা হয় না। সেখানে ৭$\frac{১}{২}$ লক্ষ টাকা যন্ত্র কিনবার জন্য আমাদের quinine বিক্রী করে দিলেন Howard and Carnegie Companyর

কাছে। তারা তা পরিষ্কার করে আবার আমাদের দেশে পাঠাবেন। যে সময় বিক্রী করা হয়েছে সেই সময় বাজারে কুইনাইনের অগ্নিমূল্য। এই ৭$\frac{১}{২}$ লক্ষ টাকার কুইনাইন যদি ব্যবসায়ীরা—যারা দরখাস্ত করেছে, যারা import licence চেয়ে ব্যর্থ হয়েছে—পেতো তাহলে তারাও ধন্য হতো এবং দেশের লোকও ধন্য হতো। এই ৭$\frac{১}{২}$ লক্ষ টাকার কুইনাইন তখন যদি বাজারে ছেড়ে দেওয়া যেতো এই ম্যালেরিয়াগ্রস্ত লোকেদের কত উপকার হতো। কিন্তু Government তা করলেন না, বাংলা দেশের বাইরে চালান করে দিলেন। সরকার এইভাবে কুইনাইন ব্যবসায়ীদের কালোবাজারের সুবিধা করে দিয়েছেন যদি লোকে এই কথা বলে তা'হলে সরকার এই গুরুতর অভিযোগ থেকে কি করে উদ্ধার পেতে পারে? সরকার বলতে পারেন যে এই quinine impure ছিল, সেটা এত impure ছিল যে সেটা mixture করেও কি দেওয়া যেত না। স্বাস্থ্যমন্ত্রী যদি একথা বলেন যে এটা এত impure ছিল যে সেটা বিক্রী করে দিলেন Englandএর বাজারে Howardএর কাছে। কিন্তু তারাই আবার purify করে আমাদের কাছে পাঠাবেন। এই কুইনাইন যদি আমাদের থাকত তাহলে quinine manufacturers, London and England Howardsএর কাছে না পাঠান হতো, তাহলে আমাদের Union Health Centre, District Board and Municipal Charitable Dispensaryর মারফৎ ম্যালেরিয়াগ্রস্ত লোকদের অনেক উপকার করা যেতো। আর একটা কথা বলেই আমার বক্তব্য শেষ করবো। পানীয় জলের অভাবের জন্য দেশের লোকের খুবই কষ্ট। Rural water-supplyর জন্য টাকা এ বৎসর বেশী বরাদ্দ করা হোক। গ্রামে শুনেছি pipe পাওয়া যায় না, pump পাওয়া যায় না, tube-wellএরও pipe পাওয়া যায় না। Public Health Departmentএ যে ব্যবস্থা এ সম্বন্ধে গ্রামের জন্য আছে তা অত্যন্ত অপ্রচুর। যেসব tube-well আছে তাও out of order হয়ে আছে, কাজেই যাতে বেশী সংখ্যক tube-well sink করা যায় এবং যেগুলি out of order হয়ে গেছে সেগুলি resinking করার ব্যবস্থা হয়, সেদিকে মন্ত্রী মহাশয় দৃষ্টি দেবেন। Malaria নিবারণের সঙ্গে সঙ্গে পানীয় জলেরও ভাল রকম ব্যবস্থা হওয়া দরকার।

Sj. SHEO KUMAR RAI: Mr. Speaker, Sir, hamarey pardhan mantari ke dhian ko istaraf main akersh kerna chahta hoon, keonke yeh chaey rog hai, yeh T. B. hum dekhtey hain ke kistarah ahesta ahesta hamarey panari elakon men barh ja raha hai. Hosakta hai yeh T. B. sarey Bengal kiya sarey Hindustan men barti ja rahi ho. Pahari elakon men yeh rog ziada hai ya maidan men yeh rog ziada hai, yeh Government atasakti hai, keonke Government ke pass statistics hai. Parantu yeh rog, yeh bimari khas kerke paharion men barh raha hai. Is ka wajah yeh hai ke Hills ke admion ko khasker ke bohut kathen kam karna perta hai aur kathen kam kerney ke liey pushtukar bhojan ka beshesh kerke zarurat hoti hai, parantu pahari log, Hills ke log gharib honey ke wajah sey unlogon ko pushtukar bhojan naheen milta. Jab Doctoron ko puchtey hain ke keon T. B. pahari logon men barh ja raha hai, to wah kahtey hain ke mal-nutrition ki wajah sey yah bimari barh rahi hai. Yehan ke admion ko achitarah khana naheen milta hai, pushtuker khana naheen milta hai aur isiki wajah sey bemari barh rahi hai. Yeh dekhtey huey main kahta hoon ke preventive measure aur curative measure dono lena chaheay, is ki taraf dhian dena chaheay. Bengal men ketney T. B. sanitorium hain yeh pardhan mantari bata chukey hain, parantu humko yeh naheen maloom hua ke T. B. ko check kerney ke liey aur iska chikitsha kerney ke liey pahari logon men kiya bandbast hamari Sarkar ker rahi hai. Darjeeling men, Kerseong men jo T. B. Sanitorium kiya hai usmen 50, 60 beds hain, ab 150 sey 200 beds horaha hai. Hum hamarey pardhan mantari ko koie dosh naheen de rahey hain, hamari Government ko yeh suggestion hai, unrode hai ke sanitorium men kam sey kam 40, 50 beds Hills ke logon ke liey rakhajai. Yahan bohut sey imported case atey hain. Darjeeling ek sastakari jagah honey ke wajah sey nechey sey admi atey hain, yah admi yahan sanitorium men jageh hai ja naheen is taraf dhian naheen deker chaley atey hain aur yahan a ker jab unko bed

naheen milta hai to wah pher ghar keraya leker yehan rah jatey hain. Jab wah wahan per bus jatey hain to rasta men chaltey phertey hain, rastey ghoomtey hain, tea stalls men jatey hain aur us-sey yeh infection bartha hai.

Main aur kuch naheen kahoonga, bus main itna kahker baith jata hoon.

Sj. SIBNATH BANNERJEE. : মাননীয় স্পীকার মহোদয়, এ সম্বন্ধে বেশী কিছু বলতে গেলে প্রধান মন্ত্রী হয়ত বলে বসবেন—Some people rush in where angels fear to tread—হয়ত সে কথাটা সত্য। তিনি ডাক্তারের দৃষ্টিতে এই জিনিষটা দেখেন আমি laymanএর দৃষ্টিতে এই জিনিষটা দেখি। এটা একটা দৃষ্টির কোণ—angle of vision—সেদিকে প্রধান মন্ত্রী মহাশয় এবং পরিষদের অন্যান্য সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। প্রথম এই যে দুটো বাজেট—Medical and Public Health—দুটো কেন করা হয় তা আমি বুঝতে পারি না, আগেই এই বিষয়ে point of order তোলা হয়েছে কারণ একটা আর একটাকে overlap করে। আমি এটা emphasize করতে চাইছি এ দুটোকে আলাদা না করে এক সঙ্গে আলোচনা করলেই ভাল হয়। আমি ব্যক্তিগতভাবে Public Healthএর উপরেই জোর দিই। কারণ অসুখ যাতে না হয় এটার উপরেই জোর দেওয়া দরকার। এদিকেই প্রথম দৃষ্টি দেওয়া দরকার বেটা এতদিন পর্য্যন্ত ডাক্তাররা দেননি। রোগ হলে কি হবে সেই চিকিৎসার দিকেই ডাক্তারদের বেশী দৃষ্টি। আমি ব্যক্তি-গত reflection না করে বলতে পারি কারণ রোগ হলে ডাক্তারদের fees বেশী হবে। ডাক্তার রায়ের অবশ্য অনেক রোগী আছে—তিনি আজকাল fees চাননা, সাধারণতঃ ডাক্তারদের মনোভাব হচ্ছে রোগ যত বেশী হয়, Plague, যক্ষ্মা ইত্যাদি যত বেশী হয় ততই তাঁদের সুবিধা। Public Health Departmentএর কাজ হবে রোগ যাতে না হয়। এই বাজেটে Medicalএর জন্য ধরা হয়েছে ৩ কোটী ৩৮ লক্ষ এবং Public Healthএ যাতে রোগ না হয় তার জন্য এক কোটী টাকা বরাদ্দ করা হয়েছে। আমি মনে করি এটা ঠিক উল্টো। টাকা যদি না থাকে বা কম থাকে তাহলে রোগ যাতে না হয় তার জন্য demand হওয়া উচিত ৩ কোটী আর Medicalএর জন্য demand হওয়া উচিত এক কোটী। এটা যদি হতো in the long run দেশের কল্যাণ হতো। যে কথা অনুদাবাবু বলেছেন—আপনাদের দৃষ্টি সেদিকে আকর্ষণ করতে চেয়েছিলাম। কাল দিল্লীর একটা কাগজে পড়ছিলাম—এখানে কোন কাগজে বেরিয়েছে কিনা জানিনা, Malaria in retreat এই head line দিয়ে বের করেছে World Health Organisationএর তরফ থেকে—কিভাবে malariaকে fight করা হচ্ছে। Details পড়ে দেখলাম বাংলা দেশের উল্লেখও নাই। বাংলা দেশের নামও নাই। আমি ১০০৲ টাকার cut motion এনেছি, Economic cut আনিনি। বাংলা দেশের ম্যালেরিয়া পৃথিবীতে কুখ্যাত, বাংলা দেশ আজ ধ্বংস হয়ে যাচ্ছে।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN : বাংলা দেশে ম্যালেরিয়া সব চেয়ে কম।

Sj. SIBNATH BANERJEE : সেটা আপনার হিসাবে। 1947এর পরে বোধ হয় আরো কমে গেছে? কাজেই সেদিকে প্রধান মন্ত্রী মহাশয় কি চেষ্টা করছেন? যদি টাকা না থাকে অন্য জায়গা থেকে টাকা আনার কিছু করা হয়েছে কিনা, এবং হলে কি ফল হয়েছে সেটা অনুগ্রহ করে জানাবেন। কিন্তু এই যে malaria in retreat সেটা হাতে-কলমে দেখাবার চেষ্টা করা হয়নি। আর একটা জিনিষ rural centre সম্বন্ধে, অন্য জায়গার কথা জানি না, হাওড়া জেলার কথা বলতে পারি। চেষ্টা ভাল হয়েছে। কিন্তু তার মধ্যে একটা ত্রুটি আছে—সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। তার একটা sectionএ আছে যে ৪ বিঘা জমি না হলে union centre হবে না, ১২ বিঘা না হলে থানা থানা centre হবে না, এই কারণে অনেক জায়গায় যা হতে পারতো তা হতে পারছে না। আমাদের দেশে শিক্ষা ব্যাপারে যে রকম হয়ে থাকে, এটাও ঠিক তাই। শিক্ষা বিস্তারের জন্য টাকা sanction করা হয় কিন্তু সেই টাকা ঘর বাড়ী প্রভৃতি নির্ম্মাণ করতেই সমস্ত ব্যয় হয়ে যায় এবং শিক্ষার আসল কাজ কিছু হয় না।

সুতরাং আমার মতে সহরে congestionএর মধ্যে Health Centre না খুলে, বাংলা দেশের অন্য জায়গায়—গ্রামাঞ্চলে, যেখানে সামান্য দুই বিঘা জমি হলেও, তার উপর এই Health Centre করা উচিত, তার কারণ সেখানে যথেষ্ট পরিমাণ সূর্য্যের আলো, বাতাস পেয়ে থাকে। তাদের formula অনুসারে যদি ত্রুটী

থাকে, এবং সেই ক্রটী যদি মেনে নেন ও এ পর্য্যন্ত success যা হয়েছে অবশ্য sufficient success হয়নি, তাহ'লেও আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে এর জন্য congratulate করছি। এই success হতে তাদের যে target আছে, সেটা তাঁরা চেষ্টা করলে fulfil করতে পারতেন।

জমি কিনে বাড়ী তৈরী করবার যে scheme রয়েছে এবং যার জন্য টাকাও তোলা হয়েছে, কিন্তু ভাল জমি ও ইট, কাঠ ও steelএর অভাবে ভাল বাড়ী করতে পারছেন না, তখন গ্রামের ভিতর অল্প জমির উপর মাটির ঘর করে Health Centre আরম্ভ করুন। মাটির ঘর হলেও, সেগুলি অন্ততঃ পাঁচ, সাত বৎসর থাকবে। যে সমস্ত জায়গায় ম্যালেরিয়ার প্রকোপ বেশী সেখানে আগে Health Centre খোলা উচিত। কাজেই যে টাকা তাঁরা demand করছেন সেই টাকা কমিয়ে দিন; এবং publicএর কাছ থেকে চাঁদা তুলে নেওয়া হোক। যদি sufficient money পাওয়া না যায়, তাহলে অল্প খরচায় মাটির কাঁচা বাড়ী তৈরী করে কাজ আরম্ভ করবার ব্যবস্থা করুন। কাজ যদি সুরু করেন, তাহলে আগামী বৎসরের মধ্যে প্রত্যেক ইউনিয়নে এবং থানায় এই কাজ complete করতে পারবেন। একটু আগে Sj. Sheo Kumar Roy T. B.র কথা বলেছেন। এবং Dr. Roy T. B.র কথা বলতে গিয়ে বেশ গর্ব্ব করে বলেছিলেন যে বাংলাদেশে প্রায় ১,২০০শো T. B.র seat রয়েছে। হা, এটা গর্ব্বের কথা বটে। কিন্তু যে পরিমাণ খাদ্য আমাদের মন্ত্রী সেন মহাশয় দিচ্ছেন তাতে এই ১,২০০শো seatএ কুলাবে না, অবশ্য যদি Dr. Roy supported না হ'ন মিঃ সেনের দ্বারা। T. B.র জন্য বারোশো কেন, এক লাখ seat করলেও কুলাবে না। সেইজন্য Medical ও Public Health সম্বন্ধে গোড়ায় যে কথা বলেছিলাম, দেশের লোকের সাধারণ স্বাস্থ্য যাতে ভাল থাকে তার জন্য ভাল খাদ্যদ্রব্য, পানীয় জল, এবং প্রচুর profilactic treatment ও ঔষধপত্রের উপযোগী বন্দোবস্ত করা। সেই দিকে যদি গভর্ণমেণ্ট দৃষ্টি না দেন, তাহলে শুধু ১,২০০শো seat T. B.র জন্য করলে, কিছুই হবে না। একটা লোককে T. B. থেকে save করা মানে, একশো লোককে বাঁচান T. B. treatmentএর জন্য অনেক বেশী খরচ হয় সত্য, কিন্তু সাধারণ ম্যালেরিয়ায়ও যথেষ্ট খরচ হয়। Dr. Royএর prescription না হয়ে যদি অন্য ডাক্তারের prescriptionও হয়, তাতে প্রায় চার জন সুস্থ লোকের যা খরচ হয় তার চেয়েও বেশী খরচ হয়।

তারপর T. B.র জন্য যে সমস্ত T. B. seat বিক্রয় হচ্ছে——

(At this stage the blue light was lit.)

আমাকে আরও কিছুক্ষণ সময় দিতে হবে।

Mr. SPEAKER: I am sorry time is very limited. You must finish your speech quickly.

Sj. SIBNATH BANERJEE: Sir, I am coming after seven days, I may be given five minutes more.

Mr. SPEAKER: Well, we shall have our recess.

Sj. SIBNATH BANERJEE: Sir, I shall speak after the recess, but I may be given five minutes time.

Mr. SPEAKER: All right.

(The House was adjourned for 15 minutes.)

(After adjournment.)

Sj. SIBNATH BANERJEE : Public Health সম্বন্ধে যেমন পানীয় জলের কথা অমূল্য বাবু বলেছেন, তেমনি ঔষধেরও প্রয়োজন। গত বছরে বলেছিলাম ঔষধের দাম বড় বেশী, তা manufacture করবার কি ব্যবস্থা করেছেন অর্থাৎ এই দেশের গরীব লোকেরা cheap priceএ কি করে ঔষধ পেতে পারে সে বিষয়টার কথার উত্তর কিছু দেননি। কোনটার দাম ৪ গুণ, কোনটার ৬ গুণ যে বেড়েছে এটা বোধ হয় তিনি অস্বীকার করবেন না। ঔষধের দাম বেড়ে যাবার দরুণ তাঁর সগোত্র যারা সেই ডাক্তারদেরই

কন্ডিক্স হয়েছে। ঔষধ যদি এত চড়া দামে কিনতে হয় তাহলে লোকে ডাক্তারের কি দেখে কি করে—অবশ্য তাঁর নিজের কি নেবার কোন দরকার নাই। আয়ুর্বেদ বা হোমিওপ্যাথির কথা বলতে গেলে আমাদের এই গভর্ণমেণ্টের, বিশেষ করে স্বাস্থ্য-মন্ত্রী মহাশয়ের, আচ্ছিল্যের দিকটার সঙ্গে একটা বিষয়ের তুলনা করতে চাই। দিল্লীতে আমরা যে conferenceএ গিয়েছিলাম, আমরা যেখানে conference করেছিলাম তার পাশেই হাকিম আজমল খাঁর "তিব্বিয়া কলেজ ও হাসপাতাল" রয়েছে। আমাদের Dr. Roy যা তা বলতে পারেন এই কবিরাজী ও হোমিওপ্যাথির কথা তুলে; কিন্তু আমি নিশ্চয় করে বলতে পারি আজমল খাঁর "তিব্বিয়া"কে উপেক্ষা করার শক্তি নাই। সেখানে শত শত লোক সেই ঔষধ খায় এবং তাদের রোগও সারে। (A voice : আবার সারেও না।) যেটা সারে না সেটা Dr. Royর ঔষধেও সারে না। তারপরে যেখানে Public Health সেখানে medicineএর কথাও আসে। বাংলাদেশের বাইরে একটা Bengali refugee campএ তিনজন রুগী বলেছে যে, সেখানকার ডাক্তারী ঔষধে তাদের কিছুই ফল হয় না; তার কারণ তারা যা খায় সে খাদ্য জেলের খাদ্যের চেয়েও জঘন্য। সেখানে বাঁদরপুরের পাশেই একটা জঙ্গল রয়েছে, সেই জঙ্গল থেকে কি একরকম জিনিষ কেটে এনে তাদের খাওয়ায়। খাদ্য ব'লে সে জিনিষের কোন পরিচয় নাই; সেটা না লাউ, না কুমড়ো, কিন্তুত-কিমাকার একটা পদার্থ, ভাতের সঙ্গে প্রায়ই দেয় খেতে। তারা সেখানকার ডাক্তারের বিরুদ্ধে অভিযোগ করেছে; আসল কথা ভাল খাদ্য না দিলে Dr. Roy নিজে ঔষধ দিলেও কিছু করতে পারবেন না। সুতরাং খাদ্যেরও যে Public Healthএর সঙ্গে সম্বন্ধ রয়েছে সেদিকে দৃষ্টি দিতে Dr. Royএর ভুলে গেলে চলবে না। Public Healthএর বরাদ্দ এবার বেড়ে এক কোটি নয় লক্ষ উনিশ হাজার টাকা হয়েছে। Medicalও proportionately বেড়েছে প্রায় তিন গুণ, কিন্তু খাদ্য সম্বন্ধে সেইরূপ বাড়েনি। খাদ্যের দিকে দৃষ্টি নাই, দৃষ্টি বেশীর ভাগ Medical ও হাসপাতালের দিকে যদিও Lake Hospitalটা উঠে যাচ্ছে। আবার তার থেকে বেশী দৃষ্টি পুলিসের দিকে যেটা কাল পাস হয়ে গিয়েছে।

আমি আরেকটা জিনিষের বিষয় বলতে চাই যার দ্বারা health ভাল হতে পারে, যদিও Dr. Roy স্বীকার করবেন কিনা জানি না, তবে আমি Houseএর দৃষ্টি সেদিকে আকর্ষণ করছি। আজ Englandএ যে কোন লোক অত্যন্ত কম খরচায় চিকিৎসিত হতে পারে, এটা একটা মস্তবড় improvement. সেখানকার Health Serviceএর through দিয়ে অতি সাধারণ লোক Dr, Royর মত specialistএর service পেতে পারে। এই রকম একটা প্রতিষ্ঠান রয়েছে আমাদের এখানে "শান্তিনিকেতনে"—"শান্তিনিকেতন Co-operative Society" তাতে বছরে কিছু ।৹ আনা বা ।৷৹ আনা দিলেই সেখানকার ডাক্তারের service পাবে। যেখানে ডাক্তারের একান্ত অভাব সেখানে জনসাধারণের কাছ থেকে টাকা তুলেও যদি এইরকম প্রতিষ্ঠান কিছু কিছু করা যায় তাহ'লে দেশের পক্ষে অনেক লাভ হতে পারে। Co-operative Society ইংরাজের আমলে অনেকগুলি হয়েছিল, তার অধিকাংশই লোপ পেয়েছে। কিন্তু যেভাবে "শান্তিনিকেতন" করছে, ২০।২৫টা গ্রাম একসঙ্গে মিলে Co-operative society গড়ে তুলতে কৃতকার্য্য হয়েছে, সেদিকে দৃষ্টি রেখে যদি টাকা খরচ করা হয় তাহ'লে যেখানে এক কোটি নয় লক্ষ টাকা খরচ ধরা হয়েছে সেখানে যদি মাত্র দশলক্ষ টাকা খরচ করে এই Co-operative Health society গ্রামে ও থানায় গঠন করা যায় তাহ'লে দেশের প্রভূত উপকার করতে পারে, এবং Dr. Roy যে বলেছেন death-rate কমে গিয়েছে সেটা সত্যই perceptibly কমান যাবে। General discussionএর সময় প্রফুল্ল সেন মহাশয় বলেছেন birth controlএর কথা, কিন্তু আসলে তাঁরা করছেন death control. তিনি বলেছেন death-rateএর যে statistics এসেছে তাতে দেখা যায় percentage কমেছে। যদি তাদের statistics মেনে নেওয়া যায় তাহ'লেও বলা উচিত লোকের death বাড়লে আমাদের খাদ্য সমস্যা, Medical ও Public Healthএর সমস্যার সহজে সমাধান করা চলতো। এখানে যখনই কিছু বলতে চাই—সে Sagar Dutt Hospital সম্বন্ধেই হোক বা Medical College Hospital সম্বন্ধেই হোক—তার উত্তরে ওখান থেকে (pointing to the Government benches) কেউ কেউ বলে ওঠেন, এটা কাপুরুষতা, Shakespeareএর ভাষায় impostors, এবং সঙ্গে সঙ্গে বাইরে যাবার challenge দেন,—যারা কেউ এখানে নিজেদের defend করতে পারে না তাদের সম্বন্ধে এখানে কিছু বলা চলবেনা—এই হচ্ছে ওঁদের রায়। এখানে আমাদের কেবল প্রফুল্ল সেন বা নিহারেন্দু দত্ত-মজুমদারকে নয়—criticise করতে হবে যখন administrationকে—তখন এক জন officerএর নাম এসে পড়েই, যেমন অমুক থানার দারোগা, অমুক subdivisionএর S.D.O. কিন্তু সেজন্য যদি মন্ত্রীমহাশয়রা রেগে যান এবং ব্যঙ্গোক্তি ও কটূক্তি করেন তাহ'লে আমি জোর গলায় বলবো যে right

আছে আমাদের to criticise কিন্তু সঙ্গে সঙ্গে একথাও বলছি আমরা ব্যক্তিগতভাবে কাউকে criticise করি না। কিন্তু তাঁদের underএ যে সমস্ত officer রয়েছে তাদের গলদ দেখানোর অধিকার আমাদের সম্পূর্ণরূপে রয়েছে। আমাদের এই Houseএরও তো একটা utility রয়েছে।

(At this stage the red light was lit.)

Mr. SPEAKER : You already wanted five minutes more and I had given you that.

Sj. SIBNATH BANERJEE : But I must finish the sentence.

The Hon'ble BHUPATI MAJUMDAR : It must be the capital sentence.

Sj. SIBNATH BANERJEE : কিন্তু তার department আছে এবং তার underএ যে officer আছে, তার গলদ দেখাবার আমাদের সম্পূর্ণ অধিকার রয়েছে। বাইরে অবশ্য বলছি এসব কথা। কিন্তু Houseএরও একটা utility থাকা দরকার। শুধু public meetingএ যদি বলি, সেখানে তাদের পক্ষ সমর্থন করবার লোক নেই। এখানে প্রধান মন্ত্রী থেকে আরম্ভ করে একাদশ বৃহস্পতি রয়েছে তাকে defend করবার জন্য। সুতরাং এখানেও criticise করবার অধিকার আমাদের সকলেরই আছে। আমার কথা হচ্ছে এই Public Healthএর দিকে আমাদের দৃষ্টি আরও বেশী দেওয়া দরকার। আমি দু-তিনটি suggestion দিচ্ছি। medicine বেশ সস্তায় পাওয়া যেতে পারে এবং থানায় থানায় গ্রামে গ্রামে, unionএ unionএ যে health centre করা হচ্ছে সেজন্য ধন্যবাদ জানাচ্ছি কিন্তু সেখানে আমার suggestion হচ্ছে যে ছয় বিঘা জমি, বা ২০ হাজার টাকা যেন insist না করে। কিছু যদি জমি কমও হয় বা টাকা কমও হয় তাহলেও এ জিনিষটা হতে পারে। তারপর এরকম দরজা, এরকম সাসি এসব না হলেও চলবে। তা'হলেই আমাদের বেশী উপকার হবে এবং স্বাস্থ্যের সমাধান হবে।

Dr. SURESH CHANDRA BANERJI : মাননীয় স্পীকার মহোদয়, আমার cut motion হচ্ছে বস্তীর sanitary condition সম্বন্ধে। এ সম্বন্ধে আমি যেসব কথা বলবো তার অধিকাংশই নেওয়া হয়েছে পশ্চিম বাংলার Government বছর দুই আগে যে Enquiry Committee নিযুক্ত করেছিলেন—কলিকাতা ও হাওড়ার বস্তীবাসীদের living condition সম্বন্ধে report করবার জন্য এবং সেই কমিটি যেই মধ্যবর্তীকালীন report পেশ করেছিলেন তা থেকে। এ সম্বন্ধে কিছু বলার আগে আমি পশ্চিম বাংলার গভর্ণমেণ্টকে এবং যিনি এই তদন্ত কমিটি বসাবার জন্য বিশেষভাবে দায়ী সেই মন্ত্রী বিমল সিংহ মহাশয়কে এই ধরণের একটি তদন্ত কমিটি বসানোর জন্য ধন্যবাদ জানাচ্ছি। কারণ বস্তীবাসীরা যে অবস্থায় থাকে তা আমরা এর আগে ঠিক এতখানি ভালভাবে জানতে পারি নাই। আমরা সকলেই জানি যে বস্তীসমূহ কলিকাতার বুকে একটা কলঙ্কস্বরূপ। কিন্তু সেই কলঙ্কের পরিমাণ যে কতখানি, কত গভীর, তা এই রিপোর্টে যেসব কথা বলা হয়েছে তা একটু ভালভাবে পড়লেই স্পষ্ট বুঝা যায়। এই রিপোর্টে বলা হয়েছে যে কলিকাতার প্রায় ৪,২৩৩টি বস্তী আছে। এবং আমাদের হিসাব মতে এই বস্তীসমূহে কলিকাতার প্রায় এক তৃতীয়াংশ লোক বাস করে। এসব বস্তী হঠাৎ কলিকাতার বুকে গড়ে উঠেনি। কলিকাতার যখন সৃষ্টি তখন থেকে এই সব বস্তী আস্তে আস্তে গড়ে উঠেছে। কোন পরিকল্পনা ছিল না এই সব বস্তী নির্মাণের পিছনে। পরিকল্পনাবিহীন কাজ যতটা বিশৃঙ্খল ও অসুন্দর হতে পারে এই সব বস্তী তাই হয়েছে।

আমি পূর্বেই বলেছি এই সব বস্তী কলিকাতার বুকে কলঙ্ক স্বরূপ। এই কলঙ্ক নূতন নহে। ১৮৬৮ সালে কলিকাতা Corporation কর্তৃক প্রকাশিত report হতে বুঝা যায় ৮০ বছর আগেও কলিকাতার বস্তীসমূহের অবস্থা এখন যেরূপ প্রায় সেরূপই ছিল। এই report হতে খানিকটা আমি পড়ে শোনাচ্ছি। তাহতেই বুঝা যাবে এই বস্তীসমূহের অবস্থা তখন কিরূপ ছিল। A *bustee* generally consists of a mass of huts constructed without any plan or arrangements, without roads, without drains, ill-ventilated and never cleansed. Most of these *bustees* are abodes of misery, vile and filths and the nurseries of sickness and disease. বস্তী সম্বন্ধে এইরূপ অভিমত প্রকাশ করা হয়েছে—১৮৬৮ খৃষ্টাব্দে—তারপর ৮০ বছর না হলেও ৭২ বছর পার হয়ে গেছে কিন্তু বস্তীসমূহের উন্নতির কোন চেষ্টাই এই দীর্ঘ সময়ের মধ্যে করা হয়নি। জমিদার বা যাঁরা মালিক তাঁরাতো করেনইনি, কর্পোরেশনও করেনি, আমাদের Governmentও করেনি। সে রিপোর্টে আরও বলা

হয়েছে "none of these *bustees* possesses a single road or thoroughfare properly so called, through which a conservancy cart or even a wheelbarrow can pass in order to remove the filth. ময়লা পরিষ্কার করার জন্য কোন গাড়ী পর্য্যন্ত বস্তীসমূহে ঢুকতে পারে না। তাই বস্তীসমূহের এত দুরবস্থা—সেগুলি এত অপরিষ্কার ও নোংরা জঞ্জালের আড্ডা।

তারপরে স্পীকার মহোদয়, Royal Commission on Indian Labour ও বস্তী সম্বন্ধে অনুসন্ধান করেছিলেন। কারণ এই বস্তীতে যারা বাস করে তাদের অধিকাংশই শ্রমিক। Royal Commission on Labour বস্তী সম্পর্কে যা বলেছেন তা বিশেষ প্রণিধানযোগ্য। তারা লিখেছেন এই সব বস্তীতে "Houses are built close together cave touching cave and frequently back to back in order to make use of all the available space. Neglect of sanitation is often evinced by heaps of rotten garbage and pools of sewage whilst the absence of latrines enhance the general pollution of air and soil in dwelling houses in which human beings are born, sleep and eat and live and die.

Mr. SPEAKER: Dr. Banerji, is it any use dilating on the *bustees*? I think everybody knows these things. The point is that we have got to finish our work as we are already behind our time.

Dr. SURESH CHANDRA BANERJI : সকলেই এটা হয়তো জানেন কিন্তু জানেন বলে কোন প্রমাণ নেই যেহেতু কিছু করছেন না।

Mr. SPEAKER: I do not want to prevent any discussion. What I wanted to point out is that because we have got limited space of time, dilating upon the subject as to what a *bustee* is, what its actual condition is, may not be necessary because everybody knows its condition. I said that simply to save time. I do not want to rule you out; I do not want to say that you cannot refer to it, but I simply pointed out that there is a time-limit and time may expire before the main things are discussed.

Dr. SURESH CHANDRA BANERJI : এ যদি আপনার অভিমত হয় সময় দেবেন না তবে তা আপনার মর্জি। এই বস্তীসমূহ কলিকাতার একটি প্রধান অঙ্গ। এ সম্বন্ধে দীর্ঘকাল যাবৎ কোন কাজ করা হয়নি। বস্তীর অবস্থা যে লজ্জাকর এ কথা সকলেই জানেন। তা সত্ত্বেও একথা বার বার বলবার বিশেষ প্রয়োজন আছে। একটা কথা আমি নিবেদন করতে চাই। ছয় সাত বছর যাবৎ এই জানা বিষয়ে আমি বার বার বলছি। ফলে মন্ত্রিমণ্ডলীর এই বস্তীসমূহের দিকে কিছু কিছু দৃষ্টি পড়েছে। আমি যদি এ সম্বন্ধে আর কিছু না বলি তবে সামান্য যা কিছু হচ্ছে তাও হবে না। আমি জনগণের সেবা করি, এটাই আমার ধর্ম্ম, সুতরাং সুযোগ যখন পেয়েছি কিছু বলতে চাই। গভর্ণমেণ্ট চান বিরোধী দল যেন কিছু না বলে। আপনি যদি গভর্ণমেণ্টকে সাহায্য করতে চান তো করুন। সামান্য যে Opposition আছে তাও বন্ধ হয়ে যাবে। আমার আপনার নিকট অনুরোধ এই, আমরা কয়জন মাত্র তো আছি, আমাদের একেবারে বঞ্চিত করবেন না।

Mr. SPEAKER: Dr. Banerji, I am very sorry that you feel aggrieved in spite of the Opposition getting a good deal of time at least during the present budget discussion. Only half-an-hour's time was given beyond three hours, but every day we have sat till 8-30 or 9 p.m. and therefore I do not think there should be any grievance on the score of time.

Now, as regards time-limit, I would refer you to section 99 where the Speaker is empowered to prescribe the time-limit for speeches. There is one thing more to which I would like to draw your attention. There is a rule of guillotine. Those matters which will not be discussed in this House will be guillotined on the last day and no further discussion will be allowed. Therefore the Opposition ought to consider the saving of the time so that the main things may come up before the House. I do not think that there was any ground for objection when I pointed it out because you were simply reading some extracts in regard to *bustee* welfare from the Royal

Commission on Labour, how insanitary it is. I simply pointed out to you, is it any use dilating upon the conditions of a *bustee* because practically everybody is conversant with the conditions of the *bustee*? Now, if you can devote your time to suggesting remedial measures and criticise the remedial measures which have been taken I think you would better utilise your time instead of saying about the actual condition of the *bustee*. That was only my suggestion. It has got nothing to rule you out. If you wish to discuss *bustee*, you are at liberty to do so.

Dr. SURESH CHANDRA BANERJI : Mr. Speaker, on a point of privilege. একটা কথা বলছি—দয়া করে বলুন cut motionএর আলোচনায় Government কতটা সময় নিয়েছে আর Opposition কতটা সময় নিয়েছে। সেদিন প্রধান মন্ত্রী এক ঘণ্টা পর্য্যন্ত বক্তৃতা করেন কিন্তু আপনি কিছু বলেননি। এই রকমভাবে আমরা নির্য্যাতিত ও উৎপীড়িত হচ্ছি।

Mr. SPEAKER: All right I will give a ruling and tell you how much time has been given to the Opposition and how much to the Government but it will be to your disadvantage.

Dr. SURESH CHANDRA BANERJI : মাননীয় স্পীকার মহোদয়, আপনার কাছে ruling চাই। যে ১২ দিন সময় দিয়েছেন, তার মধ্যে কত সময় আমরা পাব এবং কত সময় Government পক্ষ পাবে তা দয়া করে জানিয়ে দিন।

Mr. SPEAKER: Let us not take more time on this discussion. I will satisfy you that so far as the time given to you is concerned I have given you utmost time and if you consider the records of the last 10 years you will find that I have gone to the utmost limit.

Dr. SURESH CHANDRA BANERJI : আপনার নির্দ্দেশ আমি মাথা পেতে নিচ্ছি। আমি সাধারণভাবে একথাই বলতে চেয়েছিলাম Government দীর্ঘকাল যাবৎ এবিষয়ে সম্পূর্ণ উদাসীন রয়েছেন। কলিকাতা একটি শিল্পপ্রধান সহর। সুতরাং শ্রমিকেরা এর মেরুদণ্ডস্বরূপ। যেমন কৃষক না বাঁচলে গ্রাম বাঁচবে না, সেইরকম যদি শ্রমিকরা না বাঁচে তবে কলিকাতাও বাঁচবে না। কলিকাতা সহরের জীবন হচ্ছে এই শ্রমিকরা, কিন্তু তারা বাস করে এই সমস্ত নোংরা অস্বাস্থ্যকর বস্তিতে। আমরা পল্লীবাসীদের বলি produce more food কিন্তু শুধু produce more food বললেই হবে না, তাদের জন্য ভাল বন্দোবস্ত করে দিতে হবে। আমাদের দেখা দরকার তারা কোন্ অবস্থার মধ্যে আছে। তাদের সারা রাত ঘুম হয় কিনা, তাদের ঘরে আলো বাতাস ঢোকে কিনা, তাদের ঘরের পাশে দুর্গন্ধযুক্ত ময়লা নর্দ্দমা আছে কিনা—এই সমস্ত কথা কাউকে ভাবতে দেখি না। শ্রমিকেরা বস্তির মধ্যে ভীষণ খারাপ অবস্থায় বাস করছে। দিনের পর দিন ধরে নানা রোগে তারা ভুগছে; যক্ষ্মা, ডিসেণ্টরী, টাইফয়েড, কলেরায় মারা যাচ্ছে। কলিকাতায় যখন মহামারী লাগে তখন সেই মহামারীর সুত্রপাত হয় এদের মধ্য থেকে এবং এরাই সবচেয়ে বেশী মরে। কলিকাতায় যে সমস্ত হাসপাতাল আছে সেখানে চিকিৎসার সুযোগও এরা পায় না। তাদের ঘরে আলো বাতাস প্রবেশের কোন সুবন্দোবস্ত নেই। স্বাস্থ্যের জন্য যে খেলাধুলার প্রয়োজন তাও তারা করতে পারে না। অথচ এরাই কলিকাতা সহরে যারা বাস করে তাদের ভালভাবে বাঁচিয়ে রাখে। এবং ধনীদের ঘরে ধন এরা যোগায়, রাস্তা পরিষ্কার করে এরা, বাতি দেয় এরা, কারখানা চালায় এরা, আমরা যে ভালভাবে আছি তার জন্য সমস্ত কিছু করে এরা, অথচ এদের প্রতি আমরা সম্পূর্ণ উদাসীন। যারা আমাদের প্রাণ, যারা আমাদের মেরুদণ্ড, তাদের প্রতি এইরকম অবিচার ও অবহেলা আমরা করি। বস্তিবাসীদের বিষয় আমি বিস্তারিতভাবে আলোচনা করতে চেয়েছিলাম, কিন্তু যখন বলতে দিচ্ছেন না, তখন উপায় নেই। অনেক দিন থেকেই এই সমস্ত বস্তিবাসীরা চরম দুঃখ-দুর্দ্দশা ভোগ করে আসছে। আজ আমরা স্বাধীন হয়েছি, তাই স্বাধীন দেশের মন্ত্রিমণ্ডলীর কাছে আমার বিনীত নিবেদন যে তাঁরা এ বিষয়ে একটা ভাল পরিকল্পনা প্রণয়ন করুন। তাদের উন্নতির জন্য সমস্ত পরিকল্পনা গভর্ণমেণ্ট পরিত্যাগ করেছেন এবং তার জন্য কোন টাকা এ পর্য্যন্ত ব্যয় বরাদ্দ করা হয়নি। সুতরাং পুনরায় আমি গভর্ণমেণ্টকে অনুরোধ করছি পশ্চিম বঙ্গের প্রধান সহর যে কলিকাতা, সেই কলিকাতার মধ্যে যে সমস্ত শ্রমিকরা বাস করে তাদের প্রতি লক্ষ্য রেখে, তারা যাতে মানুষের মত বাঁচতে পারে তার বন্দোবস্ত করুন। তা নাহলে উৎপাদন বাড়াবার জন্য যতই চেষ্টা বা চীৎকার করুন, কিছুতেই কিছু হবে না।

Sj. KANAI LAL DE : মাননীয় সভাপাল মহাশয়, আমি জনস্বাস্থ্য সম্বন্ধে একটা বিষয়ে এই পরিষদের দৃষ্টি আকর্ষণ করছি; সে হচ্ছে কুষ্ঠ রোগ। আমার পূর্ববর্ত্তী বক্তা শিবনাথ বাবু বলেছেন যে রোগ চিকিৎসার জন্য মেডিকেল খাতে বেশী টাকা ধরা হয়েছে অথচ রোগ নিবারণের জন্য যে Public Health বিভাগ তাতে খুব কম টাকা ধরা হয়েছে। আমি তার সঙ্গে একমত; আমি বলতে চাই যে জনস্বাস্থ্য বিভাগে আরও বেশী টাকা খরচ করা উচিত।

বাংলাদেশের স্বাস্থ্য সম্বন্ধে প্রধান মন্ত্রী মহাশয় অনেক কথা বললেন; এবং তিনি উল্লেখ করেছেন যে গ্রামের চৌকিদারদের কাছ থেকে গ্রামের স্বাস্থ্য বিষয়ের তথ্য সংগ্রহ করা হয়। কিন্তু আমরা স্বচক্ষে গ্রামের মধ্যে যা দেখেছি তাথেকে বেশ বোঝা যায় যে এই সমস্ত চৌকিদারেরা সব কিছু না দেখে শুনেই একটা report দিয়ে দেয়। কি rateএ death কমছে বা বাড়ছে তার আমরা কোন প্রকৃত information পাই না। আমরা চোখের সামনে দেখছি গ্রামগুলি আজ জনশূন্য হয়ে যাচ্ছে। গ্রামের প্রকৃত তথ্যের সঙ্গে Writers' Buildingsএর সংগৃহীত তথ্যের সঙ্গে কোন সংযোগ নাই। তারা স্বাস্থ্য উন্নতির তথ্য নিয়ে আনন্দ ও গৌরব অনুভব করতে পারেন কিন্তু গ্রামে যাঁরা থাকেন তাঁরা দেখেন অন্য রকম। আমি আজ একটা ভয়াবহ রোগের কথা উল্লেখ করছি, সেটা হচ্ছে কুষ্ঠরোগ। বাংলা দেশে কুষ্ঠের প্রভাব অত্যন্ত বেশী। সমগ্র ভারতবর্ষের মধ্যে বাংলাদেশে এই কুষ্ঠ রোগের প্রাবল্য খুব বেশী। বর্ত্তমানে এই রোগ যে রকম দ্রুতগতিতে বেড়ে যাচ্ছে তা নিরোধ করবার সুবন্দোবস্ত বা চিকিৎসার ব্যবস্থা আজ পর্য্যন্ত হয়নি। কোন কোন District Boardএ কয়েকটি লেপার ক্লিনিক্ খোলা হয়েছে কিন্তু সেটা নামে মাত্র, তাতে বিশেষ কোন কাজ হয় না। বাংলা দেশে, বিশেষ করে বাঁকুড়া জেলায়, কুষ্ঠরোগের প্রাবল্য এত বেশী কেন সে বিষয় অনুসন্ধান করা দরকার। আমি ইতিপূর্ব্বে কয়েক বৎসর এই পরিষদের সামনে কুষ্ঠরোগ সম্বন্ধে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছিলাম, আজ আবার সরকারের দৃষ্টি আকর্ষণ করে এই কথা বলতে চাই যে কুষ্ঠরোগ সম্বন্ধে গবেষণার সত্বর ব্যবস্থা অবলম্বন করা উচিত। T. B. সম্বন্ধে অনেক কিছু ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে, যদিও প্রয়োজনের তুলনায় তা অপ্রচুর, কিন্তু কুষ্ঠরোগ সম্পর্কে কিছুই করা হয়নি।

জনসাধারণের এতদিন ধারণা ছিল যে মানুষের পূর্ব্ব জন্মের পাপের ফলে এই কুষ্ঠরোগ হয়, কিন্তু বর্ত্তমান যুগে সেই ভ্রান্ত ধারণা বদলে গিয়েছে।

ইংলণ্ডে, এমেরিকায় এবং আরও অন্যান্য দেশে তাদের সুচিকিৎসা ও সুব্যবস্থার ফলে এই ভয়াবহ কুষ্ঠরোগ কমে গিয়েছে কিন্তু এখানে আমাদের দেশে আজ পর্য্যন্ত সেরকম কোন ব্যবস্থাই হয়নি। যা একটু চেষ্টা হয়েছে তা কতকগুলি নিঃস্বার্থ সেবাব্রতী ইউরোপিয়ান মিশনারীর দ্বারা।

বাংলাদেশের বহু জেলায় কুষ্ঠরোগের প্রাবল্য আছে কিন্তু বাঁকুড়া জেলায় এই রোগের প্রাবল্য সব চেয়ে বেশী। সেইজন্য বাঁকুড়া জেলার কথা নিয়েই আজকে আমি এই পরিষদের দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলার ১৯৩১ সালের censusএ লেখা আছে যে Bankura District has the unenviable reputation of having the largest percentage of lepers in the district than any other part of India. তখন এই census reportএ কুষ্ঠরোগীর যে সংখ্যা দেখান হয়েছিল প্রকৃত সংখ্যা তাঁর প্রায় ছয় থেকে দশগুণ বেশী ছিল। কারণ বহু কুষ্ঠরোগাক্রান্ত লোক লজ্জার ভয়ে রোগের কথা কাউকে জানতে দিতে বা censusএ লেখাতে চায়নি। এবং কুষ্ঠরোগের এমন কয়েকটি অবস্থা আছে যা প্রথমে অভিজ্ঞ ডাক্তার ছাড়া আর কেউ ধরতে সক্ষম হয় না।

তারপর ১৯৩৫ সালে Dr. Muirএর নেতৃত্বে British Empire Leprosy Relief Associationএর তরফ থেকে বাঁকুড়া জেলায় কত কুষ্ঠরোগী আছে তা জানবার জন্য একটা survey করা হয়েছিল। তাঁর মতে it was estimated that there were 45,000 lepers in the district in 1935, *i. e.*, 4·1 per cent. of the total population. বাঁকুড়ায় ৪৫,০০০ হাজার কুষ্ঠরোগী, অর্থাৎ জনসংখ্যার শতকরা ৪·১। তারপর ১৯৪১ সালে British Empire Leprosy Relief Association আর একটা areaতে survey করেন এবং এই areaতে ১৫,০০০ হাজার লোকসংখ্যার মধ্যে কুষ্ঠের সংখ্যা ৩৬৬ জন ছিল, অর্থাৎ শতকরা ৩·৬। তাঁরা যে ইউনিয়নে survey করেছিলেন সেটি non-epidemic area. কিন্তু epidemic area, যেমন গসাজলবাটি, ইদপুর ও ছাতনা থানা, যেখানে কুষ্ঠরোগের প্রাবল্য বেশী সেখানে survey

করেন নি। সেখানে প্রায় প্রতি ঘরেই কুষ্ঠরোগী দেখা যায়। বাঁকড়ার বে-সরকারী ডাক্তারগণের ও সমাজ সেবকগণের অনুসন্ধানে জানা যায় যে এই জেলায় কুষ্ঠের সংখ্যা প্রায় ৬৫,০০০ অর্থাৎ সেখানকার ১৩ লক্ষ অধিবাসীর মধ্যে শতকরা ৫ পাঁচজন এই ব্যাধিতে আক্রান্ত।

আমরা গ্রামে গ্রামে, ইউনিয়নে ইউনিয়নে, ঘুরে দেখেছি বহু ইউনিয়নে এমন একটি বাড়ীও নেই যে তাতে কুষ্ঠরোগী নেই। সুতরাং যদি ভাল ডাক্তার এবং বিশেষজ্ঞ লোক দিয়ে survey করা যায় তাহলে দেখা যাবে বাংলা দেশের মধ্যে বাঁকুড়া জেলায় কুষ্ঠরোগের সংখ্যা কত বেশী। School of Tropical Medicine থেকে কুষ্ঠরোগ সম্বন্ধে যে সমস্ত পুস্তিকা বিলি করা হয়েছে, এবং যতগুলি figure দেওয়া হয়েছে তার থেকে দেখা যায় বাঁকুড়া জেলায় কুষ্ঠরোগীর সংখ্যা সবচেয়ে বেশী। তাঁরা দেখিয়েছেন ৩৫ হাজারটি case কিন্তু সেটা সঠিক নয়—সেখানে কুষ্ঠের সংখ্যা আরও ঢের বেশী। কারণ বাঁকুড়া জেলার বে-সরকারী কয়েকজন ডাক্তার এবং বাঁকুড়া মিউনিসিপ্যালিটি থেকে এই সম্পর্কে একটা অনুসন্ধান হয়েছিল এবং তাঁরা এই মত প্রকাশ করেছেন যে বাঁকুড়া জেলার প্রায় ১৩ লক্ষ জনসংখ্যার মধ্যে কুষ্ঠরোগীর সংখ্যা ৬০ হাজারের চেয়ে কম নয়।

(At this stage the blue light was lit.)

আমি আর একটু সময় নেব।

Mr. SPEAKER : I am very sory 10 minutes have already elapsed. Moreover leprosy is a subject under medical matter rather than public health. I can't allow any more time.

Sj. KANAI LAL DE : খুব important subject সম্বন্ধে বলছি। এই সম্পর্কে হাউসের কোন মেম্বর এ পর্য্যন্ত কিছু বলেনি।

Mr. SPEAKER : Excuse me. I cannot give any more time. Just finish the sentence.

Sj. KANAI LAL DE : পাঁচ মিনিটের বেশী হয়েছে কি ?

Mr. SPEAKER : Yes, দশ মিনিট হয়ে গিয়েছে।

Sj. KANAI LAL DE : আচ্ছা মহাশয় আমি খুব শীঘ্র শেষ করছি।

এই জেলার একশো জন লোকের মধ্যে যদি পাঁচ জনের কুষ্ঠরোগ হয় তাহলে এটা অত্যন্ত ভয়াবহ ব্যাপার। School of Tropical Medicine যে পুস্তিকা বিতরণ করেছে তাও যদি সত্য হয় তাহলে বাংলা দেশে ২ লক্ষ ৫ হাজার কুষ্ঠরোগী আছে। কিন্তু এই রোগ নিবারণের জন্য আমরা যে চেষ্টা করেছি তা খুবই সামান্য।

আমরা দেখতে পাই, ১৯৫০ সালে কুষ্ঠরোগ নিবারণের জন্য ২ লক্ষ ২৪ হাজার টাকা বাজেটে বরাদ্দ হয়েছিল এবং পরে সংশোধিত বাজেটে সেটাকে কমিয়ে ১ লক্ষ ২১ হাজার টাকা খরচ ধরা হয়েছিল কিন্তু প্রকৃত ব্যয় হয় মাত্র ৩০,৯৫০ টাকা। এ বৎসরের বাজেটে ধরা হয়েছে, কুষ্ঠরোগ নিবারণের জন্য, ২ লক্ষ ৮০ হাজার টাকা। আমি জানি না, এই কাজের জন্য সব টাকা খরচ হবে কিনা, এবং হয়ত revised estimateএ আরও কমে যাবে। কুষ্ঠ সম্বন্ধীয় Civil Works খাতে ধরা হয়েছে ৪ লক্ষ টাকা কিন্তু প্রয়োজনের তুলনায় ইহা খুবই কম। কুষ্ঠরোগীদের রাখবার জন্য সামান্য কিছু ঘরবাড়ীর বন্দোবস্ত হচ্ছে বটে, কিন্তু কুষ্ঠরোগ চিকিৎসা ও নিবারণের জন্য যা করা দরকার তা কিছুই হয়নি। সুতরাং আমি প্রধান ও স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে বিশেষ করে অনুরোধ করছি বাংলা দেশের যে জেলায় সবচেয়ে বেশী কুষ্ঠরোগের প্রাবল্য সেখানে কুষ্ঠরোগ গবেষণার জন্য একটি গবেষণাগার ও চিকিৎসাগার স্থাপন করুন, এবং বাংলা দেশে যাতে কুষ্ঠরোগ নিবারণ করা যায় এবং সম্পূর্ণরূপে এই রোগ নির্মূল করা যায় সে বিষয় বিশেষ অনুসন্ধানের ব্যবস্থা করুন।

Mr. SPEAKER : Kanai Babu, I can'not give you any more time.

Sj. KANAI LAL DE : এই কথা বলে শেষ করছি—মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের এই ভয়াবহ কুষ্ঠরোগের দিকে আরও সজাগ দৃষ্টি দেওয়া কর্ত্তব্য এবং বাজেটে আরও বেশী টাকা বরাদ্দ করে এই রোগ যাতে সম্পূর্ণ নিবারণ করা যায় তার জন্য যথা-যথ ব্যবস্থা করা উচিত।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, my friend Sj. Sibnath Banerjee said the correct thing and probably he was not here when I was pleading for the fact that prevention is always better than cure, and I felt that the Budget of Medical Relief and Public Health should be a combined Budget. You will recall, Sir, that I once made an appeal to you (Sj. SIBNATH BANERJEE: আমিও তাই বলেছি।)—great men think alike (laughter)—I appealed to you whether we could not move both the items together. You ruled that since they are different items, the two motions cannot be moved together in this House. If I am alive till the next year's Budget, it is possible that I may suggest that the two should be put together for this reason that I have come to the conclusion that a medical man after all should be a preventive man as much as a curative man (A VOICE: hear, hear), and he should give attention, if not more attention, to prevention than to cure for this simple reason that a man cured from tuberculosis or pneumonia is always a man who is handicapped in his life, whereas a man who is prevented from getting tuberculosis or pneumonia is certainly a better man so far as general life of the society is concerned.

Sir, with regard to the question that he has raised about medicine, cheap medicine, I also dilated a great deal on that and I do not want to take the time of the House with regard to that. The question of Kabiraji and Homeopathy also I had discussed when we were discussing the question of medical relief. There are certain specific points that have been raised by different members. The first point that has been raised is why didn't we take the help from the World Health Organisation since they have made statements in the press "malaria is flying away from India because the world organisation has come into being in India". The position is this: they approached different Governments last year with an offer to work in different Provinces, for instance West Bengal, but they stipulated that we must spend Rs. 2-10 *per capita* from our fund and then they will pay the other 2 rupees 6 annas from their fund. When they came here we had already undertaken, as the Budget will show, a fairly wide area for malaria control in Bankura and Birbhum districts and the cost of that organisation and works in Bankura and Birbhum was appreciable. The cost was 8 annas *per capita* and the results had been, in our opinion, very satisfactory. This scheme was undertaken directly by Government and through the local bodies and voluntary organisations. Sir, besides this scheme in Bankura and Birbhum, there are in Bengal today anti-malaria schemes in operation. There were 19 schemes in 1948-49, 43 schemes in 1949-50 and 57 schemes in 1950-51. The district-wise malaria control scheme by residual spreading of D.D.T. has been carried out during the current financial year with very encouraging results in the district of Bankura and in 8 unions of Birbhum and in the majority of the refugee camps and it is proposed to extend this scheme to other districts gradually. The anti-malarial drugs and kala-azar specifics have been supplied free by Government to recognised hospitals and dispensaries, and also to the dispensaries and hospitals run directly by Government and by the local bodies for free distribution through the public health staff under Government and local bodies as well as through non-official organisations. In this connection, Sir, Sri Annada Choudhury asked a question—and he referred to it previously also—why is it that we sold Quinine to an English firm? On the last occasion I had tried to explain and I thought I did explain but evidently I could not make myself understood. The position was we tried for one year to sell these drugs; we advertised; we wrote to every firm in India who sells such drugs but got no satisfactory response; we put them in different post offices. Still the stock was hanging on our heads. A question was put—Why don't you convert it into a mixture? It is almost difficult to convert tabloid into mixture. Even if it could be done it is not we who could so convert it, but the different people who

would have to purchase it from us. When we failed to sell this drug, quinine, and a sum of Rs. 75,00,000 was hanging over our heads I thought it would be better to part with a certain quantity in order to be able to make up for the future. At the present moment we are manufacturing about 50,000 lbs. of quinine in the Mungpoo factory. We are trying to extend the plantation area and to increase the quantity produced every year, but, it requires a little time for the cinchona fields to grow. We have extended the plantation by nearly 1½ times but it will take at least 7 to 8 years to get the full results from the increased plantation.

Sir, in this connection I may tell the House that our position with regard to cinchona has been very unfortunate. Records go to show that in the Nilgiri Hills large tracts of land growing cinchona had been in existence even in 1885, 1886. But for some reason or other the Government of those days would not agree to the extension and maintenance of these cinchona plantations and so they limited the total quantity produced in the whole of India to 70,000 tons and the rest was to be imported through a particular firm. I need not go into that matter any further.

Therefore the position now is that we have to make up the leeway. I believe the Nilgiri Hill areas are also now being extensively cultivated. I know Assam is going on with its cultivation of cinchona and we are also increasing our area every year so far as the production of quinine is concerned.

As regards the prevention of tuberculosis the steps that have been taken by this Government have been these, that we have been extending the B. C. G. Vaccination Scheme which was started by this Government in 1949-50 with 17 teams at an annual cost of Rs. 89,445. During the current year 12 more teams are working and the expenditure is likely to be Rs. 1,50,000. The number of persons tested and vaccinated under the B. C. G. scheme are as follows:—

Persons tested in 1949 were—49,145.

Persons tested last year were—133,135.

Of the persons tested, nearly 97,385 were found to be tubercular positive. Of the remaining 4,021,000 were vaccinated with the B. C. G. Vaccine which we hope will make them immune from tuberculosis in future. My friend Dr. Suresh Chandra Banerji will be interested to know that the majority of the work is being done in Serampore and other industrial areas. We picked the industrial areas up for two reasons, because we could get the workers together in one area and because we know that the workers in a factory or an industry are more likely to contract tuberculosis than people in other places. Government meet the full cost of the maintenance or Home Visitors in the T. B. Clinics in the moffusil areas run by the Bengal Tuberculosis Association. Sir, so far as the Bengal Tuberculosis Association is concerned, the West Bengal Government have agreed to establish two chest clinics attached to the local hospitals in the district and subdivisional towns wherever X'Ray facilities are available. In order to encourage opening of such clinics, suitable grants are made to local bodies or to local Tuberculosis Associations. Government also pay for a qualified Tuberculosis Health Visitor for each such clinic. As soon as a patient comes to a clinic the duty of the Health Visitor is to go to the home of the patient and to find out the environmental conditions under which the patient has been infected and give advice to the people in the home as to how to avoid infection or, at any rate, to prevent infection spreading to the other members of the family. A provision of Rs. 50,000 has been made for this purpose in the Budget for 14 chest-clinics which have been established uptodate in West Bengal. Government has enhanced the recurring grant to the Bengal Tuberculosis Association from Rs. 10,000 to Rs. 20,000.

Members of the Assembly will recall that in 1938 a drive was undertaken by Lady Linlinthgow by which she was able to collect a crore of rupees in the whole of India of which 26,00,000 came to Bengal. It was given to the Bengal Tuberculosis Association which is intended for carrying on the campaign against Tuberculosis in different areas and to open chest clinics in different parts of West Bengal. I believe at the present moment they have got 30 such clinics in the whole of Bengal. The usual method is that as soon as a district is prepared to give certain grants for the purpose of constructing a building for a clinic, a Health Visitor is provided by Government the cost being borne by Government, and the Tuberculosis Association pays a certain sum every month to maintain the clinic and carry on its work. In order that the Tuberculosis Association could do it we have increased our grant to the Association to 20,000.

The Kiron Sashi Sevayatan at Calcutta where T. B. patients are treated also received a recurring grant of Rs. 5,000 per annum.

There are at present about 1,250 beds in the different hospitals for the treatment of tuberculosis. At Kanchrapara, as I have said before, there are 416 beds and I need not pursue that question again.

My friend Mr. Sheo Kumar Rai has pleaded the cause of tuberculosis patients in Darjeeling area.

In Darjeeling distirct at the present moment we have got the following beds:—

	Beds.
Tuberculosis Hospital, Darjeeling	26
Lewis Jubilee Sanatorium, Darjeeling	8
Kalimpong Hospital	18
S. B. De Sanatorium, Kurseong	58
Kurseong Subdivisional Hospital	16
Total ...	126

And this year the S. B. De Sanatorium is going to increase its number of beds by 75 because Government has given them a grant of Rs. 4,20,000. Patients are also admitted in the Victoria Hospital, Darjeeling, the Siliguri Hospital and Pedong Hospital at Pedong. Besides, patients are examined in ten hospitals and outdoor dispensaries, for example, dispensaries in railway stations, cinchona plantations, and in Works and Buildings dispensaries. One hospital in Darjeeling district for the preventive B. C. G. vaccination is expected to be started in Kalimpong town very soon. I have not the slightest doubt that the hill areas are the virgin soil for the spread of tuberculosis and it has been the experience of every medical worker that in places like Darjeeling, Shillong, Hazaribagh, Simla and other hill stations tuberculosis spreads very much. There may be three reasons for it. First of all, diseases spread very rapidly where people are not made immune by small doses of infection carried on for a large number of years. For example, people in certain areas do not get malaria so easily as a newcomer does. That has been the experience of medical practitioners. Secondly, in a hill station, people generally live in a crowded way and because of the cold they keep their doors and windows shut. And that may be one of the reasons for increased incidence of tuberculosis, and thirdly, because the walls of the houses are made of wood which is liable to carry

infection from year to year. Tuberculosis in hill stations are generally much more acute and prevalent. We are alive to this situation in Darjeeling area and we are trying our level best to do what we can for the tuberculosis patients there. As regards setting apart certain number of beds in the S. B. De Sanatorium to which Mr. Rai has referred I can assure him that I shall certainly do my best to get the sanatorium people agree to the suggestion he has made.

Sir, Dr. Suresh Chandra Banerji has raised the question of *bustees*. Nobody is more cognizant than myself including my friend Dr. Banerji, as to the situation in the *bustees*. As far back as in 1931 I completed a scheme of providing each *bustee* to be connected with the main sewer and as you are aware the four thousand and odd *bustees* are served by the ordinary method of cleaning by sweepers. I made a scheme in which I can show that even in those days the capital charge would be ten lakhs and we would thereby save at least three lakhs of recurring expenditure every year. But I was outvoted, by whom?—by my friends in the Corporation because most of them happened to be the sympathisers of the *bustee* owners. But that is one of the things we have to face in any democracy.

Sj. SIBNATH BANERJEE: But now the Corporation is under Government.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: These *bustees* are really under the control of the Calcutta Corporation. My friend says it is under Government now. But I say that no greater mistake could be made than this, for the simple reason that though in the Calcutta Corporation the man to be appointed as Administrative Officer is appointed by us—it is true—still he is as much independent of us as anybody else, as the Chairman of the Calcutta Improvement Trust who works under the provisions of an Act. I can put indirect pressure or call upon him to get this or that thing done through *bustee* owners. But as far as these things are concerned I feel that although the trouble is there it has not been possible to go ahead. I do not know what steps the Government can take with regard to *bustee* dwellers in the city of Calcutta, but the sooner the *bustees* are cured, the better for all of us not only because, as it is said, they are inhabited by workers—I do not know what the population is and whether the workers who live there are more in number than other people there—but because all that I can say, is that in an organic constitution a disease in one small part is likely to infect all the other parts.

Sj. SIBNATH BANERJEE: On a point of order, Sir. Is it permissible to sleep in the House? I want a ruling from the Chair.

Mr. SPEAKER: I do not think any ruling is really called for.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, it has made me sit down and it is difficult for an old man like me to rise up again.

Sj. DEBENDRA NATH SEN: Sir, is it not showing disrespect to the Chair?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Now about leprosy. The diagnosis of leprosy has progressed enormously in the last few years. The clinics for diagnosis and treatment ordinarily are under local bodies. They receive an annual recurring grant in addition to an initial grant for the establishment of clinics. There are at present 41 such clinics in Bankura, Murshidabad, Birbhum, and Jalpaiguri districts, Bankura heading the list having 26 such clinics. Government have now taken over the Bankura Investigation Centre which was formerly run by the British Empire Leprosy

Association and has now been named Hind Kushth Nibarani Sangha. A clinic is attached to the centre for treatment of infective cases although ordinarily these clinics are effective so far as treatment is concerned and thereby reduce the foci of infectivity and therefore impede the spread of the disease to some extent. It has been found as a matter of practice that they do not completely prevent the contagion from being transmitted particularly to children and therefore Government have decided and have established a leprosy colony. The colony is to hold five hundred inmates ultimately. Already one hundred had been accommodated and the figures to which my friend has referred, namely, 4 lakhs for civil works and 2,83,000 for the leprosy scheme—those two combined will help us in establishing and deevloping this colony which I for one would like to build in the course of this year if that is possible. The colony has a 24-bed hospital for treatment of general diseases and more beds for infectious diseases like cholera, small-pox, tuberculosis, etc. It has been the latest experience to the medical profession that leprosy is initiated and carried not merely by the *lepra bacilli* but by a subterranian chronic infection particularly of the gall-bladder, etc., and therefore it is necessary in an institute of this type that there should be patients who would be treated for ordinary diseases. Forty-nine of the one-hundred patients in the hospital come from Bankura district. Additional construction of dormitories and cottages for 124 inmates has been taken up this year and is expected to be completed soon. A sum of Rs. 2,83,000 and Rs. 4,00,000 has been included in next year's Budget for further expansion of colonies. Government have decided to take over the leprosy clinics now under local bodies for improvement and expansion of their activities. Government has also decided to gradually take over the leprosy clinics under the local bodies for improvement and expension of their activities. The Griffiths Leprosy Clinic in Midnapore has already been taken over by the State. It is proposed to take over the clinics in Burdwan, Krishnagar, Berhampur and Howrah next year.

The following Missionary and private institutions for the care and treatment of leprosy cases receive capitation grant from the Government at the rate of Rs. 8 for each adult and Rs. 4 for each child per month, viz.—

Briyan Leper Home, Bankura,

Raniganj Leper Home,

Kalimpong Leprosy Clinic, and

Silda Leprosy Clinic, Midnapore.

A recurring grant of Rs. 6,000 is made to Albert Victor Hospital at Gobra for segregation and treatment of leprosy. An additional special grant of Rs. 91,000 has been made to this centre during the current year. An annual grant of Rs. 5,000 is made to the Premanand Leper Dispensary for the maintenance of 2 leprosy clinics in Calcutta. Hind Kushth receive an annual grant of Rs. 10,000 from Government for conducting leprosy survey and for educating the public. It has been my view that it will be possible for us to extend this lepra clinic in Bankura so as to provide for accommodation of a very large number of lepra patients in that area

Sir, the next question that has been raised is of water-supply. The development scheme of rural water-supply aims to provide one source of water-supply for every 400 people—that is the target we have fixed. The scheme is already in operation through District Magistrates in consultation with local water-supply committee. Sir, this scheme of providing for rural water-supply has had several changes in outlook during the last few years. At first it was given to the District Board to manage it. It was found that the District Board could not undertake the work. Then it was

given to the District Magistrate to do it. Then it was taken up by the Government. Now, it has been again changed over because the District Magistrates and Local Committees desired that they should be given the charge of providing the water-supply. The policy of the Government is to encourage local effort by people by realising private donations and contributions towards the individual projects of rural water-supply. The primary consideration in the matter of selection of sites is the local need and the poor locality is not excluded for lack of donation.

Sir, in this connection several questions have been raised, I think Mr. Sibnath Banerjee was one of those who raised it, as to whether we insist upon 5 bighas or 3 bighas or 10 bighas. We had laid down this programme but it is not the intention of the Government to stop the progress of a particular area simply because the area is small. Why we said 5 bighas for a Union Board centre was that we felt that apart from the buildings if there is a small land the hospital authorities can plant vegetables so that the clinics may be partially self-supporing. Therefore in every one of these clinics we desire a little area, if possible, for people to utilise in that way.

Sir, the reason why we want the public to contribute is this. It is not that we do not feel it incumbent on us to provide medical relief for every area but when money is deficient and the personnel is not adequate we like to see to what extent local efforts are enthusiastic to carry on the work. It is only to test the capacity of the local people and the anxiety to carry it on that we do this. Sir, in spite of the decision of the Government of India to discontinue payment of any grant for such development scheme for rural water-supply with effect from 1950-51, this Government provided a sum of 15 lakhs under the head "Development Programme—Rural Water-supply" in the current year and the revised estimate has come up to 17 lakhs. In the next year we have provided 20 lakhs.

Sri Annada Prosad Choudhury raised the question—why not first of all resink some of the tube-wells. During the year ending December, 1950, the number of new tube-wells sunk is 1,718; the number of tube-wells resunk is 2,783; the number of repairs to tube-wells done is 115,345 and the number of masonry wells constructed is 119.

Sir, that practically finishes what I have to say with regard to the points raised by my friends. I just want to mention one point and then I close. Sir, while we were discussing the question of providing medical relief and public health measures in India we were really amazed to see that the total cost for India as a whole provided for medical relief and public health measures *per capita* per year was 8 annas while in England it is Rs. 53 and in America Rs. 35. We put our target in the Bhore Committee that we should increase this 8 annas to at least Rs. 10 *per capita* per year. It so happened that in Bengal the total expenditure on public health and medical relief was 5 annas 6 pies *per capita* per year before the new programme was put in. Today we are spending Rs. 2-3-8 *per capita* per year in place of 5 annas 6 pies *per capita* per year. That will show that we are on the right lines. Sir, it is one of the fundamental points mentioned in the Bhore Committee's Report that the target should be improved, that no individual should be allowed to suffer without some arrangements being made whether he lives in towns or in village to give him as good treatment as is possible under the circumstances. We are heading towards it. I do not say that I am satisfied with the progress but we have got to consider the exigencies of the circumstances, the difficulties that are in our front, the need for other departments for money as well as the difficulty of getting proper personnel.

With these words I move my motion for acceptance of the House.

Mr. SPEAKER: Mr. Banerjee, I understand from our Secretary that in the House of Commons in order to prevent members from sleeping, snuff is supplied to the members.

Sj. SIBNATH BANERJEE: That is a very good thing. Dr. Roy might suggest some injection.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I shall prescribe a little opium.

The motion of Sj. Pramatha Nath Bandyopadhyay that the demand of Rs. 1,09,19,000 for expenditure under Grant No. 21, Major Head: 39—Public Health be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Charu Chandra Bhandari that the demand of Rs. 1,09,19,000 for expenditure under Grant No. 21, Major Head: 39—Public Health be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Charu Chandra Bhandari that the demand of Rs. 1,09,19,000 for expenditure under Grant No. 21, Major Head: 39—Public Health be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Annada Prosad Choudhury that the demand of Rs. 1,09,19,000 for expenditure under Grant No. 21, Major Head: 39—Public Health be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Suresh Chandra Banerji that the demand of Rs. 1,09,19,000 for expenditure under Grant No. 21, Major Head: 39—Public Health be reduced by Rs. 100 was then put and a division taken.

(While the division bell was ringing.)

Sj. SIBNATH BANERJEE: On a point of order, Sir, I find a stranger in this House.

Mr. SPEAKER: He is an officer controlling the mike.

Sj. SIBNATH BANERJEE: But he cannot occupy any chair of the member or of the Speaker.

Mr. SPEAKER: Whom are you referring to by "a stranger in the House"? Where is he? There is only an officer. He is controlling the mike; otherwise he would not have been here.

The result of the division taken on cut motion No. 27 of Dr. Suresh Chandra Banerjee was then announced as follows:—

AYES—6.

Bandyopadhyay, Sj. Pramatha Nath	Chatterjee, Sj. Haripada
Banerjee, Sj. Sibnath	Choudhury, Sj. Annada Prosad
Banerji, Dr. Suresh Chandra	De, Sj. Kanai Lal
Bhandari, Sj. Charu Chandra	Sen, Sj. Debendra Nath

NOES—30

Abdullah, Janab S. M.	Dass, Sj. Kanailal
Banerjee, Sj. Sushil Kumar	Dolui, Sj. Harendra Nath
Bhattacharyya, Sj. Shyamapada	Dutt-Mazumdar, The Hon'ble Niharendu
Chakravarty, Sj. Satish Chandra	Ganguli, Sj. Bepin Behari
Chaudhuri, The Hon'ble Rai Harendra Nath.	Gayen, Sj. Arabinda
Das, Sj. Radha Nath	Gupta, Sj. J. C.
Das Gupta, Sj. Khagendra Nath	Mahammad Sayeed Mia, Janab
	Maiti, The Hon'ble Nikunja Behari

Majhi, Sj. Nishapati	Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Majumdar, The Hon'ble Bhupati	Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Mal, Sj. Iswar Chandra	Roy, Sj. Jajneswar
Mallick, Sj. Ashutosh	Sen, The Hon'ble Prafulla Chandra
Mandal, Sj. Umesh Chandra	Shamsul Huq, Janab
Naskar, The Hon'ble Hem Chandra	Sinha, The Hon'ble Bimal Chandra
Panja, The Hon'ble Jadabendra Nath	Zaman, Janab A. M. A.
Pramanik, Sj. Rajani Kanta	

The Ayes being 8 and the Noes 30, the motion was lost.

Sj. SHEO KUMAR RAI: Sir, in view of the assurance given by the Hon'ble Minister that he would look into the matter, I beg leave of the House to withdraw my motion.

(There was no objection.)

The motion of Sj. Sheo Kumar Rai that the demand of Rs. 1,09,19,000 for expenditure under Grant No. 21, Major Head: 39—Public Health, be reduced by Rs. 100, was then by leave of the House withdrawn.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that a sum of Rs. 1,09,19,000 be granted for expenditure under Grant No. 21, Major Head: 39—Public Health was then put and agreed to.

41—Veterinary.

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: Sir, on the recommendation of His Excellency the Governor, I beg to move that a sum of Rs. 17,92,000 be granted for expenditure under Grant No. 23, Major Head: 41—Veterinary.

মাননীয় স্পীকার মহোদয়, Veterinary Department সম্বন্ধে খুবই কম সদস্যদের উৎসাহ আছে দেখতে পাচ্ছি। অনেকেই আবার veterinary সম্বন্ধে ভুল ধারণা পোষণ করেন। কেউ কেউ মনে করেন veterinary এবং animal husbandry এক জিনিষ। Animal husbandry আমাদের agricultureএর সঙ্গে যুক্ত।

Sj. SIBNATH BANERJEE: আর human husbandry?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: সেটাত আপনি ভাল চালাচ্ছেন (laughter). Veterinary Departmentএর কাজ হচ্ছে আমাদের দেশে গরু, ঘোড়া ও অন্যান্য জন্তুর যে সমস্ত রোগ হয় তার চিকিৎসা করা ও ঐ সমস্ত রোগ নিবারণ করা। আমাদের পশ্চিম বাংলায় গরু, ঘোড়া, মহিষ, ছাগল, ভেড়া প্রভৃতির সংখ্যা কম নয়। এই সমস্ত জীবজন্তুদের মধ্যে গরুর সংখ্যা সবচেয়ে বেশী। গরু এবং মহিষ একত্রে নিয়ে আমাদের পশ্চিম বাংলায় প্রায় ৮৬ লক্ষ আছে, এবং তা বাদে যদি ঘোড়া, ছাগল ও ভেড়া ধরা যায় তাহলে তাদের মোট সংখ্যা দাঁড়ায় ১ কোটী ১৮ লক্ষ। একটু আগে মাননীয় বন্ধুবর হরিপদ বাবুর সঙ্গে আমি আলাপ করছিলাম, উনি জিজ্ঞাসা করেছিলেন যে পশ্চিম বাংলার সমস্ত গরুর খাবারের জন্য গভর্ণমেণ্ট কি ব্যবস্থা করেছেন। বাস্তবিক এই প্রশ্নটা আমাদের সকলের ভাবা দরকার। যদিও এই প্রশ্নটা animal husbandryর সঙ্গে এসে যায়, veterinaryর সঙ্গে নয়।

আমি বলতে চাই এই এক কোটী আঠার লক্ষ জন্তুর মধ্যে ৮৬ লক্ষটি গরু, মহিষ আছে। সুতরাং এদের জন্য কত জমি চাই সেটা হিসাব করে দেখতে হবে। হিসাব করে দেখা যায় যে এক একটি গরুর জন্য অন্ততঃ আধ একর অর্থাৎ দেড় বিঘা জমি চাই। ভেড়া ও ছাগলের কথা বাদ দিলে, ৮৬ লক্ষ গরু, মহিষের জন্য আমাদের প্রায় এক কোটী ২৯ লক্ষ বিঘা জমির প্রয়োজন। চারু বাবু ও হরিপদ বাবু গরু সম্বন্ধে খুব সচেতন; আর শিবনাথ বাবু তো দেখছি পালিয়েছেন। আমাদের পশ্চিম বাংলার উপর লোকের যে রকম চাপ পড়েছে, তাতে একটু হিসাব করে দেখলেই বুঝতে পারবেন যে এই ১ কোটী ২৯ লক্ষ বিঘা জমি পাওয়া খুব সহজ কথা নয়। Fodder crops খুব যে বেশী পরিমাণ আমরা তৈরী করতে পারব তা মনে করি না। আপনারা জানেন কিভাবে গোচর জমি নষ্ট হয়েছে—গোচর জমিতে আজ মানুষের খাবার তৈরী হচ্ছে।

কাজে কাজেই এখন এই departmentকে ভাবতে হবে কি করে অকেজো গরুর সংখ্যা কমান যায় এবং সঙ্গে সঙ্গে যে সমস্ত ভাল গরু আছে তাদের স্বাস্থ্যের কি করে আরও উন্নতি হতে পারে তার প্রতিও লক্ষ্য রাখতে হবে। এই দু'টী দিকই দেখতে হবে।

Medical এবং Public Health Departmentএর মত Veterinary Department-এরও দুদিক দিয়ে কাজ হচ্ছে। আমাদের প্রধান চেষ্টা হচ্ছে যে সাধারণ স্বাস্থ্যের গরুগুলির স্বাস্থ্য আরও কি করে উন্নতি করতে পারব। হরিপদ বাবু ও ডাঃ ব্যানার্জী বলেছেন যে ভাল খাবার না পেলে শুধু ঔষধ খেয়ে, আমরা রোগের সঙ্গে কি করে যুঝবো। গরুকেও আমরা ভাল করে খাওয়াতে চাই। আমরা হিন্দুরা গো-মাতাকে পূজা করি। গরুর মাংস আমরা কোন দিন খাব না, কারণ গরু হচ্ছে আমাদের গো-মাতা কাজে কাজেই এই ৮৬ লক্ষ গরু মহিষ নিয়ে আমরা খুব অসুবিধায় পড়েছি। আমাদের দেশের গরুগুলির সঙ্গে অন্যান্য দেশের গরুর তুলনা করলে দেখা যাবে যে আমাদের পশ্চিম বাংলার গরুর কত অবনতি হয়েছে। আমাদের পশ্চিম বাংলার এক একটী গরু বছরে 420 lbs. মাত্র দুধ দেয়। অন্য দেশের সঙ্গে তুলনা করলে দেখতে পাবেন--যেমন উত্তর প্রদেশ, U. P.তে এক একটি গরু বছরে 800 lbs. দুধ দেয়। পূর্বপাঞ্জাবে ১,২০০শো পাউণ্ড দেয়, এবং পশ্চিম পাঞ্জাবে দেয় ১৪শো পাউণ্ড। সিন্ধু প্রদেশে এক হাজার পাউণ্ড দেয়। আর Denmarkএ ৭ হাজার ৫ পাউণ্ড এবং U. K.তে ৫ হাজার ৫শো ৭৫ পাউণ্ড দুধ দেয় এক একটি গরুতে।

কাজে কাজেই আমাদের Veterinary Departmentকে ভাবতেই হবে যে কি করে অকেজো গরুর হাত থেকে নিষ্কৃতি পেতে পারি এবং যেগুলি ভাল গরু তাদের স্বাস্থ্য কি করে ভাল রাখতে পারি। এছাড়া fodderএর কথাও আমাদের ভাবতে হবে। Animal Husbandryর কথা হরিপদ বাবু ভাল করে জানেন। এর আলোচনা আমি পরে করবো। (Sj. CHARU CHANDRA BHANDARI: এত সূক্ষ্মভাবে, short করে না বলে, এখুনি বলুন না।)

গো-পালন, গো-রক্ষণ এই সমস্ত অবান্তর কথার আলোচনা এখন করে কোন লাভ নেই, কারণ এ সম্বন্ধে সকলেরই জ্ঞানের অভাব। সুতরাং এখন আপনারা গোলমাল করবেন না। এখন সময়ের অভাব, পরে বলবো।

অনেকে বলেছেন গরু, ছাগল সম্বন্ধে আমরা সচেতন নই, এবং আমাদের বিশেষ কিছু জানা নেই। আমাদের Veterinary Departmentএর কাজ বেশ ভাল হয়, অবশ্য আরও বেশী হওয়া দরকার সেটা আমি স্বীকার করি।

আমাদের আগে যা staff ছিল তার চেয়ে ঢের বেশী এগিয়ে গিয়েছি। গরু, ঘোড়ার কতকগুলি রোগ হয় তা আমরা prophylactic treatmentএর দ্বারা বন্ধ করতে পারি। ঘোড়ার যে এক রকম রোগ হয়, সেই রোগ যদি মানুষকে আক্রমণ করে, সে সঙ্গে সঙ্গে মারা যায়—এই রোগকে drandus disease বলে। এই রোগের হাত থেকে আমরা গরু, ঘোড়া এবং মানুষকে বাঁচাচ্ছি এবং এর কাজ এখানে আমাদের খুব ভাল হচ্ছে।

আমাদের দেশে মুরগী এবং হাঁসের অনেক রকম রোগ হয়, তাও আমরা নিবারণ করছি। Ranikhet বলে এক রকম রোগ তাও আমরা সাফল্যের সঙ্গে নিবারণ করেছি। আমাদের কাজ ধীরে ধীরে অগ্রসর হচ্ছে। আমাদের এখানে itinerant veterinary assistant surgeon হচ্ছেন ৯৪ জন এবং field assistants হচ্ছেন ১৮৮ জন। অর্থাৎ এক একটি itinerant veterinary surgeonএর সঙ্গে দুই জন করে field assistants আছে। আগে অনেক কম ছিল এখন বেড়েছে। এখন আমাদের সেখানে যে সমস্ত কাজ হচ্ছে তা একটু সংক্ষেপে বলছি।

৩১শে জানুয়ারী পর্য্যন্ত ৭ লক্ষ inoculation দেওয়া হয়েছে, তাতে অনেক উপকার হয়েছে। তুলনা করলে দেখি ১৯৪৪-৪৫ সালে, এখন যে অঞ্চল নিয়ে পশ্চিম বঙ্গ সেখানে ৯,৫০০ মৃত্যু হয়েছিল। ১৯৪৯-৫০ সালে হয়েছিল ৪,৭০০ মৃত্যু; আর এ বছর ৩১শে জানুয়ারী পর্য্যন্ত ৮৮০টী মৃত্যু হয়েছে। কাজেই আপনারা বুঝতে পারছেন আমরা অনেক এগিয়ে গিয়েছি। আমরা যে একটু আগেই Glanders and Farsy diseaseএর কথা বলেছি, এও আমরা নিবারণ করতে পেরেছি। (Sj. CHARU CHANDRA BHANDARI: যেটা সবচেয়ে গোলমেলে সেই Rinderpestএর কথা বলুন।) এই একটু আগেই তো বললাম, আর কতবার বলব? তারপর এটা নিবারণ করবার জন্য ৮ জন Inspector রেখেছি। জানুয়ারী

মাস পর্য্যন্ত ৭৫২টা আজাবল পরীক্ষা করে ঔষধ দিয়েছে। ১,৪৪৮টা ঘোড়া আর ৮৪৭টা hackney-carriage stand পরীক্ষা করা হয়েছে। এ ধরে ২৩,১৯৫ ও ১৪,৭২৩টা বোট সংখ্যা হয়। তারপরে cowshed inspect করে গরু, ষোষ পরীক্ষা করেছে ৫১,৬২৫টা, এবং injection করায় খুব ফল দেখা গিয়েছে। আপনারা জানেন আমাদের এখানে Veterinary College আছে বেলগাছিয়ায়; সেখানে তিন বছরের একটা course পড়ান হয়। শুধু যে বাংলাদেশের ছেলেরাই সেখানে শিখছেন তা নয়, অন্য প্রদেশের ছেলেরাও এসে শিখছেন। বছরে ৩৫০ জন করে ছাত্র উত্তীর্ণ হয়, তাদের সকলেকেই আমরা চাকুরিতে নিয়োগ করি। সেখানে যে হাঁসপাতাল আছে তাতে outdoor ও indoor উভয় ব্যবস্থাই রয়েছে। তাছাড়া একটা Research Sectionও আছে। এ বিষয়ে আমরা পশ্চিমবঙ্গে যা করেছি তার জন্য আমরা গৌরবান্বিত। তারপরে চারুবাবু যা চেয়েছেন—Rinderpest রোগের প্রতিষেধক, (চারু বাবু: আপনারা এখানে করেন নি, মুঙ্গেরে), সেটাও আমাদের এখানে হচ্ছে। আমাদের এখানে ৮৬ লক্ষ গরু, তার মধ্যে ২৮ লক্ষ গাই আছে, এই ২৮ লক্ষ গাইএর জন্য আমাদের 28 thousand bull চাই। কিছু bull আমরা এনে রেখেছি, তারফলে দু'বছরের মধ্যে আমার আরো ভাল কাজ করতে পারবো, আমাদের এতদঞ্চলে যাতে গরুজাতির উন্নতি হয় তারজন্য আমরা চেষ্টা করছি।

আরেকটা কাজ সেটা হচ্ছে artificial inseminationএর ব্যবস্থা, এর জন্য ৪টা centre হয়েছে। একটা হচ্ছে বেলগাছিয়ায়, আরেকটা হচ্ছে Broad Street, আরেকটা Howrahর town ও আরেকটা বেহালায়। এর ফলে পশ্চিম বঙ্গে খুব ভাল কাজ হয়েছে। এবৎসর ১০ মাসের মধ্যে ১,৫৪০টা artificial insemination দেওয়া হয়েছে তাতে 75 per cent. case successful হয়েছে। এরকমভাবে আজ artificial inseminationএর প্রচার করতে হবে—তাকে কার্য্যকরী করতে হবে। সেটা যদি করা যায় তাহলে দুই হাজার bull দিয়েই আমাদের কাজ চলে যাবে। এবং কাজটা অতি সহজ হবে। তাছাড়া contagious diseaseএর চিকিৎসা করার ব্যাপারও রয়েছে, এতেও যথেষ্ট খরচ হয়। এই সব ব্যাপারে অনেক কিছু local bodiesএর through দিয়ে করা হয়, যেমন Local Board ও District Boardএর পরিচালনাধীন ২৪টা centre রয়েছে; সেখানে Assistant Surgeon আছেন, তাদের ব্যয়বরাদ্দের অধিকটাই আমরা বহন করি। আমাদের পশ্চিমবঙ্গে ৪৪টা মহকুমা আছে, এই ৪৪টা মহকুমায় আমরা একটা করে হাসপাতাল করব এবং যাহাতে এই সমস্ত কাজ আরো ভালভাবে হয় তার বন্দোবস্ত করব এবং সেইজন্য আমরা তিন বছরের একটা schemeও করেছি। পশুজাতির, বিশেষ করে, গোজাতির যাতে উন্নতি হয় সেদিকে আমাদের দৃষ্টি সর্বদাই আছে। আমি আশা করি cut motion যে সমস্ত বিপক্ষ পক্ষ দিয়েছেন সেগুলি আর বেশী press করবেন না, এবং আমার motionটা House গ্রহণ করবেন।

Sj. HARIPADA CHATTERJEE: Sir, I beg to move that the demand of Rs. 17,92,000 for expenditure under Grant No. 23, Major Head: 41—Veterinary, be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about failure of the Government in improving the breed of cattle and poultry and checking epidemics.

Sj. PRAMATHA NATH BANDYOPADHYAY: Sir, I beg to move that the demand of Rs. 17,92,000 for expenditure under Grant No. 23, Major Head: 41—Veterinary, be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about negligence of administration of the department.

Janab MUDASSIR HOSSAIN: Sir, I beg to move that the demand of Rs. 17,92,000 for expenditure under Grant No. 23, Major Head: 41—Veterinary, be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the inefficiency of the department and the failure of the Government to introduce co-operation in this branch.

Sj. CHARU CHANDRA BHANDARI: Sir, I beg to move that the demand of Rs. 17,92,000 for expenditure under Grant No. 23, Major Head: 41—Veterinary, be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the question of the development of the department.

Sj. CHARU CHANDRA BHANDARI : মাননীয় স্পীকার মহাশয়, মন্ত্রী মহাশয়ের উদ্বোধনী বক্তৃতা আমি মনোযোগ দিয়ে শুনেছি এবং আমি যে সমস্ত কথা বলব তা কিছুটা সমালোচনা হবে এবং কিছুটা আমি constructive কথাও বলব। ভারতবর্ষে গরুর যা সংখ্যা জগতে per capita মানুষের যা সংখ্যা আছে তা সবচেয়ে বেশী। উনি যে figure দিয়েছেন তার চেয়ে আরো বেশী গরু আমাদের। কারণ ভারতবর্ষে প্রতি দুজন মানুষের একটা করে গরু (laughter) এবং বাংলা দেশে মোটামুটি ধরলে বেশী। তারপরে উনি বলেছেন এক কোটি তিরাশি লক্ষ—বিরাশি লক্ষ নয়, তাহ'লে বুঝব এই যে Veterinary Department গরুর উন্নতি করার জন্যই কিন্তু সেটাতে কিছু উন্নতি হয়নি। তিনি Animal Husbandryর কথাও বলেছেন। মন্ত্রী মহাশয়ের কথা থেকে বোঝা যাচ্ছে আমাদের দেশে ইংরাজ আমলে যেমন কোন একটা department রাখা হত ওঁরা তাই মাত্র রেখেছেন। তার দ্বারা দেশের কল্যাণসাধন বিশেষ কিছু হয় নাই। ভারতবর্ষ স্বাধীন হয়ে গিয়েছে, গরু এ দেশে একটা অত্যাবশ্যক জন্তু, কারণ এটা agricultural country এবং mainly agriculturalই থাকবে। সুতরাং গরুর উন্নতি যদি ভাল করে না করা হয় তাহ'লে ভারতবর্ষ আরো নীচুতে নেমে যাবে। গ্রামের মধ্যে যান, বিশেষতঃ পশ্চিমবঙ্গে, পূর্ববঙ্গ যখন যুক্ত ছিল কিছু ভাল গরু তখন ছিল, কারণ, পূর্ববঙ্গের গরু supply হত "হরিহরছত্র" থেকে অর্থাৎ বেহার থেকে। তারপরে আমাদের এখানে ২৪-পরগণা, হুগলী, হাওড়া ও বর্দ্ধমান প্রভৃতির যে গরু supply হয় সেটা হয় উড়িষ্যা থেকে। যাঁরা কিছু খবর রাখেন বেহারের গরু সাধারণতঃ উড়িষ্যার গরুর চাইতে ভাল। তার ফল হচ্ছে কি? আমাদের এই পশ্চিমবঙ্গে গরুর অবনতি হতে হতে চরমে পৌঁছেছে। তারপরে এল ১৯৪২-৪৩ সালের ঝড় ও বন্যা তারপরে দুর্ভিক্ষ; এতে ক'রেও পশ্চিমবঙ্গের গরুর অবস্থা খুব খারাপ হয়েছে। গ্রামের মধ্যে যাঁরা ঘোরেন—অবশ্য মন্ত্রীমহাশয় আগে ঘুরতেন—(The Hon'ble PRAFULLA CHANDRA SEN : আমি এখনও ঘুরি।) হাঁ, ঘোরেন বটে, তবে অন্য কাজে, যাঁরা ঘোরেন তাঁরা যা দেখেন—আমি Animal Husbandryর কথা বলছি না, যদি সুযোগ পাই বলবার, পরে বলব। গ্রামের মধ্যে যাবেন দেখবেন গরুগুলোর অবস্থা কি! ভালো গরু পেতে হলে ভালো ষাঁড়ের দরকার। কিন্তু আজকাল গ্রামে গাভীগুলোকে match করবার জন্য, ভাল ষাঁড় নাই। আলের উপর তুলে দেওয়া হয়। এই দৃশ্য গ্রামে সর্বত্র দেখা যায়। স্বাধীনতার সাড়ে তিন বৎসর পরে এটা ভালো দৃশ্য নয়। (laughter) দৃশ্যটা ওঁদের পক্ষে (pointing to the Government benches) ভাল হতে পারে আমাদের পক্ষে নয়। এসম্বন্ধে আর বেশী কিছু না বলে আমি artificial insemination এ সম্বন্ধে কিছু বলছি' এখানে সংক্ষেপেই বলছি, পরে আরো ভাল করে বলব। মন্ত্রীমহাশয় বলেছেন গরুর স্বাস্থ্যের কথা। আপনারা Veterinary Departmentটা তবে রেখেছেন কেন? ১৯৪৭ সালে যখন আমি ছিলাম মন্ত্রীদের মধ্যে একজন, তখন চেষ্টা করেছিলাম গরুর উন্নতিমূলক কার্য্য করতে। যিনি বর্ত্তমান Director তিনি একজন layman. অত টাকা একজন layman ঐ পদে না রেখে একজন technical man নিযুক্ত করা দরকার। এখানে ordinary লোক না রেখে medically qualified লোক রাখা দরকার। নইলে গরুর স্বাস্থ্যের উন্নতি হবে কেন? যথোচিত careএর অভাবে বাংলাদেশের গরু স্বাস্থ্যহীন হয়ে মরে, কিন্তু কতকগুলি যে ব্যাধি—আমি সাধারণতঃ গ্রামে থাকি ব'লে গরুর ব্যাধি সম্পর্কে এক-আধটু খবর রাখি, কতকগুলি ব্যাধি আছে যা ভারতবর্ষে common, আর কতকগুলি ব্যাধি আছে বাংলাদেশেই peculiar. Rinderpestএ গলা ফোলে, সাধারণ লোকে "গোদ" বলে। মুঙ্গেরে rabid শেয়াল থেকে vaccine বার করেছেন সত্য কথা, কিন্তু এই vaccineএর potency থাকে না, কয়েকদিন পরেই চ'লে যায়, storage করে রাখতে হয়। এপর্য্যন্ত storageএর কি ব্যবস্থা করেছেন?

কিন্তু এখন penicillin, crysticillin formএ পাওয়া যায়। আজ দেশ স্বাধীন হয়েছে বলে গর্ব্ব করছি কিন্তু তিন বৎসর পরেও, যে জিনিষটা এত প্রয়োজনীয় তার জন্য কি চেষ্টা করা হয়েছে। যে মড়ক ভারতবর্ষে peculiar, বাংলা দেশে peculiar তার জন্য penicillin, vaccine, crysticillin formএ পাওয়া যাচ্ছে। মানুষের পক্ষে এটা বিশেষ প্রয়োজন কিন্তু গরুর জন্য দরকার। কিন্তু এর ব্যবস্থা Government ছাড়া হবে না, এই Government এ সম্বন্ধে কি করছেন জানতে চাই। তারপর এই যে rinderpest এই eliminate করার জন্য কি করছেন? ভারতবর্ষ ছাড়া সমস্ত দেশেই এর একটা ব্যবস্থা হয়েছে, এখানে অনুরূপ ব্যবস্থা না থাকায়, ভারতবর্ষ থেকে অন্য দেশ গরু নিচ্ছে না। আপনারা কি করছেন, মুঙ্গেরে কোন উন্নতি করছেন কি? এ বিষয়ে কতকগুলি বাধা আছে, মন্ত্রীমহাশয়ের informationএর জন্য বলছি। মহাত্মা গান্ধী দুধ খাওয়া ছেড়ে দিয়েছিলেন hook-wormএর জন্য। কলকাতায় গরু যে sterile হয় তার

সর্বপ্রধান কারণ হচ্ছে গরু mastitis রোগে inflammation of the udder—এই রোগে ভুগছে। এই যে রোগ এটা peculiar to Bengal. তিন বছর হয়ে গেল এ বিষয়ে research করার কি ব্যবস্থা করেছেন? আমি অনেকদিন যাবৎই এ বিষয়ে enquiry করেছি। মুক্তেশ্বরে যা আছে তাও India Government এর ব্যাপার। রক্ত বাহ্যি করে বহু গরু প্রতিবছর epidemicএ মরে। আর একটা অসুখ আজকাল বড় বাড়ছে দেখতে পাচ্ছি। সেটা কলিকাতা থেকে আরম্ভ করে চারিদিকে ছড়িয়ে পড়ে। এই রোগে contagious abortion হয় এবং তারপর sterile হয়ে যায়। এই সব যা বল্লাম ইহা peculiar to Bengal. তারপর আর একটা বিষয়, আমাদের এই Veterinary Collegeএ Principal ছিলেন McGregor. He was Principal. তিনি retire করে চলে গেলেন। তিনি খুব efficient ছিলেন কিন্তু এখন যে লোক Principalএর পদে রোয়েছেন তার নাম করব না, তিনি non-matric. তাকে বদলি করে দেওয়া উচিত ছিল কারণ তার চেয়ে ভাল লোক, M.Sc., M.R.C.V.S., B.Sc., M.R.C.V.S., প্রভৃতি ভাল ভাল Surgeon রয়েছেন। গরু সম্পর্কে বহুদিন যাবৎ সত্য বাবুর সঙ্গে থেকে আমি খবরাখবর নিয়েছি এবং research সম্বন্ধে জিজ্ঞাসা করেছি কিন্তু আপনারা কিছুই করেননি। সেখানকার Principal ভাল লোক হতে পারেন কিন্তু তিনি Technical Director নন। Lens সম্বন্ধে তার বিশেষ জ্ঞান কি আছে? গরুর fodder সম্বন্ধেও culture হওয়া দরকার। হরিণঘাটায় এই যে এরা dairy করেছেন। এতে খরচ কত হচ্ছে? অথচ কয়েকটী গয়লাকে টাকা দিলে, তারাই এরকম toned milk supply করতে পারে।

Mr. DEPUTY SPEAKER : Mr. Bhandari, your time is up.

Sj. CHARU CHANDRA BHANDARI : দুই মিনিট স্যার, আর সেখানে কি researchই বা করছেন? হরিণঘাটার যে গাই থাকে—Harina breed যাকে বলে, বাংলা দেশের এরকম কয়টা গাইই আছে। গরুর উন্নতির জন্য কোন efficacious breeding ব্যবস্থা নেই। সেদিন প্রশ্নোত্তরে বলেছেন, পাঞ্জাব থেকে ভাল গরু এনে breedingএর ব্যবস্থা হয়েছে। কিন্তু সে কয়টা নামে মাত্র। গরুর উন্নতি করতে হলে breeding farm করা দরকার। এবং সেখানে artificial inseminationএর ব্যবস্থা করা দরকার। কিন্তু কয়টা জায়গায় এই semenএর cold storageএর ব্যবস্থা হয়েছে? কলিকাতায় এবং হাওড়ার যৎসামান্য যা কিছু হয়েছে তার জন্য গর্ব করার কিছু নাই। এই ৩$\frac{১}{২}$ তিন বছরের মধ্যে গ্রামের মধ্যে এই জিনিষটা কতটা ছড়িয়েছে সেটাই বিবেচনার বিষয়। এই যে ১৭ লক্ষ টাকা নিচ্ছেন, যদি ভাল কাজ করা সম্ভব হয় তাহলে এক কোটী নিননা কেন? যে দেশ mainly agricultural সেখানে গরুর জন্য এবং কৃষির উন্নতির জন্য ক্রোড় ক্রোড় টাকা দিতে রাজী। আর একটা কথা বলি এই গরুর নানারকম disease হয় তা সারাবার ভাল ব্যবস্থা নেই। কয়টা গরুর ডাক্তার আছে? Rinderpest সারাবার কোন ভাল ব্যবস্থা নেই। হরিণঘাটায় যা করছেন soyabean powder না কি মিশিয়ে দুধ দিচ্ছেন, কয়েকটা গয়লাকে কিছু টাকা দিলেই, সেই দুধ সে দিতে পারে। এখন আর কিছু বলব না, আবার সেদিন বলবো। Fag-end of the dayতে আর কিছু বলব না।

Sj. HARIPADA CHATTERJEE : মাননীয় স্পীকার মহোদয়, দিনের শেষে এত পরে আর বেশী কিছু বলবার নেই। এটা হচ্ছে বিজ্ঞান শাস্ত্রের কথা, সেজন্য সংশ্লিষ্ট মন্ত্রীবরকে বলবো বৈজ্ঞানিকভাবে এটার আলোচনা হওয়া উচিত। এখন কথা হচ্ছে গোলমালটা কোথায়? বাংলায় Animal Husbandry Agriculture Departmentএর অধীনে। কিন্তু বাংলা ছাড়া অন্যান্য সকল প্রদেশে Animal Husbandry Veterinary Departmentএর সহিত যুক্ত। এটাই হওয়া উচিত। গরু সম্বন্ধে যাঁরা অভিজ্ঞ তাঁদের chargeএ এই গরুর উন্নতিমূলক বিভাগ থাকা উচিত। বাংলাতেও একদা তাই ছিল কিন্তু একজন ইংরাজ Tommy boyকে Live Stock Expert করে বড় পদে বহাল করার মানসে Animal Husbandryকে Agriculture Departmentএ টেনে আনা হয়েছে। Veterinary Departmentএ তদানীন্তন ইংরাজেরা যোগ্য বাঙালীকে বড় আসন দেন নি। লীগ মন্ত্রিগণও তাঁদের দ্বারা চালিত হয়েছেন তাই Dr. Duttaর মত qualified লোকের বাংলা দেশে স্থান হয় নি।

বাংলা দেশের প্রধান সমস্যা খাদ্য সমস্যা, এটার যদি solution করতে হয় তাহলে প্রথমে যেমন জমির দিকে দৃষ্টি দিতে হবে, জমিকে উর্বর করে তুলতে হবে, তেমনি যে বলদ দ্বারা সেই জমি চাষ হয়, সে বলদেরও উন্নতি

করতে হবে। এবং যে চাষী সেই জমিতে কাজ করে তাকে সব রকম সুবিধা দিতে হবে। Agricultureএর সাথে সাথে অল্প বিস্তর dairy ও poultryও রাখা দরকার। কারণ agriculture একা is not paying. মন্ত্রীপ্রবর হয়ত দৃষ্টান্ত দেখাবেন অমুক জায়গায় একরে ৭০ মন ধান হচ্ছে। কিন্তু সর্ব্বোচ্চ হারের ফলন থেকে চাষ লাভজনক কি না দেখা এটা ত ঠিক নয়। দেখতে হবে, গড়পড়তায় কতটা ফলন হচ্ছে। এবং সেই ফলনে agriculture paying কিনা। Agriculture paying হবে যদি agriculture, poultry, dairy এক সঙ্গে করা যায়। আজকে ২ হাজার union কাছে, ৩৫ হাজার গ্রাম আছে। এই ৩৫ হাজার গ্রামে যদি গরুর উন্নতি করতে হয় তাহলে Veterinary Department..... হরিণঘাটার দোষ দেব না। আমার জেলায় সেটা আছে এবং আমি দেখেছি, সেখানে গরুর যে কাজ আরম্ভ করেছেন তারা সেটা ভালই করছেন, এটা বলতে হবে। সেখানে অপব্যয় যা হবার তা হয়েছে। লীগ মন্ত্রিমণ্ডলী কতকগুলি অপব্যয় করেছেন। সেখানে যেভাবে cattle shed করা হয়েছে তার জন্য বিশেষ বিশেষজ্ঞ নিয়ে সেরকম না করলেও হতো। Irrigationএর জন্য অত বড় বিরাট ব্যবস্থা—গঙ্গা থেকে জল আনার ব্যবস্থা—না করে tubewell মারফৎ করা উচিত ছিল। অনেক সস্তায় কাজ হত। কিন্তু এসব ব্যবস্থাত লীগ আমলের জন্য বর্ত্তমান সরকারকেত দায়ী করা যায় না। Toned milkএ sayabean powder ইত্যাদি যা বললেন চারুবাবু তা ঠিক নয়। Sayabean powder নয়; milk powder ও মহিষের দুধ মিশিয়ে toned milk তৈরী হয়, জিনিষটা মন্দ নয়। কলকাতা থেকে খাটালগুলি হরিণঘাটায় সরাবার যে উদ্যম হচ্ছে তাও প্রশংসাজনক। যে কদর্য্য নোংরা অবস্থায় কলকাতায় পশুগুলি থাকে তাতে তাদের ধ্বংস অনিবার্য্য। বাছাই বাছাই গরু ও মহিষ ভারতবর্ষের বিভিন্ন স্থান থেকে কলকাতায় আনীত হচ্ছে এবং ধ্বংস হচ্ছে। ভবিষ্যৎ বংশ একেবারে লোপ পাচ্ছে। গো ও মহিষ হত্যার এত বড় কারখানা আর নেই। বোম্বাইএও অনুরূপ ছিল। কিন্তু সেখানে গভর্ণমেণ্ট পল্লী অঞ্চলে ঐগুলিকে সাধারণ সমাবেশে রাখবার ব্যবস্থা করে খুব চমৎকার কাজ করেছেন। আমাদের হরিণঘাটাতেও সেইরূপ একটী সুন্দর centre করতে হবে। তবে কেবল একটা centre করলেই হবে না। একটা dynamo থেকে যেমন electricity ছড়িয়ে দেওয়া হয়, তেমনি হরিণঘাটাকে কেন্দ্র করে এ জিনিষটার প্রসার যাতে চারিদিকে হয়, তাও করতে হবে। তারপরে প্রত্যেক unionএ একজন অভিজ্ঞ গো-চিকিৎসক যাতে থাকে তা করা উচিত, গরুর অনেক রকমের যেসব রোগ আছে তাহলে তা সারানোর ব্যবস্থা করা যায়। কিন্তু রোগের যদি চিকিৎসা না হয়, contamination তাহলে বেড়ে যায়। Rinderpest, anthroid, hæmorrhage, septicœmia, nasal, granoloma প্রভৃতি রোগগুলির সুচিকিৎসা হওয়া একান্ত দরকার। তারপর good breeding and good feeding এ দুটোই সমানভাবে প্রয়োজন। Stray animal যেগুলি আছে সেগুলিকে আগে castrate করে দেওয়া দরকার। অনেক কিছু করবার আছে, টাকা ব্যয় করবার যথেষ্ট scope আছে, এই departmentএ যে টাকাটা ধরা হয়েছে এর জন্য সেটা প্রয়োজনের তুলনায় কিছুই নয়।

এতদিনের চাষীদরদী মন্ত্রীমহাশয় কি করে এত কম টাকায় রাজী হলেন, তা বুঝতে পারছি না। কেন তিনি ১৭ লক্ষ টাকার স্থলে ১৭ কোটী টাকা বরাদ্দ করলেন না? Breeding of cattle যদি ভাল না হয়, তাহ'লে কি করে ভাল পশু, ভাল গরু, মহিষ, ছাগল, ভেড়া, তাঁরা তৈরী করতে পারবেন? যে সমস্ত ভাল ছেলে I. Sc. ইত্যাদি পাশ করে এই বিভাগে এসে ঢুকেছে এবং এখানে ডাক্তারীর মত technical education পায় তাদের ভবিষ্যৎ আশা ভরসা এখানে কিছু নাই। Forestএ যেমন বনবাস, এখানেও তেমনি কর্মচারীদের অবস্থা। এবারে যদিও সামান্য কিছু ব্যবস্থা হয়েছে তাদের, কিন্তু সেটা বিশেষ কিছু নয়। এ বিষয়ে গভর্ণমেণ্টের দেখা দরকার, উপযুক্ত pay দিয়ে ভালভাবে তাদের নিযুক্ত করা উচিত ছিল। এইসবগুলি যদি করা হয়, তাহলে আসল পুলিসের খরচও কমে যাবে। মন্ত্রী শ্রীনিকুঞ্জ মাইতি সেদিন বলছিলেন যেমন crime বাড়ছে তেমনি পুলিসও বাড়াতে হবে। কিন্তু crime বাড়ছে কেন, সেটা তো দেখা দরকার। লোকে যদি ভাল খাদ্য পায়, social অবস্থা যদি ভাল হয়, তাহলে Crimeও কমে যাবে। আমাদের এত বড় ডাক্তার যিনি নিদানের বিধান, তিনি এ ব্যাপারে কি করছেন? রোগ সারানোর ব্যবস্থা করার আগে দেখা দরকার রোগ কেন হয়। ডাঃ বিধান চন্দ্র রায় I.Sc. কি B.Sc. তা'কেও দেখে না, তিনি ডাক্তারী ভাল শিখেছেন এই সকলে দেখে। তেমনি Veterinary ডাক্তার I.Sc. কি B.Sc. তা অত চারুবাবুর মত বিচার করার দরকার নেই তিনি ডাক্তারী ভাল শিখেছেন কিনা তাই দেখতে হবে।

আমাদের যে কয়টী ভাল bull আছে, তা বর্ত্তমানে বৃদ্ধ হয়ে গেছে। পাঁজা মহাশয় তাঁর আমলে এই ষাঁড়গুলির খাবারটা পর্য্যন্ত বন্ধ করলেন, ওঁদের মত তারা ব্রহ্মচারী হয়ে রাস্তায় ঘুরে বেড়াতে লাগলো (laughter).

স্থানীয় অকেজো ষাঁড়গুলির গরু cover করার ক্ষমতাও বেশী। সেগুলো castrate করা দরকার। যে সমস্ত stray bull আছে, তাদের castrate করে যদি না দেওয়া যায়, তাহলে মুস্কিল হতে পারে। ভাল ষাঁড়গুলি slow in service, অকেজো ষাঁড়গুলি castrate না করে দিলে তারাই আগে গরুগুলি গাভীন করার সুযোগ পায়। তা না করে শুধু শুধু ষাঁড়গুলো ছেড়ে দিলে কি হবে? (laughter.)

যদি আমরা বাস্তবিকই Veterinary Departmentএর উন্নতি করতে না পারি, তাহ'লে আমাদের পক্ষে চাষের ও খাদ্যের উন্নতির ব্যবস্থা করা অসম্ভব হবে। হাঁস, মুরগীর যে সমস্ত রোগ আছে তার মধ্যে এক রাণীখেট্ রোগের মড়কেই হাঁস, মুরগী মরে বেশী। এই রোগ যাতে সক্রিয়ভাবে নিরোধ করা যায় তার ব্যবস্থাও গভর্ণমেণ্টের করা দরকার। তেমনি rinderpest, anthroid প্রভৃতি গোমড়ক নিবারণের ব্যবস্থাও দরকার। মোটের উপর সবদিক দিয়ে যদি ভালভাবে চেষ্টা হয়, তবেই আপনাদের পরিকল্পনা সফল হবে। তা নাহ'লে যেভাবে চলছেন, এইভাবে চললে হাজার বছরেও এই বিভাগের দ্বারা কোন সুফল দেশবাসী পাবে কিনা ঠিক নাই।

SJ. PRAMATHA NATH BANDYOPADHYAY : মাননীয় স্পীকার মহোদয়, এই গবাদি পশুর উন্নতির জন্য যদি একটা all round চেষ্টা না হয়, যদি এ বিষয়ে গভর্ণমেণ্ট থেকে বেশী প্রচার না হয়, তাহলে কিছুই হবে না। পূর্বে আমাদের দেশে গরুর যে উন্নতি ছিল, তার কারণ হচ্ছে তখন দেশের সকলেরই গরুর প্রতি নজর ছিল, দরদ ছিল। যাঁরা জমিদার, তাঁরা তখন গ্রামে থাকতেন, নিজেরা গরু রাখতেন, ভাল ষাঁড়ও রাখতেন এবং তাঁদের দেখাদেখি অন্য যাঁরা জোদ্দার, মধ্যবিত্ত, তাঁরাও গরুর যত্ন নিতেন। গরুর একান্ত প্রিয় খাদ্যের কথা মন্ত্রী বললেন, তার হিসাবমত অনেক জমির দরকার হয় সে জন্য। গৃহস্থ বাড়ীতে ঐ যে তরীতরকারীর খোসা, ভাতের ফেন, কুঁড়ো এবং খড় ও চারটা ঘাস দিয়ে আগেকার গরু প্রতিপালিত হ'ত এবং দুধও তখন বেশী হ'ত। গৃহস্থ বাড়ীতে গরু না থাকাটা পূর্বে লোকে খুব অমঙ্গলের জিনিষ বলে মনে করতো। আজকাল যাঁরা দেশের শ্রেষ্ঠ ব্যক্তি বলে নিজেদের মনে করেন, তাঁদের প্রত্যেকেরই বাড়ীতে গরু রাখা দরকার। পূর্বে গৃহিণীরা গরু বাড়ীতে পালন করতেন। কিন্তু আমাদের Veterinary মন্ত্রী যিনি, তাঁর গৃহ নেই, গরু নেই এবং গৃহিণীও নেই। কাজেই তাঁর গরু পালন করার কোন বালাই নাই; এমন কি আমাদের পাঁজামহাশয় পর্য্যন্ত—(Laughter)। (Sj. J. C. GUPTA : আছে।)

আপনার আছে। কিন্তু সে আপনার জন্য নয়, আপনার গৃহিণীর জন্য। পাঁজা মহাশয়ের শুনেছি পূর্বে গরু ছিল। কিন্তু মন্ত্রী হবার পর আর তিনি সেদিকে নজর দিতে পারছেন না। এই অবস্থা হয়েছে। এ ছাড়া হরিয়ানা গাই, পাঞ্জাবী গাই আমরা আনতে চাই বেশী দুধের জন্য। বাংলাদেশের পূর্বে খুব ভাল breed ছিল। আমি দেখেছি রায়নাতে পূর্বে একটা গাই ছিল, খেতো কম, কিন্তু ৪।৫ সের করে দুধ দিত। এই সমস্ত গাইয়ের বংশ যত্ন না নেবার জন্য cultureএর অভাবে নষ্ট হয়ে যাচ্ছে। তার প্রধান কারণ ভাল ষাঁড় না থাকা। এখন যদি গ্রামে প্রতি ইউনিয়নে অন্ততঃ একটা করে ভাল ষাঁড় আপনারা না দেন, তবে হরিণঘাটায় যখন ষাঁড় তৈরী হবে তখন দেখবেন দেশে আর গরু নাই। পূর্বে যেমন গভর্ণমেণ্ট থেকে ব্যবস্থা ছিল ষাঁড়ের জন্য কিছু কিছু টাকা grant দেওয়া, সেই grant আবার দেওয়া উচিত।

তারপর Veterinery হাঁসপাতাল যা মফঃস্বলে হয়েছে তার দ্বারা দেশের যতটুকু উপকার করা উচিত ছিল, তা করতে পারছে না, শুধু প্রয়োজনীয় ওষুধের অভাবের জন্য। কাজেই Veterinery Assistant দিয়েছেন, সব দিয়েছেন, তার সঙ্গে সঙ্গে যদি গরুর চিকিৎসার জন্য ঠিকমত ওষুধ না দিতে পারেন, Surgeryর যন্ত্রপাতি না থাকে, তা'হলে Veterinery Departmentএ Assistant রেখে কোন লাভ হয় না। আমি এ বিষয়ে বিভাগীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আশা করি তিনি এ বিষয়ে একটু লক্ষ্য করবেন।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN : মাননীয় ডেপুটী স্পীকার মহোদয়, হরিপদ বাবু, চারুবাবু যাঁরা অনেক গঠনমূলক উপদেশ দিয়েছেন, তাঁদের উপদেশ আমি স্মরণ করবো এবং চেষ্টা করবো আমাদের অর্থে যতটা কুলোয় সেই সব কাজ করার জন্য। চারুবাবু বোধ হয় একটা জিনিষ না জেনেই বলেছেন, এই serum এবং Goat Tissue Vaccine নিয়ে গোলমাল করে ফেলেছেন। এই Goat Tissue Vaccine আমাদের Bengal Veterinary Collegeএ যে Research Institute আছে সেখানে এর সমস্ত পরীক্ষা হয়েছে, পশ্চিম বাংলায় মুক্তেশ্বরেও এই সব serum তৈরী হয়। যেমন্, ডেপুটী ডিরেক্টর যিনি ছিলেন, তিনি এটা আবিষ্কার করেছিলেন। এখন আরও ভালভাবে এই কাজ চলছে। একজন আছেন মিঃ

মত্র, তিনি ভালভাবেই কাজ চালাচ্ছেন। Bengal Veterinary Collegeএর Principal সম্বন্ধে চারুবাবু বলেছেন যে তিনি Matriculationও পাস করেন নাই। আবার হরিপদ বাবু বলেছেন I.A. I.Sc. ফেল করেও Veterinary কলেজে বহু লোক ভালভাবে কাজ করে গেছেন। আমাদের বর্ত্তমান Principal লণ্ডন থেকে M.R.C.V.S. উপাধি পেয়েছেন। চারুবাবু বলেছেন আমরা একজনও Technical লোক পাই না—As Director of Animal Husbandry (Sj. CHARU CHANDRA BHANDARI: M.R.C.V.S., B.Sc., F.R.C.S. একজনও নেই।)

কেউ যে Matriculation ফেল করে M.R.C.V.S. হ'তে পারে, তা আমার জানা নেই। (The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: M.A., B.L. হওয়া উচিত।)

Dr. Roy ব'লছেন M.A., B.L. হওয়া উচিত। M.A., B.L.এর দরকার এখানে নেই। শ্রদ্ধেয় চারুবাবু বলেছেন ভাল Director নেই। আমরা Directorএর জন্য চেষ্টা করছি, Public Service Commission তার জন্য advertise করেছিলেন, কিন্তু এমন একটা নামও পান নাই যা তাঁরা recommend করতে পারেন। Public Service Commissionএর মেম্বর আমিও নই, চারুবাবুও নন। কাজেই এ নিয়ে আলোচনা করে লাভ নাই।

চারুবাবু বলেছেন contagious abortion হয়। যে রোগের ফলে এই contagious abortion হয়, তার প্রতিকারের জন্য আমরা চেষ্টা করছি। আজকাল artificial inseminationএর যে ব্যবস্থা হচ্ছে, তার দ্বারা আমরা এই contagious abortion সারাতে পারি কি না, সে বিষয়ে research করা হচ্ছে। পশ্চিম বাংলায় researchএর কাজ ভাল হচ্ছে। কিন্তু মফঃস্বলে এই কাজ বেশী করতে পারছি না। আপনারা দেখবেন এ বছরে আমরা cold storageএর জন্য কিছু টাকা বরাদ্দ করেছি। যাতে এই রাণীখেট্ রোগ ভাল করে সারাতে পারি, তার জন্য আমরা যথাসাধ্য চেষ্টা ও ব্যবস্থা করছি। পূর্বে যে পরিমাণ, যে সংখ্যায় রাণীখেট্ রোগে গবাদি পশু আক্রান্ত হ'ত, এখন আর ততটা হচ্ছে না। গত ১৯৪৬ সালে পশ্চিম বঙ্গে এই রোগের দ্বারা আক্রান্ত হয় ৪৫৯টী পশু—১৯৪৭ সালে ৪১৮টী, ১৯৪৮ সালে ৩১০টী, ১৯৪৯ সালে ২৪৮টী, ১৯৫০ সালে ২৫৮টী।

আর এই বছর ৩১শে জানুয়ারী পর্য্যন্ত মাত্র ১০২টী। কাজে কাজেই চারুবাবু যে বললেন কাজ কিছুই হচ্ছে না, সেটা ঠিক কথা নয়।

হরিপদ বাবু বলেছেন, আমাদের সমস্ত কর্মচারীদের কোন ভবিষ্যৎ নাই। যদিও তা স্বীকার করছি তবুও বলবো আমরা নূতন set-upএ খুব ভাল বেতন ধার্য্য করেছি আমাদের এই সব কর্মচারীদের জন্য। যারা District Veterinary Officers তাদের grade হচ্ছে দেড়শো থেকে আড়াইশো; Itinerant Veterinary Assistant Surgeons তাদের বেতনের grade হচ্ছে একশো থেকে দুশো টাকা; Stationery Veterinary Assistant Surgeons তাদেরও একশো থেকে দু-শো; Veterinary Field Assistant ৪০৲ টাকা থেকে ৬০৲ টাকা; Compounder ৫৫৲ টাকা থেকে ১০০৲ টাকা। তারপর তাঁরা house rent allowance পান এবং dearness allowance সকলেই পান্। তা বাদে Veterinary Assistant Surgeonদের মধ্যে যাঁদের আমরা উপযুক্ত মনে করি তাদের Veterinary Inspectorএর পদে উন্নীত করছি এবং যেসব Inspectors West Bengal Veterinary Service পদে উন্নীত হচ্ছেন, তাঁদের বেতন আড়াইশো থেকে সাড়ে সাতশো টাকা। কাজেই এদের ভবিষ্যৎ একেবারে অন্ধকারাচ্ছন্ন নয়। সুতরাং হরিপদবাবু যদি স্বপ্ন দেখে থাকেন ১৭ লক্ষ ৯২ হাজার টাকার জায়গায় আমরা ১৭ কোটী টাকা খরচ করবো সেটা বর্ত্তমানে সম্ভবপর নয়।

আর্থিক অনটনের মধ্যেও আমরা কাজের দিক দিয়ে অনেক ব্যবস্থা অবলম্বন করেছি। যে সমস্ত অকেজো গরু রয়েছে, সেগুলোকে সেই খারাপ bullগুলিকে sterilise করে দেওয়া উচিত। এ বিষয়ে আমি তাঁর সঙ্গে একমত। কিন্তু জনসাধারণের মধ্যে কু-সংস্কার ইত্যাদি থাকার দরুণ এ সম্বন্ধে আপাততঃ বিশেষ কিছু করা সম্ভবপর নয়। লোককে আগে শিক্ষিত করতে হবে। আমি আশা করি হরিপদ বাবু এই ব্যাপারে আমাদের সাহায্য করবেন যাতে এই গরুগুলো ক্ষতি করতে না পারে। আমি আশা করি বিরোধীপক্ষ তাঁদের কোন cut motionই press করবেন না, সকল cut motion তাঁরা withdraw করে নেবেন এবং আমার সামান্য দাবী মঞ্জুর করবেন।

The cut motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 17,92,000 for expenditure under Grant No. 23, Mejor Head: 41—Veterinary be reduced by Rs. 100 was then put and lost.

The cut motion of Sj. Pramatha Nath Bandyopadhyay that the demand of Rs. 17,92,000 for expenditure under Grant No. 23, Major Head: 41—Veterinary be reduced by Rs. 100 was then put and lost.

Janab MUDASSIR HOSSAIN: I beg leave of the House to withdraw my cut motion.

Mr. DEPUTY SPEAKER: Is there any objection to Janab Mudassir Hossain withdrawing his cut motion?

(There was no objection.)

The motion of Janab Mudassir Hossain that the demand of Rs. 17,92,000 for expenditure under Grant No. 23, Major Head: 41—Veterinary, be reduced by Rs. 100 was then by leave of the House withdrawn.

The motion of Sj. Charu Chandra Bhandari that the demand of Rs 17,92,000 for expenditure under grant No. 23, Major Head: 41—Veterinary, be reduced by Rs. 100 was put and lost.

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that a sum of Rs. 17,92,000 be granted for expenditure under Grant No. 23, Major Head: 41—Veterinary, was then put and agreed to.

Adjournment.

The House was then adjourned at 8-17 p.m. till 3-30 p.m. on Thursday, the 15th March, 1951, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 15th March, 1951, at 3-30 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble ISWAR DAS JALAN) in the Chair, 10 Hon'ble Ministers and 54 members.

DEMANDS FOR GRANTS.

57—Miscellaneous—Expenditure on displaced persons, etc.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, on the recommendation of His Excellency the Governor, I beg to move that a sum of Rs. 10,01,13,000 be granted for expenditure under Grant No. 35, Major Heads: "57—Miscellaneous—Expenditure on displaced persons, 82—Capital Account of other State Works—Expenditure on displaced persons, and Loans and Advances bearing interests—Loans and Advances to displaced persons".

Sir, a displaced person or in other words a refugee has been defined by the Government of India as a person who was ordinarily a resident of East Bengal but who on account of communal disturbances occurring after the 15th day of August, 1947, or the fear of such disturbances left East Bengal and arrived in West Bengal on or before the 31st December, 1950. Sir, in pursuance of this, the Government of India, after some amount of discussion, have agreed to undertake the expenditure on account of displaced persons under various heads.

If, Sir, you refer to pages 109 and 110, you will find that under revenue head there is a demand for Rs. 48,13,000, the details of which are given in the budget estimate in that page in which it occurs that there is a sum of 20 lakhs which is for the scheme for dispersal of dispaced college students from Calcutta. This 20 lakhs has been provided for in the estimates for advance of loans from the Central Government, as shown on page 126, so that if you take away this 20 lakhs, the total expenditure on revenue account will be about 28 lakhs which represents half the cost of maintenance of the office establishment both at the Centre and in the district area. Apart from that, there is another item which is shown in the demand of 84 lakhs which is expenditure on capital account of State works. The Government of India gives us loans with which we take up direct building programmes and schemes for colonisation, handloom schemes and other schemes which in the year 1951-52 is expected to amount to about 84 lakhs. Besides these two, there is a sum of Rs. 8 crores 69 lakhs provided as loan and advance to the State Government by the Central Government on account of expenditure on displaced persons. On page 139 of the Red Book will be seen the details of this loan—8 crores 68 lakhs—loans to displaced agriculturists, house-building loans, loans to professional men, loans to artisans and craftsmen, loans to businessmen, loans under housing scheme, loans to displaced students, loans to colleges, loans under colonisation schemes. All these items of expenditure are subject to confirmation by the Central Government as regards the method which we adopt for the purpose of giving relief.

Sir, up till recently we did not possess any reliable statistics of the total number of refugees that have arrived here. I asked the Director of

Statistics of the Government of West Bengal to take a complete survey of the displaced persons in West Bengal since 15th October, 1946, up to the end of last December. He submitted his report on the 12th February in which he mentions that the total number of migrants is about 2,143,228 not taking into account the number of persons in the different Government camps which will be in the neighbourhood of 1 lakh 42 thousand. So, altogether there are 23 lakhs of people that are here. Sir, he has also given us a very valuable report on the nature of occupation of those persons who have been displaced. This report I received only three days ago and it gives me the clue now of the various types of persons that have arrived here and I find that the cultivating class roughly number about 1 lakh families which means about 5 lakhs of people, industries and service about 2·15 lakh families, that is about 10 lakhs of people. Then about miscellaneous livelihood—day labourer, mechanic, pension-holder, rent-receiver, etc.—they number something like 50,000 families and "no occupation" about 50,000 families. Not only that, he has given me now statistics showing district by district, union by union, how the different displaced persons have been allotted in different areas.

Then again the Geographical Department of the University has taken up the duty and has done complete survey of one district, viz., Howrah, indicating, plot by plot, as to how much vacant lands are available—not in big plots but in small plots—and we find that in the district of Howrah there are at least 5,000 *bighas* which are available for use in that district.

Sir, as I mentioned before, I repeat again that for the total number of refugees that have come here I find that the problem before the Government was to find out, in the first instance, a shelter. In the beginning—that is to say, in 1947 and 1948—we were not sure as to the number that would come to this side nor did we know whether they were coming only for a short period and that they would return if the conditions became more favourable. Therefore, in the beginning the question was merely of giving relief to those who had come.

And the order of the Government of India was that we should open relief camps in different parts of West Bengal. Similarly, relief camps were also opened in other areas in Bihar and Orissa and in pursuance of the same scheme, we also sent a certain number of people there. This period of uncertainty remained for several months and hopes were revived by the fact that from the latter part of 1948 till the latter part of 1949 for nearly 12 months there was no fresh migration from East Bengal. Everybody was hoping perhaps that the conditions would so alter that they would be able to go back to their own places. Sir, I may make it perfectly clear that no Government, neither this nor any other Government can reproduce the conditions in which the migrant had lived before he came over here. You might give him almost the same area of land for cultivation, you might also give him a little money for the purpose of his being able to rehabilitate himself, but you cannot reproduce that mentality. He has been accustomed to live in a particular surrounding with a particular environment. He has been brought up in a particular fashion with a particular frame of mind; and it is one of the most difficult things in the world to be uprooted from all your moorings, and, therefore, however much you may try, whatever plans you may adopt, whatever money you may spend, it is impossible under any circumstances to be able to tell them "look, I have given you exactly the comforts that you had on the other side". For some time there was an attempt on the part of some people that I came across—there were many of them—at any rate to try to go back. Even when the new migration started by the end of July, 1949, the total number of migrants in India—displaced persons as far as our census went—was about 11 lakhs, but even when the new migration, exodus

began in the beginning, there was a certain idea that it is possible that many of them would go back to East Bengal after a time, that whatever happened in East Bengal was of a momentary character and very likely they would be able to go back again and undertake their original mode of livelihood. And, therefore, in the beginning the Government of India suggested to us that we should provide for temporary camps along the borders to house these people and these camps were taken up in a hurry with no intention of making them the centre of rehabilitation at all in the hope that after a little while they would be able to go back. Therefore, Sir, if you take the whole gamut of events from 1947 on to 1951, the way of migration and the lull were alternate to one another, and it was very difficult at that stage for any man to say that the things will take this shape and no other. Sir, I have heard criticism why did'nt the Government make any arrangements previously, so that these displaced persons might avoid all the worries and troubles of migrating from the other side when they came over here. Sir, it is obvious that if one had the intimation and any previous knowledge of when they are coming and how many of them are coming, then it probably might have been possible to make arrangements, but, as I mentioned the other day that for some time in the year 1948 the Central Government was not aware, or was not willing to say that they need spend money in Bengal for the purpose of rehabilitation. Their idea then was that a few months' relief work should be sufficient to give the fellows certain amount of comfort after which they would go back. But things have happened differently, and I am glad to say that today the Central Government, Rehabilitation Department, have not only given us more liberal grants and liberal advances, but have now come to realise that the problem of refugees from East Bengal is a major problem today. In finding out a scheme for these displaced persons, it was not only necessary to find a house to shelter them, to find a little money to make them live with some amount of comfort, but also to find an occupation for them which is suitable to their temperament and upbringing. The first two are items which could be implemented with some amount of effort, but the greatest difficulty is the rehabilitation of the individual so far as psychology is concerned. I have just mentioned to you that 50,000 families are those who have had no occupation on the other side. It is impossible for men who had no occupation on the other side, who have come back here absolutely bereft of everything that they possessed, who have not even the mental outlook and the courage which they possessed on the other side, to come here and try their hands in another occupation. I have met hundreds and thousands of refugees and they have said that they have a great grievance and a very natural grievance against not only Bengal, but against the whole of India, against the world itself, even probably against Providence, because they have been rooted out from their places and subjected to varieties of troubles, ignominy, shame and difficulties not for any reason for which they were responsible. I have already told you that by various methods adopted by this Government we have been able to put in 237,000 families—11 lakh persons in various ways. There is only one group of 80,000 families or 4 lakhs of people who are on the migrants' lands and I have often been asked what is going to happen to them? The whole point is that we have now appointed a very large staff of Settlement Officers, because they have got to investigate claims of those who have come back and have claimed their lands, whether they really possessed, and owned the lands, whether they are only paid cultivators or day labourers on cultivation, or whether they were *bargadars*, according to the arrangements between the East Bengal Government and the two Central Governments. We have not yet agreed to return the land to the old *bargadars*, but in any case we have got to find out exactly how the land was settled, and we have to find out ways for those who have returned to give back their lands and

their homes and to find out lands and other means of livelihood for the others who have gone back or a proportion of them as may have to leave their temporary home.

As regards housing problem, Government has constructed houses and also has given grants to persons for house-building loans and has also given some building materials. Altogether 5,377 houses have so far been constructed by Government in different urban and semi-urban areas. House-building loans amounting to Rs. 2,67,41,000 have already been given to 70 thousand families. 7,561 tons of galvanised tin sheets have been distributed. This has been given to nearly 37,805 families; 4,386 tons of cement and 414,714 feet of pipes for tube-wells have been issued. The refugees have also been given help in the following manner: to medical men and lawyers loan has been given according to a certain scheme accepted by the Government of India, and the total figure amounts to Rs. 15,54,000 to 1,317 medical men and lawyers; agricultural loan amounting to Rs. 38 lakhs has been given for different purposes, excluding house-building loans to a total of 5,000 agriculturist families for resettlement in agriculture; businessmen and craftsmen have been given a loan amounting to Rs. 94 lakhs and Rs. 9 lakhs respectively. The loan to an individual in no case exceeded Rs. 5,000 because the Government of India have decided that in case a person wants more than 5,000 rupees he has got to go to the Refugee Rehabilitation Business Administration for getting bigger loans. Employment has been found for 2,200 men in State Government work; 6,145 men in educational institutions, 2,337 men in railways, and 12,997 men through the Employment Exchange. Training has been given at Government cost to 829 men in vocation and technical trades through the Ministry of Labour, 500 men in apprenticeship, and 220 men in boiler's training. Besides these, as I have already mentioned, under the dispersal scheme, 5 technical institutions taking 750 people to undertake various types of trade such as that of mason, carpenter, blacksmith, welder, moulder, etc., have already been started. For women arrangement has been made for training unattached women in various useful avocations such as weaving, tailoring, knitting, toy-making, embroidery, and so on. The number which has passed through the examination is 1,760. The number under training in Government camps is 15,083; the number under training under non-official organisations is 14,033. The scheme for employing women in paddy husking has been introduced, and 220 women workers are participating in it. Then we have got silk trade, spinning, and mother of pearls and button industries scheme. Then, we are of this opinion that even after all others have been rehabilitated at some place somehow, there would be about 35,000 people who will be absolutely helpless—old, feeble, or too young, or too ill to be able to do any work for themselves, and it has been decided that these men and women will be kept in camps and they will be the liability of the State for all time to come. For the students Government extended help in the following manner: loan to 13 colleges 5·42 lakhs; grants to 11 colleges 1·78 lakhs. This amount is apart from the dispersal expenditure under the dispersal scheme. Grants for capital purchase for 115 schools amount to 20 lakhs. The number of new high schools and primary schools set up for them is 566 and the number of students is 54,131. The number of college students helped with loan is 3,500 and the amount is 10·07 lakhs; with stipends to 400 students amounting to 8·22 lakhs; the number of school students helped with books and fees up to the end of 1950 is 7,600, and the amount is Rs. 8·22 lakhs. In 1950-51 the number of students so helped is 9,711 and the amount is Rs. 7·11 lakhs. There is one other institution which we have started, namely, the institution for training of students in inland steamer work, viz., the work in the engine room, in the dock, and so on and so forth; and we have 367 students who have passed out and

have already been placed. We have now got 7,122 students under training. As I suggested the other day, if any friend is anxious to know about it, he could come and see as to what has been done in this centre which is just across the Hastings Bridge. That practically complete the picture that we want to place before the House, with regard to the arrangement that has so far been made and for which provision has been made by the Central Government who is giving us a bulk of the ten crores of rupees, only 28 lakhs being charged on the Provincial Revenue.

Sj. KANAI LAL DE: Sir, I beg to move that the demand of Rs. 10,01,13,000 for expenditure under Grant No. 35, Major Heads: 57—Miscellaneous—Expenditure on displaced persons, 82—Capital Account of other State Works—Expenditure on displaced persons, and Loans and Advances bearing interest—Loans and Advances to displaced persons be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about utter mismanagement of the Relief and Rehabilitation Department with respect to displaced persons.

Sj. CHARU CHANDRA BHANDARI: Sir, I beg to move that the demand of Rs. 10,01,13,000 for expenditure under Grant No. 35, Major Heads: 57—Miscellaneous—Expenditure on displaced persons, 82—Capital Account of other State Works—Expenditure on displaced persons, and Loans and Advances bearing interest—Loans and Advances to displaced persons be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy followed in rehabilitating the displaced persons.

Sj. HARIPADA CHATTERJEE: মাননীয় সভাপাল মহাশয়, পূর্ববঙ্গ থেকে যে সমস্ত ভাইবোনেরা এখানে চলে আসতে বাধ্য হয়েছে, তারা আমাদের রক্তমাংসের সমান। আমরা বহু দুর্বিপাকের মধ্যে পড়ে দেশ ভাগ করলাম বটে; কিন্তু আমরা কখনো দ্বিজাতিতত্ত্বে বিশ্বাস করিনি। পূর্ববঙ্গের ভাইবোনেরা আমাদের আপনার জন তাঁদের সর্বাগ্রে—তাঁদের এই দুঃখের দিনে ঠিকভাবে তাদের বসান দরকার, যাঁরা আমাদের মতন এখানে থাকতে চান, তাঁদের নিয়ে খেলা করার কারো অধিকার নাই। আমাকে অতীব দুঃখের সঙ্গে এই কথা বলতে হচ্ছে যে আমাদের যা করা উচিত নয়, তাদের সম্বন্ধে—তা আমরা করছি। তাদের নিয়ে আমরা খেলা করেছি ও করছি। মানবতার দিকে তাকিয়ে যে কাজ করা আমাদের উচিত ছিল, যা আমাদের কংগ্রেস সভাপতি বলেছেন—যে war basisএ করা উচিত তা আমরা করি নাই। শুধু তাই নয়, আমরা তাদের ব্যবস্থা করতে গিয়ে যেভাবে অগ্রসর হয়েছি তাতে আমরা তাদের সর্বনাশই করেছি। কেন না, কায়েমী স্বার্থবাদী আর সাম্প্রদায়িকতাবাদী এক, তারা হরিহরআত্মা। আজ যদি জনসাধারণের স্বরাজ হত তাহ'লে সাম্প্রদায়িকতা এখানে থাকত না, পাকিস্থানেও থাকত না। মানুষ কেন বাস্তুহারা হয় এর যদি অনুসন্ধান করা হয় তাহ'লে দেখা যাবে এই যে লোকে বাস্তুহারা হয়েছে এ কেবল জনগণের স্বরাজ হয়নি বলেই হয়েছে। যারা কায়েমী স্বার্থবাদী তাদের দুষ্কর্মের ফল সমস্ত জাতি আজ ভোগ করছে। আমি ইতিপূর্বে দেখিয়েছি যে কাদের সঙ্গে আমাদেব সরকার হাত মেলান। আজ সম্মুখ চেষ্টার যে দশা হয়েছে আমাদের এখানে যাঁরা সরকার চালাচ্ছেন তাঁদের অনেকেরও সেই দশা হওয়া উচিত ছিল; কিন্তু কতদূর লজ্জাহীন হয়ে গিয়েছেন যে, জনস্বার্থের দিকে তাকান তাঁদের দরকারই হয় না, কায়েমী স্বার্থের দিকে তাঁরা তাকিয়ে থাকেন। আর বাস্তুহারা সমস্যার সমাধান করতে গিয়ে যা নাকি পরম নিন্দনীয় ব্যাপার সেই চরম সাম্প্রদায়িকতার পরিচয় তাঁরা দিয়েছেন। আমরা আমাদের জাতির জন্য যে গঠনতন্ত্র করেছি তাতে আমরা পরিষ্কার করে ঘোষণা করেছি আমাদের রাষ্ট্র ধর্মনিরপেক্ষ রাষ্ট্র; এখানকার প্রজা, সে মুসলমান হোক, হিন্দু হোক, খৃষ্টান হোক, যে সম্প্রদায়ভুক্ত হোক, যদি তার উপর কেউ কোন দুর্ব্যবহার করতে যায় তাহ'লে সমস্ত রাষ্ট্র তার বিরুদ্ধে দাঁড়িয়ে তার নিরাপত্তা রক্ষা করতে বাধ্য। রাষ্ট্র যদি তা না করে তা'হলে রাষ্ট্র ব্যর্থ হয়ে যাবে। পাকিস্থান রাষ্ট্র যদি মানবতার বিরোধী হয়, যদি communal হয় তাহ'লে তারা তাদের রাষ্ট্রের আইন ও শৃঙ্খলা রক্ষা করতে পারবে না, কিন্তু সেটা তাদের কথা। আমরা দেখছি, এটা আমাকে দুঃখের সঙ্গে স্বীকার করতে হচ্ছে, আমরা এখানে আইন ও শৃঙ্খলা রক্ষা করি না। বাস্তুহারা যারা এখানে এল তাদের নিয়ে আমরা খেলা করছি এই জন্য বলব যে তাদের কোথাও শিকড় গাড়তে দিই নাই। আমরা তাদের আজ এখানে কাল সেখানে ঘোরাচ্ছি। এবং আমাদের পশ্চিমবঙ্গে যারা

সংখ্যালঘু ভাইদের বাস্তুহারায় পরিণত করেছি। আমি আমার নিজের জেলা নদীয়ার এই সমস্যাটা যে আকার ধারণ করেছে তার সম্পর্কে এখানে কিছু আলোচনা করব। আমাদের মুখ্য মন্ত্রীমহাশয় কথায় কথায় আজকাল একটা শব্দ ব্যবহার করেন—*"Suggestio falsi suppressio veri"*. আমি এই কথা বলছি আমাদের মুখ্য মন্ত্রীমহাশয় এই ব্যাপারে সকলকে ছাড়িয়েছেন। তিনি এই ব্যাপারের সম্রাট তার কারণ, আমি সেদিন পুলিশ বাজেটে কতকগুলি কথা বলি যা নাকি পুলিশের অনাচার অত্যাচারের কথা তিনি তার একটারও জবাব দিলেন না, এড়িয়ে গেলেন; প্রত্যেকটি কথাই যে শুধু এড়িয়ে গিয়েছেন তাই নয়, তিনি এমন কতকগুলি কথার অবতারণা করেছেন যা নাকি ঐ *"Suggestio falsi suppressio veri"*—যা নাকি অত্যন্ত খারাপ লোক ছাড়া করতে পারে না; আমি বলেছি যে, আমাদের রাষ্ট্র ধর্মনিরপেক্ষ এবং আমাদের নাগরিকেরাও ধর্মনিরপেক্ষভাবে কাজ করতে অগ্রসর হোন এবং সংখ্যালঘুদের আমাদের রক্তমাংসের মতন জ্ঞান করুন। সেই স্থলে আমাদের রাষ্ট্রে তাদের প্রতি যদি কোন অত্যাচার হয় সেটা একটা মর্মান্তিক ঘটনা; তাদের আমাদের প্রাণ দিয়েও রক্ষা করা কর্তব্য। তা জানেন তিনি। আপনিও জানেন, সভাপাল মহাশয়, আমি এখানে সেই সব কথাই বলেছিলাম, কারও নাম পর্য্যন্ত করিনি, অনবরত অত্যাচারিত যে সমস্ত লোক আমি ইচ্ছা করেই তাদের কারও নাম পর্য্যন্ত করিনি। কিন্তু তিনি কিনা ব'লে ফেল্‌লেন। আমি হাটগোবিন্দের উল্লেখ পর্য্যন্ত করিনি, কিন্তু তিনি বলেছেন "হাটগোবিন্দের" বাস্তুহারাদের আমিই মার খাইয়েছি; আমি নাকি সেখানকার সংখ্যালঘুদের বলে দিয়েছি কোন বাস্তুহারা এলে তাদের পিটিয়ে দিও। সেখানে ৪জন বাস্তুহারাকে ভীষণ পিটান হয়েছে—এর চেয়ে *"Suggestio falsi and suppressio veri"* আর কি হতে পারে। একথা নাকি আমি সর্দার প্যাটেলকেও লিখেছি; এটা সর্বৈব মিথ্যা and I fling the lie at the face of any one who says that. তিনি যদি একথা শুনে থাকেন তাহ'লে তাঁকে অবশ্য তত দোষ দিই না, কিন্তু তাঁকে আমি বলব তিনি যেন ভাল করে অনুসন্ধান করে দেখেন এবং বিবেচনা করে দেখেন যে সত্য কথাটা সেই বলেছে না আমি বলেছি। সর্দার প্যাটেল যখন এখানে আসেন তখন ১৮ই এপ্রিল তারিখে গভর্ণরের বাড়ীতে আমি তাঁকে জেলার পরিস্থিতির কথা বলেছিলাম একথা সত্য। আমাদের জেলায় একটা ষড়যন্ত্র হয়েছিল—যারা আমাদের রাষ্ট্র-বিরোধী লোক তাদের দ্বারা। Partitionএর পরে কংগ্রেসের একটা দল অত্যন্ত সাম্প্রদায়িক ভাবাপন্ন হয়ে পড়েছিল তারা এবং আমাদের জেলার শাসনকর্তা যাঁরা, জেলাটাকে যাঁরা চালান, তাঁরা মিলে এই সাম্প্রদায়িক দল হয় এবং আমি পরিষ্কারভাবে দেখিয়েছিলাম সেই দলের সঙ্গে যারা জেলার কায়েমী স্বার্থবাদী তারা মিলিতভাবে আমার জেলার শান্তি নষ্ট করেছিল। বাস্তুহারারা আমাদের জেলায় গিয়েছে এবং বেশী পরিমাণে যাবে তাও আমি জানি। "হাটগোবিন্দপুরে" আমি যাই, গিয়ে দেখি কি ব্যাপার—বাস্তুহারা নাম নিয়ে তারা সবাই দুষ্কার্য্য করছে। এইভাবে অন্যায় করে যারা তাদের মত অপরাধী নাই। বাস্তুহারা হয়ে যারা এখানে এসেছে তারা বহু দুঃখ পেয়েই এখানে এসেছে, সর্বহারা হয়ে এখানে এসেছে, সুতরাং তাদের নাম নিয়ে যারা অন্যায় করে তাদের আমি অমানুষ বলব। Barrackpore থেকে দুইজন Armed police গেল "হাটগোবিন্দপুর" গ্রামে, সেখানকার মীর আমির আলী বিশ্বাস কংগ্রেসের কাজে বহু সাহায্য করেছে, এমন কি মুসলীম লীগের আমলেও সে মুসলীম লীগের সঙ্গে ছিল না। তার বাড়ী গিয়ে তারা বল্‌ল "তোমার বাড়ীটা দখল করব"। এই রকম সন্ত্রাসের ধূম্রজাল সৃষ্টি ক'রে তারা সেখানকার বহু লোককে ভীতিগ্রস্ত করেছে। শুধু তাই নয়, তাদের অন্দরে পর্য্যন্ত ঢুকে মারপিট করেছে। তাছাড়া সেখানকার লোকদের উপরও অমানুষিক অত্যাচার করেছে। বহু লোককে মিথ্যা মোকদ্দমায় ধরা হয়েছে এবং ধৃত অবস্থায় তাদের মারপিট করা হয়েছে, দাড়ী পুড়িয়ে দেওয়া হয়েছে। এই দাড়ী পুড়িয়ে দেওয়া মুখ আমি নিজের চোখে দেখেছি; ধরে রেখে তাদের দাড়ি পোড়ান হয়েছে। এইসব ঘটনা ঘটেছে আমাদের প্রধান মন্ত্রীরই সাম্প্রদায়িক মনোভাবাপন্ন কর্মচারীদের দ্বারা। আমি বহু জিনিষ বাইরে বলেছি। তিনি দেবেন সেনকে challenge করেছেন, কিন্তু আমি তো বাইরে বলেছি, আমাকে তো prosecute করা হয়নি। শুধু বাইরে বা বলব কেন আমাদের এখানে সমস্ত জিনিষ বলবার অধিকার আছে; নিশ্চয়ই বলব এখানকার সুযোগ নিয়ে। এবং আমি বলছি সেখানে আমীর আলী বিশ্বাসের উপর কি নির্য্যাতন হয়েছে তা জানি; তার নামে মোকদ্দমা করে plea দিয়েছিল যে, ডাব খেতে গিয়েছিল সেই সময় আমীর আলি বিশ্বাস তাদের মেরেছে। আমি সমস্ত গ্রাম ঘুরে দেখেছি ৩টি মাত্র নারিকেল গাছ তার একটাতেও ডাব নাই। এই ডাব খেতে যাওয়ার কথা cock and bull story ছাড়া আর কিছু নয়। আসলে বারাকপুরে কাজ করে Armed police দলের আমীর আলির বাড়ীটার উপর লোভ হয়। তাই দখল করতে গিয়ে মারপিট হয়। তখন ঐ মিথ্যা অভিযোগ আমীর আলি বিশ্বাসের উপর চাপান হয়। মোকর্দ্দমা যে সম্পূর্ণ মিথ্যা তার প্রমাণ আমীর আলি বেকসুর খালাস

পেয়েছে। সভাপাল মহাশয়, Assembly হবার পরে আমি যখন গিয়েছিলাম আমার জেলায় তখনও বহু বাস্তহারা দেখেছি। বাস্তহারা হয়ে যারা এসেছে তারা সর্বহারা, তাদের একটা ইতিহাস আছে। এদের অধিকাংশ কুষ্টিয়া জেলার। প্রথম ঘটনার সূত্রপাত হয় নদীয়ার অন্তর্গত কিশোরপুর গ্রামে। সেখানকার অধিবাসী আজাহার সেখ বলে, এক মুসলমানের বাড়ী, একে দাবী করেন কুষ্টিয়া অঞ্চলের একজন হিন্দু। তিনি বলেন যে তাঁর কুষ্টিয়া জেলার বাড়ীর সঙ্গে আজাহার সেখের পুত্র তাদের কিশোরপুরের বাড়ী বিনিময় করেছে এবং ওখানকার বাড়ী দখল নিয়েছে। আজাহার বলে যে তাহার পুত্রের ঐ কাজ করার কোন অধিকার নাই এবং সে বাড়ী ছেড়ে দিতে অস্বীকার করে। তখন ঐ হিন্দু ভদ্রলোক জোর করে আজাহারের বাড়ী দখল করতে যান। ফলে মারা-মারি হয়। এই ঘটনা উপলক্ষ করে বহু চাঞ্চল্যকর মিথ্যা কথা খবরের কাগজে প্রকাশিত হয়। খবরের কাগজে ঘটনার বিবরণ পড়ে সেই সময় শ্রীকালীপদ মুখোপাধ্যায়কে ঘটনা সম্বন্ধে জিজ্ঞাসা করে জানি যে তিলকে তাল করা হয়েছে। তিনিও ঘটনাটা বিশেষ কিছু নয় বলেই বললেন এবং মিথ্যা রটনার নিন্দা করলেন। এই সময় কিশোরপুর, রামনগর প্রভৃতি স্থানে পুলিশেরা অমানুষিক অত্যাচার করে। গ্রামগুলি হতে বিতাড়িত হয়ে মুসলমানেরা পাকিস্থানে যায়। সেখানে হিন্দুরা অনুরূপ অবস্থায় পড়ে। এখানে যদি একখানি গ্রাম ভাঙ্গিল তবে ওখানে দুইখানি গ্রাম ভাঙ্গে। এইরূপে অগণিত লোক বাস্তহারা হয়। কিশোরপুর, রামনগর প্রভৃতি জায়গায়ও পুলিশ কর্মচারীরা যে অমানুষিক অত্যাচার করেছে তার একটা enquiry উনি করুন। আমি মিথ্যা কথা বলছি, না ওর কর্মচারীরা মিথ্যা কথা বলছে? এই সব বিষয়ে কোন step নেওয়া উনি দরকার বোধ করেন না। যারা প্রকৃত guilty সেই সব কর্মচারী যা বলবে তিনি তাই শুনবেন; আর আমাদের কথা কানে তুলবেন না এটা কি করে হতে পারে। আমি বলছি তারা forgery পর্যন্ত করেছে আমার বিরুদ্ধে সাদা কাগজে নাম লিখিয়ে নিয়েছে আমার সম্বন্ধে। আমি সতীন সেনের সঙ্গে কণ্ঠ মিলিয়ে বলছি আমরাও এখানে শেষ সংগ্রাম করবো সাম্প্রদায়িকতার বিরুদ্ধে। বাস্তহারা সমস্যার সমাধান করতে হবে, কিন্তু সেই সঙ্গে সঙ্গে আমি বলছি আমাদের এখান থেকে সাম্প্রদায়িকতাকেও দূর করতে হবে। সতীন সেন পাকিস্থানের সংখ্যালঘুদের বলেছেন "মাভৈঃ", আমরাও এখান থেকে বলছি "মাভৈঃ"। আমরা এখানে কি করব সেটা পাকিস্থানের কোন ঘটনার উপর নির্ভর করে না। আমাদের বাস্তহারাদের নিয়ে যা করা উচিত ছিল তা করা হয়নি। বাস্তহারাদের ভাল করে এক জায়গায় বসান উচিত। আমরা তা না ক'রে এক স্থানের পর অন্যস্থানে কেবল পাঠাচ্ছি তাদের। বাইরের বাস্তহারাদের বসাতে গিয়ে আর একদিক দিয়ে করছি এখানকার নাগরিকদের বাস্তহারা। অর্থাৎ আমরা বাস্তহারা সমস্যার সমাধান না করে পূর্ব পাকিস্থানের বাস্তহারাদের দিয়ে বাস্তহারা করতে লাগলাম এখানকার লোকদের। তারপর আবার এখন Evacuee Bill pass করে পুনরায় আর এক দফা তাদের বাস্তহারা করছি। কোথাও তাদের শিকড় গাড়তে দেই নি। বাস্তহারাদের কি দোষ দেব। তারা হৃতসর্বস্ব হয়ে এখানে এসেছে; তাদের যদি আমরা সৎপথে না চালাই উপরন্তু অসৎ কার্য্যে উৎসাহ দিই তাহলে তাদের ততটা দোষ দেওয়া যায় না। আরেকটা দিক দেখুন। লোকের দর্দশার কারণস্বরূপ বর্তমান Governmentএর procurement policy। জেলা ম্যাজিষ্ট্রেটের সঙ্গে আমি একজনের বাড়ী গিয়েছিলাম, তার ধান procured হয়ে গিয়েছে, এক মুঠোও বাকী রেখে যায় নি। সে একজন চাষী, ১৬জন তার বাড়ী খাইয়ে। সে খাবে কি? তারজন্য কি সরকারের কোন দায়িত্বই নাই? এটা দেখিয়েছিলাম যে procurement ফল এবং সাম্প্রদায়িকতার ফল সব কিছু মিলে বাস্তহারা সৃষ্টি করছে। আমি আবার বলছি নিজেদের নাগরিকদের বাস্তহারা করে আগন্তুক বাস্তহারাদের সমস্যা মিটান যাবে না। সভাপাল মহাশয়, এই refugeeদের ব্যাপার নিয়ে আমাদের সংখ্যালঘুরা আজ কি অবস্থার মধ্যে পড়েছে, সেইটা আমি এখানে পড়ে শোনাচ্ছি। এই চিঠিটা আমি আমার জেলার ম্যাজিষ্ট্রেটের সঙ্গে tour করার পর তাঁকে লিখি।

"The impressions of our tour of the last few days are the following:—

The minority community is not getting the protection which they should get from the local petty officials. If complaints are lodged in the police-stations they are not heeded. Officials on flimsy grounds harass them. They are sometimes deliberately put into difficulties. Money is realised from them on various pretexts. Local interested people want them to be panicky and force them to quit for Pakistan so that they can help themselves with their possessions. Throughout the border areas this is the plan. Today this is not only true of the border areas but of any place, even places far in the interior of the district, wherever the minorities live. An impression is there, that one can do whatever one likes with the

minorities, and all the *goonda* elements are out to plunder them. There is complete chaos and village after village have been forced to quit. Cultivators who were rooted to the soil and whose only politics were hard labour in the fields day in and day out were placed in such a situation that out of panic they fled to Pakistan. This will certainly tell on our food production and will bring utter ruin to all. It is high time that we should assert all our energy in removing the causes so that they are assured of safety and can honourably live in their surroundings which they love so much and quit only when they are forced to do so. If we really want that those of the minorities who are still there should remain where they are, we should forthwith do the following:—

All officers should be warned that they should be held responsible if the minorities of their jurisdiction quit out of panic.

Refugees who are coming from Pakistan and occupying houses of the minorities forcibly, should be forthwith quitted from there. Conveyance should be provided for this purpose and they should be taken to the Government camps from where they may be settled at convenient places.

Procurement staff should be warned not to harass the minorities and where they have seized the whole stock of paddy they should return the quantity which the members of the family are entitled to."

Mr. SPEAKER: Please make it short.

SJ. HARIPADA CHATTERJEE: Yes, Sir. "Those of the minorities who have left their homes for fear and are not actually in Pakistan but in some safer regions of the district should be allowed to return to their homes. If they have been occupied by other refugees they should be restored to them.

The other day we went to Assannagar; the minorities there expressed the determination to continue to live there though the minorities from adjacent villages had quitted. After a few days when we again went to Assannagar we found that the refugees arrived at Assannagar, were occupying portion of the houses of the minorities. The minorities were feeding them and all the time apprehending danger. Gradually the refugees are encroaching more and more and we are afraid the minorities of the village shall have to leave soon if this process continues.

At Pukhuria, a purely minority village, 900 refugees have come. For the last seven days they are being fed by the minorities. The condition of the refugees beggars all description. Now the minorities of the village about the same number, are trembling, thinking tomorrow they may also be displaced and placed in similar situation.

On questioning some of the refugees who came only the previous night as to why they came to such an out-of-the-way place especially when the place was already full of refugees and there was absolutely no accommodation they answered that they did not come there of their own accord but was given a free lift to the place in two buses.

Evidences seem to suggest that there is a master brain behind all this. This is doubly wrong. The destitute refugees are as if deliberately set upon helpless minorities who are mostly cultivators of the Indian Union and have nothing to do with what happened in Pakistan. A situation is so created that they are compelled to quit their ancestral abodes.

Our constitution has granted security to all citizens irrespective of caste, creed or religion, and we have declared to the world from house-top, that ours is a secular State. But here in Nadia it seems that the administration

has gone to pieces. The authorities are either utterly callous and inefficient or deliberately flouting the ideals and tenets of the State and trying to convert the State into a Hindu oligarchy. A good deal of facts have come to our knowledge and responsible persons have stated the misdeeds of many a local official. We are sifting these evidences and in due course place them before the proper authorities. In the meantime may I request you to be so good as to see that no more tillers of the soil are forced to leave their hearths and homes? Already agriculture, trade and commerce all seem to be paralysed and God knows what is in store for us in future."

স্যার, প্রত্যেকটি জিনিষ যা বলেছিলাম তা ঘটেছে। ৬৫৲ টাকা পর্য্যন্ত চালের দাম হয়েছে। বাস্তুহারাদের নিয়ে একদল লোক ছিনিমিনি খেলছে, এর পেছনে রয়েছে কায়েমী স্বার্থ। এই কায়েমী স্বার্থবাদীদের সঙ্গে হাত মিলিয়েছে সাম্প্রদায়িকতাবাদী দালালরা। Nadia Congress Workers Conference যে resolution করেছিলেন তার খানিকটা এখানে পড়ছি, দুই-একটি কথা পড়ছি সংক্ষেপ করবার জন্য। (Interruption.) থামুন থামুন, "যোজ যোজ" করবেন না।

Nadia Congress Workers' Conference unanimously resolves: infiltration thousands refugees on foot throughout Nadia borders creating disorders panic mass evacuation minorities dislocation agriculture trade commerce acute food shortage and starvation. Refugees suffer horribly. Pray immediate setting up Government reception centres at Karimpur Tehatta Chapra Hanshali Krishnaganj and arrange orderly dispersal to suitable places for settlement. Otherwise anarchy and famine imminent. Conference further approves of Krishnagar Municipality's resolution on growing lawlessness district.

বেশী কিছু বলে সময় নষ্ট করবো না; এইতো গেল ব্যাপার। তারপর একটা telegram করে পাঠান হয়েছে, সেটা উপরে গিয়েছে। সেটা Municipal Commissionerএর resolutionএ ছিল—

The Commissioners at a meeting viewed with great concern the alarming increase in daylight robberies and hooliganism within the municipality, railway station premises and railway compartments and in villages. Lawlessness seems to have been let loose. They consider that immediate and strong measures are essential to check this growing disorder and chaos before they go beyond control. It is therefore resolved that the authorities be requested to convey this sense by wire to the Prime Minister, India, the Chief Minister, West Bengal, and copies be sent to the District Magistrate, Nadia, and Commissioner, Presidency Division.

Mr. SPEAKER: What is that document you are reading from?

Sj. HARIPADA CHATTERJEE: এটা হচ্ছে Municipal Commissionerএর resolution যা পাঠিয়েছিল সেটা পড়লাম। তারপর একটা telegram পড়ছি—

Loyal peaceful minorities Nadia mostly tillers soil compelled leave hearths homes through subtle processes, no arrangement made for helpless refugees and they are deliberately set upon minorities. Great conspiracy of top-ranking officials influential non-officials suspected. Cardinal principles secular state deliberately violated. Immediate intervention prayed otherwise district soon becomes void of single Muslim. Agricultural operations at standstill endangering food production. Corruption lawlessness throughout district. Administration rapidly breaking to pieces.

এই telegram করা হয়েছিল পণ্ডিত নেহেরুর কাছে, Chief Ministerএর কাছে, মাননীয় প্রফুল্ল সেনের কাছে—জবাব দিয়েছেন পেয়েছি বলে। এই সরকার প্রথম অবস্থায় যদি step নিতো তাহলে দুর্গতি এরকম হত না। বাস্তুহারাদের উপযুক্ত স্থানে rehabilitation হত। আজ Evacuee Bill pass হবার পর ৪০ হাজার পরিবারকে আমাদের জেলার সংখ্যালঘুদের ঘর ছেড়ে দিতে হবে। এর জন্য দায়ী তারা। তাদের দুঃখ-কষ্ট কেউ দেখে না, তারা পড়ে আছে এই দুরবস্থার মধ্যে—তাদের কাপড় নাই, শীতে

তারা কত কষ্ট পেয়েছে। কাজেই তাদের mentality যে কি হবে তা আর বর্ণনার প্রয়োজন নাই। আমি বাস্তুহারাদের কাছে গিয়েছি আমি এটা দেখেছি তাদেরও হৃদয় আছে। মানবতার আহ্বানে তারাও সাড়া দিতে জানে। ধুবুলিয়া প্রভৃতি জায়গায় যে গোলমাল হচ্ছে সেটা তাদের দোষে নয়—এটা হচ্ছে কায়েমী স্বার্থ-সম্পন্ন কতকগুলি লোক দ্বারা। পাকিস্থানে কি হয়েছে না হয়েছে সেটা সম্বন্ধে আমাদের কিছু করবার নাই, কিন্তু আমাদের রাষ্ট্রে যাতে কোন অন্যায় না হয়, জাতিধর্মনির্বিশেষে সমানাধিকার ও সুবিধা নিয়ে বাঁচতে পারে সমস্ত লোক, সেটাই দেখতে হবে। যদি তা না হয় তাহলে পাকিস্থানে আর আমাদের মধ্যে পার্থক্য কি? আমাদের এটা secular State আমরা যদি আমাদের রাষ্ট্র ঠিকমত পরিচালিত করতে পারি তাহলে আমাদের এ কাজ অপর রাষ্ট্রকেও প্রভাবান্বিত করবে। যদি আমেরিকা ও ক্যানাডা, পাশাপাশি রাষ্ট্রে, বন্ধুভাব বিরাজমান থাকতে পারে আমাদের এখানেই বা হবে না কেন? আমি এখানে যা বলেছি তাতে অনেকে হয়ত মনে করতে পারেন পূর্ববঙ্গ হতে আগত ভাইদের আমি ভালবাসি না। আমি পূর্ববঙ্গে আমার জীবনের শ্রেষ্ঠ দশ বৎসর কাটিয়েছি, তাদের আমি খুব ভালবাসি। আমি এখানে মাউঃ বইটা একটু পড়ে শোনাচ্ছি।

Mr. SPEAKER: Only refer to the book.

Sj. HARIPADA CHATTERJEE: একটু পড়ে শোনাই স্যার, বেশী পড়বো না। সংখ্যালঘুদের জন্য কাজ করা মানে বাস্তুহারাদের শত্রুতা করা নহে। সংখ্যালঘুদের জন্য যাহারা ভারতে ও পাকিস্থানে কাজ করিতেছেন তারা বস্তুতঃ বাস্তুহারাদের জন্য কাজ করিতেছেন। এক রাষ্ট্রে আবহাওয়া ভাল হইলে অপর রাষ্ট্রের আবহাওয়া ভাল হইতে বাধ্য। এইজন্য সংখ্যালঘুরা বার বার আমাদের জানাইতেছেন যে পাকিস্থানে যাহাই করুক ভারতের আদর্শে যেন মলিনতা না জন্মায়। এবং এই জন্য পাকিস্থানে এতদিন যাহারা সংখ্যালঘুদের জন্য কাজ করিতেছিলেন, তাহাদের অনেকে মানবতার আহ্বানে সাড়া দিয়া ভারতের সংখ্যালঘুদের সেবার জন্য এখানে ছুটে এসেছেন। গান্ধীসেবাসঙ্ঘের যে কর্মী গত চার বৎসর নোয়াখালিতে থাকিয়া সংখ্যালঘুদের সেবা করিয়া আসিতেছিলেন তিনি সম্প্রতি এই নদীয়ায় সংখ্যালঘুদের মধ্যে কাজ করিতে আসিয়া অমানুষিকভাবে প্রহৃত হইয়াছেন।

Sj. SUSIL KUMAR BANERJEE: On a point of order, Sir. Can the honourable member read the whole of the book?

Mr. SPEAKER: Mr. Chatterjee, you can refer to the book but you cannot read it in *extenso*.

Sj. HARIPADA CHATTERJEE: But the Hon'ble the Chief Minister was allowed to quote from it.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I have never read the book.

Sj. HARIPADA CHATTERJEE: But he mentioned the book "মাউ" and quoted from it. So what he now says is *suggestio falsi, suppressio veri*—it is his own pet expression.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: On a point of personal explanation. I do candidly confess that I have never read "মাউ". He has mentioned that he had written letters to the Collector but the Collector did not make any enquiry. I only wanted to show that not only has he spoken in this House but also wrote to people outside including the Collector and the Collector made enquiries of every item mentioned in the book "মাউ" and his report I have read before the House. I have never personally read "মাউ" and I am very sorry.

Sj. HARIPADA CHATTERJEE: He is in bad company. He believes his officer but he does not believe his own colleague here, I am constrained to say that.

আমার নিজের অভিজ্ঞতা থেকে যে কথা বলছি, আমি নিজে গিয়ে দেখে এসেছি, সে কথা তিনি উড়িয়ে দিতে পারেন না। আমার "মাউঃ" বই থেকে একটু পড়ে শোনাচ্ছি—Let him deny, let his Collector deny it ("মাউঃ" পাঠ)।

"গান্ধীসেবা সংঘের যে কর্মী গত চার বৎসর মোরাখালিতে থাকিয়া সংখ্যালঘুদের সেবা করিয়া আসিতেছিলেন, তিনি সম্প্রতি এই নদীয়ার সংখ্যালঘুদের মধ্যে কাজ করিতে আসিয়া অযাচিতভাবে পুরস্কৃত হইয়াছেন। পাকিস্থানের দুঃস্থ মানবতার সেবায় অগ্রসর হইয়া তাঁহার ভাগ্যে যাহা না ঘটিয়াছে, তাহা এইখানে ঘটিল। বাস্তহারারা কাহাদের কাছে উস্কানি পাইয়া এই কাজ করিয়াছেন তাহা আমরা শুনিয়াছি। চরম দুঃখে পড়িয়া যাহারা অপরের উস্কানিতে কাণ্ডাকাণ্ড জ্ঞানশূন্য হন, তাহাদের অপরাধ ক্ষমার্হ। কিন্তু যাঁহারা আইন ও শৃঙ্খলার প্রতিভূ হইয়া অপরকে আইন ভাঙ্গিতে উত্তেজিত করেন, তাঁহাদের অপরাধ কদাচ ক্ষমার্হ নহে।" And your officer has done it, it is a scandal. সেই কর্মচারীর বিরুদ্ধে এক সময় cattle loan দেবার ব্যাপারে তিনটী affidavit লীগ আমলে হয়েছিল। I know that personally. তাহারাই এই রাষ্ট্রের পরম শত্রু। এসম্বন্ধে তাঁরা show cause করেন গান্ধীসেবাসংঘের একজন কর্মীকে। I have stated this to Pandit Nehru on 2nd November when I went and met him in Delhi.

তাঁরা একদিকে এদের সঙ্গে হাত মিলাচ্ছেন, যার প্রমাণ দেখছেন "Mystery of Birla House" বইতে, আর এক দিকে সাম্প্রদায়িকতার চরম তাঁরা করছেন, এই দুটোই হ'ল স্বাধীনতার চরম শত্রু। মনে রাখবেন আপনারা যেভাবে যা করছেন, তার জন্য জনগণ কখনো আপনাদের ক্ষমা করবে না। চিরদিন তাদের ভুলিয়ে রাখবেন, এ রকম বোকা তারা নয়। এখানে যা ঘটছে, পাকিস্থানেও তা ঘটতে পারে। আমি বলছি বাস্তহারা হিন্দু ও মুসলমানরা অনেক জায়গায় এক হয়ে গেছে। তার দামামা বাজছে। পাকিস্থানেও আমরা যাবো এবং সেখানকার জনগণকে জাগ্রত করবো। অন্ততঃ এটা সাম্প্রদায়িকতা নিশ্চয়ই নয় এটা তাঁরা বুঝতে পেরেছেন।

Mr. SPEAKER : How long you would take.

Sj. HARIPADA CHATTERJEE : Sir, আমি আর একটু পড়বো। দেখুন কি ব্যাপার হয়েছে। একটা incident হয়েছিল করিমপুর থানার অন্তর্গত ধোঁড়াদহতে—Chotu Sheikh of Dhoradaha—I went there and took the statement of Chotu Sheikh.—সেখানকার ইউনিয়ন বোর্ডের কেরাণী পুলিশ নিয়ে গিয়ে চটুশেখের বাড়ীতে ঘিয়ে চড়াও হয়ে,—বাস্তহারা কিছু নয় তার জামাইকে বসাবার জন্য চটুশেখকে তাড়িয়ে দিলে। আমি as M. L. A. of the District চটুশেখের statement নিলাম। সমস্ত গাঁয়ের হিন্দুরাও সাক্ষ্য দিয়েছে। সমস্ত কথা আমি District Magistrateএর কাছে গিয়ে হাজির হয়ে নিজে তাকে জানিয়েছি। আর আপনারাও বেছে বেছে এমন সব District Magistrate পাঠান, যে সে একটা চলে গেলে আর একটা যা আসে তাতে আমরা পড়ি from the frying pan into the fire. তার নাম করবো না, স্যার। বেশ তো হিন্দুমহাসভা রাজত্ব করছে, তা বলে দিলেই তো হয়। এই বুঝি কংগ্রেসের ঐতিহ্য। এই বুঝি আমরা এতদিন শিখে এসেছি জাতির জনক গান্ধীজির কাছে? পাঞ্জাবস্থিত দিল্লী হচ্ছে সীমান্ত সহর—সেখানে জীবন দিয়ে গেলেন জাতির জনক—একজন সাম্প্রদায়িক হিন্দুর হাতে তিনি প্রাণ দিলেন।

(At this stage Sj. Sushil Kumar Banerjee was seen talking to Mr. Speaker.)

What is he doing there? I must have your ear, Sir. (Laughter.)

"তাহার উপরিওয়ালা গান্ধীসেবাসংঘের কর্মীকে এবং এক নিরীহ মুসলমানকে show cause করেন। ইহাঁরা উভয়ে মিলিয়া মুসলমান P. U. B.র নিকট হইতে জোর করিয়া পদত্যাগপত্র আদায় করিয়া লইয়া এক হিন্দুকে P. U. B. করেন। যদি বিচারাসনে বসিয়া সংখ্যালঘুদের বাড়িতে ডাকাতির অভিযোগে অভিযুক্ত ৩৯৫ ধারায় ধৃত আসামীকে P. R.এ ছাড়া হয় এবং যদি সেই বিচারপতিই অপর ক্ষেত্রে সংখ্যালঘুদের বাঁচাইবার কাজে অগ্রসরমান অভিযুক্ত জেলা কংগ্রেসের সম্পাদক ও মিউনিসিপ্যালিটীর চেয়ারম্যানকে P. R.এ ছাড়িয়া দিতে অস্বীকার করেন, তাহা হইলে কি বুঝিব। ভুরি ভুরি দৃষ্টান্ত দিয়া দেখাইতে পারি পাকিস্থানকে যে কাজের জন্য আমরা নিন্দা করি, সেই কাজ আমরাও করি। এই সকল কর্মচারীদের হাতে রাষ্ট্রের পরিচালনার ভার থাকিলে তাঁহারা রাষ্ট্রের সর্বনাশই করিবেন। ইতিমধ্যে দেশের অভ্যন্তরে আইন শৃঙ্খলা ভাঙ্গিয়া পড়িয়াছে। অরাজকতাকে একবার প্রশ্রয় দিলে যাহা হয় তাহাই হয়েছে। নগরে বা পল্লীতে কোথাও জীবন ও সম্পত্তি নিরাপদ নহে। গত ত্রিশ বৎসর যাবৎ কংগ্রেসের কাজ লইয়াই আমাদের কেটেছে, এই দেশের সহিত আমাদের নিবিড় পরিচয় আছে।"

স্যার, আমি চটুশেখের কথা বলছিলাম। আমি চারবার বাদে সেখানে গিয়েছি। সমস্ত দায়িত্ব নিয়ে বলছি সে কোথাও যায় নাই। তাকে জোর করে ইউনিয়ন বোর্ডের কেরাণী বাড়ী থেকে তাড়িয়ে দিলো। কেন? না তার আত্মীয়কে সেখানে বসাবে--সে বাস্তুহারা কিছু নয়। জেলা ম্যাজিষ্ট্রেটকে আমি নিজে বলেছিলাম। তিনি বিজয়লাল চট্টোপাধ্যায়কে তাঁর আর্দ্দালী দিয়ে বের করে দিতে গিয়েছিলেন। বিজয় বাবু তাঁর বাপের বয়সী লোক, বিজয় বাবুর অপরাধ--তিনি জেলা ম্যাজিষ্ট্রেটকে জিজ্ঞাসা করেছিলেন, আপনি কি মুসলমানদের রক্ষা করবেন না। আমি সেই জেলা ম্যাজিষ্ট্রেটের নাম করবো না। This is a typical instance একটা case করবেন বলা হয়েছিল, তা তিনি করবেন না। চার মাস হয়ে গেল, আমি প্রধান মন্ত্রীকে এ ব্যাপারটি জানিয়েছিলাম। আমরা জনসাধারণের প্রতিনিধি, আমাদের কথা যদি তিনি গ্রাহ্য না করেন, মুখ্য মন্ত্রীমহাশয়কে আমি বলছি, তিনি নিজে চলুন সেখানে। যদি তিনি অফিসারদের কথাই সর্বদা শোনেন, তাহ'লে তাঁরা তাঁকে মুর্খ মন্ত্রী বানিয়ে দেবেন। আমাদের সহযোগিতা চান, আমরা তা দিতে প্রস্তুত। আপনারা বাস্তুহারা বসাবেন, তার জন্য পরিপূর্ণ সহযোগিতা দিতে প্রস্তুত। বহু টাকা এ ব্যাপারে আপনারা খরচ করছেন। কিন্তু কি সব কাণ্ড ঘটছে তা আমরা বুঝতে পারছি। মধ্যপথেই বহু টাকা উধাও হয়েছে। অধিকাংশই false, অফিসাররা কি কাণ্ডগুলিই না করছে। দারোগাগুলোকে কি check করতে পারার কোন উপায় আছে? আমার সঙ্গে চলুন, দেখাবো কত লোক নিরাশ্রয় হয়েছে। এরাও বাস্তুহারা হয়েছে।

Sj. SUSHIL KUMAR BANERJEE : Is there no time limit ?

Mr. SPEAKER : হরিপদ বাবু, ঢের বেশী বলেছেন, শেষ করুন।

Sj. HARIPADA CHATTERJEE : এত বাধা দিলে, কি ক'রে বলবো? আমাদের জেলার কথা বলবার অনেক কিছু বাকী রয়েছে। আট লক্ষ বাস্তুহারা আমাদের জেলায় এসে উপস্থিত। স্থানীয় বাস্তুহারা ও এই সব মিলে একটা জগাখিচুড়ী হয়ে রয়েছে, সব নিয়ে একটা তুমুল ব্যাপার হয়েছে। (The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY : আরও অন্যেরা বলবে, আপনি সব বললে চলবে কেন?)

তারপর শুনুন। "গত ১৯।৯।৫০ তারিখে প্রায় চার মাস পরে ধোড়াদহে যাইয়া দেখিলাম চটু পরিবারসহ ধোঁড়াদহতেই আছে। হিন্দু বাড়ীতে খাটিয়া, এখানে ওখানে মাথা গুঁজিয়া দিন গুজরান করিতেছে। আর জামাতা-শ্বশুর বহাল তবিয়তে চটুর বাড়ীতেই বাস করিতেছেন। পরেশ হাজি এবং আরও অনেকে ধোড়াদহতেই আছে। তাহাদের বাড়ীও অন্যে দখল করিয়াছে। স্থানীয় হিন্দুরা কান্নাকাটী করিতে লাগিলেন, বলিলেন আইন-শৃঙ্খলা বলিয়া কোন জিনিষই নাই।"

Mr. SPEAKER : You cannot read the whole book.

Sj. HARIPADA CHATTERJEE : Sir, আর একটুখানি পড়বো। অনেক point বলার আছে, যা না পড়লে বুঝতে পারবেন না।

Mr. SPEAKER : আপনি মুখে বলুন।

Sj. HARIPADA CHATTERJEE : "মুসলমান চাষীদের এই দুর্গতির জন্য স্থানীয় হিন্দুদের জমি-জমা অনাবাদী পড়িয়া আছে। তাঁহারা 'হা অন্ন, হা অন্ন' করিতেছেন। পরেশ হাজির নিজের ধান লুণ্ঠিত হইয়াছে। কিন্তু তাহাকেই আবার একধরা তিন টাকা দুই আনা দিয়া অর্থাৎ ২৫৲ টাকা মন দরে ধান ওখানকারই জনৈক বিশিষ্ট ব্যক্তি যিনি বহু লুণ্ঠন করিয়াছেন এবং যাঁহার বাড়ীতে বড় বড় রাজ কর্মচারী, কংগ্রেসী নেতা অতিথি হইয়া পোলাও মাংস খান, তাঁহারই কাছে কিনিতে হইয়াছে।"

Sir, যে বাস্তুহারা নয়, সেই বেচারী হতভাগার তাঁতীকুল বোষ্টমকুল--দুই কুলই গিয়াছে।

"শরৎ বেওয়া বিধবা, হিন্দুবাড়ীতে খাটিয়া দিন গুজরান করে। তাহার নিজের মুখে শুনিয়াছি তাহার 'ভ্যানা' ধরিয়া নাবাইয়া দিয়া বাড়ির বাহির করিয়া দিয়া তাহার চালা কাটিয়া লইয়া যাওয়া হইয়াছে। তাহাদের কথাও কর্তৃপক্ষের গোচরে আনিয়াছিলাম। কোন ফল হয় নাই। গত ২০।৯।৫০ তারিখে শরৎ বেওয়া পায়ের উপর পড়িয়া কাঁদিতে লাগিল, বলিল চালা কাটিয়া লওয়ার তো কোন প্রতিকারই হইল না, আবার গত দু-দিন পূর্বে ভিটার গাছও জোর করিয়া কাটিয়া লইয়া গেল। ২০।৯।৫০ তারিখে চৌপিরদহ গ্রামে যাইয়া দেখিলাম ওখানকার ছাড়া ঘরগুলিতে যেসব মুসলমান ছিল, তাহাদের তাড়াইয়া দিয়া সম্প্রতি ঘরগুলিতে আগুন দেওয়া হইয়াছে এবং ভিটাগুলি চষিয়া ফসল বুনানো হইয়াছে।"

আমি সেই অবস্থা নিজে দেখে এসেছি। আমি challenge করছি যদি এসব মিথ্যা হয়, আপনারা যে ছয় মাসের ফাঁসী দেওয়ার কথা বলেছেন, আমি তাতে রাজী আছি।

"এই সব মুসলমান এখনও পাশের গ্রামেই আছে। নিজেদের জমি পায় নাই হিন্দুর জমিতে মুনিষ খাটিয়া খায়। একদা অনেকে বেশ অবস্থাপন্ন ছিল; এখন ছোট ছোট ছেলেমেয়ে নিয়ে দুই সন্ধ্যা পরে কোন রকমে এক সন্ধ্যা খায়, এই কথা বলিতে বলিতে চোখের জলে ভাসিয়া কাঁদিতে লাগিল। পিপুলবেড়িয়ায় আসিয়া দেখিলাম শ্রীললিত সিহি তাঁহাদের মাঠে সুন্দর ধানের চাষ করিয়াছেন। বহু অনাবাদি জমি দেখিবার পর এই সুন্দর ধান দেখিয়া চক্ষু জুড়াইল। তিনি নিজে প্রায় একশো ঘর মুসলমান চাষীকে আশ্রয় দিয়াছেন এবং তাঁহার একান্ত চেষ্টায় বাস্তহারা ও মুসলমানদের মধ্যে বেশ প্রীতি জন্মাইয়াছে। মুসলমানদের আশ্রয় দেবার জন্য ইতিপূর্বে তিনি তিরস্কৃত হন এবং তাঁহার বহুকালের বন্দুকটী কাড়িয়া লওয়া হয়। তিনি দুঃখ করিয়া আমাকে পত্র দিয়া একথা জানান এবং লেখেন যে মানবতার এই অপমান দেখিয়া কি করিয়া চুপ করিয়া থাকা যায়। হয়তো প্রৌঢ় বয়সে জেলেও যাইতে হইতে পারে। আমি তাঁহাকে এই জানাইয়া সান্ত্বনা দিই যে আমার বন্দুকটীও কাড়িয়া লওয়া হইয়াছে এবং প্রৌঢ় বয়সে আমিও জেলখানায় যাইবার জন্য প্রস্তুত হইয়াছি।"

Mr. SPEAKER : Mr. Chatterjee, I am sorry. I cannot allow that. This is not permissible. You cannot read out page after page from a book like that. You can refer only to what is exactly happening.

Sj. HARIPADA CHATTERJEE : Sir, এই ঘটনাগুলো এখানে আছে। আমার বক্তব্য হচ্ছে সরকার এঁরা দয়া করে সহযোগিতা আমাদের গ্রহণ করুন, আমরা সহযোগিতা দিতে অত্যন্ত কাতর, অত্যন্ত ইচ্ছুক। কারণ এই ব্যাপারে কোন দলাদলি রাখা উচিত নয়। মন্ত্রীরা যদি আমাদের বিশ্বাস না করেন তাহ'লে জনসাধারণের প্রতিনিধি হ'য়ে আমরা কাজ করবো কি করে? আমি বলছি আপনারা চলুন, দেখিয়ে দেই কোথায় কি হচ্ছে। ওরা বলছেন, আমাদের সব মিথ্যা কথা। কিন্তু আমরা বলছি ওঁদের কথা মিথ্যা। তাহ'লে কোনটা সত্য কথা? This is a statement against a statement. তাহলে কোনটা ঠিক হবে?

Mr. SPEAKER: Mr. Chatterjee, there is one thing I wish to draw your attention to. The question of refugees or displaced persons is a very difficult one, and I hope you will keep in mind the things which ought to be taken great care of, in speaking about this matter. So far as the Chief Minister is concerned, he has stated that these matters were investigated by the district authorities. The District Magistrate is of opinion that these things did not take place. Whatever it may be, you may believe the report or you may not believe the report to be correct. But the facts which you are mentioning in this House are substantially very important, and you ought to keep in mind its repercussions. With that end in view, please deliver your speech.

Sj. HARIPADA CHATTERJEE : Sir, আপনার মত শিরোধার্য্য করে নিচ্ছি। আমি factsএর কথা বলবো, অন্যগুলো আর বলবো না। আমার বক্তব্য হচ্ছে আমি বলতাম না, ওঁরা এটা তুলেছেন। আমার মনে হয় ভগবানের এটা অভিপ্রেত—অন্যায় কেউ কোথাও করে চেপে রাখতে পারে না। অন্যায় এখানে হলে, ওপারের ওরাও তা জানবে—It reverberates throughout the world—এবার্সনের কথা। সত্যমেব জয়তে। সত্য কথা নির্ভীকভাবে বলা ভাল, তাতে সুফল হয়। পাকিস্তানে যা অন্যায় হয়েছে, সেটা মানবতার চরম অপমান, চেপে রাখবার চেষ্টা হওয়া সত্ত্বেও আমরা তা জানতে পেরেছি—কাগজে বেরোয় নাই। আজ অসীম দুঃখে একথা বলতে বাধ্য হচ্ছি যে ইংরেজ চলে গেল, আর আমরা দুটো দেশ মারমারি করে মরছি। জনসাধারণের যারা শত্রু—সেই পুঁজিবাদীর সঙ্গে এরা হাত মিলিয়েছে। খালি মুখে বলি কৃষক-প্রজা পার্টি—, কাজ করছি তার উল্টো।

আমার নোয়াখলীর একটা ঘটনার কথা মনে পড়ছে। মহাত্মা গান্ধী যখন নোয়াখালী ছিলেন তখন আমি কাশপাড়ায় তাঁর সঙ্গে দেখা করতে গিয়েছিলাম। তারপর সোনাচাকা ও নোয়াখালী অঞ্চলের বিধ্বস্ত অংশ দেখতে যাই। সেখানে একজন বড় কর্মী আমাকে বললো যে এখানে আর থাকবো না ঐ দেখুন ইঞ্জিলকে দেখা যাচ্ছে ও

যত দুর্দান্ত লোক বাগে পেলেই মারে। কিন্তু এর শোধ আমরাও নিয়েছি। সে নিজে একজন Graduate হয়েও অসঙ্কোচে বলতে পারলে কলকাতার ওমুক যায়গায় আমরাও নির্বিচারে মেরেছি। তখন আমি একবার ইন্ডিসের মুখের দিকে তাকাই আর একবার তার মুখের দিকে তাকাই। শিক্ষিত লোকের মধ্যেও সাম্প্রদায়িকতার বিষ ঢুকলে তার সঙ্গে সাধারণ গুণ্ডার পার্থক্য থাকে না।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, would it satisfy my honourable friend if I promise to read his "মাউে" ? Will he then stop further discussion? It does not really help anybody so far as the refugee problem is concerned. If you have any constructive suggestion to give, I will be very glad.

SJ. HARIPADA CHATTERJEE : আমি মনে করি এই লুণ্ঠন ও বাড়ী-ঘর পোড়ান এই সব যদি থাকে তাহলে constructive suggestion দেওয়া না দেওয়া সমান। Dr. Roy কতকগুলো সাম্প্রদায়িকতাবাদীর হাতে পড়েছেন ও কতকগুলি পুঁজিপতির হাতে পড়েছেন। তিনি যদি প্রকৃত জনসাধারণের দিকে তাকিয়ে তাদের দুঃখ মোচন করতে অগ্রসর হন তাহলে সর্ব্বাগ্রে তাঁকে নিয়ে নেতা বানিয়ে কাজ করবো। তিনি যদি সত্যই আমাদের দাবীটা শোনেন (Sj. J. C. GUPTA : শুনছেনই তো।) কোথায় শোনেন ? তাহলে বুঝতাম আমি এখানে তাঁকে যে ঘটনাগুলো দিয়েছি তার কিছু enquiryর ব্যবস্থা করতেন ; কিন্তু তা না করে তিনি উল্টো আমাকে খুব ঘা দিলেন। তিনি যেন *suggestio falsi suppressio veri* নীতি অবলম্বন আর না করেন। তাঁর যে কর্মচারীরা অন্যায় করছেন তাঁরাই যদি enquiry করেন এবং আবার তাঁরাই যদি report দেন তাহলে আমরা দাঁড়াই কোথায় ? (The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY : তোমার যা বলার তা সবইত মাউে:তে বলেছ আর কত বলবে।) আচ্ছা আমি বসে পড়ছি। আমি আর লালবাতি পর্য্যন্ত অগ্রসর হব না। নীল বাতি জলতেই বসে পড়বো।

SJ. SIBNATH BANERJEE : স্পীকার মহাশয়, ওরা হামেশাই ব'লে থাকেন যে, refugee নিয়ে politics করো না, কিন্তু ওরা যদি politics করেন তাহ'লে আর কি উপায় থাকে। আজ refugee সমস্যাটা একটা গুরুতর বিষয় হয়ে পড়েছে। যদিও বাস্তহারাদের নিয়ে খেলা করা অন্যায় সকলেই একথা স্বীকার করে থাকেন তবু যখন দেখা যায় যে, তাদের নিয়ে খেলা করা হচ্ছে তখন তার প্রতিকার এবং প্রতিরোধের দরকার হয়ে পড়ে। সুতরাং বাস্তহারাদের নিয়ে politics যে হচ্ছে তা না হ'য়ে উপায় নাই। কিন্তু এটাও ঠিক বাস্তহারা সমস্যার যেরকমটা আমাদের মন্ত্রীদের face করতে হচ্ছে দুনিয়ায় কারও তা হয় নাই। কাজেই তাঁদের criticise করবার সময় একথাটা আমাদের খানিকটা মনে রাখা দরকার। কিন্তু যখন এ সম্বন্ধে আলোচনা করতে যাই তখনই দেখা যায় তাঁরা যতটুকু করতে পেরেছেন তাই নিয়ে যদি বলেন যে আমরা এইটুকু মাত্র পেরেছি আর বেশী পারিনি—তাহ'লে আমরা সহানুভূতি করতে পারতাম ; কিন্তু যখন বলেন এত করেছি, তত করেছি—তখন সমালোচনা না করে পারি না।

প্রথম কথা হচ্ছে এই Grantটা Dr. Roy কেন আনলেন। আগে এটা Rehabilitation Ministerকে দিয়েই করান হত। (Sj. J. C. GUPTA :—উনিইত এখন Rehabilitation Minister.) Dr. Roy দেখছি সমস্তটাই নিজেই নিয়ে নিচ্ছেন, এবং নিজকে rehabilitate কচ্ছেন।

Mr. SPEAKER : Order, Order, you cannot say he is rehabilitating himself.

SJ. SIBNATH BANERJEE : General Administration, Police, Finance, Jail, Medical ও Public Healthতো আছেই, তারপরে এই Rehabilitationও ওর হাতেই এসেছে, তিনি Herculean labour করছেন। একজন লোকের এতগুলি করা সম্ভব নয়। তিনি যে খাটছেন খুব তাতে সন্দেহ নাই, কিন্তু corresponding result আমরা কিছুই দেখতে পাচ্ছি না তাঁর এত খাটুনি সত্ত্বে। আর একটা বলছি অনেকবার বলেছি, আজকে আবার repeat করছি—বাস্তহারা সমস্যার সমাধান করতে হলে যে দৃষ্টিকোণ থেকে বিষয়টাকে দেখতে হবে সেটা এই মন্ত্রিবগুলীর নাই। কায়েমী স্বার্থ বজায় রেখে এটার সমাধান করা যায় না। আমি কৃষকদের মধ্যে বন্টনই বাস্তহারা সমস্যা সমাধানের প্রকৃষ্টতর পন্থা। এই বাস্তহারা সমস্যা সমাধান না হওয়ার মধ্যে কায়েমী স্বার্থের যে কতখানি হাত আছে সেটা স্পষ্ট হয়েই আছে। ভারতের সঙ্গে গতবৎসর যে

সময় পাকিস্তানের বাণিজ্যের লড়াই চলছিল এবং devaluationএর পরে আমাদের যে rate সেটা ওদের মেনে নিতেই হবে। আমেরিকা নয়, ইংলণ্ড নয়, অন্য কোন জায়গা নয়, কিন্তু পাকিস্তান আমাদের যে একান্ত পাশে তাকেই বলা হল তোমাদের এটা মানতেই হবে, না হলে তোমাদের সঙ্গে বাণিজ্য করব না; এবং একথা সত্য সে সময় যদি rate নিয়ে ঝগড়া না হত এবং পাটের দাম ২৫৲ থেকে ৫৭৲ না হত তাহ'লে এই বাস্তহারা সমস্যা এরকমভাবে face করতে হত না। তারপরেই দলে দলে লোক এল। কেউ বল্‌ছেন—statisticsও differ করে, কেউ বল্‌ছেন ২৫, কেউ বল্‌ছেন ৪০, কেউ বা বল্‌ছেন ৫০ লক্ষ এসেছে ঐসব কাজের ফলে। কিন্তু সংখ্যা যতই differ করুক লক্ষ লক্ষ লোক যে এসেছে, কোটী কোটী টাকার সম্পত্তি যে নষ্ট হয়েছে, এবং হাজার হাজার, বল্লে বেশী হবে না, মা-বোন যে বেইজ্জত হয়েছে উভয় দেশে এটা হত না যদি—

Mr. SPEAKER: That is not the subject under debate at present, Mr. Banerjee. The financial policy of the Government of India is not a matter to which you can refer. It is the policy of the India Government with which we are not concerned.

Sj. SIBNATH BANERJEE: I am convinced that the Centre and the province work in unison and there is no difference.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: On a point of information, I may say that if my friend will bear up with me he will see this is not our subject but a Central subject. The Pakistan Government complained that the India Government devaluated its rupee without consulting the Pakistan Government. It is not that they forced them to devaluate. That is not a fact. I happened to be present at a meeting of the Parliament when this matter was discussed by Dr. Mathai. He made a statement and I know that we got the news from England at about four in the afternoon and we were told to give a reply by the evening. The complaint of the Pakistan Government was that although there was an agreement between Pakistan and the Indian Union to be at par so far as the exchange was concerned, the Government of India had devalued the rupee without consulting the Pakistan Government. It is not correct to say that the Government of India asked or forced the Pakistan Government to follow suit.

Sj. SIBNATH BANERJEE : সে কথা আমি বলি না। এটা আমার জানা আছে খুব তাড়াতাড়ি—ইংলণ্ডের ষড়যন্ত্রজালে জড়িত হয়ে জন মাথাই সাহেব খুব তাড়াতাড়ি এটা করে ফেল্‌লেন।

Mr. SPEAKER : Order, order. You should neither refer to what Dr. Mathai has done or what the Government of India has done. It is well known that it is not our subject.

Sj. SIBNATH BANERJEE : সে আলোচনা আমি করছি না, স্যার।

Mr. SPEAKER : I will no more allow any discussion on the Central Subject either by you or by Government.

Sj. SIBNATH BANERJEE : একথা আমার জানা আছে, কিন্তু প্রধান মন্ত্রীমহাশয় বলেছেন যে কথা আমি বলেছি সেটা আমি জানি। আমি সেটা discussion করছি না। আমি discussion-এর মধ্যে intervene করে প্রধান মন্ত্রী মহাশয়কে বলেছি আমি এই কথা বলছি।

Mr. SPEAKER: Mr. Banerjee, you started by just referring to that question and the Chief Minister has simply explained that so far as this thing is concerned the complaint from Pakistan was that this was done without taking the opinion of Pakistan. You need not dilate on that point further but come to the subject under debate.

Sj. SIBNATH BANERJEE : আমি discussion করছি না, কিন্তু কার্য্য এবং কারণটা আমি বিশ্লেষণ করছি। এই যে refugeeরা এসেছে তার প্রধান কারণ হচ্ছে সেটা। যে কথা পূর্ব্ববর্ত্তী

বক্তৃতা অনেকক্ষণ ধরে বল্লেন সাম্প্রদায়িকতা সম্বন্ধে তার চেয়েও অনেক বেশী কার্য্য-কারণ সম্বন্ধ এই devaluationএর মধ্যে এবং বাণিজ্য বন্ধ করার মধ্যে রয়েছে আমাদের Government সে দায়িত্ব অস্বীকার করতে পারেন না এবং সেই জন্যই আজকে এই সমস্যা face করতে হচ্ছে। তারপরে এ সম্বন্ধে আর দুটো কথা ব'লে আমি এক মিনিটের ভিতর আমার বক্তব্য শেষ করছি। কায়েমী স্বার্থ সম্বন্ধে আমার বক্তব্যটা পরিষ্কার হয়নি; সেটা আরেকটু বলছি. কায়েমী স্বার্থের ব্যাপারটা বিশেষ করে যারা "jute" hold করেন তাঁদের দ্বারাই হয়েছে। যে rateটা মেনে নেওয়া হয়েছে ১০০—১৪৪ তাতে পাকিস্তানের কৃষকগণের কিছুই লাভ হবে না, কারণ তাদের হাত থেকে jute চ'লে গিয়েছে অধিকাংশ ব্যবসায়ীর হাতে। যারা—

Mr. SPEAKER: Again you are referring to that thing. The question is how to provide for displaced persons. If you have got anything to say with regard to that that will be relevant. What you are now saying is all irrelevant and your speech should be relevant to the subject-matter under discussion.

SJ. SIBNATH BANERJEE : আজকে যা করা হচ্ছে তাতে আরও refugeeর সংখ্যা বাড়বে, সেইটাই আমি দেখাতে চেষ্টা করছি। যখন এই পাটটা বিক্রয় হয়ে যাবে তখন প্রকৃত মূল্য না পাওয়ায় সেখানকার কৃষক আর এখানকার শ্রমিক যাতে মারা পড়ে সেই ষড়যন্ত্রই চলছে। সুতরাং এই policyর যদি বিরোধিতা না করা যায় তাহ'লে আরো লক্ষ লক্ষ refugee এসে পড়বে। সুতরাং যে refugeeরা আছে তাদের সম্বন্ধেও যেমন চিন্তা করতে হবে তেমনি refugee যাতে আর না আসে সেদিকেও দৃষ্টি রাখতে হবে। যদি আরও refugee আসে তাহলে শুধু এই প্রদেশই নয়, সমস্ত ভারতবর্ষ বিপর্য্যস্ত হয়ে পড়বে। সুতরাং এই problem নিয়ে যতই আমরা আলোচনা করব—(blue light was lit) আমাকে কি আর সময় দেবেন না ?

Mr. SPEAKER: You must understand that my difficulty is that I cannot compel the opposition to stick to the time-table. Moreover you have not been strictly relevant in your speech and now you want more time to speak on the subject. The rules of debate prescribe that all discussions must be relevant. But you have been discussing something which is not absolutely relevant, and thus you have wasted your time and the time of the House. However, I give you five minutes more but you must be relevant.

SJ. SIBNATH BANERJEE : This is an important matter. পাঁচ মিনিটে আমার হবে না, দশ মিনিট আমাকে দিতে হবে।

Mr. SPEAKER : No, No, I cannot, I have given you enough time and I have got to finish it.

SJ. SIBNATH BANERJEE : আজকে অন্ততঃ দশমিনিট দিন। তারপর West and Eastern Pakistanএ যে সমস্ত refugee এসেছে তাদের সম্বন্ধে যে টাকা খরচ হচ্ছে তার মধ্যেও যে পার্থক্য রয়েছে সেটা খুবই দৃষ্টিকটু।

গত বছরে যে টাকা ছিল তা খরচ করতে পারেন নি। ডাক্তার রায় বলেছেন ডাঃ ঘোষ এজন্য কিছু চাননি। কিন্তু ডাঃ রায় যা পেয়েছেন—যা চেয়েছেন এবং পেয়েছেন তাও খরচ করতে পারেন নি। অথচ প্রয়োজন যে কত বেশী তা' বলে শেষ করা যায় না। East Pakistan হতে যারা refugee এসেছে তাদের জন্য কোটী কোটী টাকা খরচ হওয়া দরকার। সেদিকে দৃষ্টি দিলে সমস্যা সমাধান করার পক্ষে সাহায্য হবে। Refugeeর সঙ্গে যারা displaced হয়েছে এবং অন্য যারা তুল্যরূপ অসুবিধার মধ্যে রয়েছে—নির্য্যাতিত যাদের বলা যায়, যারা West Bengalএ opt করে এসেছে, যারা কলিকাতায় কাজ করতেছিল আবার তাদের সরিয়ে অন্য লোক সেখানে নেওয়ার চেষ্টা হচ্ছে। অথচ পূর্ব্ববঙ্গ হতে এসে কলিকাতার থেকে ছেলেপুলে নিয়ে কোন রকমে দিন কাটাচ্ছে, বাড়ী নিয়ে বাস করবার ব্যবস্থা হয়েছে কোন রকমে—এখন ৪ বছর পরে তাদের উপর হুকুম হয়েছে তোমরা এখানে নয় বকখালে চলে যাও। যদি প্রথমেই

তাদের কলিকাতার বাইরে অন্য কোন জায়গায় transfer করা হতো তাহলে কোন অসুবিধা হত না। কিন্তু এখন কলিকাতায় তাদের ছেলেপুলেকে রেখে অন্য কোন জায়গায় যাওয়াটা একটা বড় সমস্যা। শুধু Writers' Buildingsএ কাজ করছে তারাই নয়, যে সমস্ত Police Officer, Sergeant, Inspector প্রভৃতি যারা এসেছে তারা প্রায় ৩০০ কিন্তু এখন তাদের কারও কারও উপর হুকুম হয়েছে এদের আবার সরিয়ে দেওয়া হবে। তারা বলছে, আমরা পূর্ব বঙ্গ থেকে এসেছি এবং এসে কোন রকমে মাথা গুজে থাকা এবং ছেলেপুলেদের পড়াশুনা কোন রকম একটা ব্যবস্থা করেছি এখন এইভাবে সরিয়ে দেওয়া হলে আমাদের উপর অবিচার করা হবে। যারা opt করে এখানে এসেছে তারা refugee না হলেও, তাদের rehabilitation না হলেও তাদের considerationএর ব্যবস্থা হওয়া উচিত। এবং কলকাতায় যারা established হয়েছে, তাদের কিছুদিন এখানে থাকতে দেওয়া উচিত।

Rehabilitation সম্বন্ধে টাকা খরচ হয়। সেই টাকা যদি খরচ না করে যদি বলা যায় যে এটা Central Governmentএর দায়িত্ব—তাহলে বলবো এ Government তার জন্য কি চেষ্টা করেছেন? জুলাই মাসের পর যারা এসেছে তাদের ভোটের অধিকার দিলে টাকা খরচ হয় না,—dole দিলে বাড়ী করে দিলে টাকা খরচ হয়, জমি দিতে গেলেও টাকা খরচ হয়, কিন্তু যাতে কোন খরচ হয় না, সেই দিকে যদি সহানুভূতি দেখান যেতো তাহলে rehabilitation সম্বন্ধে বিশ্বাস হতো। কিন্তু এখনও সেই ভোটের অধিকার তাদের দেওয়া হয় নি। যে chart তৈরী করেছেন সেটা খুবই helpful কিন্তু সেটা থেকে দেখা যায় যে সমস্যার সমাধান তাতে সামান্যমাত্রই করতে পেরেছে। ১০ লক্ষ লোককে rehabilitate করতে কত জমি দরকার? সেই জমি requisitionএর জন্য সরকার কি করেছেন? কাজে কাজেই এই মুস্কিল হয়েছে। এই দৃষ্টিকোণ থেকে যদি দেখা না হয় তাহলেই কাজে বাধা আসে এবং সেদিক থেকে rehabilitation পক্ষে বাধা আসছে। হাওড়াতে ভাল করে survey হয়েছে এঁরা বলছেন, কিন্তু of all places Howrah choose করলেন কেন জানি না। সেখানে density of population খুব বেশী। কিন্তু সেখানে refugee rehabilitationএর দিক দিয়ে উপযুক্ত জায়গা নয়। কারণ এটা একটা big industrial area সেখানে না করে যদি ২৪-পরগণায় বা অন্য কোথাও করতেন তাহলে মনে হয় ভাল হতো।

তারপর কয়েকটি rehabilitation প্রচেষ্টা সে সম্বন্ধে বলবো। তারা নিজেরাই চেষ্টা করছে অথচ Governmentএর কাছ থেকে কোন সাহায্যই পাচ্ছে না। হাবড়া—not Howrah—তারা সেখানে co-operative colony করবার জন্য ৪০০ বিঘা জমি নিয়েছে। তারপর সরকারের খেয়াল হল যে এ জমি Rehabilitation acquire করবে। এক বছর চেষ্টা করার পর তাদের ফিরিয়ে দেওয়া হয়েছে (সবটা নয়)। অথচ সামান্য সাহায্য করলে Co-operative Department থেকে বা ডাঃ রায়ের department থেকে অনেক কিছু করা যেতো। কিন্তু কোন সাহায্য তারা পায়নি। এই রকমে নিজেরা যদি কিছু করে তাতে তাদের সাহায্য করা হয় না। তারপরে Weavers Co-operativeএর চেষ্টা হচ্ছে। কয়েকটি করা হয়েছে কিন্তু তা registry করেনি। জমি না থাকলে registration হয় না এইরূপ একটা rule রয়েছে।

তারপর Central Government প্রায় ৫০ লক্ষ টাকা খরচ করে ধানবাদে coal mineএর পাশে অনেকগুলি বাড়ীঘর—প্রায় দু'হাজার বাড়ী তৈরী করেছে। কিন্তু সেখানে কেউ থাকে না। তারমধ্যে মাত্র ২০০ শত flat occupied বাকীগুলি এমনি পড়ে আছে এবং নষ্ট হচ্ছে। মুখ্য মন্ত্রী যদি সেদিকে বিবেচনা করেন এবং Central Governmentএর সঙ্গে লেখাপড়া করে যদি temporary basisএও এই refugeeদের থাকার ব্যবস্থা করে দেওয়া যায়, তাহলে আজ যে ৫০ লক্ষ টাকা খরচ হবার কথা হচ্ছে তা দু'বছর পরেও খরচ হতে পারে।

তারপর আর একটা Programme—Andaman Programme—যেটা করা হয়েছে তাতে আমাদের ' support আছে কিন্তু যেভাবে করা হচ্ছে—কোন পরিবারের সাধারণ জীবনযাপনের পক্ষে কি ব্যবস্থা হয়েছে? সেখানে চাষের জন্য seed agricultural implement ইত্যাদি দেবার ব্যবস্থা হওয়া উচিত। তার চাইতে অসুবিধা যাতায়াতের জন্য regular service নাই। এক জন মন্ত্রী মহাশয় সেখানে গিয়েছিলেন। একজন মন্ত্রীকে সেখানে permanently রাখা যেতে পারে। অনেক মন্ত্রীইতো রয়েছেন।

ভাং গাঁয় opium apply করার কথা বলেছেন, অনেকেই তো বসে বসে আর ঘুমিয়ে ঘুমিয়ে সময় কাটাচ্ছেন। Andaman Programmeটা যদি ভাল করে করা হয়, তাহলে সেখানে যে natural product রয়েছে তার থেকে soap, timber, news-print, steel হতে পারে।

(At this stage the red light was lit.)

Mr. SPEAKER : Mr. Banerjee, your time is up.

Sj. SIBNATH BANERJEE : My sentence is not finished.

Mr. SPEAKER : I cannot help it.

Sj. NISHAPATI MAJHI: মাননীয় বাচস্পতি মহাশয়, সেদিন আমি এ পরিষদে আপনাকে বাচস্পতি বলে সম্বোধন করেছিলাম, অতি দুঃখের বিষয় সেই বাচস্পতি কথাটা কোন খবরের কাগজে বনস্পতিরূপে ছাপা হয়েছে। আমার এ বিষয়ে কোন অভিযোগ নেই। বিষয়টা কেবলমাত্র আপনার গোচরীভূত করছি। (Sj. KANAI LAL DE: সরকারী পরিভাষাতে বাচস্পতি কথাটা গৃহীত হয়নি।) পরিষদে বাস্তুহারার পুনর্বাসনের জন্য ৯টি ছাটাই প্রস্তাব উপস্থিত হয়েছে, তার মধ্যে ৯ নম্বর ছাটাই প্রস্তাব সামনে রেখে আমি কয়েকটি বিষয় আপনার নিকট জানাচ্ছি। প্রথমতঃ পশ্চিম বঙ্গে প্রায় ২২ লক্ষ বাস্তুহারা আশ্রয় নিয়েছে। তার মধ্যে অনেকে আছেন অনুহারা এমনও অনেকে আছেন যারা সম্পূর্ণভাবে সরকারের মুখাপেক্ষী। এমনও কথা শুনতে পাওয়া যায়--উপোস করে পড়ে থাকবো তবু আর পাকিস্থানে ফিরে যাবো না। আজকে তাই গৃহ সমস্যা পশ্চিম বাংলার একটা মস্ত বড় সমস্যা। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি জলপাইগুড়ি জেলার একনিষ্ঠ কর্মীরা সমবায় সমিতি গড়ে জমিতে যেভাবে সকলে মিলে চাষ করছে, এবং বসবাসের জন্য গৃহের ব্যবস্থা করছে তাতে আমার মনে এই আশা হয়েছে যে এই বাস্তুহারা সমস্যার প্রতিকার এই উপায়েই এরাজ্যে ভালভাবে সম্ভব হবে। এইরূপ সমবায় সমিতি দেশের বিভিন্ন জায়গায় গড়ে উঠান—এদ্বারা আমাদের অন্যান্য জটিল সমস্যারও সমাধান হতে পারবে। আজকে যে সমস্ত পশ্চিম বঙ্গের মুসলমান বন্ধুগণ কিছুদিন পূর্বে পাকিস্থানে গিয়েছিলেন তাঁরা ফিরে এসেছেন নদীয়া জেলায়। যে কথা হরিপদ বাবু বলেছেন। নদীয়ার যেখানে প্রায় ৩ লক্ষ মুসলমান ফিরে এসেছে আমি সেই গ্রামে কিছুদিন আগে গিয়েছিলাম। একটা বাঁধ সংস্কারের জন্য খাল কেটে জমি সেচ দিবার জন্য—১,৩০০ হিন্দু-মুসলমান একত্রিত হয়ে তার সংস্কারের জন্য যত্নবান হয়েছে এবং কাজ করছে দেখে আমি তাদের একাজে শত শতবার প্রশংসা করে এসেছি। কারণ এখানে ১,৩০০ হিন্দু-মুসলমান একত্রিত হয়ে তাদের কৃষিক্ষেত সংস্কার ও জলসেচের জন্য যত্নবান হয়েছেন। তাঁরা আমাকে একটা তালিকা দিলেন। তাতে দেখলাম বহু মুসলমান সেখানে ঘরের অভাবে একটি গ্রামে এক-একটি মুসলমান গৃহে একত্রে বাস করতে বাধ্য হয়েছে। গৃহহীন মুসলমানদের বাসগৃহের সত্বর ব্যবস্থা হওয়া দরকার। তাঁরা সভায় ব্যাকুল আবেদন জানিয়ে বললেন আমাদের জমিতে চাষের ভাল ব্যবস্থা হওয়া দরকার, লাঙ্গল দরকার, গরু দরকার। সেখানে এক সভা ডাকা হয়েছিল। সেই সভায় কতকগুলি প্রস্তাবও সর্ব্বসম্মতিক্রমে গৃহীত হ'ল। সেই প্রস্তাবগুলির সার অংশ পাঠ করছি। যদি তৎপর এই জেলায় এই বিভাগের দ্বারা উপযুক্ত চাষের ব্যবস্থা করা না যায় এবং গৃহহীনকে গৃহ দিতে বিলম্ব করা হয় তাহলে যেমন এক দিক দিয়ে ফসল উৎপন্নের গুরুতর ক্ষতি হবে, সেইরূপ যারা অস্বাস্থ্যকর স্থানকে স্বাস্থ্যকর করে যেন তেন প্রকারে একটা কুঁড়ে নির্মাণ করেছে কিম্বা কোন পল্লীর পাশে অথবা কোন গৃহে আশ্রয় নিয়েছে, তাদের দুর্গতির অন্ত থাকবে না। অর্থাৎ কোন লোককেই আশ্রয় থেকে উচ্ছেদ করলে তাদের মনোভাব বিরূপ হয়ে উঠবে। তারা অনেক চেষ্টা করে গৃহ পেয়েছে আবার অনেকে পুরাতন গৃহেই ফিরে এসেছে। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি আমাদের এই বিভাগের কর্মিগণ এবং প্রধান মন্ত্রীমহাশয় খুব সতর্কতার সঙ্গে একদিকে মুসলমান বাস্তুহারা আর এক দিকে পাকিস্থানের বাস্তুহারা, এদের মধ্যে সামঞ্জস্য সাধনের জন্য মনোনিবেশ করেছেন। ধীরে ধীরে এই কাজ অগ্রসর হচ্ছে। আজ যদি এই সামঞ্জস্য সাধনের দিকে এতটুকু তারতম্য হয় তাহলে অবস্থা ভীষণ আকার ধারণ করবে। যে ৭ লক্ষ বাস্তুহারা আজ নদীয়ার দিকে আশ্রয় নিয়েছে তাদের উপর অবিচার করা হবে এবং যে ৩ লক্ষ বাস্তুহারা মুসলমান নদীয়াতে পুনরায় ফিরে এসেছে তাদের উপর অত্যাচার হবে। এই নদীয়া জেলার অবস্থা কিভাবে সমাধান করা হবে তা সকলের ধীর স্থিরভাবে চিন্তা করা উচিত। কুচবিহার, মালদহ এবং পশ্চিম বঙ্গের অন্যান্য জেলারও আজ এই অবস্থা। আজ আমাদের দেশের বর্ত্তমান অবস্থাকে সামনে রেখে কাজে অগ্রসর হতে হবে। আজ সেখানকার জনসভার যে দাবী তা আমি চাপা দিতে চাই না।

খাদ্য বিভাগের ভূতপূর্ব পার্লামেন্টারী সেক্রেটারী শ্রীকাবাই লাল দে মহাশয় ইতিপূর্বে বলেছেন যে পরিষদ সচিবদের অবথা কেন রাখা হয়েছে। তখনকার দিনে হয়ত প্রাক্তন খাদ্যসচিবের কাজকর্ম অল্প ছিল। কিন্তু আজকাল যাঁরা পরিষদ সচিব তাঁদের কাজ করতে হয় অনেক বেশী। এই জন্য পরিষদ সচিবগণ জনমতের কথা ব্যক্ত করবার অধিকার রাখেন। তাই আমি আজ সেখানকার জনমত কি চায় সেটা এখানে নিবেদন করছি। ভারতীয় রাষ্ট্রের মাননীয় মন্ত্রী শ্রীঅজিত প্রসাদ জৈন মহাশয় এবং পশ্চিম বাংলার প্রধান মন্ত্রী ডাঃ বিধান চন্দ্র রায় মহাশয়, আইন সভার পুরোভাগে উদ্বাস্তুদের উপযুক্ত বসবাসের ব্যবস্থা না করে উচ্ছেদ সাধন করা হবে না বলে যে ঘোষণা করেছেন এই সভা সেই জন্য তাঁদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছে এবং এই সভা দৃঢ়তার সঙ্গে এই ঘোষণা সমর্থন করে এই অভিমত প্রকাশ করছে যে উদ্বাস্তুদের স্থায়ীভাবে বসবাসের ব্যবস্থা না করে যেন তাদের উৎখাত করা না হয়।

আমাদের যারা অন্ন উৎপাদনকারী, যারা মাথার ঘাম পায়ে ফেলে সম্পত্তি গড়ে তুলেছে, তাদের সর্বাগ্রে সাহায্য করা দরকার। এখানে হিন্দু-মুসলমান বলে কোন কথা নয়। এখানে মানুষ হিসাবে মানুষের মত শ্রেষ্ঠ স্থান দিয়ে এদের সকলকে সুপ্রতিষ্ঠিত করতে হবে। আমি জানি এই বিভাগের কর্মিগণ ও যিনি পরিচালক তাঁরা সেদিকে উদার দৃষ্টি রেখে এই কাজে অগ্রসর হচ্ছেন।

আমি এই প্রসঙ্গে আমার জেলার পূর্বেকার একটা ইতিহাসের কথা উল্লেখ করছি। বর্গীরা যখন বীরভূম জেলা বারবার আক্রমণ ও লুণ্ঠন করতে আসে তখন বাংলার নবাব একটা উপায় স্থির করলেন যে, যে রাস্তা দিয়ে তারা লুণ্ঠন করতে, ফসল অপহরণ এবং সব কিছু ধ্বংস করবার জন্য ও মন্দিরকে চূর্ণ-বিচূর্ণ করবার জন্য আসত, সেই সেই রাস্তার ধারে এক একটা সৈন্যশিবির স্থাপন করলেন। এই বীরভূমে অনেকে গিয়েছেন, তাঁরা জানেন যে সেখানে বহু পাঠান পল্লী আজও দেখা যায়। আজকে ৭ শত মাইল আমাদের সীমান্ত অঞ্চল। সকলকে ভাবতে হবে রাজ্যের নিরাপত্তার জন্য এই সমস্ত যোদ্ধাজাতিকে এবং রাজ্য সরকার দ্বারা যে সমস্ত জাতীয় রক্ষী-বাহিনী গঠন হচ্ছে তাঁদের এক একটী আদর্শ পল্লী স্থাপন করে, সেখানে তাঁদের সুপ্রতিষ্ঠিত করে সমবায় সমিতির দ্বারা যাতে তারা অন্ন উৎপাদন করতে পারে তার ব্যবস্থা সর্বাগ্রে করতে হবে। এ বিষয় যেমন উদাসীন থাকলে রাজ্যে অবাধে শত্রু প্রবেশ করবে সেইরূপ বাস্তুচ্যুত নরনারীদের প্রতিষ্ঠিত না করলে রাজ্যরক্ষার মনোভাব বিরোধী হয়ে উঠিবে। অবশ্য এইভাবেই বিরোধিগণ তাদের দল ইতিমধ্যে গঠন করেছেন। এই পরিষদে আরও কতকগুলি বিষয় আমি মাননীয় প্রধান মন্ত্রীমহাশয়ের নিকট নিবেদন করছি। যে সমস্ত বাস্তুহারা অস্বাস্থ্যকর স্থানকে স্বাস্থ্যকর স্থানে পরিণত করেছেন এবং নিজেদের পরিশ্রম দ্বারা বিভিন্ন জায়গায় সহরের উপকণ্ঠে বাসপযোগী গৃহ নির্মাণ করেছেন, তাঁদের প্রতি বিশেষভাবে দৃষ্টি দেওয়া দরকার। কেন না তাঁরা অনেকেই এই উদ্দেশ্য নিয়ে যেখানে আশ্রয় নিয়েছেন তাদের উদ্দেশ্য হীন নয়। তাঁরা কৃষিকার্য্য করবো বলে, এবং মোটা খেয়ে জীবন ধারণ করবার আশায় রাষ্ট্রকে গড়ে তুলতে চান—তাদের উদ্দেশ্য মহৎ। বীরভূমে প্রায় ৬০ হাজার লোক প্রতিষ্ঠিত হয়েছে। তারা গ্রামের ভিতর মাথার ঘাম পায়ে ফেলে কোন রকমে খেটে খাচ্ছে। আজকে বীরভূমে যদি আরও অন্যান্য শ্রমজীবীদের প্রতিষ্ঠিত করতে পারা যায় তাহলে এই রাষ্ট্রের ধীরে ধীরে সম্পদ বাড়বে—গ্রামের মজুর সমস্যার সমাধান হবে। মজুরগণ আজও অস্পৃশ্য ও অপাংক্তেয়। এজন্য আমি আজকে এই উপলক্ষে জানাচ্ছি কয়েকদিন আগে শ্রীযুত অন্নদা চৌধুরী মহাশয় আমাকে বলেছিলেন যে তিন পয়সার ডাক টিকিট অপব্যবহার করা হয়েছে।
(Here blue light was lit)

Mr. SPEAKER: Your time is up.

Sj. NISHAPATI MAJHI: আমাকে আর এক মিনিট সময় দিন। এ বিষয়ে যদি চৌধুরী মহাশয় আমাকে দায়ী করে বলতেন, তাহলে আমি পদত্যাগ করতে পর্য্যন্ত প্রস্তুত ছিলাম। কিন্তু পূজনীয় চৌধুরী মহাশয় আমাকে ছেড়ে দিয়ে তপশীল জাতির সম্মেলনকে বড় করে জড়িত করে এই জিনিষটা প্রকাশ করায় আমি অত্যন্ত দুঃখিত। আজকে যদি কোন তপশীল জাতির সম্মেলনের কোন প্রতিষ্ঠান গড়ে ওঠে, তাকে সকলের চেষ্টার দ্বারা আরও বড় করা উচিত। জাতীয় সরকার তাদের রাজনীতিক চেতনা বৃদ্ধির জন্য পৃথক টাকা ব্যয় করছেন। সুতরাং অস্পৃশ্যদের প্রতিষ্ঠানকে জনগণের নিকট খাট করা সত্যই অত্যন্ত বেদনাদায়ক। আমি খাদ্য বিভাগের মন্ত্রীমহাশয়ের নিকট এ বিষয়ে রিপোর্ট দাখিল করেছি এবং কয়েকজন ভারপ্রাপ্ত কর্মচারীর উপর কৈফিয়ৎ তলব করেছি। আমি নিজে তপশীল জাতির কর্মীদের কার্য্যালয়ে গিয়ে বিশেষভাবে, কয়েকজন কর্মীকে এই নির্দেশ দিয়ে আসি যে তপশীল জাতির সম্মেলনে সরকারী ডাক টিকিট যাতে ব্যবহার করা হবে না।

Mr. SPEAKER: I find you are speaking on a point of personal explanation.

Sj. NISHAPATI MAJHI: তপশীল জাতির প্রতিষ্ঠানের নির্দেশ অবান্য করে যদি কোন কর্মচারী অবৈধ কাজ করিয়া থাকেন তাহা হইলে তার জন্য আমার কাছে কৈফিয়ৎ বা তলব দাবী করলে ভাল হ'ত। এবং তার জন্য যদি মাননীয় মন্ত্রীমহাশয় আমাকে যে কোন শাস্তি দেন তা আমি মাথা পেতে নেব। এ বিষয় চৌধুরী মহাশয়কে আমার এই কথা জানানো দরকার বলেই অবান্তর বিষয়টী উল্লেখ করলাম কারণ তিনিই এই অবান্তর বিষয়টি পরিষদে উত্থাপন করে ভয়ানক নাম জাহির করেছে।

ডাক্তার রায়ের নেতৃত্বে বিভাগীয় কাজ নানা দিকে নানাভাবে চলেছে এবং ধীরে ধীরে এগিয়ে চলেছে আমি তা সর্ব্বান্তঃকরণে সমর্থন করছি এবং আমি আশা করি অবিলম্বে এ দেশের বিরাট সমস্যার সমাধান শীঘ্রই হবে। নয় নম্বর ছাটাই প্রস্তাব এজন্য নিতান্ত বাজে জিনিষ বলেই অভিমত জানাচ্ছি।

Dr. SURESH CHANDRA BANERJI: আমি একটা বিষয় কিছু বলতে চাই।

Mr. SPEAKER: As a matter of fact I was told by Mr. Kanai Lal De that most of the time should be given to Haripada Babu.

Dr. SURESH CHANDRA BANERJI: আমার নামও ঐ listএর মধ্যে ছিল।

Mr. SPEAKER: I must say that it is very difficult to refuse the request of honourable members who desire to speak. At the same time my difficulty is that the time which is taken by members is not devoted to the subject-matter of the debate and then they want more time to finish their speech. We have got to curtail time and to curtail it always depends on the co-operation of both the parties concerned. But I am not finding that, and I have to take the onerous duty of asking members to curtail their speeches though I have not the slightest inclination in my mind to ask the members on both the sides to curtail their speeches. If these two objects of co-operation from both the sides and of being relevant in speeches are not realised it is not possible for me strictly to stick to our time-table. You have to arrive at a decision by agreement or, failing that, I have got to decide what time-table we shall stick to. We have been sitting from 3-30 p.m. to 8-30 or 9 p.m. but we have not been able to finish. But formerly during the League days when there were 250 members and a strong Opposition the time-table was seldom exceeded.

Sj. SIBNATH BANERJEE: On a point of privilege, Sir. Supposing we are at times unreasonable, but there is the provision of guillotine. It is the opposition's prerogative to speak at greater length, although, of course, we shall be guided by the Chair.

Mr. SPEAKER: Order, please, Mr. Banerjee. When the Speaker rises you ought to resume your seat.

Sj. SIBNATH BANERJEE: Sometimes in the heat of the debate, Sir, we forget to do that.

Mr. SPEAKER: As an experienced parliamentarian you ought to know that the guillotine is the last resort which cannot be taken into account when discussion goes on. A schedule has been framed that so much business has to be finished on a particular day and it is our duty to see that that is finished within the day. The ordinary time is three hours but we have been sitting from 3-30 to 8-30 and still we have not been able to finish within our time.

Sj. SIBNATH BANERJEE: May I suggest one thing, Sir? If the Leader of the House and the Leader of the Opposition, though technically there is none, sit together and fix the time it will help us very much.

Mr. SPEAKER: I have tried but it has not worked. The difficulty is that Mr. Kanai Lal De controls 8 members; the other members are not controlled by him. If you agree that he will act for you so far as this debate is concerned I will be very glad, and if the Whip of the Government Party and Mr. Kanai Lal De will settle among themselves the time and give it to me, my onerous duty is discharged. I will give that time to the members concerned and there will be no grievance.

Sj. SIBNATH BANERJEE: As far as I am concerned I agree.

Dr. SURESH CHANDRA BANERJI: মাননীয় স্পীকার মহোদয়, এতক্ষণে আমার বক্তব্য শেষ হয়ে যেত। আমার উদ্বাস্তু ও বাস্তুহারাদের সম্বন্ধে অনেক কথা বলবার আছে। কিন্তু বলবার সুযোগ নাই। এই উদ্বাস্তুদের একটা ঘটনা সম্বন্ধে আমার একটা adjournment motion দেওয়া আছে।

ঝাউতলা রোডে একটা নারী উদ্বাস্তু শিবির আছে। সেখানে উদ্বাস্তু বালিকারা বাস করে। তাদের বয়স ৮ হতে ১৭। এই শিবিরে বালিকারা অনশন ধর্ম্মঘট সুরু করে। অনশনকারিণীদের মধ্যে ৪ জনের অবস্থা খারাপের দিকে যায়, এবং তাদের হাসপাতালে পাঠানোর প্রয়োজন হয়। সেই উদ্দেশ্যে গতকল্য সন্ধ্যায় ৬০ জন পুলিশ হঠাৎ শিবিরে উপস্থিত হয়। তাদের মধ্যে ৮ জন ছিল নারী পুলিশ, শিবিরের অধিবাসিনী বালিকারা অনশনকারিণীদের শিবির হতে নিয়ে যেতে আপত্তি জানায়। ফলে একটা বিরোধ বাঁধে। তারপরে ঐ শিবিরের অনশনকারিণীদের দুইজনকে শিবির হতে নেয়া হয়।

এ সম্বন্ধে মুখ্য মন্ত্রী মহাশয়ের নিকট আমি ৩টী প্রশ্ন জিজ্ঞাসা করতে চাই—(১) ওরা অনশন কেন করেছে? ওদের দাবী কি কি? সেসব দাবী ন্যায়সঙ্গত কি না? এবং যদি ন্যায়সঙ্গত হয়ে থাকে, তা পূরণের কোন চেষ্টা করা হয়েছিল কি না? যদি হয়ে থাকে, সে চেষ্টা কে করেছিল? মন্ত্রীমহাশয়দের মধ্যে কেউ সেখানে গিয়েছিলেন কি না?

২। তাদের হাসপাতালে প্রেরণের জন্য হঠাৎ এত অধিক সংখ্যক পুলিশ গেল কেন? এত অধিক সংখ্যক পুলিশ দেখে তরুণীদের মনে বিক্ষোভ সৃষ্টি হওয়া স্বাভাবিক কিনা? সেখানে পুলিশ পাঠাবার আগে, তাদের হাসপাতালে যাওয়ার জন্য অনুরোধ আর কেউ করেছিলেন কি না, যদি করে থাকেন কে করেছেন? গণতান্ত্রিক শাসনপদ্ধতিতে পুলিশের সাহায্য সর্বশেষে নেয়া হয় গভর্ণমেণ্টের এই কথাটা মনে ছিল কি না?

৩। তাদের হাসপাতালে অপসারণের ব্যাপারে পুলিশ বল প্রয়োগ করেছে কি না? করে থাকলে তা ঠিকমত করেছে কি না?

এই কয়টী প্রশ্ন আমি মুখ্য মন্ত্রী মহাশয়ের সমীপে উপস্থিত করছি, এবং আমি এর প্রত্যেকটীর জবাব চাই।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Mr. Speaker, Sir, with regard to the offer of Sj. Haripada Chatterjee I am very happy to hear that he is prepared to co-operate. I am sorry if I have given expression to anything which has hurt his feeling which I did not mean to. I only made a statement on the last occasion.

Sir, the question has been asked by my friend Sj. Sibnath Banerjee, why has the Howrah district been chosen for the purpose of finding out whether we can put in some displaced persons in that district. The reason is this. As I have indicated before, while it has been found comparatively easy to rehabilitate or put in their own line men belonging to the artisan class, men belonging to the other business groups or professional groups, the trouble has been with those who have not been doing any work in East Bengal before they migrated to West Bengal. It is impossible for them to take to agriculture and even if they did, as my friend Mr. J. C. Gupta pointed out very aptly, if you want to give each individual an economic unit it is not possible to put in more than two lakhs of people in the area that is available in this West Bengal Province. Therefore we had to find some other alternative scheme and the scheme has been that instead of trying to give to each family 3 acres of land which is probably the minimum, it may be possible to rehabilitate a larger number by giving them 2 acres

for ordinary paddy cultivation and half an acre to one acre for horticulture work. My Agriculture Department has given me a list which shows that even if you take a very moderate estimate you can grow nearly 100 maunds of vegetables in one *bigha* of land, and one *bigha* of land after paying all outgoing will give to the horticulturist at least Rs. 600. Therefore if it is one acre of land or 3 *bighas*, it should give him Rs. 1,500 or Rs. 1,800, so that if he has one acre of horticultural land and 3 acres of paddy land, that paddy land may be enough to give him sufficient rice for his own livelihood and the horticultural land will give him sufficient return which will make it possible for him to continue his life in comfort.

Sir, with regard to the question that has been raised by Dr. Suresh Chandra Banerji, the incident has happened yesterday. One of the newspaper men who had been there—*Ananda Bazar Patrika*—I find has given in the paper a fairly correct account but the other paper has given a garbled version. Therefore it is necessary for me to give a Press Statement tomorrow so that it will give to everybody concerned, not merely Dr. Banerji or any member of the Assembly but the people of Bengal, exactly what the situation has been, dealing with the points which Dr. Banerji has raised.

Sir, I am now, after getting these statistics, very hopeful, very optimistic with regard to our ability to put in the displaced persons in comfortable places, not perhaps in the course of a month or two months—we cannot be impatient in these matters—probably the people who have read history know that in the case of the displaced persons from Greece to Turkey, there it took at least 12 years for them to be rehabilitated and I believe even now some of them have not been properly rehabilitated. Rehabilitating a large number of people—15, 20, 22 lakhs of people—is not a joke and therefore I personally feel that we are in a better position for two reasons so far as rehabilitation is concerned. First, I am glad to say that the Central Government now is taking a great deal of interest in the problem of rehabilitating refugees from East Bengal. This is a helpful and hopeful sign. They have even offered to me that if they are given 10,000 *bighas* of land in any particular area they will be able to establish in that area two or three small townships and several big villageships on the pattern of Fulia which I understand—I have not seen it myself—has struck the right note so far as Bengali youths are concerned. The second reason why I say that I am hopeful is that I have come to realise that the refugees from East Bengal are not a liability to the State. If we can properly arrange and put them in the proper places to supplement wherever the need be the efforts of the people of West Bengal they will not only not be a liability but they will be an asset to the people of West Bengal. This is my hope, this is my feeling and I hope and trust that before long I shall be able to report to the people of Bengal what steps the State and the people of West Bengal have been able to take in the matter of rehabilitating these displaced persons from East Bengal.

With these words I move the motion that stands in my name.

The motion of Sj. Kanai Lal De that the demand of Rs. 10,01,13,000 for expenditure under Grant No. 35, Major Heads: 57—Miscellaneous—Expenditure on displaced persons, etc., be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Charu Chandra Bhandari that the demand of Rs. 10,01,13,000 for expenditure under Grant No. 35, Major Heads: 57—Miscellaneous—Expenditure on displaced persons, etc., be reduced by Rs. 100 was then put and a division taken with the following result:—

AYES—6.

Bandopadhyaya, Sj. Pramatha Nath	**Banerji, Dr. Suresh Chandra**
Banerjee, Sj. Sibnath	**Bhandari, Sj. Charu Chandra**

Choudhury, Sj. Annada Prasad	Mudassir Hossain, Janab
De, Sj. Kanai Lal	Sen, Sj. Debendra Nath
Molla Mohammad Abdul Halim, Janab	

NOES—39.

Abdullah, Janab S. M.	Mal, Sj. Iswar Chandra
Banerjee, Sj. Sushil Kumar	Mallick, Sj. Ashutosh
Bhattacharyya, Sj. Shyamapada	Mandal, Sj. Krishna Prasad
Chaudhuri, The Hon'ble Rai Harendra Nath.	Mandal, Sj. Umesh Chandra
Clarke, Mr. C. E.	Muhammad Qumruddin, Janab
Das, Sj. Radha Nath	Muhammad Siddique, Dr. Syed
Das Gupta, Sj. Khagendra Nath	Nandy, Maharaja Srie Chandra, of Cossimbazar.
Dass, Sj. Kanailal	Naskar, Sj. Ardhendu Sekhar.
Dolui, Sj. Harendra Nath	Naskar, The Hon'ble Hem Chandra
Dutt-Mazumdar, The Hon'ble Niharendu	Panja, The Hon'ble Jadabendra Nath
Ganguli, Sj. Bepin Behari	Pentony, Mr. L. R.
Gayen, Sj. Arabinda	Pramanik, Sj. Rajani Kanta
Ghose, Sj. Bimal Comar.	Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Gomes, Mr. D.	Ricketts, Mrs. E. M.
Gupta, Sj. J. C.	Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Mahammad Sayeed Mia, Janab	Roy, Sj. Jajneswar
Mahanty, Sj. Charu Chandra	Sen, The Hon'ble Prafulla Chandra
Maiti, The Hon'ble Nikunja Behari	Serajuddin Ahammad, Janab
Majhi, Sj. Nishapati	Shamsul Huq, Janab
Majumdar, The Hon'ble Bhupati	

The Ayes being 9 and the Noes 39 the motion was lost.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that a sum of Rs. 10,01,13,000 be granted for expenditure under Grant No. 35, Major Heads: 57—Miscellaneous—Expenditure on displaced persons, 82—Capital Account of other State Works—Expenditure on displaced persons, and Loans and Advances bearing interest—Loans and Advances to displaced persons was then put and agreed to.

43—Industries—Cinchona.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, on the recommendation of His Excellency the Governor I beg to move that a sum of Rs. 35,55,000 be granted for expenditure under Grant No. 27, Major Head: 43—Industries—Cinchona.

Sir, I have already stated the other day in reply to a question of my honourable friend Sri Annada Chowdhury that we are manufacturing 70,000 pounds of quinine in three places in Bengal; and 40,000 pounds of quinine are manufactured in the Madras Presidency in the Nilgiri Hills. Of these plantations that we have got in Bengal in Munsong area there are 1,626 acres, in Lat Panchar area there are 217 acres, in Mungpo area there are 1,724 acres and in Rongo area 537 acres. The total is 4,104 acres under Cinchona. Sir, apart from these, as I indicated also the other day, we have started cultivation and commercial exploitation of medicinal plants other than cinchona. We have, as I have indicated before, appointed an expert committee for the purpose of drawing up a scheme and we have provided a certain sum of money for that. Six sub-tropical plants, for example, Digitalis, Purpuroa; Swertia Chirata; Lobelia Inflata; Taraxacum Officinalis; Atropa Acimunata; Menthia Purpurita, which grow at a level of 5,000 feet and above have been grown in Mungpo area in a very huge quantity which seemed to be a very good place for growing of these plants. Four other medicinal plants, namely, Capehaelis Ipcacuanha, Rauwolfia Canoscenes, R. Serpentina, Camphor are generally grown in places near about 3,000 feet and Rongo is the area that has been selected where these medicinal plants are grown. The Indian Council of Agricultural Research and the Government of India whom we approached have agreed to bear the cost

Mr. SPEAKER: Do you want to continue your speech? Mr. Banerjee does not want to move his cut motion.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, I simply move that the demand be granted.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that a sum of Rs. 35,55,000 be granted for expenditure under Grant No. 27, Major Head: 43—Industries—Cinchona, was then put and agreed to.

(At this stage the House was adjourned for fifteen minutes.)

(After adjournment.)

37—Education.

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,47,25,000 be granted for expenditure under Grant No. 19, Major Head: 37—Education.

For the fourth time since transference of power it is my privilege to present the Education Budget for the approval of the House. Hon'ble Members have noticed, I believe, that demand under Head "37—Education" next year comes up to more than Rs. 3·47 crores as against Rs. 3·06 crores which was demanded for the current year. Apart from the demand for Rs. 3·47 crores under this Head which I am now submitting before the House, the demand for Rs. 18·55 lakhs for educational buildings will also be made under Head "50—Civil Works." But even excluding the latter, the demand for Rs. 3,47,25,000 under Head "37—Education" itself is the largest amount that has ever been demanded under Head "Education" in Bengal before or in West Bengal after the Partition. In the year before Partition, *i.e.*, in 1946-47, the actual expenditure under Head "Education" was Rs. 3·03 crores. If the demands that are now being placed before the House be accepted, the Government of West Bengal will be spending about three times *per capita* on the basis of a population of even 2·40 crores. As Refugee education has been separately provided for, refugee population may not entirely be taken into account under this Head. The cost per head may yet be small indeed for the purposes of education on modern lines, but the rate of progress of expenditure under Head "Education" during the last 3 years will, I am sure, be recognised by all unprejudiced persons as signifying a firm determination to proceed with nation-building activities notwithstanding our difficult financial situation.

And what are the resources available to us out of which this progress has to be maintained? In 1946-47 out of the total revenue of Rs. 39·91 crores Government of United Bengal could spend only Rs. 3·09 crores, *i.e.*, not even 8 per cent. of the total revenue. Now West Bengal Government propose to spend more than 3·47 crores out of an estimated total revenue of Rs. 34·04 crores, in other words, more than 10 per cent. of the reduced revenue. This is apart from those items of expenditure connected with education that have been provided for under other Heads.

We are repeatedly told, Sir, that the other and more fortunate provinces of the Indian Union—fortunate in having larger income—spend a higher percentage of their revenue on education. That may be the case, but no Bengalee can afford to forget that if we had the singular misfortune of belonging to a war-stricken and famine-stricken province before the Partition, we have now been suffering from the unenviable affliction of amputation or partition and its sequelae. So our primary obligations are great and manifold, but our resources are regrettably low.

Before I proceed further and submit in detail the proposals for expenditure under different sub-heads of Education I should give the House an account of what the Education Department has actually been able to do in the current year and I will preface that account by pointing out the fact that our revised budget stands at 3·19 crores as against 3·06 crores that the Hon'ble Members were pleased to grant to my Department at this time last year. In other words, the fund at our disposal is likely to fall short of our requirements by as much as 13 lakhs and money will have to be found for:—

	Rs.
(*a*) Payment of arrear dearness allowance to Professors of non-Government Arts Colleges	1,56,000
(*b*) Reprinting of "Kishalaya" (Part I) and new printing of "Kishalaya" (Part II) for use as Primers for class III and class IV of Primary Schools ...	1,87,000
(*c*) Additional provision for schemes under Development programme	9,57,000
	13,00,000

Supplementary estimates have been submitted covering these amounts.

1950-51.

Fundamental Education.—(1) **Social (Adult) Education.**—In my Budget speech last year I submitted that in the field of Mass and Social Education we proposed to spend 3 lakhs more in the current year to supplement the Central aid. Instead we had to find Rs. 3·24 lakhs which together with Rs. 3·39 lakhs out of the Central aid made it possible for us to provide during the current year for a total expenditure of Rs. 6,63,000 for the promotion of Social Education. The number of Government Adult Education Centres is at present 536 (413 Literacy Centres and 123 Social Education Centres). The number of Centres run by aided voluntary institutions is about 71. The scheme both in the literacy and social wings is reported to be working satisfactorily under the guidance of an advisory body which has been constituted with experts and men of experience in this line. A new syllabus for the training centres has been published and a monthly magazine, namely, *Janasiksha*, has been started from January last for the use of the new literates. A handbook for the teachers also is under preparation.

(2) **Primary Education.**—In the sphere of Primary Education we took full advantage of the amendments that were made to the Bengal (Rural) Primary Education Act in the current financial year to facilitate the introduction of compulsory Primary Education and although there was no specific provision, brought 36 unions in Burdwan and 2 in Birbhum under the scheme of compulsory universal Primary Education with the approval of the School Boards of those two districts and have sanctioned such a scheme for introduction in parts of the district of Hooghly also. To enable the teachers to teach in accordance with the new syllabus recommended by our School Education Committee, a hand-book has been prepared and distributed free to the Primary school teachers. Hon'ble Members are aware that since the last year a Primer named "Kishalaya" has been introduced in class III of Primary schools and all students in that form are getting it at cost price. Similarly, "Kishalaya", Part II, has been published by Government and is being supplied at cost price to students of class IV.

Sj. CHARU CHANDRA BHANDARI: বহু পাঠ।

The Hon'ble Rai HARENDRA NATH CHAUDHURI: I believe "Kishalaya", Part I, is priced at 8 annas and "Kishalaya," Part II, is priced 11½ annas. I may say that "Kishalaya" is being distributed free to students in those areas where compulsory primary education has been introduced.

তিনটা বিষয় খাদ্য সম্বন্ধে উঠেছে। এই Extraordinary Chargesএর মধ্যে শুধু খাদ্যই নয়, নানা বিষয় আছে; সুতা আছে, কাপড় আছে, iron, steel, cement, kerosene, consumer goods—এই সমস্ত জিনিষই এর মধ্যে আছে। তবে আমি মোটামুটি খাদ্য বিষয়ে আমার আলোচনা সীমাবদ্ধ রাখব। এবং আমার

বন্ধু মাননীয় শ্রীনিকুঞ্জ বিহারী মাইতি, সরবরাহ সচিব মহাশয়, বস্ত্র এবং সুতা সম্বন্ধে যদি আবশ্যক হয় বলবেন। এখানে তিনটি বিষয় নিয়ে লোকের মন আলোড়িত হচ্ছে। একটা হচ্ছে নিয়ন্ত্রণ রাখা উচিত কি উচিত নয় খাদ্য সম্বন্ধে। (২) যদি নিয়ন্ত্রণ রাখা উচিত হয় তবে কিভাবে হবে। (৩) এবং সংগৃহীত শস্য বণ্টন কিভাবে হবে। এই তিনটি বিষয় নিয়ে আমাদের মধ্যে আলোচনা হচ্ছে। নিয়ন্ত্রণ আমাদের এই রাজ্যের ব্যাপারই শুধু নয়, এটা সর্বভারতীয় ব্যাপার। আমাদের কেন্দ্রীয় Governmentএর উপর নির্ভর করতে হয় এবং বিদেশী শস্যের উপরও নির্ভর করতে হয়। আশা করি মাননীয় সদস্যগণ সকলেই একথা জানেন যে, বিদেশী শস্য কোন রাজ্য সরকার ক্রয় করতে পারেন না বা কোন বিদেশের সঙ্গে এবং অন্য প্রদেশের সঙ্গে ব্যবসা করতে পারেন না। আমাদের কেন্দ্রীয় Government বিদেশী Governmentএর কাছ থেকে শস্য ক্রয় করেন। কাজে কাজেই খাদ্য নিয়ন্ত্রণ ইচ্ছা করলেই যে আমরা তুলে দিতে পারি তা নয়, এবং গত দুদিন আমি প্রমাণ পেয়েছি যে খাদ্যের উপর নিয়ন্ত্রণ প্রায় সকলেই রাখতে চান।

নাসিক কংগ্রেস অধিবেশনে প্রতিনিধিরা বহুমতে এই সিদ্ধান্তে উপনীত হয়েছেন যে, খাদ্যের উপর নিয়ন্ত্রণ রাখাই উচিত এবং শুধু খাদ্যই নয়, অত্যাবশ্যক অন্যান্য জিনিষের উপরও। একটা কথা আজ আমি এখানে বলব—আজ সকাল বেলা আমাদের কতিপয় জেলার production ও লোক সংখ্যার হিসাব এবং তাদের কি পরিমাণ শস্য প্রয়োজন তা দেখছিলাম। দেখলাম কুচবিহার যে জেলাটি মাত্র গতবৎসর আমাদের সঙ্গে যুক্ত হয়েছে সেখানে চালের দর অত্যন্ত বৃদ্ধি পাচ্ছে—কোনো জায়গায় ২৫৲, কোন জায়গায় ৩৫৲, কোন জায়গায় বা ৩৭৲ টাকা মণ। কুচবিহারের গড়মূল্য অত্যন্ত বেড়ে গিয়েছে, সেখানে ধানের মূল্য হচ্ছে average ৩৫৸৵০ আনা। এই মার্চ মাসে পশ্চিম বঙ্গের কোন জেলায়ই ৩৫৸৵০ আনা দর নাই। আপনারা জানেন কুচ. বিহার আমাদের হাতে নূতন এসেছে। যদিও সেখানে সংগ্রহের একটা ব্যবস্থা করা হয়েছে, কিন্তু procurement খুব বেশী কিছু হয় নাই। তাছাড়া লোকের মনও তৈরী হয় নাই। আমি এই সভাগৃহের সকলকেই জানিয়ে দিতে চাই যে কুচবিহার রাজ্যের লোক সংখ্যা ৭ লক্ষের কিছু কম। এখানে আমন ধান হয়েছে ৪৮ লক্ষ ৫১ হাজার মণ, আর আউশ হয়েছে ৩ লক্ষ ৮৫ হাজার মণ। তাহলে লোকসংখ্যানুপাতে মাথাপিছু ৭ মণের কিছু বেশী হয়। তাহলে দর বেশী কেন? ছোট একটি উদাহরণ দিচ্ছি। তার কারণ হচ্ছে Cooch Beharএ তেমন procurement হচ্ছে না। সেখান থেকে অন্য কোথায়ও ধান চাল চালান অসম্ভব ব্যাপার—যাতায়াতের খুব অসুবিধা। Cooch Beharএ কেন তাহলে ৩৫৸৵০ চালের দর হল। এজন্য কুচবিহারে বড় জোতদার—large producers—অধিক পরিমাণ খাদ্য উৎপাদকের সংখ্যাই বেশী। কিন্তু তারা সহজে তাদের উদ্বৃত্ত ধান হস্তান্তর করতে চায় না। ফলে কুচবিহারের ধানের মূল্য এত হয়েছে। অনেকেই একথা বলেন যে Cooch Beharএ পাট তামাক বেশী হয় তাই পাট তামাক বিক্রী করে পয়সা বেশী পাচ্ছে, তাই Cooch Beharএর লোকের purchasing power, ক্রয়শক্তি অন্যান্য জায়গার থেকে একটু বেশী এবং এই কারণে ধানের দামও একটু বেশী, মজুরীও সেখানে একটু বেশী। Cooch Beharএ যদি ধান্য সংগ্রহ করা যায়, তবে আমার বিশ্বাস চালের দাম কমবে, অন্যান্য জেলায় চালের দাম কি রকম শুনুন—বীরভূমে চালের দর মণপ্রতি ১৫।০, বাঁকুড়ায় ১৫৸৵০, মেদিনীপুর ১৬।৵০, দিনাজপুরে ১৭৲ আর কাঁথিতে মাত্র ১৩৲ টাকা, ঘাটালে ১৭॥০, বর্দ্ধমানে ১৭।০, কালনায় ১৯।৵০—সেখানে থেকে smuggling হয়। মালদহে হিসাব করলে দেখা যায় মাথাপিছু ৭ মণ ধান হয়। কিন্তু সেখানে যথাযথ সংগ্রহ হচ্ছে না। সুতরাং আমার দৃঢ় বিশ্বাস খাদ্য নিয়ন্ত্রণ একান্ত দরকার। অনেকে বলেন আমরা যেসব হিসাব দেই তাতে গলদ আছে। কিন্তু একটা হিসাব মানতেই হবে। আমাদের হিসাব Indian Statistical Institute ঠিক করে দিয়েছে, সেটা মানতে হবে তারপর procurement সম্পর্কে অনেকে বলেন, এটা আমরা সহরের জন্য procurement করছি, কিন্তু এটা ঠিক নয়, ১৯৫০ সালের ৩১শে ডিসেম্বর পর্য্যন্ত আমরা ৪ লক্ষ ৭৩ হাজার টন চাল সংগ্রহ করেছি। তার আগের বছর ৪ লক্ষ ৩৭ হাজার টন করেছিলাম। এর মধ্যে এক লক্ষ ৩৫ হাজার টন গ্রামাঞ্চলে modified rationingএর জন্য পাঠিয়ে দিয়েছি। এই ৪ লক্ষ ৭৩ হাজার টনের মধ্যে সবটাই শিল্পাঞ্চলে দেই নাই। হরিপদবাবু বলেছেন নদীয়ায় অনেক আশ্রয়প্রার্থী আসায় অনেক মুসলমান ভাইরা বাধ্য হয়ে চলে গেছে। ইহা সত্য কথা। যে নদীয়ায় ৭॥ লক্ষ লোকসংখ্যা ছিল সেখানে এখন দাঁড়িয়েছে ১৪ লাখ। এবং ফসল নদীয়া জেলায় খুব বেশী হয় না কিন্তু এবার পূর্ব্ব পূর্ব্ব বছর থেকেও কম হয়েছে। এত আশ্রয়প্রার্থী আসায় ধানের দাম আরো বেড়েছে। মাননীয় সদস্যমহাশয় শুনলে খুশী হবেন—১২ লক্ষ ৮০ হাজার লোককে ২$\frac{১}{২}$ মাস ধরে

সরকার থেকে modified rationing দিয়েছি। সপ্তাহে দেড় সের করে প্রাপ্ত বয়স্কদের আর ১ সের করে অল্প বয়স্কদের দিয়েছি। এই রকম করে modified ration আমরা গ্রামের জন্য যাদের আর কম তাদের দিয়েছি। বর্ত্তমানেও এই modified rationingএর সুযোগ ৬।৭ লক্ষ লোক পাচ্ছে। ধানের দাম বাড়াবার বিষয়ে অনেক সদস্যই অনেক কথাই বলেছেন কিন্তু এখানে মনে রাখতে হবে যে চাষীরা, producersরা, একই শ্রেণীর লোক নয়, নানা শ্রেণীর চাষী আমাদের দেশে আছে। এক শ্রেণী আছে যাদের surplus produce আছে আর এক শ্রেণীর লোক আছে যারা self-sufficient বা স্বাবলম্বী। এবং আর এক শ্রেণী আছে যাদের বছরের কয়েকমাস পর্য্যন্ত তাদের নিজেদের ফসলেই চলে এবং বাকী ক'মাস বাজার থেকে কিনে নিতে হয়। এই অবস্থায় যদি সর্ব্বাত্মক নিয়ন্ত্রণ নীতি অবলম্বন করা যেতো তাহলে বর্ত্তমানে এ দুরবস্থা হত না বলে আমি বিশ্বাস করি। সর্ব্বাত্মক নিয়ন্ত্রণ নীতি প্রবর্ত্তন করতে পারলে সকলের প্রতি সমান সুবিচার হতো। কিন্তু বর্ত্তমান অবস্থায় total rationing একরকম অসম্ভব—একে কার্য্যকরী করার মতো সংগঠন বর্ত্তমানে নেই! দ্বিতীয়তঃ বর্ত্তমানে উদ্বৃত্ত অংশ surplus produce procure করতেই এত গোলমাল হচ্ছে আর total procurementএ আরো বেশী অসুবিধা হ'ত। সুতরাং আজ যদি total rationing বা total procurementএর প্রশ্ন উঠে শান্তি বজায় রাখাই কষ্ট হবে। কাজে কাজেই control রাখলে গ্রামের লোকই যে শুধু উপকৃত হবে বা সহরের লোকের শুধু উপকার হবে তা নয় গ্রামের এবং সহরের সকলেরই উপকার হবে।

কিন্তু কাপড়ের দাম কিছু কমেছে। যদি শ্রমিকদের টাকা বেশী দিয়ে জিনিষ কিনতে হয়, তাহলে জিনিষের দাম আরও বেড়ে যাবে। সরিষার তেলের দাম অনেক বেশী হয়ে গেছে। কিন্তু তার তুলনায় চালের দাম বেশী বাড়ে নাই। ঠিকমত সেই হিসেব যদি করতে যাই, তাহলে শেষ পর্য্যন্ত inflationএর কথা এসে যাবে। কিন্তু এই inflationএর কথা আমি উচ্চারণও করবো না। কারণ তা বলতে গেলে হয়তঃ হরিপদবাবু চটে যাবেন। কাজেই আমি মোটামুটিভাবে ধানের কথা মোটা কথায় বলবো।

আজ যদি খাদ্যদ্রব্যের মূল্য বাড়ে, তাহলে তেলের দামও বাড়বে। আমরা তো আর ঘানি চালাতে পারি না! উত্তর প্রদেশে ও কলকাতা সহরে কলে তেল তৈরী হচ্ছে। ধানের দাম বাড়লে শ্রমিকরা মজুরী বেশী চাইবে। কাজেই এই সমস্ত কথা আমাদের ভাবতে হবে।

আর একটী কথা এখানে খুব আলোচনা হয়ে থাকে সেটা হচ্ছে ধানের দর সম্বন্ধে। শ্রদ্ধেয় চারুবাবু ধানের দর সম্বন্ধে অনেক কথা বলেছেন। ধানের দর নির্দ্ধারণ সত্যিই একটা মস্তবড় সমস্যা। আমি কয়েক বছর ধরে খোঁজ করছি সত্যিই ধানের দর কত হওয়া উচিত। আমি নিজেই ধানের দর যে কত হতে পারে তা বুঝতে পারি না। আবার বলবো—হরিপদবাবু রাগ করবেন না, তাঁকে আঘাত দেবার জন্য বলছি না,—আমরা কাদের ধানের দর ধরবো? আমি সেদিন বলেছিলাম যে শ্রীসাতকড়ি রায় মহাশয় হিসেব দিয়েছেন ছ' হাজার কত টাকা ধান চাষের জন্য খরচ করে, দশ হাজার কত টাকা ধানের দাম পেয়েছেন সাড়ে সাত টাকা মণ দরে ধান বিক্রী করে। আমি আরও হিসেব সংগ্রহ করেছি। সকলে মনে করেন, আমাদের ডিপার্টমেণ্টের কাজ তত ভাল হয় না, অতিরিক্ত খরচ হয়। চুঁচড়াতে একটা সরকারী কৃষিক্ষেত্র আছে। সেখানকার হিসেব, জমির খাজনা, মজুরী, manureএর মূল্য, গরুর খরচ, Supervisorএর charge ইত্যাদি সব কিছু ধরে বিঘাপ্রতি ধানের চাষ করতে খরচ হয় ৪৬৸৵০ আনা। প্রতি একরে ধান পেয়েছি ২৭ মণ দশ সের এবং প্রতি মণ ধান পিছু খরচ হয়েছে ৪।৵০ আনা। সাতকড়িবাবু যে হিসেব দেখিয়েছেন, তা এর চেয়ে কম। একজন দেখিয়েছেন এক মণ ধান তৈরী করতে খরচ হয়েছে ২৶০ আনা। এমতাবস্থায় সত্যিই কার ধানের দর কত করবো, কোন হিসাব ধরবো তা ঠিক করতে পারি না। বর্দ্ধমান জেলায় canal অঞ্চলে গিয়ে দেখেছি বিঘা-প্রতি ১৪ মণের কম কারো ধান হয়নি, ১৬ মণও হয়েছে জায়গায় জায়গায়। তাদের একমণ ধান তৈরী করতে ২৲ টাকা, ২৷৷০ টাকা খরচ পড়েছে। কাজেই যখন গভর্ণমেণ্ট একটা ধানের দর নির্দ্ধারণ করবেন সব জেলার জন্য, তখন সেটা কিভাবে কাদের ধানের চাষ খরচ ধরে তাঁরা করবেন? যাদের পাঁচশো কি হাজার বিঘা জমি আমি তাদের কথা বলছি না। যাঁরা ভাগে চাষ করান, তাঁরা ভাগের ধান পান প্রায় দশ লক্ষ টন। তা থেকে আমরা সংগ্রহ করি ৪ লক্ষ ৭৩ হাজার টন। আর দশ লক্ষ টন থেকে তাদের বাড়তি বা surplus থাকে, তা থেকে কোন চাল আমরা পাই না। অনেকে জোর করার কথা বলেছেন, তা হয়ত দু'এক জায়গায় হচ্ছে। কিন্তু সব অভিযোগ সত্য নয়। হরিপদবাবু যে সমস্ত ঘটনার কথা বলেছেন, সেসব আমি অনুসন্ধান করেছি, তা বলবার সময় এখানে পাব না। হরিপদ বাবু যদি আমার কাছে আসেন, আমার ঘরে গেলে দেখাব

তিনি যত লোকের নাম দিয়েছেন আমি পুঙ্খানুপুঙ্খরূপে তার অনুসন্ধান করে রেখেছি। এখানে বলতে গেলে অনেক সময় লেগে যাবে। অনেকে বলেছেন ধানের দর বাড়ানো যায় incidental charges কমিয়ে, transport charge কমিয়ে, খরচ কমিয়ে এবং storageএ যে সমস্ত ঘাটতি হয় তা কমিয়ে। আমাদের কেন্দ্র থেকে, stores থেকে transportationএ দোকান পর্য্যন্ত আগে 5 per cent. ঘাটতি হতো, আমার বন্ধুরা শুনে নিশ্চয়ই খুশী হবেন, এখন সেটা দাঁড়িয়েছে শতকরা 2 per cent. এ। ধরুন কলকাতায় কাশীপুরে যে godown আছে, সেখানে আগে wastage হ'ত ·49, এখন সেটা কমে দাঁড়িয়েছে ·22 আমরা চেষ্টা করছি আরো কমাতে। অন্যান্য প্রদেশের সঙ্গে তুলনা করলে আমরা দেখাতে পারি যে উড়িষ্যায় procurement price ১৪৲ টাকা কয়েক আনা এবং মণপ্রতি export bonus আট আনা। এইসব কথা-কাটাকাটী করলে সমস্যার সমাধান হবে না। আমি আহ্বান করছি সকলকে আসুন আমরা চেষ্টা করি, কি করে চালের দাম কমাতে পারি। আমরা মণপ্রতি ।৷৵০ আনা কমিয়েছি। আগে দাম ছিল ১৭৷৷০ টাকা, এখন সেটা ১৬৸৵০ আনা করেছি। তারপর আমাদের incidental charges অনেক সময় বেশী পড়ে যায়। যেমন আমরা দার্জিলিংএ এরোপ্লেনে করে খলে পাঠিয়েছি, দিনাজপুর থেকে চাল আনছি এরোপ্লেনে করে। কাঁথী থেকেও মাল আনতে ভয়ানক বেশী খরচ হয়। তার কারণ আজ বাংলাদেশের রাস্তা-ঘাটের অবস্থা সবচেয়ে বেশী খারাপ। অবশ্য আসামের কথা জানি না। কিন্তু উড়িষ্যা ও উত্তর প্রদেশের তুলনায় বাংলাদেশের রাস্তা খুব খারাপ। আজকে পশ্চিম বাংলার রাস্তাগুলি যদি ভাল হ'ত, তাহলে আমাদের incidental chargesও অনেক কম হ'ত। রাস্তা আগে যেটুকুও ভাল ছিল, তাও আজকাল লরী চলা-চলের ফলে খারাপ হয়ে গেছে। যেখানে গরুর গাড়ী পূর্বে ৯।১০ মণ মাল বইতো, সেখানে আজকাল এক একটা লরী ৪০।৫০ মণ মাল বইছে। কাজেই রাস্তাগুলোর যে শ্রী আগে ছিল, তা আজ আর নাই। গভর্ণমেণ্ট অনেক রাস্তা হাতে নিয়েছেন। সুতরাং আমরা যদি আজ পশ্চিম বাংলার রাস্তাগুলো ঠিক রাখতে পারি, তাহলে ধানের দাম সাড়ে সাত টাকা থেকে আট টাকা হতে পারে। এটা আমাদের ব্যক্তিগত ব্যবসায় নয়, বা ব্যক্তিগত সম্পত্তিও নয়, যে ইচ্ছে করলেই জিনিষের দাম কমিয়ে দিতে পারি। আসুন আমরা এক জায়গায় বসে আলোচনা করে এ বিষয়ে চেষ্টা করি কি করে জিনিষের দাম কমান যায়। ভারত গভর্ণমেণ্ট—রাও কমিটী ও মৈত্র কমিটী—এই দুটো কমিটী করে অনেক দর কমিয়ে দিয়েছেন। আমরাও অবশ্য চালের দাম মণপ্রতি দশ আনা কমিয়ে দিয়েছি। আজকে কাঁথী থেকে মাল আনতে হচ্ছে, সেখান থেকে আনতে খরচ একটু বেশী পড়ে। কিন্তু বর্দ্ধমান থেকে কিছু কম খরচে আনি। আজকাল জলপাইগুড়িতে মাল পাঠানো এক ভীষণ ব্যাপার। মণ প্রতি ৭৲ টাকায়ও হয় না। দার্জিলিংএ land slide হয়ে গেছে, সেখানে একমণ চাল পাঠাতে ৬৷৷৵০ আনা লাগছে। সমস্ত জিনিষটা এক সঙ্গে সবদিক থেকে বিচার করতে হবে। কাজে কাজেই হুগলী, কাঁথী, তমলুকে বিভিন্ন রকম দর হতে পারে না। আপনারা এই খাদ্য জিনিষটা সমস্ত রাজনৈতিক দলাদলির উর্দ্ধে রাখুন। আজকে যদি আপনাদের কেউ কোন ভাল suggestion দেন, আমি সেটা নিশ্চয়ই মেনে নেব। কোথাও খুঁটিনাটি এক-আধটু গোলমাল, অত্যাচার হতে পারে, কিন্তু আমাদের policy ঠিক কিনা সেটা দেখতে হবে। আমরা নীতি নিয়ে ঝগড়া করতে পারি, কিন্তু সেই নীতির executionএ যদি কোন ত্রুটী থাকে, তাহলে আমরা সে বিষয়ে মীমাংসা করতে রাজী আছি। আমাদের কাছে এলে পর তাঁর সঙ্গে আমরা আলোচনা করবো, প্রত্যেকের কথা শুনতে রাজী আছি। আমাদের নীতি যদি ঠিক হয়, আমাদের সমর্থন করুন। খুঁটিনাটি নিয়ে আলোচনা করে লাভ নাই। খুঁটিনাটি নিয়ে বাইরে আলোচনা করবো, এখানে নয়। আসুন, আমরা পরস্পর সহযোগিতা করি। D. P. Agent তুলে দেব, rice millকে procurement করতে দেব না, ইউনিয়নে ইউনিয়নে সমবায় সমিতি গঠন ক'রে সংগ্রহ কাজ করি। সেই ইউনিয়নে কত চাহিদা, সেটা সমিতিতে procurement করে রেখে, বাকী উদ্‌ভটা ১৫।২০৲ টাকায় বিক্রী করা সম্ভবপর হবে। এ ব্যাপারে যদি সকলে সহযোগিতা করেন, তাহ'লে আমরা ঠিকভাবে সব করতে পারবো। এ বিষয়ে দলাদলি করে লাভ নাই। আমরা জলপাইগুড়ি, মালদহ ও নদীয়া থেকে কোন মাল আনি না। বরং অন্যান্য জায়গা থেকে দেই তাদের। মাননীয় সদস্যদের অনেকে গ্রামে কাজ করেন। তাঁরা যদি সেই গ্রামে সমবায় সমিতি করে ধান-চাল সংগ্রহ করেন, এবং সেই অঞ্চলের যেটুকু প্রয়োজন, তা রেখে বাকীটা তাঁরা গভর্ণমেণ্টকে দিতে পারেন তা হ'লে অনেক সমস্যার সমাধান হয়। মাথাপিছু ১৫ আউন্স, কি ১৬ আউন্স রেখে, বাকীটা দিয়ে দিবেন সহরবাসীর জন্য, চা বাগানের জন্য, খনি ও কারখানায় শ্রমিকদের জন্য। এইভাবে যদি কাজ করি, তাহ'লে অযথা আর

আমাদের শক্তি ক্ষয় হবে না। এখানে যে উত্তাপের সৃষ্টি হয়েছে, তাও হবে না, সবদিকে আলোকপাত করে আমরা কাজ করতে পারবো। আমি আশা করি যে সমস্ত cut motion দেওয়া হয়েছে তা বন্ধুরা move করবেন না এবং আমি যে দাবী উপস্থিত করেছি তা তাঁরা মঞ্জুর করবেন।

Dr. SURESH CHANDRA BANERJI: Sir, I beg to move that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the need of distribution of a certain quota of mill cloth among the hawkers of Calcutta for sale by them.

Sj. DEBENDRA NATH SEN: Sir, I beg to move that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to make a profit by selling rice at Rs. 17 purchased at Rs. 12-12.

I also beg to move that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the desirability of abolishing Government ration shops by approved retailers thereby effecting a saving of Rs. 1,19,14,500.

I further beg to move that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the procurement policy of the Government.

I further beg to move that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to complete the enquiry into wastage in storage and transit undertaken through a Committee with Sj. Rajani Pramanik as Chairman.

Sj. ANNADA PROSAD CHOUDHURY: Sir, I beg to move that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy.

Mr. SPEAKER: May I draw your attention to one fact. It was always our practice that cut motions used to be sent by members of the party and always before the discussion started, the party decided as to the cut motions on which they were going to concentrate. That was the universal practice so far as this House is concerned. Of course, I have no business to prevent any member from moving any cut motion if he so desires. But that was the usual practice which we observed before and if it suits the convenience of the parties who have sent in cut motions, they can concentrate upon a few and leave the rest.

Dr. SURESH CHANDRA BANERJI: মাননীয় স্পীকার মহোদয়, আমরা ঠিক করেছি এক একজন এক একটা motionএর উপর বলবো। পুনরুক্তি আমরা এখন পর্যন্ত করি নাই। To concentrate on one subjectএর দিকেই আমাদের attention রয়েছে।

Mr. SPEAKER: It is not a question of repetition. It is a question whether you want to move all the cut motions or you wish to select some and leave the rest. If you so desire, you may move all the cut motions. I cannot prevent you from doing that.

Dr. SURESH CHANDRA BANERJI: We are not moving all as I have not moved mine.

Mr. SPEAKER: It is for your consideration. The position is that No. 5 was already moved and so you could not move your motion. Now, it is for your group to decide as to which motions you want to move. You can move all the motions if you so desire.

Sj. KANAI LAL DE: Sir, I beg to move that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the disability of decontrolling foodgrains and other consumer goods in the State.

I further beg to move that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 36—Extraordinary charges in India be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the deplorable state of food in the State.

I further beg to move that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about deplorable state of supply of yarn to the weavers specially in the district of Bankura.

I further beg to move that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to encourage cotton cultivation specially in the district of Bankura.

Sj. CHARU CHANDRA BHANDARI: Sir, I beg to move that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to enhance the procurement price of paddy and rice so as to cover the cost of production of the same.

I further beg to move that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to abolish the present system of controls.

I further beg to move that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the shooting down and killing of Priyanath Haldar of Monlaltala, police-station Kulpi, 24-Parganas, by the men of the Food Department while he was passing over the Hatuganj-Raidighi Road near Motilal village, police-station Kulpi, in the evening of the 21st February, 1951.

Dr. SURESH CHANDRA BANERJI : মাননীয় স্পীকার মহোদয়, আমি প্রথমে গতকল্য রাত্রে Dr. Profulla Chandra Ghoshএর কাছ থেকে যে একটা তার পেয়েছি, সেই তারটা মেম্বারদের পড়ে শোনাতে চাই। তারপরে সে সম্বন্ধে বলবো। এই তারটা রায়গঞ্জ থেকে পাঠান হয়েছে 14th তারিখে। তারটায় লেখা আছে Raiganj 14th "Government Civil Supply Jeep BLB 7077 and Police Truck WGP 77 being used by Minister Syama Prasad Barman with Congressmen canvassing Congress candidate West Dinajpore. Malda bye-election. Local Sub-division ordered petrol-dealer keep stock reserve for above Minister touring for election. Congress using another jeep without number, license blue book, pray immediate intervention.—Prafulla Ghosh to Dr. Suresh Chandra Banerji.

এই তারটার বিষয়বস্তু তিনটি। প্রথমটি হচ্ছে আমাদের মাননীয় মন্ত্রী শ্যামাপ্রসাদ বর্মণ Congressmenদের সঙ্গে মিলে Governmentএর Civil Supply Departmentএর jeep BLB 7077 এবং police truck WGP 77 ব্যবহার করছেন। পশ্চিম দিনাজপুর-মালদায় যে উপনির্বাচন হচ্ছে তার জন্যে বিভিন্ন দিকে ঘুরে কংগ্রেস প্রার্থীর জন্য ভোট canvass করবার উদ্দেশ্যে।

আর দ্বিতীয় বিষয়টি হচ্ছে স্থানীয় মহকুমার কর্তৃপক্ষ ঐ মহকুমার বিভিন্ন পেট্রোল ব্যবসায়ীদের এই মর্ম্মে নির্দ্দেশ দিয়েছেন যে তারা যেন—

Mr. SPEAKER : Dr. Banerji, is it relevant to the subject matter of discussion ? Will you kindly enlighten me ?

Dr. SURESH CHANDRA BANERJI : As far as Government Civil Supply jeep is concerned, it is absolutely relevant. স্থানীয় মহকুমার সরকারী কর্তৃপক্ষ সেই মহকুমার অন্তর্গত বিভিন্ন পেট্রোল ব্যবসায়ীদের এই মর্ম্মে নির্দ্দেশ দিয়েছেন যে মন্ত্রীমহাশয় নির্ব্বাচনে canvassing কার্য্যের জন্য যখন ঐ মহকুমার বিভিন্ন দিকে ঘুরে বেড়াবেন তখন তাঁর ব্যবহারের জন্য যেন যথেষ্ট পরিমাণে পেট্রোল reserve করে রাখা হয়। তারপর আর একটা কথা আছে যা স্পীকার মহাশয় বলতে দিতেও পাবেন নাও পারেন তবে সেটা আমার মতে বলাই ভাল। সেটা হচ্ছে একটা jeep যার নম্বর টম্বর কিছুই নাই, এই ধরণের একটা jeep Congress memberরা এই bye-electionএ ব্যবহার করছে।

Mr. SPEAKER: Has that anything to do with this department.

The Hon'ble PRAFULLA CHANDRA SEN : On a point of personal explanation, Sir, মাননীয় Dr. Suresh Chandra Banerji মহাশয় যে jeep বা গাড়ী ব্যবহারের কথা বলেছেন আমাদের মাননীয় মন্ত্রী শ্যামাপ্রসাদ বর্ম্মণের দ্বারা, সে সম্বন্ধে আমি বলতে পারি—প্রথমতঃ Civil Supply Departmentএ এই রকম কোন jeep নাই। Food Department বলে একটা department আছে, সেই department থেকে ধার নেওয়া হয়; কাজেই আমি এই telegramএর মর্ম্ম বুঝতে পারলাম না। মন্ত্রী মহাশয়রা tour করবার জন্য যখন যান, তখন jeep যদি ব্যবহার করতে চান তবে ব্যবহার করতে পারেন, তাতে কিছু বাধা নাই। এবং এখানে মাননীয় সদস্য যাঁরা উপস্থিত আছেন, এদের কাছে বলতে পারি, মাননীয় প্রফুল্ল চন্দ্র ঘোষ মহাশয়ের বীরভূম জেলায় electionএর সময় কি jeep ব্যবহার করা হয়নি ? কাজে কাজেই এখানে এই আলোচনা করে লাভ কি ?

Dr. SURESH CHANDRA BANERJI : মাননীয় মন্ত্রী মহাশয় যে এই ধরণের উত্তর দেবেন—

Mr. SPEAKER : Order, please. He has risen on a point of personal explanation.

Dr. SURESH CHANDRA BANERJI : মাননীয় স্পীকার মহাশয়, ওঁর যে এই ধরণের একটা explanation হবে তা আমি আগেই জানি, কিন্তু বিষয়টা হচ্ছে এই যে মাননীয় মন্ত্রীমহাশয় যখন সাধারণ সরকারী কাজে এই jeep ব্যবহার করেন তখন আমাদের কোন আপত্তি থাকতে পারে না, কিন্তু একজন কংগ্রেস প্রার্থীর নির্ব্বাচন ব্যাপারে সরকারী jeep ব্যবহার করা গুরুতর অন্যায়।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN : এই কথা আলোচনা করে লাভ কি ? ওঁর বেলায় কি অন্যায় হয়নি ?

Mr. SPEAKER: Order, please. I hope that we should not enter into a long discussion on this. I would not have allowed discussion, but because in this House something was said and, therefore, on a point of personal explanation I allowed this discussion. I will now request you to confine yourself to the subject-matter of the discussion.

Dr. SURESH CHANDRA BANERJI : আমাকে বলতে দিন, আমি ত আপনার কথা স্থির হয়েই শুনেছি। আমি Food Department সম্বন্ধেই বলছি। আজ এখানে Food Department

সম্বন্ধে discussion এবং তার সম্বন্ধেই বলছি যে, মন্ত্রীমহোদয় সরকারী কাজে Food Departmentএর সরকারী গাড়ী ব্যবহার করতে পারেন এবং করা উচিতও সে সম্বন্ধে কারো আপত্তি থাকতে পারে না। কিন্তু নরকারী গাড়ী নির্ব্বাচনে ব্যবহার করা গুরুতর অন্যায়।

Sj. KANAILAL DASS : On a point of order, Sir, উনি যে কথা বলছেন তা আমাদের এখানে আজ যা discussion করবার কথা ছিল তা নয়, অন্য বিষয়ের আলোচনা চলছে।

Mr. SPEAKER: May I know to which department the subject which you are discussing now relates?

Dr. SURESH CHANDRA BANERJI: It is about the Food Department?

Mr. SPEAKER: Is the Food Department under Extraordinary Charges?

Dr. SURESH CHANDRA BANERJI: It is; yes.

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: But he is not speaking on his cut motion.

Mr. SPEAKER: If it relates to the Food Department, it can be discussed. There is another point which has been raised that it does not relate to the cut motion itself which is before the House. Now, the ordinary practice is the speaker generally concentrates upon the subject-matter of the cut motion, but he is not precluded from referring to other things, because the general motion of the Minister is there. But the more convenient practice is that at first the member concentrates upon the cut motions, then he refers to such things as he desires to refer on the main motion itself. The line of demarcation is very thin.

Dr. SURESH CHANDRA BANERJI : আমার কথা সহজেই শেষ করবো। শুধু আমি এই কথাটাই বলতে চাই, মন্ত্রীমহোদয়রা এবং সরকারী কর্মচারীরা যদি এইভাবে নির্ব্বাচনীর ব্যাপারে সরকারী জিনিষপত্র অবাধে ব্যবহার করেন তাহলে Government খাদ্য বিভাগের ব্যবহারের জন্য যে পেট্রোল নির্দ্দেশ করে দিয়েছেন, সেটার অপব্যবহার হবে। Government truck ব্যবহার করতে দিলে সেখানে free and fair election হতে পারে না।

Mr. SPEAKER: One thing I should like to make clear, and it is this. I will request the honourable members that if they want to raise any point of order, they should rise formally in their seats and then move their motions, so that I may be able to come to a decision; otherwise mutual talks take place.

Yes; Dr. Banerji.

Dr. SURESH CHANDRA BANERJI : আমার এ সম্বন্ধে যা বলার ছিল তা আমি বলেছি। খালি প্রধান মন্ত্রীমহাশয়কে বলছি, ডাক্তার প্রফুল্ল ঘোষ যা বলেছেন তাঁর telegramএ তার যদি প্রতিকার না হয় তাহলে free and fair election হতে পারে না।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, may I put one point in this connection? I have received a telegram of a similar kind from Dr. Ghosh——

Mr. SPEAKER: Order, please.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: If you don't want me to say I shall not speak.

Mr. SPEAKER: The procedure is that if a member wants to intervene, he should first rise either on a point of order or on a point of privilege. If

he again wants to say another thing by way of explanation, then he should rise on a point of personal explanation; that will facilitate the discussion of the subject-matter.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, I would not have intervened, but he raised a question about me and he seemed to appeal to me about this particular point to see that this thing does not happen. I was just going to mention that when the telegram came the District Magistrate of Dinajpur was sitting in my room. With regard to the petrol position he said "I have sent a reply to Dr. Ghosh to this effect:—he said 'I have, in view of the scarcity of petrol in Dinajpur, ordered that 500 gallons of petrol should be set apart for election purposes and anybody whether he belongs to one group or the other, if he can show the permit of a particular car for which he wants petrol for election purposes, he will get petrol, and I have sent the same telegram to Dr. Ghosh'."

Dr. SURESH CHANDRA BANERJI: এর বেশী কিছু বলবার নেই। এর পরে cut motion প্রসঙ্গে কিছু বলতে চাই। এ সম্বন্ধেও বেশী কিছু বলবার নেই। দুইটি কথা শুধু বলতে চাই। আমি মুখ্যমন্ত্রী ডাঃ রায়ের নিকট একখানি পত্র লিখেছিলাম। কলকাতায় প্রায় ২১ হাজার hawkers আছে। তারা অনেকেই মধ্যবিত্ত শ্রেণীর লোক এবং পূর্ব্ববঙ্গের উদ্বাস্তু। এরা সামান্য মূলধন নিয়ে নিজেদের চেষ্টায় কোন রকমে জীবিকা অর্জন করবার চেষ্টা করছে। কিন্তু এদের সম্বন্ধে নানা ব্যাপারে অন্যায় ব্যবস্থা গভর্ণমেণ্ট অবলম্বন করছেন। প্রথমতঃ তাদের মিলের কাপড় বিক্রী করতে দেওয়া হয় না। গভর্ণমেণ্ট পক্ষ হয়তো বলবেন যে তারা black-marketing করবে। অথচ আমরা জানি যাদের মিলের কাপড় দেওয়া হয়, তারা সকলেই black-marketing করে। আমরা চাই চোরাকারবার বন্ধ হোক কিন্তু Government গরীবদের বেলায় যা করছেন ধনিকদের বেলায় তা করছেন না। চালের ব্যাপারেও এই কথা। গরীব যারা চার সের চাল নিয়ে যদি তারা যায়, তবে তাদের পুলিশ ধরে মারধর করে, জোর করে তাদের জিনিষ নিয়ে যায়। কেন গরীবদের উপরই শুধু হামলা ও জুলুম হবে, ধনীকদের বেলায় কিছু হবে না? আমার বক্তব্য আপনারা এমন বৈষম্যমূলক ব্যবহার করবেন না।

আমি Hawker's Unionএর President. আমি তাদের পক্ষ থেকে বলছি—এবং একথা বলার আমার অধিকার আছে—তাদের যদি কাপড় দেওয়া হয় নির্দ্ধারিত নিয়ন্ত্রিত মূল্যে বিক্রী করবার জন্য আমি বলতে পারি যে তারা নির্দ্ধারিত মূল্যেই ঐ কাপড় বিক্রী করবে, চোরাকারবার করবে না, অধিক দাম নেবে না। এই hawkersদের যদি বিশ্বাস করা যায় তাহলে—এর আগেও লীগমন্ত্রী আমলে তারা প্রমাণ করে দিয়েছে—বিশ্বাস করে কাজের ভার দিলে ফল ভালই পাওয়া যায়। এইভাবে যদি কাপড় দেওয়া হয় তাহলে বহু গরীব মধ্যবিত্ত, শ্রমিক শ্রেণীর লোকের বেকার সমস্যার সমাধান হবে। Refugee—উদ্বাস্তু সমস্যারও আংশিক সমাধান হবে। এবং এইভাবে বিশ্বাস করে দিলে চোরাকারবার যেটা Enforcement Branch বন্ধ করতে পাচ্ছে না—আমি আশা করি—এবং এ বিষয়ে সম্পূর্ণ দায়িত্বের সঙ্গে ডাঃ রায়কে বলছি—সেই চোরাকারবার এরা বন্ধ করবে। এরা যদি চোরাকারবার করে তার জন্য আমি জবাবদিহী করতে প্রস্তুত আছি। এ সম্বন্ধে ২৬শে ফেব্রুয়ারী আমি ডাঃ রায়কে লিখেছিলাম। ডাঃ রায় দুর্ভাগ্যবশতঃ আমার চিঠির উত্তর দেননি। তারপর ২৭শে মার্চ্চ আর একটি চিঠি দিয়েছি। সে পত্রের উত্তরও তিনি দেননি। গভর্ণমেণ্ট সর্ব্বদা জনগণের সহযোগিতা চান বলে বলেন কিন্তু জনগণ যখন সহযোগিতা করতে চান, তখন তাদের কোন সাড়া মেলে না। মাননীয় মন্ত্রীমহাশয়কে বলছি সহযোগিতা কিভাবে আসবে যদি জনগণকে বিশ্বাস না করেন? তাদের বিশ্বাস করে যদি তাদের সুযোগ-সুবিধা না দেন তাহলে জনগণ Governmentএর সহিত কিরূপে সহযোগিতা করবে? এ সম্বন্ধে বেশী কিছু বলতে চাই না। ডাঃ রায় ও খাদ্যমন্ত্রীকে আমি অনুরোধ করছি তাঁরা যেন দরিদ্র ব্যবসায়ী এই মধ্যবিত্ত শ্রেণীর লোকদের একটু সহানুভূতির চোখে দেখেন এবং অন্যান্য ব্যাপারীকে মিলের কাপড় বিক্রী করতে যেমন দেন, এদেরও যেন তেমনি দেন।

আর একটা কথা বলেই আমি বক্তব্য শেষ করবো। বস্ত্রসঙ্কট খুবই আছে। এবং এই সঙ্কটের ফলে নানা জায়গায় মারামারি, কাটাকাটিও হচ্ছে। এই সঙ্কটে গভর্ণমেণ্টের সাহায্যে কংগ্রেসপক্ষীয় লোকেরা কংগ্রেসবিরোধ লোকদের উপর কিরূপ বৈষম্যমূলক আচরণ করছে, সে সম্বন্ধে আমি একটা ঘটনা বলতে চাই—টিটাগড়ের মতো

একটি সামান্য দরিদ্র শ্রমিক অঞ্চলের ঘটনা। সেখানে প্রায় ৫০ হাজার শ্রমিকের বাস। তারা দু-একদিন আগে খবর পায় সামান্য কিছু কাপড়—অনেক দিন বাদে—দেওয়া হচ্ছে সে অঞ্চলে। সে কাপড় বণ্টন করা হবে স্থানীয় কংগ্রেস কর্তৃপক্ষের মারফৎ। তারা আরো শুনতে পায় যে কংগ্রেস কর্তৃপক্ষ যাদেরকে coupon দিবেন একমাত্র তারাই কাপড় পাবে। কিন্তু দেখা গেল কংগ্রেস কর্তৃপক্ষের যারা তাঁবেদার তারাই শুধু কুপণ পেল আর কেউ পেল না। শ্রমিকদের পক্ষ থেকে এই দাবী জানানো হলো যে বিভিন্ন কারখানায় যেসব ration shop আছে সেসবের মারফৎই কাপড় দেওয়া হোক। কিন্তু কংগ্রেস কর্তৃপক্ষ সে কথা শোনে না। তখন এর প্রতিবাদে শ্রমিকেরা মিছিল করে বেরোয় এবং নানা রাস্তা ঘুরে meeting করে। Meeting শেষ হওয়ার পর পুলিশ আসে এবং ৪ জন লোককে গ্রেপ্তার করে নিয়ে যায়। এই চার জনের নাম হচ্ছে কপিল দেও তেয়ারী, রাম সুন্দর সিং, রাজা রাও, আর একজন শ্রমিক। দুর্ভাগ্যবশতঃ তারা ৪ জনই আমাদের স্থানীয় কৃষক-প্রজা-মজদুর পার্টির সভ্য। ঐ অঞ্চলের শ্রমিকদের বিশ্বাস এই যে কৃষক-প্রজা-মজদুর পার্টির সভ্যেরা Governmentএর বণ্টন-নীতির প্রতিবাদ করেছে বলেই তাদের গ্রেপ্তার করা হয়েছে। এরা এখনও হাজতে আছে। কৃষক-প্রজা-মজদুর পার্টির উপর এবং Government এবং অন্যান্য বিরোধী দলের লোকদের উপর বৈষম্যমূলক এই যে ব্যবহার তার প্রতিবাদ আমি পূর্বেও করেছি, আজও করছি। Governmentএর এরকম বৈষম্যমূলক ব্যবহার করা অন্যায়, সকলকে সমান দেখা উচিত।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, will you permit me to offer a word of explanation? He said just now that he had written two letters about the hawkers. It so happened, just after I got the first letter I received a letter from the Hawkers' Union and I have seen the Secretary and the Vice-President of the Union. I have always thought it is much better to get to the source and to the men themselves, as I always want to read Kalidas and not depend on Mallinath and I have asked them to give me certain facts and figures and I have promised them that I shall look into the matter.

SJ. DEBENDRA NATH SEN: Mr. Speaker, Sir, there are two Ministers in India who speak the loudest, to quote the language of the Hon'ble the Chief Minister. One is Mr. K. Munshi, Food Minister of India, and the other is Mr. P. C. Sen, Food Minister of West Bengal.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: When did I say that?

SJ. DEBENDRA NATH SEN: You said that and I can quote your language.

Mr. SPEAKER: Mr. Sen, please go on.

SJ. DEBENDRA NATH SEN: I think both of them have got to conceal something and therefore I think they speak so loud. As I shall reveal the story now it will become clear to you and to this House what are the things that are being concealed under the garb of a very mild conciliatory speech that has been delivered as an introductory one by the Hon'ble Minister.

Sir, looking to the budget I find the Government of Bengal is giving to the charge of this Minister in all about 7 crores of rupees—one under this head that we are just discussing which covers 4 crores of rupees, another under Agriculture which gives him Rs. 2 crores 42 lakhs and another under the head Grant No. 39 which gives him about 10 lakhs of rupees. Is it worthwhile?—that is the question that everybody will ask as I am asking, and as I will finish my story I think it will be obvious to the members of the House also that it is not worthwhile putting about 7 crores of rupees in the hands of a Minister who is guilty of so many things.

Sir, this department we are just now discussing is in effect the managing agency of another department. There are three departments—one, agriculture charged with producing, another department which procures and

this department distributes and sells. It is the managing agency department and the department that buys and procures deals with about 50 crores of rupees and by carrying on trade with 50 crores that department does not earn any profit but incurs a loss and in order that the things that are procured by that department may be sold and distributed they take an additional grant of 4 crores of rupees from the State. It is something unique in the history of business in the world. No firm, whether it is a private or it is a public one, will go on on this system. And why is this thing going on? Why does this thing take place? Not that we have to pay higher to the person from whom we buy, not that we have got to sell to the consumer at a lower rate, but there are other reasons. We buy rice at Rs. 12-12, we sell at Rs. 16-14 and making an allowance for Rs. 2-10 per maund for other contingencies, for other things, our cost per maund comes to Rs. 15-6 and we make a clear profit of Rs. 1-8 for every maund. This Government makes a profit of Rs. 1-8 per maund and this year—I am confining my remarks to the purchase of rice only—we have a stock of 7 crores of rupees' worth of rice and we have purchased rice to the value of 28 crores of rupees. The Hon'ble Minister does not give us this stock, does not give us this quantity. It is a fraud. Nobody can understand a balance-sheet unless the stock is given; particularly when the thing is purchased at a lower price, the thing is sold at a very high price and when at the end of the year the stock is shown, at what price the stock is shown. Here stock is shown at Rs. 4 crores 82 lakhs. Is it at the valuation of Rs. 12-12 or is it at the valuation of Rs. 16-14? If it be at valuation of Rs. 16-14 then and then only if the stock was given we could have detected the amount of loss, the amount of wastage, the amount of pilfering, the amount of black-marketing that is taking place under this department. It has not been given and it is never given. It is said that of all the Ministers—of course, I will not include the Chief Minister, he is most cunning——

Mr. SPEAKER: Order, order. Will you kindly withdraw this word "cunning"?

Sj. SIBNATH BANERJEE: It has been used before.

Sj. DEBENDRA NATH SEN: The word has been used by the Chief Minister.

Mr. SPEAKER: Order, order. When the Chair is standing everybody must take his seat. The Chair must be obeyed, otherwise there will be no order in the House. Now, the question is, the word "cunning" is not parliamentary. It should not be used. If it has been used before, my attention should have been drawn then and there and I shall order expunging of that word from the record where that word has been used. Mr. Sen, you go on.

Sj. DEBENDRA NATH SEN: Of all the Ministers it has been said that he is very clever.

Mr. SPEAKER: There is one request I shall make to you, Mr. Sen. Several members speak facing others; I cannot catch every word that is uttered and unless I clearly grasp it, it is impossible for me to rise and give a ruling which becomes a precedent for all times to come. There is my difficulty. Therefore if I miss anything it is equally the member's duty to draw my attention then and there to that subject because I do not hear everything of what is said. I cannot catch the speaker's voice every moment. Take for instance, the word "cunning" I did not hear; it was only when Secretary drew my attention to it that I could know that the word "cunning" has been used. That is my difficulty which you will be pleased

to appreciate. Therefore, I would request the honourable speakers to face the Chair and to address the Chair. Then I could be more effective in controlling the debate of the House.

SJ. SIBNATH BANERJEE: May I rise on a point of privilege? We shall be very grateful if a complete list of words which are considered unparliamentary by you is circulated because whatever is said from that side is parliamentary and whatever is said——

Mr. SPEAKER: Mr. Banerjee, I am thankful to you for this suggestion. I am myself considering it. I have already given instruction to the Secretary to prepare a brochure for guidance of the honourable members of the House setting out what is parliamentary and what is not parliamentary, because I find that there is a certain amount—I should say—of unacquaintance with the procedure of Parliament. As a matter of fact, rising even on a point of privilege is a very serious matter and the points on which I have found members in this House rising on a point of privilege are no points of privilege at all. Therefore, as a matter of fact what are the points of privilege on which a member is entitled to rise, if I restrict members strictly to the points of real privilege that are allowed in Parliament I believe 60 per cent. or 70 per cent. points of privilege will evaporate. Therefore, as a matter of fact I am thankful to you. This suggestion occurred to me before and I have instructed the Secretary to prepare a list of unparliamentary expressions as are held in England or in India so that members may be guided by it.

SJ. SIBNATH BANERJEE: ঐ জিনিষটা করবার সময় কথাগুলো বাঙলায় এবং হিন্দিতে করে দেবেন। Cunning কথাটা implicating হতে পারে কিন্তু চতুর কথাটা বোধ হয় এত খারাপ নয়।

Mr. SPEAKER: There will be a commentary later on. Let me have the first instalment and then perhaps Hindi, Bengali, Urdu, Tamil, Telegu, etc., will be done.

Yes, Mr. Sen, please go on.

SJ. DEBENDRA NATH SEN: I was saying that he is supposed to be very clever but even his cleverness has not helped him in concealing the things that speak through the figures that he has placed before us. According to my calculation he has purchased 2 crores 8 lakh maunds of rice, taking also the stock that he had, and so at the rate of Rs. 1-8 which he is saving the total profit of this department should have come to 4 crores 20 lakhs. So this profit of Rs. 4,20,00,000 plus the managing agency system price that we pay, namely, Rs. 4 crores, i.e., Rs. 8,20,00,000 is taken from us, and where does it go? I say that it is a fraud, and this fraud arises because of corruption that is being nurtured and hatched in his department, because the poison of corruption that is being cultured there is spread throughout the province, which goes to undermine the character and vitality of all our people, whether old or young, whether a child or an old person. Sir, in August, 1949, the Hon'ble Minister made a radio announcement that wastage in storage and transit, so far as the West Bengal Government is concerned, is only 1 per cent.; and that though 2 per cent. is permissible but here for the Railway Department the wastage is only 1 per cent. And having made that announcement in December of this year (1949) he appoints a committee with my honourable friend Sj. Rajani Pramanik as Chairman to go into certain matters pertaining to his department. What are these matters? To indicate the stages at which losses occur at present and the size of such losses; secondly, to canalise the causes of such losses; thirdly, to suggest up to what extent such losses are

inevitable, incidental and normal to such trade conditions; and finally, to suggest what steps should be taken to prevent losses over and above the permissible limit.

Of the members of the committee, as I was telling you, Sir, the Chairman is my friend Sj. Rajani Pramanik. There are four other members. One member is another friend of ours Sj. Arabinda Gayen. There are three others who are not members of this Assembly. One is Sj. Debabrata Guha. I do not know who he is. His designation is not given, but his address is given. His address is 22, Amratalla Street, Calcutta. As far as I know, Amratalla Street belongs to Burra Bazar, i.e., the den of black-marketeers. (Laughter.) The next member is Sj. Rabindra Nath Chatterji. His address also is not given. Not only his designation is not given, but his address also is not given. The last man is Sj. Mayataru Haldar. His address is given as 7, Ballygunge Place.

Now, Sir, this committee begins to work. It is strange that after having made that announcement that wastage is only 1 per cent. the Hon'ble Minister should have appointed such a committee, because 1 per cent. wastage is very much permissible. Rather we should say that he is running the business with so much efficiency that even normal percentage of wastage he does not incur. But even after that he appoints a committee. He seems to be very honest and sincere. Now, Sir, when this committee met at its very first meeting, members pass 3 or 4 resolutions, so that the committee may work properly; and out of those resolutions only two are relevant. One is that this committee should be permitted to visit the godowns, check the godowns and inspect the godowns in several districts in certain places of West Bengal, not only in Calcutta and suburbs but also in mufassal districts. The second resolution is: that such a committee has been appointed should be made public in the papers. A notice should be issued to the press that such a committee with a very honest motive and sincere desire has been appointed, and the public should be asked—not only informed but asked—to co-operate with it. There are other resolutions which are not relevant for our purpose. Then, Sir, the Secretary of this committee is the Director of Storage. It is about his department including other departments that an enquiry is to be carried on. It is to be seen whether there is wastage in storage, but the Director of Storage is made the Secretary of this committee. Let us then see what happens. In the very next meeting, the reports of various Directors were to be placed, the committee members were informed, but the reports of the various Directors are not circulated. And when members asked for them "they were insulted, they were humiliated, and informations were not supplied to them." I quote the language. The letter of the Food Commissioner was a great surprise to us. It was, in fact I understand, a comment on our letters to the Hon'ble Prafulla Chandra Sen for clarification of some points in connection with the radio announcement that our wastage is 1 per cent. No reply was given to that letter. Instead the Food Commissioner went out of his way to comment on it and give a warning and directing the committee that they should ignore this letter and should act in a way indicated by the Food Commissioner. The committee is directed by the Food Commissioner that it should ignore the letters written by the members asking for information, asking for permission to visit the godowns, asking for permission to inspect the godowns and asking that that such a committee has been formed should be made public. The Commissioner said "you should not pay any heed to them. You stick to what I say and what I direct", and he directs three things, Sir, firstly, that letters of the members should be ignored; secondly, godowns are not to be inspected. A committee has been appointed to make enquiries as to the nature and extent of wastage

at various stages beginning from procurement and ending with the consumer. But here comes in the Food Commissioner to direct that the godowns need not be inspected at this stage, but what is to be done. The Food Commissioner's direction was that the committee should first find out from departmental books the percentage of losses at different stages and if, after comparing them with the percentage obtaining in the private trade, the losses in the Food Department were found to be abnormally high, then the committee should suggest remedial measures. So, the members are not allowed to go and inspect the godowns.

(At this stage the blue light is lit.)

Sir, I want a little more time.

Mr. SPEAKER: Please go on. I may tell the honourable member that when the blue light is lit, it is only a warning. That does not mean that he has to stop.

Sj. DEBENDRA NATH SEN: They are directed to go into the books. Let them compare the losses found in the books with the losses which are found in normal trade and business and then if the losses are found to be more they will go and inspect the godowns. In this very direction the Commissioner is asked to submit a preliminary report then and there. Before going for inspection they are directed to submit a preliminary report.

Another thing happened in the very first meeting, and both of our friends, Sj. Pramanik and Sj. Gayen, were there and they gave their verdict in favour of the inspection. But when the Food Commissioner came and placed the matter again at a meeting of the committee both the members went back and they began to say what is the good of going there; let us inspect the books and try to find out what is there in them. Then the members asked for the wastage permissible at various storages of procurement but they were not supplied with that. Some of the members were honest and they found that the wastage permissible is nine per cent., not one per cent. as announced over the radio but nine per cent. and the members realised that that nine per cent. was very high. I do not know if the Hon'ble Minister has been given correct information or he has been indulging in the habit of lying.

Mr. SPEAKER: Order, please. The word "lying" is most unparliamentary. Will you, please, withdraw it?

Sj. DEBENDRA NATH SEN: All right, Sir, I withdraw. I say, instead, terminological inexactitude.

Thus, Sir, a committee is appointed and the members want to function but they are not given opportunities and information required. Some Directors come to dictate on them, bully them, humiliate them and ultimately it is found that the wastage permissible is not one per cent. but nine per cent. That is the sort of affair that is going on in the department of which the Hon'ble Prafulla Chandra Sen is the Minister and I have already pointed out the reason why he has to speak the loudest in order that we may not be able to speak about this huge wastage of eight lakhs twenty thousand. Sir, I demand a non-official enquiry with a High Court Judge as its Chairman into this wastage with a view to punishing the culprits concerned including the Hon'ble Minister himself.

Sj. J. C. GUPTA: Mr. Speaker, Sir, Dr. Banerji has raised in his cut motion a very important matter, viz., the grievances of the hawkers who constitute a very large part of the petty traders and who earn their living

by carrying on that trade. These hawkers used to get their supply mostly from the free sale stock of the mills. Perhaps, as he has stated, they did sell at a price higher than the prescribed price, but they were forced to do so possibly because the source of supply charged them more. He has further said that this maldistribution of cloth could be solved only by ensuring public co-operation and he has further offered that the Hawkers' Association is prepared to help. I was of that opinion.

Mr. Speaker, you remember, I said that maldistribution could be prevented to a great extent if co-operation was taken. I wish to say—Dr. Banerji and Mr. Charu Chandra Bhandari know it well—that when Mr. Bhandari was Minister in charge he wanted to have public co-operation and after a good deal of discussions and conferences we drew up a list of people belonging to different parties who would help and supervise distribution. But as I told you, Sir, on the last occasion this co-operation was not availed of for reasons best known to the then Chief Whip and the Chief Minister. After I mentioned that in the House last week, I was requested by the Ministry to assist in the proper distribution by enlisting public co-operation and by other methods, and I am happy to inform this House that we have now taken up this task and we are going to depend on the public co-operation without any hesitation and the question of supply to the hawkers has also been taken up. You know, Sir, there is a very determined drive to obtain the available supplies of cloth in Calcutta, and the Enforcement Branch and the Directorate of Textile jointly have concentrated upon getting hold of all supplies of cloth available and to distribute them at the earliest opportunity to the consumers. We have therefore to make arrangements for proper distribution and for that it is necessary to have co-operation as has been offered by Dr. Banerji and the Hawkers' Association if they come together and undertake the responsibility to see that proper distribution is made and proper sale is conducted, as also by other general associations who may help to distribute to the consumers.

Mr. Speaker, the difficulty at the present moment is not short supply of cloth. On an average, during the last six months the supply of controlled cloth has been half the quantity required for the State. But even that half quantity, we find, could not be distributed in the interest of the consumers. Sir, the Deputy Commissioner, Enforcement Branch, took me round to show what exactly was happening. Some cloth is given to a shop but there the actual consumers are elbowed out and pushed out and people who come there to get cloth consist of more people who come there with, I should say, ghost ration cards or spurious ration cards. They stand there in the queue; they employ unreal elements who are imported there by people who do black-marketing. They get most of the supply and the consumers are not getting it. Of course, the work has been started only last week.

Therefore, we are thinking of arranging supply not on the high roads or even in bazars where unruly elements concentrate but preferably in the *paras* where people would know who are the real inhabitants of those *paras* and who are the actual consumers. They will be able to keep out other people. For instance, at a shop in South Calcutta, when myself and another friend of mine who accompanied Deputy Commissioner, Enforcement, examined the people who were waiting in a queue, we found out that some of them had got some cards from Jadavpur, some had got cards from North Calcutta, and the officer of the Rationing Department told us that most of the cards were cards which had been declared to be invalid. Under such circumstances, we have thought that it would be better to give the supply to shops inside *paras* and request the local people to look after the distribution. At one place in South Calcutta—in Mahanirvan Road—young men have started helping and distributing the cards and even reaching the supply

to the people. That is the only way to enable the consumers to get these things. I, therefore, inform Dr. Banerji that in that committee we have also resolved that hawkers should be given some supplies and we would welcome the hawkers to come forward and tell us how many hawkers belong to their association and then undertake to ensure proper distribution of the available cloth. Sir, the drive has resulted in making a quantity of cloth available. There has been some attempt in some quarters to prevent such a drive, but the Chief Minister has stoutly refused to listen to anything.

Sir, we are of opinion that in this drive there may be a little hardship to this or that particular individual, but this is nothing compared to the hardship that so many people—lakhs of people, lakhs of consumers—are suffering. We expect, Sir, as a result of the drive, from next week—from early April—to be able to supply consumers with at least 9 yards of cloth which is available. From the figures which we were examining yesterday, we think there is no reason to be afraid of not getting any supply—the supply may not be sufficient but there is also an apprehension that no cloth would be available and people are frantically running about and trying to get some supply. I can assure the members of the House and the public through you; Sir, that with the available quantity of supply—provided we get the co-operation of the people in ensuring that the consumers only get the supply—we will be able to do it. What we have decided is that we shall get the consumers to register themselves with the shop—we are not going to allot them to any place which is not convenient to them in a rationing area. Then we are thinking of distributing coupons according to the ration cards and giving a date so that they will not have to wait in queue and go through the suffering. I, therefore, appeal to Dr. Banerji and others irrespective of parties to combine together to ensure a proper distribution of the available supply of cloth and to prevent or to decrease the apprehension in the minds of the people of West Bengal that they will not get even cloth necessary to hide their shame. I think this is what I wanted to say and this is the reason why I have intervened.

Janab MUDASSIR HOSSAIN: On a point of information, Sir. The information I want is that Mr. Gupta has said something about Calcutta, but what about rural areas?

Sri J. C. GUPTA: Of course, the committee which is working now is concentrating on Calcutta, but with regard to the rural areas also it was found that permits are issued for the rural areas—those dealers come in in Calcutta and unfortunately they dispose of some of the goods meant for rural areas in Calcutta. The Ministry has taken steps to stop that. Now, it has been arranged that that quota will be sent to the interior and that will not be delivered here in Calcutta. I am sure the Hon'ble Minister in charge of Supplies will tell you that a definite percentage of the cloth available will be fixed for supplying the needs of the rural areas and Calcutta will not get all that is being made available. It is necessary—absolutely necessary—that the rural areas should get the supplies that they require and I hope our friends here and people in rural areas will also bring in organisations to supervise the proper distribution. This black-marketing should be stopped—it has become a scandal—and it can only be stopped if we all combine together to stop it.

Dr. SURESH CHANDRA BANERJI: I thank you for what you have said on behalf of the hawkers of Calcutta.

Sj. SIBNATH BANERJEE: মাননীয় স্পীকার মহোদয়, শ্রীযুত সেন মহাশয়ের বক্তৃতা শুনলাম। আশা করেছিলাম দুই ঘণ্টা হতে চলেছে Supply Minister তার বক্তৃতায় আমাদের এমন কিছু বলবেন আমাদের যাতে বিশেষ প্রয়োজন আছে, তাতে আমাদের সমালোচনা করতে সুবিধা হয়। আমি যা half pant Minister

পৃথক দাবী করবেন কিনা, সেন মহাশয়ের দাবীর পরে আর কোন দাবী করবেন কিনা—full pant-এর দাবী করবেন কিনা। Government-এর প্রায় প্রত্যেক departmentএই অল্প বিস্তর দুর্নীতি, চুরি-জোচ্চুরি, বাটপারী কিছু না কিছু ঢুকেছে। অদৃষ্টের নির্মম পরিহাস, গান্ধীজীর প্রিয় শিষ্য যারা—যাদের হাতে রাজ্যের সমস্ত ক্ষমতা বর্ত্তমান—আজ তাদের আমলেই সব চেয়ে বেশী corruption চলছে। শ্রীযুত Gupta, neutral লোক, তিনি একটু আগেই বলেছেন, আশা করি তিনি এটা অস্বীকার করতে পারবেন না। এই departmentএর ভিতরে সব চেয়ে বেশী দুর্নীতি রয়েছে এটা কেউ অস্বীকার করতে পারবে না। এজন্য যে প্রস্তাব দেবেন সেন মহাশয় এনেছেন, আমার মনে হয় এটা অতি সঙ্গত প্রস্তাব। এবং সবার আগে প্রফুল্ল সেন মহাশয়ের সমর্থনই এতে হওয়া উচিত। এবং তাঁর conscience—বিবেকে বাঁধা উচিত। কেউ কেউ বলবেন—তার এটা একার দোষ নয়। আমিও বলি না। কিন্তু এটা বলছি যে তারা এটা বন্ধ করতে পাচ্ছেন না। পরিষদে স্বীকার করুন বাইরে যদি স্বীকার করতে লজ্জা হয়। মহাত্মা গান্ধী এখন নেই কিন্তু গান্ধীবাদ আছে—(A voice: আছে বলেই মনে হয়।) একটা কথা আমি এখানে বলতে চাই। সে সম্বন্ধে অনেক বিতর্ক হয়েছে চারুবাবু জোরের সঙ্গে বলেছেন decontrol হওয়া উচিত। এ বিষয়ে আমি চারুবাবুর সঙ্গে একমত নই। আমি জানি control দরকার। কণ্ট্রোল হওয়ায় দুর্নীতি ঢুকেছে তাতে ভাণ্ডারী মহাশয় বলতে বাধ্য হয়েছেন এই control তুলে দাও। কিন্তু আমরা জানি control দরকার কিন্তু controlএর নামে যে বিভীষিকা চলেছে সেটাকে চলতে দেওয়া যায় না। Control যদি ঠিকভাবে চলতো তাহলে আশা করি ভাণ্ডারী মহাশয়ের মত পরিবর্ত্তিত হতো। Specific instance of corruption. আমি বলছি control দরকার কিন্তু এমনভাবে দরকার control দ্বারা যেন লাভ হয়, লোকসান না হয়। আজকে control দ্বারা লাভের চেয়ে লোকসানই বেশী হচ্ছে। উপযুক্ত লোকের অভাবেই এটা হচ্ছে। যদি যোগ্যতর লোকের হাতে controlটা চলতো তাহলে লোকসান হবার কোন কারণ থাকত না। উনি বলেছেন ৭৷৷০ টাকায় ধান খরিদ করে ১৬৷৷০ টাকায় চাল বিক্রী করছেন—সেটা খুব বেশী নয়, আমাকে এটা বুঝান। আমি অনেক চেষ্টা করেও কি করে এটা হয় তা বুঝতে পারি না। এর চাইতে অনেক কম margin of profit, private businessman যদি হতো তাহলে রাখতো। কিন্তু আমরা পাচ্ছি না, কাজেই ঐ প্রশ্ন আসে natural control চালান উচিত কিনা। আমি বলি চলা উচিত—Stateএর হাত দিয়েই চলা উচিত। কোন অযোগ্য লোকের হাতে দিলে লোকসান হবে। যে হিসাব পাওয়া গেছে তাতে দেখা যায় ঝাড়তি, পড়তি, গোলায় মজুত রাখায় জন্য, রাস্তার অসুবিধার জন্য, বন্যায় ভবে স্থানান্তরিত করবার জন্য ইত্যাদিতে ১০০ মণে প্রায় ১৩৷৷ মণ ঘাটতি যায়। (Laughter.) এটা যদি সত্য না হয় তাহলে আমি খুশী হবো। এই যে cutting আমার হাতে রয়েছে—"আনন্দবাজারে" এরকম বেরিয়েছিল শুনেছি—এটা যদি সত্য না হয় আমাদের জানিয়ে দিন। প্রফুল্ল সেন মহাশয়ের arithmetic জানা কত ধান বা চাল আপনারা কিনছেন এবং তার মধ্যে কত wastage হচ্ছে যদি জানান তাহলে খুশী হবো। Inefficiencyরও একটা পরিমাপ থাকা দরকার। কিন্তু এরা যে কত inefficient হয়েছে তা বুঝতে পারি না। দেশে খাদ্য কম রয়েছে, কেউ বলেন 10 per cent.—statementএ বলা হচ্ছে দেশে খাদ্য রয়েছে শুধু দামের ব্যাপার। ১৬৸০ পাওয়া যায় না কিন্তু ৩৫৸০ যত চান ততই পাওয়া যায়। অতএব এই যে বলছেন দেশে ঘাটতি হওয়ায় দাম বাড়ছে—এটা third kind of lie. দিনের পর দিন মাসের পর মাস, বছরের পর বছর যে কোন জিনিষ পাওয়া শুধু দামের ব্যাপার হয়ে দাঁড়াচ্ছে। বাস্তবিকই যদি দেশে খাদ্যের ঘাটতি থাকতো তাহলে এই দাম দিয়েও পাওয়া যেত না। সুতরাং control যদি ঠিকমত পরিচালিত হতো তাহলে হয়ত লাভই হতো। অথচ বর্ত্তমানে যা হচ্ছে তাকে absolute chaos বা অরাজকতা সমানে দেখা দিয়েছে। কংগ্রেস নানারকম আত্মোৎসর্গ দ্বারা জনগণের বিশ্বাস ও শ্রদ্ধা অর্জন করেছিল কিন্তু আজ কংগ্রেসের রাজত্ব চলেছে কিন্তু কেউ তাদের বিশ্বাস করে না, তাদের কথা শুনে না। জোর করে ধান procure করতে হয়। কারণ Congress আর জনগণকে অনুপ্রাণিত করতে পাচ্ছে না। কিন্তু সেই জোরের কোন প্রয়োজন হত না যদি অনুপ্রাণিত করতে পারতাম। যদি জনসাধারণকে, চাষীকে, দেশের লোককে দেশারবোধে জাগ্রত করতে পারতাম। যে চারনায় famine-এর কথা শুনে আসছি সেই China আজ ৫০ হাজার টন চাল আমাদের দেশে পাঠাচ্ছে এটা হয় কি করে? সুতরাং গলদ কোথায় এটা ভেবে দেখা দরকার। অন্যান্য প্রতিষ্ঠান ও জনসাধারণ কংগ্রেসের নামে এক সময় আত্মবিসর্জন করতে রাজী ছিল—sacrifice করতে রাজী হতো আজ হচ্ছে না কেন? কেন আজ জোর করতে হচ্ছে? যেখানে China ও Russia—এই সব ঘাটতি দেশগুলি এত অল্প সময়ের মধ্যে দেশকে self-sufficient in food করতে পারে সেখানে আমাদের দেশই বা সেরূপ

হবে না কেন? তারপর তাঁরা যে কলকাতার লোককে খাওয়াচ্ছেন তাতে statisticsএ যা উল্লেখ আছে এবং census reportএ যা বেরিয়েছে তাতে লোকসংখ্যার অনেক তারতম্য আছে। Ration Cardএর যে number in Calcutta এবং censusএর যে report তাতে দেখা যায় অনেক পার্থক্য রয়েছে। আমরা জানি কলকাতার জনসংখ্যা ৫০ লক্ষ। কিন্তু ৬০ লক্ষ এরকম বলা হচ্ছে।

এই censusএ তাহলে যা শুনি সেটা third kind of lie. Effective control যদি হতো, তাহলে দেখা যাবে চালের অভাবও হতো না। (A VOICE: Census বেরিয়েছে নাকি?) হাঁ, Census approximately বেরিয়েছে। আর একটা কথা বলছি। আমাদের মন্ত্রীমহাশয় যেখানেই হাত দেয় সেখানেই খাদ্য লোপ পেয়ে যায়। তিনি সম্প্রতি হাত দিয়েছেন দুধে। হরিণঘাটা হতে দুধ আসবে। কলকাতায় যে সমস্ত খাটাল আছে তাতে ৫০ হাজার milkmen statistics অনুসারে প্রায় ১০ লক্ষ গরুর মহিষের foodও খাকার ব্যবস্থা হচ্ছে। তাতে হাত দেওয়া হলে যেটুকু পাওয়া যাবার তাও পাওয়া যাবে না।

Mr. SPEAKER: That is a subject which will be discussed under "Agriculture".

Sj. SIBNATH BANERJEE: তাদের জন্য ভাল ব্যবস্থার বন্দোবস্ত করুন, এই রকম জবরদস্তি করে তাদের তাড়ান ঠিক নয়।

Dr. Roy নিশ্চয়ই স্বীকার করবেন যে দুধ যেমন রোগীদের দরকার তেমনি যাঁরা বৃদ্ধ হয়ে আসছেন তাঁদেরও দরকার। (A VOICE: আমরাও বৃদ্ধ হচ্ছি।) আপনিও বৃদ্ধ হয়েছেন বলতে চান, তাহলে আপনিও পাবেন। যদি এই অবস্থা হতে থাকে, তাহলে চালের ব্যাপারে যা হয়েছে দুধের ব্যাপারেও সেই রকম হবে। হরিণঘাটার নাম নিয়ে, সেখানে যে দুধ হচ্ছে, তা আর আমরা পাব না।

Janab MUHAMMAD IDRIS: Mr. Speaker, Sir. I rise to speak a few words about 63—Extraordinary Charges and while I speak about this I would at once come to the control system. Sir, my point of discussion is not at all criticism for criticism's sake. Rather I shall try to put forth before this Assembly certain difficulties with which the general masses as well as the small businessmen, artisans, weavers, hawkers and tailors are confronted due to this control system and I shall confine myself here to the control of cloth and yarn only.

Sir, it is true that controlling the supply of a commodity becomes necessary if the supply of that commodity is not adequate in comparison with its demand. So we found that during the last Great War 70 per cent. of our cloth production used to be requisitinoed for the consumption of the military and the supply of cloth to the civil population became hopelessly inadequate and consequently the supply of cloth had to be controlled and thus the control of cloth supply came into being for the first time in our country in 1944.

Sir, we all know how dangerously our social life has been affected by this control system. This control system has created among the public a sense of profiteering, black-marketing and hoarding, and among the Government officials, both in the rank and file, high and low, an enthusiasm for corruption and money-making, and among the leaders of the political party in power it has given birth to a habit of nepotism and favouritism for their supporters and associates. In fact this control system has become a social evil.

Nevertheless, there might have been some justification in controlling the cloth supply during the last Great War as the situation was very abnormal and the supply of cloth was hopelessly inadequate. And at last with the continuous demand by the public and their leaders this control on cloth supply was withdrawn.

Now again there is control on cloth supply. Why? The Governments both at the Centre and in West Bengal come forward with the argument

that since there is want of raw cotton—as the supply of raw cotton from Pakistan was stopped—so there is shortage of cloth production in our country and so there is control on cloth supply. But then may I ask the Hon'ble Minister in charge, if the above argument be true, how was it possible for the Government of India to export lakhs of bales of cotton cloth to other countries and how the Government boastfully claim that it is India and not Japan that has occupied first place in the export of cotton cloth? So it is abundantly clear that the present cloth shortage is the creation of the Government. The Government preferred to export cloth keeping their people half clad and half naked merely for earning dollar or to satisfy the capitalist group, the mill-owners.

Now, Sir, I shall come to the difficulties of the poor artisans, hawkers, tailors and weavers. Poor cloth hawkers, Sir, have been seriously hard hit by this control system, which has become the cause of their starvation.

In 1944 when this Cotton Cloth and Yarn Control Order was introduced for the first time, the textile licence fee was Re. 1 for a hawker, and today this has become Rs. 10, and it is very difficult for the poor hawker to pay Rs. 10 for his licence. Generally, a hawker in the rural area has to conduct his business with Rs. 40 or Rs. 50 as his capital and if he is to pay Rs. 10 out of this little capital, it means closing down of his business. Then again a hawker cannot cross over from one subdivision to another. If he does so his goods would be forfeited and he would be fined. I personally know many instances of this nature. Formerly, before this control system, a hawker would usually go from his place to any corner of the Province, nay, to any place in the country as a whole. The present system of limiting of their areas in this way has hampered their business to a very great extent.

Similarly the tailors, particularly the tailors of Howrah *hat* and neighbouring areas whose number will be more than 50,000, and the weavers of West Bengal are practically starving as the supply of cloth and yarn to them respectively has practically been stopped. I draw the attention of the Government to this fact for their immediate relief.

Sir, in this connection I hope the Government would immediately decontrol the supply of cloth and yarn, particularly as there has been a recent Trade Agreement between India and Pakistan. Sir, I congratulate the Governments for this Trade Pact for, in doing this, both the countries have shown the spirit of "Live and let live"

With these few words I resume my seat.

Sj. KANAI LAL DE : সভাপাল মহাশয়, খাদ্য সম্বন্ধে আমাদের খাদ্যমন্ত্রী মহাশয়ের ভাষণ শুনলাম। কিন্তু তাঁর তথ্যকণ্টকিত ভাষণ শুধু এই পরিষদের সম্মুখে নয়, বাইরে প্রতিদিন আমরা বেতারে শুনতে পাই। তাঁর এই তথ্যের দ্বারা যদি আজ বাংলাদেশের নিরন্ন লোকের উদরপূর্তি হত, তাহলে তাঁর এই ভাষণ শোনার সার্থকতা থাকত। কিন্তু আজ বাংলাদেশে যখন লোকে পেট-পুরে খেতে পাচ্ছে না, কিম্বা আমি বলব দেশে খাদ্য থাকা সত্ত্বেও তাদের এমন আর্থিক সামর্থ্য নেই, কারণ খাদ্যের মূল্য এত বেড়ে গিয়েছে, যে তারা আহার সংগ্রহ করতে পারছে না। তারা বস্ত্রও পাচ্ছে না। আজ বস্ত্রের অভাবে হয়ত সকলকে দিগম্বর হতে হবে। সুতরাং বর্ত্তমান অবস্থায় তাঁর এই সমস্ত তথ্য আমাদের গায়ে কাঁটার মত বিঁধছে। তাতে কোন রকম সোয়াস্তি আসছে না।

খাদ্য বিভাগের অক্ষমতা এবং গোলমালের ফলে আমাদের দেশের প্রত্যেকটি নরনারীর জীবন আজ অত্যন্ত কষ্টকর হয়ে উঠেছে। এতবড় একটা দেশ, যে দেশকে বলা হ'ত সুজলা, সুফলা, শস্যশ্যামলা; এবং সে কথা আমরা এখনও বিশ্বাস করি। সেই দেশ আজ অন্নের জন্য পরের মুখাপেক্ষী। আমরা জানি আমাদের দেশে শস্য যথেষ্ট পরিমাণ উৎপন্ন হয়, প্রকৃতপক্ষে দেশে খাদ্যের অভাব নাই কিন্তু তা সত্ত্বেও আমাদের দেশের খাদ্যের অবস্থা অত্যন্ত শোচনীয়। খাদ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে শতকরা দশ ভাগ খাদ্য আমাদের দেশে কম। কিন্তু

দেখা যাচ্ছে যে গত কয়েক বৎসরের মধ্যে অধিক ফসল ফলাও আন্দোলনে এত টাকা ব্যয় বা অপব্যয় করেও ঐ দশ ভাগ ফলন বাড়ান সম্ভব হয়নি। শতকরা দশভাগ খাদ্য ক্ষতি বলা হয় কিন্তু সংগৃহীত খাদ্যের অপচয় কত? শ্রীযুত রজনী পরামাণিকের Enquiry Committeeতে "কেঁচো খুঁড়তে খুঁড়তে সাপ বেরিয়ে" যাচ্ছিল। 13½ per cent. wastageএর খবর বের হবার পর ঐ committeeর কাজ বন্ধ করে দেওয়া হয় নাকি? তাতে আমরা আতঙ্কিত হয়ে গিয়েছি। যদি একশো মণের ভিতর ১৩½ মণ নষ্ট হয়ে যায় তাহলে সেটা কি রকম ব্যবস্থা? এই অপচয়ের জন্য দায়ী কে?

আমরা ছেলেবেলায় পাঠ্যাবস্থায় শুনেছিলাম বাঁদরের পিঠে ভাগ করার গল্প। বাঁদর পিঠা ভাগ করতে করতে, সব পিঠাগুলিই তার উদরে চলে গেল, ভাগ আর হ'ল না। বিড়ালদের ভাগ্যে আর কিছু জুটল না। এও দেখছি সেইরকম হয়েছে। যদি একশো মণের মধ্যে ১৩½ মণ নষ্ট হয়ে যায়, তাহ'লে আমি বলব, এই বিভাগের অযোগ্যতা ও দুর্নীতি চরমে উঠেছে, এবং দেশের লোক আজ খেতে পাক বা না পাক খাদ্যমন্ত্রীর সে দিকে দৃষ্টি নাই। এই দুর্নীতিপূর্ণ বিভাগকে তুলে দেওয়া আজ দেশের পক্ষে কল্যাণকর বলে মনে করি। আমি এখানে আর একটা কথা বলতে চাই। আমাদের খাদ্যমন্ত্রীই শুধু নন্। কেন্দ্রের খাদ্যমন্ত্রীও বলেছেন যে তণ্ডুল জাতীয় খাদ্য কম খেয়ে অন্য অন্য জিনিষ খেতে। কেন্দ্রীয় গভর্ণমেণ্টের খাদ্যমন্ত্রী যা বলেছেন, দেখলাম তাঁর গৃহিণীও তাই বলেছেন। কিন্তু সুখের বিষয় যে আমাদের খাদ্যমন্ত্রীর গৃহিণী নাই, থাকলে তাঁর কথাও শুনতে হত। কিন্তু তাঁর গৃহিণী না থাকলেও সপত্নীর মত দুই জন পরিষদ সচিব আছেন, যাঁরা বেতারে এই সমস্ত কথা সর্বদাই বলছেন। আমি তাঁদের জিজ্ঞাসা করি তণ্ডুলজাতীয় খাদ্যের বদলে অন্য কি খাদ্য পাওয়া যাবে, যা দামে সস্তা এবং আমাদের শরীরের পক্ষে উপযোগী?

Mr. SPEAKER : You have got two motions on Bankura. Instead of speaking on general subjects, why don't you come to that.

Sj. KANAI LAL DE : আমি এখন বাঁকুড়ার তাঁতিদের সম্বন্ধে দু-একটা কথা বলতে চাই। বাঁকুড়া জেলায় প্রায় বার হাজার তাত আছে। পশ্চিম বাংলার মধ্যে বাঁকুড়া জেলা তাঁতিবহুল জেলা। পূর্বে সেখানকার তাঁতের কাপড় প্রসিদ্ধ ছিল এবং সেখানে খুব ভাল বিছানার চাদর হ'ত, যা আর কোথাও হোত না। এখনও বিষ্ণুপুরে যেমন রেশমের শাড়ী তৈরী হয়, এমন ভারতবর্ষের আর কোথাও হয় না। কিন্তু আজ সেখানকার তাঁতিদের অবস্থা অত্যন্ত শোচনীয়। যে সূতা দিয়ে তাঁতের কাপড় প্রস্তুত হয়, তা তারা পাচ্ছে না। বাংলা-দেশের বহু পল্লীগ্রাম ঘুরে দেখেছি তাঁতিরা সূতার অভাবে তাঁত বন্ধ করে বসে আছে কোন কাজ করতে পারছে না, তারা আজ অন্নাভাবে উপবাসে রয়েছে। প্রতি মাসে তাঁতপ্রতি আধ বাণ্ডিল সূতা দেওয়া হয়, তাতে ৫।৬ দিনের বেশী কাজ চলে না। কেঞ্চেকুড়া গ্রামের প্রায় দেড়শো তাঁতি আমার কাছে পত্র লিখে জানায় তাদের দুরবস্থার কথা। আমি তাদের আবেদনপত্র সরবরাহ মন্ত্রীর নিকট পাঠাতে বলি। তাঁরা সরবরাহ মন্ত্রীর কাছে একটি আবেদনপত্র registry করে পাঠান কিন্তু এখনও পর্য্যন্ত তার কোন উত্তরও পাননি, আর প্রতিকারও হয়নি।

সেদিন মন্ত্রীমহাশয় স্বীকার করেছেন যে মাসে ৫ পাউণ্ড সূতা দেওয়া হয়ে থাকে। এতে তাদের এক সপ্তাহ মাত্র কাজ চলে আর বাকী তিন সপ্তাহ তাদের উপোস করতে হয়। অতএব এই দিকে সরকারের দৃষ্টিপাত করা উচিত। হয় তাঁরা সূতার কণ্ট্রোল তুলে দিন নয়ত তাদের যতটা সূতা দরকার ততটা supply করুন। সূতার যে অভাব আছে তা নয়। বাংলা দেশে সূতার dealerদের কাছেই ৪০।৪৫৲ টাকা দাম দিলেই সূতা পাওয়া যায়। আমি সেইজন্য বলছি এই রকম অকেজো control রাখবার প্রয়োজন নাই। অধিকমূল্য দিলেই যা পাওয়া যায়, সেটাকে নিয়ন্ত্রণাবদ্ধ রেখে কি উপকার হচ্ছে। খাদ্য আছে, সূতা আছে, কাপড় আছে—চোরাবাজারের দাম দিলে সব জিনিষই পাওয়া যায়, অথচ control রাখা হয়েছে, এতে কার কল্যাণ? চোরাকারবারীর, সরকারের না জনসাধারণের? আমি আর একটা কথা বলছি সম্প্রতি খাদ্য বিভাগের মন্ত্রী মহাশয় ২২শে জানুয়ারী তারিখে বাঁকুড়া জেলা পরিভ্রমণ করেছেন। সেখানে একদিন প্রায় ঝড়ের মত ১০।১৫টা সভা করে, এক এক সভায় ৫।১০ মিনিট করে করে বক্তৃতা করেছেন। (The Hon'ble PRAFULLA CHANDRA SEN : ১৫টা নয় ১১টা।) তিনি ৮-৪৫ মিঃ headquaders leave করেছিলেন এবং ৯টায় Howrah Station leave করেছিলেন এবং সভাতেও বোধ করি এই রকম ১০ মিনিট ১০ মিনিট করেই বক্তৃতা দেওয়া

স্থির করেছিলেন। এক জায়গায় তিনি সভা সুরু করেছিলেন এবং দলে দলে লোক এসেছিল তাদের অভাব-অভিযোগ জানাতে ও দেশের খাদ্যবস্ত্রের সম্বন্ধে প্রশ্ন করতে কিন্তু তিনি তাদের কোন প্রশ্নেরই উত্তর দেন নাই বরং তিনি আরো বিরক্ত হয়ে বলেছেন আমি এসেছি নেতাজীর জন্মতিথি পালন করতে। তাঁকে জন-সাধারণ প্রশ্ন করেছিল যে তিনি সরকারী খরচে এসেছেন কি না? সে কথা শুনে তিনি আরও রাগান্বিত হন ও খাদ্য ও বস্ত্র সম্বন্ধে যে সমস্ত প্রশ্ন করা হয় তার কোন উত্তর না দিয়েই তিনি চলে আসেন। অথচ তিনি সেখানে গিয়েছিলেন Food and Agriculture Minister হিসাবে এবং সরকারী খরচায়, অথচ তিনি বলে বসলেন নেতাজীর জন্মদিবস পালন করতে এসেছি, খাদ্য এবং বস্ত্র সম্বন্ধে কোন জবাব আমি দেবো না। নির্দ্দেশ নামায় লেখাছিল "Departure and arrival are private but necessary police arrangements should be made." Tour private কি না তা আমরা জানি না।

Sj. PRAMATHA NATH BANDYOPADHYAY : মাননীয় স্পীকার মহোদয়, আমি খাদ্যমন্ত্রী-মহাশয়ের সঙ্গে এক মত যে খাদ্য বিষয় কোন দলাদলি করা উচিত নয়। কিন্তু আমাদের দেশের খাদ্যদ্রব্যের নিয়ন্ত্রণ যে রকম হচ্ছে তাতে আমাদের খাদ্যমন্ত্রী মহাশয়ের কথা দেশের লোকের কাছে যে প্রশংসা পাবে তাত নয়ই অধিকন্তু দেশ সুদ্ধু লোক তাঁর উপর বিরক্ত হয়ে উঠেছে। তার কারণ কি? বিলাতে খাদ্য control আছে, সে দেশের লোক খাদ্য control মেনে নিয়েছে, সেখানে মন্ত্রীর বিরুদ্ধে নানা জায়গায় নানা রকমের কথা কেউ বলে না বরং তারা কৃতজ্ঞ যে খাদ্য control করে সরকার দেশের লোকের সুবিধা করেছেন। কিন্তু আমাদের দেশে তা নয়, আমরা দেখছি খাদ্য যারা বিক্রয় করছে তারা অধিকাংশ অসাধু এবং যারা কিনছে তারাও শতকরা ৯০ জন অসাধু। আর যাঁরা খাদ্য নিয়ন্ত্রণ করেন তাঁরাও অধিকাংশ অসাধু। এই অসাধুতার যে একটা চক্র তার বিরুদ্ধে কিছু করে কার সাধ্য। প্রফুল্ল সেন মহাশয়ের সাধ্য ত নাইই এবং তার স্থলে কাজ করছেন আমাদের যাঁরা তাঁদেরও সাধ্য নাই। আমাদের দেশের খাদ্যের ব্যবসা তার স্বাভাবিক খাদ থেকে সরিয়ে নিয়ে একটা অস্বাভাবিক খাদে পরিচালিত হচ্ছে। বর্ত্তমানে এই খাদ্য এক একটা বিভিন্ন অন্ধকার কেন্দ্র দিয়ে কিভাবে সংগৃহিত হচ্ছে এবং বিক্রিত হচ্ছে তা দেশের লোক বুঝে উঠতে পারে না, এবং তা না বুঝতে পারায় যত রকমের গুজব সৃষ্টি হচ্ছে, বিষম অসুবিধায় লোক পড়েছে, কাপড়ের জন্য, চিনির জন্য এবং চালের জন্য। তার মধ্যে আবার সহরের লোকের জন্য এক রকম আর গ্রামের লোকের জন্য অন্য রকম ব্যবস্থা। গরীব লোকেরা মনে করছে যাঁরা এখানে বক্তৃতা করেন সেই বড় লোকদের জন্য ব্যবস্থা এক রকম আর আমাদের জন্য ব্যবস্থা অন্য রকম। মহাত্মা গান্ধী যে দেশের উপর এতটা প্রভুত্ব করেছিলেন তার কারণ তিনি গরীব লোকদের মতনই কাপড় পরতেন এবং তাদের মতনই থাকতেন। তারা বুঝতো মহাত্মা গান্ধীও আমাদের মতনই লোক। কিন্তু যাঁরা খাদ্য নিয়ে নাড়াচাড়া করছেন তাঁরা মনে করেন তাঁরাই যেন ভাল খান ভাল পরেন। কিন্তু গরীবরা মনে করে যে আমাদের যদি থাকতো তবে আমরাও ভাল খেতে পরতে পারতাম। কাজেই মন্ত্রীমহাশয়, যাঁরা দেশের লোকদের উপদেশ দিতে যাবেন তাঁরা যদি গরীবদের মতনই থেকে তাদের উপদেশ দিতে পারেন তাহলেই লোকেরা সন্তুষ্ট হবে। পল্লীর লোকদের আছে একমাত্র জমি। কাজেই তাদের সেখানে black-marketing চলে না কিন্তু এখানে যাঁরা Lord তাঁদের বেলায় সে কথা খাটে না। এখানে black-marketই হচ্ছে সাধারণ market, natural market আর সাধারণ marketই হচ্ছে black-market.

আর একটা কথা এই Food Supply Departmentটা একটা অস্বাভাবিক ব্যবস্থা। তার কর্মচারীর সংখ্যা ৩০ হাজার কি তারও বেশী। এই ৩০ হাজার যে কর্মচারী এরা সকলেই প্রায় temporary. ৫।৬ বৎসর পরে যদি এই বিভাগটা উঠে যায় এবং এই ৩০ হাজার young manকে যখন সরকার ছাড়িয়ে দেবেন, যাঁরা এখানে না এলে কৃষিকার্য্য করতে পারতেন বা অন্য শিল্পকার্য্য করতে পারতেন বা শাসন বিভাগ বা অন্য কোন বিভাগে যেতে পারতেন তাদের এই অস্বাভাবিক ব্যবস্থার মধ্যে এনে সর্ব্বনাশ করা হয়েছে।

তারপর আর একটা কথা বলতে চাই pay-scale সম্বন্ধে। Revised pay-scale যা 1950তে হয়েছে সেটার অনুপাতে তাদের বাড়ান হয় নাই। এই দিকে খাদ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

(At this stage the House was adjourned for 15 minutes.)

(After adjournment.)

Janab MUDASSIR HOSSAIN: Sir, the performance of my friends over there remind me of a Bengali adage "নিজের কাপড় পরকে দিয়ে বৈকী বেড়ায় কিসে হাত দিবে।"

He gave his cloth in charity to others and he has nothing to hide his shame, so he puts his hands to hide his shame. This is the meaning of the Bengali adage, and they have done exactly the same thing, Sir. My friends say that supply is short and therefore control is eminently necessary. That is the proposition which they have been preaching from a very long time, but, Sir,——(A VOICE: The Hon'ble Minister is not there.)

Mr. SPEAKER: Please go on.

Janab MUDASSIR HOSSAIN: Sir, my friends say that the Minister is not there.

Mr. SPEAKER: You please go on.

Janab MUDASSIR HOSSAIN: All right, Sir. I don't care whether the Minister is there or not. My leader is there.

Now, Sir, as I was just now saying, control is necessary in order to ensure regular supply to all the consumers because the supply is short. But, Sir, if the supply is short and if it is really so, then how is it that they are exporting 40 per cent. of the manufactured cloth to foreign countries? I do not see its utility, Sir. When your own men, when your own citizens, when your own countrymen are suffering from short supply and, therefore, you say that control is necessary, why should you be allowed to export this 40 per cent. of the manufactured cloth to other countries? That is exactly the same thing as "নিজের কাপড় পরকে দিয়ে দৈবকী বেড়ায় কিসে হাত দিয়ে।" Sir, 40 per cent. of the manufactured cloth is exported to foreign countries. Sir, when I consulted some of the merchants, they said "no; it is not 40 per cent.; according to law 40 per cent. can be exported and it is being exported, but another 20 per cent. is going out to foreign countries by smuggling. That is the thing, Sir. Sixty per cent. of the output of our mills is sent abroad and people will have to remain satisfied with this 40 per cent. Another thing is this. Of this 40 per cent. the quota, as our friend the Hon'ble Minister told us the other day, even this quota has been reduced for West Bengal. That is to say, we are suffering for the folly of others. If you are independent, if yours is a free country, when you are in need of all the cloths you are producing, why should you allow to export the cloth to foreign countries? Why this 20 per cent. of the cloth should go by smuggling to foreign countries also, Sir? Therefore, Sir, it is evidently foolish, it is evidently the want of plan and want of plan of distribution that has led to the present state of things. Sir, in order to ease the situation my friend Mr. J. C. Gupta has said something. But that is nothing: that remedy is nothing: that remedy does not go into the root of the things. But the remedy lies in the fact that we must compel the Central Government not to export cloth from our country unless and until our want and our demand is fully satisfied. That is the only remedy. Well, if you say that the matter is not in our control and in our hand and that it is entirely in the hands of the Central Government then I must say that you are not independent. If you cannot control them, then you are not independent but dependent on others. If you are a democratic Government responsible to the people, you must take the necessary steps in concert with other members and members of parliament to prohibit the Central Government from exporting cloth. Sir, that is the only way out of the difficulty.

Then as regards food supply I quite agree with my socialist friend Mr. Sibnath Banerjee that if the supply is not there, then whether you control or decontrol, that matters little and everyone will suffer for want of food. But the simple fact is that there is surplus. You go to the bazar and there you will find hundreds of maunds, lakhs of maunds of cereals

which you can purchase at black-market price. In the Calcutta market if you pay thirteen or fourteen annas per seer, you can secure any quantity you like. So control or decontrol or no control, that does not matter. If by control you cannot prevent smuggling, you cannot prevent black-marketing, what is the use of retaining this control? I would say that the present system of control should be done away with.

Sir, our friend Nishapati is the King of the Night and Prafulla Chandra is the Full Moon. So the King of the Night and the Full Moon are presiding over the destiny of this Food Department. Nishapati is a brother of mine: he comes from the same village as I do. I had hoped that our King of the Night and the Full Moon will shed light and lighten the burden of the people of West Bengal and make them live in harmony and concord under the serene rays of the full moon. But unfortunately we have been sorely disappointed and instead of light of the Prafulla Chandra and the Nishapati they have thrown the entire atmosphere of West Bengal into gloom and despondency.

Sj. ANNADA PROSAD CHOUDHURY : মাননীয় স্পীকার মহাশয়, এই Extraordinary Chargesএর বাবদে যে ৩ কোটী ৯৯ লক্ষ ৬৪ হাজার অর্থাৎ প্রায় ৪ কোটী টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব করা হয়েছে—তা সেই পুরাতন আমলের Civil Supply Departmentএরই বটে। এটা Civil Supply Departmentএর নামান্তর মাত্র। Civil Supply Department বলার জন্য অল্পক্ষণ আগে মাননীয় মন্ত্রী মহাশয় আপত্তি করেছিলেন, এখনও হয়তো আবার আপত্তি করতে পারেন। কিন্তু আমি তাঁকে স্মরণ করিয়ে দিই যে Civil Supply Departmentএর বিরুদ্ধে এবং তাঁর সঙ্গে Civil Supply Departmentএর একটা যোগাযোগ থাকার কারণে Working Committee একটা প্রস্তাব করেছিলেন, এবং তাঁদের বোধ হয় জানান হয়েছিল যে প্রফুল্ল চন্দ্র সেন মহাশয়ের যেন Civil Supply Departmentএর সঙ্গে কোন সম্পর্ক না থাকে। এবং তার ফলে এই Civil Supply Departmentএর নাম পরিবর্ত্তন করে দিয়ে, একটু rearrangement করে Supply Departmentকে secondary headingএ understudy হিসাবে, Food and Supply Departmentএ রূপান্তরিত করা হয়েছে। এই Civil Supply Departmentই হোক অথবা Food and Supply Departmentই হোক এর জন্য প্রায় চার কোটী টাকা খরচ হবে বলে বরাদ্দ করা হয়েছে। এই চার কোটী টাকার মধ্যে Civil Supply Departmentএর বিভিন্ন Consumer goods distributionএর জন্য যে খরচ হয়, তার যাবতীয় খরচতো ধরা হয়েছে এবং আরও ধরা হয়েছে যে কারবার করার জন্য এই চার কোটী টাকার কতকাংশ খরচ হবে, তা'তে ৫৫ কোটী ৬৪ লক্ষ টাকার জিনিষ বিক্রয় করা হবে। অর্থাৎ যদি আমরা 7 per cent. ঐ ব্যবসায় gross margin রাখি তাহলে এই খরচ সব পুষিয়ে যেতে পারে। কিন্তু আমি জানি তা' হয় না। আর একটা হিসাব, যেখানে capital outlayতে চাওয়া হয়েছে, সেখানে বলা হয়েছে foodgrains ইত্যাদির opening stock ছিল ৭ কোটী ৯৫ লক্ষ টাকা। জিনিষ কেনা হল ৫৪ কোটী ৮২ লক্ষ টাকা আর বিক্রী দরে মাল বিক্রয় হল ৫৫ কোটী ৬৪ লক্ষ টাকা এবং হাতে থাকলো ৬ কোটী ৬৩ লক্ষ টাকা—তার মানে যে জিনিষ কিনলাম এবং যে জিনিষ বিক্রয় করলাম এবং মোটামুটি হাতে যা ছিল এবং বৎসরের শেষে হাতে যা আছে তা প্রায় সমান। অর্থাৎ ৫৫ কোটী ৮২ লক্ষ টাকার জিনিষ বিক্রয় করে কিছুই লাভ হল না। এই কারবার চালাবার জন্য খাদ্যবস্তু কেনায়, transportএর খরচ, কর্ম্মচারীর খরচ, মাল পাহারা দেবার জন্য পুলিশের খরচ ইত্যাদি যাবতীয় খরচের জন্য চার কোটী টাকা খরচ হবে বলে বরাদ্দ করেছেন। বর্ত্তমানে ১২৸০ দরে চাল কিনে এনে ১৮৲ টাকায় কলিকাতা সহরে বিক্রয় করা হয়, এখানে যে টাকা লাভ হ'ল, সেটা কোথায় গেল, তার হিসাব দিলে আমি বুঝতে পারতাম। কয়েকদিন আগে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করেছিলাম, তিনি যে হিসাব দিলেন তার মধ্যে কোন gross profit নাই। উনি accountancy পড়েছিলেন, তা স্মরণ করিয়ে দিলে পর তিনি বললেন, আচ্ছা, একটা statement দিয়ে তা পরে জানাবো। আমি পুনরায় অনুরোধ করছি, তিনি যেন এই হিসাবটা বুঝিয়ে দেন। ৫৫ কোটী টাকার কারবার করে, এতে কোন gross profit দেখতে পাচ্ছি না। পাহারাদার থেকে আরম্ভ করে যাবতীয় খরচ চালাবার জন্য চার কোটী টাকা আমাদের কাছে চাওয়া হচ্ছে এই কারবার চালাবার জন্য। এই সমস্ত যে খরচ

ঘুচেছে তার মধ্যে বিশেষ করে একটা itemএর কথা আমি গত বৎসর বলেছিলাম, এবং তা নিয়ে খবরের কাগজেও খুব আন্দোলন হয়েছিল। সেই একমাত্র itemএ Civil Supply Department বা Food and Supply Department প্রায় ৫০ লক্ষ টাকা বাঁচাতে পারেন। মাসে প্রায় ৭ লক্ষ টন বা মণ গম আমদানী করা হয়, এবং সেই গম খিদিরপুর থেকে Food and Supply Departmentএর godownএ নিয়ে যাওয়া হয় এবং সেখান থেকে আবার মিলে পাঠান হয়, এর জন্য এক তরফা খরচ হয় মণ প্রতি আট কি নয় আনা, সেই আট, নয় আনা বাঁচান যেতে পারে। গত বৎসর আমি এই কথা বলেছিলাম যে খিদিরপুর ডক্ থেকে সোজাসুজি Millowners' Associationএর guarantee নিয়ে যদি খিদিরপুর থেকে মিলকে নিয়ে যেতে দেওয়া যায় তাহলে তার দ্বারা বছরে প্রায় পঞ্চাশ লক্ষ টাকা বাঁচে। তাঁরা depreciation সম্বন্ধে বিশেষ কিছু বলেন নি। তারা ইচ্ছা করলে এই এক itemএর দ্বারাই ৪০-৫০ লক্ষ টাকা বাঁচাতে পারেন। তারপরে এই দুটা department—Directorate of Rationing এবং Directorate of Transport—মাল আমদানী, রপ্তানী খরচের tender call করেন। কিন্তু শুনেছি তাঁরা lowest tender নেন না। যাই হোক, তাঁরা লোককে যে contract দেন তা Directorate of Rationingএর যে rate ছিল তার চেয়ে Directorate of Transportএর rate অনেক বেশী। তাতে যে বেশী খরচ allow করা হয়, তাতেই প্রায় ১৩ লক্ষ টাকা বাঁচতে পারে—কারণ এখানে কেবল দরেরই তফাৎ। তারপর কর্মচারীদের বেতন সম্পর্কে আমি কয়েকদিন পূর্বে বলেছিলাম। আজ শুনছি যে একজন J. K. Diasi, আমি ভেবেছিলাম উনি অবাঙ্গালী, কিন্তু প্রমথ বাবুকে জিজ্ঞাসা করবার পর জানতে পারলাম যে মেদিনীপুর জেলায় এই রকম উপাধি-ধারী অনেক লোক আছেন, ইনি Supply Departmentএর মন্ত্রীর Personal Assistant ছিলেন। তিনি কাজ আরম্ভ করেছিলেন Writers Buildingsএ Works and Buildings Departmentএ Lower Division Assistant হিসাবে, এবং এক বৎসরের মধ্যে Private Secretary to the Hon'ble Minister, Supplies, হন, এবং তারপরে Assistant Director of Consumer Goods and Assistant Secretary, Department of Supplies, হয়েছেন। তাঁর পূর্বে কত মাইনা ছিল এবং এই এক বছরের মধ্যে তাঁর কত মাইনা বাড়িল তা অনুগ্রহ করে মন্ত্রী মহাশয় জানাবেন? এবং কি কারণে বাড়ল তাও জানাবেন।

আমি সেদিন ৩৫ জন লোকের নাম, যাঁরা এই Food Departmentএ কাজ করেন, মাননীয় প্রফুল্ল চন্দ্র সেন মহাশয়ের কাছে দিয়েছিলাম; তার মধ্যে Trijan Mohon Ghosh, ইনি Accountant-General, Bengalএর অফিসে ৫৫০৲ টাকা মাইনা পেতেন, তিনি এখন ১,৪০০৲ বেতনে Food Departmentএ কাজ করছেন।

Mr. SPEAKER: I again draw the attention of the honourable members that whenever names of our officers are mentioned in the House there is a certain amount of consideration which must be bestowed to that subject. It may be that the allegation is founded or it may be that on enquiry it may be found to be unfounded, but the moment something is uttered in the House it damages the reputation of that particular officer. Therefore, this matter has been troubling me for the last few days. To my mind it appears that members have got the right to criticise the administration and if there be anything wrong about our officers they are certainly entitled to allude to the same. While alluding to the same, to my mind it appears that the honourable members do not keep it in mind that under the privilege of this House something should not be done, or rather I should say, may not be done which unnecessarily prejudices the reputation of that particular officer, for that has got the tendency to undermine the discipline of our services. I do not go to the length that the matter cannot be referred to, but at the same time I would leave it to the judgment and consideration of the honourable members as to how far they should refer to or mention the names of the officers and in making whatsoever charges or allegations that may be whether they could avoid making these allegations in the open House and write out and send it to the department concerned. So far as the present is concerned I am leaving it to the good sense of the honourable members. I have not yet arrived at a definite conclusion with regard to this matter.

I have asked the department to investigate into the decisions of the House of Commons and other places as to how far we are justified in referring to such subjects as we have seen in this session of the House being very frequent. For the time being I will simply make an earnest request to the honourable members of the House that after all we are not in the old regime where all kinds of criticisms could have been made. Now we are really the controllers of the affairs of our province, and with due regard to our sense of propriety we should as far as possible refrain from mentioning the names of the officers. As I have stated just now, I do not wish to prevent the honourable members from mentioning it if in the course of their duty they think that mentioning is absolutely necessary.

Sj. ANNADA PROSAD CHOUDHURY : Sir, আমি আপনার কথাই মেনে নিচ্ছি; আপনি আমাকে জানেন। আমি কোন officerএর ক্ষতি করতে চাই না। এই যে মাইনে বাড়ানর ব্যাপার এও ত Governmentই বাড়িয়ে দিয়েছেন, সেটাও আমি কোন officerএর বিরুদ্ধে বলছি না, তাতে এদের কোন দায়িত্বও নাই, সব দায়িত্ব Governmentএর।

Mr. SPEAKER : It will be better if you simply mention the designation instead of names, if that be possible.

Sj. ANNADA PROSAD CHOUDHURY : Sir, আমি নাম বলে উত্তর পাইনি, আর designation বললে কিছুই পাবো না। আমি সেদিন ৫টা নাম দিয়েছিলাম। উনি যদি চান তাহলে আরো পাঠিয়ে দিতে পারি। সেদিন উনি বলেছিলেন লিখে পাঠাবেন এবং বলছিলেন Publicএর জনসাধারণের সহানুভূতি চাই কিন্তু নানা রকম দুর্নীতি ঐ বিভাগের মধ্যে যা আছে সেই দুর্নীতির কথা যদি আজ বিস্তারিত বলতে হয় তবে শেষ করতে পারবো না। এই দুর্নীতি নিবারণের কথা হলেই কথা উঠে—ওঁদের তরফ থেকে কথা উঠে—জনসাধারণের সাহায্য চাই। কিন্তু সাহায্য দিতে গেলেও ওরা যে নেন না তার কি? বর্দ্ধমান সম্মেলনীর তরফ থেকে ৬।৭ মাস আগে বলা হয়েছিল দুই জন cordoning officers, Kalna এবং his two patrol leaders তারা smuggling করছে। মন্ত্রী মহাশয়ের কাছে চিঠি লিখেছেন বঙ্গবাসী কলেজের Principal এবং তাঁকে মন্ত্রী মহাশয় এই উত্তর দিয়াছেন—

"Dear Dr. Bose, I have received your letter of the 6th instant. I do not know why the letter took more than 9 days to reach its destination.

With regard to complaint against Procurement staff, kindly let me have specific cases. The news published in the *Lokshevak* of the 4th instant is vague, I shall, however, make necessary enquiries."

এবং তাঁর উত্তরের পর তিনি তাঁকে আবার লিখেছেন—

"I am glad to receive your post-card dated, 18th February, 1951. In this connection, I may request you kindly to go to Nabadwip railway-station incognito any day and see for yourself the intensive smuggling of rice into Nabadwip in connivance with your above officers and the foul means adopted by them."

এই পর্য্যন্ত। তারপর আরও অনেক কিছু suggest করেছেন কিন্তু সে বিষয়ে তিনি আজ পর্য্যন্ত কিছু করেছেন কিনা জানি না এবং অভিযোগকারীও জানেন না। তারপর আমি আর দু'একটা কথা বলে আমার বক্তব্য শেষ করছি। এই যে কাপড় distributionএর ব্যবস্থা সরকার করেছেন, এর সম্বন্ধেও নানা রকম কথা শোনা যায়। এই সম্পর্কে মাননীয় প্রধান মন্ত্রী মহাশয়ের নাম—হয়ত তাঁর অজ্ঞাতসারেই কিছুটা জড়িত হয়েছে। এবং সেই জন্যই আমি ব্যাপারটা শোনাতে চাই। ওঁর বাড়ীতে নাকি office আছে। এই office থেকে মাছের প্রভৃতি অনেক কিছুর কারবারের জন্য চিঠি যায়। এই যে একটা চিঠি (showing a letter) ওঁর letter-headএ লেখা হচ্ছে, কে একজন জটাধারী বাবুর কাছে—এর সঙ্গে কথা বলবেন অমিয়কে নিয়ে 25 bale কাপড়ের permit যদি নিতে পারেন তাহলে ছোট একটা retail shop চলতে পারে। জ্ঞানদা এই রকম আর একটা personal চিঠিতে Dr. Royএর letter-head যা

নাকি Dr. Roy নিজের personal useএর জন্য ব্যবহার করেন, রোগীদের prescriptionও করেন সেই personal pad ব্যবহার করা হয়েছে এবং ওঁর বাড়ীর ঠিকানা 36, Wellington Street হতে সুকুমারকে লেখা হয়েছে। আমি এর থেকে বলি না Dr. Royএর এই ব্যবসার সঙ্গে যোগ আছে। তবে ওঁর বাড়া থেকে ওঁরই letter-headএর কাগজ ব্যবহার করে এই রকম চিঠি যদি যায় তাহলে ওঁর officerরা বিব্রান্ত হয়ে পড়েন। এই রকম নানা প্রকারে তাঁকে exploit করা হচ্ছে।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, I deprecate the writing of such letters with my letter-head. This is the first time I have come to know. If you kindly give them to me I shall take necessary steps. Mr. Jnananjan Neogy had no business to write any letter with a letter-head of my house. I had told him that the Calcutta Relief Society had no existence in 36, Wellington Street, and it is entirely out of place that he should use my name or my address for that purpose.

Sj. HARIPADA CHATTERJEE : এই জ্ঞানাঞ্জন নিয়গীই কি জ্ঞাড়াদা ?

Sj. ANNADA PROSAD CHOUDHURY : It is good that he has raised that. আমি ওঁকে আরো দেখাবো ওরই বাড়ীর ঠিকানায় মাছের ব্যবসা করবার জন্য, উড়িষ্যা থেকে চিল্‌কার মাছ আনবার জন্য এবং Central Governmentকে চিঠি পাঠান হচ্ছে প্রধান মন্ত্রী মহাশয়েরই letter-head ব্যবহার করে ওঁর অন্তরঙ্গ একজন লোকের দ্বারা যিনি ওঁর বাড়ীতেই অনেক দিন থেকেছেন এবং খেয়েছেন আমি তাঁকে ভাল করেই জানি—তাঁর চারিদিকে সুনাম আছে তা নয়। যাই হোক্ ওঁর নিজের নামের pad use করা হয়েছে। ওঁকেই তার ধাক্কা সামলাতে হবে বলে—একেইত কাপড়ের ব্যবসা, মাছের ব্যবসা তার মধ্যে), ওঁর embossed letter-head আর ওঁরই বাড়ীর ঠিকানা ব্যবহার কবা হয়েছে, সেই জন্যেই আমি ওঁর noticeএ আনলাম। আমি সেদিন বলেছিলাম প্রফুল্ল বাবুকে Civil Supply Department ও Food Departmentএর যিনি Parliamentary Secretary তিনি service stampএ Scheduled Caste Conferenceএর নিমন্ত্রণ পত্র পাঠিয়েছিলেন, তাতে উনি বলেছিলেন, ওঃ বড় একটা corruption ধরে ফেলেছেন। Corruptionএর কথা আমি বলি নাই, বলেছিলাম Principleএর কথা। আমরা জানি যে ওঁদের position secured with ১৩ জন Ministers, ৯ জন parliamentary Secretary, ২ জন কুচবিহারের nominated member, Party Secretary, Assistant Secretary, একজন Deputy Speaker তাছাড়া Speaker.

Mr. SPEAEKR : I think you will consider, Mr. Choudhury, the question of including the Speaker. As Speaker, I cease to be a party member.

Sj. ANNADA PROSAD CHOUDHURY : I won't mention the name of the Speaker and Deputy Speaker.

এবং তাছাড়া একজন এখানকার Assembly memberএর স্ত্রী ও ছেলের নামে handling agent এবং Corporation ও Improvement Trustএর Assessor করে partyর memberদের মধ্যে ২৮টা seat একেবারে বাঁধা কেনা। এই ২৮টার দরুন they are very secured. যদি stamp issue করার কথা বলি তাহলে ওঁরা বলবেন resolution এনে ওঁদের বিরুদ্ধে pass করান। কিন্তু তবু আমি বলবো, শুধু যে stamp use করে Scheduled Caste Conferenceএর চিঠি দিলেন তা'নয় কিন্তু, Sir, ঐ সব চিঠি Food Department থেকে distribute করতে দিলেন কেন ? আমরা Scheduled Caste Conferenceএর ক্ষতি করছি না। যদি কেউ ক্ষতি করে থাকেন ত নিশাপতিবাবুই করেছেন। সেদিন Food Departmentএর officersদের দিয়ে ঐ চিঠি distribute করেছেন। Sir, আমি ওঁকে বলতে চাই our cry is a cry in the wilderness. ২৮ জনই হক্ বা ৪৫ জনই হক্ ভোট ওঁদের secured. কিন্তু বাইরে জনসাধারণকে যদি ওঁরা face করতে পারেন তাহলে বুঝতে পারতাম যে ওঁদের real security আছে। আমি জানি একটা মহকুমা সহরে প্রফুল্ল সেন মহাশয় meeting করতে গিয়েছিলেন, লোকে ঘিরে ধরেছিল, শেষটায় Subdivisional Officer তাঁকে বাড়ীর ভিতর দিয়ে এনে পাঠিয়ে দিয়েছেন। এইত Food Ministerএর অবস্থা। যেখানে লোকে ওঁদের অভিনন্দন দিতে অবসর পেতো না সেখানে আজ ছাপান পত্রে কৈফিয়ৎ চায়। ওঁরা নিজেরাও জানেন যে public co-operation পেতে হলে বা করতে হয়

তা হচ্ছে না। আজ যা আছে তা কি করে শোধরাতে পারেন। Control সম্বন্ধে আমার কথা এই যে আমি যখন ঐ যোগাযোগে ছিলাম তখন Civil Supply Departmentএর উচ্চপদস্থ কর্মচারীদের বক্তব্য কংগ্রেসের objective হচ্ছে nationalisation, আর আপনারা Civil Supply Department কেবল লোকসান দিয়ে সেই objective of nationalisationকে কি sabotage করতে চান? ৫৫ কোটী টাকার কারবার করে যে কোন ব্যবসায়ীই যথেষ্ট লাভ করেছে, সেখানে তিন কোটী টাকা লোকসান হচ্ছে বলে দেখান হয় যাতে আমরা nationalisationএর দিকে না এগুতে পারি। যারা এই একটা জিনিষ manage করতে পারে না, তাদের মুখে কি nationalisationএর কথা শোভা পাবে? প্রফুল্ল বাবুর বন্ধুরা কত business জানেন। যদি কোন লোক না পারে তাকে বার করে দিন, দিয়ে, এক বৎসরে না পারেন দু'বৎসরে করুন, তিন বৎসরে Food Departmentকে স্বাবলম্বী করুন। আবহমান কাল এই বিশৃঙ্খলা চলতে পারে না। লোকের মনে একটা panicএর ভাব এসেছে—যতদিন control চলবে ততদিন দেশের লোকে এই দুর্ভোগ ভুগতে থাকবে। তাই আমার cut motionএর মধ্য দিয়ে সরকারকে অনুরোধ করছি তারা যেন এই বিষয়ে অবহিত হন।

Dr. SURESH CHANDRA BANERJI: On a point of information, Sir. ডেপুটি স্পীকার মহোদয় কি গভর্ণমেন্টের পক্ষে ভোট দিতে পারেন ডিভিসনের সময়।

Mr. SPEAKER: I said only for the Speaker. The Deputy Speaker is a member of the party. He is entitled to vote. So far as Speaker is concerned, he never attends the party meeting nor does he take any part in the party except on social functions or things like that.

Sj. ANNADA PROSAD CHOUDHURY: We leave out those two.

Janab A. M. A. ZAMAN: মাননীয় স্পীকার, স্যার, আমার কয়েকটা কথা মনে পড়ছে। একটা কথা হচ্ছে--কথায় বলে চোরা না শোনে ধর্ম্মের কাহিনী। আজকে আমাদের Food Minister মাননীয় প্রফুল্ল সেন মহাশয় দেখিয়ে দিয়েছেন—যেখানে 5 per cent. বা 4 per cent. wastage ছিল সেখানে এখন ওটা 1 per cent. দাঁড়িয়েছে। এটা দেখাবার পরেও অনেক অভিযোগ এসেছে, আবেদন-নিবেদনের সুরে বলা হচ্ছে--সেটা কি ভেবে দেখা দরকার। এ সম্বন্ধে বলতে গিয়ে একটা কথা মনে পড়ে গেল। একটি লোক তিনটি বিবাহ পর পর করল। তারপর এ তিনটিকে পরিত্যাগ করে চতুর্থ আর একজনের সঙ্গে বাস করতে থাকে। অবশ্য এই তিনজনের খোরাক-পোষাক দিয়ে যাচ্ছিল। তারপর পাড়ার লোক একদিন গিয়ে বল্ল তোমরা যে এ রকম করে আছ তাতে তো বুঝাই যায় না যে তোমরা অমুকের স্ত্রী। তারা বল্লে আমরা কি করবো? তখন তাদের সে বল্লে তোমরা নিজেরা নিজেরা ঝগড়া কর তারপর আমরা আসব বিচার করতে তখন প্রমাণ হয়ে যাবে যে তোমরা কি তার স্ত্রী আছ না কি। তারপর তাদের মধ্যে ঝগড়া লেগে গেল। তখন সেসব লোকেরা বল্লে এদের বাড়ীতে ঝগড়া হচ্ছে, ভীষণ গোলমালের সৃষ্টি হচ্ছে। আর আমাদের Governmentএর দিকে দেখতে গেলে সে রকম কয়েকটি কথাই মনে পড়ছে। Government আজ কি করছেন না করছেন, সবগুলিই কি মন্দ করছেন, দুই-একটা কাজও ভাল করছেন না, এই সব নিয়ে তর্ক বিতর্ক ও ঝগড়ার সৃষ্টি হয়েছে। আজকে Comrade দেবেন সেন এই wastage 1 per cent. করিয়ে আনার জন্য যেখানে ধন্যবাদ দেওয়া উচিত ছিল সেখানে তিনি সমালোচনা করছেন। এরা মুখে দেশের জন্য দরদ দেখান কিন্তু সত্যকার দরদী কজন আছে? আমি জানি একটি জিনিষ কাজ করে যাওয়া। Governmentও সে কাজ করে যাবে। আজ এই Houseএ যে কোন ব্যাপার হচ্ছে—এই Houseএ পূর্ব্বে যারা Government পক্ষে আছেন এবং বর্ত্তমানে Oppositionএ গেছেন তারা যেসব বক্তৃতা দেন, খবরের কাগজে সেসব ছাপা হয় কিন্তু Government পক্ষ থেকে যা বলা হয় সেসব বড় একটা বেরোয় না। সবই এখন উল্টো হচ্ছে। Minister ছাড়া অন্য কারও কথাই বেরুচ্ছে না আর Opposition থেকে কে কি বল্ল সেটা জানবার জন্য লোকে পাগল হয়ে থাকে। এই যে আবহাওয়া সৃষ্টি হয়েছে তা কিসের জন্য? অর্থাৎ এভাবে জনসাধারণকে ক্ষেপিয়ে Governmentকে জনসাধারণের নিকট অপদস্থ করবার চেষ্টায় আছে। এবং তারা এ করবার জন্য সত্য মিথ্যার কোন ধার ধারেন না। আজকে একটা কথা বলছি, নমুনা দেখাচ্ছি—এই যে একটা বিল এসেছে Unauthorised Persons Eviction Bill—এ বিলটা এখানে আলোচনা হবার জন্য এসেছে।

Sj. DEBENDRA NATH SEN: On a point of order, Sir. Is that reference to the Bill in order?

Sj. HARIPADA CHATTERJEE: On what matter is he speaking, Sir?

Mr. SPEAKER: Let me see and ther I will decide how far he is relevant.

Janab A. M. A. ZAMAN : এই যে বিল এ সম্বন্ধে আপনারা যে পথ নিয়েছেন তা ভুল পথ। কেউ বলছেন তারা মুসলমানদের support করবেন।

Sj. DEBENDRA NATH SEN: I think the member is speaking on irrelevant matters. Perhaps you are not able to follow his Bengali speech.

Mr. SPEAKER: Mr. Zaman, please confine yourself to the subject-matter under discussion.

Janab A. M. A. ZAMAN : এবং হিন্দুদের যারা বাস্তুহারা--তাদের কাছে গিয়ে বলেন তোমরা ঠিক হয়ে বসে থাক। আবার minority community তাদেরও আশ্বাসবাণী দেন। এ নিয়ে এরা মিটিং করেন। Election আসছে, আবার M. L. A. হতে হবে: এটা তারই যোগাড় হচ্ছে।

Sj. DEBENDRA NATH SEN: I think the member is again talking irrelevant.

Mr. SPEAKER: Mr. Zaman, we are discussing the cut motion and the main motion with regard to food. So far as party politics are concerned it is better to leave that out now.

Janab A. M. A. ZAMAN : এখন কেবল party politicsই চলেছে, এ ছাড়া আর কি আছে এখন party politicsএর দিনই পড়েছে। Governmentএর পক্ষে আছে ৫২ জন আর বাকী যা রইল ১৯।২০ জন তার মধ্যে ১৩টী party. এইটা যদি চলে তবে দেশের সর্ব্বনাশ হবে। এই সব কথা যদি পরিষ্কার করে না বলি তাহলে দেশের প্রতি অন্যায় করা হবে।

Mr. SPEAKER: Mr. Zaman, there has been enough of that. Please come to the point now.

Janab A. M. A. ZAMAN: আমি বিষয়টা পরিষ্কার করতে চেয়েছিলাম, অন্যান্য সকলে যখন কথা বলেছেন আমি আপত্তি করিনি; আমাকেও বলতে দিন।

Dr. SURESH CHANDRA BANERJI: বসে যান।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, you have allowed one member to analyse those things and he is now doing the same thing in reply. So why won't you allow him to do so.

Mr. SPEAKER: When a member speaks on a subject, he can allude to some other subjects relating to party matters but when a member does not touch the subject matter at all but talks on party matters only, then I am helpless.

Janab A. M. A. ZAMAN : Foodএর কথারই আমি আসতেছিলাম। আজকে যাঁরা বাস্তুহারা minority তাদের ভুল বুঝাবার চেষ্টা করেছে সে রকম তারা পূর্ব্ববঙ্গ হতে আগত বাস্তুহারাদেরও ঠকাবার চেষ্টা হচ্ছে। আচ্ছা একটা কথা স্পীকার মহোদয় বলবেন কি? এই যে "মাতঃ" সেটা এখানে পড়বার কি দরকার ছিল? নিশ্চয় কোন দরকার ছিল না। এটা তো subject-matter ছিল না। এই সমস্ত আর কিছুই নয় election propaganda করা হচ্ছে। এরা গিয়ে বলছেন বাস্তুহারাদের—আপনারা বসে থাকুন, আমরা পেছনে আছি। চালান গোলমাল।

Sj. HARIPADA CHATTERJEE : On a point of order, Sir, subject-matter সম্বন্ধে একটী কথাও এখানে হচ্ছে না।

Janab A. M. A. ZAMAN: আপনি বাধা দিচ্ছেন কেন?

Mr. SPEAKER: I am repeatedly requesting the speaker to come to the subject-matter under discussion. The difficulty is that if one party attacks another the other party also attacks the former but in doing so the subject-matter must be touched.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: The difficulty is that as one member read from the "বাইবেল", there is a reply to that.

Sj. HARIPADA CHATTERJEE: You read from "বাইবেল" and so did I.

Janab A. M. A. ZAMAN: বাস্তহারাদের এরা যেয়ে বলছে—Government কাপড় দিতে পাচ্ছে না, খাবার দিতে পাচ্ছে না তোমরা গোলমাল চালাও—এরকম বিষাক্ত আবহাওয়া সৃষ্টি করতে চাচ্ছেন। আপনাদের যদি কোন অভিযোগ থাকে তাহলে আমি বলি Governmentকে এসে এগুলি সংশোধন করতে বলুন। দ্বিতীয় কথা Opposition থাকা উচিত। কিন্তু ভেতরে বাইরে এরকম উল্টো কথা বলেন কেন? আমি সেইটাই পরিষ্কার করতে চেয়েছিলাম, এরা labour নিয়ে party-politics করছেন, দোকানের hawkersদের জন্য দরদ দেখাচ্ছেন এবং এইভাবে লোককে উস্কিয়ে দেশের মধ্যে একটা অসন্তোষের ভাব সৃষ্টি করছেন। আমি বলি মানুষের জীবন নিয়ে এই যে রাজনীতির খেলা তা করা উচিত নয়। Government কাপড় না দিলে বলে দেয় না আর distribute করতে গেলে গোলমালের সৃষ্টি করা হয়। যারা কাপড় পায় তারাও আবার অন্য লোককে দাঁড় করায় যাতে অন্য লোক না পেতে পারে। Government এ সম্বন্ধে enquiry করে দেখতে পারেন। কাপড়ের ব্যাপারের মত খাদ্য ব্যাপারেও নানা রকম গোলমাল করা হচ্ছে। Enquiry করলে দেখতে পাবেন ৩ জনের ১৩ জন কার্ড করে বসে আছে। আমি আর একটা কথা নিবেদন করছি কৃষক-শ্রমিক-মজদুর party হয়েছে, তারা কাউকেও বাদ দেয়নি। সকলকেই বলা হয়েছে অনেক কিছু করবেন যেটা পারবেন না এটা বলা উচিত নয়। কিন্তু তারা leader সেজে unauthorised person হয়েও সকলকে বড় বড় প্রতিশ্রুতি দিচ্ছেন। কাউকে বাদ রাখেন নি।

Sj. DEBENDRA NATH SEN: বাদ আছে বই কি? মহাজন, জমিদার ইত্যাদি।

Janab A. M. A. ZAMAN: কিন্তু আপনারা সেসব লোকের কাছেও সাহায্য নিচ্ছেন, যাদের নিচ্ছেন।

Mr. SPEAKER: Don't make personal allegations.

Janab A. M. A. ZAMAN: কাজেই নিবেদন আপনাদের কাছে যে কথাগুলি বলুন পরিষ্কার করে বলুন। এখানে যা বলেন বাইরে যেয়েও বলুন। আর একটা বলেই শেষ করতে চাই। এই যে বক্তৃতা করছেন বর্ত্তমান পরিষদ কিন্তু কিভাবে সে সব করা যেতে পারে সেটা পরিষ্কার করে বলেননি। শুধু বলেছেন এটা করলে ভাল হতো। কিন্তু কি সেই পথ যেটা বলেননি।

যেমন পাকিস্থান থেকে তুলা না আনলে, আমাদের পক্ষে বেশী করে কাপড় তৈরী করা সম্ভব নয় সুতরাং এই তুলা আনতে গেলে, তার বদলে পাকিস্থানকে কাপড় দিতে হবে। যদিও তুলো আনছি ও তাদের কাপড় দিচ্ছি, তাতেও আমরা gainer হয়েছি। অন্য জায়গায় বাইরে আমাদের কাপড় যেতে পারে এবং তার বদলে অনেক দরকারী জিনিষ আমরা পেতে পারবো; সে জিনিষটা আপনারা বলছেন না। কাজেই সেটা তাদের party politics. সুতরাং আমি বলি যে ফাঁকী দেবার চেষ্টা তাঁরা করছেন দেশবাসীকে ভুল বুঝিয়ে, সেটা সত্যই বড় দুঃখের কথা। সত্যকারের জিনিষটা সামনে নিয়ে আসুন। আজকে যে pointএ ওরা বললেন সে সম্বন্ধে আমি পরে পরিষ্কার করে বলবো।

Sj. CHARU CHANDRA BHANDARI: মাননীয় স্পীকার মহাশয়, আমি আমার বক্তব্য বলবার আগে সবেমাত্র যে বক্তা মহাশয় আমাদের উপর নানারকম কথায় আক্রমণ করলেন, সেই সম্পর্কে একটা কথা বলে আমার কথা আরম্ভ করছি।

সেটা হচ্ছে এই যে আমরা দেখছি সরকার পক্ষীয় যাঁরা, তাঁরা কিছু nervous হয়ে গেছেন। যে বক্তা বললেন, এটা বোধ হয় ব্যক্তিগত আক্রমণ হবে না সরকার তাঁকে advocateরূপে গ্রহণ করেছেন।

তাঁর বক্তব্য কি তা বুঝতে পারছি। আর গভর্ণমেণ্টের অবস্থা কি হয়ে গেছে, তাও বুঝতে পারি। আপনাদের মধ্যে তো আরও অনেক লোক ছিল। কিন্তু যাকে আপনারা নিযুক্ত করেছেন, তার দ্বারা আপনাদের সুনাম বোটেই বাড়বে না। এই পর্য্যন্ত আর কিছু নয়। (The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: সাধু, সাধু।)

আমাদের খাদ্যমন্ত্রী মহাশয় তিনি ইতিপূর্বে বর্ত্তমানে control রাখা উচিত কিনা, বিশেষতঃ খাদ্য কণ্ট্রোল ব্যবস্থা সম্বন্ধে, আমি বেশী কিছু বলবো না ব'লেও অনেক কথা বলেছেন। ধানচালের যেটা procurement মূল্য, সেটা বৃদ্ধি করা উচিত কিনা, সে সম্পর্কে বেশী কথা বলবেন না ব'লেও অনেক কথা বলেছেন। আমি প্রথমে ধানচালের মূল্যের কথা বলি, অনেকবার একথা আমরা বলেছি। তিনিও বলেছেন। আমি কথা কাটাকাটি করতে চাই না। তবে তাঁর যে stock argument সাতকড়ি পতি রায় মহাশয় কত চার পাঁচশো বিঘা কি রকম ধান বানিয়েছেন, তাঁর সেই লাভের হিসেবটা আর না দেখালেও পারতেন। এজিনিষটা বহুবার দেখান হয়েছে। এই রকম irresponsible figure যে হতে পারে, তা জানি না। কারণ অত লাভ যদি করা যেত, তাহ'লে এতদিনে বহু চাষী টাটা-বিরলা হয়ে যেত।

ধানের মূল্য সম্পর্কে দু'একটা কথা বলবো। সে হচ্ছে এই, তিনি জানেন আসামে বাংলাদেশের চাইতে labour cost অত্যন্ত কম। আমি একটা কথা উদ্ধৃত করে দেখাচ্ছি, আসাম গভর্ণমেণ্টের procurement price ছিল সাড়ে সাত টাকা। সেখানে এঁরা যদি বলেন ধানের দাম সাড়ে সাত টাকা তুলনায় এখানে দাম আরও কম হওয়া উচিত—যেহেতু আসামে তাদের cost of production কম। তবুও তাদের দর ছিল সাড়ে সাত টাকা। সেই থেকে কেন্দ্রীয় গভর্ণমেণ্টের অনুমতি নিয়ে সম্প্রতি তাঁরা সেটা ১০৲ টাকা করেছেন। এটা তাঁরা উপলব্ধি করেছেন যে আজ ধানের উৎপাদন খরচ বেড়ে গেছে এবং এর কম দর দিলে কোন চাষীরই পোষায় না। যদি আসামে ১০৲ টাকার কমে চাষীদের না পোষায়, তাহ'লে বাংলাদেশের অবস্থা কি? সেটা তাঁদের একটু ভেবে দেখতে বলি। একথা শুধু আমার একার কথা নয়, এটা আসাম এসেম্‌ব্লীর উদ্বোধনী বক্তৃতায় মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে এই কথা বলেছেন এবং 'অমৃত বাজার পত্রিকা'তে ১৫ই মার্চে আমরা পড়েছি। সে হচ্ছে এই—

"His Excellency who used 23 times 'my Government' in course of his speech said that the Government have taken care of every interest of the agricultural producers. Only recently they moved the Government of India to allow them an increased procurement price of Rs. 10 per maund of paddy in place of Rs. 7-8 a maund since the costs of agricultural requirements have been high for some time."

অতএব বাংলাদেশে যদি এখনো তিনি বলেন যে এখানে সাড়ে সাত টাকা সংগ্রহ মূল্য যথেষ্ট, তাহ'লে এটা খুবই অবাস্তব কথা হয়, "মিথ্যা কথা" নাই বা বললাম। তিনি বহুবার বলেছেন কাদের ধানের মূল্য তাঁরা বাড়াবেন? কোথাকার একটা figure নিয়ে stock argument দেখাচ্ছেন। বহুবার কেবল আমি শুধু দাবী করি না, জনসভা থেকেও দাবী করা হয়েছে—গভর্ণমেণ্ট একটা Non-Official Enquiry Committee বসান্ ধানের প্রকৃত উৎপাদন খরচ কত হয়। তা তাঁরা করেন নাই। হয়ত তা তিনি করতে সাহসী হন্ না ভয় পান। তিনি জনমতকে সম্পূর্ণ অগ্রাহ্য করেছেন। জনমতকে তিনি অগ্রাহ্য করতে পারেন, জনমতকে সহ্য করতে পারেন না, তাঁরা অসহিষ্ণু। এটা প্রকাশ পায় খবরের কাগজের নানা রিপোর্ট থেকে। এ জিনিষটা পরে দেখাব। অতএব ধানের মূল্য সম্পর্কে এই পর্য্যন্ত। আর বেশী কিছু বলবার নাই।

তারপর কণ্ট্রোল সম্পর্কে বলছি। তিনি কুচবিহারের অভ্যুহাত দিয়েছেন। এটা ঠিক কথা কণ্ট্রোল করলে শুধু যে procurement করতে হয়, তা নয়। তাঁর অবগতির জন্য জানাচ্ছি যেখানে procurement করা হয়, সেখানকার দাম বেশী না বাড়ে; আর procurement যেখানে করা হয় নাই ভয় হয় সেখানে দাম বাড়ে। অর্থাৎ cordon area র দাম বাড়ে না, দাম বাড়ে control area র। Cordon area লোকেরা ভয় পেয়ে ধান বিক্রী করে দেয়, আর সেই surplus area ই শেষে deficit area তে পরিণত হয়। আজকে কি করে এবং কেন কুচবিহারে দাম বেড়ে গেল। সে সম্বন্ধে অনুসন্ধান করা উচিত। তারতে অন্তর্ভুক্ত হওয়ার আগে সেখানে এ সব দাম কত ছিল। এখন তাদের ভয় হয়ে গেছে আপনাদের হাতে পড়ে আর তাদের

নিজার নাই। কারণ artificial scarcity দেখা দিয়েছে, তাই সেখানে দাম বাড়বে। আর কণ্ট্রোলের কথা যখনই ওঠে তখন বলা হয় আমরা বহুবার শুনেছি আপনাদের কাছ থেকে—যে এটা আমাদের একটা bad legacy from the British Government war measure. খাদ্য হোক্, বস্ত্র হোক, আমরা যুদ্ধের পূর্বে কেউ কণ্ট্রোলের কথা ভাবিনি। বস্ত্রের অভাব তখনও ছিল, কিন্তু এই বৃটিশ আমলের কণ্ট্রোলের কথা কেউ ভাবেনি। তাই এখন প্রশ্ন হচ্ছে এই কণ্ট্রোল থাকবে কিনা? কোন জিনিষের অভাব হলেই কণ্ট্রোল হবে এটা ঠিক নয়। যুদ্ধের সময় অবশ্য distribution ঠিক রাখবার জন্য কণ্ট্রোল করা হয়। কারণ তখন কোন জিনিষের ঘাটতি থাকলে বিদেশ থেকে এনে তা পূরণ করা সম্ভব হয় না। এখন প্রশ্ন হচ্ছে এই খাদ্যসামগ্রী বিদেশ থেকে এনে আমাদের অভাব পূরণ করতে পারবো কিনা? আমি তাঁকে জানাচ্ছি বিদেশ থেকে খাদ্য আনতে এখন আর কোন অসুবিধা হবে না। এবং অসুবিধা হবে না বলেই আমরা দেশকে করতে চাচ্ছি খাদ্য সম্পর্কে স্বয়ংসম্পূর্ণ। করতে চাইলেও তা করছি না। আপনারা ভারতবর্ষকে কাঁচা মাল উৎপাদনের একটা কৃষিক্ষেত্রে পরিণত করবেন, দরকারমত বিদেশ থেকে খাদ্য আনবেন। ভয় কি? যেমন ইংল্যাণ্ড করছে, আমরাও তেমন পারি করতে। "Statesman" কাগজে একটা authentic report বেরিয়েছে যে Burma Chamber of Commerce তাঁদের জানিয়েছেন যে তাঁরা আশী লক্ষ টন উদ্বৃত্ত ধান বিক্রী করতে পারবে বলে আশা করেছিল, কিন্তু এখন তাঁরা দেখছেন যে দেড় মিলিয়ন টন বিক্রী করতে পারবেন। এবং একথা তাঁরা India Governmentএর Food Ministerকে জানিয়েছেন—তোমরা খাদ্য কিনে নিও। সুতরাং দেখা যাচ্ছে বাইরে থেকে খাদ্য আনবার কোন অসুবিধা বর্তমানে নেই। তাঁরা খাদ্য কণ্ট্রোলকে বর্তমান অবস্থায় effective control করতে পারছেন না। উৎপাদনের responsibility না নিলে উৎপাদন কি করে বাড়বে? উৎপাদন কত হবে এবং তাতে খরচ কত পড়বে সমস্ত না দেখে ঠিকমত distribution বা control কিছুই করা যায় না। মাত্র যুদ্ধের সময় কণ্ট্রোল রাখুন, অন্য সময় চাই না। এই জন্য আমার আবেদন কণ্ট্রোল তুলে দিন্।

এক-ফসলী দেশ আমাদের। এই ধানচাল গ্রামে থাকতো, চাষীরা আগে ধান ভেঙ্গে কিছু কিছু ছোটখাট চালের ব্যবসায় করতো। এখন লোকে তার কিছুই পায় না। বছরের পর বছর মানুষ আজ কর্মহীন হয়ে পড়ছে। তাই দেখতে পাচ্ছি গরীব মেয়েরা যারা পাঁচ-দশ সের চাল নিয়ে পাড়ায় পাড়ায় ঘুরে বেড়ায়, আপনাদের আইন আছে তাদের ধরবেন। আর যারা লক্ষ লক্ষ টাকার black-marketing করছে তাদের ধরবেন না। এটা সত্যি কথা। কিভাবে লোকে আপনাদের হাতে অন্যায়ভাবে প্রপীড়িত হচ্ছে, তার একটা নমুনা দিচ্ছি। গত ২১শে ফেব্রুয়ারী তারিখে কুলপী থানার একটা গ্রামের একজন পঞ্চাশ বছরের বৃদ্ধ লোক আধমণ চাল মাথায় করে নিয়ে যাচ্ছিল; তখন খাদ্য বিভাগের কর্মচারীরা তাকে কোন warning দিল না, বললো না নামাও চাল নিয়ে যেতে পারবে না, তা না করে তারা এক গুলিতেই সেই বৃদ্ধকে মেরে ফেললো (Cries of shame. shame.)

পুলিস একজনকে গ্রেপ্তার করেছিল এবং পরে তাকে ছেড়ে দেওয়া হল।

Mr. SPEAKER : Do not repeat the arguments which have been adduced in this House already. Please bring in new points.

Sj. CHARU CHANDRA BHANDARI : আমি new point আরম্ভ করছি। যাদের ধরা হ'ল তাদেরকে ছেড়ে দেওয়া হ'ল এবং সেই গ্রামের ১৫।১৬ জনকে গ্রেপ্তার করা হয়েছে। গভর্ণমেণ্ট বোধ হয় কেস্ করবেন এই দেখিয়ে যে তারা খাদ্য বিভাগের কর্মচারীদের মেরেছে। যে খবর পেয়েছি—আমার এক সহকর্মী লিখেছে—

"গত ১১ই মার্চ রবিবার মথুরাপুর থানার দত্তের চক গ্রামের শ্রীপুলিন বিহারী হালদার—(পিতা) প্রিয় নাথ হালদার—বয়স ৩০ বৎসর, মাথায় করিয়া কিছু চাউল লইয়া হাটে বেচিতে যাইতেছিল। পথে পেট্রল পার্টির লোকেরা পিছু ধাওয়া করে! হতভম্ব লোকটী বোঝা মাথায় করিয়া ছুটিতে থাকে। থামাইতে সমর্থ না হওয়ায় পেট্রল পার্টির লোকদের ক্রোধ বাড়িতে থাকে ও তাহারা তীব্রবেগে তাহার পশ্চাদ্ধাবন করে। বেগে দৌড়িয়া চলিবার কালে লোকটী হঠাৎ বোঝা সমেত রাস্তার পার্শ্ববর্তী গভীর খাদে পড়িয়া যায়। আর তাহার উপর পেট্রল পার্টির লোকেরা আসিয়া তাহাকে বেদম প্রহার করে। ফলে লোকটী অচেতন হইয়া পড়ে। তাহার পরদিন ১২ই মার্চ তাহাকে মথুরাপুর স্বাস্থ্য-কেন্দ্রে আনা হয়। কিন্তু সেখানে ৬।৮ ঘণ্টা পরে তাহার মৃত্যু হয়।"

শুধু এই রকম অত্যাচার নয়, আরও এমন ভাবের সব ঘটনা পাওয়া যায়, "লোকমত" ব'লে একটা সংবাদপত্র আমার কাছে আছে। তাতে ৯ই মার্চের একটা রিপোর্ট আছে এবং সেটাতে photographic copy দেওয়া হয়েছে। একটা পেট্রল পার্টির লোকেরা কি রকম ব্যবহার করছে সে বিষয়ে একটু পড়ছি—

"কতকগুলি চাষী ছালাসহ ধান্য লইয়া তারা বিক্রয় করিতে যাইতেছিল। এই চাষীগুলির বাড়ী ডিহি বাগনান-হিরাতপুরের নিকট ধরিয়া মুখভাঙ্গা কলভাঙ্গার ডি, পি, এজেন্টের নিকট লইয়া আসে এবং বালগুলি সিজ করিয়া রাখিয়াছে। উক্ত থানার পেট্রল গার্ডের লিডার সাহেবও নিরীহ চাষীগুলির উপর চাবুক মারে ও অযথা গালাগালি করে। উহার মধ্যে একটী গরিব চাষী তাহার মাতার খুব অসুখ, সে উহাকে বলে যে আমাকে আজ ছাড়িয়া দেওয়া হউক। আমার মাতা আছে কিনা যাইয়া দেখিতে পাইব না। তাহাতে লীডার সাহেব তাহাকে অযথা গালাগালি করে আর বলে মুখে মুতিয়া দিব।"

শুধু এই জিনিষ নয়, আরো বহু আছে। সেদিন ডাঃ সুরেশ ব্যানার্জি ও আমি একস্থানে গিয়েছিলাম জনসভা করতে, সেখানে শুনলাম সেই গ্রামে ৫।৬ মণ ধানও যার বাড়ীতে আছে ওরা বলেছেন—১৫ বিঘার নীচে যার জমি আছে তার ধান seize করব না, কিন্তু সেখানে যার ৫।৬ মণ ধান আছে সেও বাদ যাচ্ছে না। লোকের বাক্স পর্য্যন্ত খুলে দেখা হচ্ছে ধান লুকিয়ে রেখেছে কিনা; এই রকম অত্যাচার চারদিকে হচ্ছে। এটা হচ্ছে এক-ফসলের দেশ। একদিকে লোকে কোন কাজ পাচ্ছে না তারা কি করবে, তার উপর তাদের উপর অত্যাচার চলছে। বৎসরের পর বৎসর নির্দয়ভাবে এই control চালান হচ্ছে। সহানুভূতির সঙ্গে দেখুন কতদূর এই control ছাড়ান যায়। যেটা শহর, যেটা শিল্পাঞ্চল সেখানে control রেখে অন্যত্র অবাধ খাদ্য চলাচলের ব্যবস্থা করুন। অভাব আপনাদের চিরকালই থাকবে, স্বয়ংসম্পূর্ণ আপনারা কখনই হবেন না। যতই দিন যাবে লোকসংখ্যা বাড়বে, লোকের ছেলেপিলে হবে; কাজেই যদি self-sufficient হয়ে control তুলতে চান তবে সেটা সুদূরপরাহত। আমাদের খাদ্যমন্ত্রী বলেছেন সকলের সঙ্গে সহযোগিতা করে ভাল মনোভাব নিয়ে এসে সহিষ্ণুতা সহকারে কাজ করুন, সেকাজটা কি? হয়তো তিনি কিছু পরামর্শ দিতে বলবেন, কিন্তু এদিকে জনগণ বিক্ষুব্ধ হয়ে উঠেছে। ধানের দাম যদি কমিয়ে দেবেন তবে তাদের বুঝিয়ে দিন control যদি তুলবেনই না তবে তাদের পুষিয়ে দিন্। একথা পূর্বে কানাইবাবু বলেছেন, ডাঃ সুরেশ ব্যানার্জি বলেছেন; কিন্তু তাঁরা সে জিনিষ করতে চান না। তাঁদের সে সাহস নাই। তাঁর জেলা থেকে যে রিপোর্ট বেরিয়েছে সেটা কি সত্য? যদি সত্য না হয় ওর উচিত ছিল এটা contradict করা। আজ যে মনোভাব এখানে দেখছি জনসাধারণের কাছে যখন যান সে মনোভাব দেখি না। যারা কিছু বলতে আসে তাদের কথা শোনে না (the member was reading from a newspaper) খাদ্যমন্ত্রী প্রফুল্ল সেনমশাই আরাবাগে এসেছিলেন। বিভিন্ন থানার প্রায় দুই সহস্র কৃষক তাদের অভাব-অভিযোগের কথা তাঁকে জানাবার জন্য সমবেত হয়েছিল—(A VOICE FROM THE GOVERNMENT BENCHES: ওটা কি কাগজ?) Dr. Nandalal Ghose তাঁর নিকট উপস্থিত হলে মন্ত্রীমশাই স্বয়ং তাঁকে ধাক্কা দিয়ে সরিয়ে দেন।

Mr. SPEAKER: In our House we do not read big extracts from newspapers; only small extracts are read or the subject-matter is stated by a speaker in his own words.

The Hon'ble BIMAL CHANDRA SINHA: On a point of order, Sir. It is not only the convention of the House but it has also been the desire of the Speaker that no newspaper reports should be read out unless the member is prepared to accept the responsibility about the authenticity of the statement. I heard the honourable member saying that he was not sure about the correctness of the report. I think in that case he is not entitled to read out the statement without taking the responsibility about its authenticity.

Mr. SPEAKER: So far as the reading from newspaper reports is concerned, I have consulted the precedents. I feel that there were some rules before, but these rules have been relaxed at present. Newspapers have been allowed to be read out to a certain extent, but you cannot read the full extract.

Now, with regard to the correctness of the allegations, certainly any member who reads it out should assume a certain amount of responsibility that the matter is correct.

Sj. CHARU CHANDRA BHANDARI: ঠিক। তা ছাড়া আমি আর কিছু বলব না।

Mr. SPEAKER: Are you sure about the fact that a particular Minister went there and has that any relation to the particular subject-matter?

Sj. CHARU CHANDRA BHANDARI : স্যার, কথাটা হচ্ছে এই যে, যে কাগজ থেকে আমি পড়েছি এই কাগজটা হুগলী জেলা থেকেই বের হয়। আমি দেখছি Dr. Radha Krishna Pal সেটা পরিচালনা করেন। এই যে ভদ্রলোক তাঁকে একজন দায়িত্বজ্ঞানসম্পন্ন কর্মী ব'লেই জানি। এটা যে মিথ্যা তা আমার ধারণা নয়। তবে এর মধ্যে যদি আর কিছু থাকে তাহলে তাঁকে expose করবেন। এতে আছে যে রিপোর্ট তাতে দেখা যায় কৃষ্ণনগরের এক সভায় গিয়েছিলেন; সেখানে একটা গোলমাল বেঁধে উঠে এবং সেখানে উপস্থিত প্রায় ৪ হাজার জনতা জানায় যে, তাদের কথার জবাব না দিলে তারা সভা ছেড়ে উঠে যাবে এবং পুলিশকে নাকি মন্ত্রী মহাশয় বলেছিলেন এই কাপুরুষগুলিকে—

Mr. SPEAKER : Mr. Bhandari, our time is very short and there are yet some other speakers to speak. So you try to finish your speech within the limited time.

Sj. CHARU CHANDRA BHANDARI : এখন কথা হচ্ছে হতে পারে এটা exaggeration কিন্তু এসম্বন্ধে অনেক জায়গায় শোনা গিয়েছে যে, জনসাধারণ তাঁর কাছে গিয়েছে এবং গিয়ে বলেছে খাদ্যমন্ত্রী হিসাবে তিনি যেন সকলকে বুঝিয়ে দেন। আমিও বলছি তাই, তাদের ভয় না দেখিয়ে তাদের "কুলক" ব'লে না নিয়ে তাদের induce করুন তাদের সঙ্গে as honourable men ব্যবহার করে। এটা Governmentএর পক্ষে খুব ভাল কথা নয় যে, গভর্ণমেণ্টের প্রতি অনেক লোক ক্ষুব্ধ হয়ে আছে। সরকার তাদের কাপড়তো দিচ্ছেন নাই, তাদের ধানও নিয়ে যাচ্ছেন। বর্তমানে তাদের সরকার সম্বন্ধে ধারণা হচ্ছে—"ঐ বর্গী এল দেশে"। যেখানে এই অবস্থা চলছে সেখানে আমার বলার উদ্দেশ্য আমরা যে সহযোগিতার মনোভাব দেখাতে চাই সেই মনোভাব আপনাকে বুঝাতে পারছি না, আপনিও আমাকে বোঝাতে পারছেন না; কেউ কাউকে বোঝাতে পারছি না। তবে আসল কথা হচ্ছে যাদের বোঝাতে হবে সেই জনসাধারণকেই উত্তরেরই বোঝান উচিত। আপনাদের control তোলবার ক্ষমতা নাই কেন্দ্রীয় গভর্ণমেণ্টের অনুমতি ছাড়া। কিন্তু এটুকু বুঝি আপনারা যদি শক্ত মনোভাব নেন এবং শক্তভাবে দাঁড়ান তাহ'লে কেন্দ্রীয় Government তুলতে বাধ্য হন। একেবারে যদিও না তোলেন controlটা শিথিল করতে যে বাধ্য হবেনই তাতে সন্দেহ নাই। আপনারা যদি বলেন ধানের দাম ১০৲ টাকা না করলে জনসাধারণ ক্ষুব্ধ হবে, বিশেষতঃ আসাম গভর্ণমেণ্ট যেখানে বলেছেন তাদের ধানের দাম ১০৲ টাকা হওয়া উচিত সেখানে আপনাদের ১২৲ টাকা তো হওয়া খুবই উচিত। তা'না করে জনসাধারণ কিছু বলতে এলেই বিরক্ত হন। আমার বক্তব্য হচ্ছে আপনারা যাই করুন লোকদের বুঝিয়ে দিন; জনমতকে উপেক্ষা না করে ধানের দাম বাড়িয়ে দিন; এছাড়া আর কোন পথ আমি দেখছি না। আজ জনসাধারণ যে ক্ষুব্ধ হয়ে উঠেছে তার প্রতিকার করুন; এবং যতক্ষণ control রাখছেন ততক্ষণ অন্ততঃ বিভিন্ন জেলার মধ্যে যে barrier আপনাদের procurementএর জন্য রেখেছেন সেটাকে উঠিয়ে দেওয়া উচিত আর লোকে যেন Procurementএর লোকদের দেখলেই "বর্গী এল দেশে" এই কথাটা না বলতে পারে।

Sj. ISWAR CHANDRA MAL : মাননীয় স্পীকার মহোদয়, খাদ্য সম্বন্ধে কয়েকটা কথা বলবার জন্য আমি উপস্থিত হয়েছি। গভর্ণমেণ্টকে যাঁরা সমর্থন করেন তাঁরা গভর্ণমেণ্টের নীতিকে সমর্থন করেন না এটা ঠিক নয়। তাঁদের একটা পার্টি আছে, সেই পার্টিতে বসে বিভিন্ন বিষয়ের তাঁরা সমালোচনা করেন; শুধু যে বিরোধী পক্ষীয় সদস্য যাঁরা তাঁরাই সমালোচনা করেন তা ঠিক নয়, পক্ষীয় লোকেরাও সমালোচনা করেন। কাজেই খাদ্য সম্বন্ধে যে statistical figures মাননীয় মন্ত্রীমহাশয় আমাদের কাছে রাখেন সেটা একটা রিপোর্টের উপরই নির্ভর করে করেন এটা আমাদের বিশ্বাস আছে। হয়তো সেটা ভুল হতে পারে। কিন্তু ধান

কেনা হয়, কত চাল তৈরী হয়, কত চাল বিদেশ থেকে আসে এবং আসার পর কত চাল বিতরণ করা হয় এবং কতটা কোথায় দেওয়া দরকার, সেটা দিতে পারছেন কিনা, সেটা নিশ্চয়ই Distribution Departmentএর বিশেষভাবে চিন্তা করে দেখতে হয়। মাননীয় সদস্য শ্রীচারু ভাণ্ডারী মহাশয় control তুলে দিয়ে ধানের দর বাঁধুন এইটে বিশেষ করে বলেছেন। আমি তাঁর ঐ ধানের দর বাঁধার সঙ্গে একমত নই। Control তুলে দিতেও আমি একমত নই, কেননা control তুলে দিলে যে পরিণাম হবে সেই সম্বন্ধে আমার যা ধারণা সে ধারণার প্রতিকূলে আমার মাননীয় সদস্য চারুবাবুর সঙ্গে একমত হতে পারছি না। ধানের দর তিনি ১২৲ টাকা করতে বলেছেন; তা করলে চারুবাবুর মত যাঁদের ২০০।৩০০ বিঘা জমি আছে অথচ ধান যতটা খরচ বাদে উদ্বৃত্ত হবে তারজন্য বেশ কিছু পয়সা পাবেন তাতে সন্দেহ নাই। কিন্তু সেই সঙ্গে দেখতে হবে আর যাদের খাদ্য যতটুকু দরকার ততটুকু যারা উৎপাদন করতে পারে না, যারা অন্যভাবে নিজেদের খাদ্য সংস্থান করে তাদের নিশ্চয়ই ১২৲ টাকা দিয়ে ধান কিনতে হবে। একথা যদি তিনি যুক্তির দ্বারা খণ্ডন করতে পারেন তাহ'লে আমি স্বীকার করব যে, চারুবাবুর বক্তৃতা যুক্তিসঙ্গত তিনি যেমন গ্রামে বাস করেন আমিও মেদিনীপুরের একটা জায়গায় বাস করি, শূন্যে বাস করি না। আমি জানি কতলোক কিনে খায়। যাদের বৈশাখ-জ্যৈষ্ঠ মাস থেকে অগ্রহায়ণ মাস পর্য্যন্ত কিনতে কাটতে হয় বাইরে তারা কোথায় পাবে? কারণ, অনেক কষ্টে যে সামান্য অর্থ উপার্জন তারা করে তার দ্বারা তারা কিনে খায়। তাছাড়া বর্গা যারা চাষ করে তারাও অনেকে বর্গার ভাগের দ্বারা বছরের খোরাক নির্বাহ করতে পারে না, কিনতে তারাও বাধ্য হয়। গভর্ণমেণ্ট জানেন তাঁরা ধানের দাম যখন কম দেন তখন সেটা একটু সস্তাই হয়। আমি কিন্তু সে মত পোষণ করি না। ১২৲ টাকা ধানের দাম যদি পৌষ-মাঘ মাসে হয় তা'হলে আর বাড়ীতে খামার তৈরী করে, মাড়াই তৈরী করে ধান না রেখে সবাই যে বিক্রী করে দেবে গভর্ণমেণ্টের কাছে এতে কোন সন্দেহ নাই। যাঁদের ধান উদ্বৃত্ত হয় তাঁদের সঙ্গে আলাপ করে দেখেছি এবং তাঁরা বলেছেন গভর্ণমেণ্ট বেশী দাম দিলে আমরা বিক্রী করে দেব। সে অবস্থায় যারা অল্প ধান পাবে—ধানের দর বৃদ্ধি হলে যাদের ধান উদ্বৃত্ত বেশী আছে তাদের কিছু সুবিধা হতে পারে, কিন্তু যাদের অল্প পরিমাণ ধান উৎপন্ন হয় এবং সেই ধানের উপর সারা বৎসরের খাওয়াপরা চলে না, বরং কয়েক মাসের খোরাকী বাজারে কিনতে হয় তাদের ভয়ানক অসুবিধা হবে। কারণ, ধানের দর বৃদ্ধি হলেই যে চাষীদের সুবিধা হবে এতে আমার যথেষ্ট সন্দেহ আছে। ধানের দর বৃদ্ধির সঙ্গে সঙ্গে অন্যান্য দৈনন্দিন দ্রব্যমূল্যও বৃদ্ধি পাবে, সুতরাং চাষীদের সুবিধা হওয়া তো দূরের কথা, তারা বরং আরো কষ্টের মধ্যে পড়ে যাবে।

তারপর Cordon তুলে দিলে কি হবে সে সম্বন্ধে দেখুন। আমার মহকুমা কাঁথি তার cordon line যদি তুলে দেওয়া হয় এবং সেখানে যদি ধান procure করবার জন্য কোন procurement officer না থাকে, D. P. Agent না থাকে তাহলে সেসব ধান লিলুয়া হাওড়া বা কলিকাতায় চলে আসবে এবং যেহেতু ব্যবসায়ীদের লাভ করবার একটা প্রবৃত্তি আছে তাই ধানের দর ক্রমশঃই বৃদ্ধি পাবে কাজেই তাদের মধ্যে দুর্নীতি না থাকতে পারে কিন্তু ধান কেনবার সঙ্গে সঙ্গে বেশী দরে বিক্রী করার প্রবৃত্তি হতে নিবৃত্তি হবে একথা বন্ধু চারুবাবু নিশ্চয় করে নিশ্চয়ই বলতে পারেন না।

খাদ্য-সমস্যা একটা বড় সমস্যা সব চাইতে এতেই danger বর্ত্তমান সুতরাং এই সমস্যাকে রাজনীতিক খেলা হিসাবে না দেখে যদি অন্যভাবে চিন্তা করা যায় তাহলেই ঠিক হবে। ধানের দর বাড়লে day labourer যারা আছে তাদেরও মজুরী বাড়বে কাজেই চাষের খরচাও বেড়ে যাবে। কাজেই এতে কোন সুবিধা হবে না বরং উৎপন্ন দ্রব্য কি করে বাড়ে এবং surplus দ্রব্য কি করে লোকে সহজেই Governmentএর হাতে তুলে দেয় সেটাই আমাদের দেখা কর্ত্তব্য। আমি এই পরিষদে সকলের কাছে বিশেষ করে বিরুদ্ধ পক্ষীয় সদস্যদের কাছে নিবেদন করি তারা যেন মফঃস্বলে যাইয়া এই ধানের দর বৃদ্ধি আন্দোলন চালিয়ে দেশের বৃহত্তর কল্যাণে কুঠারাঘাত না করেন। যদি তা করেন তাহলে দেশের আর্থিক অবস্থায় অবনতিই হবে।

Sj. RAJANI KANTA PRAMANIK: মাননীয় Speaker মহোদয়, Extraordinary chargesএর উপর discussion আরম্ভ হয়েছে বেলা ৩॥ টায়, আর এখন ৭॥টা, ৪ ঘণ্টা অতিবাহিত হয়েছে। মাননীয় সদস্যদের ধৈর্য্যচ্যুতি হওয়ার সম্ভাবনা। তাহলেও আমি সংক্ষেপে দু'একটি কথা বলব।

শ্রীযুক্ত যতেন সেন মহাশয় একটা cut motion move করেছেন। তাতে আমার নাম উল্লেখ করেছেন। তাই আমি কিছু বলা প্রয়োজন মনে করি। তিনি বলেছেন যে wastage ব্যাপারে অনুসন্ধান

করবার জন্য যে কমিটি নিযুক্ত হয়েছিল, সেই কমিটি report submit করতে পারে নাই। আপনার অবগতির জন্য বলছি, তিনি ভুল সংবাদ পেয়েছেন এবং সেই ভুল সংবাদের উপর ভিত্তি করে cut motion এনেছেন। তিনি যে কথা উল্লেখ করেছেন সেটা ঠিক নয়। কেননা ইতিপূর্ব্বেই সরকারের কাছে এই কমিটি তার report পেশ করেছে। কাজেই এ পর্য্যন্ত পেশ হয়নি একথাটা ঠিক না। আমি স্বীকার করতে বাধ্য যে মাননীয় মন্ত্রীমহাশয় যে সময় নির্দ্দিষ্ট করে দিয়েছিলেন, আমরা সে সময়ের মধ্যে report পেশ করতে পারিনি। তার কারণ কি আমি সেটা এখানে জানান আবশ্যক মনে করি। তিনি এই cut motion অবলম্বন করে যে বক্তৃতা দিয়েছেন, সেই বক্তৃতা ঐরূপ ভুল সংবাদের উপর নির্ভর করে দিয়েছেন বলে মনে হয়। ঐ কমিটিরই একজন সদস্য তাঁকে সেই সব সংবাদ দিয়েছেন তা না হলে এত detailed সংবাদ তিনি দিতে পারতেন না। আমি মনে করি, সেই সদস্যের জন্যই এ কমিটির report পেশ করতে দেরী হয়েছে। কেন দেরী হয়েছে তার দু'একটী কারণ আমি বলছি। উক্ত সদস্য মহাশয় বহু figures মাঝে মাঝে চাইতেন। এটা চাই, সেটা চাই, চাওয়ার তাঁর অন্ত ছিল না। সেই সব figures সেদিন দেওয়া হোত না—দেওয়া সম্ভব হোত না—পরে তা দেওয়া হত, figures পেলে তিনি তখন বলতেন figures কি করে compare করব। খাতাপত্র মিলিয়ে দেখা দরকার। একদিন এসে বললেন কোন কোন figure সন্দেহজনক। অতএব খাতাপত্রের সঙ্গে মিলিয়ে দেখা দরকার—এজন্য godownএ যেয়ে অনুসন্ধান করা দরকার। কিন্তু সব সময় ত সেখানে সকলের পক্ষে যাওয়া সম্ভবপর ছিল না। এইভাবে meetingএর কাজ বিলম্বিত হয়েছে। তার জন্যই report দিতে দেরী হয়েছিল। আর একটা কথা—যে কমিটি এই সব অনুসন্ধান করবার জন্য formation হয়েছিল, সে সম্বন্ধে দেবেনবাবু কটাক্ষপাত করেছেন। তাতে ছিলেন কে কে? একজন Presidency Collegeএর Economicsএর প্রফেসর। আর একজন, দীর্ঘকাল ধরে যিনি চালের ব্যবসায় করেছেন, তিনিও ছিলেন এবং আমি পার্লামেণ্টারী সেক্রেটারী হিসেবে ছিলাম, ইত্যাদি। তাতে এমন লোকও ছিলেন তাঁকে হয়ত আপনারা বলবেন black-marketer; আমি বলছি তা নয়। এখন কেউ চালের ব্যবসায় openly করে না। সুতরাং তাদের black-market করা সম্ভবও নয়। তিনি দীর্ঘকাল ধরে চালের ব্যবসা করেছেন, তিনি জানেন কোথায় কি পরিমাণ loss হয়। কাজেই এই জন্য তাঁকেও সেই কমিটিতে স্থান দেওয়া হয়েছে। কোন University Professor কখনো black-marketing করেছেন বলে কেউ শোনেননি, কেউ বিশ্বাসও করে না। কাজেই তিনি একটা ভুল সংবাদের উপর ভিত্তি করে এই কথা বলেছেন।

তারপর আর একটা কথা বলা হয়েছে যে সমস্ত জিনিষ তাঁকে দেখতে দেওয়া হয়নি, godown দেখতে দেওয়া হয়নি। তাঁকে godown দেখতে মোটেই নিষেধ করা হয়নি। তিনি পল্লীগ্রামের godown দেখতে যাবেন, ট্রেনে করে যাবেন না, তাঁকে এরোপ্লেনে পাঠাতে হবে এটা অবশ্য সম্ভব হয়নি। তাঁকে বলা হয়েছিল যে কলিকাতার godown দেখে যদি প্রয়োজন বোধ করেন যে তাঁর পল্লীগ্রামের godown দেখতে যাওয়া দরকার, তাহ'লে নিশ্চয়ই তিনি যাবেন। কলকাতার godown দেখে যদি তিনি satisfied হন্ যে, সাধারণতঃ যে loss হয় তার চেয়ে বেশী হচ্ছে, তাহ'লে তাঁকে মফঃস্বলে কোথাও যাওয়া প্রয়োজন হ'লে পাঠান হবে। কাজেই আগে কলকাতার godown দেখে আসুন। সেই অনুসারে তিনি কলকাতার godowns দেখতেও গিয়েছিলেন। স্পীকার মহোদয়, তাঁকে godown দেখতে দেওয়া হয়নি—একথা মোটেই সত্য নয়। আমার যতদূর মনে পড়ে উনি কাশীপুর godown দেখে এসেছেন, লেকের godown দেখে এসেছেন, Government storesও তিনি দেখে এসেছেন এবং আর আর godown যা দেখেছেন, তা আমার স্মরণ নাই। কাজেই তাঁকে যে godown দেখতে নিষেধ করা হয়েছিল সে কথা সত্য নয়।

তারপর আর একটা কথা বলা হয়েছে যে, রিপোর্ট তাঁকে circulate করা হয়নি। আমি বলছি একথা সম্পূর্ণ মিথ্যা। রিপোর্ট প্রত্যেকটী মেম্বারের কাছে গিয়েছে। এখনও যদি দেখতে চান তা দেখতে পারেন সেগুলো পিওন বুক মারফৎ পাঠান হয়েছে, কাউকে বা by post পাঠান হয়েছে। ডিপার্টমেণ্টের খাতা যদি অনুসন্ধান করেন, তাহলে দেখবেন এটা সত্য কিনা। সুতরাং তাঁর খবর সম্পূর্ণ ভুল।

তারপর 9 per cent. loss হয় শুনে কানাই বাবু বললেন যে আতঙ্কগ্রস্ত হয়েছেন। আমি তাকে অভয় দি, তাঁর আতঙ্কগ্রস্ত হবার কোনই কারণ নেই। আমিও সেই member ও অন্যান্য সকলে মিলে খুঁটানুপুঙ্খরূপে অনুসন্ধান করে দেখেছি যে storage এবং transitএ যে loss হয়, তা কোনটাতেই one per cent.এর বেশী নয়। সুদূর মফঃস্বল থেকে মাল আনতে চার পাঁচটা stageএর ভেতর দিয়ে আসতে

হয়। প্রথম D. P. Agentরা ধরিদ করে, সেখান থেকে মিলে নিয়ে আসতে হয়, মিল থেকে godown ইত্যাদি যে বিভিন্ন stage আছে, তাতে 2 per cent.এর চেয়েও কম loss বা ক্ষতি হয়। কাজেই এই রকম একটা cut motion সমর্থন করা উচিত কিনা, তা বিবেচনা করবার জন্য আপনাদের অনুরোধ জানাচ্ছি।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, I want to make one point clear if you will permit me to do so.

A suggestion has been made by Sj. Annada Prosad Choudhury that the change in the designation of my Hon'ble Friend Mr. P. C. Sen might have been made at the suggestion of the Working Committee. I may say that at no time any suggestion has been received from the Working Committee or from anybody outside Calcutta.

The Hon'ble NIKUNJA BEHARI MAITI: মাননীয় স্পীকার মহাশয়, ডাক্তার সুরেশ চন্দ্র ব্যানার্জী মহাশয় ফেরীওয়ালাদের কাপড় দেওয়া সম্বন্ধে বলেছেন। আমার বন্ধু জে, সি, গুপ্ত মহাশয় এ বিষয়ে উত্তর দিয়েছেন, তাহ'লেও আমি ডাক্তার ব্যানার্জীর অবগতির জন্য আর একটু জানিয়ে দিচ্ছি।

বর্ত্তমানে যে রকম কাপড়ের কোটা আমরা পাই তাতে কলিকাতা সহরে মাসে চার হাজার বেল কাপড় আমরা দিতে পারি, এবং এই কাপড় দেওয়া হয় ২৫৫ জন রিটেলারের মারফৎ। তাতে গড়ে প্রায় ১৫ বেল করে কাপড় তারা পায়। কিন্তু কলিকাতা সহরে লাইসেন্সপ্রাপ্ত ৫,১২৯ জন কাপড়ের দোকানী আছে, যাদের দোকান ঘর আছে এবং যারা ভাড়া দেয় দোকানের জন্য এবং এদের হিসাবপত্র রাখবার একটা ব্যবস্থা আছে। তাছাড়া হকার বা লাইসেন্সপ্রাপ্ত ফেরীওয়ালার সংখ্যা হচ্ছে ৭,৯৪৫। শ্রদ্ধাস্পদ ডাক্তার বন্দ্যোপাধ্যায় মহাশয় বলেছেন ২১ হাজার ফেরীওয়ালা আছে।

আমি একটা হিসাব করে দেখেছিলাম যে লাইসেন্সপ্রাপ্ত ৭,৯৪৫ ফেরীওয়ালাকে যদি কাপড় দিতে হয় তাহ'লে সেই কাপড়ের পরিমাণ খুবই কম হবে। কয়েক দিন পূর্ব্বে উনি একটা প্রশ্ন করেছিলেন যে ফেরিওয়ালারা মিলের কাপড় পেতে পারে কিনা। আমি বলবো নিশ্চয়ই পেতে পারে। বাস্তবিক তারা পাচ্ছে। কিন্তু কণ্ট্রোল চ্যানেলের ভিতর দিয়ে তারা পাচ্ছে না। মিল মালিকেরা যে এক তৃতীয়াংশ কাপড় বিক্রয় করে তার ভিতর থেকে তারা কিনে আনে।

ডাঃ বন্দোপাধ্যায় মহাশয় কিছুদিন আগে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়কে একটা চিঠি দিয়েছিলেন, সেটি আমার হস্তগত হয়েছে, আমি বিবেচনা করেছি এবং দেখা গিয়েছে কাপড় যা দেওয়া যেতে পারে, তা খুব কম পরিমাণ হবে। তবে যে সমস্ত কাপড় ডিকেক্‌টিড ও রিজেক্‌টেড বলা হয় এই রকমের কাপড় দেওয়া যেতে পারে। তাছাড়া আর একটা অসুবিধা ফেরীওয়ালাদের কাপড় দেওয়া সম্বন্ধে। ফেরীওয়ালাদের কোন নির্দ্দিষ্ট দোকান নাই।

আমাদের কথা হচ্ছে যদি কোন লোককে কাপড় দিতে হয় সেটা তার রেশন কার্ড দেখে দিতে হয় এবং তার রেশন কার্ডের উপর লিখে দেওয়া হয় কোন্ তারিখে তাকে কাপড় দেওয়া হল। তাছাড়া একটা হিসাব রাখতে হবে এবং তার একটা রিপোর্টও পাঠাতে হবে। কারণ এতে ধরতে পারা যায় যে সে কাপড় জনসাধারণকে বেচেছে কিনা। কিন্তু ফেরীওয়ালারা যেভাবে ঘুরে ঘুরে কাজ করে, তাতে এই সমস্ত কাজ তারা করতে পারবে কিনা, তা ডাক্তার ব্যানার্জী মহাশয় বিবেচনা করবেন। তাঁদের যদি একটা এ্যাসোসিয়েসন করা হয় এবং তার মারফতে কাপড় নেওয়া হয় তাহলে খানিকটা সুবিধা হয়।

আমি সেদিন বলেছি এবং আজও বলছি কলিকাতা সহরেতে যত কাপড় দেওয়া দরকার আমরা তত কাপড় দিতে পারছি না। তার কারণ আর কিছুই না, ভারত গভর্ণমেণ্টের কাছ থেকে আমাদের যে নির্দ্দিষ্ট পরিমাণ কাপড়ের কোটা পাওয়ার কথা, তা আমরা পাইনি। অবশ্য ভারত গভর্ণমেণ্ট কেন দিতে পারেন নি তার হয়ত অনেক ভাল কৈফিয়ৎ আছে। আমরা কেবল কাপড় বণ্টন করতে পারি। বণ্টন যাতে সুষ্ঠুভাবে হতে পারে তার জন্য খুচরা দোকানগুলি খোলা হয়েছে, এবং সেই সমস্ত দোকানগুলির যে সকল অসুবিধা আছে তা আমরা জানি। বহু লোক সেখানে ভিড় করেন এবং তার ফলে খুব অসুবিধা হয়, এবং সেই সমস্ত অসুবিধা দূর করবার জন্য আমরা বিশেষভাবে চেষ্টা করছি।

মনে রাখতে হবে এই যে কণ্ট্রোলের ভিতর দিয়ে কাপড় দেওয়ার ব্যবস্থা মাত্র কয়েক দিন আরম্ভ হয়েছে। এর পূর্ব্বে যখন কাপড়ের প্রাচুর্য্য ছিল তখন কোন ব্যক্তিই কণ্ট্রোল দরে কাপড় কিনতে চায় নি। সুতরাং

যেখানে যেবন কাপড়ের ঘাটতি হচ্ছে সেখানে তেমনি কাপড় কণ্ট্রোলের ব্যবস্থা হচ্ছে। এ বিষয়ে আমার বন্ধু জে, সি, গুপ্ত মহাশয় বলেছেন আজ প্রত্যেকটি লোকের যদি সহযোগিতা পাই তাহলে আমরা এটা আরও ভাল করে তুলতে পারি। সেই জন্য ক্রেতাদিগকে আমরা খুচরা দোকানের সঙ্গে লিংক করে বা গেঁথে দিতে চাই—একটা দোকানেতে তার আশেপাশের লোকদের নাম রেজিষ্ট্রী করা থাকবে এবং তাঁরাই তার কাছ হতে কাপড় পাবেন। দূরবর্ত্তী অন্য লোক পাবে না, এই রকম ব্যবস্থা আমরা করেছি। বুদাসির হোসেন সাহেব এখানে উপস্থিত নেই, তিনি মফঃস্বলে কাপড়ের বণ্টন ব্যবস্থা সম্পর্কে জানতে চেয়েছিলেন। মফঃস্বলে যে কাপড় আমরা দিই তার পরিমাণ প্রায় কাছাকাছি সাড়ে চার হাজার বেল হবে। এই সাড়ে চার হাজার গাঁট কাপড় আমরা এই ভাবে বিতরণ করি—আমাদের যারা নমিনেটেড বায়ার—তাঁহাদিগকে তাদেরই দায়িত্বে মহকুমা সদরে কাপড় পৌঁছে দিতে হবে এবং সেখান থেকে হোলসেলাররা বিভিন্ন থানায় সেই কাপড় নিয়ে যাবে, এবং তাদের কাছ থেকে যদি সম্ভব হয় প্রত্যেক ইউনিয়নে কয়েকজন খুঁচরা দোকানী নিযুক্ত থাকবে এবং তাদের কাছ থেকে সেই অঞ্চলের ক্রেতারা কাপড় পাবে। কাপড়ের জন্য খুব ঘোরাফেরা যাতে করতে না হয় তার জন্য এই পরিকল্পনা গত ফেব্রুয়ারী মাস থেকে আরম্ভ হয়েছে। অবশ্য আমরা আশা করছি মার্চের শেষ দিক থেকে, এপ্রিলের মাঝা-মাঝি পর্য্যন্ত এই পরিকল্পনা কাজ করে সম্পূর্ণ হবে, এবং আজ যে সমস্ত অসুবিধা দেখা যাচ্ছে সেটা আর থাকবে না।

ডাক্তার ব্যানার্জী চিটাগড়ে যে গোলমাল হয়েছে তার উল্লেখ করেছেন। কিন্তু এই রকম উত্তেজনা সৃষ্টি হওয়া অসম্ভব নয়। কারণ যেখানে বহু লোক জমায়েত হয়, সেখানে ঠেলাঠেলি, বচসা ও একটু-আধটু গোলমাল হওয়া অসম্ভব নয়। কিন্তু কোথাও কোন জায়গায় যদি এই রকম কোন ঘটনা ঘটে এবং আমরা তা টের পাই, আমরা তৎক্ষণাৎ তার সুব্যবস্থা করি। যেবন সুতার ব্যাপারে আমরা করেছি। মফঃস্বলের বিভিন্ন গ্রামের অধিবাসীরা ভিন্ন ভিন্ন দিনে এসে খুচরা দোকানীদের কাছ থেকে কাপড় নিয়ে যাবে তাতে ভীড় ও গোলমাল বেশী হবে না। দুঃখের বিষয়, আমরা বর্ত্তমানে যত কাপড় দিতে চাই তা আমরা দিতে পারছি না। কিন্তু এ বিষয়ে আমাদের কোন হাত নেই একথা আমি গতবার বলেছি, এবারও বলছি। কারণ আমরা যে পরিমাণ কাপড় পাই, সেইটা খালি বণ্টন করবার ভার আমাদের উপর রয়েছে। সুতরাং মাননীয় সদস্যদের কাছে আমার অনুরোধ যদি আমাদের এই বণ্টনের ব্যাপারে কোথাও অব্যবস্থা হয়, সেটা অনুগ্রহ করে আমাদের জানালে আমরা তা দূর করবার জন্য যথাসাধ্য চেষ্টা করব। কাপড় সরবরাহ ব্যাপারে আমাদের প্রধান লক্ষ্য হচ্ছে যাতে প্রত্যেকটি দেশবাসী এই কাপড় পেতে পারে। কিন্তু অনেকের ধারণা যে আমরা ইচ্ছাপূর্বক কাপড় লুকিয়ে রেখে দেশবাসীকে তা দিচ্ছি না। সেইজন্য সভাপতি মহাশয়ের অনুমতি নিয়ে, অল্প কথায় জানিয়ে দিচ্ছি একটা মাসের হিসাব, তাতে আপনারা জানতে পারবেন কাপড় আমরা কি পাই না পাই।

ধরুন মার্চ্চ মাসে আমাদের কাপড়ের কোট বরাদ্দ ১৮,৬০০ ছিল, তা থেকে এক তৃতীয়াংশ বাদ গেলে আমাদের ১২,৪০০ পাবার কথা। এটা পাব আমরা। তার মধ্যে শতকরা ২৫ ভাগ কেটে নেওয়া হল—প্রায় ৩,১০০ বেল চলে গেল। এটা আমরা পাচ্ছি না। এর পরেও অনেকটা অংশ কাটা হয়। সেটাও আপনাদের জানা দরকার। ২,০৩৬ বেল কাপড় বাদ যায়—আমরা হ্যাণ্ডলুমের জন্য সুতা পাই বলে। বাস্তবিক এতে ১,৬০০ বেল সুতা টানে, তারজন্য আমাদের প্রায় ২,০৩৬ বেল কাপড় কাটা যায়। এইসব কাটা যাবার পর যা থাকে তাই আমরা পাব। এখানে বাংলার মিলে কাপড় আমরা পাই ৪,৬২২ বেল, বাকী যা থাকে ৩,১০০ বেলের মতন সেটা আমরা বাংলাদেশের বাইরে থেকে—আমেদাবাদ, সোলাপুর, বোম্বে থেকে পাই। এই কেটে নেওয়ার সম্বন্ধে সব ব্যাপার ভারত সরকার ভাল বলতে পারেন। তাঁরা বলেছেন এবং বোধ হয় আপনারা সকলে জানেন বোম্বে মিলে ষ্ট্রাইক হওয়ার জন্য কাপড় তৈরী হয় নাই। আর সুতার অভাবেও বাংলাদেশের ৪টা মিল বন্ধ আছে। একজন বন্ধু বলেছেন ভারত গভর্ণমেণ্টের এখন অবহিত হওয়া উচিত তাঁরা রপ্তানী কেন বৃদ্ধি করেছেন। ভারত গভর্ণমেণ্টই সেই রপ্তানী সম্বন্ধে বলতে পারেন। তাঁদের হয়তো অসুবিধা আছে। অবশ্য আমরা সকলেই অভাব অনুভব করছি। এ বিষয়ে ভারত গভর্ণমেণ্ট একটা পদ্ধতি নিয়েছেন যাতে করে আমরা আশা করি আগামী ২।৩ মাসের মধ্যে কাপড়ের অবস্থা ভাল হবে।

আমার বন্ধু কানাইলাল বাবু বাঁকুড়ার তাঁতিরা সুতা কম পাচ্ছে বলে অভিযোগ করেছেন। (শ্রীকানাইলাল দে: শুধু বাঁকুড়া নয়, সর্বত্রই।) বাংলাদেশের সর্ব্বত্রই যে রকম সুতা দেওয়া হচ্ছে সেই রকম বাঁকুড়াতেও দেওয়া হয়েছে। বাংলাদেশের মধ্যে জেলায়, মহকুমায় যে অনুপাতে সুতা দিয়েছি বাঁকুড়ার জন্য তার থেকে এক ছটাকও

কম দিই নি। (শ্রীকানাইলাল দে: শুধু বাঁকুড়ার কথাই নয়, সব জায়গায় কম দিয়েছেন।) এখন, বাঁকুড়ার সদরে তাঁতি আছে ৮,০০০ আট হাজার। এবং বিষ্ণুপুরে ২,০৯১, তার জন্য যথাক্রমে ১০৭ বেল এবং ২৭ বেল সুতা দেওয়া হয়। এখানে সুতা প্রাপ্তি সম্বন্ধে কিছু জানাতে চাই। জানা দরকার এইজন্য যে, তা না হলে অনেক ভুল হতে পারে। আমরা গত কয় মাসে বাংলা দেশে সমস্ত কাজের জন্য যা দিয়েছি সেটা আপনাদের শুনিয়ে দিচ্ছি। মে মাসে ৯০০ বেল, জুন মাসে ১,৮৪৯, আগষ্ট মাসে ২,০৩৩, সেপ্টেম্বরে ১,৬৬১, অক্টোবরে ১,৬৯২, ডিসেম্বরে ১,৩৫৪ এবং জানুয়ারীতে ১,৪৫৩ আর তাছাড়া ফেব্রুয়ারী-মার্চ মাসে ১,২৪৪--৫৪ বেল দিয়েছি। এর মধ্যে লাইসেন্স্ লুমগুলিকে পাঁচ পাউণ্ড হিসাবে দিতে গেলে ১,১০০ বেলের উপর সুতা হয়ে যায়।

তারপর বীবরের জালের জন্যও সুতা দেওয়া হয়। ভারত গভর্ণমেণ্ট বর্ত্তমানে যে পন্থা নিয়েছেন তাতে আশা করি সুতার ব্যবস্থা ভালই হবে। তাঁরা রপ্তানী বন্ধ করেছেন, কাজে এ বৎসর জালের জন্য সুতার অবস্থাও ভাল হবে। আমাদের বন্ধু কানাই বাবু একটা মোশন মুভ করেছেন, কিন্তু সেটা সম্বন্ধে আজকে বলেন নাই, গতবারে বলেছেন। তিনি বলেছিলেন যে, সরবরাহমন্ত্রী বাঁকুড়া গিয়েছিলেন পার্টি করবার জন্য। মুখে বলে গিয়েছিলেন বটে, কার্পাস চাষের ব্যবস্থা করবার জন্য। কিন্তু বাঁকুড়ায় কার্পাস চাষের কোন ব্যবস্থা হয় নাই। বাঁকুড়া জেলায় আমি সত্যই গিয়েছিলাম, আমার সঙ্গে গিয়েছিলেন প্রভিনসিয়েল এডভাইসার সুকুমার দত্ত এবং ডাইরেক্টার অফ ইনফরমেশন শ্রীকমল কৃষ্ণ রায় মহাশয়। তিনি বাঁকুড়ারই অধিবাসী এবং বাঁকুড়া থেকে এম, এল, এ, হয়েছিলেন, এখানে মন্ত্রীও ছিলেন। কানাই বাবু তখন পার্লামেণ্টারী সেক্রেটারী ছিলেন। কানাই বাবুর মতন তাঁরও বাঁকুড়া সম্বন্ধে অভিজ্ঞতা আছে বলে তাঁকে সঙ্গে নিয়েছিলাম। আরও আমার সঙ্গে ছিলেন পঞ্চানন বসু মহাশয়--খাদি সম্পর্কে যাঁর নাম সকলেরই নিকট পরিচিত। তাছাড়া কৃষি বিভাগের ইঞ্জিনীয়ার এবং মৃত্তিকাবিশেষজ্ঞও আমার সঙ্গে ছিলেন। আমাদের সেখানে যাওয়ার উদ্দেশ্য ছিল ভারত গভর্ণমেণ্ট একটা সার্কুলার দিয়েছিলেন যে, যেখানে যেখানে কার্পাসের চাষ হবে সেখানে সেখানে তাঁরা উৎসাহ দিবেন। সে সময় আমাদের বন্ধু পঞ্চানন বাবু জানিয়েছিলেন বাঁকুড়া জেলায় কঠিন জমিতেও ৯ কাঠায় ৯০ সের কার্পাস হয়েছিল যার থেকে ৩০ সের তুলা পাওয়া গেছে। বাংলা দেশকে যদি তুলার দুর্ভিক্ষ থেকে রক্ষা করতে হয় তাহলে আমাদের কার্পাসের চাষও সঙ্গে সঙ্গে করতে হবে। এবং তার পূর্ব্বে বিষয়টা জানতে হবে। আমি সেখান থেকে এসে যে রিপোর্ট দিয়েছিলাম ও প্রত্যেক মন্ত্রীকে দিয়েছি এবং ভারত গভর্ণমেণ্টের কাছে পাঠিয়েছি। তারপরে ভারত গভর্ণমেণ্টের লোকেরা বাঁকুড়া জেলায় তদন্ত করেন, তাঁরা সেখানে গিয়ে রিপোর্ট দেন। তাতে বাংলা গভর্ণমেণ্টকে স্কীম করতে বলা হয়। বাংলা সরকার স্কীম করে পাঠান। ভারতীয় কেন্দ্রীয় কার্পাস সমিতি উহা বিবেচনা করেন। তাঁরা তাঁদের সেক্রেটারীকে পাঠিয়ে দেন। তিনি আসানসোল, মুর্শিদাবাদ প্রভৃতিতে যান এবং আমাদের কৃষি আধিকারিকের সঙ্গে একত্রে যে পরিকল্পনা তৈরী করেন সেটা আমাদের বাংলাদেশের গভর্ণমেণ্ট ও ভারত গভর্ণমেণ্ট উভয়েই গ্রহণ করেছেন এবং গ্রহণ করে কতকগুলি সুবিধা দিয়েছেন। প্রথম সুবিধা হচ্ছে সার। সারের জন্য উৎপাদকের প্রথমে হাত থেকে টাকা লাগবে না। অর্দ্ধেক দাম দিতে হবে না, বাকী অর্দ্ধেক দাম ঋণস্বরূপ পাবে এবং কার্পাস তৈরী করবার পর যখন সেটা বিক্রি হবে তখন দামটা দিতে হবে। তারপরে সম্ভবমত ট্রাক্টর দেওয়া হবে, তার দামও দিতে হবে যখন কার্পাস বিক্রি হবে তারপরে। তারপরে যদি কেউ খুব বেশী চাষ করে আর তার ফলে যদি কৃষি আয়কর ধার্য্য হয় তাহলে ৩ থেকে ৫ বৎসর পর্য্যন্ত কৃষি আয়কর থেকে রেহাই দেওয়া হবে। আমার বন্ধু বলেছেন বাঁকুড়া জেলায় সদর মহকুমায় কিছু হচ্ছে নি। সদর মহকুমার লোক জানিয়েছে যে, এবছর ১,০০০ একর জমি চাষ হবে। এবং যাঁরা ট্রাক্টরের সুবিধা চান সম্ভব হলে তারা পাবেন। (এ বেঞ্চার: ট্রাক্টর যাদের আছে ?) যাদের আছে তাদের কথা উঠেই না। আর শুধু বাঁকুড়াই নয়, আসানসোল যেখানে কোন চাষই হয় না সেখানে এবং মেদিনীপুরের ঝাড়গ্রামেও চাষ হবে। সুতরাং এ বিষয়ে কিছু হয়নি তা নয় (এ ভয়েস: বরং ভালই হয়েছে)।

তারপরে শ্রদ্ধেয় বন্ধু বাবু অন্নদা প্রসাদ চৌধুরী মহাশয় বলেছেন সরবরাহ বিভাগে জে, কে, দাস নামক একজন লোককে নিযুক্ত করা হয়েছে এ্যাসিষ্ট্যাণ্ট সেক্রেটারী। তাঁর বাড়ী নাকি মেদিনীপুর জেলায়। এই যুগল কিশোর বেরাসী হচ্ছেন বি-এ (অনার্স) এবং ২৩ বছর তাঁর চাকুরীর হয়ে গিয়েছে। তিনি পার্লামেণ্ট আপার ডিভিশন এসিস্ট্যাণ্ট হিসাবে যে সমস্ত কাজ করেছেন সে কাজ অনেক সময় একজন ডেপুটি ম্যাজিষ্ট্রেটের কাছ থেকেও পাওয়া যায় না। তাঁর সম্বন্ধে আমি বলছি শুধু আজকে। আমাদের বলার বহু পূর্ব্বে ১৯৩৫ সালে যখন তিনি মেডিসিন ডিপার্টমেণ্টে ছিলেন তখন সেখানকার এ্যাসিস্ট্যাণ্ট সেক্রেটারী বলেছিলেন যে, তাঁর কাজ কোয়াইট সেটিসফ্যাক্টরি। তখনকার ডি, এম, আর,এর রিমার্ক হচ্ছে "হি ইজ ক্যাপেবল্ এণ্ড ইন্টেলিজেন্ট এণ্ড হ্যাজ এক্সপ্লয়েড

বিষয়েরক ফিগারগুলি, কিট কস প্রযোশন।''. তারপরে বি, আর, সেন, সেক্রেটারী, রেভিনিউ ডিপার্টমেণ্ট, তিনি বলেছিলেন ১৯৪০ সালে তাঁর সম্বন্ধে—''ইণ্টেলিজেণ্ট, কেয়ারফুল, হার্ড ওয়ারকিং, আই হ্যাভ কাউণ্ড হিজ ওয়ার্ক ভেরি স্যাটিস্ফ্যাক্টরি। হি ইজ কমপ্লিটলি কিট কস দিস''। সুতরাং আমিও বন্ধু অনুদাবাবুকে শুনিয়ে দিতে পারি যে, তিনি কমপ্লিটলি কিট কস দি পোষ্ট হি হ্যাজ বিন হোল্ডিং। (এ ভয়েস ফ্রম দি অপোজিসান: এই রকম সারভিস আর কয়জনের আছে?) তারপরে আমি বলছি এসিস্ট্যাণ্ট সেক্রেটারীর যে মাইনে পাওয়া উচিত তিনি তাই পাবেন। এবং আমার মনে হয় আমার বন্ধু অনুদাবাবু যখন মন্ত্রী হয়েছিলেন তখন—(শ্রীঅনুদা প্রসাদ চৌধুরী: আমি তা বলি নাই। আমি বলেছি কত থেকে কত বেড়েছে।) এখনও বাড়েনি, এখনও সেই মাইনেই রয়েছে। যেমন অনুদা বাবু ২০০৲ থেকে পেয়েছিলেন ১,২৫০৲ টাকা। সে রকম কিছু হয়নি।

অনেক কথা বলবার ছিল, কিন্তু রাত অনেক হয়ে গিয়েছে। ওদিকের বন্ধুরা যে প্রশ্ন তুলেছিলেন সাধ্যমত আমি তার জবাব দিয়েছি। আশা করি বিষয়টা এখন তাঁদের কাছে সোজা হয়েছে। সুতরাং কাট মোসনগুলি উইথড্র করে নিয়ে মোশন পাশ করে দেবেন আশা করতে পারি।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN : প্রথমেই শ্রদ্ধেয় অনুদাবাবু বলেছেন যে কত টাকা বিক্রয় হয়েছে, লাভ কি হয়েছে এবং এই লাভ কেন দেখান হয় নাই, লোকসান হয়েছে কিনা ইত্যাদি।

কিন্তু ১৯৫০-৫১ সালে যে লোকসান হয়েছে তা বলা যায় না।

১৯৫১-৫২ সালে কতটা লোকসান হবে তাও বলা যায় না। ১৯৫০-৫১ সালে আমরা ৫৪ কোটী ৮২ লক্ষ ৬৪ হাজার টাকা খাদ্য সংগ্রহ বাবত ব্যয় করি; বিক্রয়ের পর আমরা পাই ৫৬ কোটী ১৪ লক্ষ ৭৭ হাজার টাকা। সুতরাং উদ্বৃত্ত টাকার পরিমাণ হয় এক কোটী ৩২ লক্ষ ১৩ হাজার টাকা। সুতরাং লাভই হবে--লোকসান হয়েছে একথা বলা যায় না।

(Interruptions—Noise.)

Mr. SPEAKER: I may request the Hon'ble Members to allow the Minister to have an uninterrupted reply as the House heard them without any interruption.

The Hon'ble PRAFULLA CHANDRA SEN : অনুদাবাবু বলেছেন কোথাও নাকি আমরা lowest tender গ্রহণ করি না; lowest tender সব সময় সব বিভাগে গ্রহণ করা সম্ভবপর নয়, অনেক সময় দেখা যায় lowest tender গ্রহণ করলে অনেক রকম অসুবিধা হয়। তবে দয়া করে সঠিক কোন ঘটনার প্রতি যদি আমার দৃষ্টি আকর্ষণ করেন তাহলে অবশ্যই ব্যবস্থা অবলম্বন করবো। তারপর Directorate of Transport ও Directorate of Rationingএ গাড়ী ভাড়ায় তারতম্য হয়েছে এরূপ কোন উদাহরণ যদি আমায় দেখিয়ে দেন তাহলে আমি যথাযথ ব্যবস্থা অবলম্বন করবো। অনুদাবাবু বলেছেন কালনায় খুব smuggling হচ্ছে এটা আমরা জানি কিন্তু কারণ হচ্ছে এই যে smugglersরা সংখ্যায় এত বেশী এবং Procurementএর staff তাদের তুলনায় সংখ্যায় কম হওয়ায় সেখানকার এই smuggling বন্ধ করা যাচ্ছে না। আমরা সকলেই জানি যে ২৪-পরগণাতে smugglersদের ধরতে গিয়ে Procurement Departmentএর ৫ জন নিহত হয় কিন্তু এই যে চারুবাবু ও অনুদাবাবু বলেন আমাদের সরকারী কর্মচারীরা smugglersদের সাহায্য করছে—এ সত্য নয়—কারণ কোন প্রমাণ নেই--একথা বলতে পারি।

Storage and transitএ খাদ্য অপচয় সম্বন্ধে যে অভিযোগ দেবেন বাবু করেছেন তা কোন ব্যক্তি বিশেষের তথ্যের উপর নির্ভর করেই করেছেন। তিনি বলেছেন শতকরা ৯ ভাগ অপচয় হচ্ছে ইহা সত্য নয়। বাস্তবিক পক্ষে কলকাতায় এখন শতকরা দুই ভাগেরও কম অপচয় হয়।

তারপরে অনেকে বলেছেন--প্রমথ বাবুও বলেছেন—যে আমরা যে খাদ্য সরবরাহ করি তাতে বড় লোক ও গরীব লোকের মধ্যে বৈষম্য হচ্ছে কিন্তু আমি জানাতে পারি যে চালের ব্যাপারে তা হচ্ছে না। সেখানে বড় লোক ও গরীব লোকের জন্য একই ব্যবস্থা। তারপর চিনি সম্বন্ধে। হাঁ এখানে কিছুটা পার্থক্য হচ্ছে বটে। দেখা গেছে কোন কোন unionএ চা খাবার লোকই নেই—সেখানে হয়ত দু'মণ চিনি গেছে কিন্তু হয়ত ৫ সের খরচ হয়েছে বাকী সবটাই চোরাবাজারে চলে গিয়েছে। প্রায় ২২ হাজার টন চিনি পশ্চিমবঙ্গের জন্য বিমিয়ণের সময় আমদানী করা হ'ত তার মধ্যে ১৬।১৭ হাজার টন শুধু কলকাতা ও শিল্পাঞ্চলের জন্যই

খরচ হ'ত। আর গ্রামাঞ্চলে খরচ হ'ত ৪।৫ কিম্বা ৬ হাজার টন। অর্থাৎ যার যেখানে যেরকম দরকার সেই proportion এই আমরা এখন বিতরণের সময় ঠিক করেছি। গরীব বা বড় লোক বলে কোন তফাৎ করা হয় এটা ভুল।

শ্রীযুত দেবেনবাবু খাদ্য বিভাগের accounts সম্বন্ধে অনেক কিছু বলেছেন। তিনি বলেছেন যে Commercial trading, profit and loss প্রভৃতি হিসাব আগে ছিল না। এটা আমার দপ্তরের ব্যাপার নয় তবু আমি বলতে চাই যে এ system আগে ছিল না এই সবে হচ্ছে। এবং ক্রমে ক্রমে হিসাবের সমস্ত কিছু থাকবে। আমরা এ বৎসরই এই statementটা দিয়েছি এবং আগামী বৎসর থেকে একটি হিসাবপত্র প্রকাশ করা হবে। আমাদের সকল হিসাবই Accountant-General of Bengal পরীক্ষা করে থাকেন এবং আমাদের টাকার লেন-দেন Imperial Bank মারফৎ হয় বলে সেখানে আমাদের আয়ব্যয়ের হিসাবও থাকে। আমরা internal audit systemও introduce করেছি।

আগে যে five per cent. loss হ'ত সেটা permissible, সত্য কথা। কিন্তু আজ সেটা কমিয়ে প্রায় two per cent. করেছি এবং আশা করি এটা আরও কমাতে পারব। শ্রদ্ধেয় চারুচন্দ্র ভাণ্ডারী মহাশয় সেই পুরাণ সুর তুলেছেন যে ধানের দর বাড়াতে হবে। ধানের দর বাড়ান সম্পর্কে আমাদের যে মত সেটা বারবার বলেছি। আসামে কি কাণ্ড ঘটেছে—সেটা ভূমিকম্পের পর, সেই জিনিষটা শ্রদ্ধেয় চারুবাবু খবরের কাগজে পড়েছেন এবং তিনি নিশ্চয়ই স্বীকার করবেন যে এটা একটা সাময়িক ব্যাপার। শুধু সাতকড়িবাবুর হিসাব নয়, আমি আরও অনেক হিসাব দিয়েছি। Government Chinsura Firmএ আমরা অনেক জমি চাষ করেছি, সেখানে এক মণ ধান উৎপন্ন করতে আমাদের ৪৲ টাকা ৫ আনা খরচ পড়ে। চারুবাবু বললেন শ্রীসাতকড়িপতি রায়মহাশয় যে হিসাব দিয়েছেন তার থেকে খালি বলছি, তা নয়—আমাদের কাছে আরও অনেক হিসাব আছে। ধানের দর নির্দ্ধারণ করা খুব শক্ত। শুধু আমাদের এখানে নয় ভারত Governmentএর ডাঃ রাজেন্দ্র প্রসাদ, শ্রীজয়রাম দৌলৎরাম ও খাদ্যমন্ত্রী মুন্সী তাঁরা সবাই বরাবর বলে আসছেন এটা ঠিক করা অসম্ভব ব্যাপার। কারণ ভিন্ন ভিন্ন প্রকারের জমি আছে, নানা জায়গায় বিভিন্ন প্রকারের সেচ-ব্যবস্থা আছে এবং নানা ধরণের চাষী আছেন, কেউ কর্ম্মঠ, কেউ আলস্যপরায়ণ, কেউ জমিতে সার দেয়, কেউ দেয় না।

বর্দ্ধমান canal অঞ্চলে গড়ে বিঘাপ্রতি ১৬ মণ ধান ফলেছে। তাদের হয়ত এক মণ ধান উৎপন্ন করতে খরচ হয়েছে ২৷৷০ টাকা, তাহলে তাকে কি দর দেবেন?

শ্রদ্ধেয় ঈশ্বর চন্দ্র মালমহাশয় বললেন কাঁথীতে একজন চাষীর ধান উৎপন্ন করতে খরচ পড়েছে ২৲ টাকা। এমন বহু চাষী আছে যাদের ধান উৎপন্ন করতে খরচ পড়েছে তিন টাকা আবার এমন অনেক চাষী আছে যাদের মাত্র দুই টাকা পড়েছে। সুতরাং দেখতে হবে কোন শ্রেণীর চাষী কি রকম চাষ করেছে, তার ধান উৎপাদন করতে কত খরচ পড়েছে; এই সমস্ত বিষয় বিশেষভাবে অনুসন্ধান করা দরকার। আমার এবং সকল সদস্য-মহাশয়েরই জানা আছে যে আমরা যাদের কাছ থেকে খাদ্যশস্য সংগ্রহ করি তাঁদের অধিকাংশ লোকই ভাগে চাষ করান। তাঁরা সাধারণতঃ সার, গরু, লাঙ্গলের খরচ দেন না, তবে যদি কখনও দেন তাহলে সেটা আমরা হিসাবের মধ্যে ধরি। কাজে কাজেই ধানের দর সম্বন্ধে আলোচনা করে কোন লাভ নেই। আমরা বর্ত্তমানে যে দর দিচ্ছি সেটা খুবই ন্যায্য। ১৯৩৯ সালে কাঁথীতে ধানের দর ১।০ থেকে ২৲ টাকা পর্য্যন্ত ছিল। আজ সেখানে আমরা ৭।।০ টাকা দিচ্ছি অর্থাৎ ৩৭৫ per cent. থেকে ৪৫০ per cent. বেড়েছে। কিন্তু গ্রামাঞ্চলে লোকের খাবারের খরচ অর্থাৎ index of living প্রায় ৩৬০ per cent. বেড়েছে। গ্রামে যারা surplus চাষী তারা কখনও ধান কিনে খান না। এদের যে family budget তার মধ্যে ৭০ per cent. চালের খরচ। কাজেই যে সমস্ত উদ্বৃত্ত চাষী, যাদের কাছ থেকে আমরা খাদ্যশস্য সংগ্রহ করি তাদের কিনে খেতে হয় না। অতএব এই সমস্ত দিনিষ যদি একটু বিবেচনা করে দেখেন তাহলে দেখতে পাবেন ধানের বর্ত্তমান যে দর দেওয়া হচ্ছে সেটা খুব ন্যায্য।

আর একটা প্রশ্ন এখানে উঠেছে যে বাইরে থেকে বেশী মাল আনা উচিত, এবং control প্রথা তুলে দেওয়া উচিত। কিন্তু বাইরে থেকে মাল বেশী আনতে পারি না, তার দুটা কারণ আছে। একটা কারণ হচ্ছে আমাদের জাহাজের অভাব—shipping space নাই। ভারত গভর্ণমেণ্ট বহু লক্ষ টন চাল, গম, millets ও অন্যান্য খাদ্যদ্রব্যের contract করেছেন কিন্তু জাহাজের অভাবে তা তাড়াতাড়ি আনতে পারছেন না। আশা করছি শীঘ্রই এই সমস্ত জিনিষ আনতে পারা যাবে।

Burma মুলুকের কথা বলা হয়েছে। খবরের কাগজে বেরিয়েছে যে এখন বার্কি Burma Government ১৫ লক্ষ টন চাল আমাদের দিতে পারেন। হয়ত দিতে পারেন। পূর্বে Burma ৩৫ লক্ষ টন চাল export করত এখন exportable surplusএর পরিমাণ ৩৫ লক্ষ টন থেকে কমে ১২ লক্ষ টনে দাঁড়িয়েছে। অর্থাৎ প্রায় 33·34 per cent. export কমে গিয়েছে। কাজে কাজেই Burma যে আমাদের ১৫ লক্ষ টন চাল দিতে পারবে, সে বিষয় সন্দেহ আছে।

আর একটা কথা আমি আগেই বলেছি যে যখন partition হ'লো, তখন আমাদের ভারতীয় ইউনিয়নে ৭৭ per cent. population চলে এলো, আর ২৩ per cent. population পাকিস্থানে চলে গেল। কিন্তু জমি আমরা পেলাম মাত্র ৭২ per cent. ধানের জমি পেয়েছি ৭০ per cent. আর গমের জমি ১০ per cent.। এগুলো যদি বিবেচনা করে দেখেন, তাহলে অনেক কিছু বুঝতে পারবেন। শিবনাথবাবু বলেছেন, কণ্ট্রোল তুলে দিলেই আমরা self-sufficient হতে পারবো, তার এ ধারণা সম্পূর্ণ ভুল। খুব বেশী টাকা দিলেই মাল কেনা যায়—এর মানে তা নয় যে মালের প্রাচুর্য্য আছে। আর টাকা দিলেই আমরা মাল কিনতে পারি না। আমাদের লোকসংখ্যা কত, ধানের জমি কত, পাকিস্থান থেকে আশ্রয়প্রার্থী ভাইবোনেরা এসেছে কত, আমরা কত পরিমাণ উৎপাদন বাড়িয়েছি—এই সমস্ত বিষয় আমাদের ভেবে দেখতে হবে। আমাদের এখানে চালের উৎপাদন বাড়িয়েছি ১২ per cent., আর গমের উৎপাদন বাড়িয়েছি ১৩ per cent. তাতে আমাদের অবশ্য কিছু ঘাটতি কমেছে। আমাদের এক বন্ধু বলেছেন যে সর্বভারতীয় ভিত্তিতে যদি বিবেচনা করা যায়, অর্থাৎ সমগ্র ভারতে, তাহ'লে দেখা যাবে ঘাটতির পরিমাণ ১০ per cent. কিন্তু আমি আপনাদের আবার স্মরণ করিয়ে দিতে চাই, যদিও বার বার বললেও কিছু হয় না, আমাদের বাংলাদেশে ঘাটতির পরিমাণ প্রায় ২০ per cent. ভারতবর্ষের কোন কোন প্রদেশে বাড়তি আছে যেমন আসাম, উড়িষ্যা, East Punjab ইত্যাদি। পূর্বে C. P.ও surplus ছিল; কিন্তু নানা কারণে আজ ঘাটতি প্রদেশে পরিণত হয়েছে। কাজেই সর্বভারতীয় deficit হচ্ছে 10 per cent. আর শুধু বাংলাদেশে ঘাটতি হচ্ছে 19 per cent.এর কিছু বেশী, প্রায় ২০ per cent এর কাছাকাছি।

তারপর চারুবাবু কুলপীতে যে দুর্ঘটনা ঘটে গেল, তার কথা বলেছেন। বাস্তবিক কাউকে গুলি ক'রে হত্যা ক'রে মারা হবে--কেউই তা চান না। এটা অন্ততঃ আমাদের যাঁরা বিরুদ্ধ পক্ষ তাঁরাও স্বীকার করবেন। এটা কোন কুমতলব বা দুরভিসন্ধি নিয়ে কথা হচ্ছে না। কি অবস্থায় ও কেন গুলি মারা হয়েছিল, তা চারুবাবু বলেন নি। রাত্রি সাড়ে ন'টার সময় তিনি একা নন্, আরও বহু লোক চাল নিয়ে আসছিলেন। কেন? কি দরকার ছিল রাত্রি বেলাতে? দিনের বেলাতে কি চাল আনা যায় না? যাহাকে গুলি ক'রে মারা হয়েছিল সে খুব নিরীহ হতে পারে, সত্যি কথা। Smugglersরা বহুলোকে চাল নিয়ে আসছে রাতে, তাঁরা সংখ্যায় অনেক। আর আমাদের patrol partyতে লীডার সহ মাত্র আট জন লোক। বহুলোক দ্বারা তারা ঘেরাও হ'ল। তাদের উপর smugglerরা মারপিট সুরু করেছে। এর আগে আপনারা জানেন আমাদের Food Departmentএর পাঁচজন কর্মচারীকে হত্যা করা হয়েছে। (A VOICE FROM THE OPPOSITION : Question.)

এই patrol partyর লোকেরা যখন সেই smugglerদের দ্বারা আক্রান্ত ও ঘেরাও হ'ল, তখন তারা আত্মরক্ষার জন্য গুলি করে। তার ফলে একজন মারা গেছে। এটা সত্যই খুব দুঃখের বিষয়।

চারুবাবু আর একটা মস্ত বড় কথা তুলেছেন লোকে আজ আমাদের হাতে চাল স্বেচ্ছায় দিচ্ছে না কেন? সর্বত্রই আমরা voluntary procurement করছি। আমরা যা procurement করেছি এবারে, তার মধ্যে মাত্র ৮ per cent. হচ্ছে Directive মারফৎ। আর বাকী ৯২ per cent. procurement স্বেচ্ছাকৃত। যেখানে আমরা procure করেছি, হয়তঃ লক্ষ লোকের কাছ থেকে করেছি। আমরা যে procurement করেছি তা জবরদস্তি করে নয়। তার দেখানোর কথা ওঠেই না। আমরা চারুবাবুর অঞ্চলের লোককেও খাওয়াতে চাই, কলকাতার লোককেও খাইয়ে বাঁচাতে চাই। আপনারা co-operation করুন। সত্যিকারের যে surplus, সেটা আপনারা দিয়ে দিন্।

এই প্রসঙ্গে আমি সামান্য একটু "Leninism" বই থেকে পড়ে শোনাচ্ছি, রাশিয়াতে কি হয় দেখুন।

"Finally, the second circumstance, which represents the chief factor is our temporary grain-purchasing difficulties. I refer to the resistance of the

kulaks and the well-to-do elements in the rural districts to the grain-purchasing policy of the Soviet Government. Rykov ignored this circumstances. But to ignore it means to ignore the most important factor in the grain-purchasing campaign. What does the experience of the grain-purchasing campaigns of the past two years show? It shows that the well-to-do sections of the rural districts who hold considerable grain surpluses and who play a dominating role in the grain market, refuse to deliver voluntarily the necessary quantity of grain at the prices fixed by the Soviet Government. In order to provide bread for the towns and industrial centres, for the Red Army and the regions growing industrial crops, we require 500,000,000 poods of grain annually, etc. That is what the experience of the grain-purchasing campaigns of the past two years shows."

একজন নিন্দা করে বলেছেন, তোমরা বড় "excess" করছো। হ্যা, জায়গায় জায়গায় তা হতে পারে।

"The most fashionable word just now among the new Opposition among Bukharin's group, is the word 'excesses', as applied to grain-purchases. That word has become the most popular article among them, since it helps them to mask their own line. When they want to mask their own line they usually say: We, of course, are not opposed to pressure being brought to bear on the *kulak*, but we are opposed to the excesses which are being committed in this sphere and which hurt the middle peasant. They then go on to relate stories of the horrors of these excesses; they read letters from 'peasants', panic-stricken letters from comrades, such as Markov, and they then draw the conclusion: the policy of bringing pressure to bear on the *kulaks* must be abandoned. This is the way it works out if you please: because excesses are committed in carrying out a correct policy, that correct policy must be abandoned."

এই কথা। অনেকে সেই রকম করেছেন আমার সঙ্গে। আজকে আমাদের বাধা দিচ্ছেন তাঁরা কত রকমে। আপনারা সেটা অনুসন্ধান করুন। শ্রদ্ধেয় চারুবাবু বলেছেন আরামবাগে আমার কাছে হাজার হাজার লোক এসেছিল। হাজার হাজার লোক আসেনি ২২ জন লোক এসেছিল; আর কৃষ্ণনগরে আড়াই হাজার লোক হয়েছিল—এবং ৬৪।৬৫ জন লোক মাত্র সেখানে বলেছিল ধানের দর বাড়িয়ে দিতে। আর কিছু posterএ লেখা ছিল ধানের দর বাড়াতে হবে এবং সেই ৬৪।৬৫ জন লোক আড়াই হাজার লোকের মিটিং বন্ধ করবার চেষ্টা করেছিল, কিন্তু সফলকাম হয়নি। বাঁকুড়ায় আমি গিয়েছি। আমি লোকের কথা না শুনে তাড়িয়ে দিই এটা ঠিক নয়। আমি যদি লোকদের তাড়িয়েই দেব তাহলে কি করে যাব তাদের কাছে? আমি বাঁকুড়ায় বহু মিটিং করেছি; কেউ মিটিং ভাঙতে আসেনি। তবে কেউ কেউ গোলমাল করেছে বটে, যেমন কানাই বাবুর দলের জন ২০ লোক চীৎকার একটা সভায় করেছিল। সবাই তো নিজের মনে মনে বুঝতে পারছেন কোন্ অঞ্চলে কার কি ক্ষমতা আছে। আমি প্রত্যেক শনি ও রবিবারে গ্রামে গ্রামে যাই, লোকের সঙ্গে দেখা সাক্ষাৎ হয়। নানা লোকে নানা প্রশ্ন করে, আমার সাধ্যমত জবাব দিই, ভয় আমার কাউকে নাই, ভয় পাচ্ছেন অন্য পক্ষের লোকেরা। শনিবারে গিয়েছিলাম, ১০টা মিটিং করেছি; রবিবারে গিয়ে ১৪টা মিটিং করেছি। সুতরাং ওদের কথায় আমি তত মূল্য দিতে চাই না। রাত অনেক হয়ে গিয়েছে, আমি আর দীর্ঘ সময় নেব না। আমার যা কিছু বলবার ছিল তা সমস্ত cut motionএ যে যে বিষয়ের উল্লেখ ছিল তার উত্তরে বলেছি। সুতরাং আমি আশা করি cut motionগুলি তুলে নিয়ে আমি যে টাকাটা চাচ্ছি সেটা আপনারা সকলে পাশ করে দেবেন।

The motion of Dr. Suresh Chandra Banerji that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India, be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Debendra Nath Sen that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India, be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Debendra Nath Sen that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India, be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Debendra Nath Sen that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India, be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Debendra Nath Sen that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India, be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Annada Prosad Choudhury that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India, be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Kanai Lal De that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India, be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Kanai Lal De that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India, be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Kanai Lal De that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India, be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Kanai Lal De that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India, be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Charu Chandra Bhandari that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India, be reduced by Rs. 100 was then put and a division taken with the following result:—

AYES—8.

Bandopadhyaya, Sj. Pramatha Nath	Chatterjee, Sj. Haripada
Banerji, Dr. Suresh Chandra	Choudhury, Sj. Annada Prosad
Bhandari, Sj. Charu Chandra	De, Sj. Kanai Lal
Brahmin, Sj. Ratanlal	Sen, Sj. Debendra Nath

NOES—34.

Abdullah, Janab S. M.	Majumdar, The Hon'ble Bhupati
Banerjee, Sj. Sushil Kumar	Mal, Sj. Iswar Chandra
Bhattacharyya, Sj. Shyamapada	Mallick, Sj. Ashutosh
Chakravarty, Sj. Satish Chandra	Mandal, Sj. Krishna Prasad
Chaudhuri, The Hon'ble Rai Harendra Nath.	Mandal, Sj. Umesh Chandra
Das, Sj. Radha Nath	Mookerjee, The Hon'ble Kalipada
Das Gupta, Sj. Khagendra Nath	Naskar, The Hon'ble Hem Chandra
Dass, Sj. Kanailal	Panja, The Hon'ble Jadabendra Nath
Dolui, Sj. Harendra Nath	Pramanik, Sj. Rajani Kanta
Dutt-Mazumdar, The Hon'ble Niharendu	Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Gayen, Sj. Arabinda	Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Ghose, Sj. Bimal Cemar	Roy, Sj. Jajneswar
Gomes, Mr. D.	Sen, The Hon'ble Prafulla Chandra
Mahammad Sayeed Mia, Janab	Serajuddin Ahammad, Janab
Mahanty, Sj. Charu Chandra	Shamsul Huq, Janab
Maiti, The Hon'ble Nikunja Behari	Sinha, The Hon'ble Bimal Chandra
Majhi, Sj. Nishapati	Zaman, Janab A. M. A.

The Ayes being 8 and the Noes 34, the motion was lost.

The motion of Sj. Charu Chandra Bhandari that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India, be reduced by Rs. 100 was then put and a division taken with the following result:—

AYES—8.

Bandopadhyaya, Sj. Pramatha Nath	Chatterjee, Sj. Haripada
Banerji, Dr. Suresh Chandra	Choudhury, Sj. Annada Prosad
Bhandari, Sj. Charu Chandra	De, Sj. Kanai Lal
Brahmin, Sj. Ratanlal	Sen, Sj. Debendra Nath

NOES—31.

Abdullah, Janab S. M.
Banerjee, Sj. Sushil Kumar
Bhattacharyya, Sj. Shyamapada
Das, Sj. Radha Nath
Das Gupta, Sj. Khagendra Nath
Dass, Sj. Kanailal
Dolui, Sj. Harendra Nath
Dutt-Mazumdar, The Hon'ble Niharendu
Gayen, Sj. Arabinda
Gomes, Mr. D.
Mahammad Sayeed Mia, Janab
Mahanty, Sj. Charu Chandra
Maiti, The Hon'ble Nikunja Behari
Majhi, Sj. Nishapati
Majumdar, The Hon'ble Bhupati
Mal, Sj. Iswar Chandra
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Krishna Prasad
Mandal, Sj. Umesh Chandra
Mookerjee, The Hon'ble Kalipada
Naskar, The Hon'ble Hem Chandra
Panja, The Hon'ble Jadabendra Nath
Pramanik, Sj. Rajani Kanta
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Jajneswar
Sen, The Hon'ble Prafulla Chandra
Serajuddin Ahammad, Janab
Shamsul Huq, Janab
Sinha, The Hon'ble Bimal Chandra
Zaman, Janab A. M. A.

The Ayes being 8 and the Noes 31, the motion was lost.

The motion of Sj. Charu Chandra Bhandari that the demand of Rs. 3,99,65,000 for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India, be reduced by Rs. 100 was then put and a division taken with the following result:—

AYES—8.

Bandopadhyaya, Sj. Pramatha Nath
Banerji, Dr. Suresh Chandra
Bhandari, Sj. Charu Chandra
Brahmin, Sj. Ratanlal
Chatterjee, Sj. Haripada
Choudhury, Sj. Annada Prosad
De, Sj. Kanai Lal
Sen, Sj. Debendra Nath

NOES—32.

Abdullah, Janab S. M.
Banerjee, Sj. Sushil Kumar
Bhattacharyya, Sj. Shyamapada
Chaudhuri, The Hon'ble Rai Harendra Nath.
Das, Sj. Radha Nath
Das Gupta, Sj. Khagendra Nath
Dass, Sj. Kanailal
Dolui, Sj. Harendra Nath
Dutt-Mazumdar, The Hon'ble Niharendu
Gayen, Sj. Arabinda
Gomes, Mr. D.
Mahammad Sayeed Mia, Janab
Mahanty, Sj. Charu Chandra
Maiti, The Hon'ble Nikunja Behari
Majhi, Sj. Nishapati
Majumdar, The Hon'ble Bhupati
Mal, Sj. Iswar Chandra
Mallick, Sj. Ashutosh
Mandal, Sj. Krishna Prasad
Mandal, Sj. Umesh Chandra
Mookerjee, The Hon'ble Kalipada
Naskar, The Hon'ble Hem Chandra
Panja, The Hon'ble Jadabendra Nath
Pramanik, Sj. Rajani Kanta
Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Roy, The Hon'ble Dr. Bidhan Chandra
Roy, Sj. Jajneswar
Sen, The Hon'ble Prafulla Chandra
Serajuddin Ahammad, Janab
Shamsul Huq, Janab
Sinha, The Hon'ble Bimal Chandra
Zaman, Janab A. M. A.

The Ayes being 8 and the Noes 32, the motion was lost.

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that a sum of Rs. 3,99,65,000 be granted for expenditure under Grant No. 36, Major Head: 63—Extraordinary charges in India, was then put and agreed to.

Adjournment.

The House was then adjourned at 9-10 p.m. till 9-30 a.m. on Saturday, the 17th March, 1951, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Saturday, the 17th March, 1951, at 9-30 a.m.

Present:

Mr. Speaker (the Hon'ble ISWAR DAS JALAN) in the Chair, 11 Hon'ble Ministers and 55 members.

Personal Explanation.

The Hon'ble NIKUNJA BEHARI MAITI: On a point of personal explanation, Sir. আমি কালকে বলেছিলাম যে, যে ব্যক্তি Assistant Secretary নিযুক্ত হয়েছেন তিনি কোন অংশে Deputy Magistrateএর থেকে কম নন্।

DEMANDS FOR GRANTS.

43—Industries—Fisheries.

The Hon'ble HEM CHANDRA NASKAR: Sir, on the recommendation of His Excellency the Governor, I beg to move that a sum of Rs. 19,37,000 be granted for expenditure under Grant No. 26, Major Head: 43—Industries—Fisheries.

(১) ১৯৫০-৫১ সালের মৎস্য বিভাগের ব্যয় বরাদ্দ মঞ্জুরীর প্রস্তাব করিবার সময় আমি পরিষদকে বলিয়াছিলাম যে পশ্চিম বঙ্গের অধিবাসিগণের মধ্যে যাহারা মাছ খায় তাহাদিগকে দৈনিক গড়ে ২ আউন্স করিয়া মাছ সরবরাহ করিতে হইলে বৎসরে ৪ লক্ষ টনেরও অধিক মাছ প্রয়োজন। বঙ্গ বিভাগের পূর্ব্বে পশ্চিম বঙ্গে বৎসরে প্রায় ৫০ হাজার টন মাছ ব্যবহার করা হইত এর মধ্যে প্রায় ৩০ হাজার টন আসিত পূর্ব্ব বঙ্গ হইতে। উপরোক্ত ৫০ হাজার টনের প্রায় ৩৪ হাজার টন অর্থাৎ দৈনিক প্রায় ২৪-২৫ শত মণ মাছ বৃহত্তর কলিকাতায় ব্যবহৃত হইত, বাকী অংশ পশ্চিম বঙ্গের ৩৪ হাজার গ্রামে ও মফঃস্বল সহরগুলিতে বিক্রয় হইত। আসলে গ্রামাঞ্চলে যাহাদের ভাল পুকুর প্রভৃতি ছিল তাহারা ছাড়া অন্যেরা সামান্য পরিমাণ মাছই ব্যবহার করিতে পারিত।

(২) বঙ্গ বিভাগের পরে পূর্ব্ব বঙ্গ হইতে মৎস্য আমদানী বিশেষভাবে কমিয়া যায় এবং ইহার ফলে পশ্চিম বাঙলার এবং বিশেষভাবে কলিকাতায় মাছের সরবরাহে অত্যন্ত গুরুতর অবস্থার সৃষ্টি হয়। গত ১২ মাসে সারা পশ্চিম বাংলায় ৩০ হাজার টনের স্থলে আনুমানিক মাত্র ৫॥ হাজার টন মাছ পশ্চিম বঙ্গে আসিয়াছে।

(৩) মাছ সরবরাহের বৃদ্ধির তিনটা পথ আমাদের সম্মুখে খোলা আছে। প্রথম, রাজ্যের অন্তর্গত জলাশয়গুলিতে মাছ উৎপাদন বৃদ্ধি, দ্বিতীয়, সমুদ্র এবং মোহনা হইতে অধিক পরিমাণে মাছ সংগ্রহ এবং তৃতীয়, বাহির হইতে মাছ আমদানী। আমার কার্য্যভার নেওয়ার সময় হইতেই আমি এই তিন রকম উপায়ে মাছ সরবরাহ বৃদ্ধি করিবার জন্য যথাসাধ্য চেষ্টা করিয়াছি এবং করিতেছি। আমি জানি যে কলিকাতায় এবং পশ্চিম বঙ্গে মাছের অভাব সম্পূর্ণভাবে দূর করিতে এখনও বহুদিনের ঐকান্তিক চেষ্টার প্রয়োজন। তবে এ পর্য্যন্ত আমরা যতদূর অগ্রসর হইয়াছি তাহা আপাতরূপ না হইলেও একান্ত নৈরাশ্যজনক নহে।

(৪) মাছ আমাদের প্রিয় খাদ্য এবং বাজারে সুলভ মূল্যে মাছ না পাওয়া গেলে জনসাধারণ যে ক্ষুব্ধ হইবেন তাহা স্বাভাবিক, কিন্তু চিন্তাশীল জনসাধারণের পক্ষে বোঝা কঠিন নয় যে একমাত্র কলিকাতা অঞ্চলে দৈনিক ১৩শো মণ মাছের আমদানী হঠাৎ বন্ধ হইয়া গেলে সে অভাব দূর করা পশ্চিম বঙ্গের মত ক্ষুদ্র রাজ্যের পক্ষে দু-এক বৎসরের চেষ্টায় কতদূর সম্ভব। মাননীয় সদস্যগণ জানেন যে এক বিঘা জলকর হইতে ভালভাবে চাষ করিলে সাধারণতঃ বছরে ৩ মণ মাছ পাওয়া যায়। এবস্তাবস্থায় কলিকাতায় মাছের সরবরাহ দৈনিক ১ মণ হিসাবে বাড়াইতে হইলে ১২২ বিঘা জলকরে নূতন মাছ চাষ করা প্রয়োজন এবং পাকিস্থান হইতে দৈনিক যে ১৩শো

মণ মাছ কম আসিতেছে এই পরিমাণ মাছ সরবরাহ বাড়াইতে হইলে ১ লক্ষ ৫৮ হাজার ৬ শত বিঘা জলাশয়ে নিয়মিত মাছ চাষ করা প্রয়োজন। প্রথম কথা এই যে অল্পাধিক পরিমাণে সংস্কার কার্য্য না করিয়া এমনি মাছ চাষ আরম্ভ করা যায় এরূপ অব্যবহৃত জলাশয়ের পরিমাণ পশ্চিম বাঙলায় একেবারে নগণ্য। যদি এরূপ জলাশয় আমাদের থাকিত তাহা হইলেও উহাতে মৎস্য চাষ আরম্ভ করিবার জন্য প্রায় ১৫০ লক্ষ টাকা কার্য্যকরী মূলধন এবং বহু কোটী মাছের পোণা সংগ্রহ বা উৎপাদন করার প্রয়োজন হইত। এরূপ কাজ যে দু-তিন বৎসরের মধ্যে হওয়া সম্ভব নয়। দুঃখের বিষয় মাছ উৎপাদন বৃদ্ধি সম্পর্কে ঐসব কার্য্যকরী অসুবিধাগুলি অনেকেই চিন্তা করিয়া দেখেন না।

(৫) সরবরাহ বৃদ্ধির কাজ অত্যন্ত কঠিন এবং সময়সাপেক্ষ হওয়া সত্ত্বেও যতদূর সম্ভব এই কার্য্য করা যায় সে সম্বন্ধে আমরা চেষ্টার ত্রুটি করিতেছি না। ১৯৪৯-৫০ সালে ২১শো বিঘার অধিক জলাশয়ে বিভাগীয় ঋণ সাহায্যে মৎস্য চাষ আরম্ভ করা হইয়াছিল। ১৯৫০-৫১ সালের ১১ মাসে আমার বিভাগের প্রদত্ত ঋণ সাহায্যে ৭ হাজার ৬ শত বিঘা পুকুরে মৎস্য চাষ করা হইয়াছে, ইহা ছাড়াও আংশিকভাবে মজিয়া যাওয়া প্রায় ১৯ শত বিঘারও বেশী পুকুর এবং বিল বিভাগীয় ঋণ সাহায্যে সংস্কার করিয়া মৎস্যের চাষ আরম্ভ করা হইয়াছে এবং হইতেছে। পশ্চিম বঙ্গের জলাশয়গুলিতে মালিকানা সংক্রান্ত জটিলতার জন্য প্রথম দুই বৎসরে আমাদের কার্য্য আশানুরূপ হয় নাই কিন্তু বর্ত্তমান বৎসরের প্রারম্ভে আমরা যতটা কাজ করিতে পারিব ভাবিয়াছিলাম তাহা অপেক্ষা অনেক বেশী পরিমাণ জলাশয়ে কাজ আরম্ভ করিতে পারিয়াছি। পরিষদ বর্ত্তমান অধিবেশনে অব্যবহৃত জমি ও জলাশয় সম্পর্কে যে আইন পাশ করিয়াছেন, তাহার সাহায্যে আগামী বৎসরে আমরা আরও বেশী কাজ করিতে পারিব এরূপ আশা করিতেছি। বিভাগীয় ঋণ প্রভৃতি ব্যতীত কেবলমাত্র আমাদের কর্ম্মচারিগণের উৎসাহে এবং সহায়তায় রাজ্যের বিভিন্ন অংশে আরও প্রায় ১৮ হাজার বিঘা জলাশয়ের অধিকারিগণ মৎস্য চাষ আরম্ভ করিয়াছেন। ইহা ছাড়া নদী প্রভৃতি হইতে মৎস্য সংগ্রহের জন্য বহুসংখ্যক মৎস্যজীবীকে গত দুই বৎসরে প্রায় ৪ হাজার বেল সূতা বিতরণ করা হইয়াছে এবং ইহার ফলে মৎস্য সরবরাহ উল্লেখযোগ্যভাবে বাড়িয়াছে। এ পর্য্যন্ত মৎস্য সরবরাহ বাড়াইবার জন্য যে সব চেষ্টা হইয়াছে তাহার ফলে খুব কম করিয়া ধরিলেও কলিকাতার চারিপার্শ্বের এলাকার বাহিরে মাছ সরবরাহ প্রায় ২ লক্ষ মণ বৃদ্ধি হইয়াছে বলিয়া অনুমান করা যাইতেছে।

(৬) দুর্ভাগ্যের বিষয় এই যে মফঃস্বল অঞ্চলে মাছের যে সরবরাহ বৃদ্ধি হইয়াছে তাহার প্রতিক্রিয়া সহর অঞ্চলে বোঝা যাইতেছে না। ইহার কারণ হিসাব করিলে বলা যাইতে পারে বার্ষিক ২ লক্ষ মণ উৎপাদন বৃদ্ধির অর্থ দৈনিক মাত্র ৫৫০ মণ বৃদ্ধি। যেসব জলাশয়ে মাছ চাষ হইতেছে তাহা পশ্চিম বঙ্গের ৩৪ হাজার গ্রামের মধ্যে কয়েক হাজার গ্রামে ছড়াইয়া আছে এবং ইহার ফলে কোন স্থানে বিশেষভাবে মৎস্যের সরবরাহ এমন কিছু বাড়ে নাই যাহাতে কলিকাতার বাজারে কিম্বা অন্যত্র মাছের দামের উপরে ইহার উল্লেখযোগ্য প্রতিক্রিয়া হয়। দৃষ্টান্তস্বরূপ বলা যাইতে পারে যে পুষ্করিণী-উন্নয়ন বিভাগের সহযোগিতায় প্রায় ১০ হাজার বিঘা সংস্কৃত পুকুর প্রভৃতিতে মৎস্য চাষের ব্যবস্থা হইয়াছে। এই জলকরগুলি মৎস্য চাষের জন্য ইজারা দিয়া প্রায় সোয়া লক্ষ টাকা জলকর পাওয়া যাইতেছে। কিন্তু এই সমস্ত পুকুর উৎপাদিত বার্ষিক প্রায় ৩০ হাজার মণ মাছ প্রধানতঃ গ্রামেই ব্যবহৃত হইতেছে।

(৭) কলিকাতার নিকটবর্ত্তী বিল, ভেড়ী ও অন্যান্য জলাশয়ে মৎস্য উৎপাদনের জন্য জলাশয়ের মালিকগণকে আমাদের কর্ম্মচারিগণ যথাসম্ভব উৎসাহ দিয়াছেন এবং উপদেশাদির দ্বারা নানাপ্রকারে সাহায্য করিয়াছেন। তাহার ফলে কলিকাতার বাজারে গত ১২ মাসে গড়ে ২০০ মণ বেশী মাছ আমদানী হইয়াছে এবং ইহা ছাড়াও দৈনিক আনুমানিক ১০০ মণ মাছ কলিকাতার চারিপাশে ছড়ান আশ্রয়প্রার্থীদের কলোনী প্রভৃতিগুলির মধ্যে বিক্রয় হইতেছে। দৈনিক এই ৩০০ মণ অর্থাৎ বৎসরে ১ লক্ষ ৯ হাজার মণ সরবরাহ বৃদ্ধি কলিকাতার চাহিদা মিটাইবার পক্ষে কিছুই নয়। এজন্য পশ্চিম বাংলার বাহিরে ভারতের অন্যান্য রাজ্য হইতেও মৎস্য আমদানীর জন্য আমরা তিন বৎসর যাবৎ যথাসাধ্য চেষ্টা করিয়াছি। ইহার ফলে বিহার, উড়িষ্যা, উত্তর প্রদেশ এমন কি বোম্বাই প্রভৃতি প্রদেশ হইতেও কলিকাতায় মাছ আমদানী করা হইয়াছে। এই অতিরিক্ত আমদানীর পরিমাণ কোন কোন সময় দৈনিক ১৫।১৬ শত মণ পর্য্যন্ত পৌঁছাইয়াছে, এবং গত ১২ মাসে দৈনিক ৭০০ মণ অতিরিক্ত আমদানী পাওয়া গিয়াছে। এই ৭০০ মণ এবং স্থানীয় ৩০০ মণ ধরিয়া কলিকাতায় এবং তাহার চারিপার্শ্বে দৈনিক মোট এক হাজার মণ, অর্থাৎ বৎসরে ৩ লক্ষ ৬৫ হাজার মণ অতিরিক্ত সরবরাহের ব্যবস্থা করিতে আমরা সক্ষম হইয়াছি। আমি মনে করি ইহা একান্ত নৈরাশ্যজনক নহে।

(৮) কিন্তু এই সমস্ত প্রচেষ্টার দ্বারা বৃহত্তর কলিকাতার বর্দ্ধিত জনসংখ্যার মাছের চাহিদা মিটাইতে বহু বিলম্ব হইবার সম্ভাবনা ইহা আমরা তিন বৎসর পূর্ব্বেই বুঝিতে পারিয়াছিলাম। এই সমস্যা সমাধানের জন্য একটি-মাত্র পথ খোলা ছিল। তাহা হইতেছে সামুদ্রিক এবং সুন্দরবনের মৎস্য সংগ্রহ। কিন্তু সুন্দরবনের দুর্গম অংশে মাছ ধরার কার্য্য একান্ত কঠিন। খাদ্য, পানীয়, আশ্রয় এবং চিকিৎসার বন্দোবস্ত ব্যতীত এক দিকে যেমন ধীবরগণ তথায় যাইতে অনিচ্ছুক অপর দিকে সেখানে মাছ পাওয়া গেলেও খাদ্যোপযোগী অবস্থায় তাহা কলিকাতার বাজারে লইয়া আসাও অতিশয় কঠিন। এই সব বাধা দূরীভূত করিয়া সুন্দরবনের মাছ সংগ্রহ করিবার জন্য গত ১৯৪৮ সালের শেষভাগে আমরা একটি পরিকল্পনা করিয়াছিলাম কিন্তু সর্ব্বপ্রকার চেষ্টা সত্ত্বেও আবশ্যকীয় জাহাজ প্রভৃতি সংগ্রহ করিতে না পারায় ঐ পরিকল্পনা অনুযায়ী মাছ সংগ্রহের কার্য্য এখনও আরম্ভ করা সম্ভব হয় নাই। ১৯৫১-৫২ সালে এই কাজ আমরা আরম্ভ করিতে পারিব। ইতিমধ্যে সুন্দরবনের বিভিন্ন নদীতে কোথায় কোথায় মাছ পাইবার সম্ভাবনা এবং ধরিবার সুবিধা আছে এবিষয়ে আমরা দু'একটি আনুসঙ্গিক পরিকল্পনার কাজ চালাইয়া যাইতেছি এবং এই প্রাথমিক তদন্তমূলক কাজের দ্বারাও কয়েক শত মণ মাছ সংগ্রহ করিতে পারিয়াছি।

ইহা অপেক্ষাও বেশী ভরসাস্থল বঙ্গোপসাগর। মাননীয় সভ্যগণ জানেন যে প্রায় দুই বৎসর কাল যাবৎ ভারত সরকারকে বঙ্গোপসাগরে মাছ ধরার কার্য্যে ব্রতী করিবার ব্যর্থ চেষ্টার পর আমাদের মাননীয় প্রধান মন্ত্রী মহাশয় তাঁহার ইউরোপ সফরকালে বিশেষ পরিশ্রম স্বীকার করিয়া তত্রত্য বিভিন্ন দেশের বিশেষজ্ঞগণের সহিত পরামর্শক্রমে একটি পরিকল্পনা স্থির করেন। তদনুযায়ী এ বৎসরের প্রথমভাগে একজন ডিনেমার বিশেষজ্ঞ পশ্চিম বঙ্গে আসিয়া সরেজমীনে পরীক্ষাপূর্ব্বক ঐ পরিকল্পনাটি আবশ্যকরূপে সংশোধন করেন। তৎপর আমাদের দুইজন প্রধান কর্ম্মচারী ইংলণ্ড, হলাণ্ড এবং ডেনমার্ক দেশের বিভিন্ন বন্দরে অনুসন্ধান করিয়া ডেনমার্ক হইতে দুইটি মৎস্য শিকারের জাহাজ ক্রয় করেন। ভারতবর্ষে সামুদ্রিক মৎস্য শিকারে অভিজ্ঞ নাবিক না থাকায় ডেনমার্ক হইতে ১১ জন পারদর্শী কর্ম্মচারীকে কয়েক মাসের চুক্তিতে পশ্চিম বঙ্গে আসিয়া কার্য্য করিবার জন্য নিযুক্ত করা হয়। ইহাদের সহিত বন্দোবস্ত হইয়াছে যে ইহারা বঙ্গোপসাগরের কোন কোন অংশে এবং কোন কোন প্রকার জাল প্রভৃতির সাহায্যে বেশী পরিমাণে মৎস্য ধরা সুবিধাজনক হইবে তাহা বিশেষভাবে তদন্ত করিবে এবং ভবিষ্যতে এই জাহাজ সাহায্যে মৎস্য শিকার কার্য্য চালাইবার জন্য আবশ্যকীয় সংখ্যক ভারতীয় যুবকগণকে ব্যবহারিক শিক্ষা প্রদান করিবে। ইতিমধ্যেই দশজন যুবক নির্ব্বাচিত হইয়া শিক্ষা গ্রহণ করিতেছে।

গত ১২ই ও ১৩ই ডিসেম্বর এই জাহাজ দুইটি কর্ম্মচারিগণসহ কলিকাতায় পৌঁছে এবং আবশ্যকীয় সরবরাহ প্রভৃতি ব্যবস্থা করার পরে ২৬।১২ তারিখে প্রথম মৎস্য শিকারে যাত্রা করে। প্রথম মাসে এই জাহাজ দুইটি বঙ্গোপসাগরের কিছু অংশে শিকার ক্ষেত্র অন্বেষণ করা ছাড়াও প্রায় ১,২৭০ মণ বিভিন্ন প্রকারের মাছ কলিকাতায় আনিতে পারিয়াছে এবং ঐ মাছ প্রায় ৩৫ হাজার টাকা মূল্যে কলিকাতায় পাইকারী বাজারে বিক্রয় হইয়াছে। গত ফেব্রুয়ারী মাসেও জাহাজ দুইটিতে প্রায় ১২শো মণ মাছ ধরা হইয়াছিল কিন্তু দুঃখের বিষয় এই যে একটি জাহাজের রিফ্রিজারেশন ব্যবস্থা বিকল হইয়া যাওয়ার ফলে অধিকাংশ মাছই খাদ্যের অনুপযোগী হইয়া যায়। অপর জাহাজটিতে ফিরিবার পূর্ব্বে একদিনে প্রায় দুইশো মণ মাছ ধরা পড়িয়াছিল। এই আশাতিরিক্ত বিপুল পরিমাণ মাছ রক্ষা করিবার জন্য আবশ্যক পরিমাণ বরফ জাহাজে না থাকায় যথাসত্বর ঐ মাছ লইয়া ফিরিয়া আসিবার চেষ্টা করা সত্ত্বেও অধিকাংশ মাছ খাদ্যের অনুপযোগী হইয়া যায়। এই মাছগুলির দ্বারা সার প্রস্তুতের চেষ্টা করা হইতেছে। যাহা হউক, জাহাজের রেফ্রিজারেশন ব্যবহার ত্রুটি বর্ত্তমান সময়ে দূর করা হইয়াছে এবং যথোপযুক্ত পরিমাণ বরফসহ জাহাজ দুইটি পুনর্ব্বার বঙ্গোপসাগরে কার্য্য আরম্ভ করিয়াছে। এই জাহাজ দুইটির সাহায্যে মাসিক অন্ততঃ ১৫শো মণ মাছ কলিকাতার বাজারে সরবরাহ করা যাইবে বলিয়া আশা করা যাইতেছে। এই সরবরাহ অতি সত্বর আরও বৃদ্ধি করা যায় কিনা এবিষয়েও আমরা চেষ্টা করিতেছি।

আমি মাননীয় সদস্যগণকে একথা জানান দরকার মনে করি যে এই পরিকল্পনা সম্পর্কিত প্রায় সমস্ত ব্যাপারেই মাননীয় প্রধান মন্ত্রী মহাশয় অগ্রণী হইয়া সর্ব্বপ্রকারে আমাকে এবং আমার বিভাগকে সহায়তা করিতেছেন এবং তাঁহার এই বিশেষ সাহায্য ব্যতীত এত সত্বর এই কার্য্য আরম্ভ করা যাইত না।

মুদ্রিত বাজেট পুস্তকের ৪৩২ এবং ১৯৫১-৫২ সালের উন্নয়ন ও নূতন পরিকল্পনা সংক্রান্ত মুদ্রিত পুস্তকের ৩১-৩২ পৃষ্ঠায় আমাদের বর্ত্তমান এবং পরবর্ত্তী বৎসরের পরিকল্পনাগুলির বিস্তারিত বিবরণ দেওয়া হইয়াছে বলিয়া ঐগুলি সম্বন্ধে আর অধিক আলোচনা করা প্রয়োজন মনে করি না।

পশ্চিম বঙ্গে মাছের মূল্য বিষয়ে দু'একটি কথা বলিয়া আমার বক্তব্য শেষ করিব। আমি পূর্বেই বলিয়াছি যে জনসংখ্যা বৃদ্ধির জন্য বৃহত্তর কলিকাতায় মাছের চাহিদা প্রায় দুই গুণ হইয়াছে। পক্ষান্তরে পূর্ব বাংলা সহস্র সহস্র নদী ও জলাশয় হইতে যে বিপুল পরিমাণ মাছ কলিকাতার বাজারে আসিত তাহা হঠাৎ অত্যধিকরূপে কমিয়া গিয়াছে। অপর দিকে জীবিকানির্বাহের ব্যয় যুদ্ধপূর্ব সময়ের তুলনায় প্রায় ৪।৫ গুণ বাড়িয়াছে। মৎস্য বিভাগের চেষ্টায় এ যাবৎ সরবরাহ যতখানি বাড়াইতে পারা গিয়াছে তাহাতে ঐ চাহিদা মিটান সম্ভব নয় এবং অবস্থায় মৎস্যের মূল্য বর্তমানে উল্লেখযোগ্যরূপে কমাইতে পারা একান্ত কঠিন। তাহা সত্ত্বেও আমার বিভাগ এবিষয়ে যথাসাধ্য চেষ্টা করিতেছে এবং মাননীয় সভ্যগণ হয়ত লক্ষ্য করিয়াছেন যে গত ৩।৪ মাস যাবৎ মাছের মূল্য গত বৎসরের তুলনায় অন্ততঃ কিছু পরিমাণ কমিয়াছে।

গত ২ বৎসরে মৎস্যের উৎপাদন বৃদ্ধির বিষয়ে বিভিন্ন অঞ্চলের বহু ব্যক্তি আমার বিভাগের সহিত সহযোগিতা করিয়াছেন বলিয়াই আমরা এযাবৎ কিছু কাজ করিতে পারিয়াছি। এজন্য আমি তাঁহাদের নিকট আমার বিভাগের কৃতজ্ঞতা জানাইতেছি। কিন্তু মাছের চাহিদা মিটাইবার সমস্যা এরূপ কঠিন যে আরো অনেক অধিক সংখ্যক স্থানীয় নেতৃগণের এবং জনসাধারণের সর্বতোমুখী সাহায্য না পাইলে কেবলমাত্র আমার বিভাগের মুষ্টিমেয় সংখ্যক কর্মচারীর প্রচেষ্টায় এই বিরাট সমস্যার সমাধান হইতে বহু বিলম্ব হইবার সম্ভাবনা। এজন্য আমি পরিষদের মাননীয় সভ্যগণকে এবং তাঁহাদের মারফৎ আমার দেশবাসিগণকে পুনর্বার অনুরোধ জানাইতেছি যে তাঁহারা নিজ নিজ অঞ্চলের অব্যবহৃত এবং অল্প ব্যবহৃত জলাশয়গুলিতে মাছ চাষের জন্য যেন নিজ নিজ চেষ্টা এবং প্রভাব প্রয়োগ করেন।

উক্ত অবস্থাধীনে আমার প্রস্তাবিত ব্যয় বরাদ্দ অনুমোদন করিবার জন্য আমি পরিষদকে অনুরোধ জানাইতেছি

SJ. PRAMATHA NATH BANDYOPADHYAYA: Sir, I beg to move that the demand of Rs. 19,37,000 for expenditure under Grant No. 26 Major Head: 43—Industries—Fisheries be reduced by Rs. 100. I move this to raise a discussion about inadequate supply of funds for improvement of fishery.

SJ. KANAI LAL DE: Sir, I beg to move that the demand of Rs. 19,37,000 for expenditure under Grant No. 26, Major Head: 43—Industries—Fisheries be reduced by Rs. 100. I move this to raise a discussion about the failure to increase the supply of fish and the inefficiency of the department.

মাননীয় সভাপাল মহাশয়, আমরা আজ মৎস্য বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে বাংলা দেশের মৎস্য সরবরাহ সম্বন্ধে যে বিস্তৃত বিবরণ শুনিলাম এবং মৎস্য সরবরাহ তিনি যে রকমভাবে কাগজকলমে দেখিয়েছেন সেটা নেহাত নৈরাশ্যজনক নয়। কিন্তু দুঃখের বিষয় আমরা বাজারে মাছ কিনতে গেলে যে অবস্থার সম্মুখীন হই আর এখানে বক্তৃতায় যে কথা শুনি তার মধ্যে সামঞ্জস্য খুঁজে পাচ্ছি না। কয়েকদিন আগে তিনি বলেছেন মাছের দর কমছে—৮৫।৮৫৲ টাকা মণ হয়েছে। কিন্তু গৃহস্থ ২৲ টাকা সের খাদ্যের উপযোগী মাছ বাজারে কিনতে পারছে না। পাইকারী দর হয়ত ৮৫৲ টাকা, কিন্তু সাধারণ গৃহস্থরা খাওয়ার জন্য সামান্য পরিমাণ মাছ ঐ পাইকারী দরে কিনতে পায় না। খুচরা মাছ ২৷৷০/৩৲ টাকার কম পাওয়া যায় না। মফঃস্বলে সহরেও ২৷৷৫ টাকার কম মাছ পাওয়া যায় না, পল্লীগ্রামেও ২৷০/২৷৷০ টাকার কম মাছ পাওয়া যাচ্ছে না। এই বৎসরে প্রথমেই মৎস্য বিভাগের কৃতিত্বের বড় উদাহরণ তিনি দিয়েছেন, দুইটা trawler কিনে, কয়েক লক্ষ টাকা ব্যয় করে। এবং সেই trawlerএর নাম দিয়েছেন "বরুণা" ও "সাগরিকা"। কবিত্বময় নাম শুনে মনে হয় সাগর জলে ঝাঁপ দিই; কিন্তু এখন আর সে বয়স নাই। তবে trawler দুইটি নাড়াচাড়া করে কয়েকটা কথা বলতে চাই। এই trawler দুইটা কয়েক লক্ষ টাকায় কিনে এনেছেন—খুব ভাল কথা। এই trawler আনার জন্য তিনি প্রধান মন্ত্রী মহাশয়ের খুব প্রশংসা করেছেন। তিনি বহু কষ্ট স্বীকার করে, ইউরোপে গিয়ে এই trawler দুইটি কিনে এনেছেন। এই পারস্পরিক প্রশংসা—mutual admiration societyর মত তবে trawler দুইটি শুনেছি খুব পুরাণো এবং trawler প্রায়ই খারাপ হয়। কাজেই আমরা এখনও শুনছি বিশেষজ্ঞগণ এমন কথা বলেছেন যে ঐ টাকা দিয়ে এই trawler না কিনে কলকাতার বন্দরে এই trawler তৈরী করালেও এর চেয়ে ভাল trawler হত। এবং খরচও কম পড়তো। এই দেশে trawlerএর মত জাহাজ তৈরী করার কোন ব্যবস্থা নাই জবাব হিসাবে বলতে পারেন।

জয়নগর আমাদের এই মৎস্য বিভাগের সম্বন্ধে কয়েকটা অপ্রিয় কথা বলতে হচ্ছে। যিনি মৎস্য বিভাগের মন্ত্রী—হেমদা, তাঁকে ব্যক্তিগত হিসাবে শ্রদ্ধা করি, কিন্তু এইটা ব্যক্তির প্রশ্ন নয়। তিনি ভাল মানুষের মত অনেক কথা বলেছেন। কিন্তু পল্লীগ্রামে একটা কথা আছে যে আমি ত কিছু জানি না, আমার হাতে কে তামাক খেয়ে গিয়েছে। মৎস্য মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি যে এই trawler দিয়ে মাছের অভাব মোটেই যাবে না। কারণ তাতে যে মাছ ধরা পড়বে তার বেশীর ভাগই অখাদ্য। আর যা খাওয়া যায়, বাংলা দেশের লোকের তাহা রুচিকরও নয়। অনেক মাছ খাওয়া যাবে না, কলকাতা পৌঁছাতেই অনেক মাছ পচে যাবে। Trawler কিনে এত টাকা অপব্যয় না করে তিনি মাছ সরবরাহের জন্য যদি পুকুর, দীঘি, বিল, ভেড়ী, নালায় প্রচুর পরিমাণে মাছ চাষ করতে পারতেন তা হলে ভাল হ'ত আর সেই মাছও পশ্চিম বঙ্গের লোকের পক্ষে রুচিকর হতো। কিন্তু তাঁকে সে কথা বলবার যো নাই, কারণ তার যে রকম নির্দ্দেশ আছে তাঁকে সেই রকম কাজই করতে হবে। কাজেই মাছের অভাব পূরণ হোক আর না হোক এই বিভাগে দুইটা trawler আনতে হ'ল। এই trawler দিয়ে কি পরিমাণ মাছ আমরা প্রতি সপ্তাহে পাব? তিনি বলেছেন, ছয় শত মণ, তার মধ্যে কি পরিমাণ মাছ খাদ্য উপযোগী হবে তার হিসাব দেন নাই। এই trawler মাছ ধরবার জন্য সমুদ্রে নিয়ে যেতে কত খরচ এবং তা রক্ষা করবার জন্য কত খরচ হয়, তা জানান নাই, trawlerএ ধরা মাছ কোন জায়গায় বিক্রয় হয়, সে সম্বন্ধেও তিনি স্পষ্ট কিছু বলেন নাই, তবে মোটামুটি আভাস দিয়ে গিয়েছেন যে মাছের সরবরাহ বাড়বে। উপর থেকে শুনলে আশার চিত্র পাওয়া যায়, কিন্তু হিসাব নিকাশ খুঁটিয়ে দেখতে গেলে এখানে শেষ পর্য্যন্ত কি হবে তা বলা যায় না। এখানে সব কথা বলা উচিত ছিল। আমরা কাগজে দেখেছিলাম যে প্রথম সপ্তাহে এই trawlerএ ছয় শত মণ মাছ এসেছিল, কিন্তু তারপর থেকে আর কোন খবর নাই। আজকে আবার শুনছি যে বছরে ৩০-৩৫ হাজার টন মাছ আসতে পারে। কিন্তু আবার এমনও শুনেছি যে বহু মাছ পচে গিয়েছে। হাওড়ায় কালীবাবুর বাজারের কাছে সেগুলিকে কবর দিতে হচ্ছে। লোকে বলছে "এর থেকে মাছের গাছ হবে তার পর গাছে মাছ ধরবে, আমরা পেড়ে খাব।" মাছ ধরা হ'ল অথচ তা ভাল করে রক্ষা করবার কোন ব্যবস্থা করলেন না এবং এই মাছ পচে গেল। এই মাছ বাংলা দেশের লোকের খাদ্যের উপযোগী ছিল কিনা ও পচে যাওয়ায় কত টাকা নষ্ট হ'ল তারও হিসাব দিলেন না। সুতরাং এই সব দেখে দেশের লোকের মনে নানা প্রকার আশঙ্কা হওয়া স্বাভাবিক। গত ১ বৎসরে এই কারবার করতে গিয়ে ৬ লক্ষ টাকা লোকসান করেছেন। দরিদ্র বাংলার অধিবাসীদের এত টাকা লোকসান করবার অধিকার আছে কিনা মন্ত্রী মহাশয়ের বিবেচনা করা উচিত। মৎস্য বিভাগের পুঙ্খানুপুঙ্খ সমস্ত হিসাব দেওয়া দরকার। সুন্দর কাগজে এই trawlerএর সুন্দর ছবি ছাপিয়ে বিলি করলেই কাজ হবে না। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করি তিনি যেন এই trawlerএর উপর সম্পূর্ণ দৃষ্টি না দিয়ে তিনি দেশে যে লক্ষ লক্ষ পুকুর পড়ে রয়েছে মাছ চাষের জন্য সেদিকে দৃষ্টি দেন।

আমাদের দেশে লক্ষ লক্ষ পুকুরের পঙ্কোদ্ধার হয় না এবং কৃষি বিভাগের সহযোগিতায় যদি এসব পুকুরের পঙ্কোদ্ধারের ব্যবস্থা করা যায় তাহলে তাতে গভীর জল রাখার ব্যবস্থা হতে পারে এবং মাছেরও চাষ হতে পারে। এভাবে মাছ চাষ হলে পল্লীগ্রামের যে অভাব তা অনেকটা মিটতে পারে এবং কলকাতা সহরেও চালান দেওয়া যেতে পারে। কিন্তু সেদিকে দৃষ্টি সামান্যই দেওয়া হয়েছে। সামান্য যে টাকা পুকুরের পঙ্কোদ্ধারের জন্য ধরা হয়েছে প্রয়োজনের তুলনায় তা নগণ্য। পুকুরের পঙ্কোদ্ধার হলে দেশের বহু উপকার হবে, মন্ত্রী মহাশয়ের দৃষ্টি এদিকে আকর্ষণ করছি। প্রথম দেশের শ্রমিক কাজ পাবে, সঙ্গে সঙ্গে মজা-হাজা পুকুরগুলির পঙ্কোদ্ধার হলে তার জল ভাল হলে দেশের ম্যালেরিয়া দূর হয়ে যাবে। এবং সেসব পুকুরে মাছের চাষ করতে পারলে, সেই মাছ মশার ডিম খেয়ে ফেলবে তাতেও ম্যালেরিয়া দূরীকরণের সাহায্য হবে। এমন অনেক পল্লীগ্রাম আছে, সেখানে জলের এত অভাব যে মানুষ ও গরু মহিষের স্নানের ও পানের জন্য পর্য্যাপ্ত জল পাওয়া যায় না। বেশী সংখ্যায় পুকুরের পঙ্কোদ্ধার করলে এ অভাবটা মিটতে পারে। একটা জিনিষ থেকে এভাবে তিন দিক দিয়ে উপকার হতে পারে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি সেদিকে আকর্ষণ করছি। আর একটা কথা বলে রাখতে চাই, সেটা হচ্ছে এই যে মাছ ধরার যে জাল, তার সুতার বড় অভাব। জেলেরা সুতার জাল বুনতে পারছে না কাজেই জালের অভাবে মাছ ধরার অসুবিধা হচ্ছে। জেলেদের প্রয়োজনমত সুতার ব্যবস্থা করা দরকার তারা যাতে সস্তায় আবশ্যকমত সুতা পেতে পারে মৎস্য বিভাগের দেখা উচিত এবং তদনুযায়ী ব্যবস্থা করা চাই। সেজন্য আমি মৎস্য বিভাগের মন্ত্রীকে সেদিকে চেষ্টা করতে অনুরোধ করি।

সমুদ্রে যেসব মাছ ধরা হয়েছে তার মধ্যে কত মাছ খাদ্যোপযোগী তাও বলা চাই। কেবল লোকের দৃষ্টি আকর্ষণ করার জন্য মাছের সংখ্যা ও তার ছবি ছাপিয়ে জনসাধারণকে বিভ্রান্ত করে কোন লাভ হবে না।

আমার বক্তব্য শেষ করবার পূর্বে মন্ত্রিমণ্ডলীর অবগতির জন্য বলছি যে শুধু সমুদ্রে গভীর জলে মাছ ধরবার চেষ্টা করলেই হবে না, সমাজে গভীর জলে যে লক্ষ লক্ষ রাঘব বোয়াল নির্বিঘ্নে বিচরণ করছে এবং যার ফলে বাংলার লোকের জীবন ও নিরাপত্তা বিপন্ন হয়ে পড়েছে সেই গভীর জলের মাছ ধরবারও চেষ্টা করুন।

SJ. SIBNATH BANERJEE: On a matter of privilege, Sir. বাংলায় বক্তৃতা আজকাল বেশী হচ্ছে—অর্দ্ধেকেরও বেশী হচ্ছে। English reporterএর সংখ্যা বেশী। বাংলা reporterএর সংখ্যা তার চেয়ে কম। English reporter type করে দেন, Bengali reporterদের হাতে লিখতে হয় তাতে দেরী হয়। এদের জন্য typewriter দেবার ব্যবস্থা করা দরকার। এবং যারা বাংলায় short hand লেখেন তাদের numberও বাড়ান দরকার। আগে আমরা তিন ঘণ্টার বেশী বসতাম না এখন আমাদের বহু দেরী হচ্ছে এবং বক্তৃতাও অনেক বেশী হচ্ছে। কাজে কাজেই speech পেতে আমাদের দেরী হচ্ছে। কাজেই এদিকে মাননীয় স্পীকার মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

Mr. SPEAKER: First of all, Mr. Banerjee, I may tell you it is not a matter of privilege. It is rather a matter of administrative convenience, and I may tell you that it is engaging our attention. The number of Bengali speeches are certainly increasing and we are also sitting for longer hours. We shall have to do something to have permanent Bengali reporters attached to this department. At present we have to borrow them from Government.

SJ. SIBNATH BANERJEE : At present একটা temporary arrangement করলেই ভাল হয়। তাহলে Budget speech আমরা তাড়াতাড়ি পেতাম এবং তাতে আমাদের correct করার সুবিধা হতো।

Mr. SPEAKER: That is also a matter of administrative convenience which at this fag end of the budget session it is not possible to arrange. It is, however, engaging our attention.

SJ. PRAMATHA NATH BANDYOPADHYAY : মাননীয় স্পীকারমহাশয়, মাছ যে খুব আবশ্যক এ সম্বন্ধে বেশী কাউকে বলতে হয় না। কিন্তু মৎস্য বিভাগের উন্নতির জন্য যে সমস্ত প্রয়োজনীয় জিনিষ করা আবশ্যক আমার মনে হয়, যে টাকা grant করা হয়েছে—১৯ লক্ষ ৩৭ হাজার টাকা—খুব কম। আমি যতদূর জানি তাতে এই বিভাগের মাননীয় মন্ত্রী হেমবাবু, তিনি মৎস্য ব্যাপারে সংশ্লিষ্ট বলে, মাছ সম্বন্ধে চিন্তা করেন এবং কি করে উন্নতি করতে পারেন তার সে জ্ঞানও আছে। কিন্তু আমাদের এই মৎস্যের উন্নতি করবার জন্য যে সমস্ত জিনিষ অত্যাবশ্যক সে সমস্ত জিনিষ করা হয়নি। গত ৬০ বছরের ভিতর বাংলা দেশের মাছের চাষের যে রকম দুরবস্থা হয়েছে অন্য বিষয়ে দুরবস্থা হলেও এরই দুরবস্থা সব চেয়ে বেশী হয়েছে। এখানে মাছের দাম বেশী, মফঃস্বলেও মাছের অভাব কলকাতার চেয়েও কোন কোন জায়গায় বেশী। কলকাতায় দাম দিলে, বেশী দাম দিলে, মাছ পাওয়া যায় কিন্তু মফঃস্বলে তাও হয় না। এই মফঃস্বলে মাছের অভাব যে কি রকম হয়েছে এই গত ৬০ বছর কি চল্লিশ বছর পূর্ব্বে যে সমস্ত ধনী মধ্যবিত্ত পুকুর পরিষ্কার করতো এবং মাছের চাষ করতো আজ তারা প্রায় সকলেই গ্রাম ছেড়ে চলে আসছে, ফলে গ্রামের সমস্ত পুকুর দীঘি অপরিষ্কৃত হয়েছে। ফলে, সেই সমস্ত গ্রামের, পুকুর মজে নষ্ট হয়েছে। আমরা ছেলেবেলায় এমন কি যৌবনকালেও গ্রামে মাছের যে প্রাচুর্য্য দেখেছি আজ তা নাই। গ্রামে কোন সংস্কারের ব্যবস্থা নাই। সেকালে অনেক রকম মাছ দেখতে পাওয়া যেতো গ্রামে আজ তা পাওয়া যায় না। যেমন, কৈ মাছ, মাগুর মাছ খুব কম পাওয়া যাচ্ছে। গ্রামে যে সমস্ত পুকুরে কই, জন্যাতো সেসব নষ্ট হয়ে গিয়েছে। পোণা মাছেরও ভাল চাষ হয় না এজন্য যে গ্রামে ভাল পুকুর নাই। বড় লোক সব চলে এসেছে। ধনী, বড় লোক এখনও যারা আছে তারা পুকুর দেয় না। খাবার জলের জন্য tube-wellএর ব্যবস্থা হয়। গ্রামের পুকুরের প্রতি কেউ নজর দেয় না। নজর না দেওয়ার ফলে মাছের দুরবস্থা হয়েছে সব চেয়ে বেশী। সেখানে দুধও পাওয়া যায় না। গ্রামের দিকে লোকের নজর নাই। ধনীর ছেলেরা, মধ্যবিত্ত ঘরের ছেলেরা সহরে এসে ৪০৲।৫০৲ টাকা বেতনের চাকুরির জন্য ঘুরে বেড়াচ্ছে, গ্রামের সেই মজা-হাজা পুকুরগুলি সংস্কার করলে এবং তাতে মাছের চাষ করলে তা থেকে অনেক বেশী আয় হতে পারে, খাদ্যের ব্যবস্থা হতে পারে। তাদের বোঝাবার কিছু নাই তারা হয়ত সাহস পায় না। Waste land and water যা আছে সেগুলিও কাজে লাগান যেতে পারে তা থেকে fishery হতে পারে। Government থেকে কর্ম্মচারীরা

যারা আছে তারা মফঃস্বলে যায় এবং সেখানে যারা মাছের চাষ করে—মাছের চাষের উন্নতি করতে যদি চায়, তাদের সঙ্গে সংযোগ রেখে কাজ করলে আমার মনে হয়, কাজটা ভালভাবে হবে। এ ছাড়া আর একটা অসুবিধাও আছে। এ মৎস্য সম্বন্ধে বৈজ্ঞানিক গবেষণা করবার ব্যবস্থা নাই। কাঁথির কাছে সমুদ্রের ধারে মৎস্য বিভাগের একটি অফিস আছে। সেখানে শুঁকো মাছ যাতে তৈরী হয় এবং মাছ থেকে poultryর খাদ্য ও সার তৈরী হয়, সে চেষ্টা হচ্ছে। কিন্তু বাংলা দেশের অন্যান্য মাছ যা আছে তা কি করে সংগ্রহ করা যায়, কি করে তা বিভিন্ন জায়গায় পৌঁছে দিতে পারি সে রকম কোন ব্যবস্থা নাই। কাঁথিতে একবার মৎস্য বিভাগ থেকে পোণা সরবরাহ হয়েছে। তাতে দেখা গেছে যে রকম ছোট পোণা সংগৃহীত হয়েছিল, চার মাস পরেও দেখা গেল সেসব বাড়েনি। কোন্ সময়ে পোণা বাড়ে এবং কোন্ সময়ে বাড়ে না সে সম্বন্ধে জ্ঞান থাকা দরকার। আমাদের দেশে পোণা সরবরাহের জন্য কয়েকটি নদী আছে—দামোদর, রূপনারায়ণ, গঙ্গা এবং কাঁথির ভিতর সুবর্ণরেখা—এই সব পোণার জন্য বিখ্যাত। কিন্তু সব সময়ে, পোণা সব রকম হয় না। আষাঢ় মাসের পোণা এক রকম হয়, শ্রাবণের পোণা এক রকম, কোন্ সময়ে কোন্ রকম পোণা হয়, সে সম্বন্ধে কর্মচারীদের জ্ঞান থাকা দরকার। মৎস্য বিভাগের কর্মচারীদের সেই তথ্য সংগ্রহ করা উচিত। এবং এই সমস্ত নদীতে বিভিন্ন সময়ে পোণা কি রকম হয় এবং কি করে তার উন্নতি হয় সে সম্বন্ধে গবেষণার ব্যবস্থা আমাদের থাকা উচিত —আমাদের এই Fishery Departmentএ। এ ছাড়া আর একটা ব্যাপার আছে এই যে আমাদের দেশে কাল মাছ—কৈ, মাগুড়, শোল, সিঙ্গি ও অন্যান্য মাছ কমে যাচ্ছে তার কারণ হচ্ছে এই আমাদের দেশের জনসাধারণের মনে এই জ্ঞান জন্মেনি যে এমন এক একটা সময় আছে, যে সময়ে মাছ মারতে নেই, মাছের ডিম নষ্ট করতে নেই। বৈশাখের শেষে বা জৈষ্ঠের প্রারম্ভে যখন প্রথম জল আরম্ভ হয়, সেই সময় এই সমস্ত মাছ খালে ও পুকুরে এসে উঠে, এই সময় মাছ নষ্ট করে ডিম নষ্ট করা হয়। যাতে এই ডিম নষ্ট না হয় এবং ডিমের সময় কেউ মাছ নষ্ট না করে এজন্য একটা আইন করা উচিত। এ আইন করা হলে খানিকটা deterrent effect হবে। আর কিছুতে না হোক ভয়ের দ্বারা অন্ততঃ এই মাছ মারবে না। এবং একবছর-দু'বছর পর্য্যন্ত এই মাছ না মারলে দেখা যাবে মাছে আমাদের দেশ ভরে গেছে। আমরা সেজন্য হেমবাবুকে বলছিলাম যে এমন একটা আইন করা উচিত যাতে ডিমের সময় মাছ নষ্ট করা না হয়। সেই আইন এখনও হয়নি। মাছের চাষ যাতে ভালরকম হয় এবং অসংস্কৃত পুকুরগুলি যাতে সংস্কার করা হয় তার গবেষণা ও ব্যবস্থা হওয়া উচিত এবং মৎস্য বিভাগের কর্মচারীদের আমাদের দেশের লোকের সঙ্গে সংযোগ রাখা উচিত। তারপর দেশের ভিতর লোকদের এই মাছ চাষ করবার প্রবৃত্তি জাগ্রত করবার জন্য আরও বেশী propaganda হওয়া দরকার। আমার ধারণা, আরও সবচেয়ে বেশী দরকার মাছের ডিম যখন হয়। বৈশাখ, জ্যৈষ্ঠ মাসে মাছের ডিমের সময়, সুতরাং এই দু-তিন মাস, খালে, মাঠের মাঝে কেউ যেন মাছ না ধরতে পারে—এই সম্পর্কে একটা আইন প্রণয়ন করুন। এই আইন হলে দেশে মাছের অভাব অনেক কমে যাবে।

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, I want to say a few words. In 1947, when I was in America, I was surprised to find in what manner they were utilising the deep-sea fishes for various purposes. Apart from the food value of the fish that were caught I saw them utilising the bones and the scales for various purposes. First of all, the bone-meal was being prepared for the purpose of feeding cows and I was informed that this increased the quantity and quality of the milk supplied by the cow. Scales were being used for various purposes, so also the head and the bones were being used.

Sir, in 1949 when the problem of the East Bengal refugees came to the fore and the need for feeding them, I was impressed by the fact that East Bengal refugees mostly belong to an area where fish eating is almost universal and the position being very clear that it was not possible to give them any quantity of cereals sufficient to maintain their nourishment, an alternative food was essential for them. But it was not merely the question of food that was oppressing me but also the question of trying to find out whether by getting large quantity of fish we may be able to increase the quantity and quality of milk by feeding them with bone-meal. Sir, in pursuit of that I went round different places—Belgium,

Holland, Denmark and Sweeden—and I found how they had developed deep-sea fishing and I was very much impressed with the method of their doing it.

When I came back here I made enquiries and as my friend Sri Pramatha Nath Banerjee and others have said, there are fishes available from tanks, available from *beels*, available from rivers as also from deep sea. Probably members are aware that deep-sea fishing is not a provincial subject; it is a central subject. Therefore before I could do anything more I had to approach the Government of India for the purpose of enabling me to use the deep-sea for the purpose of catching fish. The advantage of deep-sea fishing is this: whereas in the case of the river or in the case of the tank we have got to nourish the tanks and nourish the growth of the fish, in the case of the deep-sea there was no necessity for our using any exertion for the purpose of getting the fish.

It has been suggested—a very mild suggestion—that the trawlers that had been purchased were old trawlers. Before the purchase was actually made, I got the Government of India to spare the services of Dr. Baini Prasad who happens to be the fishery expert to the Government of India for many, many years. As a matter of fact, he was then attached to the west coast of India near Bombay for the purpose of doing the same job there. After some amount of difficulty we got his services and he and our Secretary went round different places, because first of all I was not quite sure what type of trawler could be used in this country, and secondly, whether the venture would be at all successful for our people. They went to England, they went to all the different countries, they met various types of people, trade delegations, etc., etc., and be it said to the credit of these two officers that they stayed for nearly three weeks in Denmark and not only did they purchase the new trawlers but saw to it that they were fitted up with various arrangements for the tropical areas, one of the main arrangements being that there were freezing arrangements in the trawlers themselves. If our friends are anxious to know more about them, as I suggested before, I would welcome their presence at the area where the trawlers are to be seen—I believe the trawlers have come last night or this morning and it may be that they will be here for two or three days.

Sir, the question of deep-sea fishing is rather an involved one. Apparently it seems very easy to say, let the trawlers go and catch fish and bring them here, as my friends opposite have said. First of all we are to decide whether the type of fish that were caught were suitable to our taste. Therefore, in the first one or two instances what we did was we got some fish and sent them round to different hospital organisations and to the different hotels to find out how the fish would taste, and we found that the majority of the fish, probably 75 to 80 per cent. of the fish were such as would be utilised and purchased by the people. The other type of fish which are not usually consumed by Bengalis are also, we found, consumed by people from other parts of India. I was informed that there was one type of fish which most of us would probably not like to take and which the men from south would take in a dried form; and I was informed—and I saw that myself—that outside the New Market this type of fish is sold in very large quantities. We were therefore satisfied that it was possible to get the fish and it was possible to sell the fish, and it has been so done. I may just inform the House that up till now the fish that we have got and the prices that we have received cover more or less the whole of our recurring expenditure in spite of the high salaries that we have to pay to the men who have come out with the trawlers. My other idea was to try and train our people, so that after

six or nine months when these men go away it will be possible for our people to take it up. I do not think that the two trawlers would be of very great help. They can only bring in a certain quantity, say, one thousand maunds which is nothing. I only hope that other people interested in this industry might take it up after seeing the example of work done by the trawlers. It was therefore necessary that we should catch fish and that we should be able to chart out different parts of the Bay of Bengal which had not been charted out from a practical point of view; so that future aspirants to this trade might take up this chart and utilise it for their own purposes. I know there are many people who have approached me and who are anxious to start this industry. But they are not keen in making any losses. We are trying to get all the data for these people to take up, so that they might get it in different places. Therefore our instruction was that they should pay more attention to charting the different places and finding out what type of fish is available and when and also finding out what arrangement should be made in these trawlers in order to meet the tropical conditions. I have heard it said, Sir, and it is quite true that in one instance the fish that came in—a large quantity of it—got destroyed because the quantity of ice that they are accustomed to use in Denmark was found to be too small a quantity to protect the fish. They have taken that precaution, and now by gradual experiments they are getting certain data which, I hope, will be utilised by our department as well as by other people who are anxious to follow in this way.

Sir, the question has arisen that we have not given accounts. One year has to go, before I can place the audited accounts of this department before the House, and I am perfectly sure that they will be satisfied—as we have been satisfied—with our estimates that we are on the right side.

There are two others which I want to mention and then I shall finish. There has been a proposal which has been accepted now of having fish from Lake Chilka. Certain difficulties have arisen, because of inter-State arrangement, but fortunately after some amount of discussion that has been overcome, and I understand that one firm has actually arranged for refrigerated wagons to carry the fish from Lake Chilka to Calcutta. That is again to the good.

There is one other point, and that is this, namely, that my friends from the North Bengal districts have complained to me that their source of supply from Bihar has been practically stopped. I have tried to get on with the Government of Bihar, and although up till now I am not successful in getting them to lift the ban on the export of fish from Bihar because they feel that their food positin is so difficult that this one alternative food they do not want to part with. Still I am hoping that, in view of the large number of fishermen who are employed in catching fish and who used to send large quantities of fish, particularly to North Bengal districts, this practice would continue to operate, and the Government of Bihar would agree to lift the ban at least partially.

Sir, I do not want to say anything further, except to say that my friend the Hon'ble Minister for Fisheries will tell you what steps we have taken and what money we are spending in developing and reclaiming the tanks, not only for irrigation purposes but also for fishing; I believe that in the present year we spent about Rs. 25 lakhs on this project, and I believe also that the same amount has been provided in the next year's budget.

With these words I commend the main motion to the acceptance of the House.

The Hon'ble HEM CHANDRA NASKAR : মাননীয় স্পীকারমহোদয়, শ্রীযুত প্রমথবাবু cut motion দিয়েছেন যে আমাদের এই departmentএর জন্য টাকা কম ধার্য্য হয়েছে, বেশী হলে ভাল হ'ত। আমি তার উত্তরে বলছি, টাকা কম ধরা হয়েছে ঠিক, কিন্তু efficiency of the department টাকার উপর নির্ভর করে না, কাজের উপর নির্ভর করে। অনেক টাকা বরাদ্দ করলাম, পরে সমস্ত টাকা খরচ করতে পারলাম না বলে, সেই বাকী টাকা surrender করলাম, এইটা ভাল? না, কম টাকা নিয়ে কাজ সুরু করলাম, এবং প্রয়োজনমত আবার টাকা নিলাম সেইটা ভাল? আমাদের উদ্দেশ্য হচ্ছে যাতে কাজ ভালভাবে করতে পারি। সুতরাং বেশী টাকা বরাদ্দ হয়নি বলে, আমাদের কাজ আটকাবে না। এবার আমাদের ইউনিয়নগুলিতে ১ লক্ষ ৫০ হাজার টাকা পুষ্করিণীতে মাছ বাড়াবার জন্য চাওয়া হয়, এবং Finance Departmentএর সঙ্গে পরামর্শ করে সেই টাকা দিতে সমর্থ হই। তাতে বোঝা যাচ্ছে যে যদি বেশী কাজ করতে পারি, তাহলে টাকার উপর নির্ভর করবে না, আমাদের প্রয়োজনমত টাকা পাওয়া যাবে। দ্বিতীয় কথা হচ্ছে, উনি বলেছেন পুকুরে আগে কই, মাগুর, সিংগি প্রভৃতি মাছ ছিল, এখন কমে যাচ্ছে। বাস্তবিক, এই সমস্ত পুকুরে কই, মাগুর মাছগুলি ছিল এবং বর্ষার সময় এদের পরিমাণ বৃদ্ধি হ'ত তা আমার জানা আছে, কারণ পূর্ব্বে আমিও পাড়াগাঁয়ে থাকতাম, সেখানে আমার ঘরবাড়ী আছে, এবং সেই সূত্রে আমি বলতে পারি আমাদের এমন কোন আইন নেই যার দ্বারা আমরা জনসাধারণকে এই ধরণের মাছ ধরা হতে বাধা দিতে পারি বা তাদের নিষেধ করতে পারি। মাছের দাম বেশী হওয়ায়, সেই সমস্ত মাছ পুষ্করিণী ছেঁচে নিয়ে যাওয়ায় সেখানে সেইরকম পূর্ব্বের মত মাছ আর থাকে না। যেমন লোকেরা বাগান হতে আম, সেগুণ প্রভৃতি সমস্ত গাছ কেটে নিচ্ছে তা আমরা নিবারণ করতে পারি না, সেই রকম জনসাধারণ পুষ্করিণী হতে মাছ ধরে নিলে, তা নিবারণ করবার কোন উপায় বা কোন আইন নেই, কাজেই এ বিষয়ে আমাদের নিরস্ত থাকতে হচ্ছে। (SJ. PRAMATHA NATH BANDYOPADHYAY: আপনাকে ত আইন করতে বলা হচ্ছে।) সে আইন হবে যখন জমিদারী একেবারে নিয়ে নেওয়া হবে। কারণ, এই রকমভাবে জমিদারীর মধ্যে সামান্য সামান্য নিয়ে নেওয়া এবং তাকে খেসারৎ দেওয়া কতদূর সম্ভব হবে তা বলতে পারি না।

দ্বিতীয় কথা হচ্ছে যে গেল বছর মেদিনীপুর districtএ বহু খালে মাছের ডিম স্বাভাবিক উপায়ে ফুটতে দেওয়া হয়, সেই মাছ ক্রমশঃ বেড়ে, খুব বড় হয়ে, প্রচুর পরিমাণ মাছ হয়েছে। এতে মাছের দাম ক্রমশঃ সস্তা হচ্ছে। এই ধরণের কাজ আমরা শুধু মেদিনীপুরে নয়, অন্যান্য জায়গায়, যেখানেই খালের যোগাযোগ নদীর সঙ্গে আছে, সেখানেও সেই ব্যবস্থা অবলম্বন করে কিছু মাছ বাড়াবার চেষ্টা করছি।

তৃতীয় কথা হচ্ছে যে, মেদিনীপুরবাসী যাঁরা তাঁরাই জানেন মেদিনীপুরে কি রকম ব্যবস্থা হয়েছে, কি রকম মাছের চাষ হচ্ছে। যেখানে যেখানে নদীর সঙ্গে খালের যোগ আছে সেখানে সেখানে সেই ব্যবস্থা অবলম্বন করে আমরা কিছু মাছ বাড়াবার চেষ্টা করেছি। আর একটা কথা আমরা যে আইন পাস করে দিয়েছি কিছুদিনের মধ্যে সেই আইনের দ্বারা মাছচাষযোগ্য জলার পরিমাণ কিছু কিছু বাড়াতে পারব আশা করি। তারপরে কানাইবাবু যে motion move করেছেন সে সম্বন্ধে বলতে চাই যে, আমরা যে খুব বেশী কাজ করেছি এই কথা বলি না। লোকের চাহিদা মেটাতে আমাদের বহুদিন লাগবে। পূর্ব পাকিস্থান হতে যে ১৩শ টন মাছ আসত সে মাছ আসা বন্ধ হয়ে গিয়েছে। সে জায়গায় আমরা অন্যান্য প্রদেশ থেকে জোগাড় করে গড়ে ৭শ মণ হিসাবে বাড়িয়েছি। কিন্তু যে পরিমাণটা বেশী আশা করেছিলাম সেই পরিমাণটা পেতে পারিনি। সেটা পেতে পারলে পূর্ব পাকিস্থান থেকে যেটা পেতাম সেটা প্রায় make up করে এনেছিলাম। এই ৭০০ মণ ছাড়াও কলকাতার বাহির অঞ্চল থেকে ২০০ মণ হিসাবে মাছ আমদানী হয়। এই ৯০০ মণ মাছ আমরা বাড়িয়েছি। কিন্তু বাস্তবিক ঐ ১,৩০০ মণ বাড়াতে পারিনি। সম্প্রতি যে pact পূর্ব পাকিস্থানের সঙ্গে হল এর দ্বারা যদি মাছ সেখান থেকে পুনরায় আমদানী হতে থাকে তাহলে আমাদের সমস্যার সহজে সমাধান হবে। কানাইবাবুকে আরও বলছি এবারে আমরা এগার হাজার পাঁচশ বিঘা জলকর থেকে প্রায় ৩৪ হাজার মণ মাছ বাড়িয়েছি। দ্বিতীয়তঃ, পোণার সরবরাহ পরিকল্পনায় আমরা ৯ হাজার মণ আশা করি। আমি আর একটু details তাঁকে দিতে পারি—সুন্দরবনের সমুদ্র হতে প্রায় ১৮ হাজার মণ মাছ পেয়েছি। পূর্বে যে বন্দোবস্ত দেওয়া হত তাতে খুব কম পাওয়া যেত। এবারে যাদের বন্দোবস্ত দিয়েছি তারা যে জাল প্রস্তুত করছে তার দ্বারা গড়ে ২০০ মণ মাছ ধরবে। সমস্ত পশ্চিম বাংলায় যেরূপে আমাদের departmentএর লোক কাজ করছে তাতেও অতিরিক্ত ১৪ হাজার মণ মাছ পাব। সংস্কার করে ১০ হাজার বিঘা জলার প্রতি বিঘায় ৩ মণ হিসাবে ৩০ হাজার মণ আমরা পাব। আমি পূর্বে বলেছি অন্যান্য দ্রব্যের মূল্যের তুলনায় আমাদের মাছের দরটা আগেকার বছরের চেয়ে একটু

সুবিধাজনক আছে। এমন কি ১।০ হতে ১।১০ মধ্যে ভাল মাছ অনেক সময় পাওয়া যায়। আমি বলছি না যে, আমরা খুব ভাল কাজ করেছি, তবে আগেকার তুলনায় অনেক ভাল কাজ হয়েছে। হাওড়ার আমরা বর্ত্তমান বছরে ৩১৮ বিঘা জলার উন্নতি করেছি; অগ্রিম দিয়েছি সাড়ে উনিশ হাজার টাকা। বাঁকুড়ার দশ হাজার তিরানব্বই টাকা দিয়েছি; এবারে ১,০৯১ বিঘা হয়েছে। বীরভূমে ২৭ বিঘা মাত্র ছিল, সে জায়গায় ৪৭৩ বিঘা করেছি। বেদিনীপুরে ৩২৭ বিঘা ছিল, সে জায়গায় আমরা প্রায় ৯০০ বিঘার উন্নতি করেছি। তারপরে ২৪-পরগণায়—(Sj. Kanai Lal Dey: বাঁকুড়ায় বরাদ্দমাফিক টাকা গেল বছর ব্যয় হয়নি।) আমাদের যা বরাদ্দ ছিল তার চেয়ে অধিক সংখ্যক টাকা চাওয়ায় Finance Departmentকে লেখাপড়া করে আমরা আপনাদের জানিয়েছি (looking through the file ১ লক্ষ ৫৪ হাজার টাকা Finance Department থেকে চেয়েছিলাম)। তাঁর দেশে সামান্য জলা ছিল, কিন্তু আমরা গিয়ে ফিরে আসার পর হাজার বিঘার উন্নতি করেছি। তারপর ২৪-পরগণায় ১,২০০ বিঘা। এ ছাড়া মালদহ এবং পশ্চিম দিনাজপুর রয়েছে। বেশী detail দিয়ে আপনাদের সময় আর নেব না।

তারপরে আমরা deep-sea fishingএ টাকা দিয়েছি, তাতে আমরা অনেক কিছু করেছি। কজেই আমরা মাছের চাহিদা যে কিছুটা মিটাতে পেরেছি তাতে সন্দেহ নাই। পাড়াগাঁয়ে মাছ আগে মোটেই পাওয়া যেত না, সেই পাড়াগাঁয়ে এখন বেশ কিছু পাওয়া যাচ্ছে। আমি বলছি না সব করেছি, কিন্তু যা করেছি এইভাবে যদি করে যেতে পারি তাহলে অদূর ভবিষ্যতে মাছের চাহিদা মেটাতে পারব। তারপরে আমাদের প্রধান মন্ত্রী মহাশয় যা বলেছেন সে সম্বন্ধে আমি আর কিছু বলতে চাই না, কারণ আমরা যদি এটায় কৃতকার্য্য হই, সমুদ্র থেকে বেশী পরিমাণে মাছ আনতে পারব। আমরা এখানে জাহাজে কতকগুলি লোককে যদি উৎসাহিত করতে পারি এই-রকম মাছ ধরবার জন্য তাহলে আমাদের মাছের অভাব দূর হবে। সমুদ্র থেকে মাছ আনায়, আমি আশা করি, ভবিষ্যতে আমরা কৃতকার্য্য হব। এবারে মাছ যা হয়েছে সে সম্বন্ধে প্রধান মন্ত্রী মহাশয় বলেছেন আমি পুনরুক্তি হলেও এবার বলছি ৩৬ হাজার মণ মাছ এসেছে। ৪০৲ টাকা করেও হিসাব যদি ধরা হয় মণপ্রতি তাহলে এটা আশাপ্রদ বলেই বোধ হয়। তবে সব কিছুই দৈবের হাত, সেটা আগে থেকেই ভাবা উচিত। আমরা যেখানে বেশী অভাব সেইখানেই বেশী সাহায্য দিয়েছি। প্রত্যেক সভ্যই বলবেন আমার districtএ অভাব; কিন্তু আমি বলব সকল districtএই অভাব। তার মধ্যে যেখানে বেশী অভাব সেখানেই একটু বেশী দিতে হয়; আর যেখানে কম অভাব সেখানে যে মোটেই দেব না তা নয়; তবে পরিমাণ কিছু কম হবে। আমি আশা করি সকল সভ্যই আমাদের সাহায্য করবেন এবং আমাদের দেশে যে সমস্ত পুকুর পুষ্করিণী আছে সেগুলি যাতে কার্য্যকরী হয় সেদিকে চেষ্টা করবেন। এটা আমার একার কাজ নয়, দেশবাসী সকলেরই কাজ। আর আমাদের কর্ম্মচারীরাও যেভাবে করছেন যদি তাঁরা এ রকম পরিশ্রম করেন প্রত্যেক বছরে তাহলে দেশের মাছের অভাব মিটবে। এবং আমি অনুরোধ করছি আপনাদের তাদের সাহায্য করতে, কারণ শুধু তাদের পরিশ্রমেই হবে না, আপনাদের সাহায্য অত্যাবশ্যক।

The motion of Sj. Pramatha Nath Bandyopadhyay that the demand of Rs. 19,37,000 for expenditure under Grant No. 26, Major Head: 43—Industries—Fisheries be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Kanai Lal De that the demand of Rs. 19,37,000 for expenditure under Grant No. 26, Major Head: 43—Industries—Fisheries be reduced by Rs. 100 was then put and lost.

The motion of the Hon'ble Hem Chandra Naskar that a sum of Rs. 19,37,000 be granted for expenditure under 26, Major Head: 43—Industries—Fisheries was then put and agreed to.

50—Civil Works and 81—Capital Account of Civil Works outside the Revenue Account.

The Hon'ble BIMAL CHANDRA SINHA: Sir, on the recommendation of His Excellency the Governor, I beg to move that a sum of Rs. 7,07,47,000 be granted for expenditure under Grant No. 29, Major Heads: 50—Civil Works and 81—Capital Account of Civil Works outside the Revenue Account.

Sir, I need not deliver a long speech because the time at the disposal of the House is short. I have circulated to the honourable members a small booklet called "A Resume of the Road Activities of the Works and Buildings Department during the year 1950-51". I hope the members will find all relevant matters discussed in that resume and that will also be helpful to the members as a permanent record of the road activities of the department for the year in question.

Sir, as I pointed out last year, the administrative responsibilities of the department that I am in charge of are divided into two distinct fields. The more important of the two is concerned with the maintenance and development of road communications in the State. The other important activity of the department relates to the maintenance and construction of public buildings. Both these sections are again divided, as I pointed out last year, into two branches, viz., normal and developmental.

Sir, before I pass on to the main features of the Roads Branch, I would like to mention briefly just one or two things about the other branch, viz., the Buildings Branch. Sir, the financial provision, as sanctioned by the Legislature last year for original works and maintenance under the ordinary building programme during the current financial year, is as follows: Original works—Rs. 43 lakhs and odd, and maintenance—Rs. 53 lakhs and odd. On account of the greater progress of works and on account of the commencement of certain additional schemes of pressing urgency, the revised enhanced demands are as follows: Original works—Rs. 58 lakhs and odd, and maintenance—Rs. 56 lakhs and odd. The next year's demand provides for the completion of works in progress and also for some 34 new items of work. The details will be found in Appendix B of the Red Book.

Now, Sir, I turn to the road activities of this department for the year in question. Sir, I need not dilate on all the points mentioned in the resume. I would like only to touch on a few important points. Sir, I have mentioned there that this Government have to execute the National Highway Programme as the agent of the Government of India. I may inform the House that recently the Government of India has entrusted to this department the execution of a pretty heavy programme of constructing and improving national highways. Accordingly, we have taken the work up in right earnest. Though sanction was received rather late in the financial year, still we have been able—I am glad to say—to utilise the fund placed at our disposal as far as possible and the work on these national highways is in progress. Sir, details will be found in the resume itself.

Next, I pass on to State Highways. Of the total length of 442 miles of State Highways and 1,317 miles of District Roads in the short-term programme, work is in progress on 314 miles of State Highways and 880 miles of District Roads.

Sir, I next pass on to the two features that have been lately introduced in the budget of this department, firstly, Village Road Scheme on Government account and, secondly, Village Roads as grant-in-aid works. Sir, you will remember that two years back this department introduced for the first time in the history of the Public Works Department a new feature, viz., that Government began constructing village roads, of course at a lower specification, on Government account. Sir, in pursuance of that scheme, a number of village roads covering a total mileage of 300

miles has been included in the short-term programme. Works are at present proceeding on 12 such roads. Details of these roads will be found in the Red Book, page 157.

Sir, last year—that is during the current financial year—we introduced another feature, viz., besides these village roads the cost of which is at present borne by the Government, we introduced another scheme of having village roads as grant-in-aid works. The idea was that if we could pool the resources of the Government and the people together, we could construct a number of village roads—construct them, of course, at a lower specification. Sir, it was decided that the Government will contribute two-thirds and the people one-third of the cost involved. These roads will be generally *kutcha* roads and there will be good culverts. The Union Boards with the help of the District Board will try to maintain them as far as possible. Sir, the details of this scheme have been circulated to the members of the Assembly in a circular letter that I issued to them some time back. I am glad to say that the initial response to this scheme has been very good. We have received proposals from many District Boards and Union Boards and many organisations and we are examining them at the present moment. Sir, I can assure the House that if this scheme succeeds, the possibility of expanding its scope to embrace bigger projects may also be considered in future. Through the operation of this scheme, it is proposed to enthuse the people and initiate them into the habit of pooling their resources.

Sir, I may just, in passing, mention that this Governmen has also to execute the Road Fund Programme the cost of which is expected to be met from the Road Fund of the Government of India. The details will be found in paragraph 7 of the booklet, I have mentioned.

The next point I would like to mention is that in accordance with the policy of taking over roads for maintenance, we are adding every year new mileages to our roads which we are maintaining. This maintenance programme has recently become so heavy that we have spent a large sum on it. I might give you the details. In the pre-war year 1938-39, the Government of undivided Bengal spent Rs. 18·19 lakhs on the maintenance of about 1,700 miles of provincial roads then in existence. By comparison, the Government of West Bengal spent Rs. 52·93 lakhs in 1949-50 on the maintenance of a little over 1,200 miles of roads under direct charge of the Government.

Sir, special mention, I think, ought to be made about two matters. I first refer to the Darjeeling disaster. You are all aware that a very great disaster took place in the districts of Darjeeling and Jalpaiguri. As a result, roads were disrupted, large breaches occurred and Darjeeling, Kalimpong and many other places were completely cut off from the world outside. In this situation—though we had to face very many problems—some of them were almost impossible ones, still we worked with the utmost speed and, as everybody knows, specially members coming from that district know, we could restore communications—though not satisfactorily, still somehow—within the shortest possible time. I find that there is a cut motion to the effect that the progress has been slow. If the honourable member moves that cut motion, I shall explain what measures we have been able to take and what measures we have not been able to take and for what reasons. But, Sir, some details in this regard will be found in paragraph 9 of the resume that I have already circulated. Sir, I have further information that the Darjeeling Cart Road—I have a telegram from the Chief Engineer who is now at Darjeeling—has now been thrown open to through vehicular traffic. Now one can go to

Darjeeling without any trouble or without any transhipment. The other road, the Kalimpong Road, has been taken up in right earnest. As the honourable members are aware the disaster on that road was of greater magnitude than had taken place elsewhere. We hope that through communication will be restored as early as possible.

Next, Sir, I would like to speak about Cooch Behar. You are aware, Sir, when the State was merged into the Province of West Bengal, we took up an extensive programme for road development in that district also. It was decided at first that the expenditure on development works would come out of the Development Fund comprising of the cash balances before the merger. But, Sir, the Government of India have not, however, so far agreed to release any money from this fund pending determination of the cash balance and formulation of an overall development plan for the district. The State Government have accordingly been compelled to take over these road projects on to their own budget. Besides the three roads already taken in hand, it has been decided to take up six more roads next year to complete the short-term programme of road development for Cooch Behar.

Next, Sir, if you look at the Red Book you will find that some ferries have already been taken over for improvement and maintenance. There are also some other features of the budget which have been mentioned in Appendix B and other Appendices in the Red Book which I need not repeat here. The members will perhaps be able to find them out themselves.

In conclusion, I would like to mention two more points. One is about motor vehicles tax. During the year in question, we continued to give small grants to the municipalities out of the motor vehicles tax fund. This year the total amount came up to Rs. 2 lakhs. You are aware, Sir, that the Government of India recently appointed an Enquiry Committee to go into the question of motor vehicles tax. Their report has come out and you know that there is a Bill before this House which provides for an increase in the rate of motor vehicles taxation. The main recommendations of the Motor Vehicles Taxation Enquiry Committee have been summarised for the information of the honourable members in the resume.

Lastly, Sir, I would like to mention that this department has been labouring under very many handicaps. There are handicaps about resources, about supply of materials, about transport of materials to different places, and the greatest handicap of them all is the handicap of finance. Sir, during the years after the partition we tried first to reorganise the department just to enable it to take the load that had to be placed on it. During the first years after partition the department underwent a thorough change and a special Directorate was created for speeding up road development programme and was placed under a Special Chief Engineer. When the machinery was geared up, it was most unfortunate that a financial blizzard struck the country and our machinery had to function under the limitations of deficit finance. I am fully confident that had more funds been available, the department could have executed a far larger programme and with greater speed. For this uncertainty of finance we could not take up the whole programme not knowing whether we shall be able to continue it next year or not.

Sir, during the general Budget discussion mention was made that there are some places where lands have been requisitioned for brick-burning purposes and that the brickburning has been finished but the lands have not been returned to the owners from whom the lands were taken over. I have made a thorough investigation into the matter. I have

found that in many cases brick-burning is still in progress and, therefore, until brick-burning is finished, these lands cannot be given back to the owners. In one or two cases brick-burning is nearing completion, but, Sir, there the cost of restoration is so high that it would be perhaps more economical to acquire the lands outright. Sir, though financially this is a point to be considered by Government, still there are other aspects of the question, namely, whether it would be wise in any circumstances to take over the lands merely because the cost of recurring compensation for requisitioned lands and of compensation for damages would be too high. I had an offer from some of the owners that they are agreeable to reduce their claims for damages. I have, Sir, therefore, decided that in case it is not economically more difficult for the Government, we shall give the land back to the owners, if the owners reduce their claims in that way and thus save the Government from being forced to acquire these lands outright.

Lastly, Sir, a few days ago a pamphlet was circulated amongst the honourable members of this Assembly about the demands of some workers of the Public Works Department. I understand that the mover of a cut motion is going to raise the matter in his cut motion. Before I speak on the subject I should like to hear what the honourable member has to say on that point.

These are in brief the main features of the departmental Budget. I hope, Sir, that if public co-operation is forthcoming, and if more funds are available to the department, we shall be able to improve the road condition of West Bengal. As the House is aware, communication was disrupted in this province, because of partition and the roads were destroyed in many places as a result of the heavy traffic these had to bear during the war. Sir, the more I think the more I am convinced that the many different problems of West Bengal in a way revolve round the problem of communication. For example, there are places where there may be surplus foodstuff, but we cannot bring them out or send other things there because there is no road connection. Sir, only the other day the Hon'ble Food Minister mentioned that he had to spend Rs. 6 to Rs. 7 per maund of food to send that to the districts of Darjeeling and Jalpaiguri, because the communication system was disrupted. So in a way the majority of the problems of West Bengal revolve round communication. Cities are becoming over-congested. Towns are attracting people from villages and villagers are coming away to towns. This process cannot be reversed unless the villages are made worth living, unless the villages are made accessible, unless the villages have easy communication with centres of trade, business and other urban facilities. So, Sir, if we can introduce a good communication system in the province we hope that many of the evils that we are suffering from at the present moment will disappear.

With these words, I move my motion and commend it to the acceptance of the House.

Sj. KANAI LAL DE: Sir, I beg to move that the demand of Rs. 7,07,47,000 for expenditure under Grant No. 29, Major Heads: 50—Civil Works and 81—Capital Account of Civil Works outside the Revenue Account be reduced by Rs. 100. I move this to raise a discussion about the failure of the Government to construct a bridge over Darakeswar river near Bankura town on Bankura-Taldangra Road, and other small bridges on the major district roads.

Sj. PRAMATHA NATH BANDYOPADHYAY: Sir, I beg to move that the demand of Rs. 7,07,47,000 for expenditure under Grant No. 29,

Major Heads: 50—Civil Works and 81—Capital Account of Civil Works outside the Revenue Account be reduced by Rs. 100. I move this to raise a discussion about methods of works adopted by the departments.

Sj. CHARU CHANDRA BHANDARI: Sir, I beg to move that the demand of Rs. 7,07,47,000 for expenditure under Grant No. 29, Major Heads: 50—Civil Works and 81—Capital Account of Civil Works outside the Revenue Account be reduced by Rs. 100. I move this to raise a discussion about the desirability of the taking up of the Falta (Metalled) Road by the Government for repairs and maintenance.

Sj. CHARU CHANDRA BHANDARI : মাননীয় স্পীকারমহোদয়, আমি যে cut motion উত্থাপন করেছি সেটা হচ্ছে ফলতা রাস্তা সম্বন্ধে। মাননীয় মন্ত্রীমহাশয়রা সেই রাস্তা জানেন, মাননীয় ভূপতিবাবু সেই রাস্তায় গিয়েছেন, এবং মাননীয় নিকুঞ্জবাবুও সেই রাস্তার সঙ্গে বিশেষভাবে পরিচিত। এবং তাঁরা জানেন যে এই রাস্তা খুব দরকারী। ফলতা ও ডায়মণ্ডহারবার রাস্তা খুব important feeder road. তার importance আরও বেশী, কারণ দক্ষিণ-পূর্ব্ব হাওড়া জেলার সঙ্গে হুগলী নদী পার হয়ে এপারে এসে সংযোগস্থলে ঐ রাস্তা। District Board কর্ত্তৃক metal রাস্তাগুলি আদৌ ভালভাবে repaired ও maintain করা হয় না, ফলে রাস্তা অত্যন্ত খারাপ হয়ে রয়েছে। আমার যতটুকু জানা আছে বিমলবাবুর departmentএর policy হচ্ছে যে বড় বড় পিচের রাস্তাগুলি ঠিক করা—কিন্তু এই পাকা রাস্তাটি, যেটা অত্যন্ত দরকারী রাস্তা, এটা ঠিক রাখতে খুব বেশী খরচ হবে বলে আমি মনে করি না। সুতরাং এই রাস্তাটির প্রতি তিনি যদি একটু দৃষ্টি দেন তাহলে খুব ভাল হয়।

এই সঙ্গে তাঁকে একটা ধন্যবাদ দেওয়া উচিত। Land Requisition and Acquisition Act অনুসারে তাঁর রাস্তা নির্ম্মাণের জন্য কয়েকটি জায়গা ইট তৈরী করবার জন্য নেওয়া হয়েছিল এবং যখন সেই আইনে সংশোধন বিল এসেছিল সেই সময় আমি অভিযোগ করেছিলাম যে অনর্থক সেটা requisition করে নেওয়া হয়েছে। আমি এখন আনন্দের সঙ্গে জানাচ্ছি যে তিনি প্রতিশ্রুতি দিয়েছেন যে এই জায়গাগুলি release করে দেবেন। এটা খুব ভাল কথা। এই সম্পর্কে আমি আর দু-একটি কথা বলে বসব। যে সমস্ত নূতন রাস্তা হচ্ছে, তার জন্য যে সমস্ত জমি নিচ্ছেন, এটা তাঁর department directly concern নয় বটে, কিন্তু তাঁর রাস্তার জন্য যখন নেওয়া হচ্ছে তখন তিনি একটু চেষ্টা করবেন। বহু জমি অনেক দিন ধরে দখল করে রাখা হয়, অথচ তার compensation সে রকমভাবে দেওয়া হয় না। এটা Land Requisition Departmentএর ব্যাপার বটে, কিন্তু তিনি যদি একটু চাপ দেন, কেন না untimately চাপ দেবার দায়িত্ব তাঁর। এখন যেখানে জমির বাজার মূল্য ৮০০৲ টাকা, সেখানে মাত্র ২০০৲—২৫০৲ টাকা দিয়ে জমি requisition করা হয়। দ্বিতীয়তঃ, আমি একটা প্রশ্ন করেছিলাম তাতে বলা হয়েছিল, তাদের যে পরিমাণ loss of income হয়, সেই loss of incomeএর টাকা দেওয়া হয় না। আমাকে জানান হয়েছে যে তাদের সামান্য কিছু দেওয়া হবে—সেটা একটা interest, যা ছয় পারসেণ্টের বেশী নয়। সুতরাং এই অবস্থায় চাষীদের এই টাকাটা ফেলে রাখা উচিত নয়। সঙ্গে সঙ্গে চাষীরা যাতে টাকা পায় তার ব্যবস্থা করুন, এবং তিনি যেন একটু চাপ দেন যে তাদের six per cent.এর চেয়েও বেশী টাকা দেওয়া হবে। তৃতীয় কথা হচ্ছে, তিনি সুন্দরবন অঞ্চলের সঙ্গে সংশ্লিষ্ট। সুন্দরবন undeveloped অবস্থায় রয়েছে। ২৪-পরগণায় ডায়মণ্ডহারবার থেকে সুন্দরবন পর্য্যন্ত যে রাস্তাগুলি, সেগুলি ভীষণ খারাপ অবস্থায় রয়েছে—তার immediate repair দরকার। সুন্দরবন পর্য্যন্ত দুটা রাস্তা আছে, কিন্তু সুন্দরবনের ভিতর রাস্তা করবার কোন পরিকল্পনা নাই। আমি আশাকরি তিনি এদিকে একটু নজর দেবেন। এই কয়টি কথা বলে আমি শেষ করলাম।

Sj. PRAMATHA NATH BANDYOPADHYAY: মাননীয় স্পীকারমহোদয়, রাস্তা সম্পর্কে আমাদের মাননীয় মন্ত্রীমহাশয় যেসব ব্যবস্থা করেছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। তাঁর এই বিভাগের যে সমস্ত অসুবিধা রয়েছে তা আমি জানি। রাস্তা তৈরী করা সোজা, কিন্তু maintain করা খুব কঠিন। আজকাল ভারী ভারী মটরগাড়ী ও লরী চলায়, যে সমস্ত পাকা রাস্তা তৈরী হয়েছে সেগুলি অল্প দিনের মধ্যেই খারাপ হয়ে যাচ্ছে। যে সমস্ত রাস্তায় মটরগাড়ী চলা-ফেরা করে সেই সমস্ত রাস্তা যদি পিচের না হয়, তা হলে সেই রাস্তার জীবন পাঁচ-ছয় বছরের অধিক থাকে না।

আমি কাঁথি থেকে খড়্গপুর পর্য্যন্ত মটরগাড়ীতে আসি এবং সেখানে লক্ষ্য করেছি যে একটা রাস্তা হয়ত তৈরী হয়েছে, কিন্তু দু-তিন মাসের মধ্যে সেই রাস্তা খারাপ হয়ে গিয়েছে। কাজেই রাস্তা সম্বন্ধে তাঁকে খুব অসুবিধা ভোগ করতে হয় সেটা আমি মর্ম্মে মর্ম্মে অনুভব করছি। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে একটা বিষয় জানাতে চাই, সেটা হচ্ছে আমাদের কাঁথির রাস্তা সম্বন্ধে।

দীঘা-কাঁথি রাস্তা হওয়াতে, দীঘার importance বাড়বার সঙ্গে সঙ্গে কাঁথিরও importance বেড়ে গিয়েছে। এই দুটা রাস্তা, কণ্টাই-বেলডাঙ্গা রোড আর দীঘা-তমলুক রোড, দীঘার সঙ্গে মিশেছে। এই রাস্তার জন্য জমি নেওয়া হয়েছে এবং শীঘ্রই বোধ হয় মাটি কাটার কাজ আরম্ভ হবে।

এই তমলুক-দীঘা রাস্তা সম্বন্ধে কিছু বলতে চাই। কাঁথি টাউনের ভিতরের রাস্তা যে তমলুক রাস্তার সঙ্গে মিশবে তার উপায় নেই। তমলুক-দীঘা রোড, কাঁথি থেকে বেরোবার একটি মাত্র রাস্তা, সুতরাং এটা যদি বন্ধ হয়ে যায় তাহলে vehicular traffic বেরবার আর দ্বিতীয় রাস্তা নেই। কাজেই কাঁথি সহরে যাতে আর একটা রাস্তা হয় তার ব্যবস্থা করুন। আগে একটা প্রস্তাব হয়েছিল যে তমলুক-দীঘা রাস্তা সহরের ভিতর দিয়ে নিয়ে যাওয়া হবে, কিন্তু এখন বলা হচ্ছে এই রাস্তা সহরের ভিতর দিয়ে গেলে সেখানকার ঘরবাড়ী নষ্ট হয়ে যাবে, এবং আরও সব অসুবিধা আছে বলে বাইরে দিয়ে নেবার প্রস্তাব হচ্ছে। আমি মাননীয় মন্ত্রী-মহাশয়কে অনুরোধ করছি সেই রাস্তাটা কাঁথি সহরের ঠিক উত্তর গা ঘেঁষে যেন যায়, কারণ কাঁথি সহরের খুব দূর দিয়ে এই রাস্তা নিয়ে যাবার একটা প্রস্তাব হয়েছে। আমি আবার বলছি, এই রাস্তা কাঁথি সহরের খুব নিকট দিয়ে, গা ঘেঁষে যাতে যায়, তার ব্যবস্থা করা হোক। আর একটা কথা বলব, যখন দীঘার রাস্তা নেওয়া হয়, তখন কাঁথি সহরের post-officeএর কাছ থেকে রামনগর পর্য্যন্ত যে রাস্তা আর একটা রাস্তা হচ্ছে ঐখান থেকে জেলখানার পশ্চিম গা থেকে এক নম্বর পুল দীঘা-তমলুক রাস্তা পর্য্যন্ত যে রাস্তা, এই দুটি রাস্তা আপনাদের department থেকে গ্রহণ করা হয়েছে। এটা খুব কম রাস্তা, এবং না সারানর জন্য সেখানকার লোকের খুব অসুবিধা হচ্ছে। বিশেষতঃ থানা থেকে সহরের বাইরে পর্য্যন্ত যে রাস্তা গিয়েছে, সেই রাস্তা এত খারাপ হয়ে গিয়েছে যে সেখানে চলাচল অত্যন্ত বিপদ্‌জনক হয়ে পড়েছে। কাজেই আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করি এই রাস্তাটি যাতে সারান হয় তার ব্যবস্থা করা হোক। আমি আর একটি বিষয়ের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি খুবই আনন্দিত যে, ঐ পুল, যেটার জন্য কাঁথি যাতায়াতের খুব অসুবিধা হয়, সেখানে ফেরীর দ্বারা মটরগাড়ী পার করতে হয়, সেই পুলের কাজ প্রায় শেষ হয়ে আসছে, শীঘ্রই concreteএর কাজ আরম্ভ হবে, এবং বোধ হয় May মাসের শেষে খোলা হবে।

আরও দুটি bridge হবার কথা হয়েছে। একটা হচ্ছে বিসারণী ব্রীজ আর একটা হচ্ছে কাঁথি-তমলুক রাস্তার কালীনগর ব্রীজ। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করছি পুলের জন্য যে সমস্ত যন্ত্রপাতি ব্যবহার করা হচ্ছে, সেগুলি কলিকাতায় ফিরিয়ে না নিয়ে এসে ঐখান থেকেই সেই সমস্ত যন্ত্রপাতি নিয়ে যদি এই দু'টি ব্রীজের কাজ আরম্ভ করা হয়, তাহলে খরচপত্র কম পড়বে। বিসারণী ব্রীজ যত শীঘ্র সম্ভব আরম্ভ হওয়া উচিত, কারণ দীঘা যেতে হলে ফেরী দ্বারা পার হতে হয়, এবং তাতে বহু অসুবিধা হয়। সুতরাং যে সমস্ত জিনিষপত্র ও যন্ত্রপাতি কণ্টাই Station Roadএর কাছে পড়ে আছে এগুলি নিয়ে এখনি এই ব্রীজের কাজ আরম্ভ করতে পারা যায়।

আর একটা বিষয় হচ্ছে—মাননীয় মন্ত্রীমহাশয় প্রস্তাব করেছেন যে গাঁয়ের বড় রাস্তাগুলি নিয়ে feeder roadএ পরিণত করায় অনেক অসুবিধা আছে। কিন্তু গাঁয়ের ভিতর যে সমস্ত মাটির কাঁচা রাস্তা আছে সেগুলি গ্রামের লোকেরা খুব কমই ব্যবহার করে; তারা সেই পথ দিয়ে না চলে, মাঠের উপর দিয়ে সাধারণতঃ চলে থাকে। তার দুটা কারণ হচ্ছে, এই সমস্ত রাস্তা অনেক সময় খুব বেঁকে যায়, সুতরাং তারা মাঠের উপর দিয়ে সোজাসুজিভাবে চলে যায়; যেমন জ্যামিতির কর্ড দিয়ে যাতায়াতের সুবিধা হয়, সেই রকমভাবে তারা চলে। দ্বিতীয়তঃ এই সব কাঁচা রাস্তা যখন বর্ষার পরে আধা শুষ্ক হয় তখন কাদা কাদা থাকে, ফলে গরু, মানুষ চলার পক্ষে অত্যন্ত অসুবিধা হয়। রাস্তাগুলি শুকিয়ে যাওয়ার পরে যদি dressing না দেওয়া হয় তাহলে সেখান দিয়ে মানুষ চলা দুঃসাধ্য হয়ে দাঁড়ায়। কাজেই এই সমস্ত রাস্তায় বর্ষার পর dressing দেওয়া একান্ত আবশ্যক। আমি জানি কাঁচা রাস্তা দিয়ে চলা খুব কষ্টকর। এত গর্ত হয়ে থাকে যে শুধু পায়ে চলা খুব শক্ত, কারণ আমাদের অধিকাংশ লোক খালি পায়ে চলে। আর একটা কথা হচ্ছে যে গাঁয়ের লোক $\frac{১}{৩}$ অংশ

দিলে গভর্ণমেণ্ট $\frac{২}{৩}$ অংশ দেন, কিন্তু আমি মনে করি গভর্ণমেণ্ট যদি $\frac{৩}{৪}$ অংশ দেন এবং গাঁয়ের লোক $\frac{১}{৪}$ অংশ দেন তাহলে সুবিধা হয়। কারণ এখনও পর্য্যন্ত ইউনিয়ন বোর্ডের ট্যাক্স আদায় করতে এই নিয়ে খুব মারামারি করতে হয়। পূর্ব্বে আমরা তাদের বলতাম যে ইংরাজ গভর্ণমেণ্ট চলে গেলে পর, আমাদের দেশে ইউনিয়ন বোর্ডের ট্যাক্স আর থাকবে না। সুতরাং এখন তারা বলছে এত tax বাড়ছে কেন? এতে আমাদের পক্ষে বিশেষ কিছু নয়, কারণ আমরা গভর্ণমেণ্ট পক্ষে নেই, তাই আমরা পার পেয়ে যাচ্ছি, কিন্তু আপনারা গালাগালি খাচ্ছেন। আমার মতে এই সমস্ত feeder roadএর tax গভর্ণমেণ্ট $\frac{২}{৩}$ এবং গাঁয়ের লোক $\frac{১}{৩}$ অংশ না হয়ে গভর্ণমেণ্ট $\frac{৩}{৪}$ এবং গাঁয়ের লোক $\frac{১}{৪}$ অংশ হলে খুব ভাল হয়। আমি আশা করি মাননীয় মন্ত্রীমহাশয় এ বিষয় চিন্তা করে দেখবেন। এই বিভাগের প্রতি মাননীয় মন্ত্রীমহাশয়ের বিশেষ লক্ষ্য থাকায়, আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। এই বিভাগে ঘুষ নেওয়া বন্ধ করবার জন্য তিনি যে সমস্ত measure নিয়েছেন তাতে সুফল হয়েছে।

ভাল ভাল contractorদের rate ২৫।২০।১৫ per cent. সাধারণতঃ বেশী হয়। এই যে contract rate নেবার ব্যবস্থা সেটা যাতে বন্ধ হয়, তার প্রতি লক্ষ্য রাখলে ভাল হয়। কারণ যারা খারাপ contractors তারাই বেশী আসে এবং তারা ঘুষও দেয় বেশী এবং তাদের কাজও ভাল হয় না। ভূপতিদার যে বিভাগ সেখানে জল হয়ে সমস্ত প্রায় প্রলয় পয়োধী জল, সেখানে কোন কিছু ধরা যায় না; ধরতে গেলে জলে ডুবে যায়, কাউকে ধরা ছোঁয়া যায় না; কিন্তু বিমল বাবুর ডিপার্টমেণ্টে ধরা ছোঁয়া যায়। কাজেই আমি অনুরোধ করছি তিনি সেখানকার লোকদের নিয়ে একটা স্থানীয় কমিটি গঠন করুন। (The Hon'ble BHUPATI MAJUMDAR: তাহলে 15 per cent. থেকে 30 per cent. হয়ে যাবে।) তা হওয়া অসম্ভব নয়। কারণ আপনাদের সম্মান দেখাবার জন্য, আপনাদের খাওয়া দাওয়ার জন্য যে টাকার প্রয়োজন হয়, সেটা কোথা থেকে আসে—সেই জন্য এটা হবে। আপনাদের যখন খাতির করে তখন তারা মনে করে যে তার দশগুণ বেশী নেব। (The Hon'ble BHUPATI MAJUMDAR: এটা সম্পূর্ণ ভুল। এই খরচের টাকা মন্ত্রীরা নিজেরাই দিয়ে থাকে।) আপনারা নিজেরাত কিছু দেন কিন্তু তার উপর তাঁরাও লোকদের কাছ থেকে নিয়ে দেন। (The Hon'ble BHUPATI MAJUMDAR: তাহলে পৃথিবী শুদ্ধ লোক খারাপ হয়ে গেল।) যাই হোক, আমি আর বিশেষ কিছু বলতে চাই না, এখানেই আমার বক্তব্য শেষ করলাম।

8]. KANAI LAL DE: মাননীয় সভাপাল মহাশয়, আমার ছাটাই প্রস্তাব উত্থাপন সম্পর্কে একটা বিষয়ে আমাদের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে বাঁকুড়া-তালডাঙ্গরা রাস্তায় দ্বারকেশ্বর নদীর উপর প্রস্তাবিত সেতু। এই সেতু সম্পর্কে চার বৎসর ধরে ক্রমাগত একই কথা বলছি। এই সেতুর পরিকল্পনা মঞ্জুর হয়েছিল এবং tender পর্য্যন্ত আহ্বান করা হয়েছিল, এবং একটা Contrator Companyর tender মঞ্জুরও হয়েছিল। সমস্ত প্রয়োজনীয় জিনিষপত্র লোহা, special rod, cement ইত্যাদি সেখানে পাঠানও হয়েছিল। তা সত্ত্বেও কোন এক রহস্যময় কারণে সেই সেতু নির্ম্মাণের কাজ বন্ধ হয়ে গিয়েছে। এই সেতু তৈরীর জন্য যে সমস্ত মাল মসলা সেখানে নিয়ে যাওয়া হয়েছিল, তার কতক অংশ সেখান থেকে সরিয়ে নেওয়া হয়েছে বলে শুনছি—এটা সত্যি কিনা জানি না। এই জেলা থেকে সেগুলি নিয়ে গিয়ে অন্য একটা জেলায় তা ব্যবহার করা হয়েছে এবং আরও করবার চেষ্টা হচ্ছে। মাননীয় বিমল বাবু যখন বাঁকুড়ায় গিয়েছিলেন, তখন তাঁকে আমি এই সেতুর স্থান দেখিয়েছিলাম। নদীর ওপারে যে major district road করছেন, এই সেতু নির্ম্মিত না হলে ঐ সকল রাস্তার কোন উপযোগিতা থাকে না। বর্ষাকালে ৫।৬ মাস নদীর বন্যার জন্য বাঁকুড়া সহরের সহিত বাঁকুড়ার দক্ষিণাঞ্চলের যোগাযোগ ছিন্ন হয়ে যায়; সেজন্য এই সেতুটি সত্বর নির্ম্মিত হওয়া প্রয়োজন। একটা বেসরকারী তথাকথিত সেতু আছে, কিন্তু গত বর্ষায় সেটাও ভেঙ্গে পড়েছে আর তার উপর দিয়ে যাতায়াত করা নিরাপদও নয়। সেটার উপর দিয়ে মানুষ অনন্যোপায় হয়ে যায় বটে, কিন্তু যাওয়া উচিত নয়। সেই জন্য বলছি এই সেতুটি কেন হচ্ছে না? Contract tender আহ্বান করেও কেন হয় নাই? জনরবে প্রচারিত হচ্ছে contractor, Chief Engineerএর মনঃপূত হয়নি, সেই জন্য ব্রিজ তৈরীর ভার দেওয়া হচ্ছে না। এই জনরব সত্য কিনা এ সম্বন্ধে যেন মন্ত্রীমহাশয় অনুসন্ধান করেন।

আরেকটা কথা এই সহরের পাশে গন্ধেশ্বরী বলে একটা ছোট নদী আছে সেটা হচ্ছে Public Works Departmentর রাস্তার। তার causeway অত্যন্ত সংকীর্ণ। প্রতি বৎসর যখন বন্যা আসে তখন বন্যার

শ্রাবণে গাড়ী পার হতে গিয়ে নীচে পড়ে যায় এবং অনেক সময় জলে তলিয়ে যায়। প্রতি বৎসরই দুএকজন মানুষ মারা যায়, এই গত বৎসরও একজন মানুষ মারা গিয়েছে। তাঁকে পূর্বে বলেছি, এবারও এ বিষয়ে মন্ত্রী-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। যেন এই causewayটি সুপ্রশস্ত করা হয়। আমি আবার বলছি দ্বারকেশ্বর সেতু না ক'রে রাস্তা করা বৃথা, কারণ সে রাস্তায় গাড়ী বা মোটর যাবে কি করে? জনসাধারণের সুবিধার জন্যই খালিন য়, সরকারের শাসনের সুগমতার জন্যও এটা করা উচিত। প্রত্যন্ত প্রদেশে কোন গোলমাল হলেই বাঁকুড়া সহর থেকে কর্ম্মচারীদের যেতে ও শাসনযন্ত্রের প্রধান অঙ্গ পুলিস প্রভৃতি পাঠাতে বিশ্বর অসুবিধা ঘটে। সেই জন্য অনুরোধ করছি দরিদ্র বাঁকুড়ার প্রতি যেন সরকার অবিচার না করেন। জিনিষপত্র সব নিয়ে গিয়েও আবার সেগুলি ফিরিয়ে আনলেন কেন বুঝতে পারছি না। এইরূপ করায় কি বাঁকুড়া-বাসীদের প্রতি অবিচার করা হচ্ছে না?

আর একটা কথা বলে আমি বসব। ওদের Civil Works Departmentএ যেসব পিওন ও কুলী আছে এবং রোড সরকার আছে তাদের স্থায়ী চাকরী; খুব অল্প কয়েকটা চাকরী অস্থায়ী মাত্র। তাদের বেতন খুব অল্প। কুড়ি পঁচিশ বৎসর চাকরী করছে যারা তাদেরও কোন provident fund নাই, তাদের কোন gratuityও দেওয়া হয় না। এই যে সমস্ত কুলি ও পিওন আছে তাদের বেতনের দিক দিয়ে এবং অন্যান্য সব দিক দিয়ে কি সুবিধা হতে পারে এবং চাকরী যাদের অস্থায়ী রয়েছে তাদের যাতে স্থায়ী হয় এ বিষয়ে অনুসন্ধান করে তার প্রতিকারের ব্যবস্থা মন্ত্রীমহাশয় যেন করেন এই আমার অনুরোধ।

Sj. ANNADA PROSAD CHOUDHURY : মাননীয় স্পীকার মহাশয়, মন্ত্রীমহাশয় তাঁর উদ্বোধনী বক্তৃতায় একটা আশার কথার উল্লেখ করেছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই। তার সে কথাটা হচ্ছে—এই যে সহরে গ্রাম থেকে লোক সব চলে আসছে, সহরমুখো সেইসব লোককে গ্রামমুখো করতে হ'লে গ্রামের রাস্তা এবং অন্যান্য অবস্থার উন্নতি হওয়া দরকার, নাহ'লে লোক গ্রামে থাকতে পারবে না। এখন এই বাজেট analyse করে যদি আমরা দেখি তাহ'লে দেখতে পাই এখানে যেসব ব্যয়বরাদ্দ আমরা মঞ্জুর করি—সে স্বাস্থ্য বিষয়েই হোক, বা শিক্ষার জন্যই হোক বা হাসপাতালের বেড বা লোকের চলার রাস্তার জন্যই হোক, তুলনা করলে দেখতে পাই যেখানে গ্রামের জন্য খরচ বেশী হওয়া উচিত ছিল সেখানে সহরের জন্য খরচ হয় বেশী, গ্রামের জন্য বেশী তো হয়ই না, হয় বরং কম। সেই জন্য উনি যে কথা বলেছেন সেদিকে লক্ষ্য রেখে আমি ওর কাছে একটা বিষয় নিবেদন করতে চাই। এই ছোট বইটা যে আমাদের কাছে circulate করা হয়েছে তার মধ্যে দেখছি Motor Vehicle Taxএ যে চার (৪) লক্ষ টাকা আর তার দু (২) লক্ষ টাকা দেওয়া হচ্ছে হাওড়া ব্রীজের জন্য, আর ২ লক্ষ টাকা কি দেওয়া হচ্ছে মিউনিসিপ্যালিটিকে? এই ৪ লক্ষ সহরেই খরচ হচ্ছে। এবং এখানে আছে rupees two lakhs are also being paid to the municipalities, out of motor vehicle proceeds. তারপরে নয় পৃষ্ঠায় in paragraph 2, small grants adding up to an annual total of Rs. 2 lakhs are also being paid to the municipalities out of motor vehicle tax proceeds, তাই পরিষ্কার বোঝা যায় এটা municipalityকে দেওয়া হচ্ছে। আমি নিজের অভিজ্ঞতা থেকে তাঁকে জানাচ্ছি যে এই যে দু' লক্ষ টাকা বিতরণ করা হয় এ সম্বন্ধে অনেক গোলমাল ঘটে। মন্ত্রীমহাশয় যদি বলতে পারেন কোন municipalityকে কত দেওয়া হয়েছে তাহ'লে ভাল হয়, আর যদি তা না বলতে পারেন, তাহ'লে যদি অনুসন্ধান করে দেখেন তাহ'লে দেখতে পাবেন বর্ত্তমানে এই সুবিধা কেবল সেই সব municipalityর লোকেরাই পায়, যারা তদ্বির করতে পারে। তদ্বির যারা করে তারাই বেশীর ভাগ টাকা পায়। যারা তদ্বির করতে পারে না তারা কম পায়তই অনেক সময় কিছুই পায় না। Road length যদি বিবেচনা করে দেখা যায় তাহলেই দেখবেন তারা ঠিক ঠিক পাচ্ছে কিনা। আজ তিনি তদন্ত করলেই জানতে পারবেন ১৯৪৭-৪৮ সালে District Board ও municipality road mileageএর উপর হিসাব করে টাকা দেওয়া হয়েছিল। যদি এখনকার এই টাকা District Boardএ না দেওয়া হয়ে থাকে, আর যদি কেবল municipalityকে দেওয়া হয়ে থাকে বা আমি শুনছি যে হয়েছে তাহ'লে এই প্রশ্নটা উঠে যে যে municipalityকে দিচ্ছেন তার road mileage কত। ওর মুখেই শুনলাম Civil Worksএর রাস্তা Communicationএর জন্য দরকার। তারপরে Revised Estimateএর মধ্যে Communication ordinaryর জন্য যে অল্প টাকা ছিল তার পরিমাণ ছিল ৫ লক্ষ ৩৫ হাজার টাকা। তারপরে Communication Road Fund Worksএ দেখি ৯৩ লক্ষ খরচের মধ্যে ১২ লক্ষ টাকা খরচ করতে পারেন নাই; অথচ উনি বলেছেন

রাস্তাঘাটের জন্য টাকার অভাব। কিন্তু টাকা বরাদ্দ হয়েছিল প্রায় ৯৩ লক্ষ, তার মধ্যে ১২ লক্ষ টাকা খরচ করতে পারেন নাই, এর কারণটা কি এ সম্বন্ধে তিনি যদি অনুসন্ধান করে জানান তাহলে বাধিত হবো। টাকা পেলেও যদি খরচ করতে না পারেন তাহলে টাকার অভাবে গ্রামের উন্নতি বা দেশের উন্নতির জন্য অপরিহার্য্য রাস্তাঘাটের নির্ম্মাণ ঠিকমত করতে পারছেন না একথা বলা শোভা পায় না।

তারপরে পল্লীগ্রামে যে রাস্তা তৈরী হবে তার জন্য আমরা বলেছি স্বাস্থ্যকেন্দ্র Health Centre করার আগে বা সঙ্গে সঙ্গেই রাস্তা তৈরী হওয়া দরকার। আমরা সকলেই জানি good communicationতো দূরের কথা, সাধারণ রাস্তাঘাটের অভাবের জন্যই পল্লীগ্রামের লোক কি দুঃখ-কষ্টে না পড়ে আছে। সেখানে আজ সব কিছুরই অভাব। সেখানে যদি কিছু করতে যাওয়া যায় তাহলে আগে টাকা দিতে হয়। নলকূপ চাও, টাকা দাও; যদি রাস্তা চাও, খরচের কিছু অংশ বহন কর; তারপরে গভর্ণমেণ্ট করবে। যদি একটা Health Centre চাও তবে তোমরা আগে দাও, পরে গভর্ণমেণ্ট দেবে। কিন্তু সহরের Municipalatyর জন্য যখন রাস্তা করা হয় তখন আগেই কি সহরের লোকের কাছে কিছু টাকা চাওয়া হয়? ঘাটালে শিলাবতী নদীর উপর একটা পুল করবার জন্য যখন অনুরোধ করা হয়েছিল তখন আমাদের বলা হয়েছিল তোমরা টাকা ধার নাও, ধার নিয়ে যদি শিলাবতীর উপর পুল করতে হয়, কর। এই সব দেখানোর উদ্দেশ্য হচ্ছে সবদিকেই একটা সামঞ্জস্য থাকা দরকার। গ্রামের লোক tube-well পাবে যদি টাকা দিতে পারে $\frac{1}{3}$, বা half কিন্তু সহরের বেলায় তো আমরা তা বলি না। তাই তাঁর কাছে তাঁর একটা ভাল কথা দিয়ে বলতে আরম্ভ করেছিলাম--গ্রামগুলি মরে যাচ্ছে, গ্রাম থেকে লোক সহরে চলে আসছে, সেই সহরমুখো লোকদের ঘুরিয়ে যদি গ্রামে ফেরাতে হয় তাহলে গ্রামে রাস্তা ঘাট তৈরী করতে হবে, গ্রামের লোকের সুখসুবিধার ব্যবস্থা করতে হবে, শিক্ষার ও স্বাস্থ্যের ব্যবস্থা করতে হবে; এক কথায়, গ্রামের বর্তমান অবস্থা পরিবর্ত্তন করতে হবে। যেসব প্রস্তাব আমরা এতদিন পাশ করেছি তার ফলে তেমন কিছু হয়নি। আজ যে প্রস্তাব পাস করছি, যে ব্যয় মঞ্জুর করছি তা'যদি মন্ত্রী মহাশয়ের বক্তৃতা অনুযায়ী ব্যয়িত হয় তাহ'লেই এই ব্যয় মঞ্জুরী সার্থক হবে।

Janab MUDASSIR HOSSAIN: Mr. Speaker, Sir, it is said that India or, for the matter of that, Bengal is a land of villages, and the capital itself of Bengal villages during Hindu regime was সপ্তগ্রাম ও সুবর্ণগ্রাম। They are villages if you have read history. (Interruptions).) Don't interrupt me. I am not going to find fault with you and abuse you. I shall only draw your attention to certain points. I am not going to find fault with you or to abuse you. So, Sir, anything which goes to reconstruct the villages will be welcome and will be a laudable measure. If in this Republic, we do not find anything it is because during these 200 years of British regime the whole of Bengal and the entire village system have gone to ruins. The republican village which was a village constitutionally was a republic itself. In all its branches whether in the judicial system or the transport system or the communication system or any other system it was a perfect unit of self-administration and self-government. What do we find today? We have attained freedom, so-called freedom in 1947—it was, I think, on the 14th August. During these three years, the state of the villages has gone from bad to worse and perhaps to worst. There were roads in the villages, there were tanks in the villages and there were sundry other things which were the pride of Bengal villages, but now I find that there is no trace of any road.

Sir, the condition of all village roads wherever you go is deplorable. Even the roads and the culverts that were made in the British period have been washed away or have become unusable. The result is that there is practically no communication between a village and a village, between a village and the nearest town. Sir, this state of things was brought to the notice of the authorities long long ago. As a member of the District Board and I have been in the District Board business——(SEVERAL VOICES: Business!)——Yes, I call it business (laughter). Wherever you go, Sir, whether it is here or in the District Board or elsewhere it is nothing but

business (renewed laughter). So I bring it to your notice that I have been in the District Board for the last twenty years. But what is the position there? Our roads have turned from bad to worse, and the reply is that nothing can be done. The Chairman and the Vice-Chairman of our District Board are on the Finance Committee and they say: with regard to roads we cannot do anything because our income has remained constant whereas our expenditure which has to be incurred for maintenance of roads has increased at least ten times, because wages of labour and value of materials have increased abnormally. So, Sir, it is impossible for the District Board to maintain its roads in good condition for want of funds, and the concommittant result has been that all roads have gone out of order. (A VOICE: Then business is not going well!) Yes, the business is in a deplorable condition, it is running at a loss. They have eaten up the capital and it is at a standstill. You know very well that when capital is eaten up, the business must be at a standstill. I want to draw the attention of the Hon'ble Minister through you, Sir, and also of other Ministers to the deplorable state of our roads. You have become vainglorious and so you say: we have done so much while you have not been doing anything. You have by your mismanagement and by not usefully employing all the available resources committed grave mistakes and brought the country to the verge of utter ruin. So I warn you as a friend because I am your friend and your countryman and I have as much desire to raise the status of our country in the estimation of others as you have, and I draw your attention to the bad state of our roads and to the bad state of our communication. The Food Minister has said that when the directive is issued to a poor peasant that he must carry his goods to the depot of the Procurement Agent, he has to carry his goods in his cart and it costs him at least four annas, five annas or six annas per maund to carry the commodity from the village to the depot of the Procurement Agent. You give only Rs. 7-8 for a maund of paddy and the poor peasant gets four or five annas less than that amount. He gets only Rs. 7-3 and then another anna is taken and so he gets a little over Rs. 7. And why this is so? It is because your transport cannot go direct to the villages on account of our bad roads and it is in this way that poor peasants are made to suffer loss on account of your bad roads. Then, Sir, the Food Minister's agents go from one village to another and from one place to another and threaten peasants that if they do not deliver their goods, they would be lodged in jail. That has been my own experience. Sir, you may warn me that I am irrelevant but it is a fact that due to bad roads the poor people in the villages are made to suffer in this way. As I have said just now, it is impossible for District Boards to take up construction of new roads and repairing of old roads for want of funds and therefore it devolves upon the Government as the administrator of the country to mend matters. Sir, I suggested one thing to my District Board as to how the question of having good roads could be solved. When the question of maintenance and construction of roads came up before my District Board——(At this stage blue light was on)——Sir, I would ask you to give me five minutes more. At that time Mr. Baidyanathan, the District Magistrate, was our Chairman. He was the appointed Chairman of the District Board on account of dissensions amongst us. Mr. Baidyanathan asked for my opinion on the question of our roads having gone from bad to worse and my suggestion was that only big roads should be taken up by the District Board and the village road system should be entirely surrendered to the union boards. And the union boards can tax the village people and induce the people to supply labour and all other things for the maintenance of village roads. I said that if you wanted to improve the

communication system in rural areas then you must take up the major roads which should be kept under repair or maintained by the District Board, making over the rest of the village road system to union boards. Then by any means and, if necessary, by legislation you must make the union boards maintain the village roads. All the members present agreed to my proposal that we must make the most of our resources in maintaining the major roads. Then the Chairman selected the roads which the District Board should take up and the roads which were to be made over to the union boards. He was doing all these things and in the meantime he was transferred and everything fell through. So, my young Minister, I suggest to you that this is a constructive suggestion. Of course, this is my last point. Make over all the roads which the District Board is not in a position to maintain or repair to the union board and if for this purpose it is necesary to make any legislation, to make any law, we would do that and compel the union board by law to maintain and construct all the roads which will give sufficient communication.

My friend Mr. King—Bhupati—says "Where shall I get the money?" Where are you getting all this money? After all, you are spending thousands and lakhs of rupees. After all, the mother earth gives you this money. It is the poor peope who give you money and you can tax the people. The price of commodities has gone up four times, five times. So, those who used to pay 8 annas must now pay 2 rupees. Now, if you make any directive policy that this should be paid for and the money raised from the people, you can raise thousands of rupees.

Sir, with these words, I finish and I thank the Hon'ble Minister for what he has done, but I still pray that he must take up what he has left undone.

Sj. ISWAR CHANDRA MAL : মাননীয় স্পীকার মহোদয়, আমাদের মাননীয় মন্ত্রী শ্রীযুত বিমল চন্দ্র সিংহ মহাশয় যে বাজেট পেশ আমাদের সামনে করেছেন আমি অতি আনন্দের সহিত তা সমর্থন করছি। বাংলা দেশে বিশেষ করে পল্লী অঞ্চলে রাস্তা ঘাটের যে অভাব সেটা সকলেই অনুভব করছেন। এবং কোন কোন সদস্য ইঙ্গিত করেছেন যে Governmentএর সমস্ত চেষ্টা পল্লীর দিকে হওয়া উচিত। আমি এ সম্বন্ধে দু-একটি কথা বিবেচনা করবার জন্য অনুরোধ করছি। ইতিপূর্বে আমাদের মাননীয় সদস্য শ্রীযুত প্রমথ নাথ ব্যানার্জি যে কথা বলেছেন সেটা কাউকে লক্ষ্য করে বলেছেন কি না জানি না, কিন্তু একটা দৃষ্টান্ত না দিলে আমার পক্ষে অন্যায় হবে। মাননীয় মন্ত্রীমহাশয়রা যখন কোন রাস্তার আরব্ধ কার্য্য দেখতে যান, তারা তখন contractorদের পয়সায় খান এমন ইঙ্গিত করা শোভনীয় হয় না এখানে। মাননীয় ভূপতি বাবুকে অনেক কাকুতি মিনতি করে একবার কাঁথিতে নিয়ে গিয়েছিলাম। Telegram করে তাঁকে অনুরোধ করেছিলাম, তিনি যেন জাতীয় বিদ্যালয়ে আতিথ্য গ্রহণ করেন।

সেখানে গিয়ে যে ব্যবস্থা দেখলাম, তিনি ইঞ্জিনিয়ার ও অফিসারদের সঙ্গে একত্রে mess করে খেলেন। এক টাকা হোক, দু টাকা হোক—যা খরচ হ'ল—তা হিসেব করে যার যেটা দেয়, তাই দিলেন। আমাকে অবশ্য দিতে হয়নি। তাঁরা যে কোন লোকের কাছ থেকে পয়সা নেন্, এই রকম একটা ইঙ্গিত করা অত্যন্ত অন্যায় হয়েছে বলে আমি মনে করি। কাজেই আজকে আমাদের বাংলাদেশের একজন মন্ত্রী নিজে চাঁদা দিয়ে সেখানে খেয়ে এলেন, এটা আমাদের পক্ষে খুব লজ্জার বিষয়। মন্ত্রীরা কণ্ট্রাক্টরদের পয়সা খান্, এই পরিষদে এই রকম একটা ইঙ্গিত করা আদৌ শোভনীয় হয়নি।

Sj. PRAMATHA NATH BANDYOPADHYAY : কণ্ট্রাক্টরদের বা অন্য লোকের পয়সা মন্ত্রীরা খান—আমি একথা বলিনি। তাঁরা গেলে কণ্ট্রাক্টরদের পয়সা খরচ হয় বলা হয়েছে।

The Hon'ble BHUPATI MAJUMDAR : আমি যেই করি।

Sj. PRAMATHA NATH BANDYOPADHYAY : আপনি বলছেন যেন করে খান,—উনি যা বলছেন তা ঠিক বলছেন না।

Sj. KANAI LAL DE : আপনাদের তো অনেক জায়গায় জনসাধারণ খাওয়ায়।

The Hon'ble BHUPATI MAJUMDAR : সেটা "No" বলবো কি করে?

Sj. ISWAR CHANDRA MAL : আমি যেটা জানি সেটা বল্‌লাম। আমাদের এই মন্ত্রীদের প্রতি এই রকম ইঙ্গিত করা হয়েছে তাই বল্‌লাম।

Sj. PRAMATHA NATH BANDYOPADHYAY : আমি যা বলেছি, সেটা মন্ত্রীদের আঘাত দেবার জন্য বলি নাই।

Mr. SPEAKER: Order, order.

Sj. ISWAR CHANDRA MAL : আমি এই সম্পর্কে আমাদের গভর্ণমেণ্টের Ministry of Communicationsকে একটু নিবেদন করে রাখতে চাই,—সেটা হচ্ছে এই—বিমল বাবু যেটা আরম্ভ করেছেন, গ্রামের রাস্তা ⅓/¼ basisএ তৈরী করবার চেষ্টা যা হচ্ছে, তাতে কোন কোন সদস্য বলেছেন ⅓/¼ basisএ হওয়া উচিত। এ ব্যবস্থা খুবই কার্য্যকরী হতে পারে। আমি জানি একটা জায়গায় জনসাধারণ small irrigation scheme গভর্ণমেণ্টের কাছ থেকে ⅓/¼ basisএ loan গ্রহণ করেছেন। যেখানে লোকে খেটে দিয়ে, টাকা দিয়ে schemeকে কার্য্যকরী করবার জন্য অত্যন্ত ব্যগ্র। অনুদা প্রসাদ চৌধুরী মহাশয় যে কথা বলেছেন তাতে গভর্ণমেণ্ট যদি ট্যাক্স করে ও করেন, তাহলে ও তো সেটা জনসাধারণের কাছ থেকে আদায় করতে হবে, সেই Provincial Exchequer থেকে দেওয়া হলেও ultimately সেটা লোকের কাছ থেকেই দেওয়া হবে। গ্রামের সম্পত্তি হচ্ছে রাস্তা। তাদের একটা interest এতে আছে। অনেক কাজও তারা নিজেরা করে দিতে পারে এবং তারা সমস্ত কাজ অতি সত্বরই করে দিচ্ছে। আমি কাঁথীতে দেখেছি দশ হাজার টাকার একটা scheme গ্রামের লোকে পনর দিনের মধ্যে শেষ করে দিয়েছে এবং চুপ করে বসে আছে। আমাদের যাঁরা দেশসেবক তাঁরা যদি এই রাস্তা সম্পর্কে চেষ্টা করে দেখেন যে জনসাধারণ এতে contribute করতে পারে কি না, তাহ'লে আমাদের অনেক সুবিধা হয়, অনেক রাস্তা আমরা নিজেরা ক'রে ফেলতে পারি। আমি গভর্ণমেণ্টকে অনুরোধ করে বলছি তাঁরা একটা definite programme নিয়ে যাতে কাজটা আরম্ভ হয়, সেটা করুন। ট্যাক্সের ভিত্তিতেও অনেক টাকা তোলা যায় এবং দেশেরও অনেক উপকার করা যায়। আমি একটা ইউনিয়নের কথা জানি, সেখানে Education Tax করে তাদের শিক্ষা ব্যবস্থা করা হয়েছিল এবং তাতে লোকেরা ইচ্ছা করেই প্রায় ষোল হাজার টাকা দিয়েছিল। কাজেই গভর্ণমেণ্ট যে প্রস্তাব করেছেন জনসাধারণের সামান্য সাহায্য ও গভর্ণমেণ্টের সাহায্য মিলিত করে গ্রামের ছোট ছোট সেচ্, ছোট ছোট রাস্তা, খাল কাটা ইত্যাদি প্রয়োজনীয় কাজ করা যেতে পারে। এজন্য আমি মন্ত্রী মহাশয় বিমল বাবুকে ধন্যবাদ দিচ্ছি। এ ব্যাপারে চেষ্টা করলে definitely খুব কাজ হয়। গ্রামে Tube-well করতে গেলেও কত টাকা চাঁদা দিতে হয়। কোন কোন বিষয়ে জনসাধারণ একশো দেড়শো দুশো টাকা পর্য্যন্ত contribution দিয়ে থাকে। এটা আমরা দেখেছি। কাজেই গ্রামের লোকেরা যে আজ কোন contribution দিতে চায় না একথা ঠিক নয়--আমি অন্ততঃ একথা বলতে রাজী নই। গ্রামবাসীরা যদি কিছু টাকা তুলে দেয় তাহ'লে গভর্ণমেণ্টও মনে করতে পারে বা বুঝতে পারে যে গ্রামবাসীদের এ বিষয়ে আগ্রহ ও উৎসাহ আছে এবং গভর্ণমেণ্টও বেশীর ভাগ টাকা দিয়ে সে কাজটা সম্পন্ন করতে পারে। সমস্ত গ্রামে গ্রামে তাঁরা যে theory propagate করছেন, সেটা আমি ভাল বলে মনে করি না।

এই সঙ্গে Ministry of Communicationsকে নিবেদন করছি, যেমন কানাই বাবু বলেছেন লোকাল বোর্ড বা ডিষ্ট্রিক্ট বোর্ডের Highwayর সঙ্গে মফঃস্বলের অনেক Bridge connected নয়। এই কারণে detached bridgeগুলি গভর্ণমেণ্ট নিতে পারেন কি না, তাঁদের সেটা বিবেচনা করা উচিত। যে ব্রীজ লোক্যাল বোর্ড এবং ইউনিয়ন বোর্ডের মধ্যে পড়ে না, এই রকম ব্রীজ গভর্ণমেণ্ট করতে পারেন কি না, সেটা দেখা উচিত। এই রকম যদি কোন প্রস্তাব গভর্ণমেণ্টের কাছে আসে, তাহ'লে সেটা সরাসরি rejected না করে, একটু যত্ন সহকারে পরীক্ষা করে দেখা উচিত। এই প্রসঙ্গে আর একটা কথা বলতে চাই যে যে-সমস্ত রাস্তা পূর্ব্বে লোকাল বোর্ডের ছিল, এখন লোকাল বোর্ড উঠে যাওয়ায় সেগুলো ডিষ্ট্রিক্ট বোর্ডের হাতে গিয়েছে। যে পরিমাণ cess ছিল, সেটা এখনো তাই আছে। পূর্বে লোকাল বোর্ডের একটা Road Committee ছিল সেটা Provisional করে দেওয়া হয় এবং ডিষ্ট্রীক্ট বোর্ডের quotaতে বলা হয়,

তোমরা জনসাধারণের সাহায্যে কিছু কিছু চাঁদা তুলে যা কিছু কাজ করতে পারো—তার চেষ্টা করে দেখো। এই জিনিষটা মন্ত্রী মহাশয়কে বিবেচনা করে দেখতে বলছি। ডিষ্ট্রীক্ট বোর্ডের টাকা কম, তাদের দ্বারা সব কাজ সব সময় হয়ে উঠছে না। আমাদের দরিদ্র দেশ হ'লেও আমাদের সমবেত চেষ্টার দ্বারা যে সমস্ত Labour Question আছে, তাহা সহজে সমাধান করতে পারি। যে সমস্ত লোকের পয়সা অযথা ঘরে পড়ে আছে, তা বের করে এনে কাজে লাগান উচিত। কয়েক বৎসর ধরে দেখছি যে রাস্তা যখন তৈরী করা হয়, তখন hurriedly alignment করা হয়ে থাকে। Special Engineer বর্তমানে ঠিকভাবে যদি এইসব বিষয় লক্ষ্য করে দেখেন, তাহ'লে এর সত্য-মিথ্যা বুঝতে পারবেন। লীগ গভর্ণমেণ্টের আমলে যে সমস্ত alignment করা হয়েছিল, সেগুলো যদি এখন ঠিকভাবে করা হ'তো, তাহ'লে আমাদের এত বেশী জায়গা নষ্ট হ'ত না, অনেক জায়গায় অনেক রাস্তা আরো বেশী হ'তে পারতো। আজকাল গ্রামবাসীদের বুদ্ধি খানিকটা এদিকে খুলেছে বলে মনে হয়। আজ গভর্ণমেণ্টের যাঁরা expert বা অভিজ্ঞ ব্যক্তি তাঁদের সঙ্গে মিলে যদি এ বিষয়ে পরামর্শ করে বিবেচনা করে কাজ করেন তাহ'লে আমাদের অনেক পয়সার জমির এবং পরিশ্রমের সাশ্রয় হবে বলে আমার মনে হয়।

The Hon'ble BIMAL CHANDRA SINHA: Mr. Speaker, Sir, I am deeply grateful and thankful to all members of the Assembly whether on this side of the House or on the other for the suggestions they have made and the friendly criticisms they have offered. I am, Sir, most grateful to Janab Mudassir Hossain not only for his criticism but also for the entertainment that he has offered us.

Mr. SPEAKER: Don't use the word "entertainment".

The Hon'ble BIMAL CHANDRA SINHA: Sir, I withdraw it. I may go on to say, quoting his own words that there are many things which were the pride of the villages, but which have now disappeared. One thing, however, has not disappeared I find, namely, that our villages can yet produce men of the calibre of Janab Mudassir Hossain who are not only the pride of the villages but also the pride of such an august body as the West Bengal Legislative Assembly.

Sir, Sj. Charu Chandra Bhandari has mentioned three points, namely, the desirability of taking up the Falta Road, the necessity of making quick payment of compensation for lands acquired and, thridly, the desirability of taking up more roads in the Sundarbans area. I may inform him that I feel we should take over gradually all the important roads in the districts, and the Falta Road is an important road. But there are questions of finance and priority. If there were sufficient funds available, I would be only too glad to see that all District Board roads which serve important areas in the different parts of Bengal were taken up all at once. I am not certain whether it will be possible to accord priority to this road. I am sure that honourble members know that there is a railway at present in Falta, and that the railway offers some alternative line of communication.

Honourable members may be aware that when large tracts of land were acquired for constructing roads especially in border areas, I requested the Land and Land Revenue Department to place certain Special Officers for quick payment of compensation, and so far as I remember—I am speaking off-hand, I am speaking subject to correction—so far as I am aware, Special Officers were placed for this purpose in two border districts, namely, Murshidabad and Nadia. I am going to pass this suggestion on to the Hon'ble Minister, Land Revenue. I also agree with Sj. Charu Chandra Bhandari that the Sundarbans should have a large number of roads. But he knows that there are very great difficulties in the way of construction of roads there. So, I am not going to raise

any false hope. It is better not to give an assurance which may not materialise. But I may say that we have in contemplation construction of at least two roads—one up to Kalinagar and the other up to Namkhana which would be a feeder to Kakdwip Road.

Then I come to the suggestion made by Sj. Pramatha Nath Bandyopadhyay. He has emphasised on the question of the maintenance of roads that have been constructed. There I agree that the department should naturally look to the maintenance of roads, they have taken over. He has made a point about maintenance of certain particular roads. If the detailed suggestions are passed by the honourable member on to the Communications Department, we shall give them the consideration that they deserve. I might mention here that at one time Contai was not municipally administered, but was under a union board. Then we gave it a special priority and constructed some roads within its own area—a practice which we hardly followed elsewhere before. He has also mentioned the necessity of having bridges near Kalinagar and Pichaboni. I shall consider them.

Then I come to the criticisms of Sj. Kanai Lal De. He has said that we are not doing justice to his district of Bankura inasmuch as we decided some years back to have a bridge over the Darakeswar, that some contractors were selected and materials were collected but even then those materials are being taken away and the bridge abandoned. He has also said that this was so because the contractor was not to the liking of the Special Chief Engineer. Sir, I repudiate this charge with the utmost emphasis that I can command. In this connection, Sir, I wish to explain why this bridge was not taken up. He has also put two questions on this subject. I have already sent replies to those questions and, Sir, as soon as you begin taking up questions, you will find the replies I have given. But, Sir, I shall place here all the facts which are as follows. When we drew up the bridge programme for the whole of the province, we found that there would be about 15 or 16 bridges altogether. In that programme we found that while other bridges would each cost us three lakhs, four lakhs, six lakhs or seven lakhs at the maximum—I may mention the Kana Mor bridge was estimated to cost 3·75 lakhs, the Gaighata bridge six lakhs and odd, the bridges in West Dinajpur, each cost from one lakh to seven lakhs, at the maximum—this single bridge over the Darakeswar was expected to cost, not less than 19 lakhs, that is to say, more than any other bridge in our present programme; as a matter of fact it was to cost about one-third of the entire amount budgeted for bridge construction. Then came the question of our financial difficulties and we had to curtail our programmes, I have already mentioned this in the resume and I made it also quite clear in the brochure circulated to honourable members last year as also in my Budget speech last year. Naturally therefore we had also to postpone construction of some of the bridges which were big ones. This bridge was one of them. But apart from this financial reason, there were two other reasons, why we accepted that proposition. As members know, there was then another Ramshackle bridge constructed over this river, by a private party. We knew of course that the bridge was unsafe; we refused to help the party in constructing that bridge, because we held that that bridge could not stand and the bridge has actually been washed away now. Yet at that moment it was there. The other reason is that there is also a railway line running across the river and providing another line of communication. For these reasons we have abandoned the construction of the road bridge for the time being. We thought that we should, in the background of financial difficulties, concentrate on bridges

in those areas where there is no other line of communications. Take, for instance, the case of West Dinajpur. There is no railway communication there and if bridges are not constructed, there would be no through communication at all. These are the reasons why that bridge has been abandoned temporarily.

Then, Sir, Mr. Sibnath Banerjee has raised the question of policy in his cut motion. He has not moved his motion and therefore I need not dilate on this point except to refer briefly to the service-conditions of the work-charged staff. Honourable members will be glad to know that in 1949 some benefits were granted to the work-charged personnel and those benefits were further granted in 1950. The main features of the new schemes are these: for the first time regular time-scales of pay have replaced fixed rates of pay and they began earning increments in those scales. Payment of dearness allowance, house-rent allowance and ration allowance at rates applicable to permanent Government servants was also authorised. They were moreover allowed to subscribe to the Provident Fund. Leave terms were liberalised, authorising the grant of casual leave with full pay up to 15 days and sick leave on half pay up to 12 days in a year. Payment of an overtime allowance at the rate of five annas per extra hour of duty was also introduced. As regards retiring benefit, payment of gratuity in deserving cases was provided. As a matter of fact gratuity has already been paid to a number of workers in pursuance of that scheme in certain selected areas. Pension also has been paid in some cases.

Lastly, Sir, I come to the suggestion made by Sj. Annada Prosad Choudhury. He has said that consistent with the policy of giving grants for communication in rural areas, we should not include urban areas under municipalities. He has mentioned that four lakhs are being given to the municipalities. I am at a loss to find out where he had this figure of four lakhs, for paragraph 12 on page 9 of the resume mentions that only two lakhs have been given to the municipalities and I can assure the House that we have given only two lakhs to the municipalities.

SJ. ANNADA PROSAD CHOUDHURY: What about the two lakhs given to the Howrah bridge?

The Hon'ble BIMAL CHANDRA SINHA: That is a statutory liability under the Act. It is not a grant.

Sir, he has criticised the way in which these grants are being distributed. Before I come to that point let me tackle the first question. He has said that we should not give these grants to municipalities when rural areas are sorely in need of roads. I do not think so because the communications that have been provided for with this two lakhs will go to restore communication with rural areas. These are meant for municipal stretches of lands adjoining rural areas and those roads will equally benefit the rural areas. But, Sir, almost the whole of the road budget is directed towards the improvement of roads in the rural areas. There is that rural emphasis. In this situation if we grant only a small sum of two lakhs to municipalities I do not think that that alters the emphasis.

Secondly, Sir, he has criticised the way in which we have distributed the grants to the municipalities. He has said, "বর্ত্তমানে এইসব সুবিধা কেবল সেই সব municipalityর লোকেরাই পায় যারা তদ্বির করতে পারে.....যারা তদ্বির করতে পারে না তারা কম তো পায়ই; অনেক সময় কিছুই পায় না।"

Welfare Officers aur Welfare Centres jo jagah jagah khula hai, boltey hain ke wah mazdooron ke bhalie ke liey khola giya hai. Parantu jab main ney unlogon sey pucha to maloom hua ke welfare officers ko chae bagan ke bhitter janey ka adhikar naheen hai. Jab kisi chai bagan sey koie report aey, jadi koie mazdooron ka darkhast ajaey to wah welfare officers pahley malekon aur manageron ko lekhtey hain, ke wah under ja saktey hain ya naheen. Jabtak wah na kahen wah under naheen jasaktey hain. Isliey jab hafta do hafta bad utter jata hai tab wah log under

jatey hain. Isliey welfare centres ka koie bharosa naheen hai. Government ko yeh dekhna chaheay ke Swatantar Bharat men gharib mazdooron ka bhalaie ho. Sarkar ko unko uthana chaheay. Hamarey Bapuji bhi kahtey they ke hamarey Bharat men hazaron karmi hain, jabtak in kermeon ki, mazdooron ke halat nahen sudhantey tab tak ham logon ka koie unnati, aur tarakki naheen hoti hai. Isliey Government ko dekhna chaheay ke madooron per uttechar na ho, aur aisa legislation pass kerna chaheay jo mazdooron ki adhikaron ka raksha kersakey.

Yeh kahker main apna isthan leta hoon.

Janab A. M. A. ZAMAN : মাননীয় স্পীকার মহোদয়, মনে হচ্ছে কি জানি আবার কোন্ ভাণ্ডারীর ভাণ্ড ভেঙ্গে যাবে এবং কি গোলমাল হবে। আমাদের কয়েকজন বন্ধু বক্তৃতা দেন, আর বক্তৃতা দিয়ে চলে যান, যেতে যেতে মনে করেন যে, আমরা যা বল্লাম তার উপর আর কোন কথা নাই। তাঁরা ভুলে যান আর একজনেরও আরো কিছু বল্বার থাকতে পারে। কয়েকদিন যাবৎ কি দেখছি? একদিকে একদল করুণ সুরে কি যেন অভাব বোধ করছেন আর, আর একদিকে আমার ভাইরা রাগ করছেন। দেবেন বাবু বক্তৃতা দেবার সময় বলেছেন কংগ্রেস Government থেকে labourএর rival organisation করবার চেষ্টা হচ্ছে। আমি বল্বো এই rival organisation এনেছে কারা? আমাদের যে পুরাণ organisation ছিল তার মধ্যে নতুন করে প্রথম rival organisation করবার চেষ্টা কারা করেছে? আজ আমাদের বর্ত্তমান Governmentএর বিরুদ্ধে বলা হয় যে এটা বিরাট Government, বড় লোকের Government, কিন্তু আমি জিজ্ঞাসা করি ওরা কোন জায়গা থেকে আরম্ভ করেছেন তা আমরাও জানি এবং ওরাও মনে মনে জানেন—কোথা থেকে এসে ওরা rival organisation করেছেন, যেখানে করার কথা ছিল না। যেখানে union ছিল না সেখানে গিয়ে union করলে বুঝতাম, কিন্তু যেখানে union আছে সেখানে rival union করতে ওঁরা কোন্ লাভের মায়ায় ঢুকেছিলেন। আজকে যখন দেখছেন যে unionগুলি ওঁদের হাতছাড়া হয়ে যাচ্ছে তখন চেষ্টা করছেন আর একটা নতুন union করবার। Dr. Banerji প্রায়ই বলেন অল্প সময়ের মধ্যে আমি এত সব করেছি অত সব করেছি। সাত মাস কাল উনি Minister ছিলেন। ১৯৪৭ সালে ৬৬টা Case Tribunalএ দিয়েছেন আর বর্ত্তমান Labour Minster ১৯২টা Case Tribunalএ দিয়েছেন। এটা proportionately অনেক বেশী। 1949এ 123টা আর 1950তে 160টা। আর Dr. Banerji যে 63টা দিয়েছিলেন তারমধ্যে ১৩টাই তাঁর নিজস্ব, তিনি নিজেই তার President ছিলেন। এবং শোনা যায় সে সময় ১১৩টা case ওর কাছে এসেছিল যা উনি Tribunalএ দেন নাই। সত্য জনসাধারণ সকলেই জানে বেশী দিন চাপা থাকে না। গ্রামে একটা কথা আছে—আগের হাল যে ভায় যায়, পাছের হালও সেই ভায় যায়, উনি যে ৭মাস Minister ছিলেন, তখন প্রথম আমরা মনে করেছিলাম যে এবার বুঝি Labour Government হয়ে গেল। আমরা Labour সম্বন্ধে অনেক কিছু পাবো। সে সময় উনি কি করেছেন? উনি unemployment সম্বন্ধে যা বলেছেন যে আমাদের শিবনাথ—কমরেড বলবো না বাবু বলবো (Sj. SIBNATH BANERJEE : যেটা সুবিধা হয় বলুন, যা বলতেন আগে ভুলে গিয়েছেন বোধ হয়?), আমি ভুলি নাই কোন জিনিষই, সব মনে আছে। (Sj. SIBNATH BANERJI : আর কতদিন এখানে থাকবেন?), থাকতেও পারি যেতেও পারি।

Mr. SPEAKER : Address the Chair. Do not address Mr. Banerjee.

Janab A. M. A. ZAMAN : কাজেই এখানে দেখা যাচ্ছে Dr. Banerji সে দিক দিয়ে যে কয়টা ওর নিজস্ব union শুধু সেই কয়টার জন্যই দিয়েছেন এবং সেই চেষ্টা করতে গিয়ে যা যা করেছেন সে সর্বনাশের ইতিহাস যদি কোন দিন লেখা হয় তাহলে লোকে বুঝবে। (Interruptions.)

Mr. SPEAKER : Please go on. Please do not interrupt.

Janab A. M. A. ZAMAN : কাজেই উনি যে বলেন এত করেছেন অত করেছেন সেটা যদি অন্য লোকদের শোনান যায়—যাঁরা জানেন কেবল তাঁরাই যেনে নেবেন। ওঁর নীতি ছিল যেখানে ওঁর কোন hold ছিল না সেখানে ছলে বলে কৌশলে unionগুলি নিতে পারেন কিনা।

Dr. P. C. GHOSH: On a point of order, Sir. Can he use the expression "ছলে, বলে কৌশলে" about any other member in the House?

Mr. SPEAKER: What is the word?

Dr. P. C. GHOSH: "By hook or by crook", in English.

Mr. SPEAKER: Mr. Zaman, don't use that expression; please use some other words.

Janab A. M. A. ZAMAN : ওদের আমলে কাজ হয়েছিল বলে জানি না। কোন বিষ জানবার চেষ্টা তারা করেননি।

Dr. SURESH CHANDRA BANERJI : On a point of order, Sir, কোন Assembly Session হয়েছিল আমার মন্ত্রিত্ব থাকাকালে।

Janab A. M. A. ZAMAN : Point of order আমার কাছে কেন? কাজেই এদিক দিয়ে দেখা যায় failure হয়েছে। দ্বিতীয় কথা—দেবেন বাবু বলেছেন—Tribunal সম্বন্ধে। শিবনাথ বাবু বলেছেন—এই Governmentএর কাছে বলা useless কিন্তু আমি বলি যদি Governmentকে বলা useless হয় তাহলে না বলেই ভাল হয়। চুপ করে থাকাই ভাল। যেখানে দরকার নাই বলেন কেন? আসল কথা বলতে গেলে একথা জানা দরকার শ্রমিকদের সর্বনাশ Government সব সময় করে না। আমার বিশ্বাস সব চেয়ে বেশী সর্বনাশ করছে যারা labour movement বা শ্রমিক আন্দোলন করছে। এই শ্রমিক আন্দোলন বা দিল্লীতে বাস করে না। এই কলিকাতার আশে পাশে বহু শ্রমিক বাস করছে। এবং ৪।৫টী দল সেখানে আছে। প্রত্যেক দলই যার যার মতানুসারে বক্তৃতা দিচ্ছে। একজন হয়ত বলেন দশ টাকা বেশী দেওয়া দরকার এটা Governmentএর মেনে নেওয়া উচিত। আর একজন বলে দশ টাকা কিছুই নয়; এটা ২৫।৩০৲ টাকা হওয়া উচিত। এইভাবে এই যে শ্রমিক তাদের পাগল করে তারা নিজেদের স্বার্থসিদ্ধি করার চেষ্টা করছে। এইভাবে শ্রমিক ও বেকার সমস্যার সমাধান হচ্ছে। Labourদের ক্ষেপিয়ে strike করার চেষ্টা করছে; তারা বুঝতে পারেনা কোন দিকে যাবে। তাদের কাছে নিবেদন হচ্ছে—শ্রমিকদের যদি সত্যিকার উপকার করতে চান তাহলে (Voices : মুখেই কথা বলুন mikeএ যাবার দরকার নেই) কিভাবে তাদের কাছে বলবেন—একটা পথ chalk out করে দিন। কোন জায়গায় ১০।১২টী কোন কোন জায়গায় ৭।৮ টী union হয়েছে। যদি সকলে এক হতো তাহলে এক একটী industryতে এক একটী union থাকতো। Port Commissioner workersদের, Tramway workers প্রত্যেকের এক একটী union থাকত। কিন্তু আমি অনেকবার চেষ্টা করেছি, ওরা তা হতে দেননি। আমি কয়েকটী কথা এখানে জিজ্ঞাসা করতে চেয়েছিলাম দেবেন বাবুকে কিন্তু উনি এখানে নেই। দেবেন বাবু কদিন থেকে বিলাতে প্রায়ই যাচ্ছেন। সমস্ত জায়গায় ঘুরে বেড়াচ্ছেন। সেখানে কি নিয়ে যাচ্ছেন? এবং সেখানে শ্রমিকদের কি বিষয়ে বলছেন? কেন এত তাড়াহুড়া করছেন? শ্রমিকদের উপকারের জন্য? না শ্রমিকদের নাম নিয়ে নিজের উপকার করছেন? তার Assemblyতে এক ধরণের কথা এবং বাইরে অন্য ধরণের কথা বলা চলবে না। সত্যিকার গরীবদের দুঃখ যাতে দূর হয় নিজেদের স্বার্থসিদ্ধির স্পৃহা পরিহার করে এ রকম politics করা ছাড়ুন। Governmentএর কাছে যে দাবী দাওয়া আছে তা যাতে আদায় করা যেতে পারে সে চেষ্টা করুন। আর একটা কথা বার বার বলা হয়। বড় বাজারের ধনিকদের কথা, বিড়লার কথা, যারা একথা বলছেন তারা সবাই বিড়লার কাছে আনাগোনা করছেন। ছোট খাট ব্যতিক্রম হতে পারে। আপনারা কমিটী করুন এবং এই কমিটী মারফৎ যে কোন dispute বা অভিযোগ সরকারের কাছে উপস্থিত করুন তাহলে শ্রমিকদের উপকার হবে এবং এদের যে সর্বনাশের পথে নিয়ে যাচ্ছেন, সেটা যাবেন না। আর আমাদের শ্রমিকদরদী এসব নেতারা কি করছেন। এই কালকেও তারা একটা meeting করেছেন। ওরা উদ্যোক্তাদের বলছেন—গভর্ণমেণ্টকে তোমাদের দাবী দিতেই হবে। আরও বলছেন আপনারা এক inch জমিও ছাড়বেন না। এইভাবে উদ্যোক্তাদের খাতির রাখছেন। আর অন্যদিকে minorityদের কাছে যেয়ে বলছেন—কেন গভর্ণমেণ্ট জমি ছাড়িয়ে দিচ্ছেন না? আবার যারা তাদের জমি দখল করে বসেছে, তাদের নিয়ে আন্দোলন করছে।

সব শিয়ালের এক রা। এখানে এক কথা—ওখানে আর এক কথা। এসব না করে গভর্ণমেণ্টকে বলুন—দেখিয়ে দিন—এই colonyর এই জায়গা দিলে কত টাকা খরচ হবে; এই সব জমি খালি আছে, গভর্ণমেণ্ট তাদের দিন। তাহলে--

Mr. SPEAKER: Please come to the point.

Janab A. M. A. ZAMAN : আমি বলছিলাম এরূপ করলে কিছুটা help হবে। কিন্তু তা না করে এদের পাগল করার জন্য তারা এসব কি করছেন? কাজেই আগে নিজেদের brain ঠাণ্ডা করুন—সবাইর যাতে মঙ্গল হয়, দেশের যাতে প্রকৃত উন্নতি হয়, দলাদলী না হয়, সে দিকে চেষ্টা করুন। আর আমি গভর্ণমেণ্টকেও বলছি—শ্রমিক আন্দোলনের যে plan—যে নীতি তাঁরা নিয়েছেন—হয়তঃ ঠিকই করছেন। আমার মনে হয় তাদের আরও একটু উৎসাহী হওয়া উচিত। গভর্ণমেণ্ট শ্রমিকদের জন্য কি করছেন, না করছেন, সেটা জনসাধারণকে জানিয়ে দেওয়া দরকার। অসহায় গরীব শ্রমিক বা বাস্তুহারাবা যদি প্রকৃত অবস্থা বুঝতে পারে—যদি বুঝতে পারে, গভর্ণমেণ্ট তাদের জন্য আগ্রহশীল,—তবে এই সব যে শ্রমিকদরদী—যারা শ্রমিকের মধ্যে দলাদলী করে তাদের সর্ব্বনাশ করছে—তাদেব মুখোস খুলে যাবে।

এই বলে আমি শেষ করছি।

Dr. SURESH CHANDRA BANERJI: On a point of personal explanation Sir, আমার মন্ত্রিত্ব সম্পর্কে উল্লেখ করে দুটো কথা আমার বিরুদ্ধে বলা হয়েছে। আমি যখন শ্রমমন্ত্রী ছিলাম—৫ মাসের মধ্যে যে সব Tribunal করা হয়, সেগুলি সমস্ত চটকল, কাপড়ের কল, ছাপাখানা, ময়দার কল, সমস্ত engineering, commercial concerns—যত সব major industries—সমস্ত শিল্পের জন্য তা করেছি—কোন তারতম্য করি নি। বিশেষ কোন union বা কারখানা হিসাবে তা করা হয় নি। এটা সম্পূর্ণ সত্য কথা।

SJ. SIBNATH BANERJI: Mr. Speaker, Sir, I want to put two questions to Mr. Zaman through you.

Mr. SPEAKER: No questions are allowed. Of course, you can rise on a point of personal explanations or on a point of order but the putting of questions by one member to another member cannot be allowed.

The Hon'ble KALIPADA MOOKERJEE: মাননীয় Speaker মহোদয়, পরশু দিন—

SJ. SIBNATH BANERJEE : Mr. Speaker, Sir, I am not deaf absolutely and you need not hit the hammer so hard.

Mr. SPEAKER : I have got to prevent you from proceeding further with a point which was disallowed by the Chair.

The Hon'ble KALIPADA MOOKERJEE: It is a point of order or a point of disorder.

SJ. SIBNATH BANERJEE : It is a point of personal explanation.

Janab A. M. A. ZAMAN : On a point of order, উনি ত খুব শ্রমিকদরদী: এই সামান্য কয়েকজন reporter—তাদের বিরুদ্ধে কথা বলছেন।

Mr. SPEAKER : That is no point of order. There can be no cross talk in the house. Members should always address the Chair.

SJ. SIBNATH BANERJEE : উনি যে কি বলছেন—I don't know. আমি reporterদের পক্ষেই বলেছি। ওর বুঝবার মত বুদ্ধি নেই।

The Hon'ble KALIPADA MOOKERJEE: মাননীয় স্পীকার মহাশয়, গত পরশুদিন ব্যয় বরাদ্দাতে যখন বক্তৃতা দিই তখন বাংলা সরকারের শ্রম-নীতি এবং শ্রমিক-নীতি অনুসরণ করবার জন্য, আজ শিল্পে যে শান্তি বিরাজমান, সে সম্বন্ধে কিছু কথা সদস্য মহোদয়গণের অবগতির জন্য নিবেদন করি। বিশদভাবে আলোচনা

করা হলে এবং তারপরে তার উত্তরে শ্রদ্ধেয় বন্ধু ডাঃ সুরেশ চন্দ্র ব্যানার্জি মহাশয়, কতকগুলি কথা বলেছেন। তিনি বলেছেন আজ শ্রমনীতিতে বিভ্রান্তি দেখা দিয়েছে। আমি তাঁর কাছে সবিনয় নিবেদন করবো যে, তিনি যে নীতি প্রবর্তন করেছিলেন সে নীতি আমরা অনুসরণ করছি। হয়ত তার চেয়ে আজ speed বেড়ে থাকবে তার জন্য দোষ দেওয়া চলে না। একথা সত্য তিনি তখন works committee প্রবর্তন করবার জন্য কানুন তৈরী করেছিলেন, এই কানুন অনুসরণ করে বাংলা দেশে শুধু শিল্পাঞ্চল নয়, দার্জিলিং, জলপাইগুড়িতে যে সকল শিল্প আছে সেখানেও works committee প্রবর্তন করা হয়েছে। ২৫৫টী works committee প্রবর্তন করা হয়েছে। জানি শ্রদ্ধেয় বন্ধু শিবনাথ বাবুও এখানে ডাক্তার ব্যানার্জির সঙ্গে নানা বিষয়ে হাত মিলালেও সব বিষয়ে একমত হতে পাচ্ছেন না। নেতৃত্ব যাদের মূলধন এবং শ্রমিকের দরদী সেজে নিজেদের নেতৃত্ব প্রতিষ্ঠা করতে যারা সচেষ্ট কিন্তু প্রকৃত পক্ষে শ্রমিকের উন্নতি করবার জন্য কাজ করেন না তাদের হয়ত এই works committeeতে অসুবিধা হতে পারে, কেন না এই সব works committeeতে outside interferenceএর কোন scope নেই। যে আইন করে গিয়েছিলেন শ্রদ্ধেয় ডাঃ বন্দ্যোপাধ্যায় মহাশয়, সে আইনের মারফৎই আজ সংগঠিত হতে চলেছে works committee.

কাজে কাজেই কোন কোন ক্ষেত্রে বিশেষতঃ যারা শ্রমিকদরদী হিসাবে নেতৃত্ব পুঁজিবাদী যারা—leadership যাদের capital, যারা capital নিয়ে নিজেদের রাজনৈতিক পুনর্বাসনের প্রয়াস পান, তাদের অসুবিধা হওয়া অস্বাভাবিক নয়। কিন্তু সেই যারা সত্যিকারের শ্রমিক, সত্যিকারের যারা কর্মী, তাদের কল্যাণ সেখানে উন্মুক্ত। তারা সেখানে এক টেবিলের চারিপাশে বসে শ্রমিক প্রতিনিধি ও মালিক প্রতিনিধি যারা, তাদের দৈনন্দিন জীবনের যা কিছু বিরোধ আছে, তার সামঞ্জস্য করতে পারে। সমস্ত বিরোধ যদি তারা সমাধান করতে পারে, তাহলে আমি বলবো শিল্পে শান্তি সত্যিকারের রূপ নেবে। এবং সেই শিল্পে শান্তি সত্যিকারের জাতির কল্যাণে নিয়োজিত হবে এবং এই রাষ্ট্রে আমরা তা অনুসরণ করছি। তার ফলে আজ সমস্ত শিল্পে শান্তি বিরাজমান। অনেকে বলে থাকেন আজকে আমাদের শ্রমিক-নীতি ব্যর্থ হয়েছে। তাঁরা বলেন আজ শ্রমিকরা তাদের ন্যায়সঙ্গত দাবী আদায় করতে পারছে না, কোন Tribunal তারা পাচ্ছে না, ইত্যাদি। এই যে সমস্ত অভিযোগ হয়েছে আমি বলবো এ সব অলীক এবং বিভ্রান্তিপ্রসূত। কারণ ইংরেজীতে একটী কথা আছে পুডিংএর পরিচয় তার বিজ্ঞাপনপত্রের মধ্যে নয়। খেয়েই তার স্বাদ উপলব্ধি করা যায়। আমি তাই বলবো শুধু মেকী বাক্যবিলাসের আশ্রয় না নিয়ে যদি বাস্তবতার কষ্টিপাথরে কষে দেখি, তাহলে আমরা জানতে পারবো কি ফল ফলেছে এবং তার সঙ্গে সঙ্গে বাংলাদেশে শিল্পে শান্তি বিরাজমান, তার পরিচয় আমি কয়েকটী উদ্ধৃত করে দেখাতে চাই।

মাননীয় স্পীকার মহোদয় আজ আপনার অবগতির জন্য এবং আমাদের সদস্য বন্ধুদের অবগতির জন্য—

Sj. SIBNATH BANERJEE : ইংরেজের আমলে ১৯৪২ সালেও আমরা এই রকম শান্তি দেখতে পেয়েছিলাম। আপনারা যদি তা দেখাতে চান, দেখান।

Mr. SPEAKER : Order, Order. Don't interrupt.

Sj. SIBNATH BANERJEE : Interruption is allowed in the House of Commons—not much of course. The Hon'ble Minister was fumbling and was searching for some papers. I filled in the gap by making that interruption.

The Hon'ble KALIPADA MOOKERJEE: যে মানুষ ঠুলী দিয়ে দেখতে চান, আমি তাঁর কথা বলি না। মানুষের খোলা চোখে যাঁরা দেখতে পান, তাঁদের অবগতির জন্য আমি নিবেদন করছি।

১৯৪৭ সাল থেকে ১৯৫০ সাল পর্য্যন্ত বাংলাদেশে যত মালিক ও শ্রমিকদের যে বিরোধ হয়েছিল তার সংখ্যা আপনাদের কাছে নিবেদন করবো যে Labour Directorate ও conciliation machinery বাংলাদেশে রয়েছে, সেই conciliation machineryর সাহায্যে যতগুলো বিরোধ মীমাংসা হয়েছে তাও আপনাদের অবগতির জন্য নিবেদন করবো।

১৯৪৭ সালে ২,২৫৮টী বিরোধ উপস্থিত হয়েছিল। তার মধ্যে ১,৮০৮টী বিরোধ এই conciliation মারফতে নিষ্পত্তি হয়। ১৯৪৮ সালে ৩,৯৪৫টী dispute উপস্থিত হয়েছিল। তার মধ্যে ২,৯৪২টী বিরোধ

এই conciliation machinery'র দ্বারা নিষ্পন্ন হয়েছিল। ১৯৪৯ সালে ৪,২২০টী বিরোধ উপস্থিত হয়েছিল ও তার মধ্যে ৩,৩৪১টী বিরোধ এই conciliation machinery'র দ্বারা নিষ্পন্ন হয়। ১৯৫০ সালে হয়েছিল ৩,৫৪৭টী, তার মধ্যে ২,৭০৬টী dispute এই conciliation machinery দ্বারা নিষ্পন্ন হয়।

আর stoppage of work বা lock-out ও ধর্মঘটের ফলে যে কর্ম বিরতি ঘটে, তার সংখ্যা ১৯৪৭ সালে ৩৭৬টী, ১৯৪৮ সালে কমতে কমতে এসে দাঁড়ায় দুশোটীতে ১৯৪৯ সালে এই সংখ্যা আরও কমতে কমতে গিয়ে দাঁড়ায় ১৫৯টী। গত বৎসরে তার সংখ্যা মাত্র ১২৯টী। এবং এর ফলে যে পরিমাণ লোক এর সঙ্গে সংশ্লিষ্ট ছিল তার সংখ্যা ১৯৪৭ সালে ঐ ৩৭৬টী কারখানা stoppageএর ফলে ৪১২,৪৩২ জন কর্মীকে বসে খেতে হয়েছিল। ১৯৪৮ সালে তার সংখ্যা কমতে কমতে দাঁড়ালো দুলক্ষ আটত্রিশ হাজার। ১৯৪৯ সালে আরও কমে এল, হ'লো ১ লক্ষ ৬৪ হাজার এবং গত বৎসর মাত্র ৯৭,০৯৪ জন লোককে stoppage of work এর দ্বারা বসে খেতে হয়েছিল। কাজেই আপনারা দেখছেন যে এই চার বৎসর যে শ্রমনীতি আমরা অনুসরণ করেছি, তার ফলেতে শিল্পে শান্তিও বিরাজমান ছিল এবং সঙ্গে সঙ্গে আমি একথা বলবো যে I. N. T. U. C. আর B. P. N. T U. C. কর্মীরা, যারা সৈনিক, তারাও যথেষ্ট পরিমাণ সাহায্য করেছে। ফলে বাংলা গভর্ণমেণ্টের শ্রমনীতি আশানুরূপভাবে সার্থক হয়েছিল।

এ ছাড়া আরও কতকগুলো কথা উঠেছে যে আমরা নাকি Tribunal দিতে নারাজ, Tribunal আমার দেই নাই। ফলে শিল্পে যে শান্তি আমরা চাই, তা ব্যাহত হতে চলেছে। ১৯৪৭ সালে যখন ভারত গভর্ণমেণ্টের আনুকূল্যে ও সৌজন্যে ত্রিদলীয় (Tripartite) সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল, তখন সেখানে শিল্পে শান্তি প্রস্তাব গ্রহণ করে ভারতবর্ষের সমস্ত শ্রমিক প্রতিষ্ঠানকে এই অনুরোধ জানান হয়েছিল যে যত বিরোধ থাকবে, সেই বিরোধ মীমাংসা করতে হবে। কারণ আমরা জানি যে সমস্ত দেশে যতদিন এইভাবে শিল্প প্রতিষ্ঠান থাকবে, মালিক এবং শ্রমিকদের স্বার্থ সংঘাত হয়ত হবে। সেই সংহতি ও আদর্শকে আমরা যদি বাঁচিয়ে রাখি, সেই আদর্শকে আমরা আরো বড় করে তুলি, তাহ'লে জাতির কল্যাণ সাধন হবে না। তাই শ্রমিক ও মালিকদের যে স্বার্থ, সেটা সমন্বয় করে সমাজের ও জাতির কল্যান সাধনই আজ শ্রমনীতির মূল কথা।

Sj. SIBNATH BANERJEE : শ্রমিকদের standard of living বাড়াবার জন্য কি করেছেন? শ্রমিকদের stoppage of work আগে যা ছিল, এখনো তাই আছে।

Mr. SPEAKER: Order, order. Members are not to disturb a member who is speaking by hissing, exclamations or otherwise.

Sj. SIBNATH BANERJEE: In the book that may be written but I have seen personally interruptions being made in the House of Commons when Mr. Churchill or any other important member was speaking. I would request the Speaker and some of the important members of this House to go and see what happens there.

The Hon'ble KALIPADA MOOKERJEE : শিবনাথ বাবু যখন বলেছিলেন তখন এই দিকে কোন চাঞ্চল্য ছিল না। তাঁর কথা আমরা প্রত্যেকে শোনবার চেষ্টা করেছি। কিন্তু এখন তাঁর মধ্যে যদি অধৈর্য্যের ভাব দেখি, তাহ'লে সেটা বড়ই দুঃখের কারণ হবে। (Sj. SIBNATH BANERJEE : যা প্রশ্ন করেছি, তার উত্তর দিন।) যে সমস্ত আগেই করেছেন, তার উত্তর আগে দেই। সময় থাকলে পরে অন্যগুলোর উত্তর দেব। (Sj. SIBNATH BANERJEE : শান্তি আছে, আমরা convinced.) হাঁ, শান্তি আছে। শান্তি থাকে না, শুধু বক্তৃতা দিয়ে শান্তি রাখা যায় না। আজ শ্রমিকরা বুঝতে শিখেছে শুধু নয়, তারা জানে অনেক ক্ষেত্রে তাদের যারা নেতা, শ্রমিক ইউনিয়নের যারা নেতা, তারা হয়ত সেই বিশেষতঃ বিবাদমান দলের মধ্য দিয়ে শ্রমিকদের বিভ্রান্তির আবর্তে ফেলবার অনেক প্রয়াস পায়। কিন্তু আজ তারা সচেতন, সচেষ্ট ও তারা নিজেদের কল্যাণের পথকে বরণ করে নিতে শিখেছে। তাই আজকে works committeeকে কায়-মন-বাক্যে অভিনন্দন জানাচ্ছি। আজ যদি works কমিটী দেশের সর্বত্র প্রতিষ্ঠিত হয়, তাহ'লে তারা নিজেদের কল্যাণের পথ নিজেরাই বেছে নেবে। তার জন্য তাদের নেতাদের ডাকবার আর প্রয়োজন হবে না। এটা তারা আজ বুঝতে পেরেছে।

আর একটী কথা তার প্রশ্নের উত্তরে বলবো—Omnibus Engineeringএ যে Tribunal দেওয়া হয়েছিল, কিছু দিন আগে তার রায় বেরিয়েছে, তাতে dearness allowanceএর হার বাড়িয়ে দেওয়া হয়েছে। এইভাবে কয়েক বছর আগে ১৯৪৬-৪৭ সালে শ্রমিকদের যে বেতন এবং মাগ্‌গীভাতা ছিল, তার অনেক পরিবর্ত্তন হয়েছে। কাজেই আজ সেই জন্য সম্ভব হয়েছে শিল্পে শান্তি অটুট রাখা।

আর কয়েকটী কথা এই প্রসঙ্গে ওঠে। আমি এর আগে যা বলেছিলাম তার সূত্রধরে আমি যেতে চাই। অনেকে বলেছিলেন—আজকাল সহজে Tribunal পাওয়া যায় না—এবং Tribunal পেলেও অনেক অসুবিধা হয়। ১৯৪৭ থেকে ১৯৫০ সাল পর্য্যন্ত কতকগুলো dispute Tribunalএ refer করা হয়েছে, তার সংক্ষিপ্ত ইতিহাস সভ্যমহোদয়গণের অবগতির জন্য নিবেদন করবো। ১৯৪৭ সালে ৬৬টী কেস্ Tribunalএ দেওয়া হয়েছিল, তার মধ্যে, ডাঃ ব্যানার্জী যা বলেছেন, তিনটী ছিল Major Tribunal. (Dr. SURESH CHANDRA BANERJEE: ওটা wrong figure, তিনটীর অনেক বেশী ছিল।) "অনেক বেশী" খুব—ভাল কথা। ১৯৪৭ সালে যতগুলো Tribunalএ দেওয়া হয়েছিল, আমি তার সমস্ত লিপিবদ্ধ করে এনেছি। আপনাদের যদি ধৈর্য্য থাকে তো তা বলতে পারি।

Sj. SIBNATH BANERJEE : কত সংখ্যক workers তাতে involved হয়েছিল, তা ব'লে দিন্।

The Hon'ble KALIPADA MOOKERJEE : এখনই সেটা সঠিকভাবে বলা সম্ভব নয়।

Dr. SURESH CHANDRA BANERJEE : On a point of information, Sir আমার আমলে Jute Industry, flour mills, ছাপাখানা, প্রভৃতি সমস্ত জায়গায় কতগুলি কারখানায় কত শ্রমিক involved হয়েছিল, তা বলেছিলাম।

Mr. SPEAKER: When an honourable member is speaking if another member rises and puts to him a question it is not always possible for him to answer. As a matter of fact what happens is that while sitting questions are put but that is not a regular form.

Dr. SURESH CHANDRA BANERJI: On a point of order, Sir What are we to do if Government submits wrong figures?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: What are we to do, Sir, if the Opposition gives wrong figures?

Mr. SPEAKER: The position is that if you wish to raise a question you should please wait till the end of the speech and then with the permission of the Speaker raise your point. What we have, however, seen so far is that members sitting simply puts a question which cannot be taken note of and answered.

The Hon'ble KALIPADA MOOKERJEE : মাননীয় স্পীকার মহোদয়, শ্রদ্ধেয় বন্ধু ডাঃ সুরেশ চন্দ্র ব্যানার্জী মহাশয় প্রশ্ন করেছেন যে আমি ঐ wrong figure কোথায় পেলাম। তিনি যে রেকর্ড রেখে গেছেন, সেই রেকর্ড তো এখন আমার হাতে আছে। সেই রেকর্ড থেকেই অফিসাররা যা লিখে দিয়েছেন, আমি তা থেকেই আপনাদের কাছে পড়ছি। আমার নিজের রেকর্ড নাই।

Mr. SPEAKER: Whenever there appears to be any wrong statement members can draw attention to it by simply uttering the word "question" and then the thing is brought to the notice of the Minister or the speaker concerned.

The Hon'ble KALIPADA MOOKERJEE : কাজেই আমি যা পড়ছি, তা সরকারী দপ্তরের রেকর্ড থেকেই পড়ছি। ১৯৪৭ সালে ৬৬টী কেসের reference হয়েছিল Tribunalএ। তার মধ্যে তিনটী ছিল Major Tribunal. ১৯৪৭ সালে ৪১টী রায় Tribunal থেকে পাওয়া গিয়েছিল। ১৯৪৮ সালে ১২২টী কেসের মধ্যে ৬টী ছিল Major Tribunal যেমন—Jute Tribunal, ইত্যাদি। তারপরে ১৯৪৯ সালে Tribunalএ reference হয়েছিল ১২৩টী কেস্ including

three Major Tribunals. ১৯৫০ সালে ১০৭টী including three Major Tribunals ১৯৪৮ সালে Tribunal ১৩১টী রায় দিয়েছিলেন এবং ১৯৪৯ সালে ১১৫টী রায় দিয়েছিলেন। ১৯৫০ সালে ১৭২টী রায় Tribunal দিয়েছেন। তারপর অনেক বন্ধু প্রশ্ন করেছেন যে Tribunalতো রায় দিলেন, কিন্তু তারপর গভর্ণমেণ্টের দিক্ থেকে কোন রকম দৃষ্টি এদিকে দেওয়া হয়নি যে সেই Tribunalএর রায় কার্য্যে পরিণত হয়েছে কি না। তা কার্য্যে পরিণত না করে সেই Tribunalএর award যদি implement করা না হয়, তাহ'লে সরকার নিশ্চয়ই তার সম্বন্ধে উদাসীন ছিলেন—এই রকম মনোভাব নিয়ে এই পরিষদে অনেকে বিরূপ সমালোচনা করেছেন। এবং তারপরে প্রশ্ন আসছে—আমাদের অনেক বন্ধু এই প্রশ্ন করেছেন—Tribunalতো রায় দিলেন, কিন্তু তারপর গভর্ণমেণ্টের দিক থেকে তার প্রতি কোন রকম দৃষ্টি দেয়া হয় না। অর্থাৎ Tribunalএর যে রায় সেটা কার্য্যে পরিণত হচ্চে কি না, রায়ে শ্রমিকদের সুখ সুবিধার ব্যবস্থাস্বরূপ যদি কিছু হয়ে থাকে, তাদের মাইনে বা মাগ্‌গীভাতা বাড়াবার ব্যবস্থা যদি হয়ে থাকে, মালিক পক্ষ যদি তা কার্য্যে পরিণত না করে Tribunalএর award মতন যদি শ্রমিকদের তা না দেয়, তাহ'লেও সরকার উদাসীণ থাকেন—এই রকমের দৃষ্টিভঙ্গি নিয়ে অনেকে সমালোচনা করেছেন। কিন্তু—

Sj HARIPADA CHATTERJEE : Sir, পরিষদ কক্ষের ঘড়ি বন্ধ হয়ে গেছে।

Mr. SPEAKER: There has been a fire in the Temple Chambers and our electric line is out of order. I am going on with my work.

Sj. SIBNATH BANERJEE: I am rising on a point of order. Often it happens you rise and we do not know you have risen. What generally is done, or perhaps the rule is, whenever you rise you strike "Order, order" and then we know you have risen.

Mr. SPEAKER: You objected to it.

Sj. SIBNATH BANERJEE: I objected to striking too hard and too long. You may strike only twice and say "Order, order". We might not be looking at you and attention of the speaker will be drawn immediately you call "Order, order".

The Hon'ble KALIPADA MOOKERJEE : যে প্রশ্নটী নিয়ে আমি আলোচনা করছিলাম, সেটী হচ্চে non-implementation of award Tribunalএর award. মালিক পক্ষ কার্য্যে পরিণত করেছে কি না—সরকার সে সম্বন্ধে উদাসীন—এই রকম অভিযোগ করা হয়েছে। এ সম্বন্ধে আমি আপনাদের অবগতির জন্য দু-একটী ব্যাপারের উল্লেখ করতে চাই। Non-implementationএর জন্য prosecution করা হয়েছে সেইসব ক্ষেত্রে যেখানে মালিক পক্ষ অনেক বলাবলি করবার পর, অনেক request করবার পরও যদি কথা না শুনে থাকেন, যখন আর অন্য কোন ভাল পন্থা না থাকে তাদের award মানতে বাধ্য করতে।

১৯৪৯ ও ১৯৫০ সালে যতগুলি prosecution করা হয়েছে তার হিসাব আমি আপনাদের দিতে পারি। এবং সঙ্গে সঙ্গে আর একটী কথা জানাচ্ছি—Prosecution যাদের করা হয়েছে তাদের মধ্যে দেশীয় এবং বিদেশীয় মালিক উভয়ই আছে। কোন রকম পক্ষপাতিত্ব এদের মধ্যে করা হয় নাই। ১৯টী রায়ের মধ্যে যেখানে আমরা দেখেছি যে award implementation করা হয়নি, সেখানেই মালিক পক্ষকে আমরা prosecute করেছি।

তারপরে Metal Press Works, Ltd., Indian Economic Insurance & Co., Ltd., Balmer Lawrie Co., Ltd., J. R. Hutchison, Ltd., Delta Metal Refiners, Wachel Molla & Sons, Ltd., R. B. Rodda, Ltd., Art Press, Robert Maclean & Co., Ltd., Eastern Plywood Manufacturing & Co., Ltd.,—এদের সম্বন্ধে প্রশ্নের ডাঃ সুরেশ চন্দ্র বন্দ্যোপাধ্যায় জানতে চেয়েছেন—এবং তাঁকে জানাতে চাই—বার বার এদের লেখায় পরেও যখন Labour Commissioner দেখলেন এদের রায়ের নির্দ্দেশ পালন করবার ইচ্ছা নাই, তখন তাদের prosecution করা হয়। তিনি আর একটী কথা বলেছেন—prosecutionএ

করবেন, কিন্তু তার জন্য আবার সাক্ষীর প্রয়োজন কি? প্রয়োজন এই জন্য যে, যে সমস্ত শ্রমিকদের অভিযোগ অনুসারে গভর্ণমেণ্ট prosecution করবেন তাদের তো সাক্ষ্য দিতে হবে, নইলে case substantiate করবে কে? সেই জন্যই Labour Commissionerএর office থেকে জানানো হয়েছে এবং অনুরোধ করা হয়েছে সাক্ষীদের নাম দেবার জন্য। এবং নাম দেবার পরে তাদের বিরুদ্ধে prosecution করা হয়। আর Eastern Plywood Manufacturing Co., Ltd., W. Newman & Co., Ltd., Bhadain Bros., Ltd. and its Associated Firms, Guest Keen Williams, Ltd., Imperial Flour Mills, Ltd., International Card Box Manufacturing Co., Ltd., S. K. Biswas & Co. এবং J. D. Jones & Co., Ltd.—এদের বিরুদ্ধেও আমাদের prosecution করা হয়েছে।

শ্রদ্ধেয় দেবেন বাবু সেদিন বলছিলেন আর একটা firmএর কথা—Lister Anticeptic. সেটার সম্বন্ধেও আমাদের prosecution order হয়ে গিয়েছিল কয়েক মাস পূর্বে, তারপরে আমরা জানতে পারলাম যে মালিক পক্ষ Industrial Appellate Tribunalএর কাছে appeal করেছে; এই appeal দায়ের করার পর আর prosecution করার সুযোগ নাই। কাজেই মাননীয় স্পীকার মহোদয়, একথা বলা সত্যের অপলাপ ছাড়া আর কিছুই নয় যে সরকার উদাসীন থাকেন—যখনই নাকি শ্রমিকদের কিছু কল্যাণ ও সুখ সুবিধার ব্যবস্থা awardএর ফলে হয়ে থাকে, আর মালিক পক্ষ তা প্রতিপালন করে না। তবে একথাও বাস্তবিক যে সরকারকে প্রথমত কিছুটা উদাসীন থাকতে হয়, রায় বেরুবার কিছুদিন পর পর্য্যন্ত। সেটা হচ্চে মালিক পক্ষ যতদিন গড়িমসি করে award কার্য্যকরী করবার ইচ্ছার অভাবে, এবং Labour Directorateএর কাছে সংবাদ আসার পর যখন enquiry করা হয়। কিন্তু তদন্ত করে যখনই বোধ হয় যে মালিক পক্ষ গাফিলতি দ্বারা চেষ্টা করছে award bypass করার জন্য, তখন prosecution করা হয়। তাছাড়া এখন কয়েকটা—

Sj. SIBNATH BANERJEE: I do not want to interrupt you——

Mr. SPEAKER: Is it a point of order?

Sj. SIBNATH BANERJEE: The House is in disorder Please, Mr Speaker, let the doors be opened. The cooling arrangement has failed and we are feeling warm.

Mr. SPEAKER: What is your point of order?

Sj. SIBNATH BANERJEE: It is a disorder of the House. If the doors are opened we shall get fresh air.

Mr. SPEAKER: The doors may be opened.

Sj. SIBNATH BANERJEE: Without your permission this cannot be done.

Mr. SPEAKER: Without taking the time of the House you could say it to the Secretary.

Sj. SIBNATH BANERJEE: I do not believe in whispering. Everybody should know it.

The Hon'ble KALIPADA MOOKERJEE : শ্রদ্ধেয় ডাঃ সুরেশ চন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় সমালোচনা করতে গিয়ে বলেছেন যে অতুল দাস এবং আরো ১২ জন Bengal Pottery শ্রমিকদের সম্বন্ধে আমরা নাকি Tribunalএর ব্যবস্থা করি নাই। (Dr. SURESH CHANDRA BANERJI : শুধু অতুল দাসের কথা বলেছি।) শুধু অতুল দাস যদি হয়, তাহ'লে আমি বলব তিনি সে বিষয়ে এই পরিষদে প্রশ্ন করেছিলেন এবং আমি তার যে উত্তর দিয়েছি তাতেই আমি কারণও দেখিয়েছি যে কেন অতুল দাসের বিষয় Tribunalএ দেওয়া হয় নাই। কারণ হচ্চে তার anti-social activities এবং তার যে প্রমাণ রয়েছে আমি তা এই পরিষদ কক্ষে নিবেদন করেছি। যখন মালিক পক্ষের সঙ্গে গোলযোগ হয় তখন মালিক পক্ষ তাকে বরখাস্ত করতে চান। তারপর মালিক পক্ষের সঙ্গে চুক্তি হয়ে suspend

করা হয় অতুল দাস ও আর একজন কর্মীকে দশ দিনের জন্য। এই দশ দিনের মাইনে তারা পায় না, এবং তার মধ্যে আর একটা সিদ্ধান্ত এই হয় যদি ভাল কাজ করে তাহ'লে তাদের নিযুক্ত পুনরায় করা হবে কিন্তু যদি আর কখনো গোলমাল করে তাহ'লে Unionএর বিনা অনুমতিতেই তাকে বরখাস্ত করা হবে। এ সম্বন্ধে ডাঃ সুরেশ চন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় মালিকদের সঙ্গে একত্রে একটা যে রায় পেয়েছিলেন সে রায়ের কথাটা উল্লেখ করার বিষয় বিস্মৃত হয়েছেন। তারপরে অতুল দাস ৬ মাসের জন্য কারারুদ্ধ হয় এবং কারাগার থেকে বেরুবার পর তাকে externed করা হয়। Externment ও preventive detention—anti-social activities বা অন্য যে কারণেই হোক—কোন industrial relations বা শ্রমিক আন্দোলনের কাজের জন্য হয় না। কাজেই তার case Tribunalএ দেওয়া সঙ্গত বোধ করি নাই। এবং সেই জন্যই "it is not a fit case for reference to the Tribunal"—Labour Commissionerএর এই যে recommendation গভর্ণমেণ্ট সেটা গ্রহণ করেছেন। কিন্তু তিনি ১৩ জনের বিষয় যে উল্লেখ করেছেন দুই জন ছাড়া বাকি ১১ জনের বিষয় আমরা Tribunalএ পাঠিয়েছি। সুতরাং victimizationএর কোন প্রশ্নই ওঠে না। কাজেই ওদের অভিযোগ সম্পূর্ণ ভিত্তিহীন।

প্রসঙ্গক্রমে Smith Stanistreetএর সম্বন্ধে বলা হয়েছে—তাদের যে ২০০ জন কর্মীকে ছাঁটাই করা হয়েছিল সেখানে সে ছাঁটাইয়ের পরে যখন Tribunalএর কথা বলা হয়েছিল সেটা at the instigation of the Hon'ble the Chief Minister and the Labour Minister এ বিষয়েও এই পরিষদ কক্ষে তিনি যে প্রশ্ন করেছিলেন তার উত্তরে তাঁকে আমি জানিয়ে দিয়েছি, আমাদের বিনা অনুমতিতেই করা হয়েছে। তিনি একবার বলেছেন এক কথা পুনরায় বলেছেন উল্টো কথা। সুতরাং এ সমস্ত ব্যাপারে তাঁরা একটা মিথ্যা ও অবাস্তবের পিছনে ছুটেছেন। যে বিষয়ে একবার প্রশ্ন উত্থাপন করে পরিষ্কার জবাব পেয়েছেন আবার সেই পুরাতন জিনিষ উল্লেখ করে সদস্যদের বিভ্রান্ত করবার প্রয়াসটা সমীচীন নয়। তার প্রমাণ আপনারা পেয়েছেন—যে সব case সম্বন্ধে questionএর answerএ আমাদের দেওয়া আছে—Tribunalএ দেওয়া হবে,—বা Tribunalএ গিয়েছে—সেই সমস্ত বিষয়ের পুনরুল্লেখ মাননীয় সদস্যদের মনে সন্দেহ জাগাবার চেষ্টা ব্যতীত আর কিছুই নয়। তারপরে "Nation" পত্রিকার বিষয়। "Nation" পত্রিকার বিবরণটা যখন আমাদের দৃষ্টিগোচর হয় তখনই সঙ্গে সঙ্গে তার contradiction করা হয়—

I am directed to say that the Hon'ble Labour Minister's attention has been drawn to the news item from the "Nation" staff reporter published in your paper on the 19th instant and to remark that the Minister instigated the employers to sack the workers.

Mr. Baxton's allegation that the dismissal was done at the instigation of the Hon'ble Chief Minister and the Labour Minister is entirely baseless, and this department lost no time to write to Mr. Baxton in reply to a letter such and such.

এবং সে চিঠি তাঁর কাছেও দেওয়া হয়। কাজেই আজকাল দিনে আবার সেই জিনিষেরই পুনঃ প্রবর্ত্তনের চেষ্টা যদি করেন তাহ'লে সেটা মিথ্যার অবতারণা করা ছাড়া আর কিছুই নয়। ডাঃ সুরেশ চন্দ্র বন্দ্যোপাধ্যায়—

(At this stage the House was adjourned for 15 minutes.)

(After adjournment.)

The Hon'ble KALIPADA MOOKERJEE : মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় বন্ধু শিবনাথ বাবু শ্রমনীতি সমালোচনা প্রসঙ্গে তিনি বলেছেন যে Trade Union Organisation হিসাবে এই Trade Union কোন সমর্থন পায় না আমাদের রাষ্ট্রের কাছ থেকে। তাঁর অবগতির জন্য আমি এই কথা নিবেদন করতে চাই যে ১৯৫০ সালে প্রায় ১৪৩টি Trade Union রেজিষ্ট্রীকৃত হয়েছে। (Sj SIBNATH BANERJEE : একটা coterie ছাড়া।) আমাদের total Trade Unionএর সংখ্যা হচ্ছে ১,৩০০ এবং তার মধ্যে এ বছর ১৪৩টি হয়েছে। কোন ক্ষেত্রে Trade Union যাঁরা registry করতে চান, যাঁরা আইন অনুগভাবে Trade Union গঠন করেছেন, তাঁদের সেই Trade Union registry করবার কাজের কোন রকম অন্তরায় হয়নি, আমি অন্ততঃ এমন কোন সংবাদ জানি না। শিবনাথ বাবু গত বছরের কথা উল্লেখ করেছেন, জানি না সেটা আজ প্রাসঙ্গিক হবে কি অপ্রাসঙ্গিক হবে। কারণ গত বছরের শিবনাথ

বাবুর যে সমস্ত registered Union ছিল তার মধ্যে বেশীর ভাগ ইউনিয়নই সময়মত তাদের accounts বা অন্যান্য বিষয় দাখিল করেননি। অর্থাৎ Indian Trade Unions Actএর যে অনুশাসন ও বিধান আছে, সেই অনুসারে তিনি সেই সমস্ত দাখিল করেননি, এবং এ বিষয়ে পূর্বে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করেছিলাম। হয়ত আজ তিনি সেই কথার উল্লেখ করে থাকবেন। পাকা চতুর শিবনাথ বাবু বলেছেন বড় বড় concern, Martin Burn, Sir Biren বা Birla এদের বিরুদ্ধে Tribunal নিয়োগ করা হয়নি। কিন্তু উনি জানেন যে এই সমস্ত প্রতিষ্ঠানের সঙ্গে যে সমস্ত ইউনিয়ন সংশ্লিষ্ট আছেন তাদের অনেককেই Tribunalএ দেওয়া হয়েছে। মানুষ যদি জেগে ঘুমায়, সেই ঘুমন্ত মানুষকে জাগান যায় না। তবু তাঁর অবগতির জন্য আমি নিবেদন করতে চাই যে Durgapur, Raniganj Tile Factory, Martin & Burn Co., Omnibus Engineering Co., সকলকে আমরা Tribunalএ পাঠিয়েছিলাম। কাজেই তিনি এ বিষয়ে যা উল্লেখ করেছেন তা ঠিক নয়। (Sj SIBNATH BANERJEE: Martin & Burn was excluded in the last Tribunal's award. Standard Wagons include হয়নি।) শিবনাথ বাবু জানেন যে, এর পূর্বে Martin & Burnএর জন্য separate Tribunal বসানর ব্যবস্থা হয়েছিল। সুতরাং Standard Wagon, Martin & Burn এবং অন্যান্য বিষয় যার বাস্তবতা নেই, সেই সমস্ত জিনিষ তিনি টেনে নিয়ে এসে তার উপর জোর emphasis দিয়ে বললেই সেটা সত্য হয় না। তাঁর অবগতির জন্য পুনরায় বলছি এই সমস্ত বিষয় Tribunalএ পাঠান হয়েছিল। (Sj SIBNATH BANERJEE: লাখি মারা বিষয়টা Tribunalএ পাঠান হয়নি।) উনি একজন প্রবীণ Trade Union worker, তিনি জানেন Tribunalএ যাবার পর conciliation officer সমস্ত কিছু conciliate করেন এবং investigate করেন, তারপর investigation reportএ তিনি নিজে লিখেছেন যে এখনও পর্য্যন্ত গভর্ণমেণ্টের কাছে আসেনি। সুতরাং তিনি কেমন করে প্রত্যাশা করেন, যে জিনিষ গভর্ণমেণ্টের কাছে আসেনি, সেই বিষয়ে গভর্ণমেণ্ট একটা সিদ্ধান্তে আসবেন। (Sj SIBNATH BANERJEE: তিনিও এটা expedite করতে পারেন।) Expedite করা হোক বলা এক কথা, আর দোষারোপ করা আর এক কথা। শিবনাথ বাবু যদি মনে করে থাকেন যে ভারতবর্ষে বা বাংলা দেশে শ্রমিকদের সংহতির প্রয়োজন আছে, আমি তাঁর সঙ্গে একমত। আমি আজ এই পরিষদ কক্ষে এই কথা ঘোষণা করতে চাই যে শ্রমিক আজ ভারতবর্ষের সমাজের অবিচ্ছেদ্য অঙ্গ। তাই সমাজের কল্যাণ যদি আমাদের কাম্য হয়, রাষ্ট্রের কল্যাণ যদি আমাদের কাম্য হয়, তাহ'লে শ্রমিকদের কল্যাণ সর্ব্বতোভাবে রাষ্ট্রের কাম্য সে বিষয়ে কোন দ্বিমত নাই। শুধু রূপায়ণ করবার প্রশ্নে অনেক সময় মত বিরোধ দেখা দেয়।

মাননীয় দেবেন বাবু এখানে উপস্থিত নাই, বড়ই দুঃখের কথা। কাল তিনি শ্রমনীতি বিশ্লেষণ করতে গিয়ে তীব্র সমালোচনা করেছেন এবং তিনি এই কথা বলেছেন যে বাংলাদেশে শ্রমিককে বিভ্রান্ত করবার জন্য, তাদের মধ্যে বিভেদ সৃষ্টি করবার দায়িত্ব এই সরকারের। কিন্তু আমি বলব হয় তিনি নিজে বিভ্রান্ত হয়েছেন, নয় তিনি জনসাধারণকে বিভ্রান্ত করবার জন্য এই প্রকার অভিযোগ করে থাকবেন। তিনি বলেছেন Tramway Co.র শ্রমিকদের সংহতি ও কল্যাণ সাধন সম্ভবপর। সেখানে একটা নয়, দুটা নয়, পরপর তিন-চারটী বিভিন্ন প্রতিষ্ঠানের Trade Union গড়ে উঠেছে। প্রথমে ছিল Communist sponsored Workers' Union, তারপর সেখানে এল Socialist sponsored Majdoor Panchayet, তারপরে এল Employees' Union, তারপর হ'ল I. N. T. U. C. sponsored শ্রমিক প্রতিষ্ঠান এবং এই শ্রমিকদের প্রতিষ্ঠান ১৯৪৮ সাল থেকে আরম্ভ করে ১৯৪৯ সাল পর্য্যন্ত চলার পরে, আমরা দেখলাম I. N. T. U. C.র Vice-President বিভ্রান্ত হয়ে গেল। Labour Directorate থেকে একই registered নম্বরের দুটী report এল, একটা রিপোর্ট হ'ল সভাপতি মাননীয় দেবেন বাবুর, আর একটা রিপোর্ট হল এই পরিষদের সদস্য মাননীয় বিপিন বিহারী গাঙ্গুলীর। একই registered নম্বরের দুটী ইউনিয়নের দুটী meeting হয়ে গেল—সেখানে দুই জন লোক, দেবেন বাবু যে I. N. T. U. C.র সম্পাদক এবং বিপিন বাবু তিনি I. N. T. U. C.র Vice-President, সুতরাং সেখানে যখন তাঁরা দেখেন যে কোন উপায় নেই, তখন তাঁরা বিভ্রান্ত হয়ে পড়েন ও কিংকর্ত্তব্যবিমূঢ় হয়ে পড়েন তাঁরা—বলেন আপনারা একটা আপোষ করুন।

Dr. P. C. GHOSH: That should have been sent to I. N. T. U. C. You should not have interferred. The I. N. T. U. C. should set matters right.

The Hon'ble KALIPADA MOOKERJEE : Dr. Ghoshএর অবগতির জন্য বলছি গভর্ণমেণ্টের তরফ থেকে আজ I. N. T. U. C., A. I. T. U. C. ও Hind Majdoor Union সকলকে সমান চক্ষে দেখেন এবং রাষ্ট্রের দৃষ্টিতে তাদের মধ্যে কোন তফাৎ থাকতে পারে না। (A VOICE : Hear, Hear.) I. N. T. U. C.র কর্তৃপক্ষের প্রয়োজন হয় সে যাবে, not the Government. আমি I. N. T. U. C.র President হরিহর শাস্ত্রীর কাছ থেকে চিঠি পেয়েছি কিন্তু সেখানে যে গঠনতন্ত্র রয়েছে, যে বিধান রয়েছে, যে আইন-কানুন রয়েছে সেই আইন-কানুন অনুযায়ী তাদের যেতে হবে। আজ রাষ্ট্রের তরফ থেকে এক দৃষ্টি দিয়ে I. N. T. U. C.কে দেখতে হবে আর এক দৃষ্টি দিয়ে Hind Majdoor Unionকে দেখতে হবে তা কখনও হতে পারে না।

Dr. P. C. GHOSH : Nobody has suggested that. There should not be any Governmental interference in this matter.

The Hon'ble KALIPADA MOOKERJEE : I make it abundantly clear on the floor of this House that there has not been any interference in this matter. তারপরে শুধু এই নয় আরও অনেক আছে এখন নাম করতে চাই না।

আমি সকল শ্রমিক প্রতিষ্ঠানের কাছে এই সনির্বন্ধ অনুরোধ জানাব যে আজ শ্রমিক প্রতিষ্ঠানকে শক্ত ভিত্তির উপর গড়ে তুলুন, তাহলে মালিকদের সঙ্গে প্রয়োজনমত মুকাবেলা করা সম্ভব হবে, যদি সেখানে শ্রমিকদের সংহতি থাকে। সেই সংহতি বহন করে নিয়ে আসবে শ্রমিকদের কল্যাণ বারতা। আজ শ্রমিকদের স্বার্থ বিপন্ন হতে চলেছে। সুতরাং আজ সকলকে সনির্বন্ধ অনুরোধ জানাব অন্ততঃপক্ষে শ্রমিক এবং খাদ্য সম্বন্ধে রাজনৈতিক দলাদলির উপর থেকে নূতন convention রচনা করবো। সেখানে সত্যিকার আপামর জনসাধারণের ও শ্রমিকের কল্যাণ সংসাধিত করতে পারব। আমার বন্ধুবর দেবেন বাবু এখানে উপস্থিত নাই। তিনি একটা মস্তবড় কথা বলেছেন। আমরা জানি তিনি বিমানবাহী, তিনি পৃথিবীর এক প্রান্ত হতে আর এক প্রান্ত পর্যন্ত বিমানে বিচরণ করেন। তাঁর বাস্তব মর জগতের সঙ্গে কোন সংযোগ আছে কিনা জানিনা। তাঁর মতে ভারতবর্ষে নূতন axis গঠিত হয়েছে এবং সেই axisএর মধ্যে রয়েছে Indian capitalist, Government ও congress. কিন্তু আমি বলবো দেবেন বাবু শুধু যে বিমানবাহী তা নয়, তিনি কল্পলোকের অধিবাসী, তাঁর কল্পনাপ্রসূ যে axis, সেই axis মানস মুকুরে প্রতিবিম্বিত হয়ে আজ জাতির কাছে, সমাজের কাছে রয়েছে, কিন্তু তিনি ভ্রান্ত হয়ে আছেন, যে axis রচিত হয়েছে তার মধ্যে। তিনি বলেছেন সেই axis অবলম্বন করে ভারতবর্ষে বিপ্লবের রূপ নেবে। কিন্তু Russiaর ইতিহাস এবং বিপ্লবের ইতিহাস থেকে বলবো এই বিপ্লব কারা নিয়ে এসেছিল? রুস প্রতিবিপ্লব তারাই নিয়ে এসেছিল।

Extreme Rightist ও extreme Leftistsএর সমন্বয়ের মধ্যে যে বিপ্লবিপ্লবের ধুয়া তুলে সেখানকার রুশ বিপ্লবকে বিধ্বস্ত করবার জন্য যারা প্রয়াস পেয়েছিল সেই Soviet Government counter-revolution করে এই Russiaকে liquidate করেছে। এই নূতন axis হয়ত আবার আসছে। হয়ত এর পিছনে Anglo-American বা অন্য কোন ধনতন্ত্র রাষ্ট্রের হস্তের ইঙ্গিত আছে—যারা ভারতবর্ষের অর্জিত স্বাধীনতাকে ক্ষুন্ন করতে ও বিনষ্ট করতে চান। সেই নূতন axisএর সঙ্গে ভারতবর্ষের তথাকথিত বামপন্থীদের সমন্বয়ের মধ্য দিয়ে ভারতবর্ষে এক অশান্তির দাবানল সৃষ্টি করতে পারে, যাতে আমাদের এই অর্জিত স্বাধীনতা স্খলিত হতে পারে। সেই axisএর রূপ আমরা জানতাম। এই কল্পলোকের অধিবাসীর মত দেবেন বাবু সেই axisএর কি সন্ধান পেয়েছে, যে নিজের মানস মুকুরে প্রতিবিম্বিত হয়েছে তার প্রতিচ্ছবি।

আর একটা প্রশ্ন বন্ধুবর দেবেন বাবু তুলেছেন এবং আমার মাননীয় বন্ধু শিবনাথ বাবু বলেছেন minimum wage সম্বন্ধে কি করা হচ্ছে। Minimum wage সম্বন্ধে আমাদের এখানে কয়েকটি কমিটি গঠিত হয়েছে এবং Minimum Wage Act অনুযায়ী আমাদের যা সিদ্ধান্ত হয়েছে কয়েকটি বিষয়ে, তার ফলে কর্মীদের শতকরা কিছু পরিমাণ বেতন বৃদ্ধি হয়েছে; এবং শুধু আমাদের এই Minimum Wage Actএর ফলেই rice mill, flour mill, tobacco বিড়ি, road construction, public motor transport, conductors holding license for less than 5 years and othersদের সম্বন্ধে caseগুলি Minimum Wage scheduleএর মধ্যে পড়ে। এই থেকে এটা প্রতিপন্ন করা যায় আমাদের এখানকার minimum wage যা হয়েছে তা বিহার বা উত্তর প্রদেশ থেকে অনেক ভাল। কাজেই যে

সমালোচনা করা হয়েছে—আমরা অন্যান্য রাজ্য থেকে পিছিয়ে আছি—তা সত্য নয়, আমরা এগিয়েই গিয়েছি। আমরা যেখানে monthly wage ধরেছি ৫০৲, উত্তর প্রদেশ সেখানে দিচ্ছে ৩০৲, বিহার দিচ্ছে ৪০৲। এখন specific দৃষ্টান্ত দিচ্ছি টেনারিতে (tannery) আমরা দিচ্ছি ৫১৲, উত্তর প্রদেশ ৩০৲, বিহার একটু বেশী দিচ্ছে ৬৫৲। আর oil millএ আমরা দিচ্ছি ৪৮।৫০৲, উত্তর প্রদেশ দেয় ৩০৲; আপনারা জানেন উত্তর প্রদেশ এবং বিহার থেকে তেল আমাদের এখানে আসে, সেইখানেই বেশী প্রস্তুত, অথচ তারা দেয়—বিহার দেয় ৪০৲ আর উত্তর প্রদেশ দেয় ৩০৲। Tobaccoতে আমরা দিচ্ছি ৫৬৲, উত্তরপ্রদেশ দিচ্ছে ৩০৲ আর বিড়িতে আমরা দিচ্ছি ৫৪৲ আর উত্তর প্রদেশ দিচ্ছে ৩০৲। Road constructionএ আমরা দিচ্ছি ১৷৵০ আনা করে daily দিচ্ছি; public motor transportএ আমরা করেছি cleanerদের ৫৫৲, conductorদের ৭৫৲ আর driverদের ৯৫৲ থেকে ১০০৲। বিহার ও উত্তর প্রদেশ সেখানে cleanerদের ৩০৲, conductorদের ৪৫৲, driverদের ৬৫৲। কাজেই আমাদের Minimum Wage Actএর scheduleটার মধ্যে যেগুলি আমরা এনেছি তাদের ভাল আমরা কিছুটা করতে পেরেছি।

Sj SIBNATH BANERJI : প্রশ্ন ছিল Agricultureএর।

The Hon'ble KALIPADA MOOKERJEE : বন্ধুবর শিবনাথ বাবু হয়তো জানেন যে, সম্প্রতি ভারত গভর্ণমেণ্ট থেকে এই minimum wage for agricultural labour সাময়িকভাবে মুলতুবী রাখা হয়েছে; তার কারণ বাংলা এবং অন্যান্য দেশে sample survey প্রবর্ত্তিত হয়েছে। ৫০ খানা গ্রামে আমাদের গবেষণামূলক ব্যবস্থা চলেছে। তার ফলে একটা সর্বভারতীয় মান তাঁরা স্থির করবেন। কাজেই এ সম্বন্ধে একটু সময় লাগবে। সুতরাং পশ্চিমবঙ্গ কোন অংশে ভারতবর্ষের অন্যান্য প্রদেশ থেকে পিছিয়ে নেই তারা বরং এগিয়েই গিয়েছে এই কথা আমি নিবেদন করব।

মাননীয় শিবকুমার রায় দার্জিলিং সম্বন্ধে বলেছেন যে, সেখানকার চা বাগানের শ্রমিকদের সম্বন্ধে বাংলা সরকার সম্পূর্ণরূপে উদাসীন। আমি বলতে চাই যে, আমরা আদৌ তা নই। তিনি বোধ হয় জানেন সেখানকার শ্রমিক-কল্যাণ কেন্দ্র দু'টি ছিল, এখন ৫টা প্রতিষ্ঠান সেখানে গড়ে উঠেছে। এবং সেখানকার পাহাড়িয়া কর্মী যারা রয়েছে তাদের কল্যাণ যাতে হয় সেটা বিশেষরূপে দেখা হচ্ছে। এইসব welfare centreএ বেছে বেছে এখন পাহাড়ীদের নিযুক্ত করা হচ্ছে এবং একটি মেয়েদের জন্য প্রসূতিসদনের ব্যবস্থা experimental wayতে করা হয়েছে। গত বৎসরে তিনদলীয় সম্মেলন যখন দিল্লীতে হয় তখন একটা plantation conferenceও ছিল, তাতে সেখানকার মাগ্গীভাতার rate বেড়ে গিয়েছে কাজেই সারা ভারতীয় পটভূমিতে দাঁড়িয়ে একথা বলা চলে না যে, আমরা দার্জিলিং সম্বন্ধে উদাসীন। মালিকদের অত্যাচার থেকে শ্রমিকদের বাঁচাবার জন্য Tribunal নিয়োগ করা হয়েছে। ভগবৎপুরে ৩ জন শ্রমিককে বরখাস্ত করা হয়েছিল, সেজন্য আমরা সেখানে Tribunal দিয়েছি। দার্জিলিঙের আর একটা কথা হচ্ছে বাংলাদেশে Maternity Benefit Tea Extension Act প্রবর্তনের ফলে বাংলাদেশে নারী শ্রমিকদের কল্যাণের যে ব্যবস্থা হয়েছে ভারতবর্ষের কোন প্রদেশে তা হয়নি। আমরা ব্যবস্থা করেছি তাঁরা ১২ সপ্তাহের জন্য ভাতা পাবেন। Factory Actএ maternity benefitএ যে ব্যবস্থা রয়েছে তাতে মাত্র ৮ সপ্তাহের ভাতার ব্যবস্থা রয়েছে। কাজেই দার্জিলিঙ এবং জলপাইগুড়ির যে অঞ্চল সেখানে Maternity Benefit Tea Extension Act প্রযোজ্য হচ্ছে। সুতরাং তাঁরা maternity benefitও বেশী পাচ্ছেন। Factory Act পরিচালনা করার জন্য Inspectorate of Factories আছে। এবং অবিভক্ত বাংলায় ৯টি Inspector নিয়ে সমস্ত কাজ পরিচালিত হত, কিন্তু বর্তমানে $\frac{১}{৩}$ বাংলায় ঠিক ৯ জনের স্থানে ১৩ জন Factory Inspector আমরা নিযুক্ত করেছি। কাজেই দেখা যায় সবখানেই আমরা বেড়ে চলেছি। সুতরাং Administrationএর দিক থেকে একথা আমরা যথাকোচেই বলতে পারি অবিভক্ত বাংলায় যা ছিল তার চেয়ে আমরা অনেক অংশে বেড়ে গিয়েছি। শিল্পীদের এবং শ্রমিকদের কল্যাণ করাই আমাদের একমাত্র উদ্দেশ্য এবং তাকে রূপ দেবার পথে আমরা সকলের সহযোগিতা কামনা করি। এই কথা ব'লে আমি আশা করি যতগুলি ছাঁটাই প্রস্তাব উপস্থাপিত করা হয়েছে সেগুলির আপনারা বিরুদ্ধতা করবেন এবং আমার মূল প্রস্তাবের প্রতি সহানুভূতি ও সমর্থন জানাবেন।

The motion of Sj. Debendra Nath Sen that the demand of Rs. 24,66,000 for expenditure under Grant No. 28, Major Head: 47—Miscellaneous Departments be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Debendra Nath Sen that the demand of Rs. 24,66,000 for expenditure under Grant No. 28, Major Head: 47—Miscellaneous Departments be reduced by Rs. 100 was then put and a division taken with the following result:—

AYES—8.

Bandopadhyaya, Sj. Pramatha Nath.	Chatterjee, Sj. Haripada.
Banerjee, Sj. Sibnath.	Choudhury, Sj. Annada Prosad.
Banerji, Dr. Suresh Chandra.	De, Sj. Kanai Lal.
Bhandari, Sj. Charu Chandra.	Ghosh, Dr. P. C.

NOES—39.

Abdullah, Janab S. M.	Mal, Sj. Iswar Chandra.
Banerjee, Sj. Sushil Kumar.	Mallick, Sj. Ashutosh.
Bhattacharyya, Sj. Shyamapada.	Mandal, Sj. Bankubehari.
Chakravarty, Sj. Satish Chandra.	Mandal, Sj. Umesh Chandra.
Chaudhuri, The Hon'ble Rai Harendra Nath.	Mookerjee, The Hon'ble Kalipada.
	Muhammad Siddique, Dr. Syed.
Das, Sj. Radha Nath.	Murarka, Sj. Basantlal.
Das Gupta, Sj. Khagendra Nath.	Naskar, The Hon'ble Hem Chandra.
Dass, Sj. Kanailal.	Panja, The Hon'ble Jadabendra Nath.
Dolui, Sj. Harendra Nath.	Patel, Mr. R. E.
Ganguli, Sj. Bepin Behari.	Poddar, Sj. Anandilal.
Gayen, Sj. Arabinda.	Pramanik, Sj. Rajani Kanta.
Gomes, Mr. D.	Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Gupta, Sj. J. C.	Roy, The Hon'ble Dr. Bidhan Chandra.
Haldar, Sj. Kuber Chand.	Sen, The Hon'ble Prafulla Chandra.
Mahammad Sayeed Mia, Janab.	Serajuddin Ahammad, Janab.
Mahanty, Sj. Charu Chandra.	Shamsul Huq, Janab.
Maiti, The Hon'ble Nikunja Behari.	Sinha, The Hon'ble Bimal Chandra.
Majhi, Sj. Nishapati.	Wilks, Mr. G. C. D.
Majumdar, The Hon'ble Bhupati.	Zaman, Janab A. M. A.

The Ayes being 8 and the Noes, 39, the motion was lost.

The motion of Sj. Debendra Nath Sen that the demand of Rs. 24,66,000 for expenditure under Grant No. 28, Major Head: 47—Miscellaneous Departments be reduced by Rs. 100 was then put and a division taken with the following result:—

AYES—8.

Bandopadhyaya, Sj. Pramatha Nath.	Chatterjee, Sj. Haripada.
Banerjee, Sj. Sibnath.	Choudhury, Sj. Annada Prosad.
Banerji, Dr. Suresh Chandra.	De, Sj. Kanai Lal.
Bhandari, Sj. Charu Chandra.	Ghosh, Dr. P. C.

NOES—37.

Abdullah, Janab S. M.	Majumdar, The Hon'ble Bhupati.
Banerjee, Sj. Sushil Kumar.	Mal, Sj. Iswar Chandra.
Bhattacharyya, Sj. Shyamapada.	Mallick, Sj. Ashutosh.
Chakravarty, Sj. Satish Chandra.	Mandal, Sj. Bankubehari.
Chaudhuri, The Hon'ble Rai Harendra Nath.	Mandal, Sj. Umesh Chandra.
	Mookerjee, The Hon'ble Kalipada.
Das, Sj. Radha Nath.	Muhammad Siddique, Dr. Syed.
Das Gupta, Sj. Khagendra Nath.	Murarka, Sj. Basantlal.
Dass, Sj. Kanailal.	Naskar, The Hon'ble Hem Chandra.
Dolui, Sj. Harendra Nath.	Panja, The Hon'ble Jadabendra Nath.
Ganguli, Sj. Bepin Behari.	Poddar, Sj. Anandilal.
Gayen, Sj. Arabinda.	Pramanik, Sj. Rajani Kanta.
Gomes, Mr. D.	Rafiuddin Ahmed, The Hon'ble Dr.
Gupta, Sj. J. C.	Roy, The Hon'ble Dr. Bidhan Chandra.
Haldar, Sj. Kuber Chand.	Sen, The Hon'ble Prafulla Chandra.
Mahammad Sayeed Mia, Janab.	Serajuddin Ahammad, Janab.
Mahanty, Sj. Charu Chandra.	Shamsul Huq, Janab.
Maiti, The Hon'ble Nikunja Behari.	Sinha, The Hon'ble Bimal Chandra.
Majhi, Sj. Nishapati.	Zaman, Janab A. M. A.

The Ayes being 8 and the Noes 37 the motion was lost.

Sj. SHEO KUMAR RAI: Sir, in view of the assurance given by the Hon'ble Minister I beg to withdraw my motion.

(There was no objection.)

The motion of Sj. Sheo Kumar Rai that the demand of Rs. 24,66,000 for expenditure under Grant No. 28, Major Head: 47—Miscellaneous Departments be reduced by Rs. 100 was then by leave of the House withdrawn.

The motion of the Hon'ble Kalipada Mookerjee that a sum of Rs. 24,66,000 be granted for expenditure under Grant No. 28, Major Head: 47—Miscellaneous Departments was then put and agreed to.

40—Agriculture and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account.

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: Sir, on the recommendation of His Excellency the Governor I beg to move that a sum of Rs. 2,42,62,000 be granted for expenditure under Grant No. 22, Major Heads: 40—Agriculture and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research.

মাননীয় স্পীকার মহাশয়, কালকে "হিন্দুস্থান" ষ্টাণ্ডার্ড পত্রিকায় ডাঃ নীলরতন ধর মহাশয়ের প্রবন্ধ পড়ছিলাম; তাতে তিনি বলেছেন-আমাদের ভারতবর্ষে বা পাকিস্থানে নানা খাদ্যদ্রব্যের—protein জাতীয়, স্নেহ জাতীয়, খাদ্যদ্রব্যের বড় অভাব, দুধের অভাব, মাছের অভাব, মাংসের অভাব। কাজেই cereals—ধান, গম, যব, জোয়ার, বজরা ভুট্টা ইত্যাদি - যে সমস্ত জিনিষ—তার উপরই আমাদের বেশী নির্ভর করতে হয়। তিনি একটা হিসাব দিয়েছেন, তা যদি মাননীয় সদস্যরা শুনেন তাহলে অনেকেই আতঙ্কিত হয়ে উঠবেন। তিনি বলেছেন—ভারতবর্ষ ও পাকিস্থান যেখানে cereals অর্থাৎ তণ্ডুলজাতীয় খাদ্যদ্রব্য ৬ কোটি টন গড়পড়তায় বছরে হয়, সেখানে দরকার আমাদের ১২ কোটি টনের অর্থাৎ আমাদের ঘাটতির পরিমাণ ৬ কোটি টন। ডাঃ নীলরতন ধর মহাশয়ের এই মন্তব্যের সঙ্গে মাননীয় সদস্যরা একমত হবেন কিনা জানি না, তবে এই শুধু বলতে চাই আমাদের গরীব দেশে যেখানে জীবনযাত্রার মান এত নীচু, সেখানে বেশী করে তণ্ডুলজাতীয় খাদ্যদ্রব্য খাওয়া হয়। মাননীয় সদস্যরা নিশ্চয়ই জানেন U. S. S. R. রাশিয়ায় মাথাপিছু, অর্থাৎ *per capita* দৈনিক ১৯ আউন্স তণ্ডুলজাতীয় খাদ্যদ্রব্য তাঁরা খান কিন্তু U. S. A. যেখানে তণ্ডুলজাতীয় খাদ্যশস্য পর্য্যাপ্ত পরিমাণে হয়, এত বাড়তি হয় যে দেশ বিদেশে পাঠিয়ে দেয়, কোন কোন সময় স্পীকার মহাশয় জানেন নষ্ট করে ফেলা হয়, সেই U. S. A.তে মাথাপিছু দৈনিক ৮·৬ আউন্স মাত্র ৯ আউন্সও নয় তণ্ডুলজাতীয় দ্রব্যাদি তারা খায়। অন্যান্য গরীব দেশে যেমন China, Japan, Turkey এসব দেশে মাথাপিছু ১৬ আউন্স তণ্ডুলজাতীয় দৈনিক তারা খায়। অনেক হিসাবের পর দেখা গেছে আমাদের ভারতবর্ষে মাথাপিছু দৈনিক ১৫ আউন্স পেলে চলতে পারে। আমাদের পশ্চিম বঙ্গে লোকসংখ্যা কত, গণনা শেষ হয়ে গেছে। ঠিক লোকসংখ্যা কত, কেহ বলে ২ কোটী ৮৬ লক্ষ আবার কেহ বলে ২ কোটী ৬৫ লক্ষ। পূর্ব বঙ্গ হতে আশ্রয়প্রার্থী ভাই বোনেরা এসেছেন এবং এখানে বসে গিয়েছেন আবার কেহ কেহ চলেও গিয়েছেন ঠিক যে কত আশ্রয় প্রার্থী থেকে গেছেন আমাদের জানা নাই। বিরুদ্ধ পক্ষ থেকে আমরা শুনছি, কেহ কেহ বলেছেন ৫০ লক্ষ এসেছেন, সরকার পক্ষ থেকে বলা হয়েছে ২৩ লক্ষ এসেছেন। যতই আসুক না কেন পশ্চিম বঙ্গের লোকসংখ্যা ২ কোটী ৪০ লক্ষের উপর—২ কোটী ৫০ লক্ষও হতে পারে—সে সম্বন্ধে কোন সন্দেহ নাই।

এখন এই পশ্চিম বাংলার যেখানে এত লোকসংখ্যা, যেখানে বসতি এত ঘন, যেখানে প্রতি বর্গ মাইলে প্রায় নয় শত লোক বাস করে, যেখানে খাদ্যদ্রব্য এবং protein foodএর ভেতর মাছ, মাংস, স্নেহ-জাতীয় পদার্থ বা দুধ খুবই কম। তরীতরকারী অন্য দেশের তুলনায় কম। ফলও অন্য দেশের তুলনায় আমাদের এখানে কম। আমরা যে একমাত্র চর্বীজাতীয়, স্নেহজাতীয় খাদ্য খাই; বাঙ্গালীরা সরিষার তেল খায় যেটা, তাও পশ্চিম বাংলায় হয় না, তাও অন্য দেশ থেকে আনতে হয়। এবং যা পাই, তাও পর্য্যাপ্ত নয়।

কিছু দিন পূর্বে আমি হুগলী জেলার কয়েকটী গ্রামের তথ্য সংগ্রহ করেছিলাম। যে কৃষকরা কি কি খায়, আরামবাগের কোন কোন অঞ্চলে যেখানে বেশী ধান হয়, তারা সেখানে গড়ে মাথাপিছু ৩২ আউন্স ক'রে চা'ল

খায়—অবশ্য মুড়ি, ভাত ইত্যাদি ধরে। কতকগুলো জায়গায় সাঁওতালরা কি রকম খায়, তার তথ্যও সংগ্রহ করেছিলাম। সেখানে তারা গড়পড়তা দৈনিক ৪০ আউন্স ক'রে মাথাপিছু চাল খায়। অন্য জিনিষপত্রও সেই সাথে খায়—তবে খুবই কম যেমন ইঁদুর, শিকার-করা পাখী ইত্যাদি।

বর্দ্ধমান জেলায় আমি অনেক জায়গায় গিয়েছি। গ্রামের অনেক বাড়ীতে নিমন্ত্রিত হয়েছি ও সেখানে খেতে বসে দেখেছি তাঁরা পর্বত প্রমাণ এক থালা করে ভাত দেন। সেখানে কৃষকেরাও পরিমাণে অনেক ভাত খান। তারা যে দৈনিক গড় পড়তা ৩০।৩২ আউন্স করে খান—এ বিষয়ে কোনই সন্দেহ নাই। আমরা রেশন প্রথা প্রবর্তিত করবার পর কোলকাতা সহরে কখনো প্রাপ্তবয়স্কদের মাথাপিছু ৯ আউন্স দিয়েছি। আর আট বছরের কম যাদের বয়স, তাদের সাড়ে চার আউন্স করে দিয়েছি। আবার কখনো দশ বা বার আউন্স দিয়েছি। কিন্তু বার আউন্সের বেশী গত দু-এক বছরের মধ্যে দেওয়া হয় নাই। যদি ধরা যায় গড়পড়তা মাথাপিছু ১৫ আউন্স করে পশ্চিম বাংলায় দরকার, তাহ'লে দেখা যাবে এই পশ্চিম বাংলার ২ কোটী ৩৫ লক্ষ অধিবাসীর জন্য কম পক্ষে ৪৩ লক্ষ টন চাল আমাদের প্রয়োজন। কিন্তু আপনারা জানেন যে আমাদের normal crop যা হয়, সেটা ৩৬ লক্ষ টনের বেশী হয় না এবং সেই ৩৬ লক্ষ টনেরও সবটা পাই না। তা থেকে বীজের জন্য ও ক্ষয়ক্ষতি বাবদ অন্ততঃ শতকরা দশ ভাগ বাদ দিতে হবে। ৩৬ লক্ষ টন থেকে যদি শতকরা দশ ভাগ বাদ দেই তাহ'লে প্রায় ৩৩ লক্ষ টনের মত পেতে পারি। কাজেই যেখানে দরকার হচ্ছে ৪৩ লক্ষ টন, সেখানে আমরা পাচ্ছি ৩৩ লক্ষ টন। সুতরাং ঘাটতির পরিমাণ দাঁড়াচ্ছে প্রায় দশ লক্ষ টন। এটা খুবই বেশী। এত ঘাটতি সত্ত্বেও আমরা কি করে চালাচ্ছি? আমরা চালাচ্ছি রেশন করে। অনেকে আধপেটা খেয়ে থাকছে, ভরপেট খেতে পাচ্ছে না। পূর্বে যখন রেশন প্রথা চালু হয় নাই, আমি নিজে দেখেছি, আপনারাও অনেকে জানেন, গ্রামাঞ্চলে বর্ষাকালের সময় জুলাই, আগষ্ট, সেপ্টেম্বর মাসে অনেক জায়গায় যারা অত্যন্ত দরিদ্র, ভূমিহীন, তারা দু-বেলা ভাত পেত না, অনেক সময় তারা আধপেট ভাত এক বেলা পেত এবং আর এক বেলা তারা তাল খেয়ে থাকতো। বাল্যকালে বিহার প্রদেশে দেখেছি, রাঙ্গা আলু সিদ্ধ করে দুবেলাই আড়াই মাস তিন মাস ধরে খাচ্ছে। কিন্তু রেশন প্রথা চালু হবার সঙ্গে সঙ্গে বিশেষ করে স্বাধীনতা লাভ করবার পর থেকে জনসাধারণ গভর্ণমেণ্টের কাছে দাবী জানাচ্ছেন আমাদের চাল দিতেই হবে, আমাদের অধিকার, চাল, এটা আমাদের হক্। সেজন্য গভর্ণমেণ্টকে গ্রামাঞ্চলে অনেক চাল পাঠাতে হয়। আগে যখন খাদ্য বরাদ্দের জন্য টাকা মঞ্জুরী চেয়েছিলাম, তখন এ সম্বন্ধে বলেছিলাম যে গত বছর ১ লক্ষ ৩৫ হাজার টন চাল গ্রামাঞ্চলে দিয়েছি রেশন মারফৎ। কাজেই আমাদের দেশকে এই অবস্থার হাত থেকে বাঁচাতে হ'লে, আমাদের অধিক খাদ্য ফলাতে হবে—মাছ, ডিম, দুধ, সরিষার তেল, আখচাষ, তরীতরকারী, আলু প্রভৃতি জিনিষ প্রচুর দেশে তৈরী করা প্রয়োজন। আমাদের মত দরিদ্র দেশের পক্ষে, যে দেশের জীবনযাত্রার মান এত নীচু, সর্ব প্রথম প্রয়োজন তণ্ডুল জাতীয় পদার্থ বেশী করে উৎপন্ন করা। সে দিকে যে শুধু আমাদের দৃষ্টি আছে তা নয়, ভারত গভর্ণমেণ্টও দৃষ্টি দিয়েছেন। ভারত গভর্ণমেণ্ট ১৯৫২ সালের ৩১শে মার্চের মধ্যে তণ্ডুল জাতীয় খাদ্য বিষয়ে স্বাবলম্বী করবার সিদ্ধান্ত নিয়েছেন। ভারতবর্ষের কোন কোন রাজ্য আছে, তাদের বাড়তি শস্য হয়, যেমন উড়িষ্যা, মধ্যপ্রদেশ ও আসাম। এ বছর প্রাকৃতিক দুর্যোগে আমাদের খুব ক্ষতি হয়েছে। পূর্বপাকিস্তানও বাড়তি অঞ্চল। এখান থেকেও কিছু পেতে পারবো। বাংলা ও অন্যান্য ঘাটতি অঞ্চলও চেষ্টা করবে অধিক শস্য ফলাবার জন্য। আমরাও অধিক শস্য ফলাবার জন্য ভারত গভর্ণমেণ্টের এই নীতিকে সম্পূর্ণভাবে মেনে নিয়েছি এবং সে দিকে অগ্রসর হচ্ছি। মাননীয় সদস্যরা শুনলে খুশী হবেন আমরা ১৯৪৭ সালের তুলনায় এদিকে অনেক অগ্রসর হয়েছি, অনেক কাজ আমরা করেছি। কিন্তু কৃষি জিনিষটা আমাদের দেশে বিশেষ করে পশ্চিম বাংলার কৃষি জিনিষটা মস্ত বড় একটা গভীর সমুদ্র। এখানে একটু আধটু কাজ হলে পর আমরা কিছুই টের পাই না। অবশ্য অনেক সদস্য দুঃখ করে বলে থাকেন এদিকে কোনই কাজ হচ্ছে না। আমাদের দেশের বহু লোক সমগ্র জিনিষটা ভাল করে না দেখে, না বুঝে বিরূপ সমালোচনা করেন। আমি জোরের সাথে বলতে পারি এত আশ্রয়প্রার্থী ভাই-বোনেরা আসা সত্ত্বেও আমাদের দেশে দুর্ভিক্ষ হয়নি। তার কারণ আমরা অধিক শস্য ফলিয়েছি। কিন্তু আমরা যদি অধিক শস্য না উৎপাদন করতে পারতাম, তাহ'লে এই যে ২৩ লক্ষই বলুন বা ৫০ লক্ষই বলুন, আশ্রয়প্রার্থী ভাই-বোনেরা এসেছেন, তাঁদের কি করে খাইয়ে বাঁচালাম? তা না হ'লে লক্ষ লক্ষ লোক আজ পশ্চিম বাংলায় দুর্ভিক্ষে মরতো। কিন্তু সেটা আমরা এখানে হ'তে দেব না। আমি এটা কোন প্রচার করবার উদ্দেশ্যে বলছি না। আমি সত্যি বলছি আমাদের বিভিন্নমুখী যে প্রচেষ্টা অধিক ফসল বাড়াবার জন্য, সেটা অনেকাংশে—বহুলাংশে ফলবতী হয়েছে, সার্থক হয়েছে। ১৯৪৭ সালে আমাদের এই পশ্চিম বঙ্গে মোট ৩৪ লক্ষ টন চাল হয়েছিল—আমন, আউশ, বোরো—সব ধরে।

আর এই বছর ১৯৫০ সালে হয়েছে ৩৭·৭৮ লক্ষ টন চাল—সব ধরে। বোরো এবার হয়নি—তবে গতবারের চেয়ে কম হবে না। অর্থাৎ এত বন্যা সত্ত্বেও, কোন কোন অঞ্চলে অনাবৃষ্টি হওয়া সত্ত্বেও এবং সময়মত বৃষ্টি না হওয়া সত্ত্বেও এবং কিছু পরিমাণ জমি—আউশের জমি—পাটের চাষে নিয়ে যাওয়া সত্ত্বেও এবং প্রান্ত জেলাগুলো থেকে বহু মুসলমান ভাইরা গোলমালের সময়ে পাকিস্থানে চলে যাওয়া সত্ত্বেও, তাদের জমি ভাল করে চাষ না হওয়া সত্ত্বেও ১৯৫০ সালে ৩৭·৭৮ লক্ষ টন চাল হয়েছে। এর মধ্যে বীজ ও অন্যান্য কারণে শতকরা দশ ভাগ বাদ যাবে। কোন কোন প্রদেশে শতকরা সাড়ে বারো ভাগ বাদ দেওয়া হয়—বীজও অন্যান্য বাবদে। কিন্তু আমরা কম করে বাদ দেই।

আজ যদি ভূমির দিক দিয়ে দেখি কি পরিমাণ ভূমিতে চাষ করেছি, তাহ'লে বুঝতে পারবো ১৯৪৭ সালের তুলনায় খুব বেশী পরিমাণ না হ'লেও আমরা বেশী পরিমাণ চাষ করেছি। ১৯৪৯-৫০ সালে ১ কোটী ২ লক্ষ ২৭ হাজার একর জমিতে পাট, আউশ ধান ও আমন ধান হয়েছিল। বোরো খুব কম হয়েছিল। ১৯৫০-৫১ সালে ১ কোটী ৪ লক্ষ ১২ হাজার একর জমিতে পাট, আউশ ধান, আমন ধান ও বোরো হয়েছে। অনেকে বলেছেন পাট চাষ করবার জন্য আমাদের ধান উৎপাদনে সমূহ ক্ষতি হয়েছে। কিন্তু আমি দেখাতে চাই যে ধানের জমিতে পাট চাষের জন্য পশ্চিম বাংলার ক্ষতি হয় নাই, বরং লাভই হয়েছে। আমরা যে পাট চাষ করেছি, সেটা নূতন জমি reclaim করে এবং অনেক জায়গায় পাট চাষ করবার পর সেই জমি থেকে আবার ধানও পেয়েছি—যদিও সেটা খুব বেশী পরিমাণ জমিতে নয়। মুর্শিদাবাদ জেলা সম্বন্ধে অনেকের ভুল ধারণা ছিল যে সেখানে এত বেশী জমিতে পাট চাষ হয়েছিল যে তার ফলে গত বছর সেই জেলায় খুব অনুকষ্ট হয়েছিল। কিন্তু মুর্শিদাবাদের যে হিসেব আমার কাছে আছে তাতে দেখা যায় এ বছর গত বারের তুলনায় পাটের চাষ খুব যে কম হয়েছে, তা নয়। ১৯৪৯-৫০ সালে মুর্শিদাবাদে ১·১৩ লক্ষ একর জমিতে পাট চাষ হয়েছিল এবং ১৯৫০-৫১ সালে যদিও বেশী জমিতে পাট চাষ হয়েছিল, বীজ খারাপ হবার দরুণ এবং অনাবৃষ্টির দরুন কোন কোন জায়গায় ভাল অঙ্কুরিত হয় নাই বলে নষ্ট হয়ে গেছে এবং শেষ পর্য্যন্ত ১৯৫০-৫১ সালে মাত্র ১·৫৬ লক্ষ একর জমিতে মুর্শিদাবাদ জেলায় পাট চাষ হয়। মুর্শিদাবাদে আউশ হয়েছিল গত বৎসরে ২·২ লক্ষ একর জমিতে, এ বৎসরে ২·২২ লক্ষ একর জমিতে হয়েছে। আমন গত বৎসর হয়েছিল ৪·৪৫ লক্ষ একর জমিতে, এবার হয়েছে ৪·৫০ লক্ষ একর জমিতে—সামান্য একটু তফাত হচ্ছে। একটা জিনিষ দেখবার আছে, সেটা হচ্ছে এই যে আমরা এতটা পাট চাষ বাড়িয়েছি—১৯৪৭ সালের তুলনায় অনেক বাড়িয়েছি। ১৯৪৭-৪৮ সালে ৬·৪৮ লক্ষ বেল পাট উৎপন্ন হয়েছিল। আর সে জায়গায় ১৯৫০-৫১ সালে প্রায় ১৫ লক্ষ বেল বেশী হয়েছে। কিন্তু টাকার দিক দিয়েও হিসাব করে দেখুন পাট আমরা খেতে পারি না, অধিকাংশ আমরা বিদেশে পাঠাই, তাছাড়া মস্ত বড় একটা পাট শিল্প আমাদের দেশে রয়েছে, সেখানে শ্রমিকেরা কাজ করে টাকা পান উৎপাদন করে তারা—মাননীয় সদস্যরা অবশ্যই জানেন যে ১৯৪৭ সালে ৩০৲ টাকা গড়ে পাটের মণ ধরেছি। ৩৬৲—৩৮৲ টাকাও অনেকে পেয়েছে, কেউ কেউ ৪০৲ টাকাও পেয়েছে। ১৯৪৭ সালে এই রকমভাবে হিসাব করে ১০ কোটি টাকার পাট হয়েছিল। ১৯৫০ সালে ২২ কোটি টাকা চাষীরা পেয়েছে। তাহ'লে ১২ কোটি টাকা অতিরিক্ত পেয়েছে। কাজেই নূতন নূতন জমি আমরা করেছি এবং তাতে আমরা পাট চাষ করেছি। ধানের চাষ আমরা কমাই নাই।

অনেকে বলেন ধানের যা বর্ত্তমান মূল্য তা ঠিক নয় এবং সেই জন্য ধানের চাষ কম হয়। আমি বলবো সেইজন্য চাষ কেউ কম করেই না বরং অনেক বেশী ধান হচ্ছে। আমাদের উৎপন্নের অবস্থাটা যদি বিপ্লবোত্তর U. S. S. R.এর সঙ্গে তুলনা করি তাহ'লে প্রকৃত অবস্থাটা সহজেই বুঝতে পারি। সদস্যরা নিশ্চয়ই জানেন যে রাশিয়ায় বিপ্লবের পরে কি ভীষণ অবস্থা হয়েছিল। ১৯১৯ সালে যুদ্ধের পূর্ব্বে রাশিয়ায় যে পরিমাণ জমি চাষ হ'ত এবং ফসল উৎপন্ন হ'ত তার হিসাবে দেখা যায় ১৯১৯ থেকে ১৯২১ পর্য্যন্ত উৎপন্ন কম হয়েছে। তারপরে ১৯২৫-২৭ পর্য্যন্ত উৎপন্ন বেড়েছে বটে কিন্তু জনসাধারণ বিশেষ লাভবান হয় নাই। কুলোকরাই বেশী লাভবান হয়েছিল। তারপরে ১৯২৮ সালে একটা five years planএর ফলে বেশী করে চাষ হয়েছিল কিন্তু তা সত্ত্বেও ১৯৩১-৩২ সালে দুর্ভিক্ষ হয়েছিল। তার সঙ্গে যদি আমরা তুলনা করি তাহ'লে আমাদের ভারতবর্ষের অবস্থা, এই গণতান্ত্রিক রাষ্ট্রের অবস্থা খুব ভাল এবং আমরা সত্যই অগ্রসর হচ্ছি—চাষের উৎপন্নের দিক দিয়ে। আমি আর একটা কথা বলবো, এই তিন বৎসরের মধ্যে কি পরিমাণ ফসল বাড়াতে পেরেছি আমাদের প্রচেষ্টার দ্বারা—সেই সম্বন্ধে। আমাদের দীর্ঘ মেয়াদী পরিকল্পনার কথা বলবোনা, দামোদর পরিকল্পনা সার্থক হলে কত বেশী পাবো, ময়ূরাক্ষী পরিকল্পনায় কত বেশী পাবো সেটা সেচ মন্ত্রী মহাশয়ের কাছেই পেয়েছেন—আগামী বৎসর ৬০ হাজার টন চাল পাবো এবং আমরা পশ্চিম বঙ্গে তণ্ডুল জাতীয় পদার্থের সম্পূর্ণরূপে স্বাবলম্বী হতে পারবো

আশা করি ১৯৫২ সালের ৩১শে মার্চ। মাননীয় সদস্যদের কাছে এক খণ্ড করে বই পাঠিয়েছি। তাঁরা যদি সেটা পাঠ করেন—আশা করি সেটা সকলেই পেয়েছেন (SOME VOICES : আমরা পাই নাই, আমরা পাই নাই।) না পেয়ে থাকলে পরে পাবেন। যদি সেটা পাঠ করেন, দেখতে পাবেন ছোট ছোট সেচ্ পরিকল্পনার দ্বারা কি রকম কাজ আমরা করেছি এবং তাতে জমির কিরূপ উন্নতি হয়েছে। আর দেশের লোকেরাই বা আমাদের সঙ্গে কি রকম সহযোগিতা করছে। এ বৎসরে ১২ শত পরিকল্পনার কাজ আমরা করছি, তার মধ্যে ১৮০ আর ৪৪—২২৪টা হয়ে গিয়েছে, আর ৬৬০টা হয়ে যাবে আগামী জুন মাসের মধ্যেই এবং আমরা আশা করি এই ১২ শত পরিকল্পনা এই বৎসরের মধ্যেই শেষ করতে পারবো। আমি বহু জায়গায় গিয়েছি, দেখেছি লোকের মনে খুব উৎসাহ এসেছে, যে সব জায়গায় ফসল হত না সে সব জায়গায়ও ফসল হচ্ছে এবং তারা খুব আনন্দ করছে এবং বোধ হয় তারা বেশ সুখী। এখন আমাদের ১৯৪৯ সালে যে নানা প্রকারে শস্য বাড়ানর প্রচেষ্টা—তার মধ্যে ধান চালই ধরুণ—৩৩·৪ হাজার টন অতিরিক্ত খারিফ শস্য আমরা পেয়েছি আমাদের প্রচেষ্টার দ্বারা। আর রবি শস্য পেয়েছি ৭৫ হাজার টন। আর ১৯৫০-৫১ সালে সেখানে আমরা আমন ধান পেয়েছি ৮৪,৮৬৪ টন। আর রবি ফসল পেয়েছি ৮৯,৬৯১ টন। আর গম ৭·৪ টন। ১৯৫১-৫২ সালে খারিফ অর্থাৎ আমন ধান পেয়েছি ১·৫৪ লক্ষ টন। আর রবি ফসল পেয়েছি ১·৭২ লক্ষ টন, এর মধ্যে ১০ হাজারের উপর হচ্ছে গম। কাজে-কাজেই আমরা এগিয়েছি। আমাদের দেশে এত আশ্রয়প্রার্থী আসা সত্ত্বেও আমরা দরিদ্রতর হই নাই এবং আমরা অতিরিক্ত শস্য উৎপাদন করেছি। তার ফলে অবশ্য ভবপোট কোলকাতা বা গ্রামের লোক খেতে পারে নাই। উত্তর বঙ্গে এবং পশ্চিম বঙ্গের কোন কোন জায়গায় একটু মূল্য বৃদ্ধি হয়েছে। ১২ কোটি টাকার পাট বিক্রি করে যে বেশী অর্থ পেয়েছি জলপাইগুড়ি ও কুচবিহারে পাট চাষ বেশী দেওয়া হয়েছে, কাজেকাজেই যত বেশী টাকা আসবে সেখানে জিনিষের দামও সেখানে একটু বেশী বাড়বে। আমরা ১৯৫২ সালের মার্চের মধ্যে ময়ূরাক্ষী পরিকল্পনা, কৃষি বিভাগের ও সেচ্ বিভাগের সম্মিলিত প্রচেষ্টায় খাদ্য আত্ম-নির্ভরশীল পরিকল্পনা অনুযায়ী ১$\frac{১}{২}$ লক্ষ টন চাল অধিক উৎপাদন করতে পারবো এবং অতিরিক্ত ১০ হাজার টন গম করতে পারবো। এ ছাড়া অন্যান্য রবি শস্য করতে পারবো ১·৬ লক্ষ টন। এর মধ্যে আউশ ফসল বেশী এবং ক্রমেই ভাল হচ্ছে। আমরা বহু পুকুর সংস্কার করেছি। মাননীয় সদস্যরা নিজেদের জেলার খবর রাখেন। আমরা tractorও অনেকগুলি করেছি এবং এই tractorগুলি খুব ভাল। আমাদের পশ্চিম বঙ্গে বিস্তর অনাবাদী জমি রয়েছে। আমাদের যে ১৪ লক্ষ একর জমি রয়েছে তা সব আবাদযোগ্য সত্যই নয়। কারণ মাননীয় সদস্যেরা জানেন বন এবং জঙ্গল খুব বেশী আমাদের নাই। বিশেষজ্ঞেরা বলে থাকেন শতকরা ২২ থেকে ২৫ ভাগ বনের আয়তন হওয়া উচিৎ, কিন্তু আমাদের মাত্র ১৪ থেকে ১৫ ভাগ জঙ্গল আছে। কাজেকাজেই আমাদের যে ১৪ লক্ষ একর পতিত জমি আছে তা যদি আমরা সব চাষ করি তাহ'লে আমাদের সর্বনাশ হবে, আমরা ভূমির ক্ষয় নিবারণ করতে পারবো না। আর একটা জিনিষ—কৃষির যদি উন্নতি করতে চাই, গোচর ভূমিরও দরকার হবে এবং fodder-এরও ব্যবস্থা করতে হবে। কাজেকাজেই সমস্ত জমি যদি শস্য উৎপাদনের জন্য নিয়োগ করি তাহ'লে ভবিষ্যতে আমাদের সর্বনাশ হবে। Tractor দিয়ে আগামী বছর কাজ করে ১৫ হাজার একর জমি বোধ হয় উদ্ধার করতে পারবো। আজকাল বহু লোকের চাষের দিকে দৃষ্টি গিয়েছে এবং ভাল কাজ তারা করছে, কারণ এখন শস্য উৎপাদন করলেই এত লাভ হয় যে সকলেই শস্য উৎপাদন করবার দিকে দৃষ্টি দিয়েছে। তারপরে আমরা যে শস্য উৎপাদন করেছি তাতে শুধু foodএর জন্যই করেছি তা নয়, ভাল বীজও করেছি। বর্দ্ধমানে আমরা Governmentএর একটা নূতন farm করেছি। ১৬ মাসের মধ্যে সেখানে বেশ ভাল কাজ হয়েছে। হরিণঘাটা farmএ শুধু যে dairy করেছি তা নয় সেখানে চাষবাসও করাচ্ছি। মালদহেও একটা তিন শত একর, এ ছাড়া ১০০বিঘা চাষীর জমিতে farm হয়েছে। এইভাবে অনেকগুলি demonstration centreও করেছি। এবং বাইরের লোকদের ভাল বীজ দিচ্ছি এবং সমস্ত দেশের মধ্যেও ভাল বীজের পরিমাণ বাড়িয়েছি যাতে দেশের ফসলের উৎপাদন বৃদ্ধি পায়, ভাল বীজ ও উপযুক্ত সারের দ্বারা তার চেষ্টা আমরা করছি। সর্বোপরি চাই সদস্য মহাশয়দের ও জনসাধারণের সহযোগিতা। এই সহযোগিতা যত বেশী পাবো ততই আমরা আরো বেশী করে ভাল কাজ করতে পারব।

এই সার সম্বন্ধে এখানে একটা কথা বলা প্রয়োজন। এমোনিয়া সালফেট দিলে নিশ্চয়ই কাজ ভাল হয়। কিন্তু তারজন্য বিদেশে যেতে হয়। আমাদের দেশের সহজ সার যে compost সার এবং কলকাতার sludge সার তার ব্যবহারে ফলন বেশ বেড়েছে এবং কৃষকরাও এ সম্বন্ধে সচেতন হয়েছেন।

আমরা demonstration farm আগামী বছর ২০০টি করবো। গত বছর ১০০টি ছিল। আমাদের রংপুরে ভাল আলুর বীজ হয়। সেই বীজ cold storageএ রাখা হয়। সেই বীজ ব্যবহার করে চাষীরা খুব ভাল ফল পেয়েছে। কাঠাপ্রতি সেখানে ফলন তিন মণ বেশী হয়েছে। মাননীয় সদস্যরা জানেন পশ্চিমবঙ্গে তৈলবীজের চাষ খুব কম হয় এবং অন্যান্য প্রদেশ থেকে আনতে হয়, সকল প্রদেশেই এখন অধিক ফসল ফলাও আন্দোলন আরম্ভ হয়েছে কাজেই তৈলবীজ বা খোল আমরা বেশী পরিমাণ পাচ্ছি না। আমরা Government থেকে subsidised rateএ oilcakes কিছু দিয়েছি তাতে খুব উপকার হয়েছে। যে সমস্ত সার নষ্ট হচ্ছে সেগুলি ঠিকমত বেশী করে যদি ব্যবহার করি তাহলে শাকসব্জী খুব ভাল হবে এবং শস্যের ফলনও খুব বাড়বে। আমরা লোকদের উৎসাহ দিবার জন্য prize পুরস্কারের ব্যবস্থা করেছি। প্রত্যেক থানায় সব চেয়ে বেশী ধানের চাষ যারা করবে তাদের prize দেওয়া হবে। শুনলে মাননীয় সদস্যরা খুব সুখী হবেন যে কি রকম ভাল ফল আমরা পেয়েছি এই prize দেওয়ার জন্য। আপনারা একটু ধৈর্য্য ধরে শুনুন কি রকম ফল আমরা পেয়েছি এবং কত লোক এই competitionএ যোগদান করেছিল। আমি দুই-একটি জেলার গ্রামের নাম যদি বলি তাহলে আপনারা অনেকে জানতে পারবেন এবং তারাও শুনলে সুখী হবে। শ্রীমদন মোহন চৌধুরী, বীরভূম police-stationএ ৫৭ মণ ৩৮ সের ধান উৎপাদন করেছে এক একরে এবং prize পেয়েছে। শ্রীকিশোরী মোহন মণ্ডল আসানসোলের কাছে আনুয়ারপুর গ্রামে ৫৭ মণ ২০ সের ধান এক একরে উৎপন্ন করেছে। শ্রীতারকনাথ ভুঁইয়া police-station ৫৭ মণ ১১ সের ধান উৎপন্ন করেছে এক একর জমিতে। আর এক জন ৫৬ মণ ১২ সের ধান উৎপন্ন করেছে এক একর জমিতে। One মাহাতো মেদিনীপুরে উৎপন্ন করেছে ৫৫ মণ ৩১ সের। আর একজন শ্রীহরিপদ (বাঁকুড়া) ইনি করেছেন ৫৪ মণ ৩১ সের। বসন্ত কুমার মণ্ডল, ডায়মণ্ড হারবার, করেছে ৫৪ মণ ২৫ সের, কমলাকান্ত মণ্ডল (বাঁকুড়া) করেছে ৫৪ মণ ২৪ সের। বীরভূম করেছে ৫৪ মণ ২০ সের। মুর্শিদাবাদে তারাপদ মণ্ডল করেছে ৫৩ মণ ৩০ সের। আমি আরও অনেক তথ্য শোনাতে পারি কিন্তু detailsগুলি বলছি এজন্য যে, মাননীয় সদস্যদের অনেকের এ সম্বন্ধে ভুল ধারণা আছে যে, আমাদের অধিক শস্য ফলাও আন্দোলন সুন্দর ও সুষ্ঠুভাবে হচ্ছে না। আলু চাষ সম্বন্ধে এরকম ব্যবস্থা হয়েছে যে আমরা ৪টী prize দেব ১,৫০০৲ টাকা করে। এ বছর কালনা মহকুমার শ্রীমান বলাই মণ্ডল, খবর এসেছে, ৪৭০ মণ ১১ সের আলু করেছে এক একরে। তারপর আমাদের plant protectionএর কাজ খুব ভাল হচ্ছে। যেমন হাসপাতালে injection, টীকা নিতে লোকে আগে ভয় পেতো তেমনি plant protection এই কাজের ভেতরও লোকে ভয় পেতো। কিন্তু সে জিনিষটা এখন লোকেরা ভালভাবে বুঝেছে যে এভাবে কাজ করলে তার ফল ভাল হবে, জমির উন্নতি হবে, ধান্য জমির উন্নতি হবে, লোকে বুঝতে পেরেছে এবং আমাদের কাজও ভালভাবে হয়েছে এবং ফলনও বেশী হচ্ছে। মাননীয় সদস্যদের অনেকে জানেন বানর এবং হনুমান দ্বারা ফসল নষ্ট হচ্ছে। এজন্য আমরা ব্যবস্থা করছি। আমাদের চাষীভাইদের একটা কুসংস্কার আছে যে এদের মেরে ফেলা উচিত নয়। কিন্তু তারা পরীক্ষামূলকভাবে একটা squad করেছে—৮ জন লোক যারা কাজ আরম্ভ করে দিয়েছে। অনেক হনুমান তারা মেরেছে এবং private partyকে উৎসাহ দিয়েছে টাকা দিয়ে হনুমান মারার জন্য। এদিক দিয়েও আমাদের কাজ অগ্রসর হচ্ছে। আমাদের অধিক ফলাও আন্দোলন মোটামুটি বল্লাম। আরও অনেক কথা বলবার ছিল কিন্তু সময়াভাবে হল না। তারপর আমাদের Director of Agriculture নানারকম experiment করে বিভিন্ন প্রকার বীজ আনছে। তার পরীক্ষার ফল খুব ভাল হয়েছে। কিছুদিন পূর্ব্বে আমি সোনারপুরে গিয়েছিলাম, সেখানে ৪০।৫০ square mile জলা জমিতে water-logged জমিতে সেই বীজ ব্যবহার করে বেশ ভাল ফল পাওয়া গেছে। বর্দ্ধমানে এবং হাওড়া জেলাতে এর পরীক্ষা করেছি তাতেও বেশ ভাল ফল পেয়েছি, এ সমস্ত জায়গায় যে ফল পেয়েছি তাতে আশা হয় বড় বড় scheme করে তার পূর্ণরূপ না দিতে পারলেও কিছুদিন পরে এই সমস্ত জায়গায় ধানের আবাদ করতে পারব। তারপর অন্যান্য শস্য যাতে আমাদের দেশে বেশী করে হয় তার ব্যবস্থা করেছি। ২০ বছর পূর্ব্বে মাদ্রাজ থেকে আমরা আকাঠি এনেছিলাম। সে অনেক নষ্ট হয়ে গিয়েছে। নানারকম অবনতি হয়েছে। আমরা নূতন করে চেষ্টা করছি গত বছর থেকে, যাতে আক চাষের উন্নতি হয়। আমরা তৈলবীজের কাজ একটু একটু আরম্ভ করেছি বেশী অগ্রসর হতে পারিনি। আর একটি নূতন জিনিষ করেছি। মাননীয় সদস্যরা অনুগ্রহ করে সেখানে যাবেন, বেশী দূরে নয় এই টালিগঞ্জে একটি Research Institute খোলা হয়েছে। সেখানে খুব ভাল কাজ হচ্ছে। আমাদের হরিণঘাটায় যে কাজ হচ্ছে সে সম্বন্ধে অনেকের মনে ভ্রান্ত ধারণার সৃষ্টি হয়েছে। অনেকের ধারণা কয়েক লক্ষ টাকা খরচ করেও

বিশেষ কোন কাজ হয়নি। এই Governmentএর আমলেই সেখানে কাজ আরম্ভ হয়, কিন্তু হরিণঘাটা farm কেন করা হয়েছে সে সম্বন্ধে অনেকের মনেই ভ্রান্ত ধারণা আছে। হরিণঘাটায় আমরা যে সমস্ত গরু এনেছি তাতে আমার মনে হয় কিছু দিনের মধ্যেই পশ্চিম বাংলার লোককে দুধ খাওয়াতে পারব। হরিণঘাটায় যে কাজ আমরা আরম্ভ করেছি তার ফল ভালই হচ্ছে, আশা করি, আগামী বছর ফল আরও ভাল করতে পারব। মাননীয় সদস্যরা বোধ হয় আর বেশী শুনতে চান না। অনেকেই বক্তৃতা দেবেন, আমার যা কিছু আরও বলবার আছে পরে বলবো।

Adjournment.

The House was then adjourned at 7-28 p.m. till 3 p.m. on Tuesday, the 20th March, 1951, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Tuesday, the 20th March, 1951, at 3 p.m.

Present:

Mr. Speaker (the Hon'ble ISWAR DAS JALAN) in the Chair, 10 Hon'ble Ministers and 56 members.

DEMANDS FOR GRANTS.

40—Agriculture and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research outside the Revenue Account.

Sj. HARIPADA CHATTERJEE: Sir, I beg to move that the demand of Rs. 2,42,62,000 for expenditure under Grant No. 22, Major Heads: 40—Agriculture and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research be reduced by Rs. 100.

Sir, I move this motion to raise a discussion about the want of definite scheme and policy for the improvement of agriculture.

Sj. PRAMATHA NATH BANDYOPADHYAY: Sir, I beg to move that the demand of Rs. 2,42,62,000 for expenditure under Grant No. 22, Major Heads: 40—Agriculture and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research be reduced by Rs. 100.

Sir, I move this motion to raise a discussion about the inefficient workings of the department.

Sj. CHARU CHANDRA BHANDARI: Sir, I beg to move that the demand of Rs. 2,42,62,000 for expenditure under Grant No. 22, Major Heads: 40—Agriculture and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research be reduced by Rs. 100.

Sir, I move this motion to raise a discussion about the failure of the Government to adopt adequate measures for the improvement of the cattle.

Sir, I beg also to move that the demand of Rs. 2,42,62,000 for expenditure under Grant No. 22, Major Heads: 40—Agriculture and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research be reduced by Rs. 100.

Sir, I move this motion to raise a discussion about the policy of the department.

Sj. KANAI LAL DE: Sir, I beg to move that the demand of Rs. 2,42,62,000 for expenditure under Grant No. 22, Major Heads: 40—Agriculture and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research be reduced by Rs. 100.

Sir, I move this motion to raise a discussion about the futility of the Grow More Food Campaign notwithstanding heavy expenditure over that head.

Sir, I beg also to move that the demand of Rs. 2,42,62,000 for expenditure under Grant No. 22, Major Heads: 40—Agriculture and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research be reduced by Rs. 100.

Sir, I move this motion to raise a discussion about the failure to render effective assistance to the rural agriculturists.

Sir, I beg further to move that the demand of Rs. 2,42,62,000 for expenditure under Grant No. 22, Major Heads: 40—Agriculture and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research be reduced by Rs. 100.

Sir, I move this motion to raise a discussion about the policy of the Government for improvement of cattle and milk supply in the State.

Janab MUDASSIR HOSSAIN: Sir, I beg to move that the demand of Rs. 2,42,62,000 for expenditure under Grant No. 22, Major Heads: 40—Agriculture and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research be reduced by Rs. 100.

Sir, I move this motion to raise a discussion about the inefficiency of the department and the failure of the Government to introduce co-operation in agriculture.

Sj. CHARU CHANDRA BHANDARI: Sir, I beg to move that the demand of Rs. 2,42,62,000 for expenditure under Grant No. 22, Major Heads: 40—Agriculture and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research be reduced by Rs. 100.

Sir, I move this motion to raise a discussion about the Grow More Food Programme.

Sj. HARIPADA CHATTERJEE : সভাপাল মহাশয়, দেখা যাচ্ছে যে, পুলিসের প্রতি যেরকম এঁরা করুণা বর্ষণ করেছেন এতবড যে একটা দমস্যাময় সময় খাদ্য সম্বন্ধে তবু কৃষিবিভাগের প্রতি সে করুণাটুকু বর্ষণ এঁরা করেননি। তার কারণ দেখা যাচ্ছে আমাদের Development Programmeএ কৃষিতে যে ব্যয় হচ্ছে তাতে পাচ্ছি ৪·৭৪, কিন্তু পুলিস,—তার আবার কি Development Programme আছে তাতে দেখছি ৩·৩৯। আবার New Schemeএর বেলায় আমাদের যা খরচ হচ্ছে সেখানে পুলিস পাচ্ছে ১৪·৭৪ আর কৃষি পাচ্ছে ·৬৯। তার মানে ভাবলে মনে হয় আমরা চিরকাল গালাগাল করতাম লীগ আমলে কৃষি বিভাগ বা জাতিগঠনমূলক যে কোন বিভাগের প্রতি তাঁদের যা দরদ ছিল তা বিমাতার স্নেহ ছাড়া আর কিছু নয়। সুতরাং এখনও লীগের উত্তরাধিকারী এই সরকার সেই মাথামোটা ব্যবস্থাই তো চালু করেছেন, প্রায় প্রতিটি বিভাগেই খরচ বাড়িয়েছেন; পুলিস বিভাগেও তাই করেছেন, সাধারণ বিভাগেও তাই করেছেন, কিন্তু কেবল কৃষির বেলায় খরচটা কমিয়েছেন। দেখা যাচ্ছে অবিভক্ত বাংলায় ১৯৪৬-৪৭এ ৩ কোটি ৩০ লক্ষ ৫৮ হাজার টাকা খরচ হয়েছিল যেখানে, সেখানে বিভক্ত বাংলায় ১৯৫১-৫২ সালে পুলিসের খরচ যা হচ্ছে তা তার চেয়েও বেশী। তারপরে যে টাকাটা কৃষি বিভাগে এবা খরচ করছেন তাও কিভাবে খরচ হচ্ছে দেখা যাক্। দেখা যাচ্ছে মাইনে দিতেই প্রায় সব টাকা সাবাড়। Directionএ ১৯৪৬-৪৭এ খরচ ১ লক্ষ ৬৭ হাজার টাকা আর এটাতেই ১৯৫১-৫২ সালে ৩ লক্ষ ১১ হাজার টাকা। তারপরে superintendenceএ ১৯৪৬-৪৭ সালে ৫ লক্ষ ২৩ হাজার টাকা আর খালি বিভক্ত বঙ্গে ১৯৫১-৫২ সালে ৫১ লক্ষ ৩০ হাজার টাকা তার মধ্যে Grow More Foodএর ৩০ লক্ষ টাকা যদি বাদ দিই তাহলেও বিরাট খরচ দাঁড়ায়। অবশ্য Grow More Food নামটা তো উঠিয়ে দিয়েছেন, কারণ grow more food করতে গিয়ে লোকের কাছে যেরকম একটা অত্যন্ত বিরক্তিকর মনোভাবের সৃষ্টি করেছেন—সেজন্য আবার এখানে নাম করেছেন "Intensive Food Production Scheme". তারপরে দেখা যাচ্ছে Superintendence Schemeএ ২১ লক্ষ ৩০ হাজার টাকা মোট ব্যয়, তারও কোন বিস্তারিত হিসাব পাওয়া যায় না। যে হিসাব ওরা দেন তাতে detail লিখে কিছু দেন না। সাধারণ বিভাগে যে ২ কোটি ৪২ লক্ষ ৬২ হাজার

টাকা দেখা যায় এটাকার মধ্যে pay, allowances of officers and staff, and grow More Foodএর জন্যই সব টাকা ব্যয় হয়ে গিয়েছে। এই তো ব্যবস্থা। আমরা লীগের আমলে প্রায়ই বলতাম যে তাঁরা প্রিয়জনপোষণ নীতি আরম্ভ করেছেন আর election propagandaর জন্য বেশী ব্যয় করছেন। সুতরাং দুর্নীতি সম্বন্ধে যদি গাল দিতে হয় তাহলে এখন যা হচ্ছে—দেখা যাক্—সেটাই বা কতদূর পর্য্যন্ত গড়িয়েছে। এই দুর্নীতির একটা বিষয় আলোচনা করলেই দেখা যাবে যে সেটা লীগ আমলকেও হারিয়েছে। এঁরা যা করছেন —বেশী দূর যেতে হবে না, আমার জেলা একটা সমস্যাময় জেলা বলতে হবে, কারণ, সেখানে বাস্তহারা যারা এসেছে তাদের বসান নিয়ে এঁরা কি করছেন সেটা দেখলেই চলবে। আমাদের ওখানে Union Agriculture Officer কি করছেন দেখুন। Famine Reliefএর টাকাটা তাঁর হাত দিয়ে খরচ হয়। Denial Policyর সময়কার নৌকা তৈরীর একটা ব্যাপার আমরা দেখেছি,—আম কাঠ, জাম কাঠ প্রভৃতি যতসব বাজে কাঠের যেমন তেমন করে নৌকা তৈরী করত যা নাকি জলে ভাসত না। এঁদেরও সেইরকম লাঙ্গল তৈরীর ব্যাপার দেখছি। আমার জেলায় ৪০ হাজার বাস্তহারাকে ওঁরা সংখ্যালঘুদের পরিত্যক্ত বাড়ী এবং জমিতে বসিয়েছেন, বসাবার দায়িত্ব ওঁরাই নিয়েছেন। Famineএর টাকাটা ওঁরা (A voice : Famine-এর টাকা কি?) Relief rehabilitationএর টাকা অর্থাৎ তাদের বসানোর জন্য যে টাকা —এই টাকা বিলি করবার ব্যাপার; সেটা সম্বন্ধে শুনুন,—প্রতিটি পরিবার প্রতি প্রথমে দেবার কথা ৯৲ টাকা করে, পরে ৫০৲ টাকা করে। এই যে দেবার ব্যবস্থা এটা ঐ Union Agriculture Officerএর সুপারিশেই ঘটে; প্রায় ৬৪ লক্ষ টাকা এদের সুপারিশে বিলি হয়েছে; লাঙল তৈরীর ভারটা ওদেরই ওপর; ১ লক্ষ টাকার উপর লাঙ্গল এরা বিলি করেছে। সেদিন আমি সহরের রাস্তায় দাঁড়িয়ে আছি, পাশে কয়েকটি লোক হাসতে আরম্ভ করল। আমি জিজ্ঞাসা করলাম "হাসছো কেন"; তারা বলল তাকিয়ে দেখুন না, এই যেসব "আম-জাম গাছের লাঙ্গল বোঝাই হয়ে যাচ্ছে লবি করে বাস্তহারাদের জন্য"। ওগুলো এমনই জিনিষ যে চেপে ধরলেই মট্ করে ভেঙ্গে যায়। এই তো গেল ওদের লাঙ্গল দেবার ব্যাপার। তারপরে বীজ; কোথা থেকে যে এই সব বীজ আমদানী হয়েছে জানি না, যে বীজ তাদের দিয়েছে তাতে গাছ জন্মায় না। অবশ্য আর যেসব বীজ দিয়েছেন তার সঙ্গে পাটের বীজও আছে, আর আছে মেস্তা। কোথা থেকে কাকে দিয়ে যে আনয়ন করেছেন মেস্তার গাছ চার আঙ্গুলের উপর বাড়ে না। মোটের উপর ৪০ হাজার বাস্তহারা পরিবারকে অন্ততঃ পক্ষে এক একর করে জমি দিয়েছেন ভাগ করে। ৪০ হাজার বাস্তহারা পরিবার প্রায় ১লক্ষ ২০ লক্ষ বিঘা জমি চাষ আবাদ করতে পেয়েছে। (Interruptions.) কি বলছেন? আমাকে বলতে দিন। আপনাদের যোগ্যতার সীমা পরিসীমা নেই। কোন জমিতে কি ধরণের বীজ দিতে হবে, তার ধারণাও এই বিভাগের নেই। সরকার যে বীজ দিয়েছেন তাহতে গাছ জন্মায় না। আউশের ধানের জমিতে আমন ধানের বীজ দেওয়া হয়েছে। তার মানে কিছুই হয় নি। তারপর বাণাঘাটে আর এক কাণ্ড। মন আষ্টেক মূলার বীজ দেওয়া হল কিন্তু মাঠে কোথাও একটা মূলাও গজাল না। কোথা থেকে এসব বীজ তারা পাচ্ছেন। League আমল থেকে তারা কৃষি বিভাগে লোক কর্ম্মচারী রেখেছেন বেশী, খরচা বেড়েছে, কর্ম্মচারীও বেড়েছে, কিন্তু তাদের কর্ম্মক্ষমতাও এই রকম। ১৯৫০ সালের বাজেট Sessionএ আমার বন্ধু, মন্ত্রিবর বলেছিলেন যে ১৯৫১ সালের ডিসেম্বর মাসের মধ্যে পশ্চিম বঙ্গে চালের যে ঘাটতি আছে, সেটা পূরণ করতে পারবেন—পাঁচ ধারা কর্ম্ম-পদ্ধতি অবলম্বন করে। একটা হচ্ছে—Grow More Food. দ্বিতীয় হচ্ছে পাট ও তুলা উৎপাদন বৃদ্ধি করা। আর তৃতীয় হচ্ছে—extension of service. চতুর্থ—Research work. আর পঞ্চম হচ্ছে —agricultural marketing. এ সম্পর্কে গত এক বছরে তিনি কি করেছেন? Research work বিষয়ে তিনি বলেই রেখেছেন, ভাল কাজ চলছে না। তারপর Extension of Service—সেটা খুব ভালই করা হচ্ছে। আর Grow More Foodসম্বন্ধে কেবল publicityর glamour সৃষ্টি না করে যদি প্রকৃতই এই অধিক ফসল ফলনের দিকে দৃষ্টি দিতেন—একাজের দিকে জোর দিতেন—তাহলে বাস্তবিকই খাদ্য সমস্যা অনেকটা সমাধান করতে পারতেন। কারণ আমাদের যে মোট জমি আছে—প্রায় ৯৩ লক্ষ ৩২ acre তার দশ ভাগ ফলনও যদি বাড়াতে পারতেন—আর সেটা খুব অসম্ভব ব্যাপারও নয়,—তাহলে আমরা অন্ততঃ ধান সম্পর্কে স্বয়ংসম্পূর্ণ হতে পারতাম। আর যদি বিজ্ঞানসম্মত উপায়ে কাজ করতেন, তাহলে আমি মনে করি আমাদের যত লোক এখানে আছে—পূর্ববঙ্গ হতে যারা এসেছে—এবং পূর্ববঙ্গ থেকে আরও এক কোটি লোকও যদি আসত,—সকলের খাওয়ান সম্ভবপর—এই পশ্চিম বঙ্গ থেকে Palestine একটা মরুভূমির মত দেশ—সেখানে বিজ্ঞানসম্মত উপায়ে চাষ করে যদি সোণা ফলাতে পারে, তাহলে সুজলা সুফলা বাংলা দেশে আমরা!

তা পারব না কেন? কিন্তু সেদিকে তাঁরা দৃষ্টি দেন না--চলেছেন সেই League আমলের মত নিশ্চিন্তমনে গদিতে বসে ভাবছেন। সব ঠিক আছে। Statement ঝাড়ছেন, আর statistics দিচ্ছেন —এত ton অত ton। কিন্তু প্রকৃত অবস্থা কি, তারাই বুঝছেন, যাদের পেটে খাবার নেই। যাই হোক —নিশ্চিন্তে আরামে চোখ বুজে থাকবার সময় এটা নয়। আমাদের যে cultivable waste land আছে—বিশ হাজার ১৯ হাজার acre—সেখানে যদি তারা seriously কাজ করতেন—তাদের প্রতিশ্রুতি কর্ম্মপদ্ধতি follow করতেন এবং সংকল্প গ্রহণ করতেন দেশের লোকের খাদ্য-সমস্যা দূর করবেনই করবেন, তাহলে দেশের লোকের বুকে তারা উৎসাহ সঞ্চার করতে পারতেন—এই অকেজো কতকগুলি কর্ম্মচারীর সংখ্যা বৃদ্ধি না করেও। অথচ তারা কর্ম্মচারীর সংখ্যা বাড়িয়ে খরচের পরিমাণও বাড়িয়ে যাচ্ছেন, কিন্তু কাজ কিছুই হচ্ছে না। অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট—too many cooks spoil the dinner. তারপর Agriculture Departmentর বিভিন্ন বিভাগে friction লেগেই আছে। এ বলছে আমি বড়; উনি বলছেন আমি বড়। এ বলছে, আমি করব; ও বলছে উনি করবেন। যদি কতকগুলি অকেজো লোক না রেখে সুদক্ষ কার্য্যক্ষম আবশ্যক পরিমাণ লোক রাখা হত, তবে কাজ হত এবং বহু কাজ করা যেত। তারপর Agricultural Marketing—এখানেও কিছুই তারা করছেন না। Agriculture Marketing যে জিনিষপত্র যদি তা চাষীরা পেত, তাহলে চাষীরা উৎসাহিত হত। সে দিকে কি ব্যাপার বুঝা যায় না মন্ত্রিবন্ধুবর কথায় কথায় বলেন যে চাষীরা পয়সা পেলে inflation হবে। ফলে জিনিষের দাম বেড়ে যাবে। কিন্তু তাদের বুঝা দরকার চাষীরা যদি ন্যায্য পয়সা না পায়, কাজে তাদের উৎসাহ হবে না। তারপর অত্যাচার ভোগ ছাড়া চাষীর শস্য বাঁচাবার উপায় নেই। এবং যদি কিছু বাঁচায়, তখন procurementর অত্যাচার আছে। এই procurement policyর মধ্যে কোন logic আছে জানি না। ঘাটতি অঞ্চলে ধান দিয়েছি অতএব সেখানে Procurementএর জুলুম নেই। যুক্তি মন্দ নয়। Syllogismর middle term এখানে নেই। যার পাঁচ মণ আছে, পাঁচ মণই কেড়ে নেওয়া হয়। সেটা কি জুলুম নয়? সেখানে তারা খাবে কি? লোকের প্রকৃত অবস্থা তারা বুঝবেন না। কেবল টান্, টান, আওড়ালেই দেশের খাদ্য ও কাপড়ের ব্যবস্থা হয়ে যায় না।

আমি সামান্য কিছু বলতে চাই—ধানের দর সম্বন্ধে। প্রথমেই আমি বলতে চাই—ওঁরা যতই বলুন না কেন, কিছুতেই ওঁরা চাষীর মনে উৎসাহ জন্মাতে পারবেন না যতক্ষণ না চাষীদের মনে এই বোধ, এই ধারণা জন্মে যে জমির মালিক তারা। এটা প্রথম নম্বর। দ্বিতীয় নম্বর ধানের যে জমি সে চাষ করবে, সে জমি তার হবে তারপর তৃতীয় কথা হচ্ছে তাকে উপযুক্ত মূল্য দিতে হবে। এই উপযুক্ত মূল্য সম্বন্ধে এই বইখানা দিতে পারি,—India Governmentর Report of the Prices Sub-committee—Sri Krishnamacharia's report এটা পড়লে বুঝতে পারবেন, অন্য দেশে—U.S.A., Canada, Australia—প্রভৃতি জায়গায় কি হচ্ছে। এটা যদি না করেন, তাহ'লে চাষীরা খাবার ফসল—করবে না। আমি U. S. A.র কথা বললাম। তারপর U. S. S. R.—রাশিয়ায় যেটা ভাল হচ্ছে—সেটা ওরা বলবেন না। কেবল Kullock কি করছে সেটাই তারা বলছেন। কিন্তু ওখানে Bankএ যাদের টাকা আছে দশ কোটি—তাদের যে ten times কমিয়ে দিয়েছে, সেটা তাঁরা বলছেন না। Inflation বন্ধ করার এটাই হচ্ছে প্রধান জিনিষ। যে রকম অসুখ—তার সেই রকম চিকিৎসা। কাজেই ভারতের, আমাদের দেশে যে বিরাট সমস্যা তাতে তারা চাষী ও জনসাধারণের সমর্থনে ও সহযোগিতায় কাজ করুন। খাদ্য ব্যাপারে আমরা সহযোগিতা করতে প্রস্তুত। কিন্তু কি ভাবে সহযোগিতা সম্ভব? তারা যে কাজ করছেন—যেন গলায় ফাঁসি দিয়ে হাতে poultice দিতে লেখেছেন। এতে হবে না। গলার ফাঁসির দড়ি কাটতে হবে। যাদের প্রচুর টাকা আছে—সেই টাকা কমিয়ে দেন। এটাই প্রথম করণীয়। সেখানে তাঁরা কি করছেন? কিছু করবার সাহস তাঁদের নেই। গরীব চাষীর পাঁচ মন ধান কেড়ে নিতেই তাঁরা জানেন। রাশিয়ার কথা তাঁদের ভাল লাগে না। না হয় বাদ দিলাম। U. S. A.—যাকে তাঁরা follow করছেন, সেখানে তারা কি করছে? United Kingdom কি করছে? এই রকমে প্রত্যেক জায়গায় চাষীদের এইভাবে অনুপ্রাণিত করা হয়, উৎসাহিত করা হয়। আর আমাদের প্রভুরা এখানে সেটা কেন বুঝতে পারছেন না জানি না। তাই আজ সকল জায়গায় সরকারের উপর চাষীদের যে ঘৃণার ভাব এসেছে তা বলা যায় না। যদি প্রত্যেকটী ব্যাপার ভালভাবে আলোচনা ক'রে দেখা যায়, তাহ'লে দেখা যাবে আসলে যত গোলমাল সরকারই করছেন।

(Blue light was shown)—আর কিছু সময় চাই।

Mr. SPEAKER: You can take any time as you like. There are other speakers besides you. It is to your interest that you should be brief. Please go on.

Sj. HARIPADA CHATTERJEE : তারপর চাষীদের আর একটা difficulty আছে—সেটা আপনাদের জানা উচিত। চাষীদের একটা অসুবিধার কথা এখানে উল্লেখ করব। নবদ্বীপ—এক লক্ষ লোকের সেখানে বাস। সেখানে যে চাষীরা চাষকরে তারা চাষ ছেড়ে দেবে ঠিক করেছে। নবদ্বীপের চাষীদের সমস্ত চাষের জমি বর্দ্ধমানে। নবদ্বীপের পরই বর্দ্ধমান। তাদের চাষের জমি থেকে ধান আনতে দেওয়া হবে না। অজুহাত cordoned area. অথচ নবদ্বীপে ration প্রথা চালু নাই। Modified ration যা আছে তা নিয়মমত দেওয়া হয় না। এবং যাদের চাষের জমি আছে তাদের কোন rationই দেওয়া হয় না। একটা ঘটনা এখানে mention করব—নাম করে বলতে চাই না। একজন লোক—সে ভদ্রলোক—নবান্নের জন্য নিজের জমির ধান—ধান নয়, ধানের গোছা—নিতে গেলে তার কোমরে দড়ি বেধে থানায় নিয়ে গেল—এ সব কি অত্যাচার !

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: কি বল্‌লেন--ধান নেয় নি ?

Sj. HARIPADA CHATTEREE: ভাল করে শুনুন। নবান্নের জন্য তার নিজের জমির ধান নিজে আনছিলেন—কোমরে দড়ি বেঁধে তাকে থানায় নিয়ে গেল। আর সেটা modified rationed area—যেখানে ধানের জমি আছে এই কথা Ration Cardএ লেখা থাকলে তাকে modified rationএর সামান্য যা চাল কালেভদ্রে দেওয়া হয় তাও দেওয়া হবে না।

আমি রাণাঘাটের কথা বলছি। সেখানে তারা বললে আমরা তিন সপ্তাহ মাত্র চাল পেয়েছি। এই খবর যদি সত্য হয় যে তিন মাসের মধ্যে একজন লোক মাত্র ২ সের চাল পেয়েছে। এই যদি সেখানকার অবস্থা হয়, তাহ'লে তারা খাবে কি ? লোককে জোর করে smuggle করতে বাধ্য করা হয়। সুতরাং তারা চাল smuggle করে খাচ্ছে। আজ সমস্ত জিনিষের উপর এই রকম একটা বিশৃঙ্খলা চরমভাবে দেখা দিয়েছে। এই সমস্ত বিষয়ের প্রতি তিনি যদি নজর দিতে না পারেন, তিনি যদি কোন প্রতিকার করতে না পারেন, তাহ'লে কিছুতেই কিছু হবে না। তাঁদের দৃষ্টিভঙ্গি সম্পূর্ণ বদলাতে হবে। যদি বদলাতে না পারেন, তাহ'লে ছেড়ে দিন মন্ত্রীত্বের গদি। যদি জনসাধারণের অন্নবস্ত্রের সমস্যা সমাধান করতে না পারেন, তাহ'লে কি করতে ওখানে বসে আছেন ? তাঁদের জোর করে ঐ স্থান অধিকার করে বসে থাকবার কোন প্রয়োজন নেই। খাদ্যমন্ত্রীকে আমি বন্ধু হিসাবে বলছি, যে আজ দেশের এই চরম সমস্যার সম্মুখীন যদি হতে হয়, তাহ'লে তিনি উৎসাহ, শক্তি, উদ্যম নিয়ে এগিয়ে আসুন, তবেই সকল সমস্যার সমাধান হবে, নচেৎ এই দুর্নীতি দমন করবার আর কোন পন্থা নেই। তিনি যদি এই সমস্ত জায়গায় না যান, কিছু না দেখেন, তাহ'লে কি করে হবে। এটা তাঁর বোঝা উচিত যে চাষীদের দুরবস্থা কি রকম। চাষীরা ধান উৎপন্ন করে খায়। কিন্তু তিনি বলে দিলেন যে মাত্র কতকগুলি চাষী আছে যারা ধান উৎপন্ন করে খায়, আর বাকী সব লোক চাল কিনে খায়—এটা সম্পূর্ণ ভুল।

এখন আমি ধানের দর সম্বন্ধে কিছু বলে শেষ করব। পাঁচটি জায়গায় Government of India থেকে statistics নেওয়া হচ্ছে। এই centreগুলি কোথায় কোথায় আছে বলছি—কপটী আসামে, কেন্দ্রাপাড়া উড়িষ্যায় আছে, বিহারে পুনিয়া এবং বাংলা দেশে মনোহরপুর ও বেলাকোহা। এই প্রতিটি centreএ গড়ে ৪০টি ছোট বড় family নিয়ে ধানের কি পড়তা দর পড়ে ধান তৈরী করতে এবং ধানের কি দর সেখানে পাওয়া যায় তার একটা গড় ভাল করে প্রস্তুত করা হয়েছে। আজ আমার বেশী সময় নেই, তা নাই'লে সব দেখিয়ে দিতাম। সামান্য সামান্য কিছু বলছি। এই সমস্ত centreএর, average price per maund ১৯৪৮ সালে ১৩৲ টাকা ৫ আনা ছিল এবং ১৯৪৯ সালে ১৩৲ টাকা ১৩ আনা ছিল। আর average cost of production of paddy including rent in cash and kind, ১৯৪৮ সালে ১২৲ টাকা ৩ আনা খরচ পড়ে ছিল। অবশ্য এর মধ্যে কেন্দ্রাপাড়া এবং পুনিয়ায় ধানের উৎপাদন পড়তা খুব কমই ছিল। পুনিয়ায় মাত্র ৬৷৷৶৩ পড়ে ছিল। এই সমস্ত ধরে ১২৶৩ average price of প্রতি মণ ধানের উৎপাদন পড়তা ১৯৪৮ সালে বলা হয়েছিল। Averageএ ৪০টি family নিয়ে এবং human labour, cattle labour, seed, manure, rent ইত্যাদি সমস্ত ধরে ১৯৪৯ সালে গড়ে ধানের উৎপাদন পড়তা প্রতি মণ ১৩৲ টাকা ৪ আনা খরচ হয়েছে। সুতরাং কোথা থেকে, কে ৪৲ টাকা প্রতি মণ খরচ হয়েছে বলেছে, সেইটা মন্ত্রী মহাশয় খালি ধরে দেখাচ্ছেন।

আমাদের নদীয়া জেলায়, সেখানে ধানের উৎপাদন পড়তা প্রতি মণ ১২৲ টাকা খরচ পড়ছে। সুতরাং সেখানকার চাষীরা যদি এই ১২৲ টাকাও না পায়, তাহলে কেন সে চাষ করে ধান উৎপাদন করবে? বলুন, আপনারা ধান চান—না, চান না? আপনাদের বর্ত্তমান নীতির ফলেই আজ খাদ্যসমস্যার সৃষ্টি হচ্ছে। চাষী ধান চাষ করবে, তাকে তার ন্যায্য মূল্য দিতে হবে, তা না হ'লে সে ধান চাষ করবে না। আপনারা কাপড়ের সঙ্গে ধানের তুলনা করেছেন। কিন্তু কাপড়ের মূল্য ধরার সময় সব চাইতে যে মিলের পড়তা দর বেশী পড়ে, সেই মিলের দর ধরা হয়। তাতে যে মিলের পড়তা খরচ কম হয় তাদের লাভ বেশী হয় অথচ যার পড়তা বেশী হয় তারও লোকসান হয় না। কিন্তু ধানের বেলায় গড় করে এই রকম করলে যার পড়তা খরচ বেশী পড়ে তার লোকসান হবে এবং সে তাহ'লে ধান করবে কেন? কিম্বা কোথায় একটা সর্ব্বনিম্ন ৪৲ টাকা দর পেয়েছেন—সেটা standard ধরে ধানের পড়তা দর ধরলেও হবে না। আমার নিজের farmএ যারা ধান করে তাদের ভিন্ন ভিন্ন জমিতে ভিন্ন ভিন্ন পড়তা পড়ে দেখেছি। আমি নিজে এদের account দেখি এবং Chartered Accountant দিয়ে হিসাব audit করাই। এক এক জায়গায় এক এক রকম পড়তা পড়ে। সুতরাং তিনি যেভাবে হিসাব নিয়ে কাজ করছেন তাতে হবে না। যে চাষীর যে রকম পড়তা পড়ে তা দেখে একটা subsidy দেওয়া উচিত। চাষীরা যদি তাদের উৎপন্ন ধানের ন্যায্য মূল্য না পায়, তাহ'লে তারা কিছুতেই আর ধান উৎপন্ন করবে না, যেমন পাটের ব্যাপারে হয়েছে।

(Here red light was shown.)

Mr. SPEAKER: Your time is up.

Sj. HARIPADA CHATTERJEE: আমাকে আর একটু সময় দেবেন। আর দু-একটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

গভর্ণমেণ্ট থেকে পাট control করে চাষীদের ঠকান হ'ল। চাষীরা পাট ৩৫৲ টাকা দরে বিক্রয় করতে বাধ্য হ'ল। আর পাট decontrol হওয়ায়, পাটের দর ৭৫৲—৭৫৲ টাকা হয়ে গেল। এখন এই বেশী টাকাটা বড় বড় মজুতদাররা ও মিল মালিকরা পেল, চাষীরা কিছুই পেল না। এখানে যদি একটা parity price না থাকে, ধানের দর যদি পাটের দরের অনুপাতে না হয়, এবং পাটের দর যদি ৭৫৲—৭৫৲ টাকা হয়, তাহ'লে ধান আর কেউ চাষ করবে না, সবাই পাট চাষ করবে এবং এক গুরুতর অবস্থার সৃষ্টি হবে। বর্ত্তমানে তিনি যা করছেন তাতে জাতির সর্ব্বনাশ ও অকল্যাণ করছেন। তিনি যে বারুদের স্তূপের উপর বসে আছেন, তাতে তিনিও উড়বেন এবং তাঁর সাথে আর অন্য সবাইকেও ওড়াবেন।

Janab MUDASSIR HOSSAIN: Mr. Speaker, Sir, I have listened with close attention to the speech which was delivered yesterday by the Hon'ble Minister for Food and Agriculture. Sir, his speech is a close demonstration of the Bengali adage "কানা, ভানা, সোনা তিন জনা পথ পায় না।" *Kana* means one who cannot see, does not know which way to go and gropes in darkness. *Bhana* is one whose eye is in good condition but still his eye-sight is so very defective that he cannot see. *Shona* is one who goes on the way according to the direction given by another man. These three qualities, these three essential qualities or rather these defects are found in the speech of the Hon'ble Minister in charge of the Agriculture Department and I shall presently show, Sir, that the figures which he has quoted are all nonsense and I shall quote in this connection from the book "Prospectus for Agriculture in West Bengal" published by the Department of Agriculture, Forests, Fisheries, Irrigation and Waterways, Government of West Bengal, 1949, under the signature of our Hon'ble Premier of West Bengal on the 12th February, 1949. Sir, agriculture is divided into two parts—animal husbandry and production of food. As regards the condition of animal husbandry, I shall quote from page 13 of the book referred to by me—

"If numerical strength were the only criterion for assessing resources of livestock, West Bengal would not be considered badly off. Production capabilities are however exceedingly poor. It would be seen that West Bengal had 27·46 lakhs of bulls and bullocks, 3·6 lakhs of buffaloes and just

over 37,000 cows and she-buffaloes employed in cultivation and other active work. A certain percentage of this stock is used for draught purposes alone. Assuming that about 30 lakhs of such cattle are available for purposes of cultivation, we get just over 4 acres of land per head of plough cattle. Judging from the quality of cattle in many other countries and provinces, this would represent a substantial surplus, because a pair of cattle ought to be able to serve much more than 8 acres of gross area in a year. Here again for want of adequate fodder, pasture grounds, etc., the cattle of this province have suffered in vitality with the result that they are nearly always a heavy liability to the cultivator instead of being a covetable asset." It goes on further: "Cattle are of short stature, weak and inefficient. Cows are poor milkers, late maturing and irregular calvers. Buffaloes, though comparatively good milkers, produce here less quantities of milk as compared to other provinces. Goats produce good quality meat and hides; but the quantities of milk, meat and hide per animal are low. Hens and ducks are small in size and produce only a small number of small-sized eggs per annum. Inefficient animals are uneconomic to maintain, and we can ill-afford to keep such animals with the limited food resources at our disposal. What we need is a fewer number of more efficient animals."

Sir, this is the state of animal husbandry in our province. I know that I shall have to finish soon because the guillotine is coming. Still as this is a very important subject it behoves us, it behoves everybody, if we wish to improve the condition of the State of West Bengal, that it should be our aim to put the animal husbandry of West Bengal on a sound basis. I find from the prospectus or from the statement which has been delivered by our honourable friend that nothing has been done to improve the present state of things which is going from bad to worse——.

(At this stage the blue light was on.)

Mr. SPEAKER: Mr. Mudassir Hossain, today is the last day of the budget and you must remember that it will not be possible for me to give more time.

Janab MUDASSIR HOSSAIN: Sir, this will perhaps be my last speech in this House. The next election is coming and I may not come again or I may die—I am an old man. So I pray I may be given some more time to make my statement.

Sir, the Royal Commission on Agriculture, 1926, stated about this animal husbandry: "Having regard to the very poor quality of the grazing available, and to the fact that it fails to afford adequate maintenance for cattle at the season of the year when fodder grown on cultivated land is scarcest, we are of opinion that this number of cattle is a heavy stock for land to carry. If the cattle are to yield a profit which would be accepted as satisfactory in countries where stock-keeping is strictly economic, the bullocks would require to be fully employed, the cows to be of a heavy milking strain and the manure to be carefully conserved and returned to the land." Sir, this was written in 1926. The Commission further observed that cattle were not only excessive in number but also generally extremely poor in quality; a good few indigenous breeds existed in the country, but they too were affected by the process of deterioration that was at work. Since the Commission reported, conditions have not materially improved, and now a determined effort seems necessary to place the industry on a high level of efficiency. And I am now suggesting how this high level of efficiency can be attained. "Cattle improvement has been the principal object of the organisation of co-operative cattle breeding societies in India. At present there are about 824 such societies in British India of which 739 are in the Punjab. The

objects of a typical society are: to improve the breed, purchase and sell improved stock and educate members especially in the breeding of cattle. It is binding on members now to allow their animals to be served by any bull other than the one selected by the society or the Veterinary Department. .....The Society maintains a record of all stock and of progeny of each pedigree bull and milk records of animals bred for milk production. Rural credit societies also assist in cattle improvement by advancing loans to their members for purchase of cattle of superior breed while some of the more efficient among them maintain a pedigree bull. A co-operative society with limited membership working with small resources and unskilled personnel and depending largely on State subsidy to maintain its stud bulls, cannot shoulder a task which requires systematic effort involving a studied selection of breeds that are to be propagated in the area, the supply over a period of a sufficient number of pedigree bulls to serve all the cattle in that area and the elimination of all bulls not required for breeding. In our opinion it is the duty of the State to undertake this work of selecting breeds and supplying bulls in sufficient numbers. For this purpose it should establish cattle farms, first, in the principal cattle-rearing areas, and, later, in other areas. To eliminate scrub bulls and other bulls not required for breeding it should enact legislation providing for the compulsory castration of such animals over a certain age and should entrust this work to the Veterinary Department."

Sir, this is all my suggestion but it is not from me but from great economists of India. This is so far as animal husbandry is concerned. (At this stage the member reached his time-limt.) May I have a few minutes to conclude my speech?

Mr. SPEAKER: Mr. Hossain, I am sorry I cannot give you more time. Today being the last day of the budget I cannot do so. You can as well wait for another opportunity to speak on this subject some day in future.

Before I call upon other speakers I wish to mention that today is the last date for the voting of demands for grants. There are as many as 14 heads of demands under which no fewer than 37 cut motions are still there for disposal. In conformity with the previous practice I fix that the House will sit today up to 8-30 p.m. and I also fix that the guillotine will be at 7-30 p.m. Thereafter I shall put all outstanding questions without any debate. I hope members on my both sides will try to be brief in their speeches so that the business may be finished before the time for guillotine arrives.

Sj. CHARU CHANDRA BHANDARI : মাননীয় স্পীকার মহাশয়, আমাদের দেশ কৃষিপ্রধান দেশ। সে দিন পশু বিভাগ সম্পর্কে বলতে গিয়ে বলেছিলাম এখানে ১৭ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। যদি প্রকৃত কাজ হত এবং ঠিক দিকে চলত তাহলে ১৭ লক্ষের জায়গায় এক কোটি টাকা দিতাম--আমরা আরো আনন্দিত হতাম। কৃষি এবং পশু বিভাগ সম্বন্ধে একই কথা খাটে। কৃষি এবং পশুর উন্নতির উপরেই আমাদের দেশের কল্যাণ নির্ভর করে। ওরা যেমন পশু বিভাগেও বেশী টাকা দেন নাই কিন্তু কৃষি বিভাগে যে টাকাটা ব্যয় হত অবিভক্ত বাংলায় এখন $\frac{১}{৩}$ অংশ বাংলায়ও ব্যয় হচ্ছে সেই ৩০ লক্ষ টাকা। (A VOICE FROM THE GOVERNMENT BENCHES : তাহলে ত বেশীই ব্যয় হচ্ছে।) অবশ্যই হচ্ছে, তবে এই যে ব্যয় swell করেছে কিন্তু এর দ্বারা প্রকৃত health development হয় নাই, কৃষির প্রকৃত উন্নতি হয় নাই। সেদিন মন্ত্রীমহাশয়ের বক্তৃতা যখন শুনেছিলাম তখন যেন মনে হয়েছিল, কৃষি বিভাগের এমন উন্নতি সাধন হয়েছে, intensive food production schemeএ এমন উন্নতি সাধন হয়েছে, যেন country is overflowing with milk and honey. তাঁর সঙ্গে যদি একমত হতে পারতাম তাহলে খুবই সুখী হতাম কিন্তু তা নয়। এই যে swelling হয়েছে এটা হচ্ছে dropsical swelling প্রকৃত health

development হয় নাই। তারপরে তিনি বলেছেন যে jute productionএর অত্যন্ত বেশী জমি দেওয়া সত্ত্বেও cereal production--ধানের production—অনেক বেশী হয়েছে। এই সম্বন্ধে তিনি figure যে কোথা থেকে পান আমি জানি না। এই সব figure যে নির্ভরযোগ্য নয় এবং তাঁদের মনের কথাও নয় তা তাঁদের দেওয়া figure থেকেই দেখছি। বর্ত্তমানে দেশের লোককে wheat and wheat product খাইয়েই রাখা হচ্ছে, ধান যদি বেশী হত তাহলে সংগ্রহ করতে যদি নাও পারতেন অন্ততঃ সংগ্রহের চেষ্টা বেশী করে করতেন। এই যে বইখানা আমাদের দেওয়া হয়েছে তাতে দেখি "Statement showing estimated financial results of important schemes of Government involving transactions on a commercial or semi-commercial nature". তার ৭ পৃষ্ঠায় এই যে হিসাব আছে তা থেকে দেখা যায় যে ১৯৫০-৫১ সালে আর বর্ত্তমান বৎসরে revised estimate অনুসারে তাঁরা যে ধান্য সংগ্রহ করতে চেয়েছিলেন বা করছেন সেটা ২৮ কোটি ৫২ লক্ষ টাকা কিন্তু এই ধান বেশী হওয়া সত্ত্বেও আগামী বৎসরের জন্য ১৯৫১-৫২ সালের জন্য যা রেখেছেন সে হচ্ছে ২৬ কোটি ৪৫ লক্ষ টাকা অর্থাৎ ২ কোটি টাকার ধান্য সংগ্রহ কম হবে। যদি এমন হত যে ধান বেশী হবে বা সমান হবে তাহলে অন্ততঃ আগামী বৎসরের সংগ্রহের জন্য যে বরাদ্দ তা ২৮ কোটি ৪২ লক্ষ টাকা থেকে ২ কোটি টাকা কম থাকতো না। যদি আপনাদের scheme এই থাকতো যে বেশী গম খাওয়াবেন চাল বেশী খাওয়াবেন না তাহলেও না হয় বুঝতে পারতাম কিন্তু তাও ত নয়। যে বৎসর শেষ করলেন সেই বৎসরের value of stock at the beginning of the year রয়েছে ১৯৫১-৫২ সালে চালের stock ৪কোটি ৮২ লক্ষ টাকা থাকবে। তার কারণ কম production হলেই কম procurement হবে এবং stock depleteএর হিসাব করে এ বৎসরের শেষে দাঁড়াবে মাত্র ৫৭ লক্ষ ৫৪ হাজার টাকা, অর্থাৎ sufficient stock থাকবে না। তাঁর দেওয়া figure থেকেই এটা প্রমাণ হচ্ছে যে ধান বেশী হয় নাই এবং সেই জন্য procurement যা করছেন তাও বেশী নয়। Procurement সম্বন্ধে যে বলবেন--আমরা procurement করতে চাই না তা নয়, যে সমস্ত স্থানে procurement হত না সে সমস্ত ক্ষেত্রেও তাঁরা procurement করছেন এবং খুব stringent measures নিয়ে monopoly procurementএর চেষ্টা করছেন। তারপরে jute production এবং grow more food schemeএ আদৌ জমি বাড়িয়েছেন কিনা এবং খাদ্যদ্রব্য খুব বেশী উৎপাদন হচ্ছে কিনা সন্দেহ, কারণ আমার কথা যে ঠিক তার কারণ all-India figure থেকে যে impression পাওয়া যায় তাতে দেখা যায় যে grow more food campaignএর যতটা আশা করা গিয়েছিল ততটা হয় নাই। Reserve Bank of India Bulletinএ জানুয়ারী সংখ্যায় যা লেখা আছে তা পড়ছি, সেটা হচ্ছে—

"Reserve Bank of India Bulletin".

"Although the Grow More Food Campaign has been in operation for the last 8 or 9 years, no sustained increase in food production in India has occurred. Actually food production has shown a small decline on comparison with the past years' output despite rise in acreage under food crops which reflects a decline in yields. Although adverse weather conditions contributed to the decline in food production the achievements of the Grow More Food Campaign have been extremely limited."

এবং তার যে figure আমরা দেখছি তা থেকে এই জিনিষটাই প্রমাণিত হয় যে grow more food campaign বা intensive food productionএর যে ফল সেটা আদৌ ভাল হয় নাই। আমি একথা বলবো যে তাঁরা যে প্রকারে যে methodএ অগ্রসর হচ্ছেন--তাঁরা নাকি যেভাবে সার বিলি করছেন, বীজ বিলি করছেন,--আমি বলবো এর মধ্যে কোন scheme নাই, এর পিছনে কোন planning নাই। কতকগুলি basic factor আছে তার উপর কোনরূপে এই রকম intensive food production schemeকে base করা উচিত। সেই সমস্ত basic factorকে তাঁরা avoid করে যাচ্ছেন। প্রথমে দেখুন আমার দেশে যে জমি আছে সে জমির সার কি? কোন্ খাদ্য বা শস্য বা কোন্ জিনিষটা তাতে ফলান যাবে সেইটা দেখতে হবে। সেখানকার জমি কিরকম,--সে জমি rocky soil, না sandy soil, না alluvial soil না শক্ত জমি সেগুলি পরীক্ষা করে দেখতে হবে। এ পর্য্যন্ত তা করা হয় নাই। আর Agriculture Departmentও আমাদের দেশে সব চেয়ে ignorant, যেমন আমাদের দেশের লোকেরা ignorant তারাও সেই রকম ignorant. Soil study তাদের একেবারেই নাই। কোন্ কোন্ soilএ কোন্ কোন ফসল

উৎপন্ন হতে পারে এবং কি রকম সার দিলে তাতে অন্যান্য ফসলও উৎপন্ন হতে পারে সেইভাবে soli study করে তবে কোন intensive food production scheme করা উচিত। তা না করলে যে failure হবেন তাতে সন্দেহ নাই—the scheme is doomed to failure.

আমি আর একটা কথা বলছি। আমাদের খাদ্যমন্ত্রীর অবগতির জন্য আমি তাঁর department থেকে জানতে পেরেছি যে ammonium sulphate কোন জমিতে দেওয়া হয়েছে সে জমিতে calcium যদি না থাকে তাহলে জমি নষ্ট হচ্ছে। ওর Officer বলেছেন আমাকে ammonium sulphate দিতে, তাঁকে আমি বললাম আর কি দেবো? তিনি বললেন খইল দিতে। খইল দিলাম তাতে জমি আরো নষ্ট হয়ে গেল। সৌভাগ্যের বিষয় সে জমিটা রাস্তার জন্য acquire হয়ে গিয়েছে। তাঁরা জানেন না কোন জমিতে কি সার দিতে হয়। ফলে জমি আরো খারাপ হয়ে যায়। সুতরাং আমি যা বলেছি soil study যদি ভাল করে না করা হয় তাহলে বিপরীত ফল হবে। ধরুন, বাঁকুড়ার মত জমি, বীরভূমের মতন যে জমি সেটা বর্দ্ধমানের জমি নয়, ২৪-পরগণাতেও সে জমি নয়, কোন জমিতে কোন্ জাতীয় সার দিতে হবে এসব study ওর department এ কিছুমাত্র নাই, এবং সেই জন্যই যে কোন scheme করেন বা demonstration করে ২ কোটি ৪২ লক্ষ টাকা যে ব্যয় করেন তাতে দেশের কিছু উন্নতি হয় না। তারমধ্যে ১ কোটি ৩৯ লক্ষ টাকা ব্যয় করেছেন demonstration এবং propagandaর জন্য। কি demonstration দেখাবেন? যে ammonium sulphate দিয়ে জমির salinity নষ্ট হয়ে যাবে সেই basic জিনিষগুলি না করে যদি এই সব করেন তাহলে ফল উল্টো হবে। ধানের কথা ছেড়ে দিলাম। ধরুন ডাল আমাদের দেশে ভাল হয় না। কোন্ জমিতে কি কি সার দিলে সেটা হওয়া সম্ভব, যেসব sandy জমি আছে ৫।৬ ইঞ্চি খুড়লেও বালি পাওয়া যায় তাতে কি উৎপন্ন হতে পারে,—experiment করে দেখতে হবে। Pulses ছাড়াও সরিষা আমাদের দেশে হয় না। ওর department থেকে কোন রকম scheme হয়েছে কিনা soil পরীক্ষা করে যার উপর base করে অগ্রসর হওয়া চলে। যেমন ২৪-পরগণায় সব রকম pulses হতে পারে কিন্তু বাঁকুড়া, বীরভূম থেকে আরম্ভ করে সুন্দরবন পর্য্যন্ত ভাল করে soil পরীক্ষা করে দেখা উচিত কোন্ জমিতে কোন্ সার দিলে সরিষা হতে পারে এবং সেটা চাষীদের দেখিয়ে দিলে তারা করতে পারে।

একটি কথা এই Reserve Bank Bulletinএ বলা হয়েছে যে সমস্ত প্রদেশে যে grow more food problemএর কথা বলা হচ্ছে সেখানে publicityর দিক থেকে glamour, জাঁকজমকের দিকেই বেশী নজর। তার সঙ্গে আমি একমত। আমি বলব যে ৫৫% এর বেশী খরচ এই demonostration and propogandaর জন্য খরচ হচ্ছে। তাতে এই কথা বলা হয়েছে "Programme of intensive food production is being directed with greater attention to publicity and glamour than to actual production". এ জিনিষটা এতে প্রমাণিত হয়ে যায়।

দ্বিতীয় কথা manuring. এই যে মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন এত মণ ধান হয়েছে এক একরে অমুক জায়গায় ৪০।৫০ মণ ধান হয়েছে, এ দ্বারা প্রকৃত অবস্থা বুঝা যায় না। মাননীয় প্রফুল্লবাবুও জানেন আমরাও জানি ইংরেজ আমলে Agriculture Officerরা যখন যেত কাজ দেখবার জন্য তখন তারা বলত অমুক জায়গায় vegetable gardenএ এত কফি হয়েছে—এটা exhibitionএ prize দেবার জন্য করা হতো। এটা দ্বারা দেশের চাষের যে খুব উন্নতি হয়েছে এটা বলা ভুল। বলা যায় না the country is overflowing with honey and milk. এই বলে বড় ভুল কথা হবে। এত বড় কৃষিপ্রধান দেশে agriculture সম্বন্ধে এমন একটা complacent mood থাকা ভাল নয়। তারপর ধানের জমিতে manure —সার দিবার কথা। আমি বলতে পারি যে ৫০% ধানের জমিতে কোন সার দেবার ব্যবস্থা নেই। যাকে rice nursery বলে সেখানে সার দেওয়া যেতে পারে। কারণ জমি বাঁধবন্দী না হলে এবং তাতে সার দিলে জল হলে সেই সার অন্য জমিতে চলে যাবে। সুতরাং irrigationএর ব্যবস্থা না করে সারের ব্যবস্থা করা যাবে না। অন্ততঃ ধান সম্পর্কে। সুতরাং যদি collective farming বা Co-operative farmingএর ব্যবস্থা না করা যায়, তাহলে চাষীরা নিজেদের বুদ্ধিবশতঃ যে জমিকে বাঁধবন্দী করে তাতে সারের ব্যবস্থা করবে তা আশা করা যায় না। এত টাকা খরচ করে সার দেবে, বৃষ্টির জন্য তা অন্যের জমিতে চলে যাবে তা হতে পারে না। আমি challenge করছি শতকরা ৮০ ভাগ জমিতে এরকম সার দেবার ব্যবস্থা নাই। আমি যা বলব—সেই basic factor study না করে যদি কোন scheme করা যায় that is doomed to

Manure সম্বন্ধে একথা বল্লাম। তারপর fertiliser সম্পর্কে ammonium sulphate সম্বন্ধে কোন গবেষণার কোন ব্যবস্থা নাই। অথচ টাকা প্রতি বছর খরচ হচ্ছে দেখতে পাচ্ছি। গত বছর ১২ হাজার ৭ শত টাকা খরচ, এ বছর ১৩ হাজার টাকা research করার জন্য ধরা হয়েছে। এই research scheme is financed jointly by State Government and the Central Government. আমিতো বলেছি কোন কিছুই হয়নি। তারপর গবেষণার কাজ--যে জমিতে calcium থাকবে এই সব পরীক্ষা করবার জন্য কোন যন্ত্রের জিনিষপত্র নাই। তারপর বাংলা দেশে যদি কোন scheme for manuring করতে হয়, সেখানে ammonium sulphate. দোহাই আপনাদের এ জিনিষটা ব্যবহার করবেন না। কারণ কোন্ soil কি রকম না জানলে জমির সর্বনাশ হয়ে যাবে। আমাদের দেশে manuring সম্পর্কে যদি কোন scheme করা যায় তাহলে গোবরকে কি করে কাজে লাগান যায় সেটা দেখা দরকার। যদি এমন একটা আইন করা যায় যে গোবর কেহ পোড়াতে পারবে না এবং যাদের পোড়াতে হয় তাদের nominal priceএ যদি কয়লার ব্যবস্থা করে দেওয়া যায় তাহলে compost সার সম্পর্কিত scheme successful হবে।

তৃতীয় কথা হচ্ছে পোকা মাকড় সম্পর্কে study করবার জন্য seriously একটা scheme নিন। Entomologist রাখা উচিত। সেসব ব্যবস্থা কিছু নাই। seriously বিষয়টা নিচ্ছেন না। কাজেই গবেষণা কি করে হবে তা বুঝতে পারি না। এবার আর একটা জিনিষ উল্লেখ করবো। খাদ্যমন্ত্রীমহাশয়ের দৃষ্টি এদিকে আকর্ষণ করছি। ডায়মণ্ডহারবার অঞ্চলে আমি গিয়েছিলাম। শুনি সেখানে নাকি চেঁকি গ্রেপ্তার করা হয়েছে। আমি প্রথমে বিশ্বাস করিনি চেঁকি গ্রেপ্তার করা হচ্ছে—এটা আবার কি রকম। বিভিন্ন গ্রামের কর্মীকে জিজ্ঞাসা করেছি। "যুগান্তরের" মত একটা বড় কাগজে একটা editorial বেড়িয়েছে এই সব চেঁকি গ্রেপ্তার করে বিভিন্ন থানায় নিয়ে যাওয়া হয়েছে। সেখানে লোকেরা আতঙ্কিত হয়েছে। "যুগান্তরে" এত বড় একটা কাগজে editorialএ লিখেছে তাতে categorically বলা হয়েছে—অমুক অমুক থানায় দেখতে পাওয়া গেছে যে চেঁকি গ্রেপ্তার করে রাখা হয়েছে। এই সম্পর্কে খাদ্যমন্ত্রী বা অন্যান্য সংশ্লিষ্ট মন্ত্রীদের উচিত ছিল এটাকে contradict করা যদি এটা সত্যি না হয়। আর এটা যদি সত্যই হয় তাহলে আমার মনে পড়ে East India Co.র আমলে তাঁতীদের আঙ্গুল কাটা হয়েছিল—সেটাকে আমাদের স্মরণ করিয়ে দেয়। এ বিষয়ে কাগজে একটা statement দেওয়া উচিত ছিল। লোকে আতঙ্কিত হয়ে গেছে।

আর একটা কথা যে সমস্ত department technical তাতে Technical Director হওয়া উচিত। বর্ত্তমানে Agricultural Departmentএ যিনি Director হয়ে এসেছেন তিনি একজন scientist হতে পারেন কিন্তু agriculture সম্বন্ধে তাঁর কোন জ্ঞান নেই।

হরিণঘাটাতে যে টাকাটা ব্যয় করছেন সেটা যথাযথা ব্যয় করছেন। সেখানে গরু রেখেছেন; সেই গরুর দুধ থেকে মাখন তুলে skimmed milk করে তা লোকের কাছে বিক্রী করছেন। এই টাকাটা তাঁরা অনর্থক ব্যয় করছেন। কারণ সেখানে কোন cattle breedingএর ব্যবস্থা নেই। গরুর উন্নতি সম্পর্কে দুই একটি কথা বলছি। আপনারা scheme করছেন ভাল কথা কিন্তু গ্রাম দেশে কি হচ্ছে? আজকাল artificial insemination successful হয়েছে। নানারকম breeding, যেমন cross-breeding, এসব হয়েছে কিন্তু আপনারা এই সব breedingএর কি করছেন? হরিণঘাটাতে একটা farm করে রেখেছেন কিন্তু সেখানে কোন কাজ হচ্ছে না। আমি একথাই শুধু বলবো যে সমস্ত বনিয়াদী জিনিষ (basic factors) যার কথা বলেছি সেদিকে লক্ষ্য না রেখে কোন scheme করলে সেই scheme সফল হবে না, failure হবে।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN : মাননীয় Speaker মহোদয়, আমি সর্বপ্রথম বিরোধী দলের শেষ বক্তা শ্রীযুত চারু চন্দ্র ভাণ্ডারি মহাশয়ের প্রশ্নগুলির উত্তর দেব। চারুবাবু বলেছেন যে grow more food আন্দোলনে বিশেষ কিছুই ফল হয় নাই। খাদ্য উৎপাদন ও সংগ্রহ সম্পর্কিত আমাদের হিসাব বিশ্বাসযোগ্য নয়। এবং তিনি গবেষণা করে আবিষ্কার করেছেন কেন সেটা নির্ভরযোগ্য নয়। তিনি বলেছেন যে ১৯৫০-৫১ সালে খাদ্য বিভাগ থেকে যে পরিমাণ চাল সংগ্রহ করেছিলাম এবং যে পরিমাণ টাকা চাল কিনতে খরচ করেছিলাম—১৯৫১-৫২ সালে এ বাবদ যে টাকা বরাদ্দ করেছি—তা ঐ তুলনায় কম। তার কারণ—তিনি বলেছেন—গত বৎসরের মত এ বছর শস্য procureকরতে পারব না, এবং শস্য সংগ্রহ আগামী বছর কম হবে বলে সরকার আশঙ্কা করিতেছেন। হাঁ—আমি স্বীকার করছি, গত বছর যেখানে

আমরা শস্য সংগ্রহের পরিমাণ ৪ লক্ষ ৭৩ হাজার টন নির্দ্ধারিত করিয়াছিলাম, এবার সেখানে ৪ লক্ষ টন ধরেছি। তাই টাকার বরাদ্দও কম করেছি। কিন্তু তার কারণ কি, চারুবাবু সেটা অনুসন্ধান করে দেখেন নি। সমস্ত ব্যাপারেই, আমি দেখেছি, তাঁর একটা বিভ্রান্তি সৃষ্টি করার চেষ্টা। মাননীয় সদস্যরা এবং তিনিও এটা ভালভাবেই জানেন যে ২৩ লক্ষ আশ্রয়প্রার্থী ভ্রাতাভগ্নী এসেছেন—তাঁদের অধিকাংশেরই বাস গ্রামাঞ্চলে—ঘড় বাড়ী ছেড়ে তাঁরা এই ২৩ লক্ষ ভাইবোন—এখানে এসেছেন, তাঁরা কি খাবেন? খুব কম পক্ষেও তাঁদের জন্য অন্ততঃ তিন লক্ষ টন খাদ্য শস্য দরকার।

আমাদের এখানে যে ২৩ লক্ষ আশ্রয়প্রার্থী ভাইবোনেরা এসেছেন, তাঁদের খাওয়ার জন্য যদি খুব কম করে ধরি, তাহলে অন্ততঃ ৩ লক্ষ টন চালের দরকার। সুতরাং চারুবাবু যে সমস্ত হিসেব দিয়েছেন—তা সব ভুল এবং বিভ্রান্তিকর। চারুবাবু বলেছেন সমগ্র ভারত ইউনিয়নে খুব বেশী ফসল জন্মায় নাই এবং grow more foodএর যে campaign তাও সে রকম আশাপ্রদ হয় নাই। অন্যান্য রাজ্যে কি ঘটেছে তা আমি বলতে চাই না। তবে আমি এটা খুব জোরের সঙ্গে বলতে চাই যে আমাদের এই পশ্চিম বাংলায় বিভিন্ন ব্যবস্থা অবলম্বনের ফলে ফসলের উৎপাদন খুব বৃদ্ধি পেয়েছে। যদিও প্রাকৃতিক দুর্য্যোগের দরুন অনেক ফসল নষ্ট হয়ে গেছে, অনেক জমি নষ্ট হয়ে গেছে এবং প্রান্ত জেলাগুলো থেকে মুসলমান কৃষক ভাইরা গত গোলমালের সময় পাকিস্তানে চলে যাবার ফলে বহু জমি পতিত অবস্থায় ছিল। তা সত্ত্বেও আমি দৃঢ়তার সঙ্গে বলছি আমাদের পশ্চিমবঙ্গ রাজ্যে ঢের বেশী ফসল উৎপন্ন হয়েছে। তা না হলে প্রতি বর্গ মাইলে যেখানে প্রায় নয় শত লোক বাস করে, সেখানে নিশ্চয়ই দুর্ভিক্ষ হয়ে যেত।

চারুবাবু বলেছেন আমাদের soil সম্বন্ধে কিছু বলা হয় নাই। গত লীগের আমলে ২৭টী soil sample পরীক্ষা করে দেখা হয়েছিল আর আমাদের সময়ে গত এক বছরের মধ্যে তিনশোটি soil sample পরীক্ষা করে দেখা হয়েছে এবং সম্প্রতি কয়েক মাস হলো আমাদের কৃষিবিভাগ, সেচ বিভাগ ও বন বিভাগের কর্মচারীদের নিয়ে একটী কমিটী করে দিয়েছি, যাঁরা আমাদের পশ্চিমবঙ্গ রাজ্যের বিভিন্ন জেলায় বিভিন্ন রকমের মাটি পরীক্ষা করে দেখবেন এবং কোথায় কি রকমের সার দেওয়া উচিত তাও তাঁরা পরীক্ষা করে দেখবেন। চারুবাবু বলেছেন এমোনিয়াম সালফেট প্রয়োজনমত ঠিকভাবে প্রয়োগ হচ্ছে না। অনেক জায়গায় গোলমাল হচ্ছে। তাঁর জমিতে দিয়ে নাকি সর্বনাশ হয়ে গেছে। তাঁর জমিতে দেওয়ার পর কি ফল হয়েছে—তা আমি অনুসন্ধান করে দেখবো। আমি একথা বলতে পারি যে জমির acidity খুব বেশী নয়, সেই জমিতে এই এমোনিয়াম সালফেট নির্ভয়ে দেওয়া যেতে পারে। এই রাসায়নিক সারের সঙ্গে যদি জৈব সার গোবর ইত্যাদি দিতে পারি—compost দিতে পারি—তাহলে জমির স্বাস্থ্য ভাল থাকে এবং তাতে খুব ভাল ফল পাওয়া যায়।

চারুবাবু আরও একটা কথা বলেছেন—manureএর দিকে আমাদের তেমন কোন দৃষ্টি নাই। ভাল কথা বলেছেন। গোবর আমাদের দেশে নষ্ট হচ্ছে। যদি খুব বেশী পরিমাণ কয়লা দিতে পারতাম, তাহলে আমাদের গোবরটা সংরক্ষণ করা যেতো এবং জমির ও খুব উপকার হতো। তিনি ঠিক কথাই বলেছেন।

আপনারা সকলে জানেন ভারত গভর্ণমেণ্টের তরফ থেকে বিভিন্ন রাজ্যে এমন কি আমাদের পশ্চিম বাংলায়ও বৃক্ষ রোপনের ব্যবস্থা হয়েছে। গত বছর আমরা এ বিষয়ে খুব সাফল্য লাভ করেছি। যতদিন পর্য্যন্ত আমরা বেশী করে বৃক্ষ রোপন করতে না পারবো, ততদিন গোবর পোড়ান ঘোল আনা সম্পূর্ণভাবে বন্ধ করতে পারবো না।

আমরা এ বছর sludge তৈরী করে ৭,০৪২ জন লোককে দিয়েছি। আমাদের ৩০টী মিউনিসিপ্যালিটী town compost তৈরী করছে night-soil থেকে, এতে কাজও খুব ভাল হয়েছে। এবারে ফেব্রুয়ারী মাস পর্য্যন্ত আট হাজার টন town compost কৃষকদের মধ্যে বিতরণ করেছি এবং আমরা সেই সব মিউনিসিপ্যালিটীকে টাকা দিয়েছি Truck কিনবার জন্য—যাতে এই সকল কাজের আরও ভাল ব্যবস্থা হয়। এছাড়া আমরা village compost ও কচুরীপানা, গোবর এবং চোনা থেকে প্রচুর পরিমাণে তৈরী করছি। আমাদের কাছে খবর আছে,—অনেকে আবার খবর দেন না, বিভিন্ন ইউনিয়নের আমাদের যাঁরা কৃষি সহকারী আছেন, তাঁরাও ভাল কাজ এদিকে করছেন। এ বছর ৩১শে জানুয়ারী পর্য্যন্ত একলক্ষ এক হাজার টন গ্রাম্য কম্পোষ্ট তাঁরা তৈরী করেছেন এবং কেউ কেউ মনে করেন এর চেয়েও ঢের বেশী হয়েছে। আমরা এক মাস সার সংরক্ষণ মাস বলে ঘোষণা করেছি। বহু জেলা থেকে খবর পেয়েছি, সেখানে এমন একটা উৎসাহের সৃষ্টি হয়েছে যে তা বলবার নয়। অনেক জায়গায় কোন পুকুরের কচুরীপানাই নাই। আমি কিছুদিন আগে মালদহ মহকুমার বিভিন্ন জায়গায় গিয়েছিলাম। সেখানের মহকুমা শাসক বল্লেন—এই যে সার সংরক্ষণ মাস পালন

করা হচ্ছে এতে অত্যন্ত ভাল ফল হয়েছে। শুধু যে একদিকে তা নয়, সারও পাওয়া যাবে, আবার সেই সঙ্গে সমস্ত পুকুরও পরিষ্কার হয়ে যাচ্ছে; ম্যালেরিয়া দূর হয়ে যাবে, মাছের চাষও বৃদ্ধি পাবে। সাধারণ লোকের মধ্যেও পরিষ্কার পরিচ্ছন্ন থাকবার জন্য একটা নূতন উৎসাহ সৃষ্টি হয়েছে। কাজে কাজেই আমাদের সকলদিক দিয়ে কাজ করা হচ্ছে। Plan আমাদের আছে এবং সেই plan অনুযায়ী আমরা কাজ করছি। চারুবাবু বলেছেন আমাদের grow more food campaign এ food বেশী grow করা হয় নাই—Publicityর দ্বারাই কাজ শেষ করা হয়েছে। অন্য জায়গায় কি হচ্ছে, তা জানি না। তবে আমাদের এখানে Publicity বেশী হয় না, খুব কম হয়, আমরা কাজ বেশী করি। তার প্রমাণ কালকে আমি নানাভাবে বোঝাবার চেষ্টা করেছি। কিন্তু কিছুতেই যাঁরা বুঝবেন না, তাঁদের Publicity দিয়ে বোঝান যাবে না, অঙ্ক দিয়েও বোঝান যাবে না, সংখ্যা দিয়েও বোঝান যাবে না, এমন কি বুঝিয়েও বোঝান যাবে না।

চারুবাবু আর একটা কথা বলেছেন—ডাল pulse এবং oil seedএর জন্য আমরা নাকি কিছুই করছিনা। আমি বলেছি ভারত গভর্ণমেণ্ট কিছু টাকা দিয়েছেন, রাজ্য গভর্ণমেণ্ট থেকেও কিছু টাকা রাখা হয়েছে pulse ও oil seedএর জন্য। আখের চাষ যাতে ভাল হয়, ফসল যাতে বাড়ে—তার জন্যই এই সব ব্যবস্থা করা হয়েছে। (Sj. CHARU CHANDRA BHANDARI: তেমনিভাবে কোন plan আপনারা করেন নাই।) না, আমাদের planও রয়েছে। আমার কাছে গেলে আমি plan দেখিয়ে দেব।

তারপর তিনি আর একটা কথা বলেছেন গরু ছেড়ে দেওয়া হচ্ছে। ভাল কথা। বিশেষ করে হরিপদ বাবুর নদীয়া জেলায় এ একটা ভীষণ ব্যাপার। সেখানে গরু ছেড়ে দেওয়ায় কত ফসল যে নষ্ট হয়, তা তিনি ভালভাবেই জানেন, এর জন্য কেবল একটা আইন করলেই যে এই গরু ছাড়া বন্ধ হয়ে যাবে, তা নয়। চারুবাবুর মত, হরিপদ বাবুর মত কর্মীরা যদি জনসাধারণের মনোভাব বদলাতে পারেন, সেইভাবে লোকদের যদি তৈরী করতে পারেন, তাহ'লেই এটা বন্ধ হয়ে যাবে। আইন করে খুব বেশী কিছু হবে না। এটা তাঁরা ও যেমন ভাল করে জানেন, আমরাও তেমনি ভালভাবে বুঝি।

আমাদের এখানে চুঁচুড়ায় Mycologist কাজ করছেন এবং তাঁরা টালীগঞ্জেও (Tollygunge) কাজ করছেন দরকার হলে। শুধু চুঁচুড়ায় কেন সরকারী কৃষিক্ষেত্র নয়, কর্ম্মচারীরা গ্রামের মধ্যে যান, যাঁরা আমাদের কৃষিবিভাগের কর্ম্মচারী, ইউনিয়নের যাঁরা field Assistants, তাঁদের থেকে আরম্ভ করে Director of Agriculture, Director of Food Production সকলে মিলে সকল লোকের সঙ্গে সহযোগিতা করে কাজ করছেন, পরিশ্রম করছেন এবং তার ফলও খুব ভাল হচ্ছে।

আর একটা কথা চারুবাবু বলেছেন ঢেঁকি গ্রেপ্তার সম্বন্ধে। এ বিষয়ে আমি অনুসন্ধান করেছিলাম, ঢেঁকি গ্রেপ্তার সর্ব্বৈব মিথ্যা কথা। আমাদের দেশে এইরূপ মিথ্যাকথা সংবাদপত্রে প্রচার এত বৃদ্ধি পাচ্ছে যে এটা যেন আজকাল একটা পেশা হয়ে দাঁড়িয়েছে। সেই জন্য এই জঘন্য হীন প্রচারের কোন প্রতিবাদ করা প্রয়োজন মনে করি না।

The Hon'ble NIHARENDU DUTT-MAZUMDAR : ঢেঁকির নাকি bail হয়ে গেছে?

The Hon'ble PRAFULLA CHANDRA SEN : তা হতে পারে, জানি না।

হরিপদ বাবু যখন কৃষি সম্বন্ধে কথা বলেন, তখন আমি অত্যন্ত মনোযোগ সহকারে শুনি। কারণ তিনি নিজে কৃষি কাজ করেন, গরুর কাজও করেন।

আর একটা কথা তিনি বলেছেন তাতে আমার বড় খারাপ লেগেছে। তিনি ধানের দরের কথা বলেছেন। আজ কৃষি বিভাগের বিতর্কে ধানের দরের কথা বলতে চাই না। বিরোধী পক্ষ যখনই দাঁড়ান, তখনই ধানের দরের কথা বলবেনই।

Sj. HARIPADA CHATTEJEE : ধান কৃষির আসল ফসল। তার দর আপনি বলবেন না।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN : তিনি আসামের হিসাব দিলেন, উড়িষ্যার হিসেব দিলেন, কিন্তু বাংলা দেশের হিসেব তিনি দিলেন না।

Sj. HARIPADA CHATTERJEE : পাঁচটার দুটো হ'ল বাংলায়। মনোহরপুর, হুগলী, বেলদা, জলপাইগুড়ি—অনেক জায়গায় কম, শুধু এই বাংলায় বেশী

The Hon'ble PRAFULLA CHANDRA SEN : আসামের ধরধরিয়ার খবর আমি জানি না। তিনি বাংলা দেশের যে হিসেব দিলেন, তা মনোযোগ দিয়ে শুনলাম।

Sj. HARIPADA CHATTERJEE : গোদলপাড়া (?) উড়িষ্যায়, সেখানেও খুব কম।

The Hon'ble PRAFULLA CHANDRA SEN : মাননীয় সদস্যরা সকলে জানেন উড়িষ্যা প্রদেশে রেশনিং নাই সেখানে মন দিয়ে procurement করবার কথা নয় তবে উড়িষ্যায় এখন খুব ভাল করেই procurement করা হয়। গত বছর তাঁরা প্রায় ২ লক্ষ টন চাল ভারত গবর্ণমেণ্টকে দিয়েছিলেন। এবার যদিও ফসল সেখানে ভাল হয় নাই, নানারকম প্রাকৃতিক দুর্য্যোগের জন্য ফসল নষ্ট হয়ে গেছে, তবু তাঁরা যে দর কম পাচ্ছে তা নয়।

আমাদের সরকারী Chinsura Farmএ overhead charge একর প্রতি ৪৬৲ টাকা কয়েক আনা ধানের cost price বা পড়তা দর পড়েছে। কাজেই এবিষয়ে চারুবাবু ও হরিপদবাবুর সঙ্গে একমত হতে পারলাম না।

আমাদের পশ্চিমবঙ্গ সরকারের কৃষিবিভাগ এই স্থির সিদ্ধান্ত নিয়েছেন যে আমাদের নিজস্ব ফার্ম্মের বীজ ছাড়া অন্য কোন বীজ আমরা কাউকে দেব না। পাটের চাষ আপনারা বৃদ্ধি করতে চান, আমরাও বৃদ্ধি করতে চাই, পশ্চিমবঙ্গের চাষীদের উন্নতির জন্য, পশ্চিমবঙ্গের শিল্পের উন্নতির জন্য। ভারত গভর্ণমেণ্টও পাটের চাষ ও তুলার চাষ বাড়াতে চান। গত বছর পাটের চাষ খুবই বেশী করে করবার জন্য ভারত গভর্ণমেণ্ট বিভিন্ন জায়গা থেকে বীজ সংগ্রহ করে এনে দিয়েছিলেন। তার মধ্যে কোন কোন বীজ ভাল হয় নাই সত্য কিন্তু শতকরা অন্ততঃ ৬০ ভাগ বীজ খুবই ভাল হয়েছিল। মেস্তা ও পাটের শতকরা ৩০।৩৫ ভাগ বীজ কোন কোন ক্ষেত্রে germinate করেনি। তার ফল খারাপ হয়েছে। মাননীয় সদস্যরা হয়ত দেখেছেন যে এ সম্বন্ধে ভারত গভর্ণমেণ্ট একটা অনুসন্ধান কমিটি করেছেন এবং দু'জন উচ্চপদস্থ কর্ম্মচারীকে ভারত গভর্ণমেণ্ট suspend করেছেন। কাজেই পাটের বীজ ও মেস্তার বীজ যদি খারাপ হয়ে থাকে কোথাও সে জন্য সত্যিই আমরা খুব দুঃখিত। আমরা চেষ্টা করেছিলাম পাটের বীজ যখন আসবে, তখন germination পরীক্ষা করে নেব। কিন্তু পাটের বীজ তাড়াতাড়ি করে এত বেশী এল যে সব জায়গায় সেটার germination পরীক্ষা করে দেখতে পারিনি। আমরা যখনই পাটের বীজ ভাল germinate করছে না, অঙ্কুরিত হচ্ছেনা দেখছি, তখনই আমরা ভারত গভর্ণমেণ্টকে সংবাদ দিয়েছিলাম।

হরিপদবাবু আর একটা কথা বলেছেন যে, আমরা ২ কোটি ৪২ লক্ষ টাকা খরচ করেছি, অনেক কর্ম্মচারী বাড়িয়েছি। নিশ্চয়ই, কাজ করতে গেলে কর্ম্মচারী বাড়াতেই হয়, আমি আবার বলছি আমাদের কৃষি বিভাগের কর্ম্মচারীরা খুব ভাল কাজ করছেন; একজন খুব উচ্চশিক্ষিত। যে বিষয়টা আমাদের খুব বেশী দরকার সে সম্বন্ধে, অর্থাৎ সেই ধান সম্বন্ধে, তাঁর অনেক গবেষণা ও ধারণা আছে; তিনি খুব ভাল কাজ করছেন। কাজেই এই যে আমরা টাকা খরচ করছি তা অপব্যয় হচ্ছে না। চারুবাবু বলেছেন Director of Food Production সম্বন্ধে, হরিপদবাবু বলেছেন technical educationএর সম্বন্ধে, তার বিশদ আলোচনার এখানে কোন দরকার নাই। তবে আমাদের পূর্বোক্ত কর্মচারী খুব উপযুক্ত লোক, তাঁকে যেসব scheme দেওয়া হয় সেগুলি খুব তাড়াতাড়ি করতে পারেন। আর প্রত্যেক জেলার কৃষিকর্মীরা জানেন এই কাজ করবার জন্য তিনি কিরকম পরিশ্রম করছেন।

তারপরে আমরা ১ লক্ষ ৪২ হাজার টন ধান বৃদ্ধি করেছি আমাদের ছোট ছোট কাজের দ্বারা এবং ১৷৷ লক্ষ টন রবি ফসল ও অন্যান্য জিনিষ বৃদ্ধি করেছি। তার মোট মূল্য ১১ (এগারো) কোটি টাকা। ২ কোটি টাকা খরচ করে যে ১১ কোটি টাকা লাভ আমরা করেছি এটা শুধু সাময়িক নয়, এটা স্থায়ী লাভ। এবং আগামী বছরে যে এই খরচটা করে ১৬ কোটি টাকা পাব সে আশাই করছি। মোদাস্সির হোসেন সাহেব তিনি দেখছি এখানে নাই (Janab Mudasir Hossain : আছি আছি।) উনি ষাঁড়ের কথা খুব ভাল করে বলেছেন (হাস্য)। ২৮ হাজার ষাঁড় তিনি চেয়েছেন। প্রতি দশটা গরুর জন্য একটা করে ধরে ২৮ লক্ষ গরুর জন্য ২·৮ লাখ ষাঁড় দরকার। আমি কাল বলেছি এর জন্য আমরা ব্যবস্থাবলম্বন করেছি। আমরা কাজ করছি এক একটা compact areaতে। এই সব স্থানে ৪২৭টা ষাঁড় রয়েছে। হুগলী অঞ্চলে ও মুর্শিদাবাদের বেলডাঙ্গা অঞ্চলে ভাল কাজ হচ্ছে। হরিণঘাটা সম্বন্ধে অনেকের ভুল ধারণা রয়েছে। হরিণঘাটা scheme আমরা করিনি। চারুবাবু সবকথার মধ্যেই একটা বিভ্রান্তি সৃষ্টি করার চেষ্টা বরাবর দেখে আসছি।

কাউকে আমরা উচ্ছেদ করছি না। শুধু বিপ্লবাত্মিকর কথা বল্লে দেশের উন্নতি হয় না। হরিণঘাটা থেকে আমরা কাউকে উচ্ছেদ করিনি। পূর্বে League Governmentই সেটা করে গিয়েছেন ৩০ লক্ষ টাকা ব্যয় করে। সদ্ব্যয় করেছেন কি অসদ্ব্যয় করেছেন জানি না। এই মাত্র বলতে পারি আমরা তার সদ্ব্যবহার করছি। শ্রদ্ধেয় হরিপদবাবু খুশী হবেন, তিনি সেখানে গিয়েছেন এবং সেখানকার সম্বন্ধে তিনি বিশেষ কিছু অভিযোগ করেননি। আমি বলছি ১৯৫২ সাল থেকে প্রতি বছর হরিণঘাটা থেকে ২০০টা করে ভাল ষাঁড় আমরা দিতে পারব। কাজেকাজেই হরিণঘাটায় টাকার অপব্যয় হচ্ছে না। সুতরাং কারও কোন ভুল ধারণা থাকা উচিত নয়। চারুবাবুকে বলছি খোলামন নিয়ে একবার হরিণঘাটা বেড়িয়ে আসুন। আজকে সময় কম, বিশেষ কিছু আর বলব না। মাননীয় সদস্যরা, বিশেষ করে বিরোধী দলের সদস্যরা, যে সব প্রশ্ন করেছেন তার জবাব আমার সাধ্যমত আমি দিয়েছি। তাই এখানে যেসব cut motion উপস্থাপিত করা হয়েছে তার আমি বিরোধিতা করছি এবং নিবেদন করছি আমার প্রার্থিত ব্যয়বরাদ্দটা মঞ্জুর করা হোক।

The motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 2,42,62,000 for expenditure under Grant No. 22, Major Heads: 40—Agriculture and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Pramatha Nath Bandyopadhyay that the demand of Rs. 2,42,62,000 for expenditure under Grant No. 22, Major Heads: 40—Agriculture and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Charu Chandra Bhandari that the demand of Rs. 2,42,62,000 for expenditure under Grant No. 22, Major Heads: 40—Agriculture and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Charu Chandra Bhandari that the demand of Rs. 2,42,62,000 for expenditure under Grant No. 22, Major Heads: 40—Agriculture and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Kanai Lal De that the demand of Rs. 2,42,62,000 for expenditure under Grant No. 22, Major Heads: 40—Agriculture and 71—Capital Outlay on Schemes of Agricultural improvement and Research be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Kanai Lal De that the demand of Rs. 2,42,62,000 for expenditure under Grant No. 22, Major Heads: 40—Agriculture and 71—Capital Outlay on Schemes of Agricultural improvement and Research be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Sj. Kanai Lal De that the demand of Rs. 2,42,62,000 for expenditure under Grant No. 22, Major Heads: 40—Agriculture and 71—Capital Outlay on Schemes of Agricultural improvement and Research be reduced by Rs. 100 was then put and lost.

Janab MUDASSIR HOSSAIN: Sir, I withdraw my motion.

(There being no objection.)

The motion of Janab Mudassir Hossain that the demand of Rs. 2,42,62,000 for expenditure under Grant No. 22, Major Heads: 40—Agriculture and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research be reduced by Rs. 100 was then, by leave of the House, withdrawn.

The motion of Sj. Charu Chandra Bhandari that the demand of Rs. 2,42,62,000 for expenditure under Grant No. 22, Major Heads: 40—Agriculture and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research be reduced by Rs. 100 was then put and lost.

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that a sum of Rs. 2,42,62,000 be granted for expenditure under Grant No. 22, Major Heads: 40—Agriculture and 71—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research was then put and agreed to.

85A—Capital Outlay on Schemes of State Trading.

The Hon'ble PRAFULLA CHANDRA SEN: Sir, on the recommendation of His Excellency the Governor I beg to move that a sum of Rs. 9,58,000 be granted for expenditure under Grant No. 39, Major Head: 85A—Capital Outlay on Schemes of State Trading.

Sj. HARIPADA CHATTERJEE: Sir, I beg to move that the demand of Rs. 9,58,000 for expenditure under Grant No. 39, Major Head: 85A—Capital Outlay on Schemes of State Trading be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about procurement policy of Government.

Sj. ANNADA PROSAD CHOUDHURY: Sir, I beg to move that the demand of Rs. 9,58,000 for expenditure under Grant No. 39, Major Head: 85A—Capital Outlay on Schemes of State Trading be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy.

Sj. CHARU CHANDRA BHANDARI: Sir, I beg to move that the demand of Rs. 9,58,000 for expenditure under Grant No. 39, Major Head: 85A—Capital Outlay on Schemes of State Trading be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the policy of economy required to be effected in the conduct of trading operations of the department.

Mr. SPEAKER: Mr. Choudhury, I take it you have moved up to this—to raise a discussion about the policy—and not "and the method of accounting".

Sj. ANNADA PROSAD CHOUDHURY: It will come along in course of discussion.

Sj. ANNADA PROSAD CHOUDHURY : মাননীয় স্পীকার মহাশয়, এই state trading এর ব্যাপার এর আগেও আলোচনা করা হয়েছে এবং তার উত্তরে যে miscellaneous charges ও state trading চালানর যে খরচ, সেই খরচ হিসাবের সময় একটা কথা উল্লেখ করা হয়েছে যে state tradingএ যে টাকার জিনিষ কেনা হয় এবং যে টাকায় সে জিনিষ বিক্রয় করা হয় তাতে কোন লোকসান না হওয়ারই কথা। কিন্তু এমনভাবে এই কাজটা এখন চালান হচ্ছে—এবং সেদিন এই প্রশ্ন তোলার পর মাননীয় মন্ত্রী মহাশয় যা বলেছেন তাতে আমরা বুঝতে পেরেছি যে ৫৬ কোটি টাকার জিনিষ বিক্রয় করেও কোন gross profit হয় নাই। তিনি বলেছেন, হয় এবং তা হচ্ছে ১ কোটি ৩২ লক্ষ টাকা। আমাদের কাছে যে statement circulate করা হয়েছে তাতে এই ব্যবসা চালানর ব্যাপারে profit and loss for the year 1950-51এ দেখা যাচ্ছে 1951 সালে তাঁরা জিনিষ কিনেন যত টাকার এবং বিক্রি করলেন যত টাকার তারই তফাৎ দেখান হয়েছে ১ কোটি ৩২ লক্ষ টাকা as gross profits কিন্তু এই ১ কোটি ৩২ লক্ষ টাকা লাভ দেখাতে গিয়ে যে opening stock ছিল সেই stock বিক্রয় করে যে টাকা উদ্বৃত্ত হয়েছে তা যদি দেখান হয় তাহলে দেখা যাবে এই ব্যবসায়ে gross profit আমাদের কিছুই হয় নাই। ১৯৫১-৫২ সালে opening stock and closing stock এ প্রায় সমান। সেখানে Secretariat এর খরচ বাদে ২ কোটি ৫২ লক্ষ টাকা, লোকসান যেন এই বৎসরে দেখা যাচ্ছে ১ কোটি ৩২ লক্ষ টাকা। আগামী বৎসরের হিসাবে দেখান হয়েছে মাত্র ৭ হাজার টাকা এবং সেটা আরো পরিষ্কার করবার জন্য profit or loss account নাই। আট পৃষ্ঠার শেষের দিকে অতি পরিষ্কার করে বলা হয়েছে these two assumptions therefore vitiate the above statement strictly taken as a statement of profit and loss, তাই সেদিন যা বলা হয়েছিল সেই অনুসারে এই ব্যবসায়ে বিক্রয় হয় ৫৬ কোটি টাকার জিনিষ। এই বোটা টাকার জিনিষ বিক্রয় করেও এক পয়সা লাভ হয়

না, উলটো ৪ কোটি টাকা খরচ হয় এবং এই ৪ কোটি টাকা ইতিপূর্বেও আমরা মঞ্জুর করেছি, তাই এবিষয়ে আমি একটি বিষয় নিবেদন করতে চাই, আমার যতদূর মনে পড়ে, (এখন পর্য্যন্তও আমি বের করতে পারি নাই proceedings থেকে) এই Assemblyতে ১৯৪১ বা ১৯৪২ সালে একজন ইউরোপিয়ান সদস্য বলেছিলেন এই ৫৫ বা ৫৬ কোটি টাকার কারবার যদি আমরা কেউ করতে পারতাম তাহলে যে লাভ করতাম তার ফলে এক বৎসর পরেই দেশে চলে যেতাম আর কোন কাজ করতে হত না এবং তাতেই পরমানন্দে চলে যেত। আমি তাই বলছি, বৎসরে ৫৬ কোটি টাকার ব্যবসায় যদি ৭ per cent. করেও লাভ করা যায়, বা প্রতি টাকায় ৫ পয়সা করে লাভ করা যায় তাহলেও আপনাদের সমস্ত খরচ বাদ দিয়ে ৪ কোটি টাকা উপার্জ্জন করতে পারি। সেই জন্য আমি বলবো এর মধ্যে কোন জায়গায় গলদ আছে; যার জন্য ৫৬ কোটি টাকার কারবার করেও বৎসরে ৪ কোটি টাকা তার পিছনে বেরিয়ে যায়। এই সম্বন্ধে পুঙ্খানুপুঙ্খরূপে অনুসন্ধান করা উচিত। আমাদের বলা হয়েছিল যে ১ কোটি ৩২ লক্ষ টাকা লাভ হয় সেটা যে ঠিক নয় তা আমি বলেছি। ১৯৫১-৫২ সালে যে বরাদ্দ ধরা হয়েছে—এবং সরকার নিজেরাই যা প্রকাশ করেছেন তা থেকে বোঝা যাবে ৫৬ কোটি টাকার কারবার করে এতে কোন লাভই হয়না এ বড়ই রহস্যজনক ব্যাপার। আর একটু বলেই আমি শেষ করবো, এই statement এর মধ্যে আছে যে আগামী বৎসরে procurement দুই কোটি টাকা কম হবে কিন্তু পূর্ব্বে মন্ত্রী মহাশয় বলেছেন যে ২৩ লক্ষ যে উদ্বাস্তু খাওয়াতে হচ্ছে তার জন্য আমরা procurement কম করতে পারি না। উনি কি ধরে নিয়েছেন যে যেমন ২৩ লক্ষ বাস্তুহারা এসে গিয়েছে সেই রকম আগামী বৎসরে আর আসবে না? নইলে এই দুই কোটি টাকা কমাবার কারণ কি?

আর একটা কথা। আমাদের এখানে যত কম procurement হচ্ছে food-supply ও তত কম পাচ্ছি। এখানে দামের প্রশ্ন আসে। পাট চাষ বাড়াবার চেষ্টা হচ্ছে এবং Pakistan Exchange ratio settle হওয়ার ফলে পাটের দাম বাড়বে। পশ্চিম বাংলায় যদি পাটের দর খুব উচু হয় তাহলে নিষেধসত্ত্বেও লাভের টানে চাষীরা পাটের চাষ আরো বেশী পরিমান করবে। এজন্য যদি মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়ের বিভাগ থেকে কম পরিমাণ procurement হবে ধরে থাকেন তা বুঝতে পারি। একথা ঠিক যে অন্যান্য প্রদেশেও procurementএ কড়াকড়ি করা হয়েছে। সেই জন্য সাধারণ চাষী controlled যে সমস্ত জিনিষ সে সব ছেড়ে অন্য চাষের দিকে মন দিয়েছে। যেমন ground nut চাষ করবার চেষ্টায় আছে। যেমন কোন কোন জায়গায় আখ চাষ করবার চেষ্টা হচ্ছে। এটা স্থিরনিশ্চয় যে সরকার চান বা না চান আগামী বৎসর পাটের চাষ অনেক বেড়ে যাবে। Refugee এ বছরও আছে আগামী বছরও থাকবে। যদি এদের ঠিকমত কাজে লাগান যায় তাহলে ৪ কোটি টাকা উপার্জ্জন করতে পারা যায় এবং এর ব্যবস্থা করা উচিত। আমি অনুরোধ করি এই যে কিভাবে মূল্য নির্ধারণ করা হচ্ছে, কিভাবে ১৯৫১-৫২ সালের খরচ বরাদ্দ করা হচ্ছে, Secretariat এর যা খরচ তা বাদ দিলেও ওরা নিজেরাই বলেছেন ২ কোটি ৫২ লক্ষ টাকা লোকসান হবে। এরমধ্যে যে গলদ আছে তা ভাল করে বিবেচনা করে, এই গরীব দেশে লোকসান যাতে না হয় তার দিকে দৃষ্টি দেওয়া উচিত।

The cut motion of Sj. Haripada Chatterjee that the demand of Rs. 9,58,000 for expenditure under Grant No. 39, Major Head: 85A—Capital Outlay on Schemes of State Trading be reduced by Rs. 100 was then put and lost.

The cut motion of Sj. Annada Prosad Choudhury that the demand of Rs. 9,58,000 for expenditure under Grant No. 39, Major Head: 85A—Capital Outlay on Schemes of State Trading be reduced by Rs. 100 was then put and lost.

The cut motion of Sj. Charu Chandra Bhandari that the demand of Rs. 9,58,000 for expenditure under Grant No. 39, Major Head: 85A—Capital Outlay on Schemes of State Trading be reduced by Rs. 100 was then put and lost.

Mr. DEPUTY SPEAKER: Before I put the main motion of the Hon'ble Minister to vote I should like that the Hon'ble Minister should speak for a few minutes in reply to the debate on the cut motions.

Dr. SURESH CHANDRA BANERJI: After the cut motions have been voted upon! No, this cannot be; this is never done and we will not allow that.

Sj. HARIPADA CHATTERJEE: No, No.

Dr. P. C. GHOSH: No, No.

Mr. DEPUTY SPEAKER: All right, I will put the main motion to vote.

The motion of the Hon'ble Prafulla Chandra Sen that a sum of Rs. 9,58,000 be granted for expenditure under Grant No. 39, Major Head: 85A—Capital Outlay on Schemes of State Trading, was then put and agreed to.

XLVIA—Receipts from Road Transport Scheme, etc.

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: Sir, on the recommendation of His Excellency the Governor, I beg to move that a sum of Rs. 1,28,56,000 be granted for expenditure under Grant No. 38, Major Heads: XLVIA—Receipts from Road Transport Scheme—Working Expenses and 82B—Capital Outlay on Road Transport Scheme outside the Revenue Account.

Sir, this is the form in which the Budget is presented as indicated by the Auditor-General, but I would like to draw the attention of the House to the fact that although the demand is for Rs. 1,28,56,000, if you look at page 118 of the Red Book you will find that this is composed of two portions —one is receipts from Road Transport Scheme—Working Expenses Rs. 86,82,000 and the net demand is Rs. 48,49,000. The way in which it is put is shown at page 41 of the Red Book wherein you will find the total receipts and expenditure for the year on revenue account.

Sir, the road transport scheme in Calcutta has always been a difficult problem. Before Partition the main routes in Calcutta were being looked after by private agencies, who were more keen on realising profits than on looking to the comforts of the passengers. The usual practice with the bus-owners has been that they pay their employees partly in the form of salary and partly on commission basis, the commission depending upon the total number of passengers carried during the day by a particular bus. These two naturally meant that the bus drivers had to drive as fast as they could in order to cover their beat as often as possible during the day. The result of such rash driving was that there were great risks of accidents. Soon after the Partition the Government of West Bengal decided to have a road transport scheme of its own with the ultimate object of replacing private ownership by Government proprietorship. It was estimated that the total number of buses plying in Calcutta under private ownership was about 600. In view of the influx of refugees into Calcutta and the natural increase in population it was found that 600 buses were not sufficient to carry the passengers during the day. Greater difficulty used to be felt during office hours both in the morning and in the evening. There were two alternatives before the Government—either to permit a larger number of private owners to take permits and thus increase the number of buses or to have buses of their own. At one time it was suggested that co-operative societies should be developed who could collect sufficient money to purchase buses and run the bus service on co-operative basis. Eventually Government decided to run a bus service of its own. A scheme was then prepared and it was found that the best economical unit for a bus service in a town like Calcutta was to own 400 buses. Thus it was not merely a question of finding enough

money to purchase 400 buses and in order that the transport should be of the right type it was found necessary to establish a central workshop where major repairs could be made as also to have two or three zonal workshops where day-to-day repairs and maintenance could be done efficiently. In July, 1948, after this decision had been taken, Government placed orders for the supply of 200 petrol-driven vehicles of the single decker type because this was the type which was being used in Bombay and in the Uttar Pradesh. The idea of the Government was to start on a small scale in the beginning, to gain experience and then go ahead towards the target. Between the months of July and December, 1948, 40 buses were in operation. There was no properly-equipped central workshop. We had rigged up a small workshop at Hastings Street and utilised one or two workshops belonging to private owners for the maintenance of this fleet. In the calendar year 1949, 95 buses were running. In the year 1950 the total number of buses in operation was about 130 and in the beginning of the year 1951 we have 155 buses running. It will be realized that the total number of buses that are in operation at a particular time or date is about 75 to 80 per cent of the total strength because every day there are a certain number of buses which have to be laid up for maintenance, minor repairs, etc. We have today 198 buses of the single decker type and we have also obtained double-decker buses. It was further found from our experience that diesel buses were cheaper in their running than the petrol buses. Actually the fuel cost of a diesel bus per bus mile is one-third that of a petrol bus. It was therefore decided in 1950 to gradually replace petrol engines by diesel engines and in pursuance of this policy sixty of the petrol buses are being converted into diesel and the small charge that will be necessary for such conversion would be more than compensated by the economic effect in operation charges.

It was also found that double-decker diesel buses were cheaper in recurring cost than the two single-decker buses carrying the same number of persons, because for one thing if there is a one double-decker bus with one driver and one conductor, that will lower the cost as against two single-decker buses with two drivers and two conductors. We have now therefore decided to have 38 double-decker buses. We were also able to procure 44 single-decker diesel buses, holding 42 passengers each, and our fleet this year would be 38 double-decker buses, 42 single-decker diesel buses of a type which can hold 42 passengers each, and 198 single-decker partly petrol and partly diesel buses. The total effective strength, if you calculate the strength on the basis of single-decker buses carrying 28 to 32 passengers, would be nearly 320, if you convert the figure of double-deckers into single-deckers. That, again, is lower than the target of 400 buses. We purchased at first two double-decker buses which had been in a ready-made form, and then we ordered 30 double-decker buses from United Kingdom. The chassis were brought and also the bodies were being manufactured in India--10 of them by the Hindusthan Aircraft, 10 by an Indian manufacturing concern, and 10 in our own workshop. This is advantageous to us for two reasons. The custom duty on a double-decker finished bus is much higher than the custom duty on the chassis and the body parts that are brought from England. In the second place, our men here are now learning how to construct bus bodies in a scientific type. In order to maintain these buses in a proper condition and to keep the full value of their use it was found essential to have a central workshop. The central workshop has now been planned and constructed at Belghurria, and as I have already said, I will invite every member of the Assembly to come and see the place because I feel having seen similar central workshops in other provinces, that they will find that this is the best equipped central workshop for bus service anywhere in India; and that is not my opinion only but the members who were touring

round in the Government of India Committee and who saw the workshop were also of the same opinion. The central workshop will undertake gradually in the first instance the repairing and overhauling work of all types of Government vehicles and buses, not merely the transport buses that are running in Calcuttta but also the buses that belong to the Food Department, the Police Department, and so on. We want to centralise the repairs and maintenance of all types of buses in the central workshop. At the present moment these two departments which have got a large number of buses are serviced from their own centres, but in future it is our desire to have one central workshop where the main overhauling of the engine, etc., will be done and any ordinary maintenance and small repairs would be done in their local workshop. The central workshop has been designed to do the following things: fitting and assembling of chassis. It is our earnest desire that we should be able to build chassis, and I have been assured by the parties who have given us the chassis from the United Kingdom that they will help us in our attempt to manufacture chassis here, building of bodies with indigenous and imported parts reclamation of oil, manufacture of distilled water required for use in the vehicles, carrying out researches in the field of automobile engineering and salvage of materials for further use, and replacement of parts, etc., in the vehicles. When fully developed, I believe, the central workshop will be in a full running order by the 15th of April, and it will be the necessary training centre for motor mechanics. Theoretical training will be done in existing recognised engineering institutions like Jadabpur and Sibpur. In this workshop full-fledged automobile engineers will be trained in future, and the personnel thus trained will be very much in demand not only here but also elsewhere in other parts of the Union, and this will, of course, afford a very good opening to the youths of this country. In addition to the central workshop three zonal garages—one in the north which is closely associated with the central workshop, one in the south, and one in the centre—are being established. The one in the south is about to be completed, and the one in the centre at South Road, Entally, will take a little time to be completed. These garages will house the buses, get them properly serviced after day's work so that they could be sent out on road early in the next morning. When I was in London I went to see the Road Transport system of the London County Council. I was surprised to see that the buses running in the day are serviced from 1 o'clock in the morning till 5 o'clock in the morning, and there is a separate group of people who attend the buses at night so that early next morning the buses are ready for service on the road. We realised that at the beginning no proper workshop or garages were available. We were somehow managing with a make-up arrangement Now we have established a central workshop erected at a cost of Rs. 21 lakhs and equipped at a cost of Rs. 5 lakhs; and with the three zonal depots with equipments we shall be in a better position to give service to the motor transport business. It is also obvious that no large fleet of motor buses can effectively earn an income unless proper care is taken for their maintenance and the garages in the zonal depots are equipped with modern equipments. The workshops attached to the garages will be opened in the middle of April. The total capital expenditure by the end of the year for the whole transport system would be about Rs. 1,86,00,000. Of this 96 lakhs represents the prices of the vehicles of the type included above, and the remainder is the cost of building and equipment. It will be seen on reference to the accounts about which some criticism has been made in the Assembly, that the total net profit in 1950-51 would be Rs. 5,000 and that the total estimated profit for 1951-52 would be Rs. 5 lakhs. I have just explained that in 1949-50 as also in 1950-51 the total number of vehicles that we possessed could not be put on the road because of the difficulty of servicing the vehicles. It has been commented upon that the total profit in the year 1950-51 has been a

meagre sum of Rs. 5,000. If anybody were to look at the report that has been circulated—if members desire, a balance sheet can be circulated next year—from the precis of the report it will be seen that this five thousand rupees has been arrived at after meeting the establishment charges, petrol and diesel charges, maintenance and repairs, tools and plants, ordinary contingent charges, contribution to the depreciation fund, and the interest charges. Sir, the depreciation fund as shown on page 5 shows that we have provided 20 per cent. for the petrol buses, the diesel buses and other vehicles.

Janab MUDASSIR HOSSAIN: On a point of information. What is the rate of interest?

The Hon'ble Dr. BIDHAN CHANDRA ROY: I do not like to be interrupted at the present moment. The petrol buses, the diesel buses and other vehicles, tools and implements—they have been provided depreciation charge of 20 per cent. Sir, it is well known that a bus would run for more than five years in any case. Therefore, although we have provided 20 per cent. as depreciation charges, eventually what will happen is that a bus at the end of five years would still be of some value and we have provided for these two years the total sum of Rs. 26 lakhs on the depreciation fund. After having provided that we have shown a sum of Rs. 5,000 this year as the expected balance of profit and the next year Rs. 5 lakhs.

It is our desire that this service should not be a profit-making concern. If there is any balance left over after paying all the other charges, Government will see that this goes to the increase in the salary of the staff, particularly the lower staff. It is not intended that this bus scheme should be a profit-making scheme.

As regards the next year's expected Rs. 5 lakhs balance, one of the objects for which this balance would be used would be for the purchase of new vehicles or equipments, as the case may be. Sir, State service must show its effectiveness by the number of miles covered in a month and the number of passengers carried. At present the average number of miles covered is 4 lakh miles per month and the number of passengers carried is 40 lakhs a month, but this will go on increasing as we add on new buses, both of the single-decker and of the double-decker type. This is no mean achievement. When we have the new buses working in a few months it will be possible for us to transport a much larger number of passengers with our fleet. We have about 1,600 people working in this transport system of which 80 per cent. belong to the displaced persons category. The result is that we have nearly 6,000 people dependent on those who are employed among the refugees who are provided for through this agency. The main purpose ultimately to which the net profit, as I said before, would be employed would be to increase the amenities of the paid staff, particularly of the lower type.

We have set apart interest on the capital to the extent of Rs. 11 lakhs. If you look at the figures given in the booklet that has been circulated, we have provided for depreciation on land and buildings at 20 per cent., and equipments and implements at 20 per cent. The point is that this is a very high figure for depreciation, but we have done it in order to be cautious.

Sir, the question has arisen as to whether we are wasting petrol. As I have indicated before, we are in for altering the petrol buses into diesel buses. At the present moment the consumption of petrol per bus is between 7 and 7·8 miles per gallon. This figure is very reasonable. On diesel buses

we are getting 12 miles per gallon in single-decker and 9:4 miles per gallon in double-decker against 11:5 miles and 9 miles respectively in the Bombay City Transport.

Sir, one of the cut motions is to discuss inefficiency of the management of State Transport Organisation. Sir, efficiency or otherwise of the management is generally reflected by the factors of average income and operation cost. Comparing the transport service in Calcutta which is a new service with Bombay, our operation cost per mile is 15 annas 3 pies whereas in Bombay it is 17 annas 3 pies. Our rate of fare charged per mile is 4:6 pies whereas in Bombay it is 9 pies—double the figure. Our income per day with half the rate of fare is Rs. 95 for single-decker, in Bombay it is Rs. 100 with double the fare; in double-decker buses Rs. 130 is the income per day and in Bombay it is Rs. 150. We have chosen Bombay because Bombay is the nearest approach to Calcutta in regard to traffic condition.

It is suggested that irregular attendance on the part of State employees in the Transport Department has been noticed. I repudiate the charge. The object of the department is not to tolerate any indiscipline or any irregularity in the service.

With these words, Sir, I move that the demand be accepted.

Sj. DEBENDRA NATH SEN: Sir, I beg to move that the demand of Rs. 1,28,56,000 for expenditure under Grant No. 38, Major Heads: XLVIA—Receipts from Road Transport Scheme—Working Expenses and 82B—Capital Outlay on Road Transport Scheme outside the Revenue Account be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the failure of the Government to give numbers and salaries of employees in the State Transport for want of which proper assessment of the working of the department becomes difficult.

I also beg to move that the demand of Rs. 1,28,56,000 for expenditure under Grant No. 38, Major Heads: XLVIA—Receipts from Road Transport Scheme—Working Expenses and 82B—Capital Outlay on Road Transport Scheme outside the Revenue Account be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the loss suffered by State Transport for wastage of petrol and inefficiency of management.

Dr. SURESH CHANDRA BANERJI: Sir, I beg to move that the demand of Rs. 1,28,56,000 for expenditure under Grant No. 38, Major Heads: XLVIA—Receipts from Road Transport Scheme—Working Expenses and 82B—Capital Outlay on Road Transport Scheme outside the Revenue Account be reduced by Rs. 100. I move this in order to raise a discussion about the Road Transport Scheme of the Government of West Bengal.

Sj. KANAI LAL DE : মাননীয় সভাপাল মহাশয়, আমরা এই একটু পূর্বেই আমাদের রাষ্ট্রের একটা বিরাট ব্যবসার কথা শুনলাম। এই ব্যবসায় ৫৬ কোটি টাকার জিনিষপত্র বিক্রয় হয়। এই টাকার জিনিষ বিক্রয় করে আমাদের সরকার ৪ কোটি টাকা লোকসান দিচ্ছেন এবং সেই টাকা বাংলার রাজস্ব থেকে দেওয়া হচ্ছে। সম্প্রতি আর একটি সরকারী ব্যবসার কথা উল্লেখ করছি। সেটা হচ্ছে কলকাতার সরকারী বাস ব্যবসা। এই ব্যবসায় আশানুরূপ লাভ হয় নাই। গত বৎসরে ১$\frac{১}{২}$ কোটি টাকার ব্যবসা করে মাত্র ৫ হাজার টাকা লাভ হয়েছে বলে দেখান হয়েছে। কিন্তু এই ৫ হাজার টাকা insurance এবং income-tax না দিয়ে। এবং আগামী বৎসরে এই ব্যবসায় কি লাভ হবে যদিও আশা করছেন অনেক কিছু কিন্তু বর্ত্তমানে এই ব্যবসায় যে হংস ডিম্ব প্রসব করছে, সে সম্বন্ধে ২।৪ কথা আলোচনা করতে চাই।

সভাপাল মহাশয়, আমাদের State transportএ আগামী বৎসরের জন্য ৮৮,২০,০০০৲ টাকা মোট আয় এবং ৮৩,১৯,০০০৲ টাকা মোট ব্যয় ধরা হইয়াছে। নীট আয় আশা করা গিয়েছে ৫,০১,০০০৲ টাকা। চলতি বৎসরের মূল বাজেটে আয় ৯৪,৮০,০০০৲ টাকা, ব্যয়, ৯১,৫১,০০০৲ টাকা অর্থাৎ নীট আয় ৩,২৯,০০০৲ টাকা ধরা হইয়াছিল। কিন্তু চলতি বৎসরের সংশোধিত বাজেটে আয় কমাইয়া ৪৭,৯৫,০০০৲ টাকা, ব্যয় ৪৭,৯০,০০০৲ টাকা, অর্থাৎ নীট আয় ৫ হাজার টাকা ধরা হইয়াছে। আমাদের State transport ১৯৪৯-৫০ সালে ৩২,৩১,১৬৩৲ টাকার টিকিট বিক্রী করিয়া working expense বাদে ৩,৩৮,৮৯৭৲ টাকা নীট আয় দেখাইয়াছেন, কিন্তু ইহাতে মূলধনের সুদ এবং depreciation বাদ দেওয়া হয় নাই, দিলে প্রায় ৪ লক্ষ টাকা লোকসান দাঁড়াইবে। ১৯৫০-৫১ সালের বাজেটে ৯৪,৮০,০০০৲ টাকার টিকিট বিক্রী করিয়া ৩,২৯,০০০৲ টাকা, সংশোধিত বাজেটে ৪৭,৯৫,০০০৲ টাকার টিকিট বিক্রী করিয়া ৫ হাজার টাকা এবং ১৯৫১-৫২ সালের বাজেটে ৮৮,২০,০০০৲ টাকার টিকিট বিক্রী করিয়া ৫,০১,০০০৲ টাকা আয় ধরা হইয়াছে। লাভ লোকসানের খতিয়ান দাখিল করিলে কি দাঁড়ায় তার হিসাব দেওয়া হয় নাই। কিন্তু বোম্বাই বাজেটে দেখিতেছি ১৯৪৮-৪৯ সালে তাহারা ৫৪৩টি বাস চালাইয়া ৪৮,২২,০০০৲ টাকার টিকিট বিক্রী করিয়াছে এবং working expense বাদে ১৭,৪৪,০০০৲ টাকা নীট আয় করিয়াছে। আমাদের বাসের সংখ্যা প্রায় ২০০। তন্মধ্যে ১১০।১১৫টির বেশী রাস্তায় বাহির হয় না। সেগুলিও আবার দিনের মধ্যে সব সময় ভাড়া খাটে না। সুতরাং আমাদের বাসের earning capacity বোম্বাইএর বাসের অন্ততঃ পাঁচ গুণ; আমাদের বাসের নীট আয় অনেক বেশী হওয়া উচিত ছিল। অথচ আমাদের অর্থসচিব সংশোধিত বাজেটে প্রায় ১০০ বাস খাটাইয়া ৪৮ লক্ষ টাকার টিকিট বিক্রী করিয়া working expense বাদে ৫,০০০৲ টাকা নীট আয় দেখাইতে লজ্জা বোধ করেন নাই। মোট কি পরিমাণ লোকসান দাঁড়াইবে balance sheet তৈরী না হইলে তাহা বোঝার উপায় নাই। Transport বাজেটে কোন detail দেওয়া হয় নাই। কতগুলি বাস আছে, কত জন অফিসার আছেন, ড্রাইভার, কণ্ডাক্টারের সংখ্যা কত, তাহাদের বেতন, পেট্রোল, টায়ার, টিউব, পার্টস প্রভৃতির খরর ইত্যাদি কোন detail বাজেটে দেওয়া হয় নাই। অন্যান্য প্রদেশে এই সমস্ত detail না দিয়া বাজেটে পেশ করা হয় না। এই সমস্ত detail ছাড়া কোন হিসাবের কোন অর্থ হয় না।

১৯৫০-৫১ সালের বাজেট ও সংশোধিত বাজেট ববাদ্দের তারতম্য বিশেষ লক্ষ্য করিবার জিনিষ। এই বৎসরে বাস কেনার খরচ মূল বাজেটে দাবী হইল ৪৮,৫০,০০০৲ টাকা সংশোধিত বাজেটে উহা কমাইয়া করা হইল ২১,৪৪,০০০৲ টাকা। আয় বাজেটে ধরা হইয়াছিল ৯৪,৮০,০০০৲ টাকা, সংশোধিত বাজেটে ৪৭,৯৫,০০০ টাকা। খরচের বেলায় দেখা গেল, কর্মচারীদের বেতন ও অন্যান্য খরচ সংশোধিত বাজেটে অর্দ্ধেক কমান হইয়াছে কেবল দুইটি খরচ আনুপাতিক হারে কমে নাই। পেট্রোল খরচ ২১,৪২,০০০৲ টাকা হইতে কমাইয়া ১৪,৬৬,০০০৲ টাকা এবং মেরামতি খরচ ২,৫০,০০০৲ টাকা হইতে ১,৬২,০০০৲ টাকা হইয়াছে। বাস, কর্মচারী, টিকিট বিক্রী, সবই অর্দ্ধেক হইল, অর্দ্ধেক হইল না শুধু পেট্রোল, যেটা সহজেই উড়িয়া যায়। মেরামতের অবস্থাও যে হিসাব এ যাবৎ বাজেটে দেওয়া হইয়াছে তাহা হইতে লাভ লোকসানের খতিয়ান প্রস্তুত করিলে এইরূপ দাঁড়াইবে:—

বৎসর।	নিযুক্ত মূলধন।	নীট আয়।	লাভ বা লোকসান।
	টাকা	টাকা।	টাকা।
১৯৪৮-৪৯ . .	২৭,৫৪,১৫৬	৪,৮২,৭৬৮	২৮,০০০ (লাভ)।
১৯৪৯-৫০ . .	৬৬,১১,৮১০	৩,৩৮,৮৯৭	৪,০০,০০০ (আনুমানিক লাভ)।
১৯৫০-৫১ . .	১,৩৮,০৯,৮১০	৫,০০০	৪ লক্ষ (আনুমানিক লাভ)।
১৯৫১-৫২ . .	১,৮৬,৫৮,৮১০	৫,০১,০০০	. .

১৯৪৯-৫০ সালের হিসাবে ৩,৩৮,৮৯৭৲ টাকা নীট আয় দেখান হইয়াছে কিন্তু মূলধনের সুদ এবং depreciation বাদ দেওয়া হয় নাই। এই দুইটি বাদ দিলে ৪ লক্ষ টাকা লোকসান দাঁড়াইবে। ১৯৫০-৫১ সালে সুদ এবং depreciation কতকটা বাদ দেওয়া হইয়াছে কিন্তু পূর্ব বৎসরের বাকীর হিসাব ধরা

হইয়াছে কিনা এবং কত ধরা হইয়াছে তাহা বলা হয় নাই। Depreciationএর হিসাবেও গলদ আছে। যে সমস্ত বাস বসিয়া রহিয়াছে তাহাদের উপর depreciation ধরা হইয়াছে কিনা তাহা জানা দরকার। খুব কম rateএ ধরা হইয়াছে। খরচের হিসাবের মধ্যে দুইটি মাত্র উল্লেখ করিতেছি:—

(১) সাধারণতঃ যে সমস্ত বাস গ্যালনে ১০।১২ মাইল চলে, সরকারী বাস সে স্থলে চলে ৭·২৫ মাইল ইহার কারণ কি? পেট্রোলের হিসাব রাখার কি ব্যবস্থা আছে; কি পরিমাণ পেট্রোল চুরি হয় তাহা জানা দরকার। বাসগুলি মোট কত মাইল চলিতেছে এবং মোট কত গ্যালন পেট্রোল খরচ হইতেছে তাহার হিসাব চাপিয়া গেলে এরূপ সন্দেহ আরো বাড়িবে।

(২) বাসগুলি কত মাইল চলে, তার সঠিক হিসাব প্রকাশ করা দরকার। ১৯৪৯-৫০ সালের অডিট রিপোর্টের যেটুকু সংবাদপত্রে প্রকাশিত হইয়াছে তাহাতে দেখা যায় যে Transport Directorate এর accounts এবং Traffic Branch দুই রকম হিসাব দিয়াছে। নভেম্বর মাসে বাস চলার হিসাব Traffic দিতেছে ৩৭৩,৪৩১ মাইল, Accounts বলিতেছে ৩৮৩,৭১৫ মাইল, ইহা হইতে মনে হয় সঠিক হিসাব রাখিবার ব্যবস্থা এখনও হয় নাই। Route mileage, petrol consumption এবং কর্মচারীর সংখ্যা এই তিনটির সঠিক হিসাব রাখিবার এবং প্রকাশ করিবার ব্যবস্থা না হইলে চুরি এবং অপচয় বন্ধ হইতে পারে না।

